শ্রীশুকদেবেন । ন পারয়েহং নিরবদ্য সংযুজামিত্যনেন স্বয়ং শ্রীভগবতা । তাদৃশানামন্যোষামপি তদ্ভাবো দৃশ্যতে । যথোদাহরিষ্যতে । শ্রীদশমে । পুরা মহর্ষয়ঃ সর্বে দণ্ডকারণ্যবাসিন ইত্যাদি । অতঃ পুরুষেষ্বপি স্ত্রীভাবেনোদ্ভবাৎ ভগবদ্বিষয়ত্বাৎ ন প্রাকৃতকামদেবতোদ্ভাবিতঃ প্রাকৃত কামোসৌ । কিন্তু সাক্ষান্মন্মথ মন্মথ ইতি শ্রবণাৎ আগমাদৌ তস্য কামত্বেনোপাসনাচ্চ ভগবদেকোদ্ভাবিতোহপ্রাকৃত এবাসৌ কাম ইতি জ্ঞেয়ং । অতএব মুমুক্ষু মুক্ত নিত্য পার্ষদানামপি বাঞ্ছনীয়োহস্যাবি‌তি দর্শিতং । শ্রীদশমে । এতাঃ পরং তনুভৃত ইত্যাদিনা । যতঃ শ্রুতয়োপি নিত্যসিদ্ধ গোপিকাভাবাভিলাষিণ্যঃ সত্য তদ্রূপেণৈব তদ্গণান্তঃপাতিন্যো বভূবুরিতি নিভৃত মরুন্মনোক্ষেত্যাদি শ্রুতিস্তবে দর্শয়িষ্যতে । তদেবং সাধু ব্যাখ্যাতং কামাদিত্যাদৌ দ্বেষভয়য়োর্গদ্যমিত্যাদি ॥

অথ তত্তদ্গতিং গতা ইত্যত্র নিদর্শনমাহ । গোপ্য ইতি সার্দ্ধকেন গোপ্য ইতি সাধকচরীণাং গোপীবিশেষাণাং পূর্ব্বাবস্থামবলম্ব্যোচ্যতে । বয়মিতি যথা । শ্রীনারদস্থ প্রযুজ্যমানে ময়ি তাং শুদ্ধাং ভাগবতীং তনুমিত্যাদ্যুক্ত রীত্যা পার্ষদদেহত্বে সিদ্ধেতেন স্বয়ং বয়মিতি নিজ পূর্ব্বাবস্থামবলম্ব্যোচ্যতে । তত্রৈব বৈধী ভক্তিঃ । অধুনা লব্ধ রাগস্য তস্য নমস্যোকান্তভক্তানাং গুণদোষোভয়গুণাঃ । গুণদোষদৃশে দোষো গুণস্তুভয়বর্জিত ইতি ন্যায়েন বিধ্যনধীনা রাগাত্মিকৈব বিরাজত ইতি । অতএব তদ্গতিং গতা ইতি তেষাং ফলপ্রাপ্তেরপ্যতীতত্বনির্দ্দেশঃ । এবমেব বক্ষ্যতে স্বয়ং ভগবতা । কেবলেন হি ভাবেন গোপ্য ইত্যাদি । যৎ রামা রমণমিত্যাদৌ সঙ্গাচ্ছত সহস্রশ ইতি চ । অত্র তা গোপ্য ইবাধুনিকাশ্চ তদ্গুণাদি শ্রবণেনৈব তদ্ভাবা ভবেয়ুঃ যথোক্তং । শ্রুতমাত্রোপি যঃ স্ত্রীণাং প্রসহ্যাকর্ষতে মনঃ । উরুগায়োরুগীতো বা পশ্যন্তীনাং কুতঃ পুনরিতি । অথ পার্ষদচরস্যাপি চৈদ্যাস্য তত্তৎকোপত্রবাভাস দর্শনেনৈব সাধকত্বনির্দ্দেশঃ । সম্বন্ধাদ্যাঃ স্নেহোবাগ তস্মাদ্ যূয়ং চেত্যেকং । তস্মাদ্বৈরানুবন্ধেন নির্বৈরেণ কামাদিত্যাদৌ চোক্তৈস্তৈরর্থস্তোদাহরণবাক্যেস্মিন্ তদেকার্থ্যাবশ্যকত্বাৎ । পঞ্চানামিত্যনুরোধাৎ । উভয়ত্র সম্বন্ধ স্নেহয়োর্দ্বয়োরপি বিদ্যমানত্বাৎ সম্বন্ধ গ্রহণং রাগস্যাব বিশেষজ্ঞাপনার্থং । গোপীদত্রাপি সম্বন্ধে স্নেহেচ বৃষ্ণিবিশেষাঃ পাণ্ডব সম্বন্ধি বিশেষাস্তু পূর্ব্বাবস্থামবলম্ব্য সাধকত্বেন নির্দ্দিষ্টাঃ । অতঃ সম্বন্ধে স্নেহোপি তদভিরুচিমাত্রং জ্ঞেয়ং । ভক্ত্যা বিহিতয়া । অস্যা এব প্রতিলব্ধত্বেন ভাবমার্গং নির্দ্দেষ্টুমুপক্রান্তত্বাৎ । ২৯ ॥

যদি দ্বেষেণাপি সিদ্ধি স্তর্হি বেণঃ কিমিতি নরকে পাতিত ইত্যাশঙ্ক্যাহ । কতম ইতি । পুরুষং ভগবন্তং লক্ষীকৃত্য পঞ্চানাং বৈরানুবন্ধাদীনাং মধ্যে বেণঃ কতমোপি ন স্যাৎ । তস্য তং প্রতি প্রাসঙ্গিক নিন্দামাত্রাত্মকং বৈরং নতু বৈরানুবন্ধঃ । অত তীব্রধ্যানাভাবাৎ পাপমেব তত্র প্রতিফলিতমিতি ভাবঃ । ততোঽস্যৈব তুল্য স্বভাবেষ্বপি তস্মিন্ স্বমোক্ষার্থং বৈরানুষ্ঠান সাহসং নকর্ত্তব্যমিত্যভিপ্রেতং । অতএব যে বৈ ভগবতা প্রোক্তা উপায়া আত্মলব্ধয়ে ইত্যাদেরপি তেষু অতিব্যাপ্তি ব্যাহন্যতে । যদনভিপ্রেতত্বেনাপ্রোক্তত্বাৎ ॥

যস্মাদেবং তস্মাদিতি । অত্রাপি পূর্ব্ববন্নিবেশয়েদিতি সম্মতিমাত্রং ন বিধিঃ কেনাপ্যুপায়েন যুক্ততমেনৈকেনেত্যর্থঃ । অহো যস্তাদৃশ বহু প্রযত্ন সাধ্য ভক্তিমার্গেণ চিরাৎ সাধ্যতে স এবাচিরাৎ বৈরবিশেষমাত্রেণ । তত্রচ দ্বেষাদিনাপি ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

যস্মাদেবং তস্মাৎ কেনাপ্যপ্রতিকুলেনৈব উপায়েন কৃষ্ণে মনোবিবেশয়েদিতি বিধেস্তস্মাদ্বৈরানুবন্ধেনেতি শ্লোকোক্ত

যদি বল তবে বেণরাজা কি নিমিত্ত নরকে পতিত হইয়াছিল ? উত্তর কামাদি হেতু যে পঞ্চ প্রকার চিন্তকের কথা বলিলাম, বেণ তাহাদের মধ্যে কোন প্রকার হইয়া ভগবানের চিন্তা করে নাই, সুতরাং তাহার তদ্গতি হয় নাই । অতএব হে রাজন্ ! যে কোন উপায়ে হউক ভগবান্

মাতৃষ্বসেয়োবশ্চৈদ্যো দন্তবক্রশ্চ পাণ্ডব। পার্ষদপ্রবরৌ বিষ্ণোর্বিপ্রশাপাৎ পদচ্যুতৌ ॥ ৩১ ॥

শ্রীযুধিষ্ঠির উবাচ ॥

কীদৃশঃ কস্য বা শাপো হরিদাসোভিমর্শনঃ। অশ্রদ্ধেয় ইবাভাতি হরেরেকান্তিনাং ভবঃ ॥ ৩২ ॥

দেহেন্দ্রিয়াসুহীনানাং বৈকুণ্ঠপুরবাসিনাং। দেহসম্বন্ধসম্বদ্ধমেতদাখ্যাতুমর্হসি ॥

শ্রীধরস্বামী।

কামসম্ভবাৎ। তয়াদিভিশ্চিন্তয়তাং পঞ্চানাং মধ্যে নৈকতমোপীত্যুক্তং ॥ ৩০ ॥

তদেবমিতিহাস প্রস্তাব কথামুক্ত্বা শ্রীকৃষ্ণে শিশুপালস্য বৈরানুবন্ধে কো হেতুরিত্যপেক্ষায়াং তমেবেতিহাসং বক্তুমাহ মাতৃষ্বসেয় ইতি। পদাৎ বৈকুণ্ঠাৎ প্রচ্যুতৌ ॥ ৩১ ॥

হরিদাসৌ অভিমৃশতি অভিভবতীতি তথা অশ্রদ্ধেয়ঃ অনাদরণীয় ইব অসম্ভবাৎ ভবো জন্ম ॥ ৩২ ॥

অসম্ভবমেবাহ জন্মহেতুভূতৈঃ প্রাকৃতৈর্দেহেন্দ্রিয়াসুভিঃ হীনানাং শুদ্ধসত্ত্বময় দেহানামিত্যর্থঃ। প্রাকৃত দেহ সম্বন্ধেন

ক্রমসন্দর্ভঃ।

তস্মাদেবম্ভূতে পরম সম্পূর্ণ সদ্ভাবে তস্মিন্ দুরেন্ত পামর জন ভাব্যস্ত বৈরস্য বার্ত্তা কোত্মধম ঔদাস্যমবলম্ব্য প্রীতিমপি ন কুর্য্যাদিতি রাগানুগায়ামেব তচ্ছ্যুক্তমম্বয়ঙ্গীকৃতং ভবতি ॥ ৩০ ॥

চৈদ্য দন্তবক্রৌতু নাসুরৌ কিন্তু হরেঃ স্বভক্তি প্রবর্তক বিপ্রকুল দাক্ষিণ্যময় স্বৈরলীলেচ্ছয়া তদনুকারিণাবেবেত্যভিপ্রায়ং প্রশ্নোত্তরাভ্যাং দর্শয়িতুমাহ মাতৃষ্বসেয় ইতি ॥ ৩১ ॥

তত্র তয়োরন্যথা ভাবঃ। সর্ব্বথা ন সংভবতোবেতি প্রশ্নস্যার্থঃ ন স পুনরাবর্ত্তত ইতি শ্রুতেঃ। অনাবৃত্তিঃ শব্দাদিতি ন্যায়াৎ। মামুপেত্যতু কৌন্তেয় পুনর্জন্ম ন বিদ্যতে ইতি শ্রীগীতাভ্যঃ। সন্যায়শ্চৈবাসৌ সিদ্ধান্তস্ত তত্রেতিহাসমাত্রং। তচ্চ পূর্ব্বযুক্তৈব সম্ভবতীতি তদভিপ্রায়ঃ। বক্ষ্যতেচ স্বয়ং বিষ্ণুচক্রহতাং হসাবিতি। ব্যাখ্যাস্যতে চ তৈঃ তয়োঃ পাপমেব হতঃ নতু তাবিতি ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিধিনা সহৈকার্থ্যং জ্ঞেয়ং ॥ ৩০ ॥

তদেবং শিশুপালপ্রস্তাবাদয়ো ভাবমার্গ সিদ্ধান্তং তং সমাপ্য শ্রীকৃষ্ণে শিশুপালস্য বৈরানুবন্ধে কোহেতুরিত্যপেক্ষায়ামাহ মাতৃষ্বসেয় ইতি পদাদ্বৈকুণ্ঠাৎ চ্যুতৌ ॥ ৩১ ॥

হরিদাসাবপ্যভিমৃশতি অশ্রদ্ধেয়ঃ। শাপবাক্যে বিশ্বাসোনোৎপদ্যতে অসংভবাদিতি ভাবঃ ॥ ৩২ ॥

অসম্ভবমেবাহ দেহ ইতি জন্ম হেতু ভূতৈঃ প্রাকৃতৈ র্দেহেন্দ্রিয়াসুভি র্হীনানাং শুদ্ধ সত্ত্বময় দেহানামিত্যর্থঃ। প্রাকৃত দেহ

কৃষ্ণে মনোভিনিবেশ করা সর্ব্বতোভাবে বিধেয় ॥ ৩০ ॥

হে পাণ্ডবেয়! তোমাদের মাতৃষ্বসার পুত্র শিশুপাল এবং দন্তবক্র এই দুই ব্যক্তি পূর্ব্বে ভগবান্ বিষ্ণুর প্রধান পার্ষদ ছিল, বিপ্রশাপে ইহারা বৈকুণ্ঠ হইতে পরিচ্যুত হয় ॥ ৩১ ॥

যুধিষ্ঠির কহিলেন দেবর্ষে! সেই শাপ কি প্রকার? কোন্ ব্রাহ্মণই বা শাপ দিয়াছিলেন? ঐ শাপ এমত! হরিদাসদিগকেও অভিভব করিয়াছিল! যে সকল ব্যক্তি ভগবান্ হরির একান্ত ভক্ত, তাহাদের তো জন্ম সম্ভবে না, অতএব আপনার ঐ কথা অশ্রদ্ধেয়ের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥ ৩২ ॥

ফলতঃ প্রকৃত দেহ, ইন্দ্রিয় এবং প্রাণই জন্মের হেতু, হরিভক্তগণ বৈকুণ্ঠপুরবাসী, তাহাদের দেহ শুদ্ধ সত্ত্বময়, তাঁহাদের ইন্দ্রিয়ও নাই প্রাণও নাই। যাহা হউক ঐ দুই হরিদাসের প্রাকৃত দেহ সম্বন্ধ

শ্রীনারদ উবাচ ॥

একদা ব্রহ্মণঃ পুত্রা বিষ্ণোর্লোকং যদৃচ্ছয়া । সনন্দনাদয়োজগ্মুশ্চরন্তো ভুবনত্রয়ং ॥ ৩৩ ॥

পঞ্চষড়্ঢায়নার্ভাভাঃ পূর্ব্বেষামপি পূর্ব্বজাঃ । দিগ্বাসসঃ শিশূন্ মত্বা দ্বাঃস্থৌ তান্ প্রত্যষেধতাং ॥৩৪॥

অশপন্ কুপিতা এবং যুবাং বাসং নচার্হথঃ । রজস্তমোভ্যাং রহিতে পাদমূলে মধুদ্বিষঃ ॥ ৩৫ ॥

পাপিষ্ঠামাসুরীং যোনিং বালিশৌ যাতমাশ্বতঃ ॥ ৩৬ ॥

এবং শপ্তৌ স্বভবনাৎ পতন্তৌ তৌ কৃপালুভিঃ । প্রোক্তৌ পুনর্জন্মভির্ব্বাং ত্রিভির্লোকায় কল্পতাং ।

যজ্ঞাতে তৌ দিতেঃ পুত্রৌ দৈত্যদানববন্দিতৌ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী ।

সম্বন্ধমেতদাখ্যানমাখ্যাতুমর্হসি ॥ ৩৩ ॥

কথম্ভূতাঃ পঞ্চ বা ষড়্বা হায়না যেষাং তেচ অর্ভাঃ বালাঃ তদ্বদাভা যেষাং তে । পূর্ব্বেষাং মরীচ্যাদীনামপি দিগ্বাসসঃ দিগম্বরান্ । অতঃ শিশূন্ মত্বা ॥ ৩৪ ॥

বাসমপি নার্হথঃ কুতঃ পুনস্তৎ সেবামিতি চকারার্থঃ ॥ ৩৫ ॥ হে বালিশৌ অতোহেতোঃ আশু যাতং ॥ ৩৬ ॥

বাং যুবয়োঃ ত্রিভির্জন্মভিঃ লোকায় স্বস্থান প্রাপ্তয়ে কল্পতাং তাবতাঽয়ং শাপঃ সমাপ্যতামিতি পুনঃ প্রোক্তাবিত্যর্থঃ । ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ ।

একদেতি যুগ্মকং । যদৃচ্ছয়া কেনাপি ভাগ্যোদয়েন বিষ্ণোর্লোকং যুগ্মঃ ॥ ৩৩ । ৩৪ ॥

অশপদিতি সার্দ্ধকং । রজস্তমোভ্যাং রহিতে প্রাকৃত সত্ত্বাদি রাহিত্যেপি তন্মাত্র রাহিত্যস্ত বিবক্ষিতত্বাৎ । প্রাকৃত সাত্ত্বিকত্বেনৈতাদৃশোদোষঃ সম্ভবতীতি ॥ ৩৫ । ৩৬ । ৩৭ । ৩৮ । ৩৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

সম্বন্ধেন সম্বন্ধমেতদাখ্যানমাখ্যাতুমর্হসীতি শ্রীস্বামিচরণানাং ব্যাখ্যা ॥ ৩৩ ॥

প[illegible] বা ষড়্বা হায়নানি যেষাং তে অর্ভা বা[illegible] স্তদ্বদাভা যেষাং তেচ পূর্ব্বেষাং মরীচ্যাদীনামপি দিগ্বাসসঃ শিশূন্ মত্বা । পুংবত্ত্বাব[illegible]র্থঃ ॥ ৩৪ । ৩৫ । ৩৬ ॥

[illegible]ং যুবয়োস্ত্রিভি র্জন্মভি র্বাং যুবাং লোকায় বৈকুণ্ঠং প্রাপয়িতুং কল্পতাং সমর্থো ভবতু শাপ ইতি শেষঃ ॥ ৩৭ ॥

সংক্রান্ত এই আখ্যান যথাবৎ ব্যাখ্যা করিতে আজ্ঞা হউক ॥

রাজা যুধিষ্ঠিরের এইরূপ প্রশ্নে দেবর্ষি নারদ কহিলেন রাজন্ ! একদা ব্রহ্মনন্দন সনন্দনাদি মহর্ষিগণ ত্রিভুবন ভ্রমণ করিতে করিতে যদৃচ্ছাক্রমে বিষ্ণুলোকে গমন করিয়াছিলেন ॥ ৩৩ ॥

যদিও তাঁহারা মরীচ্যাদি পূর্ব্বতন মহর্ষিগণেরও পূর্ব্বজ তথাপি তাঁহাদিগকে দিগম্বর ও পঞ্চ বা ষট্ বর্ষ বয়স্ক বালকের তুল্য অবলোকন করাতে শিশু বোধ করিয়া বৈকুণ্ঠপুরীর দ্বারী ঐ দুই ব্যক্তি ( শিশুপাল ও দন্তবক্র ) পুর প্রবেশ করিতে নিষেধ করিয়াছিল ॥ ৩৪ ॥

তাহাতে ঐ ব্রহ্মর্ষিগণ কুপিত হইয়া ঐ দুই জন দ্বারপালকে এই অভিশাপ দেন যে, অরে ! ভগবান্ মধুসূদনের পাদমূল রজস্তমঃ রহিত, তোরা এস্থানে বাস করিবার যোগ্য পাত্র নহিস্, এখানে থাকিয়া ভগবানের সেবা কি করিবি ? ॥ ৩৫ ॥

অতএব, অরে মূর্খ হতভাগ্য ! তোরা আশু পাপীয়সী আসুরী যোনি প্রাপ্ত হ ॥ ৩৬ ॥

হে রাজন্ । ঐ দুই দ্বারপাল এই প্রকারে শপ্ত হইবা মাত্র তৎক্ষণাৎ বৈকুণ্ঠ হইতে পতিত হইতে ছিল তাহাতে সেই মুনিগণ কারুণিক স্বভাব হেতু পুনরায় কহিয়াছিলেন, তিন জন্মের পর তোদের স্বস্থান প্রাপ্তি হইবে অর্থাৎ তাবৎকালে এই অভিশাপ সমাপ্ত হইয়া যাইবে । হে মহারাজ ! তাহার পরেই ঐ দুই ব্যক্তি দিতির গর্ভে জন্ম গ্রহণ করিয়া হিরণ্যকশিপু ও হিরণ্যাক্ষ নামে বিখ্যাত এবং দৈত্যদানবদিগের বন্দিত হয় ॥ ৩৭ ॥

হতো হিরণ্যকশিপু র্হরিণা সিংহরূপিণা। হিরণ্যাক্ষোধরোদ্ধারে বিভ্রতা শৌকরং বপুঃ ॥ ৩৮ ॥
হিরণ্যকশিপুঃ পুত্রং প্রহ্লাদং কেশবপ্রিয়ং। জিঘাংসুরকরোন্নানা যাতনা মৃত্যুহেতবে ॥ ৩৯ ॥
তং সর্ব্বভূতাত্মভূতং প্রশান্তং সমদর্শনং। ভগবত্তেজসা স্পৃষ্টং নাশক্নোদ্ধন্তুমুদ্যমৈঃ ॥ ৪০ ॥
ততস্তৌ রাক্ষসৌ জাতৌ কেশিন্যাং বিশ্রবঃসুতৌ। রাবণঃ কুম্ভকর্ণশ্চ সর্ব্বলোকোপতাপনৌ ॥৪১॥

শ্রীধরস্বামী।

ধরোদ্ধারে নিমিত্তে তৎপ্রতিঘাতী হতঃ ॥ ৩৮ ॥

হিরণ্যকশিপোর্ব্বধে কারণং সূচয়তি হিরণ্যকশিপুঃ পুত্রমিতি ॥ ৩৯ ॥

সর্ব্বভূতানামাত্মভূতং কুতঃ সমং ব্রহ্মৈব পশ্যতীতি প্রশান্তং দ্বেষাদিরহিতং অতএব ভগবতস্তেজসা স্পৃষ্টং ব্যাপ্তং। উদ্যমৈঃ শস্ত্রপ্রহরণাদিভিঃ ॥ ৪০ ॥

বিশ্রবসঃ সুতৌ ॥ ৪১॥

ক্রমসন্দর্ভঃ।

তমিতি। যস্মাদ্ভগবত্তেজসা স্পৃষ্টং নিত্য তদাবিষ্টত্বাৎ। তস্মাৎ সর্ব্বেষাং ভূতানামাত্মভূতং পরমপ্রেমাস্পদং তস্মাদেব প্রশান্তং বিক্ষেপরহিতং অন্যত্র সমদর্শনং রাগদ্বেষ রহিতঞ্চ। তস্মাদেব চ নাশক্নোদিতি ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ধরোদ্ধারে কর্ত্তব্যে সতি ॥ ৩৮। ৩৯ ॥

সর্ব্বেষাং ভূতানামাত্মভূতং আত্মবৎ প্রেষ্ঠং স্বদ্বেষ্ট্র্যাপি পিতরি দ্বেষাভাবাৎ প্রশান্তং স্বপর সুখ দুঃখাদীনাং তুল্য দর্শনাৎ সমদর্শনং ॥ ৪০। ৪১। ৪২ ॥

হে যুধিষ্ঠির। ভগবান্ হরি নরহরি মূর্ত্তি ধারণ করিয়া ঐ হিরণ্যকশিপুর প্রাণ সংহার করেন, আর ধরার উদ্ধার নিমিত্ত যৎকালীন ভগবান্‌কে বরাহ রূপ ধারণ করিতে হইয়াছিল, সেই সময়ে তদ্বিষয়ে প্রতিঘাত করাতে হিরণ্যাক্ষ তাঁহার হস্তে হত হয় ॥ ৩৮ ॥

হে রাজন্! ভগবান্ নৃসিংহ রূপ ধারণ করিয়া হিরণ্যকশিপুকে কেন বধ করেন তাহার কারণ বলি শুন। ঐ দৈত্যের প্রহ্লাদ নামে একটী পুত্র জন্মিয়াছিল, সেই তনয় যদিও দৈত্যপ্রভব তথাচ জন্মান্তরীয় শুভাদৃষ্ট বশতঃ ভগবান্ কেশবে অতিশয় ভক্তিমান্ হয়। দুরাত্মা হিরণ্যকশিপু সন্তানকে ভগবৎ প্রিয় দেখিয়া তাঁহার প্রাণ হত্যার নিমিত্ত বিবিধ যাতনা সৃষ্টি করিয়াছিল ॥ ৩৯ ॥

কিন্তু প্রহ্লাদ নিরন্তর ব্রহ্ম দর্শন করিতেন, তাহাতে স্বয়ং সকলভূতের আত্ম স্বরূপ এবং প্রশান্ত অর্থাৎ দ্বেষাদি রহিত, অতএব ভগবত্তেজে ব্যাপ্ত হওয়াতে বিবিধ শস্ত্র ও প্রহরণাদি দ্বারা প্রহারে তাঁহার প্রাণ সংহার করিতে সমর্থ হয় নাই ॥ ৪০ ॥

হে রাজন্! এই দুই ব্যক্তি দ্বিতীয় জন্মে কেশিনীর গর্ব্ভে উৎপন্ন হইয়া বিশ্রবসের পুত্র হয়। ঐ জন্মে তাহাদের নাম রাবণ ও কুম্ভকর্ণ হইয়াছিল, তাহারা রাক্ষস হইয়া সর্ব্বদা সকল লোককে সন্তাপ দিত ॥ ৪১ ॥

তত্রাপি রাঘবৌ ভূত্বা ন্যহনচ্ছাপমুক্তয়ে । রামবীর্য্যং শ্রোষ্যসি ত্বং মার্কণ্ডেয়মুখাৎ প্রভো ॥ ৪২ ॥
তাবত্র ক্ষত্রিয়ৌ জাতৌ মাতৃষ্বস্রাত্মজৌ তব । অধুনা শাপনির্ম্মুক্তৌ কৃষ্ণচক্রহতাংহসৌ ।
বৈরানুবন্ধতীব্রেণ ধ্যানেনাচ্যুতসাত্মতাং । নীতৌ পুন র্হরেঃ পার্শ্বং জগ্মতুর্বিষ্ণুপার্ষদৌ ॥ ৪৩ ॥
শ্রীযুধিষ্ঠির উবাচ ॥
বিদ্বেষো দয়িতে পুত্রে কথমাসীন্মহাত্মনি । ব্রূহি মে ভগবন্ যেন প্রহ্লাদস্যাচ্যুতাত্মতা ॥ ৪৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে যুধিষ্ঠির নারদ সম্বাদে প্রথমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১ ॥ * ॥

শ্রীধরস্বামী ।

ন্যহনৎ হতবানিত্যর্থঃ । তর্হি তদেব কথয়েত্যুৎসুকং প্রত্যাহ রামবীর্য্যমিতি ॥ ৪২ ॥
কৃষ্ণচক্রেণ হতমংহো যয়োঃ তৌ তয়োঃ পাপমেব হতং নতু তাবিত্যর্থঃ ॥ ৪৩ ॥
যেন কারণেন প্রহ্লাদস্য অচ্যুতাত্মতা অচ্যুতৈকচিত্তত্বং তদপি ব্রূহীতি শেষঃ ॥ ৪৪ ॥

॥ * ॥ ইতি সপ্তমে প্রথমঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ ।

বৈরানুবন্ধেতি । তদেবং ব্রহ্মশাপ বর্ণনেন ব্রাহ্মণ দাক্ষিণ্যং মুহুর্ম্মুহুর্বর্ণনেন যুদ্ধেচ্ছাচ কারণত্বেনোপন্যস্তবান্ । যুদ্ধেচ্ছৈব তু মুখ্যা জ্ঞেয়া । যয়া পার্ষদয়োঃ মুনীনামপি মতি র্বিপরীতা জাতা যথোক্তং তৃতীয়ে । শ্রীভগবতৈব । মতস্তু মে ইতি । তথা ন্যাত্রাপ্ত পাপাদ্যসংভবাত্তদাভাস এব তৎকার্য্যত্বেন দর্শিতঃ । বিষ্ণুচক্রহতাংহসাবিত্যনেন পূর্ব্বোক্ত সিদ্ধান্তএব বিবেচনীয়ঃ ॥৪৩।৪৪॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে সপ্তমস্কন্ধে জীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে প্রথমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

বিষ্ণুচক্রেণ হতমংহোযয়োস্তৌ । তয়োরপরাধ এব বহিঃ শিশুপালদন্তবক্রাকারতয়া পরিণতো হতো নতু তাবিত্যর্থঃ । ইতি স্বামিচরণাঃ যথা বহ্নিনা কনকস্য মালিন্যমেব হন্যতে নতু কনকং । তথৈব জয়বিজয়য়োর্ব্বাহ্যমালিন্যাবরণয়ো র্নষ্টয়োঃ সতোঃ জয় বিজয়াবেব তেনঃ পুঞ্জাকারৌ শ্রীকৃষ্ণং প্রবিষ্টৌ জনৈর্দৃষ্টাবিতি ভাবঃ ॥
অচ্যুতেন সহ স্থিতৌ আত্মানৌ আকারৌ যয়োস্তস্য ভাবস্তত্তা তাং ধ্যানেনৈব নীতৌ পুনর্মৌষল লীলান্তে হরের্নারায়ণস্য পার্শ্বং জগ্মতুরিতি মৌষল লীলাতঃ পূর্ব্বং শ্রীকৃষ্ণশরীরএব নারায়ণস্যাপি প্রবিষ্টত্বা তৎপার্ষদৌ জয়বিজয়াবপি তত্রৈব প্রবিশ্য স্থিতাবিতি ভবং । শিশুপালদন্তবক্রৌ কৃষ্ণে সাযুজ্যং প্রাপতুরিতিতু লোকপ্রতীতিঃ ॥ ৪৩ ॥
অচ্যুতাত্মতা অচ্যুতে অচ্যুতৈক চিত্তত্বং যেন তদপি ব্রূহীতি শেষঃ ॥ ৪৪ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং । সপ্তমে প্রথমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অনন্তর ভগবান্ বিষ্ণু রাঘব রূপে অবতীর্ণ হইয়া শাপমোচনার্থ ঐ দুই ব্যক্তিকে নিহত করেন। হে মহারাজ! আমি এখন রাম চরিত্র বলিতে পারিব না, মার্কণ্ডেয় মুনির প্রমুখাৎ রামচন্দ্রের শৌর্য্য বীর্য্য শুনিতে পাইবে ॥ ৪২ ॥

তদনন্তর ঐ দুই ব্যক্তি তোমার মাতৃস্বসার গর্ভে জন্মিয়া দুর্দ্ধর্ষ ক্ষত্রিয় হইয়াছিল, এই তাহাদের তৃতীয় জন্ম, ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে চক্র প্রহারে হত করিলেন, তাহাতে তাহাদের পাপ ধ্বংস হওয়াতে তাহারা এক্ষণে শাপ হইতে মুক্ত হইল। অতএব বৈরানুবন্ধ জন্য তীব্র ধ্যান দ্বারা ঐ দুই ব্যক্তি বিষ্ণুভক্ত হইয়া বিষ্ণুর পার্ষদ হওত পুনরায় ভগবানের পার্শ্বে গমন করিল ॥ ৪৩ ॥

যুধিষ্ঠির জিজ্ঞাসা করিলেন ভগবন্! মহাত্মা অথচ দয়িত তনয়ের উপর যে হিরণ্যকশিপুর দ্বেষভাব হয়, আর প্রহ্লাদ যে কারণে ভগবান্ অচ্যুতে একচিত্ত হয়েন অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক বলিতে আজ্ঞা হউক ॥ ৪৪ ॥　　॥ * ॥ ইতি সপ্তমে প্রথম ॥ * ॥

শ্রীনারদ উবাচ ॥

ভ্রাতর্য্যেবং বিনিহতে হরিণা ক্রোড়মূর্ত্তিনা। হিরণ্যকশিপূ রাজন্ পর্য্যতপ্যদ্রুষা শুচা ॥ ১ ॥
আহচেদং রুষা পূর্ণঃ সন্দষ্টদশনচ্ছদঃ। কোপোজ্জ্বলদ্ভ্যাং চক্ষুর্ভ্যাং নিরীক্ষন্ ধুম্রমম্বরং ॥ ২ ॥
করালদংষ্ট্রোগ্রদৃষ্ট্যা দুষ্প্রেক্ষ্য ভ্রূকুটীমুখঃ। শূলমুদ্যম্য সদসি দানবানিদমব্রবীৎ।
ভো ভো দানব দৈতেয়া দ্বিমূর্দ্ধংস্ত্র্যক্ষ শম্বর। শতবাহো হয়গ্রীব নমুচে পাক ইল্বল।
বিপ্রচিত্তে মম বচঃ পুলোমন্ শকুনাদয়ঃ। শৃণুতানন্তরং সর্ব্বে ক্রিয়তামাশু মাচিরং ॥ ৩ ॥
সপত্নৈর্ঘাতিতঃ ক্ষুদ্রৈর্ভ্রাতা মে দয়িতঃ সুহৃৎ। পার্ষ্ণিগ্রাহেণ হরিণা সমেনাপ্যুপধাবনৈঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

দ্বিতীয়ে বিষ্ণুরোষেণ লোকং বিপ্লাব্যদানবৈঃ। তদ্বতো ভ্রাতৃপুত্রাদীনিতিহাসৈরসান্ত্বয়ৎ ॥ ০ ॥
ভগবদ্দ্বেষএব তদ্দ্বেষেপি কারণমিত্যাশয়েনাহ ভ্রাতরীত্যাদিনা। এবং দেবপক্ষপাতেন ॥ ১ ॥
কোপেন উৎ অতিশয়েন জ্বলদ্ভ্যাং কোপাগ্নি ধূমেনৈব ধূম্রমম্বরং নিরীক্ষমাণঃ ॥ ২ ॥
করালদংষ্ট্রাভির্যুক্তয়া উগ্রয়া দৃষ্ট্যা দুষ্প্রেক্ষ্যং ভ্রূকুটী যুক্তং মুখং যস্য সঃ ॥ ৩ ॥
সমেনাপি উপধাবনৈ র্ভজনৈ র্নিমিত্তভূতৈঃ পার্ষ্ণিগ্রাহেণ সতা ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভ।

এবং পর্য্যতপ্যতেতি সম্বন্ধঃ। মূর্ত্তিনেত্যত্র রূপিণেতি কচিৎ ॥ ১। ২ ॥
আহ বেদমিতি যদুক্তং তদেব বিশিনষ্টি। করালেতি। ভো ভো ইতি যুগ্মকং ॥ ৩। ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্বিতীয়ে ভ্রাতৃশোকেন ধর্ম্মনাশায় দানবান্। নিযোজ্য স্বানেতিহাসৈ র্মিত্রাদীন্ সহসান্ত্বয়ৎ ॥ ০ ॥
ভগবদ্দ্বেষ এব প্রহ্লাদদ্বেষে কারণমভূদিতি বক্তুং প্রথমতো ভগবদ্দ্বেষমেব সহেতুকমাহ। ভ্রাতর্য্যেবমিত্যাদিনা ॥ ১ ॥
অম্বরং নিরীক্ষন্নিতি হরে র্নিবাসং বৈকুণ্ঠং হরিঞ্চ স্বহস্তেনৈব ধ্বংসয়ামীতি ভাবঃ। ধূম্রমিতি চক্ষুরগ্নো র্ধূমব্যাপ্তত্বাদিতি ভাবঃ ॥ ২। ৩ ॥ সমেনাপীতি যদ্যপি স হরিঃ সর্ব্বত্র সম স্তদপি উপধাবনৈ রুপাসনৈ র্নিমিত্তভূতৈঃ পার্ষ্ণিগ্রাহেণ লোভবশাদেব পক্ষপাতী বভূ ইত্যর্থঃ ॥ ৪ ॥

দ্বিতীয় অধ্যায়ে বিষ্ণুর প্রতি রোষান্বিত হইয়া হিরণ্যকশিপু কর্ত্তৃক সাধুদিগের কদনার্থ দানবদিগের প্রতি উপদেশ এবং ইতিহাসচ্ছলে তত্ত্ব কথন দ্বারা ভ্রাতৃপুত্রগণের শোকাপনোদন ॥ ০ ॥

নারদ কহিলেন হে রাজন্! ভগবান্ বরাহ মূর্ত্তি পরিগ্রহ করিয়া দেবতাদের প্রতি পক্ষপাত পূর্ব্বক হিরণ্যকশিপুর ভ্রাতা হিরণ্যাক্ষকে নিহত করিলে ঐ দানব শোক ও রোষে অত্যর্থ সন্তপ্ত হইল ॥ ১ ॥

ক্রোধে পরিপূর্ণ হইয়া বারম্বার আপনার দশনচ্ছদ দংশন এবং কোপোদ্দীপ্ত দুই চক্ষু দ্বারা রোষাগ্নির ধূমে ধূমল নভোমণ্ডল বিলোকন করিতে লাগিল ॥ ২ ॥

তাহার দন্তপঙ্ক্তি অতিশয় করাল ছিল, তৎসহ উগ্র দৃষ্টি সংযুক্ত হওয়াতে ভ্রূকুটী কুটিল মুখ অতিশয় দুষ্প্রেক্ষ্য হইল। সে বিজাতীয় রোষে ঐ রূপ ভীষণ হইয়া শূল ধারণ পূর্ব্বক সভামধ্যে অনুচর দানবদিগকে কহিল, অহে দৈত্য দানবসকল! অহে দ্বিমূর্দ্ধ! অহে ত্র্যক্ষ! অহে শম্বর! অহে শতবাহু! অহে হয়গ্রীব! অহে নমুচি! অহে পাক! অহে ইল্বল! অহে বিপ্রচিত্তে! অহে পুলোমা! অহে শকুন! তোমরা আমার বচন শ্রবণ কর এবং যাহা কর্ত্তব্য শীঘ্র কর, বিলম্ব করিও না ॥ ৩ ॥

ক্ষুদ্র শত্রুগণ আমার প্রিয় ও পরম সুহৃদ্ সহোদরকে বিনষ্ট করিয়াছে। ভগবান্ হরি সর্ব্বত্র সম বলিয়া আত্ম পরিচয় দেন সত্য, কিন্তু তিনি উপাসনাকে নিমিত্ত করিয়া আমাদের ঐ সকল শত্রুর সহায়তা করিয়াছেন ॥ ৪ ॥

তস্য ত্যক্তস্বভাবস্য ঘৃণের্মায়াবনৌকসঃ। ভজন্তং ভজমানস্য বালস্যেবাস্থিরাত্মনঃ ॥ ৫ ॥
মচ্ছূলভিন্নগ্রীবস্য ভূরিণা রুধিরেণ বৈ। অসৃক্‌প্রিয়ং তর্পয়িষ্যে ভ্রাতরং মে গতব্যথঃ ॥ ৬ ॥
তস্মিন্ কূটেঽহিতে নষ্টে কৃত্তমূলে বনস্পতৌ। বিটপা ইব শুষ্যন্তি বিষ্ণুপ্রাণা দিবৌকসঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

এবং ত্যক্তঃ স্বভাবঃ সমত্বং যেন তস্য ঘৃণেঃ শুদ্ধতেজোময়স্যাপি মায়াবনৌকসঃ বরাহরূপস্য সতঃ অস্থিরাত্মনঃ অব্যবস্থিত চিত্তস্য কুতো যোযো ভজতি তং তং ভজমানস্য অনুসরতঃ ॥ ৫ ॥

তস্য রুধিরেণ যাবত্তর্পয়িষ্যামি তাবদ্দ্যূয়ং ভুবং যাতেতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ৬ ॥

নন্থ দেবৈস্তদ্বধঃ কারিতঃ অতস্তে কিং নহন্যাস্তে তত্রাহ। তস্মিন্ কূটে কপটে অহিতে প্রতিপক্ষে কূটনীতিকং যস্যেতি বা।

ক্রমসন্দর্ভ।

তস্যেতি যুগ্মকং। বাস্তবোঽর্থস্ত্বয়ং। ত্যক্তো ভক্তেভ্যোদত্তঃ স্বভাবঃ সারূপ্যাদিকং যেন। ঘৃণি গ্রহণে ইত্যস্মাৎ ঘৃণেঃ। কৃপয়া স্বীকর্ত্তুঃ। মায়া কৃপা। মায়েতি চ্ছান্দস তৃতীয়া লুক্। ততঃ সর্বত্রান্বয়ঃ। কৃপয়ৈব বনৌকসঃ। তল্লীলা বিস্তারয়িতুঃ কৃপয়ৈব বালস্যেবাস্থিরাত্মনঃ। ভক্তভাবানুরূপ নানাভাববিস্তারয়িতুঃ মচ্ছূলাচ্ছিন্না তদগোচরভূতা গ্রীবা তদুপলক্ষিতো বিগ্রহো যস্য। তস্য মে রুধিরেণ শ্রীনৃসিংহ তয়াবির্ভাবে তস্মাদ্ভূত মদীয় রুধিরেণ রুধিরপ্রিয়ং ভ্রাতরং তর্পয়িষ্যে। যথা তরোমূর্ল নিষেচনেনেত্যাদেঃ ॥ ৫। ৬ ॥

যতস্তস্মিন্নিতি। যদ্বা নন্থ তস্য তদ্ধস্তমরণাদ্দিব্যা গতি র্জাতৈবাস্তি কিং তত্তর্পণেন তত্রাহ। তস্মিন্নিতি। কূটে কূটবৎ এক রূপতয়া সর্বকাল ব্যাপিনি। হিতে ভক্তসুহৃদি। নষ্টে অদর্শনং গতে সতি। সর্বেঽপি প্রাকৃতাপ্রাকৃতদিবৌকস স্তদেক প্রাণস্বাচ্ছুষ্যন্তি স্বপদ নানাসংপদ্যপি শোষং প্রাপ্নুবন্তি। তস্মাত্তদারাধনমেব কার্য্যমিতি ভাবঃ। ততশ্চ যদি যুষ্মাকমিচ্ছা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বয়মপ্যপধাবাম ইতি চেচৈবং ক্রমবং যূয়ং তাবদ্মন্নিযুক্তে কর্ম্মণি তিষ্ঠত অহমেকএব তং হনিষ্যামীত্যাহ তস্যেতি দ্বাভ্যাং নন্থ হরির্হি পরমাত্মোচ্যতে শাস্ত্রৈরত স্তং কথং হনিষ্যসি তত্রাহ ত্যক্তস্বভাবস্য সর্বৌদাসীন্যরূপঃ স্বভাবোহি পরমাত্মনঃ প্রসিদ্ধঃ স যদি-তেন ত্যক্তস্তদা কুতস্তস্য সংপ্রতি পরমাত্মত্বমিতি ভাবঃ। প্রত্যুত সপরমাত্মত্বং ত্যক্ত্বা পশুরভূদিত্যাহ ঘৃণেঃ পূর্ব্বং শুদ্ধতেজোময়স্যাপি সংপ্রতিমায়া পারতন্ত্র্যাদ্বনৌকসঃ মৎস্য কচ্ছপাদি রূপস্যচ। কিঞ্চ ভজন্তং জনমাত্রমেব ভজমানস্য বালস্যেব একেনৈব খণ্ড লড্ডুকেন বশীকৃতস্যেত্যর্থঃ। বস্তুতস্তু তস্য ভক্তবাৎসল্যাদেব ত্যক্তেত্যাদি বিশেষণপঞ্চকং ভবতি তচ্চ তস্য ভূষণমেব নতু দূষণমিতি ভাবঃ। ঘৃণেঃ শুদ্ধতেজোময়স্যাপি মায়য়া কৃপয়া ইত্যাদি যোজ্যং ॥ ৫ ॥

মচ্ছূলাচ্ছিন্না পৃথগভূতা গ্রীবা যস্যেতি প্রা[illegible]স্য মচ্ছূলস্য তত্র প্রবেশোঽপি ন সংভবেদিতি ভাবঃ। কুঙ্কুমং রুধিরং প্রোক্ত-মিত্যভিধানাৎ রুধিরেণ তদঙ্গরাগ[illegible]মেন রুধিরপ্রিয়ং তন্নির্ম্মাল্য কুঙ্কুমপ্রিয়মস্মদ্ভ্রাতুর্ভক্তত্বাদিতি ভাবঃ ॥ ৬ ॥

কূটেঽহিতে কপটচেষ্টিতে ব[illegible] কূটেষু কপটিষ্বপি মদ্বিধেষু ঈহিতং যুদ্ধচেষ্টা যস্য তস্মিন্নিত্যহো মম ভাগ্যমিতি ভাবঃ। দেবানাস্ত সৌভাগ্যং কিয়দ্ব[illegible]য়ং তেতু তদেক প্রাণা এবেত্যাহ তস্মিন্নষ্টে দৈবাৎ কদাচিদদৃষ্টে সতি নশেরদর্শনার্থত্বাৎ ছিন্নমূলে

অতএব হরির এক্ষণে আর সে স্বভাব (সমত্ব) নাই। যদিও তিনি শুদ্ধ ও তেজোময় তথাচ মায়া বশতঃ বরাহ রূপী হওয়াতে এক্ষণে বালকের ন্যায় অব্যবস্থিত চিত্ত হইয়াছেন, যে উপাসনা করে তাহারই অনুগত হইয়া থাকেন ॥ ৫ ॥

আমি এই স্বীয় শূল দ্বারা তাঁহার গ্রীবা নির্ভিন্ন করিয়া তদীয় রুধিরে রুধিরপ্রিয় ভ্রাতা হিরণ্যাক্ষের তর্পণ করিব তাহা হইলেই আমার মনোব্যথা দূরীভূত হইবে ॥ ৬ ॥

অহে! ঐ দুষ্ট অতিশয় কপট ও আমার প্রতিপক্ষ, ঐ দুরাত্মা বিনষ্ট হইলেই দেবগণ ছিন্ন মূল

তাবদ্যাত ভুবং যূয়ং ব্রহ্মক্ষত্রসমেধিতাং। সূদয়ধ্বং তপোযজ্ঞ স্বাধ্যায় ব্রতদানিনঃ ॥ ৮ ॥
বিষ্ণুর্দ্বিজক্রিয়ামূলো যজ্ঞো ধর্ম্মময়ঃ পুমান্। দেবর্ষি পিতৃ ভূতানাং ধর্ম্মস্য চ পরায়ণং ॥ ৯ ॥
যত্র যত্র দ্বিজা গাবো বেদা বর্ণাশ্রম ক্রিয়াঃ। তং তং জনপদং যাত সন্দীপয়ত বৃশ্চত ॥
ইতি তে ভর্ত্তৃ নির্দ্দেশমাদায় শিরসাদৃতাঃ। তথা প্রজানাং কদনং বিদধুঃ কদনপ্রিয়াঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

নষ্টে অদৃষ্টে সতি শুষ্যন্তি স্বয়মেব নাশং যাস্যন্তি কুতঃ বিষ্ণুরেব প্রাণা যেষাং তে ॥ ৭ ॥

তপোযজ্ঞাদিযুক্তান্ সূদয়ধ্বং যাতয়ত ॥ ৮ ॥

নন্বৈতৈঃ কিমপরাদ্ধং তত্রাহ বিষ্ণুরিতি। দ্বিজানাং ক্রিয়ানুষ্ঠানং মূলং যস্যাসঃ। যতোহসৌ যজ্ঞঃ ধর্ম্মময়শ্চ পরায়ণং পরমাশ্রয়ঃ। অতো যজ্ঞরূপস্য বিষ্ণোর্মূলত্বাৎ মাননাদৃত্য তদাশ্রয়ণাচ্চ বধ্যা ইতি ভাবঃ ॥ ৯ ॥

তস্মাৎ পরমং মন্ত্রং শৃণুতেত্যাহ যত্র যত্রেতি। সন্দীপয়ত দহত বৃশ্চত ছেদং কুরুত ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

তর্হি যাবত্তদ্দর্শনং তাবদেব যাতেতি ॥ ৭। ৮। ৯। ১০। ১১। ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বনস্পতৌ যথা বিটপাঃ শুষ্যন্তি তথা শুষ্যন্তি তে বিষ্ণুরেব প্রাণং যেষাং তে কিম্বা বিষ্ণোরপি প্রাণতুল্যাস্তে পরমধন্যা এবেতি ভাবঃ ॥ ৭ ॥

ব্রহ্ম ক্ষত্রাভ্যাং তপোবল প্রভাবাভ্যাং সম্যগেধিতাং বর্দ্ধিতাং ভুবং যাত কিমর্থং সূদয়ধ্বং যাতয়ধ্বং ॥ ৮ ॥

যজ্ঞস্তেষাং নাশে সতি বিষ্ণুঃ স্বয়মেব নঙ্ক্ষ্যতীত্যাহ বিষ্ণুরিতি দ্বিজানাং নাশে সতি তৎক্রিয়া লোপাৎ বিষ্ণোর্ম্মূলোৎখাতঃ যজ্ঞস্য ধর্ম্মস্য চ নাশাত্তৎ স্বরূপস্য নাশোভাবী কিঞ্চ দেবর্ষ্যাদীনাং পরমায়ণং পরম আশ্রয় ইতি দেবর্ষ্যাদীনাং বধে তচ্ছোকাদপি মরিষ্যতীতি ভাবঃ ॥ ৯ ॥

সন্দীপয়ত দহতেতি জনপদস্য দাহে তন্নিবাসিনাং তেষাং স্বতএব দাহ সিদ্ধেঃ বৃশ্চত তদুপজীব্য বৃক্ষাণাং ছেদং কুরুত ॥

কদনং কষ্টং ॥ ১০ ॥

বৃক্ষের শাখা যেমন শুষ্ক হয়, তাহার ন্যায় উৎসন্ন হইয়া যাইবে, কারণ ঐ ব্যক্তিই দেবতাদের প্রাণ ॥ ৭ ॥

সম্প্রতি তোমরা এক কর্ম্ম কর, ধরামণ্ডল ব্রহ্মক্ষত্রে সম্বর্দ্ধিত হইয়াছে, তথায় গমন করিয়া তপস্যা যজ্ঞ, বেদাধ্যয়ন, ব্রত ও দানাদিযুক্ত মানবদিগকে সংহার করিতে প্রবৃত্ত হও ॥ ৮ ॥

যদিও যজ্ঞাদি সম্পন্ন ব্যক্তিদের কোন অপরাধ নাই তথাচ দ্বিজগণের যজ্ঞ ক্রিয়াই বিষ্ণু প্রাপ্তির মূল কারণ, আর বিষ্ণু স্বয়ং যজ্ঞ ও ধর্ম্মময় এবং দেব ঋষি পিতৃ ও ভূতগণের তথা ধর্ম্মের পরম আশ্রয়, অতএব ঐ সকল ব্যক্তি, যজ্ঞমূর্ত্তি বিষ্ণুর মূল এবং আমার প্রতি অনাদর করিয়া তদাশ্রিত হওয়াতে আমার বধ্য ॥ ৯ ॥

অহে দানবগণ! এবিষয়ে আমার পরামর্শ শুন, যেখানে যেখানে গো ব্রাহ্মণ বেদ ও বেদ বিহিত আশ্রমোচিত ক্রিয়া দেখিবে, সেই সেই জনপদে গমন করিয়া তাহা জ্বালাইয়া দাও, তাহা হইলে তত্রস্থ ব্যক্তিবর্গের স্বতই দাহ সিদ্ধ হইবে এবং তাহাদের উপজীব্য বৃক্ষ সকল ছেদন করিয়া ফেল।

হে মহারাজ! যুধিষ্ঠির! দৈত্যাধিপতি হিরণ্যকশিপু এই প্রকার আদেশ করিলে কদনপ্রিয় দানবগণ তদীয় নিদেশ মস্তকে গ্রহণ করিয়া পরম সমাদরে ঐ রূপেই প্রজাদিগের নিগ্রহ আরম্ভ করিল ॥ ১০ ॥

পুরগ্রাম ব্রজোদ্যানক্ষেত্রারামাশ্রমাকরান্ । খেট খর্ব্বট ঘোষাংশ্চ দদহুঃ পত্তনানিচ ॥ ১১ ॥
কেচিৎ খনিত্রৈর্বিভিদুঃ সেতু প্রাকার গোপুরান্ । আজীব্যাংশ্চিচ্ছিদুর্বৃক্ষান্ কেচিৎ পরশুপাণয়ঃ ॥১২
প্রাদহন্ শরণান্যেকে প্রজানাং জ্বলিতোল্মুকৈঃ ॥ ১৩ ॥
এবং বিপ্রকৃতে লোকে দৈত্যেন্দ্রানুচরৈর্মুহুঃ । দিবং দেবাঃ পরিত্যজ্য ভুবি চেরুরলক্ষিতাঃ ॥১৪॥
হিরণ্যকশিপুর্ভ্রাতুঃ সংপরেতস্য দুঃখিতঃ । কৃত্বা কটোদকাদীনি ভ্রাতৃপুত্রানসান্ত্বয়ৎ ।

শ্রীধরস্বামী ।

পুরং হট্টাদিমৎ গ্রামস্তদ্রহিতঃ ব্রজোগবাং বাসঃ উদ্যানং কৃত্রিমং বনং ক্ষেত্রং ব্রীহ্যাদেঃ আরামো হকৃত্রিমং বনং । আশ্রমং ঋষীণাং স্থানং আকরো রত্নাদীনাং । খেটঃ কৃষীবলানাং বাসঃ । খর্ব্বটো গিরিদ্রোণ্যাশ্রয়োগ্রামঃ । ঘোষঃ আভীরাণাং বাসঃ পত্তনং রাজধানী ॥ ১১ ॥

খনিত্রৈঃ খননসাধনৈঃ আজীব্যান্ উপজীব্যান্ ॥ ১২ ॥

শরণানি গৃহান্ ॥ ১৩ ॥

বিপ্রকৃতে উপদ্রুতে যজ্ঞভাগানামভাবাৎ দিবং পরিত্যজ্য ॥ ১৪ ॥

তদেবং প্রজাকদনং দানবেষু কুর্ব্বৎসু স্বয়ং স্বর্গরাজ্যাদি সাধয়িতুং তপস্তপ্তুকামঃ প্রথমং যৎ কৃতবান্ তদাহ হিরণ্যকশিপুরি-

ক্রমসন্দর্ভঃ ।

প্রাদহন্নিত্যর্দ্ধকং ॥ ১৩ ॥

দিবং বিমান স্বর্গং । ভুবং যাতেতি হিরণ্যকশিপুনা পূর্ব্বমুক্তত্বাৎ । তত্র সুমেরুস্থিতি প্রাপ্তেঃ ॥ ১৪ । ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

পুরং হট্টাদিমৎগ্রাম স্তদ্রহিতঃ ব্রজোগবাং বাসঃ উদ্যানং পুষ্পপ্রধানং বনং । ক্ষেত্রং ব্রীহ্যাদেঃ । আরামঃ ফলপ্রধানং বনং । আশ্রমঃ ঋষীণাং স্থানং । আকরো রত্নাদীনাং খেটঃ কৃষীবলানাং বাসঃ । খর্ব্বটো গিরিদ্রোণ্যাশ্রয়ো গ্রামঃ । ঘোষ আভীরাণাং বাসঃ । পত্তনং রাজধানী ॥ ১১ । ১২ । ১৩ ॥

বিপ্রকৃতে উপক্রুতে যজ্ঞভাগানামভাবাৎ দিবং পরিত্যজ্য ॥ ১৪ ॥

কটোদকং প্রেতায় প্রদেয়মুদকং । আদি শব্দাৎ প্রেতশ্রাদ্ধঞ্চ ॥ ১৫ ॥

পুর ( হট্টাদি যুক্ত নগর ) গ্রাম ( হট্টাদি রহিত স্থান ) ব্রজ ( গো সকলের বাসস্থান ) উদ্যান ( কৃত্রিম বন ) ধান্যাদি ক্ষেত্র, আরাম ( অকৃত্রিম বন ) আশ্রম ( ঋষিদিগের স্থান) রত্নাদির আকর, খেট ( কৃষীবলদিগের বাসস্থল ) খর্ব্বট ( পর্ব্বতীয় উপাত্যকাস্থ গ্রাম ) ঘোষ আভীরদিগের বাসস্থান এবং পত্তন ( রাজধানী ) এই সকল দগ্ধ করিয়া দিল ॥ ১১ ॥

কোন কোন দানব খনিত্র দ্বারা সেতু প্রাচীর ও গোপুর ( পুরদ্বার ) বিদীর্ণ করিয়া ফেলিল, কেহ কেহ বা কুঠার লইয়া উপজীব্য বৃক্ষ সকল দগ্ধ করিয়া দিল ॥ ১২ ॥

কোন কোন দানব জ্বলন্ত অঙ্গার নিক্ষেপ করিয়া প্রজাদিগের গ্রহ সকল দগ্ধ করিয়া দিল ॥ ১৩ ॥

হে রাজন্ ! দৈতেন্দ্র হিরণ্যকশিপুর অনুচরবর্গ কর্ত্তৃক এই প্রকারে পৃথিবীস্থ লোক সকল নিরন্তর উপদ্রুত হওয়াতে যজ্ঞ ভাগের অভাব হেতু দেবতারা স্বর্গ পরিত্যাগ করিয়া অলক্ষিত শরীরে ভূতলে ভ্রমণ করিতে লাগিলেন ॥ ১৪ ॥

সে যাহা হউক, হে কুরুবর যুধিষ্ঠির ! দানবগণ সহ প্রজাপীড়নে প্রবৃত্ত হিরণ্যকশিপু স্বর্গরাজ্য সাধনার্থ প্রথমতঃ দুঃখিত চিত্তে মৃত ভ্রাতার শ্রাদ্ধ তর্পণ করিল, পরে ভ্রাতুষ্পুত্র শকুনি, শম্বর, ধৃষ্টি, ভূতসন্তাপন, বৃক, কালনাভ, মহানাভ এবং হরিশ্মশ্রু তথা উৎকচকে এবং তাহাদের জননী তথা

শকুনিং শম্বরঃ ধৃষ্টিং ভূতসন্তাপনং বৃকং। কালনাভং মহানাভং হরিশ্মশ্রুমথোৎকচঃ।
তন্মাতরং স্নুষাং ভানুং দিতিঞ্চ জননীং গিরা। শ্লক্ষ্ণয়া দেশ কালজ্ঞ ইদমাহ জনেশ্বরঃ॥ ১৫॥
শ্রীহিরণ্যকশিপুরুবাচ॥
অম্বাম্ব হে বধূঃ পুত্রা বীরং মার্হথ শোচিতুং। রিপোরভিমুখে শ্লাঘ্যঃ শূরানাং বধ ঈপ্সিতঃ॥১৬॥
ভূতানামিহ সম্বাসঃ প্রপায়ামিব সুব্রতে। দৈবেনৈকত্র নীতানামুন্নীতানাং স্বকর্ম্মভিঃ॥ ১৭॥
নিত্য আত্মাব্যয়ঃ শুদ্ধঃ সর্ব্বগঃ সর্ব্ববিৎপরঃ। ধত্তেঽসাবাত্মনোলিঙ্গং মায়য়া বিসৃজন্ গুণান্॥ ১৮॥

শ্রীধরস্বামী।

ত্যাদিনা। কটোদকং প্রেতায় প্রদেয়মুদকং আদিশব্দাৎ প্রেতশ্রাদ্ধাদিকঞ্চ॥ ১৫॥

হে বধূরিতি ভ্রাতৃভার্য্যাং সম্বোধয়তি॥ ১৬॥

ভবতু নাম তস্য শ্লাঘ্যো বধঃ তথাপ্যস্মাকং তাবদ্বন্ধু র্গত এবেতি চেত্তত্রাহ ভূতানামিতি দৈবেন প্রাচীনকর্ম্মণা একত্র নীতানাং সংযোজিতানাং পুনশ্চ স্বৈঃ কর্ম্মভিঃ উন্নীতানাং বিযোজিতানাং॥ ১৭॥

এবং লোকদৃষ্ট্যা শোকং নিবার্য্য তত্ত্বদৃষ্ট্যা বারয়তি নিত্য ইতি। নিত্যো মৃত্যুশূন্যঃ। অব্যয়ঃ অপক্ষয় শূন্যঃ শুদ্ধঃ নির্ম্মলঃ সর্ব্বগঃ সর্ব্বগতঃ সর্ব্ববিৎ সর্ব্বজ্ঞঃ সর্ব্বত্র হেতুঃ পরঃ দেহাদি ব্যতিরিক্তঃ। অতো মৃত ইতি কৃশ ইতি মলিন ইতি বিযুক্ত ইতি অজ্ঞ ইতি চ শোকো ন কার্য্য ইত্যর্থঃ। কথং তর্হি তস্য সংসারস্তত্রাহ ধত্তে ইতি। আত্মনো মায়য়া স্বাবিদ্যয়া লিঙ্গং ধত্তে

ক্রমসন্দর্ভঃ।

রিপোরপ্যভিমুখে কিমুত শ্রীবিষ্ণোরিতিচ॥ ১৬॥ ১৭॥

নিত্য ইত্যত্র জীবেপীশ্বর ধর্ম্মোক্তিরসুরোচিত্যাৎ। সর্ব্বজ্ঞত্বাজ্ঞানমিতি যুক্তিবিরুদ্ধঞ্চ তদিতি। বাস্তবার্থে তু সর্ব্বং লোকং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে বধূরিতি ভ্রাতৃভার্য্যাং সম্বোধয়তি॥ ১৬॥

বন্ধুবিচ্ছেদদুঃখস্যৈবং ভাবনায়াং নিবার্য্যতামিত্যাহ ভূতানামিতি প্রপায়াং পানীয়শালায়াং উন্নীতানাং পুনর্বিযোজিতানাং॥ ১৭॥

যুষ্মৎ প্রবোধার্থমুক্তমিদং লোকদৃষ্ট্যা তত্ত্ব দৃষ্ট্যাতু হিরণ্যাক্ষঃ খল্বাত্মৈব নতু দেহঃ তস্যাত্মনশ্চ স্বরূপং শৃণুতেত্যাহ নিত্যঃ মৃত্যুরহিতঃ অব্যয়ঃ অপক্ষয় শূন্যঃ শুদ্ধঃ নির্ম্মলঃ সর্ব্বগতঃ ইতীশ্বর ধর্ম্মোক্তি র্জীবেপ্যসুরস্বভাবাৎ বস্তু তস্তু সর্ব্বং লোকং গচ্ছতীতি সঃ। সর্ব্বং সুখদুঃখাদিকং বিন্দতীতি সঃ পরো দেহাদি ব্যতিরিক্তঃ অসাবাত্মা আত্মনঃ স্বস্য লিঙ্গং দেহং মায়য়া

আপনার ভ্রাতৃবধূ যে ভানু তাহাকে আর আপনার মাতা দিতিকে সান্ত্বনা করিয়া মনোজ্ঞ শব্দে নিম্ন লিখিত বাক্য কহিতে লাগিল। সে ব্যক্তি দেশ কালজ্ঞ ছিল যাহা যাহা বলিল তাহাতেই তাহাদের শোক শান্তি হইল॥ ১৫॥

হিরণ্যকশিপু কহিল হে মাতঃ! অগো ভ্রাতৃবধু! অহে ভ্রাতৃপুত্রগণ! আমার বীর ভ্রাতার নিমিত্ত তোমাদের শোক করা উচিত হয় না। শূর পুরুষদিগের রিপুর অভিমুখে বধ শ্লাঘ্য, সকল বীরই ঐরূপে প্রাণ ত্যাগ করিতে অভিলাষ করে॥ ১৬॥

অনন্তর ভ্রাতৃবধূকে সম্বোধন করিয়া কহিল হে সুব্রতে! পানীয় শালায় যদ্রূপ প্রাণি সকল একত্র মিলিত হয়, তদ্বৎ এই সংসারে প্রাণিগণ প্রাচীন কর্ম্ম বশতঃ একত্র সংযোজিত এবং স্ব স্ব কর্ম্ম দ্বারা পুনরায় বিযোজিত হইয়া থাকে॥ ১৭॥

ভদ্রে! আত্মার মৃত্যু নাই, তিনি অপক্ষয় শূন্য, নির্ম্মল, সর্ব্বগত এবং সর্ব্বজ্ঞ, যে হেতু দেহাদি হইতে ভিন্ন। অতএব আত্মাকে মৃত অথবা কৃশ কিম্বা মলিন অথবা বিযুক্ত বলিয়া শোক করা যোগ্য

যথাম্ভসা প্রচলতা তরবোপি চলা ইব । চক্ষুষা ভ্রাম্যমাণেন দৃশ্যতে চলতীব ভূঃ ॥ ১৯ ॥
এবং গুণৈর্ভ্রাম্যমাণে মনস্যবিকলঃ পুমান্ । যাতি তৎ সাম্যতাং ভদ্রে হ্যলিঙ্গো লিঙ্গবানিব ॥২০॥
এষ আত্ম বিপর্য্যাসোহ্যলিঙ্গে লিঙ্গভাবনা । এষ প্রিয়া প্রিয়ৈর্যোগো বিয়োগঃ কর্ম্ম সংস্থৃতিঃ ॥২১॥

শ্রীধরস্বামী ।

গুণান্ উচ্চাবচান্ দেহান্ সুখ দুঃখাদীন্ বা বিশেষেণ সৃজন্ স্বীকুর্ব্বন্ লিঙ্গশরীরোপাধিঃ সংসার ইত্যর্থঃ ॥ ১৮ ॥

এতৎ সদৃষ্টান্তং প্রপঞ্চয়তি যথেতি চতুর্ভিঃ । তরবঃ প্রতিবিম্বিতাঃ উপাধি ধর্ম্মা উপহিতে ভবন্তীতি দৃষ্টান্তমুক্ত্বা গ্রাহক ধর্ম্মা গ্রাহ্যে ভবন্তীতি দৃষ্টান্তমাহ চক্ষুষেতি ॥ ১৯ ॥

অবিকলঃ পরিপূর্ণ এব তৎ সাম্যতাং মনঃ সমতামিত্যর্থঃ ॥ ২০ ॥

লিঙ্গভাবনা দেহাভিমানঃ এষ আত্মনো বিপর্য্যাসঃ অন্যথাভাবঃ । তমেবাহ প্রিয়ৈর্ব্বিয়োগঃ অপ্রিয়ৈর্যোগশ্চ কর্ম্মচ সংস্থৃতিশ্চ নানাগর্ত্তেষু প্রবেশঃ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ ।

গচ্ছতি সর্ব্বগঃ । সর্ব্বং শরীরং বিন্দতি সর্ব্ববিৎ ॥ ১৮ । ১৯ । ২০ ॥

এষ ইতি যুগ্মকং । অলিঙ্গে দেহাতিরিক্তে আত্মনি ॥২১।২২।২৩।২৪।২৫।২৬।২৭।২৮।২৯।৩০।৩১।৩২।৩৩।৩৪।৩৫।৩৬।৩৭।৩৮।৩৯।৪০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

স্বাবিদ্যয়া ধত্তে কিমর্থং গুণান্ উচ্চাবচান্ স্থূলদেহান্ বিশেষেণ সৃজন্ স্বীকুর্ব্বন্ তথা তৎ পদাবৃত্ত্যা বিসৃজন্ স্থূলদেহান্ স্বীকর্ত্তুং ত্যক্তুঞ্চেত্যর্থঃ ॥ ১৮ ॥

এবং যল্লিঙ্গং ধত্তে তস্মাৎ সূক্ষ্ম দেহাদপ্যাত্মা ভিন্ন এবেতি দৃষ্টান্তাভ্যামাহ যথা অম্ভসা প্রচলতা হেতুনা অম্ভসস্সু প্রতিবিম্বিতা স্তরবোপি চলা ইবেক্ষন্তে ন তু চলা অম্ভোভ্য স্তেষাং ভিন্নত্বাৎ এবমেব লিঙ্গধর্ম্মাঃ শোকমোহাদয় স্তদুপহিতে আত্মন্যপি প্রতীয়ন্তে নত্বাত্মা শোকমোহাদিমান্ তস্মাল্লিঙ্গাদ্ভিন্নত্বাদিত্যর্থঃ । এবমুপাধিধর্ম্মা উপহিতে ভবন্তীতি দৃষ্টান্তমুক্ত্বা গ্রাহক ধর্ম্মা গ্রাহ্যে ভবন্তীতি দৃষ্টান্তমাহ চক্ষুষেতি ভ্রাম্যমাণেন ভ্রমিদোষাক্রম্যমাণেন চলতী ভ্রমতীব যথাভূতাবিষ্টঃ পুরুষো ভূতগ্রাহ উচ্যতে । এবং দেহাবিষ্ট আত্মা দেহ গ্রাহ্যো দেহধর্ম্মাক্রান্ত উচ্যত ইত্যর্থঃ । এবং অবিকলঃ শুদ্ধ এবাত্মা তৎ সাম্যতাং মনঃ সমতাং মনোধর্ম্মগ্রাহিত্বং ॥ ১৯ ॥

অলিঙ্গেপ্যাত্মনি লিঙ্গভাবনা দেহাভিমানঃ ॥ ২০ ॥

এষ এবাত্মনো বিপর্য্যাসঃ বিপর্য্যয়ঃ তস্মাদ্বিপর্য্যাসাদেবাত্মনঃ এষ প্রিয়াপ্রিয়ৈর্যোগো বিয়োগশ্চ চকারাদ্বিপরীতশ্চ অপ্রিয়ৈর্যোগঃ প্রিয়ৈর্ব্বিয়োগশ্চ । কর্ম্মচ । সংস্থৃতিশ্চ নানাগর্ত্তেষু প্রবেশঃ ॥ ২১ ॥

হয় না । যদি বল আত্মা যদি ঐরূপ, তবে তাঁহার সংসার কি প্রকারে হয় ? উত্তর, তিনি স্বীয় অবিদ্যা দ্বারা উচ্চাবচ দেহ অথবা সুখ দুঃখাদি বিশেষ রূপে স্বীকার করত লিঙ্গ শরীর ধারণ করেন, কারণ লিঙ্গ শরীরোপাধিই সংসার ॥ ১৮ ॥

অপর হে ভদ্রে ! যেমন জল সকল চঞ্চল হইলে তাহাতে প্রতিবিম্বিত তরু সকলও চঞ্চল তুল্য হয়, আর যেমন চক্ষুঃ ভ্রাম্যমাণ হইলে ভূমি ভ্রমণ শীলার ন্যায় দৃষ্ট হয় ॥ ১৯ ॥

সেই রূপ গুণ দ্বারা মনঃ ভ্রাম্যমাণ হইলে পরিপূর্ণ স্বরূপ পুরুষ অর্থাৎ আত্মা লিঙ্গদেহ বিহীন হইয়াও লিঙ্গ শরীরির ন্যায় ঐ মনের সমান হইয়া থাকেন ॥ ২০ ॥

ভদ্রে ! লিঙ্গ দেহ না থাকিলেও লিঙ্গ দেহের যে ভাবনা ( লিঙ্গদেহাভিমান ) ইহাই আত্মার বিপর্য্যাস অর্থাৎ অন্যথা ভাব, ইহাতেই প্রিয়ের সহিত বিয়োগ, অপ্রিয় সহ সংযোগ ও কর্ম্ম সংসার অর্থাৎ নানা গর্ত্তে প্রবেশ হইয়া থাকে ॥ ২১ ॥

সম্ভবশ্চ বিনাশশ্চ শোকশ্চ বিবিধঃ স্মৃতঃ। অবিবেকশ্চ চিন্তাচ বিবেকাস্মৃতিরেবচ ॥ ২২ ॥
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনং। যমস্য প্রেতবন্ধূনাং সম্বাদং তং নিবোধত ॥ ২৩ ॥
উশীনরেম্বভূদ্রাজা সুযজ্ঞ ইতি বিশ্রুতঃ। সপত্নৈর্নিহতো যুদ্ধে জ্ঞাতয়স্তমুপাসত ॥ ২৪ ॥
বিশীর্ণ রত্নকবচং বিভ্রষ্টাভরণস্রজং। শরনির্ভিন্ন হৃদয়ং শয়ানমসৃগাবিলং ॥ ২৫ ॥
প্রকীর্ণকেশং ধ্বস্তাক্ষং রভসা দষ্টদচ্ছদং। রজঃ কুণ্ঠমুখাম্ভোজং ছিন্নায়ুধভুজং মৃধে ॥ ২৬ ॥
উশীনরেন্দ্রং বিধিনা তথা কৃতং পতিং মহিষ্যঃ প্রসমীক্ষ্য দুঃখিতাঃ।
হতাঃ স্ম নাথেতি করৈরুরোভৃশং ঘ্নন্ত্যো মুহুস্তৎ পদয়োরুপাপতন্।

শ্রীধরস্বামী।

ততশ্চ সম্ভব উৎপত্তিঃ বিবেকস্যাস্মৃতিরননুসন্ধানং ॥ ২২ ॥
অত্রাপি শোকহেতুং বিনা বৃথৈবায়ং শোক ইত্যস্মিন্নর্থে প্রেতস্য মৃতস্য কস্যচিৎ যে বন্ধবস্তৈর্যমস্য ॥ ২৩ ॥
উপাসত তৎসমীপ আবৃত্য স্থিতাঃ ॥ ২৪ ॥
বিশীর্ণং রত্নময়ং কবচং যস্য বিভ্রষ্টানি আভরণানি স্রজশ্চ যস্য শরেণ নির্ভিন্নং হৃদয়ং যস্য অসৃজা রক্তেন আবিলং লিপ্তং ॥ ২৫
প্রকীর্ণা কেশা যস্য ধ্বস্তে অক্ষিণী যস্য রভসা সংরম্ভেণ দষ্টৌদন্তচ্ছদ ওষ্ঠৌ যেন। রজসা কুণ্ঠং আবৃতং মুখাম্ভোজং যস্য ছিন্নমায়ুধং ভুজশ্চ যস্য ॥ ২৬ ॥
তস্য পাদয়োরুপসমীপে আসমন্তাৎ অপতন্ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

বিবেকস্য সতোপ্যস্মৃতিরস্ফূর্ত্তিঃ ॥ ২২ ॥
অত্রাপি অশোচ্যস্যাপি শোকে ইতিহাসমপি। প্রেতস্য মৃতস্য যে বন্ধব স্তৈর্যমস্য ॥ ২৩। ২৪। ২৫ ॥
রভসা ক্রোধেন দষ্টো দচ্ছদঃ অধরো যেন তং। তৎক্ষণএব সপত্নৈঃ শস্ত্রহস্তস্যাস্যণা ভূতত্বেনৈব মৃতস্যাপি স্থিতমিত্যর্থঃ ॥ ২৬। ২৭ ॥

অপর ঐ বিপর্য্যাস হইতেই জন্ম, মৃত্যু, বিবিধ শোক, অবিবেক, চিন্তা এবং বিবেকের অস্মরণ হয় ॥ ২২ ॥

ভদ্রে! শোকের কারণ না থাকাতে তোমাদের এ শোক ব্যর্থ, এ বিষয়ে পণ্ডিতগণ একটী পুরাতন ইতিহাস উদাহরণ দিয়া থাকেন, মৃত এক ব্যক্তির বান্ধবদিগের সহিত যমরাজের সম্বাদে ঐ ইতিহাস রচিত হয়, তাহা বলিতেছি, শ্রবণ কর ॥ ২৩ ॥

উশীনর দেশে সুযজ্ঞ নামে এক জন বিখ্যাত রাজা ছিলেন, তিনি যুদ্ধে শত্রুগণ কর্ত্তৃক নিহত হইলে তাঁহার জ্ঞাতিবর্গ সমীপে গিয়া চারিদিকে বেষ্টন করিল ॥ ২৪ ॥

ঐ রাজা সমরশায়ী হওয়াতে তাঁহার রত্নময় কবচ বিশীর্ণ এবং মাল্যাভরণ বিভ্রষ্ট হইয়াছিল। আর হৃদয় খরতর শরে নির্ভিন্ন হইয়া রুধিরাপ্লুত হইতে ছিল ॥ ২৫ ॥

অপর কেশ বিকীর্ণ, চক্ষুর্দ্বয় বিধ্বস্ত এবং ক্রোধভরে যে ওষ্ঠ দংশন করিয়াছিলেন তাহা সেই রূপেই দষ্ট হইয়া রহিয়াছিল। আর মুখপদ্ম সমরাঙ্গণের ধূলি সকলে ধূসরিত এবং ভুজ ও আয়ুধ ছিন্ন ভিন্ন হওয়াতে সাতিশয় শোচ্য হইয়াছিল ॥ ২৬ ॥

উশীনরেন্দ্রকে বিধি বিপাকবশতঃ ঐ রূপে রণশায়ি নিরীক্ষণ করিয়া তদীয় মহিষীগণ সাতিশয় দুঃখিত হইল। কর দ্বারা বারম্বার স্ব স্ব বক্ষঃস্থল আঘাত করিতে করিতে "হা নাথ! হতা হইলাম" বলিয়া চরণ সন্নিধানে পড়িতে লাগিল। কুচকুঙ্কুম দ্বারা অরুণিত অশ্রুজলে প্রিয় পতির পাদ-

রুদত্য উচ্চৈর্দয়িতাঙ্ঘ্রি পঙ্কজং সিঞ্চন্ত্য আস্রৈঃ কুচকুঙ্কুমারুণৈঃ।
বিস্রস্তকেশাভরণাঃ শুচং নৃণাং সৃজন্ত্য আক্রন্দনয়া বিলেপিরে ॥ ২৭ ॥
অহো বিধাত্রাঽকরুণেন নঃ প্রভো ভবান্ প্রণীতো দৃগগোচরাং দশাং।
উশীনরাণামসি বৃত্তিদঃ পুরা কৃতোঽধুনা যেন শুচাং বিবর্দ্ধনঃ ॥ ২৮ ॥
ত্বয়া কৃতজ্ঞেন বয়ং মহীপতে কথং বিনা স্যাম সুহৃত্তমেন তে।
তত্রানুযানং তব বীর পাদয়োঃ শুশ্রূষতীনাং দিশ যত্র যাস্যসি ॥ ২৯ ॥
এবং বিলপতীনাং বৈ পরিগৃহ্য মৃতং পতিং। অনিচ্ছতীনাং নির্হারমর্কোঽস্তং সংন্যবর্ত্তত ॥ ৩০ ॥
তত্র হ প্রেতবন্ধূনামাশ্রুত্য পরিদেবিতং। আহ তান্ বালকো ভূত্বা যমঃ স্বয়মুপাগতঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

বিলাপমেবাহ অহো ইতি দ্বাভ্যাং। অকরুণত্বমেবাহঃ। দৃশামগোচরাং দশাং যেন ভবান্ প্রণীতঃ গমিতঃ তেন বিধাত্রা ত্বমধুনা শুচাং বিবর্দ্ধনঃ কৃতোঽসীত্যন্বয়ঃ ॥ ২৮ ॥

ত্বয়া সুহৃত্তমেন বিনা বয়ং কথং স্যাম ভবেম জীবেম অতো হে বীর যত্র ত্বং যাস্যসি তত্র তেঽনুযানং অনুগমনং তব পাদয়োঃ শুশ্রূষাং কুর্ব্বতীনামস্মাকং দিশ দেহি ॥ ২৯ ॥

নির্হারং দাহার্থং নয়নং। অস্তং অস্তাচলং প্রতি ॥ ৩০ ॥

পরিদেবিতং রোদনং স্বপুর্য্যামেবাশ্রুত্য শ্রুত্বা তত্র স্বয়মেবোপাগতো যম স্তানাহ অহো ইত্যাদিনা ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিলাপমাহ অহো ইতি প্রণীতো গমিতঃ যেন বিধাত্রা তেন অধুনা উশীনরাণাং শুচাং বিবর্দ্ধনঃ কৃতোসি ॥ ২৮ ॥

যত্র ত্বং যাসি তত্র তেঽনুযানং অনুগমনং তব পাদয়োঃ শুশ্রূষণার্থং। দিশ দেহি বয়মপি ম্রিয়ামহে ইত্যর্থঃ ॥ ২৯ ॥

নির্হারং দাহার্থং নয়নং অস্তং অস্তাচলং প্রাপ্তো ন্যবর্ত্তত চলনান্নিবৃত্তো বিশ্রান্তবানিত্যর্থঃ ॥ ৩০ ॥

স্বয়মুপাগত ইতি। পুণ্যবজ্জীবানাং নির্হারাস্ত এব যমপুরগমনং। প্রায়ঃ সম্ভবতীতি কেচিৎ। তাসামেব মধ্যে কস্তা-

পদ্ম পুনঃ পুনঃ অভিষিক্ত করত অনেকক্ষণ উচ্চৈঃস্বরে রোদন করিয়া পরে বিলাপ আরম্ভ করিল। শোক বশতঃ তাহাদের কেশ ও ভূষণ বিস্রস্ত হইয়া গেল। এরূপ কাতর্য্য প্রকাশ পুরঃসর করুণ স্বরে ক্রন্দন করিতে লাগিল যে দেখিয়া সচেতন প্রাণি মাত্রেরই হৃদয় শোকাকুল হইল ॥ ২৭ ॥

অনন্তর বিলাপ করিতে করিতে কহিল অহো! বিধাতা কি নির্দ্দয়! হে প্রভো! তুমি পূর্ব্বে এই উশীনরদিগের বৃত্তিপ্রদ পিতা ছিলে, অকরুণ বিধি এখন তোমাকে আমাদের নয়নের অদৃশ্য দশা প্রাপ্ত করাইয়া শোক বর্দ্ধন করিতেছে ॥ ২৮ ॥

হে মহীপতে! তুমি কৃতজ্ঞ এবং আমাদের পরম সুহৃৎ, তোমা ব্যাতরেকে আমরা কি প্রকারে জীবন ধারণ করিব? অতএব হে বীর! তুমি যে স্থানে যাইতেছ, আমাদিগকে সেই স্থানে অনুগমন করিতে আদেশ কর, আমরা সেখানেও তোমার চরণদ্বয়ের সেবা করিব ॥ ২৯ ॥

উশীনরাধিপতির মহিষীগণ মৃত পতিকে বেষ্টন করিয়া এই প্রকারে বারম্বার বিলাপ করিতে থাকিল, তাহাদের ইচ্ছা হইল না স্বামির শব সৎকারার্থ নির্হার করে। ইতি মধ্যে দিবাকর অস্তাচলের প্রতি চলিত হইলেন ॥ ৩০ ॥

এই সময়ে ঐ মৃত রাজার বন্ধুগণের ঐ রূপ রোদন ধ্বনি নিজ পুরী হইতে যমরাজের শ্রবণ গোচর হইল, অতএব তিনি বালকের রূপ ধারণ করিয়া স্বয়ং ঐ স্থানে আগমন করিলেন এবং ঐ

শ্রীযম উবাচ ॥

অহো অমীষাং বয়সাধিকানাং বিপশ্যতাং লোকবিধিং বিমোহঃ।
যত্রাগতস্তত্র গতং মনুষ্যং স্বয়ং স্বধর্ম্মা অপি শোচন্ত্যপার্থং ॥ ৩২ ॥
অহো বয়ং ধন্যতমা যদত্র ত্যক্তাঃ পিতৃভ্যাং ন বিচিন্তয়ামঃ।
অভক্ষ্যমাণা অবলা বৃকাদিভিঃ স রক্ষিতা রক্ষতি যোহি গর্ব্ভে ॥ ৩৩ ॥
য ইচ্ছয়েশঃ সৃজতীদমব্যয়ো য এব রক্ষ্যত্যবলুম্পতেচ যঃ।

শ্রীধরস্বামী।

বয়সাঽস্মত্তোঽধিকানামপি লোকস্ত বিধিং জন্মমরণাদি প্রকারং বিপশ্যতামপি বিমোহমেবাহ। যত্র যস্মাদব্যক্তাৎ আগতঃ তত্রৈব গতং অপার্থং শোচন্তি। তদুক্তং গীতাসু। অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত। অব্যক্ত নিধনান্যেব তত্র কা পরিদেবনেতি। কিঞ্চ স্বয়মপি স্বধর্ম্মাঃ মৃতেন সহ সমানো মৃত্যুলক্ষণো ধর্ম্মো যেষাং তথাভূতা অপি ॥ ৩২ ॥

অবলা দুর্ব্বলা অপি বৃকাদিভিরভক্ষ্যমাণা বয়ং তত্র হেতুঃ যোগর্ব্ভে রক্ষতি সএব হি বিশ্বং রক্ষিতা রক্ষতি ॥ ৩৩ ॥

নন্থ তস্য রক্ষণে কিং প্রয়োজনং নকিঞ্চিদপি কিন্তু ক্রীড়ৈব কেবলমিত্যাহ য ঈশঃ ইদং বিশ্বং সৃজতি রক্ষতি সংহরতিচ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

শ্চবৈষ্ণব স্ত্রিয় স্তৎ সমীপাৎ যমদূতৈর্নেতু মশক্যত্বাৎ তৎ সামীপ্য দূরীকরণার্থং স্বয়ং যম এবাগত ইত্যন্যে প্রাহুঃ বালকোভূত্বেত্যন্যেষাং তত্র প্রবেশাসামর্থ্যাৎ বালভাষিতস্য মধুরত্বাৎ তৎ কর্ত্তৃকস্য কথনস্যাতিবিস্ময়াবহত্বাৎ তস্য জিজ্ঞাসোৎপাদন সমর্থত্বাচ্চ ॥৩১

যত্র যস্মাদব্যক্তাৎ তদুক্তং গীতাসু অব্যক্তাদীনি ভূতানি ব্যক্ত মধ্যানি ভারত। অব্যক্ত নিধনান্যেব তত্র কা পরিদেবনেতি ॥ ৩২ ॥

অস্মাকমত্যল্প বয়সামপি যো বিবেকঃ সোপ্যেষাং নাস্তীতি সাশ্চর্য্যমাহ অহো ইতি ॥ ৩৩ ॥

নন্থ ত্বাং গর্ব্ভবাসে ররক্ষ ইমমস্মৎপতিং সংগ্রামে নররক্ষেত্যত্র কো হেতুস্তত্রাহ। য ইতি ইচ্ছয়া স্বেচ্ছয়ৈব নতু কস্যাপ্যনুরোধেনৈবেতি ভাবঃ। নন্বীদৃশীচ্ছেব কিং হেতুকা তত্রাহ ঈশঃ অন্যানধীন পরমৈশ্বর্য্যবান্ তৎকারণ কল্পনে তদৈশ্বর্য্যস্যৈব তাদৃশত্বং ন সিদ্ধ্যেদিতি ভাবঃ। নন্বেবং সৃষ্ট্যাদিকং কিমর্থং করোতি তত্রাহ হে অবলাঃ চরাচরং তস্য ক্রীড়নমেবাহঃ। নিগ্রহে

সকল রোরুদ্যমান ব্যক্তির প্রতি নিম্ন লিখিত বাক্য প্রয়োগ করিলেন ॥ ৩১ ॥

যমরাজ কহিলেন, অহো! এই সকল ব্যক্তি আমা অপেক্ষা অধিক বয়স্ক, ইহারা লোকদিগের জন্ম মরণ ব্যাপার বারম্বার দেখিতেছে, তথাচ ইহাদের কি মোহ! যাহা হইতে ঐ মনুষ্য আগত হইয়াছিল, তাহাতেই গত হইয়াছে, তাহার নিমিত্ত এ প্রকার বৃথা শোক করে কেন? ঐ ব্যক্তি মরিয়াছে, ইহারা মরিবে না, এমত নহে, ইহারা নিজেও ঐ ব্যক্তির সমান ধর্ম্মা, ইহাদিগকেও মরিতে হইবে, তবে কেন শোক করে ॥ ৩২ ॥

কি আশ্চর্য্য! আমাদের অল্প বয়স হইলেও আমাদিগেতে যে প্রকার বিবেক বিদ্যমান দেখিতেছি, তাহাও ইহাদের কিছু মাত্র নাই, অতএব আমরাই ধন্য, যে হেতু মাতৃ পিতৃ কর্ত্তৃক পরিত্যক্ত হইয়াছি, কখনও মনে চিন্তাও করি নাই, অতি দুর্ব্বল ছিলাম, তথাপি ব্যাঘ্রাদি হিংস্র জন্তু আমাদিগকে ভক্ষণ করে নাই, তাহার কারণ এই যিনি গর্ব্ভে রক্ষা করিয়াছেন তিনি বিশ্ব সংসারের রক্ষা করিতেছেন এবং আমাদিগকেও রক্ষা করেন ॥ ৩৩ ॥

হে অবলা সকল! যিনি ইচ্ছানুসারে এই বিশ্ব সৃজন করিতেছেন, যাঁহা হইতে ইহার পালন হইতেছে এবং যিনি প্রলয় কালীন এই সমস্ত সংহার করিবেন, সেই অব্যয় পরমেশ্বরের এই

তস্যাবলাঃ ক্রীড়নমাহুরীশিতুশ্চরাচরং নিগ্রহ সংগ্রহে প্রভুঃ॥ ৩৪॥
পথি চ্যুতং তিষ্ঠতি দিষ্টরক্ষিতং গৃহে স্থিতং তদ্বিহতং বিনশ্যতি।
জীবত্যনাথোপি তদীক্ষিতো বনে গৃহেঽভিগুপ্তোঽস্য হতো ন জীবতি॥ ৩৫॥
ভূতানি তৈস্তৈর্নিজযোনি কর্ম্মভির্ভবন্তি কালে ন ভবন্তি সর্ব্বশঃ।
ন তত্র হাত্মা প্রকৃতাবপি স্থিতস্তস্যা গুণৈরন্যতমোহি বধ্যতে॥ ৩৬॥
ইদং শরীরং পুরুষস্য মোহজং যথা পৃথক্ ভৌতিকমীয়তে গৃহং।

শ্রীধরস্বামী।

তো অবলাঃ তস্যেশিতুশ্চরাচরং ক্রীড়াসাধনমাহুঃ। অতঃ সএব নিগ্রহে সংসারে সংগ্রহে পালনে চ প্রভুঃ॥ ৩৪॥

প্রভুত্বমেবান্বয় ব্যতিরেকাভ্যাং দর্শয়তি পথীতি। দিষ্টেন দৈবেনেশ্বরেণ রক্ষিতং তেনেশ্বরেণ বিহতং অস্য হতস্তেনৈবো-পেক্ষিতঃ॥ ৩৫॥

তদেবমাত্মনো জন্মমরণাদিকমঙ্গীকৃত্য ঈশ্বরাধীনত্বান্নশোকঃ কার্য্য ইত্যুক্তং ইদানীন্তু দেহানামেব জন্মাদি নত্বাত্মন ইত্যাহ ত্রিভিঃ। ভূতানি দেহাঃ নিজযোনিঃ স্বকারণভূতং লিঙ্গশরীরং তন্নিমিত্তৈঃ কর্ম্মভিঃ ভবন্তি জায়ন্তে নভবন্তি নশ্যন্তিচ। সর্ব্বশঃ দেবাদি দেহা অপি তত্রাহ তদা প্রকৃতৌ দেহে স্থিতোপ্যাত্মা তস্যা গুণৈঃ দেহধর্ম্মৈ র্জন্মাদিভিঃ ন বধ্যতে ন যুজ্যতে যতঃ অন্যতমঃ দেহাদ্যত্যন্ত বিলক্ষণঃ॥ ৩৬॥

নন্বহং কৃশঃ স্থূল ইত্যাদৌ নবৈলক্ষণ্যং প্রতীয়তে তত্রাহ ইদং মোহজং অবিবেকাদাত্মত্বেন জাতং। বস্তু তস্তু পৃথগেব যতঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সংহারে সংগ্রহে পালনেচ সএব প্রভবনশীলঃ॥ ৩৪॥

প্রভুত্বমেবান্বয় ব্যতিরেকাভ্যাং দর্শয়তি পথীতি। দিষ্টেন দৈবেন ঈশ্বরেণেত্যর্থঃ। তেন ঈশ্বরেণ বিহতং তেন ঈক্ষিতঃ অবেক্ষিতোঽন্যেনাপি রক্ষ্যত ইত্যর্থঃ। অস্য হতঃ অনেনোপেক্ষিতঃ অন্যেনাপি হন্যত ইত্যর্থঃ॥ ৩৫॥

নমু তর্হি তস্মিন্ ঈশ্বরে বৈষম্যং প্রসক্তং কস্যাপ্যপেক্ষণাৎ কস্যাপ্যুপেক্ষণাদিতি তত্রাহ। ভূতানি মনুষ্য পশ্বাদি দেহাঃ নিজ নিজ যোনি কারণীভূতৈঃ কর্ম্মভি স্তৈস্তৈরনেন কর্ম্মণা গৌর্ভবত্যনেন কর্ম্মণা শূকরোভবত্যেবং শাস্ত্রপ্রসিদ্ধৈ র্ভবন্তি উৎ-পদ্যন্তে ন ভবন্তি কালে নশ্যন্তিচ সর্ব্বশঃ সর্ব্বাণ্যেব তত্রহ স্পষ্টং প্রকৃতৌ দেহে স্থিতোপ্যাত্মা পরমাত্মা অন্যতমঃ পৃথগ্ভূত এবাতস্তস্যা গুণৈ দেহধর্ম্মৈর্জন্মাদিভি ন নিবধ্যতে কেবলং তত্তৎ কৃত শুভাশুভ কর্ম্মফলং স্বসন্নিধান মাত্রেণ জীবয়তীত্যেতদেব তস্যাপেক্ষণমুপেক্ষণঞ্চেতি ভাবঃ॥ ৩৬॥

তস্যান্যতমত্বমুপপাদয়তি ইদমিতি মোহজং পুরুষস্য জীবস্য মোহাদেব জাতং। অতস্তস্মাৎ পরমাত্মনঃ পৃথগেব যথা ভৌতিকং

চরাচর বিশ্ব ক্রীড়া সাধন মাত্র, অতএব তিনিই নিগ্রহে (সংহারে) এবং সংগ্রহে (পালনে) প্রভু॥ ৩৪॥

অগো অবলাগণ! পথে পতিত ব্যক্তিও পরমেশ্বর কর্ত্তৃক রক্ষিত হইলে রক্ষা পায়, গৃহে স্থিত পুরুষও পরমেশ্বর কর্ত্তৃক হত হইলে বিনষ্ট হয়। অপর বনে অনাথ জনও তাঁহা কর্ত্তৃক রক্ষিত হইলে বাঁচে, গৃহে সুরক্ষিত পুরুষও তাঁহা কর্ত্তৃক উপেক্ষিত হইলে বাঁচে না॥ ৩৫॥

প্রাণিদিগের দেহ স্ব স্ব কারণীভূত যে লিঙ্গ শরীর, তাহার নিমিত্ত স্বরূপ কর্ম্ম বশতঃ উৎপন্ন হয় এবং কালক্রমে বিনষ্ট হইয়া যায়। দেবাদি দেহেরও ঐ রূপে উৎপত্তি ও বিনাশ হইয়া থাকে। পরন্তু ঐ দেহে অবস্থিত হইয়াও আত্মা দেহের ধর্ম্ম যে জন্মাদি তাহার সহিত মিলিত হয়েন না, কারণ তিনি দেহ হইতে অত্যন্ত ভিন্ন॥ ৩৬॥

"আমি কৃশ, আমি স্থূল" ইত্যাদি প্রয়োগ স্থলে যে পৃথক্ বোধ হয় না তাহার কারণ এই, এই

যথোদকৈঃ পার্থিব তৈজসৈর্জনঃ কালেন জাতো বিকৃতো বিনশ্যতি ॥ ৩৭ ॥
যথানলোদারুষু ভিন্ন ঈয়তে যথানিলোদেহগতঃ পৃথক্ স্থিতঃ।
যথা নভঃ সর্ব্বগতং ন সজ্জতে তথা পুমান্ সর্ব্ব গুণাশ্রয়ঃ পরঃ ॥ ৩৮ ॥
সুযজ্ঞো নন্বয়ং শেতে মূঢ়া যমনুশোচথ। যঃ শ্রোতা যোঽনুবক্তেহ স নদৃশ্যেত কর্হিচিৎ ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

ঈয়তে দৃশ্যতে। ভৌতিকঞ্চ যথা গৃহমিত্যন্বয়ঃ। অত্রৈবং প্রয়োগঃ দ্রষ্টুরভৌতিকাচ্চ পুরুষাৎ শরীরং ভিন্নং দৃশ্যত্বাৎ ভৌতিকত্বাচ্চ। যথাত্যন্তাবিবেকিনঃ আত্মত্বেনাভিমতমপি গৃহং ততঃ পৃথক্ তদ্বদিতি ভৌতিকত্বাদ্যুমানং বিবৃণ্বন্ আত্মনো জন্মাদ্যভাবমুপসংহরতি। যথা উদকৈঃ পরমাণুভিঃ জাতোবুদ্বুদাদিঃ। যথাচ পার্থিবৈর্জাতোঘটাদিঃ। যথাচ তৈজসৈর্জাতঃ কুণ্ডলাদি র্বিনশ্যতি। তথা তৈরেব ত্রিবিধৈঃ পরমাণুভির্জাতোজনো দেহএব বিকৃতঃ পরিণতঃ সন্ বিনশ্যতি নত্বাত্মেত্যর্থঃ ॥ ৩৭ ॥

পৃথগবস্থানাভাবেপি ভিন্নত্বে দৃষ্টান্তদ্বয়মাহ। যথাঽনলো দারুষ্ববস্থিতোপি দাহকত্বেন প্রকাশকত্বেন ভিন্ন এব প্রতীয়তে। যথাচ দেহগতোপ্যনিলো নাসিকাদিষু পৃথক্স্থিতঃ প্রতীয়তে। দেহস্থত্বেপ্যাত্মন স্তদ্ধর্ম্ম যোগাভাবে দৃষ্টান্তমাহ। যথা নভো নসজ্জতে ক্বাপি সঙ্গং ন প্রাপ্নোতি তথা পুমানপি সর্ব্বেষাং গুণানাং দেহেন্দ্রিয়াণামাশ্রয়ঃ তেষ্বাশ্রিতো বা পরঃ পৃথগেবেত্যর্থঃ ॥৩৮

কিঞ্চ হে মূঢ়াঃ যমনুশোচথ সোঽয়ং সুযজ্ঞঃ শেতে কিমিতি শোচথ। নবেতাবন্তং কালং অসৌ শৃণোতি অনন্তরং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভিত্তিদ্বারাদিমদপি গৃহং গৃহস্থপুরুষাৎ পৃথগীয়তে। পার্থক্যং তদেবোপপাদয়তি যথা ঔদকৈঃ পরমাণুভির্বুদ্বুদাদিঃ পার্থিবৈর্ঘটাদিঃ তৈজসৈঃ কুণ্ডলাদির্জায়তে নশ্যতিচ তথা তৈরেব ত্রিবিধৈঃ পরমাণুভির্জাতোজনো দেহএব বিকৃতঃ পরিণতঃ সন্ বিনশ্যতি নত্বাত্মেত্যর্থঃ ॥ ৩৭ ॥

পৃথগবস্থানাভাবেপি ভিন্নত্বে দৃষ্টান্তমাহ যথানলো দারুষ্ববস্থিতোঽপি দাহকত্বেন প্রকাশকত্বেন ভিন্নএব প্রতীয়তে যথাচ দেহগতোঽনিলঃ নাসিকাদিষু পৃথক্ স্থিতোঽপি প্রতীয়তে। দেহস্থত্বেপ্যাত্মনস্তদ্ধর্ম্মা যোগাভাবে দৃষ্টান্তমাহ। যথা নভো ন সজ্জতে ক্বাপি সঙ্গং নপ্রাপ্নোতি তথা পুমানপি সর্ব্বেষাং গুণানাং দেহেন্দ্রিয়াদীনামাশ্রয়ঃ তেষ্বাশ্রিতো বা পরঃ পৃথগেবেত্যর্থঃ। অতস্তেন পরমেশ্বরেণোপেক্ষিতমিমং স্বকর্ম্মবশাদ্ভূতং পতিং কথং নোপেক্ষধ্বে ইতি ভাবঃ ॥ ৩৮ ॥

নন্বয়ং রাজা সংগ্রাম লব্ধ পরাজয়ঃ সংপ্রতি শেতে কথমিমমুপেক্ষ্য নিঃস্নেহা ভবিতুং শক্নুমস্তত্রাহ সুযজ্ঞ ইতি। নন্বস্মদ্বিলাপ

শরীর অবিবেক হেতু আত্মস্থ রূপে জন্মিয়াছে অতএব অত্যন্ত অবিবেকির পক্ষে গৃহ যদ্রূপ আত্মস্থ রূপে প্রতীয়মান হয় তাহার ন্যায়, "আমি কৃশ, আমি স্থূল" ইত্যাদি প্রয়োগ স্থলে এই দেহ অবিবেকির পক্ষে আত্মবৎ প্রতীত হয়, বস্তুতঃ ইহা আত্মা হইতে পৃথক্, যে হেতু দৃশ্য ও পাঞ্চভৌতিক। যেমন জলীয় পরমাণু হইতে উৎপন্ন বুদ্বুদাদি ও পার্থিব পরমাণু হইতে জাত ঘটাদি এবং তৈজস পরমাণু দ্বারা নির্ম্মিত কুণ্ডলাদি কাল বশতঃ বিনাশ প্রাপ্ত হয়, তেমনি ঐ তিন প্রকার পরমাণুতে উৎপন্ন এই লোকই (দেহই) কাল বশতঃ বিকৃত অর্থাৎ পরিণত হইয়া বিনষ্ট হইয়া থাকে, আত্মার বিনাশ হয় না ॥ ৩৭ ॥

অপর অগ্নি যেমন কাষ্ঠ সকলে অবস্থিত হইয়াও দাহকত্ব ও প্রকাশকত্ব রূপে ভিন্ন ভিন্ন হইয়া প্রকাশ পায় এবং যেমন অনিল দেহাভ্যন্তরবর্ত্তী হওয়াতে নাসিকাদি পৃথক্ পৃথক্ স্থানে অবস্থিত রূপে বোধগম্য হয়, আর যদ্রূপ আকাশ সর্ব্বগত হইয়াও কুত্রাপি সঙ্গ প্রাপ্ত হয় না, তদ্রূপ পুরুষও (আত্মাও) সকল দেহ ও ইন্দ্রিয়ের আশ্রয় হইয়াও পৃথকই থাকেন ॥ ৩৮ ॥

অহে মূঢ় ব্যক্তি সকল! তোমরা যাহার নিমিত্ত শোক করিতেছ তোমাদের প্রভু সেই সুযজ্ঞ

**ন শ্রোতা নানুবক্তায়ং মুখ্যোঽপ্যত্র মহানসুঃ । যস্ত্বিহেন্দ্রিয়বানাত্মা স চান্যঃ প্রাণদেহয়োঃ ॥৪০ ॥**

**ভূতেন্দ্রিয়মনো লিঙ্গান্ দেহানুচ্চাবচান্ বিভুঃ । ভজত্যুৎসৃজতি হ্যন্যস্তচ্চাপি স্বেন তেজসা ॥ ৪১ ॥**

### শ্রীধরস্বামী ।

প্রতিবক্তি চ ইদানীং তস্যাদর্শনান্মৃত ইতি শোচাম ইতি চেৎ সতু শোচনীয়ো ন ভবতি প্রাগপি তস্যাদর্শনাদিত্যাহ যঃ শ্রোতেতি ॥ ৩৯ ॥

নমু মুখ নাসিকা সঞ্চারী প্রাণঃ শ্রোতা বক্তাচ দৃষ্টএব নাসৌ শ্রোতা বক্তাচ অচেতনত্বাদিত্যাহ ন শ্রোতেতি । মহান্ সর্ব্বেন্দ্রিয় চেষ্টাহেতুঃ অতএব মুখ্যঃ । প্রাণোবৈ মুখ্য ইতি শ্রুতেঃ । কস্তর্হি বক্তা শ্রোতাচ তত্রাহ যস্ত ইহ দেহে ইন্দ্রিয়ৈঃ তত্তদর্থ দ্রষ্টা আত্মা সতু প্রাণদেহাভ্যামচেতনাভ্যামন্যএব চেতনঃ ॥ ৪০ ॥

নমু চেতনস্যেহন্যত্বেচাস্য অহং কৃশঃ স্থূলঃ কাণো বধির ইত্যাদি দেহধর্ম্মোপলব্ধিঃ কুতস্তত্রাহ ভূতেন্দ্রিয় মনোভির্লিঙ্গ্যন্তে ইতি তথা তান্ দেহান্ তেভ্যোঽন্যএব ভজতি অহমিতি মন্যতে । তর্হি কথং মোক্ষস্তত্রাহ তত্তজ্জনং স্বেন তেজসা বিবেক বলেন উৎসৃজত্যপি হি ইত্যনুভবং প্রমাণয়তি ॥ ৪১ ॥

### ক্রমসন্দর্ভঃ ।

ভূতেন্দ্রিয়েতি । বিবিধং ভবতীতি বিভুঃ স্বতেজসা সর্ব্বস্বরূপত্বেনোপাসিতস্য ভগবত তেজসা । অনাদ্য বিদ্যাযুক্তস্য পুরুষস্যাত্মবেদনং স্বতো ন সম্ভবাদস্যতত্ত্বজ্ঞো জ্ঞানতো ভবেদিতি শ্রীভগবদ্বাক্যাৎ ॥ ৪১ । ৪২ । ৪৩ । ৪৪ । ৪৫ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

সেতাবন্তং কালমসাবশৃণোদব্রবোচ্চ তত্রাহ য ইতি কর্হিচিৎ প্রাগপি নদৃশ্যো নাসীদেবেত্যর্থঃ । যস্ত দৃশ্যঃ স ইদানীমপি দৃশ্যতে দেহ ইতি ভাবঃ ॥ ৩৯ ॥

নমু যাবৎ প্রাণঃ স্থিতস্তাবদেব শ্রোতৃত্ব বক্তৃত্বে দৃষ্টে নতু প্রাণে গতে সতীত্যতঃ প্রাণএব শ্রোতা বক্তেতি তত্রাহ নেতি মুখ্যোপি প্রাণো বৈ মুখ্য ইতি শ্রুতেঃ মহান্ সর্ব্বেন্দ্রিয় চেষ্টা হেতুরপি ন শ্রোতা বক্তা অচেতনত্বাদিতি ভাবঃ । কস্তর্হি শ্রোতা বক্তাচ তত্রাহ যস্ত্বিহ ইন্দ্রিয়বান্ দেহেন্দ্রিয়াদিমত্বেন প্রতীত আত্মা জীবঃ সচ প্রাণ দেহয়োঃ প্রাণদেহেন্দ্রিয়াদিভ্যোঽন্য এব সচেতনঃ ॥ ৪০ ॥

তর্হি স সংপ্রতি কুত্র গত্বা কিং করোতীতি তত্রাহ ভূতং প্রাপ্তং ইন্দ্রিয়মনোরূপং লিঙ্গং সূক্ষ্মদেহো যেষু তান্ স্থূল দেহান্ ভজতি প্রাপ্নোতি ত্যজতিচ যথেমং দেহং প্রাপ্যোদসৃজদিতি ভাবঃ কিঞ্চ স্বেন তেজসা ভাগ্যলব্ধ জ্ঞান বলেন তচ্চাপি লিঙ্গ দেহমপি কদাচিদুৎসৃজতি ॥ ৪১ ॥

সেই সুযজ্ঞ এইত সম্মুখেই শয়ন করিয়া রহিয়াছেন, তবে বৃথা শোক করিতেছ কেন ? ইনি এখন কথা শুনিতেছেন না ও প্রতিবচন দিতেছেন না এবং তোমরা ইহাঁকে দেখিতে পাইতেছ না বলিয়া মৃতজ্ঞানে যদি শোক কর, ইহার পূর্ব্বেও ত দেখিতে পাওনাই, কারণ, যিনি শ্রবণ করেন ও যিনি প্রতিবচন দেন তিনি এ সংসারে কস্মিন্ কালেও দৃশ্য হয়েন না ॥ ৩৯ ॥

অহে অনভিজ্ঞগণ ! দেহমধ্যে সকল ইন্দ্রিয়ের চেষ্টাশালী অতএব মুখ্য যে প্রাণ আছেন, তিনিও বক্তা অথবা শ্রোতা নহেন, ইহার মধ্যে যে আত্মা আছেন তিনিই সকল ইন্দ্রিয় সহিত তত্তদ্বিষয়ের দ্রষ্টা। ঐ আত্মা অচেতন প্রাণ ও দেহ হইতে ভিন্ন পদার্থ এবং চেতন স্বরূপ ॥ ৪০ ॥

ফলতঃ সকল দেহই ভূত ইন্দ্রিয় এবং মনঃ দ্বারা হয়, ঐ সকল হইতে ভিন্ন অন্য কোন ব্যক্তি দেহাদি আশ্রয় করিয়া "আমি" এতদ্রূপ অভিমানী হয়েন এবং স্বীয় তেজে অর্থাৎ বিবেক বলে দেহাদির সেবা বিসর্জন করিয়া থাকেন, ইহা স্পষ্টই অনুভূত হইতেছে ॥ ৪১ ॥

যাবল্লিঙ্গান্বিতোহ্যাত্মা তাবৎ কর্ম্ম নিবন্ধনং। ততোবিপর্য্যয়ঃ ক্লেশো মায়াযোগোঽনুবর্ত্ততে ॥ ৪২ ॥
বিতথোভিনিবেশোয়ং যদ্গুণেষ্বর্থদৃখচঃ। যথা মনোরথঃ স্বপ্নঃ সর্ব্বমৈন্দ্রিয়কং মৃষা ॥ ৪৩ ॥
অথ নিত্যমনিত্যম্বা নেহ শোচন্তি তদ্বিদঃ। নান্যথা শক্যতে কর্ত্তুং স্বভাবঃ শোচতামিতি ॥৪৪॥
লুব্ধকোবিপিনে কশ্চিৎ পক্ষিনাং নির্ম্মিতোঽন্তকঃ। বিতত্য জালং বিদধে তত্র তত্র প্রলোভয়ন্ ॥৪৫॥

শ্রীধরস্বামী।

নমু বিবেকানন্তরমপ্যাহারাদি কর্ম্মসু প্রবৃত্তের্বন্ধঃ স্যাদেব ইত্যত আহ যাবল্লিঙ্গশরীরেণান্বিতঃ তদভিমানবানাত্মা ভবতি তাবদেব তস্য তৎকর্ম্ম নিবন্ধনঃ বন্ধহেতুর্ভবতি। ততোবিপর্য্যয়ঃ দেহধর্ম্মভাক্ত্বং। ততঃ ক্লেশশ্চানুবর্ত্ততে নতু লিঙ্গাভিমানে নিবৃত্তে। যতোয়ং মায়াযোগোবিপর্য্যয়াদিঃ। মায়য়া যুজ্যতে ইতি তথা ন পরমার্থত ইত্যর্থঃ ॥ ৪২ ॥

নমু সুখ দুঃখাদীনাং তৎসাধনানাঞ্চ সত্যত্বপ্রতীতেঃ কুতোমায়াময়ত্বং তথাচ বহবোবাদিনঃ সত্যত্বমেব বদন্তি। তত্রাহ বিতথোমিথ্যাভূতো যমভিনিবেশঃ কোঽসৌ গুণেষু তৎকার্য্যেষু সুখাদিষু অর্থঃ পরমার্থ ইতি দৃক্ বচশ্চ ইতি যৎ স কুত ইত্যত আহ যথেতি ॥ ৪৩ ॥

উপসংহরতি অথ তস্মা নিত্যমাত্মানমনিত্যং দেহম্বা। তদ্বিদঃ নিত্যমনিত্যঞ্চ জানন্তঃ। নন্বেবমুপদেষ্টারোঽপি শোচন্তো দৃশ্যন্তে তত্রাহ নান্যথেতি। জ্ঞানদার্ঢ্যাভাবাৎ স্বভাবো ন নিবর্ত্ততে ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

স্বয়ং সধর্ম্মা অপীতি যদুক্তং তত্রেতিহাসমাহ লুব্ধক ইত্যাদিনা। পক্ষিণামন্তক ঈশ্বরেণ নির্ম্মিতঃ সন্ যত্র যত্র তে তত্র তত্র তান্

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লিঙ্গদেহত্যাগে সত্যেব কর্ম্মবন্ধান্মুচ্যতে নান্যথা ইত্যাহ যাবদিতি ॥ ৪২ ॥

তস্মাদস্মাকমপি কর্ম্মবন্ধ শোকাদৈব সত্ত্বং নতু কর্ম্ম ফলায় স্বর্গায় বৈষয়িক সুখ দুঃখস্যাস্থিরত্বেন স্বপ্ন তুল্যত্বাদিত্যাহ। বিতথো ব্যর্থ এবাভিনিবেশোঽয়ং কোঽসৌ। যৎ গুণেষু গুণকার্য্যেষু সুখাদিষু অর্থঃ বাস্তব ইতি দৃষ্টচশ্চ। অপামসোমমমৃতা অভূম অস্মরোতি বিহরামেত্যাদৌকমিত্যর্থঃ। যথা মনোরথঃ স্বপ্ন ইতি মনোরথোপনীতস্য ধন পুত্রাদি লাভানন্দস্য স্বপ্নে স্ত্রীসম্ভোগাদি সুখস্যচ স্বর্গ সুখস্য চ তুল্যত্বাদিত্যর্থঃ। সর্ব্বমৈন্দ্রিয়কং ইন্দ্রিয় গ্রাহ্যং জগদিদং মৃষা মিথ্যৈব ॥ ৪৩ ॥

অথ নিত্যং মীমাংসকানাং মতে অনিত্যং নশ্বরং সত্যমিতি সাঙ্খ্যানাং মতে নমু তদপি ন বয়ং প্রবুদ্ধ্যামহে ইতি তত্রাহ নান্যথেতি ॥ ৪৪ ॥

শোক স্বভাববত্ত্বেঽনর্থ ইত্যত্রেতিহাসমাহ। লুব্ধক ইত্যাদিনা নির্ম্মিত ঈশ্বরেণেত্যর্থঃ। বিদধে পক্ষিণো বিশেষেণ দধার

অপর হে মূঢ়গণ! যাবৎ পর্য্যন্ত আত্মা লিঙ্গ শরীর যুক্ত হইয়া তদভিমানী হয়েন তাবৎ পর্য্যন্তই তাঁহার কর্ম্ম সকল বন্ধের কারণ হয়। তাহার পর বিপর্য্যয় অর্থাৎ দেহ ধর্ম্ম, তদনন্তর ক্লেশ অনুবর্ত্তমান হইয়া থাকে। পরন্তু ঐ বিপর্য্যয়াদি মায়াময় মাত্র, বাস্তবিক নয় ॥ ৪২ ॥

গুণ কার্য্য যে সুখাদি তাঁহাতে পরমার্থ বোধক যে দৃষ্টি এবং ঐ রূপ যে বাক্য তাহা মিথ্যা অভিনিবেশ মাত্র, যে হেতু যদ্রূপ মনোরথ ও স্বপ্ন মিথ্যা, তদ্রূপ ইন্দ্রিয় সংক্রান্ত সুখাদিও অলীক মাত্র ॥ ৪৩ ॥

অতএব যে সকল ব্যক্তি নিত্য ও অনিত্য পদার্থ জানেন তাঁহারা নিত্য (আত্মা) অথবা অনিত্য (দেহ) নিমিত্ত শোক করেন না, তবে যে কখন কখন কোন ২ উপদেষ্টাদিগকেও শোক করিতে দেখা যায় তাহার কারন এই, স্বভাবের অন্যথা করা অসাধ্য। অর্থাৎ জ্ঞানের দার্ঢ্য না হওয়াতে ঐ রূপ শোককারিদের স্বভাব নিবৃত্ত হয় না ॥ ৪৪ ॥

অহে অবলাগণ! তোমরা স্বয়ং এই মৃতের সমান ধর্ম্মা হইয়াও ইহার জন্য কেন শোক করিতেছ,

কুলিঙ্গমিথুনং তত্র বিচরৎ সমদৃশ্যত। তয়োঃ কুলিঙ্গী সহসা লুব্ধকেন প্রলোভিতা।

সাঽসজ্জত শিচস্তন্ত্র্যাং মহিষ্যঃ কালযন্ত্রিতা ॥ ৪৬ ॥

কুলিঙ্গস্তাংস্তথাপন্নাং নিরীক্ষ্য ভৃশদুঃখিতঃ। স্নেহাদকল্পঃ কৃপণঃ কৃপণাং পর্য্যদেবয়ৎ ॥ ৪৭ ॥

অহো অকরুণোদেবঃ স্ত্রিয়া করুণয়া বিভুঃ। কৃপণং মানুশোচন্ত্যা দীনয়া কিং করিষ্যতি ॥ ৪৮ ॥

কামং নয়তু মাং দেবঃ কিমর্দ্ধেনাত্মনোহি মে। দীনেন জীবতা দুঃখমনেন বিধুরায়ুষা ॥ ৪৯ ॥

কথং ত্বজাতপক্ষাংস্তান্মাতৃহীনান্ বিভর্ম্ম্যহং। মন্দভাগ্যাঃ প্রতীক্ষন্তে নীড়ে মে মাতরং প্রজাঃ ॥৫০॥

শ্রীধরস্বামী।

প্রলোভয়ন্ জালং বিস্তার্য্য বিশেষেণ ধৃতবান্। প্রলোভনমিতি পাঠে তেষামামিষাদিভিঃ প্রলোভনং কৃতবান্ ইত্যর্থঃ ॥ ৪৫ ॥

কুলিঙ্গঃ কন্দভক্ষী পক্ষিবিশেষঃ। কুলিঙ্গয়োর্মিথুনং শিচস্তন্ত্র্যাং জালস্য সূত্রে অসজ্জত বন্ধং প্রাপ ॥ ৪৬ ॥

আপন্নাং আপদং প্রাপ্তাং ॥ ৪৭ ॥ আকরুণয়া সর্ব্বতোঽনুকম্পয়া ॥ ৪৮ ॥

আত্মনোদেহস্যার্দ্ধেন বিধুরায়ুষা ভার্য্যাশূন্য জীবিতেনানেন দুঃখং যথা ভবত্যেবং জীবতা কিং মে প্রয়োজনং। অতো মামপি কামং নয়ত্বিত্যন্বয়ঃ ॥ ৪৯ ॥

ন জাতাঃ পক্ষা যেষাং তান্ কথং বিভর্ম্মি পোক্ষ্যামি মে প্রজাঃ মাতরং প্রতীক্ষন্তে ॥ ৫০ ॥

ক্রমসন্দর্ভঃ।

তয়োরিতি। হে মহিষ্যঃ ॥ ৪৬ । ৪৭ । ৪৮ । ৪৯ । ৫০ । ৫১ । ৫২ । ৫৩ । ৫৪ । ৫৫ । ৫৬ । ৫৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রলোভনমিতি পাঠে আমিষাদিভি স্তেষাং প্রলোভনং কৃতবানিত্যর্থঃ ॥ ৪৫ ॥

শিচ স্তন্ত্র্যাং জালস্য সূত্রে হে মহিষ্যঃ ॥ ৪৬ । ৪৭ ॥

দেবোবিধাতা করুণয়া ময়ি কৃপাবত্যা ॥ ৪৮ । ৪৯ । ৫০ । ৫১ ॥

আমি এই যাহা কহিলাম এ বিষয়ে একটী ইতিহাস বলি শ্রবণ কর। কোন ব্যাধ পরমেশ্বর কর্ত্তৃক পক্ষিদের অন্তক রূপে সৃষ্ট হইয়া যেখানে সেখানে পক্ষী থাকিত তথায় গিয়া লোভ দেখাইয়া জাল বিস্তার পূর্ব্বক তাহাদিগকে ধারণ করিত ॥ ৪৫ ॥

কুলিঙ্গ নামে কন্দভক্ষী এক জাতীয় পক্ষী, একদা স্ত্রীপুরুষে চরিতে চরিতে সেই ব্যাধের নয়ন পথে পতিত হইল। তাহাদের মধ্যে একটা (পক্ষিণী) প্রলোভিতা হওয়াতে প্রথমে ঐ প্রকারে ব্যাধের জালসূত্রে পড়িয়া বন্ধন গ্রস্ত হইল ॥ ৪৬ ॥

প্রেয়সীকে ঐ প্রকারে আপদে পড়িতে দেখিয়া কুলিঙ্গের অন্তঃকরণ অত্যর্থ দুঃখিত হইল। সে স্নেহ বশতঃ কাতর হইয়া তাহার নিমিত্ত বিলাপ করিতে করিতে কহিল ॥ ৪৭ ॥

অহো! আমার এই স্ত্রী দীনা হইয়া, কাতর যে আমি আমার নিমিত্ত সর্ব্বতোভাবে করুণা প্রকাশ পূর্ব্বক শোক করিতেছে, নির্দ্দয় দৈব আমার ভার্য্যাকে লইয়া কি করিবে? ॥ ৪৮ ॥

এই প্রেয়সী আমার দেহার্দ্ধ, তাহাতে বিরহিত হওয়াতে আমার অপর দেহার্দ্ধ এখন অতিশয় দুঃখে জীবিত থাকিবে, দুঃখে জীবিত এমন দেহার্দ্ধে আমার প্রয়োজন নাই, দৈব আমাকেও গ্রহণ করুক ॥ ৪৯ ॥

আহা! আমার শাবক গুলির এক্ষণেও পক্ষোদ্গম হয় নাই, তাহারা মাতৃহীন হইল, আমি কি রূপে তাহাদিগকে পালন করিব? এতক্ষণ শাবক গুলি কুলায় মধ্যে তাহাদের জননীর প্রতীক্ষা করিতেছে। ॥ ৫০ ॥

এবং কুলিঙ্গং বিলপন্তমারাৎ প্রিয়াবিয়োগাতুরমশ্রুকণ্ঠং।
স এব তং শাকুনিকঃ শরেণ বিব্যাধ কালপ্রহিতো নিলীনঃ॥ ৫১॥
এবং যূয়মপশ্যন্ত্য আত্মাপায়মবুদ্ধয়ঃ। নৈনং প্রাপ্স্যথ শোচন্ত্যঃ পতিং বর্ষশতৈরপি॥ ৫২॥
শ্রীহিরণ্যকশিপুরুবাচ॥
বাল এবং প্রবদতি সর্ব্বে বিস্মিতচেতসঃ। জ্ঞাতয়ো মেনিরে সর্ব্বমনিত্যমযথোত্থিতং॥ ৫৩॥
যম এতদুপাখ্যায় তত্রৈবান্তরধীয়ত। জ্ঞাতয়োপি সুযজ্ঞস্য চক্রুর্যৎ সাম্পরায়িকং॥ ৫৪॥
অতঃ শোচত মা যূয়ং পরঞ্চাত্মানমেব বা। ক আত্মা কঃ পরোবাত্র স্বীয়ঃ পারক্য এব বা॥ ৫৫॥
স্বপরাভিনিবেশেন বিনাঽজ্ঞানেন দেহিনাং॥ ৫৬॥

শ্রীধরস্বামী।

শাকুনিকঃ পক্ষিহন্তা নিলীনঃ সন্॥ ৫১॥
আত্মাপায়ং স্বমৃত্যুং॥ ৫২॥
অযথোত্থিতং মিথ্যৈবাবির্ভূতং॥ ৫৩॥
সাম্পরায়িকং পরলোককৃত্যং॥ ৫৪॥
অশোচতেতি পাঠে অড়াগমশ্ছান্দসঃ॥ ৫৫॥
স্বঃ পর ইতি অভিনিবেশ এবাজ্ঞানং তেন বিনা॥ ৫৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

আত্মাপায়ং স্বমৃত্যুং॥ ৫২॥
সর্ব্বং জগদনিত্যং যতো যথোত্থিতং যেন প্রকারেণোত্থিতং তথা নতিষ্ঠতীত্যর্থঃ॥ ৫৩। ৫৪॥
স্বশ্চ পর ইত্যভিনিবেশ এবাজ্ঞানং তেন বিনা॥ ৫৫। ৫৬। ৫৭॥

হে অবলাগণ! কুলিঙ্গ পক্ষী প্রিয়া বিয়োগে ঐ রূপ ব্যাকুল ও অশ্রুকণ্ঠ হইয়া সমীপে থাকিয়া উক্ত প্রকারে বিলাপ করিতে থাকিলে সেই পক্ষিহন্তা ব্যাধ কাল প্রেরিতের ন্যায় হইয়া গোপনে বাণ দ্বারা তাহাকে বিদ্ধ করিয়াছিল॥ ৫১॥

তোমরাও কুলিঙ্গ পক্ষির সমান অবোধ, এবম্প্রকার শোকে তোমাদের যে আপনারই বিনাশ হইবে তাহা অবলোকন করিতেছ না, যদি শত শত বৎসর শোক কর তথাপি তোমাদের ঐ পতিকে পুনরায় জীবিত পাইবে না, কেন শোক করিতেছ?॥ ৫২॥

হিরণ্যকশিপু কহিল সেই বালক এই প্রকার কহিলে জ্ঞাতিরা সকলেই বিস্মিত চিত্ত হইয়া এই মনে করিতে লাগিল সকল বস্তুই অনিত্য, মিথ্যা আবির্ভূত হইয়াছে॥ ৫৩॥

বালক রূপী যম এই উপাখ্যান কহিয়া সেই স্থানেই অন্তর্দ্ধান হইলেন। তদনন্তর সুযজ্ঞ রাজার জ্ঞাতিগণ শোক পরিত্যাগ পূর্ব্বক নৃপতির ঔর্দ্ধদেহিক কৃত্য সমাধা করিলেন॥ ৫৪॥

অতএব তোমাদেরও পরের অথবা আত্মার নিমিত্ত শোক করা উচিত হয় না, এই সংসারে আত্মাই বা কে পরই বা কে, কোন ব্যক্তি বা স্বীয়, কোন ব্যক্তিইবা পরকীয়॥ ৫৫॥

এ আত্মীয়, এ পর, এই অভিনিবেশই অজ্ঞান, এই অজ্ঞান ব্যতিরেকে দেহির আত্মীয় বা পর এরূপ গণনা হইতে পারে না॥ ৫৬॥

শ্রীনারদ উবাচ ॥

ইতি দৈত্যপতের্ব্বাক্যং দিতিরাকর্ণ্য সস্নুষা। পুত্রশোকং ক্ষণাৎ ত্যক্ত্বা তত্ত্বেচিত্তমধারয়ৎ ॥৫৭

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে যুধিষ্ঠির নারদ সম্বাদে দিতিশোকাপনোদনো দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ২ ॥ * ॥

শ্রীনারদ উবাচ ॥

হিরণ্যকশিপু রাজন্নজেয়মজরামরং। আত্মানমপ্রতিদ্বন্দ্বমেকরাজং ব্যধিৎসত ॥ ১ ॥

স তেপে মন্দরদ্রোণ্যাং তপঃ পরম দারুণং। ঊর্দ্ধবাহু র্নভোদৃষ্টিঃ পাদাঙ্গুষ্ঠাশ্রিতাবনিঃ ॥ ২ ॥

জটাদীধীতিভীরেজে সম্বর্ত্তার্ক ইবাংশুভিঃ। তস্মিংস্তপস্তপ্যমানে দেবাঃ স্থানানি ভেজিরে ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

সস্নুষা স্নুষা সহিতা ॥ ৫৭ ॥

॥ * ॥ ইতি সপ্তমে দ্বিতীয়ঃ ॥ * ॥

তৃতীয়ে তস্য তপসা তপ্তং বীক্ষ্য জগদ্বিধিঃ। আগত্য বিস্মিতস্তেন সংস্তুতশ্চ বরানদাৎ ॥ ০ ॥

তদেবং সাধূনাং কদনে দানবানাদিশ্য বন্ধূনাঞ্চ শোকং তত্ত্বনিরূপণেনাপনীয় যৎকৃতবান্ তদাহ হিরণ্যকশিপুরিত্যাদিনা। অপ্রতিদ্বন্দ্বং প্রতিপক্ষহীনং একরাজং একমেব রাজানং ব্যধিৎসত কর্ত্তুমৈচ্ছৎ ॥ ১ ॥

ঊর্দ্ধ্বৌ বাহূ যস্য নভসি দৃষ্টির্যস্য পাদাঙ্গুষ্ঠেনাশ্রিতাঽবনির্যেন ॥ ২ ॥

জটানাং দীধীতিভিঃ কান্তিভিঃ অংশুভিঃ রশ্মিভিঃ প্রলয়কর্ত্তা অর্কইব রেজে পূর্ব্বং যে অলক্ষিতাঃ সন্তো ভুবি চেরুঃ তে দেবাঃ

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে সপ্তমস্কন্ধে জীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে দ্বিতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। সপ্তমস্য দ্বিতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

তৃতীয়ে স তপস্তপ্ত্বা দেবান্ সুস্থিত দুঃস্থিতান্। কৃত্বা ধাতুঃ সমায়াতাৎ স্তুতাৎ প্রাপ বরান্ বরান্ ॥ ০ ॥

আত্মানং স্বএক এব রাজত ইত্যেকরাজ তং বক্ষ্যমাণাভিপ্রায়েণ ব্রহ্মলোকপর্য্যন্তং স্বস্যৈবৈকাধিপত্যং কাময়মানোঽভূদিত্যর্থঃ ॥ ১ ॥

অতএব স তেপে ইতি ॥ ২ ॥

স্থানানি স্বস্বগৃহান্। শত্রোস্তস্য শাত্রবমনালক্ষ্যেত্যর্থঃ ॥ ৩ । ৪ । ৫ ॥

নারদ কহিলেন স্নুষা সহিত দিতি এই প্রকারে দৈত্যপতি হিরণ্যকশিপুর বাক্য শুনিয়া ক্ষণকালের মধ্যে পুত্র শোক বিসর্জন পূর্ব্বক পরমাত্মতত্ত্বে চিত্ত ধারণ করিলেন ॥ ৫৭ ॥

॥ * ॥ ইতি সপ্তমে দ্বিতীয় ॥ * ॥

তৃতীয় অধ্যায়ে হিরণ্যকশিপুর উগ্র তপস্যায় জগতের সন্তাপ দর্শনে বিস্মিত হইয়া ব্রহ্মার আগমন এবং ঐ দানব কর্ত্তৃক স্তুত হইয়া তাহার প্রতি বর দান ॥ ০ ॥

নারদ কহিলেন হে রাজন্! হিরণ্যকশিপু আপনাকে অজেয়, অজর, অমর এবং প্রতিপক্ষ হীন অদ্বিতীয় রাজা করিতে ইচ্ছা করিয়াছিল ॥ ১ ॥

একারণ সে মন্দর পর্ব্বতের কন্দরে গমন করিয়া পরম দারুণ তপস্যা আরম্ভ করিল, তপো নিমিত্ত পাদাঙ্গুষ্ঠ দ্বারা ধরণী অবলম্বন পূর্ব্বক ঊর্দ্ধবাহু হইয়া আকাশে দৃষ্টি অর্পণ করিয়া থাকিত ॥ ২ ॥

প্রলয়কালীন সূর্য্য যেমন আপনার ভয়ঙ্কর কিরণে বিরাজিত হন তাহার ন্যায় ঐ দৈত্য জটাকান্তি

তস্য মূর্দ্ধ সমুদ্ভূতঃ সধূমোঽগ্নিস্তপোময়ঃ। তির্য্যগূর্দ্ধমধো লোকান্ প্রাতপদ্বিষ্বগীরিতঃ ॥ ৪ ॥
চুক্ষুভুর্নদ্যুদম্বন্তঃ সদ্বীপাদ্রিশ্চচাল ভূঃ। নিপেতুঃ সগ্রহাস্তারা জজ্বলুশ্চ দিশোদশ।
তেন তপ্তা দিবং ত্যক্ত্বা ব্রহ্মলোকং যযুঃ সুরাঃ। ধাত্রে বিজ্ঞাপয়ামাসু র্দেবদেব জগৎপতে।
দৈত্যেন্দ্র তপসা তপ্তা দিবি স্থাতুং ন শক্নুমঃ। তস্য চোপশমং ভূমন্ বিধেহি যদি মন্যসে ॥ ৫॥
লোকা যাবন্ননঙ্ক্ষ্যন্তি বলিহারাস্তবাভিভো ॥ ৬ ॥
তস্যায়ং কিল সংকল্পশ্চরতো দুশ্চরং তপঃ। শ্রূয়তাং কিং নবিদিতস্তবাথাপি নিবেদিতঃ ॥ ৭ ॥
সৃষ্ট্বা চরাচরমিদং তপোযোগ সমাধিনা। অধ্যাস্তে সর্ব্বধিষ্ণেভ্যঃ পরমেষ্ঠী নিজাসনং।

শ্রীধরস্বামী।

পুনঃ স্বানি স্থানানি ভেজিরে ॥ ৩ ॥

বিষ্বগীরিতঃ সর্ব্বতঃ প্রসৃতঃ সন্ ॥ ৪ ॥

দ্বীপৈরদ্রিভিশ্চ সহিতা ভূশ্চলিতা ॥ ৫ ॥

তব বলিহারাঃ করপ্রদাঃ পূজাকারিণ ইতি বা। অভিতোভবতীত্যভিভূঃ হে অভিভো সর্ব্বাধিপতে। অভিভোরিতি স বিসর্গ পাঠে ভো ইতি সম্বোধনং অভিতো যাবন্ন নঙ্ক্ষ্যন্তীতি সম্বন্ধঃ ॥ ৬ ॥

ব্রহ্মণ স্তম্মিন্ দ্বেষমুৎপাদয়িতুং তং সংকল্পমাহ তস্যেতি চতুর্ভিঃ। অথাপ্যস্মাভি র্নিবেদিতং ত্বয়া শ্রূয়তাং ॥ ৭ ॥

তপোযোগয়োঃ সমাধিনা নিষ্ঠয়া সর্ব্বধিষ্ণেভ্যঃ শ্রেষ্ঠং নিজাসনং সত্যলোকং যথা অধ্যাস্তে অধিতিষ্ঠতি। তত্তথৈবাত্মনঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অভিতো ভবতীত্যভি[illegible]ভা হে সর্ব্বাধিপতে সবিসর্গ পাঠে ভো ইতি সম্বোধনং। অভি অভিতঃ ॥ ৬ ॥

তথাপ্যস্মাভি র্নিবে[illegible]তং শ্রূয়তাং ॥ ৭ ॥

সর্ব্বধিষ্ণেভ্যঃ ॥

দ্বারা অত্যর্থ বিরাজিত হইতে লাগিল। সে যাহা হউক, হিরণ্যকশিপু ঐ প্রকারে তপস্যায় স্থিত হইলে পূর্ব্বে যে সকল দেবতা তাহার ভয়ে স্ব স্ব স্থান পরিত্যাগ পূর্ব্বক অলক্ষিত হইয়া বেড়াইতেন, তাঁহারা পুনরায় আপন আপন স্থান পরিগ্রহ করিলেন ॥ ৩ ॥

কিয়ৎকাল পরেই তপোময় সধূম অনল ঐ দৈত্যের মস্তক হইতে উদ্ভূত হইয়া সর্ব্বতঃ প্রসৃত হওত তির্য্যক্ ঊর্দ্ধ ও অধঃ লোক সকলকে সন্তপ্ত করিতে আরম্ভ করিল ॥ ৪ ॥

অর্থাৎ তাহার তীব্র তপস্যার প্রভাবে নদ নদী সাগর ক্ষুভিত, পর্ব্বত দ্বীপ সহিত পৃথিবী বিচলিত, গ্রহ তারাগণ পতিত এবং দশ দিক্ প্রজ্বলিত হইয়া উঠিল। দেবগণ তদ্দর্শনে সন্তপ্ত হইয়া স্বর্গ লোক পরিত্যাগ পূর্ব্বক ব্রহ্মলোকে গমন করিলেন এবং কাতর হইয়া বিধাতাকে বিজ্ঞাপন করত কহিলেন হে দেবদেব! হে জগৎপতে! দৈত্যেন্দ্র হিরণ্যকশিপুর তপস্যায় সন্তপ্ত হইয়া আমরা আর স্বর্গে অবস্থিতি করিতে পারি না। হে ভূমন্! যদি অভিমত হয়, তাহার শান্তি বিধান করিতে আজ্ঞা হউক ॥৫॥

হে সর্ব্বাধিপতে! আপনকার করপ্রদ লোক সকল সর্ব্বতোভাবে যাবৎ বিনষ্ট না হয়, তাবৎ ত্বরায় কোন উপায় করুন ॥ ৬ ॥

প্রভো! দুশ্চর তপস্যায় প্রবর্ত্তমান হিরণ্যকশিপুর যাহা সংকল্প, তাহা কি আপনার বিদিত হয় নাই, অবশ্যই জ্ঞাত হইয়াছে, তথাপি আমরা নিবেদন করিতেছি শ্রবণ করুন ॥ ৭ ॥

ব্রহ্মন্! ঐ দৈত্যের মানস এই যে, যদ্রূপ পরমেষ্ঠী চরাচর জগৎ সৃষ্টি করিয়া তপস্যা ও যোগের

তদহং বর্দ্ধমানেন তপোযোগ সমাধিনা। কালাত্মনোশ্চ নিত্যত্বাৎ সাধয়িষ্যে তথাত্মনঃ ॥ ৮ ॥
অন্যথেদং বিধাস্যেহমযথা পূর্ব্বমোজসা। কিমন্যৈঃ কালনির্ধূতৈঃ কল্পান্তে বৈষ্ণবাদিভিঃ ॥ ৯ ॥
ইতি শুশ্রুম নির্ব্বন্ধং তপঃ পরমমাস্থিতঃ। বিধৎস্বানন্তরং যুক্তং স্বয়ং ত্রিভুবনেশ্বরঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

সাধয়িষ্যামি। নমু ব্রহ্মণা অতিদীর্ঘায়ুষা তপস্তপ্ত্বা তৎ সাধিতং। অন্যঃ কুতঃ তৎসাধয়েৎ তত্রাহ কালাত্মনোরিতি। যদ্যপি আয়ুষোহল্পত্বেন দেহো বারং বারং ম্রিয়তে তথাপি কালস্যাত্মনশ্চ নিত্যত্বাৎ বহুভির্জন্মভিস্তপস্তপ্ত্বা তৎসাধয়িষ্যাম্যেবেতি ॥ ৮ ॥

বর্দ্ধমানেনেতি যদুক্তং তস্য ফলমাহ অন্যথেতি। সুরাসুরাদিব্যত্যয়েন অযথা পূর্ব্বং পুণ্যপাপাদিব্যত্যয়েন ইদং জগৎ বিধাস্যামি। বৈষ্ণবাদিভিঃ ধ্রুবাদিপদৈঃ কিং প্রয়োজনং অতস্তদেব সাধয়িষ্যামি ॥ ৯ ॥

ইতি ত্বৎপদাপহরণে তস্য নির্ব্বন্ধং শুশ্রুম। অতএবাসৌ তপঃ পরমমাস্থিতঃ যদত্র যুক্তং তদনন্তরমেব বিধৎস্ব ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভ।

কিমন্যৈরিত্যাসুরদৃষ্ট্যা ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯। ১১। ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বর্দ্ধমানেনেতি। সাংপ্রতিকাদপি পরমেষ্ঠিতো মম প্রভাবোঽধিকো ভবিষ্যতীতি ভাবঃ। নমু ব্রহ্মণা অতি দীর্ঘায়ুষা তপস্তপ্ত্বা তৎসাধিতং ত্বমেতাবদায়ুষ্কঃ কথং তৎসাধয়িষ্যসীতি তত্রাহ। কালেতি যদ্যপ্যায়ুষোঽল্পত্বেন মদীয় স্থূলং দেহোবা বারং বারং নঙ্ক্ষ্যতি তদপি কালস্যাত্মনশ্চ নিত্যত্বাৎ বহুভির্জন্মভি স্তপস্তপ্ত্বা তদাত্মনঃ পরমেষ্ঠ্যাসনং সাধয়িষ্যাম্যেবেতি ॥ ৮ ॥

ততশ্চ ইদং জগদন্যথা বিধাস্যে ইতি যে ব্রহ্মচর্য্যতপোব্রতাদিভিরিহলোকে দুঃখিনস্তে পরলোকেপি নরকভাজো দুঃখিনঃ কর্ত্তব্যাঃ যে ইহলোকে বৈষয়িক সুখভোগমাত্র নিরতা স্তএব পরলোকে স্বর্গিণঃ বৈষয়িক সুখভোগৌন্মুখ্যমেব পুণ্যমিষ্টমিষ্ট সাধনঞ্চ তৎ সঙ্কোচ এব পাপমনিষ্টসাধনমিত্যাদিকং প্রবর্ত্তনীয়ং ননেবং পূর্ব্ব পূর্ব্বমহাকল্পেষু ন প্রবৃত্তং তত্রাহ। অযথা পূর্ব্বমপি ওজসা স্বতেজসা বিধাস্যে নমু স্বেন সিষাধয়িষিতং পরমেষ্ঠ্যাসনমেব কিং সর্ব্বাধিক্যেভ্যঃ শ্রেষ্ঠং মন্যসে তত্রাহ কিমন্যৈরিতি বৈষ্ণবাদিভি ধ্রুবাদিপদৈঃ কিং প্রয়োজনং কালনির্ধূতৈরিতি ধ্রুবপদস্যানিত্যত্ব মননমসুরস্বভাবত্বাৎ ॥ ৯ ॥

ইতি ত্বৎ পদাপহরণে তস্য নির্ব্বন্ধং শুশ্রুম। অতএবায়ং তপঃ পরমমাস্থিতঃ ॥ ১০ ॥

নিষ্ঠা দ্বারা সর্ব্বশ্রেষ্ঠ নিজাসনে ( সত্যলোকে ) অধিষ্ঠিত আছেন, আমিও বৃদ্ধিশীল তপস্যা ও যোগের দ্বারা আপনার তদ্রূপ সত্য লোকাধিষ্ঠান সাধন করিব। যদিও ব্রহ্মা দীর্ঘায়ু, দীর্ঘকাল তপস্যা করিয়া যে লোক সাধন করিয়াছেন অন্যের তাহা সাধন করা দুষ্কর, কারণ অন্যেরা অল্পায়ু এবং তাহাদের দেহ বারম্বার মৃত্যু গ্রস্ত হয়, তথাপি সে নিশ্চয় করিয়াছে কালও নিত্য, আত্মাও নিত্য, এক জন্মে না হয় বহু জন্মের তপস্যায় সাধন করিব ॥ ৮ ॥

যদি সত্য লোক সাধন করিতে না পারি, আপনার সামর্থ্যে পুণ্য পাপাদির ব্যত্যয় করিয়া এই জগৎকে অযথা পূর্ব্ব অর্থাৎ বিপর্য্যস্ত করিয়া ফেলিব। সে বৈষ্ণব ধ্রুবাদি পদও কাল বশতঃ ক্ষয় প্রাপ্ত হয়, সে সকলে আমার প্রয়োজন নাই, আমি সত্য লোকই সাধন করিব ॥ ৯ ॥

হে প্রভো! আপনার স্থান হরণ করাই হিরণ্যকশিপুর নির্ব্বন্ধ শুনিয়াছি। এই কারণেই সে উগ্র তপস্যায় আস্থিত হইয়াছে, এই বিষয়ে যাহা উপযুক্ত হয়, অবিলম্বে বিধান করুন, যে হেতু আপনি স্বয়ং ত্রিভুবনের ঈশ্বর ॥ ১০ ॥

তবাসনং দ্বিজগবাং পারমেষ্ঠ্যং জগৎপতে। ভবায় শ্রেয়সে ভূত্যৈ ক্ষেমায় বিজয়ায়চ।
ইতি বিজ্ঞাপিতো দেবৈর্ভগবানাত্মভূর্নৃপ। পরিতো ভৃগু দক্ষাদ্যৈর্যযৌ দৈত্যেশ্বরাশ্রমং॥ ১১॥
ন দদর্শ প্রতিচ্ছন্নং বল্মীক তৃণ কীচকৈঃ। পিপীলিকাভিরাচীর্ণমেদস্ত্বঙ্মাংসশোণিতং॥ ১২॥
তপন্তং তপসা লোকান্ যথাব্ভ্রা পিহিতং রবিং। বিলক্ষ্য বিস্মিতঃ প্রাহ হসং স্তং হংসবাহনঃ॥
শ্রীব্রহ্মোবাচ॥
উত্তিষ্ঠোত্তিষ্ঠ ভদ্রং তে তপঃ সিদ্ধোঽসি কাশ্যপ। বরদোঽহমনুপ্রাপ্তো ব্রিয়তামীপ্সিতো বরঃ॥১৩

শ্রীধরস্বামী।

অন্যথা তব স্থানভ্রংশে সতি সাধূনামনিষ্টং স্যাদিতি শোচন্ত আহুঃ। তব পারমেষ্ঠ্যমিদমাসনং দ্বিজানাং গবাঞ্চ ভবায় উদ্ভবায় শ্রেয়সে সুখায় ভূত্যৈ ঐশ্বর্য্যায় ক্ষেমায় লব্ধপালনায় বিজয়ায় উৎকর্ষায়॥ ১১॥

বল্মীকাদিভিঃ প্রতিচ্ছন্নং প্রথমং ন দদর্শ। পশ্চাৎ কথঞ্চিৎ বিলক্ষ্য তং প্রাহ ইতি দ্বয়োরন্বয়ঃ। আচীর্ণং সমন্তাৎ ভক্ষিতং মেদশ্চ ত্বক্‌চ মাংসঞ্চ শোণিতঞ্চ যস্য॥ ১২॥

অবভ্রৈরপিহিতং ছন্নং রবিমিব বিলক্ষ্য॥ ১৩॥

ক্রমসন্দর্ভঃ।

উত্তিষ্ঠেত্যনেন পূর্ব্বং মূর্দ্ধ্নি স্থিতস্য তস্য পশ্চাদুপবেশঃ সূচিতঃ॥ ১৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তব পারমেষ্ঠ্যমিদমাসনং ভবায় কীদৃশায় শ্রেয়সে উত্তম সৃষ্ট্যর্থমিত্যর্থঃ। সচেদিদং প্রাপ্স্যতি তদা বিরুদ্ধং স্রক্ষ্যতীতি ভাবঃ। ভূত্যৈ সৃষ্টানাং লোকানাং ধর্ম্মাদি সংপত্ত্যৈ তদধিকারেস্বধর্ম্মে বিপত্তি র্ভাবিনীতি ভাবঃ ক্ষেমায় কল্যাণায় বিজয়ায় উৎকর্ষায় তদধিকারেতু অকল্যাণ পরাভাবাবেব ভাবিনাবিতি ভাবঃ॥

যযাবিতি তর্হ্যধুনৈব বরদানৈ স্তং তপসো নিবর্ত্তয়ামীত্যাশয়েন॥ ১১॥

প্রথমং বল্মীকাদিভিঃ প্রতিচ্ছন্নং তং ন দদর্শ। ততঃ কথং চিত্তং বিলক্ষ্য প্রাহেতি দ্বয়োরন্বয়ঃ। আচীর্ণং সমন্তাদ্ভক্ষিতং মেঘাচ্ছাদিতং রবিমিব॥ ১২। ১৩॥

হে ব্রহ্মন্! আপনকার স্থান ভ্রংশ হইলে সাধুদিগের সুমহৎ অনিষ্ট ঘটিবে, কারণ আপনকার এই পারমেষ্ঠ্য আসন গো ব্রাহ্মণদিগের উদ্ভব, সুখ, ঐশ্বর্য্য, লব্ধপালন এবং উৎকর্ষার্থ হইয়াছে। হে নৃপ! দেবগণ এই প্রকার বিজ্ঞাপন করিলে ভগবান্ আত্মযোনি (ব্রহ্মা) ভৃগু দক্ষ প্রভৃতি মুনিবৃন্দে পরিবৃত হইয়া দৈত্যেশ্বর হিরণ্যকশিপুর আশ্রমে গমন করিলেন॥ ১১॥

প্রথমে তাহাকে দেখিতে পাইলেন না, কারণ সে বল্মীক, তৃণ ও কীচকে (বংশ বিশেষে) আচ্ছন্ন হইয়া রহিয়াছিল আর ভূরি ভূরি পিপীলিকা চতুর্দ্দিকে ব্যাপ্ত হইয়া তাহার ত্বক্ মাংস মেদ ও শোণিত ভক্ষণ করিতেছিল॥ ১২॥

অনেকক্ষণ নিরীক্ষণ করাতে পশ্চাৎ দৃষ্ট হইল তপস্যা দ্বারা লোক সকলকে সন্তাপিত করিতেছে। যাহা হউক তাহাকে মেঘাচ্ছন্ন সূর্য্যের তুল্য অবলোকন করিয়া হংসবাহন চতুরাননের যৎপরোনাস্তি বিস্ময় জন্মিল। অনন্তর হাস্য করিতে করিতে সম্বোধন পূর্ব্বক এই বাক্য প্রয়োগ করিলেন। ব্রহ্মা কহিলেন। অহে কশ্যপনন্দন! গাত্রোত্থান কর গাত্রোত্থান কর, তোমার মঙ্গল হউক তুমি তপস্যায় সিদ্ধ হইয়াছ, আমি বর দিতে আসিয়াছি অভিলষিত বর প্রার্থনা কর॥ ১৩॥

অদ্রাক্ষমহমেতং তে হৃৎসারং মহদদ্ভুতং। দংশভক্ষিতদেহস্য প্রাণা হ্যস্থিষু শেরতে॥ ১৪॥
নৈতৎ পূর্ব্বর্ষয়শ্চক্রুর্ন করিষ্যন্তি চাপরে। নিরম্বুর্ধারয়েৎ প্রাণান্‌ কোবৈ দিব্যসমাঃ শতং॥ ১৫
ব্যবসায়েন তেঽনেন দুষ্করেণ মনস্বিনাং। তপোনিষ্ঠেন ভবতা জিতোঽহং দিতিনন্দন॥ ১৬॥
ততস্তে আশিষঃ সর্ব্বা দদাম্যসুরপুঙ্গব। মর্ত্ত্যস্য তে হ্যমর্ত্ত্যস্য দর্শনং নাফলং মম॥ ১৭॥

শ্রীনারদ উবাচ॥

ইত্যুক্ত্বাদিভবোদেবো ভক্ষিতাঙ্গং পিপীলিকৈঃ। কমণ্ডলুজলেনৌক্ষদ্দিব্যেনামোঘরাধসা॥ ১৮॥
স তৎ কীচক বল্মীকাৎ সহ ওজো বলান্বিতঃ। সর্ব্বাবয়বসম্পন্নো বজ্রসংহননো যুবা॥ ১৯॥

শ্রীধরস্বামী।

হৃৎসারং ধৈর্য্যং দংশৈর্ম্মক্ষিকাবিশেষৈঃ ভক্ষিতোদেহো যস্য॥ ১৪॥
নিরম্বুঃ নিষিদ্ধমম্বু যেন সঃ ত্যক্তোদকঃ॥ ১৫॥
তেঽনেন ব্যবসায়েনৈব জিতোঽহং তপোনিষ্ঠেন ভবতাতু সুতরাং জিতঃ॥ ১৬॥
অমর্ত্ত্যস্য মম দর্শনং অফলং ন ভবতি॥ ১৭॥
আদৌ ভবতীতি আদিভবঃ ঔক্ষৎ প্রোক্ষিতবান্‌॥ ১৮॥
বজ্রবৎ সংহননং অঙ্গদার্ঢ্যং যস্য॥ ১৯॥

ক্রমসন্দর্ভঃ।

দংশভক্ষিতত্বং পূর্ব্বং পিপীলিকাভক্ষিতত্বং পশ্চাদিতি জ্ঞেয়ং॥১৪।১৫।১৬।১৭।১৮।১৯।২০।২১।২২।২৩।২৪।২৫।২৬।২৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হৃৎসারং ধৈর্য্যং॥ ১৪। ১৫। ১৬॥ অসুর জাতিত্বেপি মরণ ধর্ম্মবত্ত্বান্মর্ত্ত্যস্য তে মর্ত্ত্যেন ত্বয়া॥ ১৭॥
পিপীলিকৈরিতি পিপীলিকা দংশাদিভিরিত্যর্থঃ। আদিভবো ব্রহ্মা অমোঘমব্যর্থং রাধঃ সংসিদ্ধির্যতস্তেন ঔক্ষৎ প্রোক্ষিতবান্‌॥ ১৮॥ বজ্রস্যেব সংহননমঙ্গস্য দার্ঢ্যং যস্য সঃ॥ ১৯। ২০। ২১। ২২॥

তোমার অত্যাশ্চর্য্য ধৈর্য্য দেখিলাম। কি চমৎকার! দংশ সকলে (মক্ষিকা বিশেষে) তোমার সমুদায় দেহ ভক্ষণ করিয়াছে, একখানি অস্থিতে প্রাণ মাত্র অবশিষ্ট রহিয়াছে, তোমার ভ্রূক্ষেপ মাত্র নাই স্বচ্ছন্দে বসিয়া সমাধি করিতেছ॥ ১৪॥

বৎস! পূর্ব্বকালীন ঋষিগণ এ প্রকার তপস্যা করিতে পারেন নাই, পরেও কেহ করিতে পারিবে না, ফলতঃ জল পর্য্যন্ত পরিত্যাগ করিয়া দিব্য শত বৎসর প্রাণ ধারণ করা কাহার সাধ্য॥ ১৫॥

হে দিতিনন্দন! তোমার এই কার্য্য অতিশয় দুষ্কর, কোন মনস্বী ব্যক্তি এরূপ কর্ম্ম করিতে পারিবেন না, তোমার এই কর্ম্মই আমাকে জয় করিল, তপোনিষ্ঠার কথা কি, তাহাতে ত জিতই হইয়াছি॥ ১৬॥

অতএব হে অসুর শ্রেষ্ঠ! যদিও তুমি মর্ত্ত্য, তথাচ আমি তোমাকে সকল কামনাই প্রদান করিব। বৎস! আমি অমর্ত্ত্য, আমার দর্শন বিফল হয় না॥ ১৭॥

নারদ কহিলেন হে রাজন্‌ যুধিষ্ঠির! আদিদেব ভগবান্‌ ব্রহ্মা এই কথা বলিয়া অমোঘবল দিব্য কমণ্ডলু জল লইয়া দৈত্যপতি হিরণ্যকশিপুর অঙ্গ (যাহা পিপীলিকাগণ কর্ত্তৃক ভক্ষিত হইয়াছিল) তাহাতে প্রোক্ষণ করিলেন॥ ১৮॥

ব্রহ্মার কমণ্ডলু জলে প্রোক্ষিত হইবামাত্র ঐ দৈত্যপতি তৎক্ষণাৎ সর্ব্বাবয়ব সম্পন্ন ও বজ্র তুল্য দৃঢ়াঙ্গ হইয়া সামর্থ্য বল ও তেজের সহিত সেই বল্মীক ও কীচকাদির মধ্যে হইতে॥ ১৯॥

উত্থিতস্তপ্তহেমাভো বিভাবস্থুরিবৈধসঃ ॥ ২০ ॥
স নিরীক্ষ্যাম্বরে দেবং হংসবাহমুপস্থিতং। ননাম শিরসা ভূমৌ তদ্দর্শনমহোৎসবঃ ॥ ২১ ॥
উত্থায় প্রাঞ্জলিঃ প্রহ্ব ঈক্ষমাণো দৃশা বিভুং। হর্ষাশ্রু পুলকোদ্ভেদো গিরা গদ্গদয়াগৃণাৎ ॥ ২২ ॥
শ্রীহিরণ্যকশিপুরুবাচ ॥
কল্পান্তে কাল সৃষ্টেন যোঽন্ধেন তমসাবৃতং। অভিব্যনগ্‌জগদিদং স্বয়ং জ্যোতিঃ স্বরোচিষা।
আত্মনা ত্রিবৃতা চেদং সৃজত্যবতি লুম্পতি। রজঃ সত্ত্ব তমো ধাম্নে পরায় মহতে নমঃ ॥ ২৩ ॥
নম আদ্যায় বীজায় জ্ঞান বিজ্ঞান মূর্ত্তয়ে। প্রাণেন্দ্রিয় মনো বুদ্ধি বিকারৈর্ব্যক্তিমীয়ুষে ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

তপ্তস্য হেম ইবাভা যস্য ॥ ২০ ॥ তস্য দর্শনমেব মহামহোৎসবো যস্য ॥ ২১ ॥
হর্ষেণাশ্রুণি পুলকোদ্ভেদশ্চ যস্য ॥ ২২ ॥

অন্ধেন নিবিড়েন তত্র হেতুঃ কালসৃষ্টেন প্রকৃতি গুণরূপেণ নতু ধ্বান্তেন তেন তমসাবৃতমিদং জগৎ যো অভিব্যনক্ অভিব্যক্তমকরোৎ যশ্চ ত্রিগুণেনাত্মনা ইদং সৃজতি অবতি লুম্পতি তস্মৈ রজঃ সত্ত্ব তমসাং ধাম্নে আশ্রয়ায় মহতে অপরিচ্ছিন্নায় পরায় পরমেশ্বরায় নম ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ২৩ ॥

অত্রচ স্ব প্রকাশত্বং জগৎ প্রকাশকত্বং তৎকারণত্বং তৎসৃষ্ট্যাদিকর্ত্তৃত্বং মহত্ত্বং পরমেশ্বরত্বঞ্চ ইতি ষড়্‌বিধত্বমুক্তং তদেব প্রপঞ্চয়ন্ নমস্করোতি নম ইত্যাদি চতুর্ভিঃ বীজায় কারণায় তত্র হেতুঃ আদ্যায় জ্ঞানং জ্ঞপ্তিঃ বিজ্ঞানং বিষয়াকারং জ্ঞানং তে মূর্ত্তির্যস্য তস্মৈ অনেন স্বপ্রকাশত্বং জগৎপ্রকাশকত্বঞ্চ দর্শিতং বীজায়েতি নিমিত্তত্বমুক্তং উপাদানত্বঞ্চাহ প্রাণাদয়ো যে বিকারা তৈস্ত রূপৈ র্ব্যক্তিং কার্য্যাকারং ঈয়ুষে প্রাপ্তবতে ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

অভিব্যনক্ যোঽভিব্যক্তমকরোৎ ত্রীন্ গুণান্ বৃণোতি স্বীকরোতীতি ত্রিবৃৎ। আত্মা তেন ॥ ২৩ ॥
প্রাণাদয়ো যে বিকারা তৈর্ব্যক্তিং কার্য্যাকারং ঈয়ুষে ॥ ২৪ ॥

উত্থিত হইল, যেমন কাষ্ঠরাশি হইতে অগ্নি উত্থিত হয়। পরে তপ্ত কাঞ্চনের তুল্য তাহার শরীরের প্রভা প্রকাশ পাইতে লাগিল ॥ ২০ ॥

সে যাহা হউক, হিরণ্যকশিপু উত্থানানন্তর উর্দ্ধদিকে দৃষ্টি নিঃক্ষেপ করিয়া দেখিল, আকাশে ভগবান্ হংসবাহন আসিয়া উপস্থিত হইয়াছেন, ইহাতে তাঁহার দর্শনেই মহোৎসব বোধ করিয়া ভূমিতে মস্তক অবনত করত পুনঃ পুনঃ প্রণাম করিল ॥ ২১ ॥

অনন্তর গাত্রোত্থান করিয়া অঞ্জলিবন্ধন পূর্ব্বক বিনীত ভাবে নয়ন দ্বারা ঐ বিভুকে দর্শন করিতে করিতে গদ্গদ বাক্যে কহিতে লাগিল। হে রাজন্ যুধিষ্ঠির! হর্ষাবেগে হিরণ্যকশিপুর নেত্রদ্বয় হইতে আনন্দাশ্রু এবং শরীরে পুলকোদ্গম হইতেছিল ॥ ২২ ॥

হিরণ্যকশিপু কহিল, যিনি স্বয়ং জ্যোতিঃ, কল্পান্তে প্রকৃতির গুণরূপ গাঢ়তমঃ দ্বারা আবৃত এই জগৎকে স্বীয় প্রভাবে প্রকাশ করিয়াছেন এবং যিনি ত্রিগুণ আত্ম দ্বারা ইহার সৃষ্টি স্থিতি ও লয় করিতেছেন, সেই রজঃ সত্ত্ব ও তমো গুণের আশ্রয় স্বরূপ অপরিমেয় পরমেশ্বরকে প্রণাম করি ॥ ২৩ ॥

সেই আদ্য পুরুষ জগতের বীজ, জ্ঞান ও বিজ্ঞান তাঁহার মূর্ত্তি, এই কারণে তিনি জগতের প্রকাশক ও স্বপ্রকাশ, তাঁহাকে নমস্কার করি। প্রাণ, ইন্দ্রিয়, মনঃ, বুদ্ধি, ইত্যাদি যে সমস্ত বিকার সেই সকল রূপ দ্বারা তিনি কার্য্যাকার হইয়া থাকেন, তাঁহাকে নমস্কার করি ॥ ২৪ ॥

ত্বমীশিষে জগতস্তস্থুষশ্চ প্রাণেন মুখ্যেন পতিঃ প্রজানাং।
চিত্তস্য চিত্তের্ম্মন ইন্দ্রিয়াণাং পতির্ম্মহান্ ভূতগণাশয়েশঃ॥ ২৫ ॥
ত্বং সপ্ততন্তূন্ বিতনোষি তন্বা ত্রয্যা চতুর্হোত্রকং বিদ্যয়াচ।
ত্বমেক আত্মাত্মবতামনাদিরনন্তপারঃ কবিরন্তরাত্মা॥ ২৬ ॥
ত্বমেব কালোঽনিমিষো জনানামায়ুর্ল্লবাদ্যাবয়বৈঃ ক্ষিণোষি।

শ্রীধরস্বামী।

এবমাত্মনা ত্রিবৃতাচেত্যনেনোক্তং কারণত্বং যেধা দর্শিতং মহত্বং ঈশ্বরত্বঞ্চাহ ত্বমেব জগতো জঙ্গমস্য তস্থুষঃ স্থাবরস্য চ ঈশিষে নিয়ন্তা ভবসি। কেন মুখ্যেন প্রাণেন সূত্রাত্ম রূপেণ। অতস্ত্বং প্রজানাং পতিঃ তাসাং চিত্তস্য চিত্তেশ্চ তৎপরিণামভূতায়াশ্চেতনায়া মনসশ্চ তন্নিয়ম্যানামিন্দ্রিয়াণাঞ্চ পতিঃ অতস্ত্বমেব মহান্ ভূতানামাকাশাদীনাং তদ্গুণানাং শব্দাদি বিষয়াণাং আশয়ানাং তদ্বাসনানাং ঈশঃ এতেনৈব স্রষ্টৃত্বং দর্শিতং॥ ২৫॥

ইদানীং যজ্ঞ প্রবর্ত্তকত্বেনান্তর্যামিত্বেন চ জগৎপালকত্বমাহ। ত্বমেবচ সপ্ততন্তূন্ অগ্নিষ্টোমাদি যজ্ঞান্ বিস্তারয়সি কথং ত্রয্যা তন্বা বেদত্রয় রূপেণ কথং ভূতয়া চত্বারোহোতারো যত্র তচ্চতুর্হোত্রকং কর্ম্ম তদ্বিষয়া বিদ্যয়া। আত্মবতাং প্রাণিনাং আত্মভূতস্ত্বমেবান্তরাত্মাচ অন্তর্যামী কুতঃ যতঃ কবিঃ সর্ব্বজ্ঞঃ। তৎকুতঃ একঃ অখণ্ডঃ তত্র হেতুরনাদিঃ অনন্তঃ পারশ্চেতি নাস্ত্যন্তঃ কালতঃ পারঞ্চ দেশতো যস্য সঃ॥ ২৬॥

কালরূপেণ সংহর্ত্তৃত্বমাহ ত্বমেবেতি। লবাদ্যৈরবয়বৈঃ ক্ষিণোষি ক্ষপয়সি তদেবং সৃষ্ট্যাদি কর্ত্তৃত্বেপি নির্ব্বিকারত্বমাহ কূটস্থ ইতি তত্র হেতবঃ আত্মা জ্ঞান রূপঃ পরমেষ্ঠী পরমেশ্বরঃ অজো জন্মশূন্যঃ মহান্ অপরিচ্ছিন্নঃ কিঞ্চ জীবলোক এব কর্ম্মবশাৎ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঈশিষে নিয়ন্তা ভবসি। কেন মুখ্যেন প্রাণেন সূত্রাত্ম রূপেণ অতস্ত্বং প্রজানাং পতিঃ তাসাং চিত্তস্য চিত্তেশ্চ তৎপরিণামভূতায়াশ্চেতনায়া মনসশ্চ তন্নিয়ম্যানামিন্দ্রিয়াণাঞ্চ পতিঃ মহাভূতানাং তদ্গুণানাং আশয়ানাং তদ্বাসনানামীশশ্চ॥ ২৫॥

ত্বমেব সপ্ত তন্তূন্ অগ্নিষ্টোমাদি যজ্ঞান্ ত্রয়ী বেদত্রয়ং তদ্রূপয়া তন্বা হোতা উদ্গাতা অধ্বর্য্যু ব্রহ্মেতি যত্র তচ্চতুর্হোত্রকং কর্ম্ম তদ্বিষয়য়া বিদ্যয়াচ। আত্মবতাং দেহিনাং আত্মা জীবঃ অন্তরাত্মা অন্তর্যামী॥ ২৬॥

কূটস্থঃ নির্ব্বিকারত্বেন কালব্যাপী। আত্মা অন্তর্যামী। জীবলোকস্তু জীববচ্ছরীরস্থ জীবাখ্য আত্মা পূর্ব্বশ্লোকে কর্ম্ম প্রযো-

প্রভো! আপনি মুখ্য প্রাণ স্বরূপ অর্থাৎ সূত্রাত্মারূপে এই সকল স্থাবর জঙ্গমের নিয়ম করিয়া থাকেন, অতএব আপনি প্রজাদিগের পতি এবং তাহাদের চিত্তের,তৎপরিণাম স্বরূপ চেতনার, মনের, তথা তন্নিয়ম্য ইন্দ্রিয় সকলের পতি, সুতরাং আপনি মহৎ এবং আকাশাদি ভূত, শব্দাদি বিষয় ও তদ্বাসনা সকলের ঈশ্বর॥ ২৫॥

ভগবন্! আপনকার বেদত্রয় রূপ যে মূর্ত্তি, তাহা হোতৃ চতুষ্টয় যুক্ত কর্ম্ম বিষয়ক বিদ্যা স্বরূপ, সেই বেদময় শরীর দ্বারা আপনিই অগ্নিষ্টোমাদি বিবিধ যাগ যজ্ঞ বিস্তার করিয়া থাকেন। আপনিই প্রাণিদিগের আত্মা, আপনিই তাহাদের অন্তরাত্মা অর্থাৎ অন্তর্যামী, যে হেতু আপনি সর্ব্বজ্ঞ, অখণ্ড এবং অনাদি, আপনকার কালবশতঃ অন্ত ও দেশতঃ পরিচ্ছেদ নাই॥ ২৬॥

ভগবন্! আপনিই কাল স্বরূপ, অতএব আপনিই নিমেষ শূন্য হইয়া লবাদি অবয়ব দ্বারা জন সকলের আয়ুঃ ক্ষয় করিয়া থাকেন, পরন্তু এবম্প্রকারে সৃষ্ট্যাদি কর্ত্তৃত্ব থাকিলেও আপনি নির্ব্বিকার, যে হেতু আপনি আত্মা অর্থাৎ জ্ঞান রূপ, পরমেষ্ঠী অর্থাৎ পরমেশ্বর, অজ অর্থাৎ জন্ম শূন্য এবং মহান্ অর্থাৎ অপরিচ্ছিন্ন। অপর এই যে জীবলোক কর্ম্ম বশতঃ বিকার প্রাপ্ত হয়, আপনি ইহার জীবন

কূটস্থ আত্মা পরমেষ্ঠ্যজো মহাং স্ত্বং জীবলোকস্যচ জীব আত্মা ॥ ২৭ ॥
ত্বত্তঃ পরং নাপরমপ্যনেজদেজচ্চ কিঞ্চিদ্ব্যতিরিক্তমস্তি।
বিদ্যাকলাস্তে তনবশ্চ সর্ব্বা হিরণ্যগর্ব্ভোঽসি বৃহৎত্রিপৃষ্ঠ্যঃ ॥ ২৮ ॥
ব্যক্তং বিভো স্থূলমিদং শরীরং যেনেন্দ্রিয় প্রাণ মনো গুণাংস্ত্বং।
ভুঙ্ক্ষে স্থিতো ধামনি পারমেষ্ঠ্যে অব্যক্ত আত্মা পুরুষঃ পুরাণঃ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

জন্মাদিতি বিক্রিয়তে ত্বত্ত তস্য জীবঃ জীবনহেতুঃ যতস্তস্যাত্মা নিয়ন্তা ॥ ২৭ ॥

তৎকুত স্তত্রাহ তত্ত্ব ইতি। ত্বত্তো ব্যতিরিক্তং যদি কিঞ্চিত্তবেত্তর্হি তস্মাত্তব জন্মাদি বিকারো নিয়ম্যত্বাদিকং বা ভবেৎ। ত্বত্তঃ পরং কারণং অপরং কার্য্যং তত্রচ এজজ্জঙ্গমং অনেজৎ স্থাবরং ব্যতিরিক্তং নাস্তি বোধকং শাস্ত্রং ব্যতিরিক্তমস্তীতি চেন্ন যতো বিদ্যা বেদোপবেদাদি বিদ্যাস্থানানি কলাশ্চ তদঙ্গানি তবৈব তনবঃ নতু তদ্ব্যতিরিক্তাঃ তৎকুতঃ যতস্ত্বং বৃহৎব্রহ্মৈবাসি। তদপি কুতঃ তত্রাহ হিরণ্যরূপং ব্রহ্মাণ্ডং গর্ব্ভে যস্য সঃ ত্রিপৃষ্ঠ্যঃ ত্রিগুণাত্মকস্য প্রধানস্য পৃষ্ঠে পরতঃ স্থিতঃ অক্ষরাৎপরতঃ পর ইতি শ্রুতেঃ ॥ ২৮ ॥

নন্বু ব্রহ্মাণ্ড শরীরস্য জীবস্য মম কুতো ব্রহ্মত্বং কুতো বা ব্রহ্মাণ্ডগর্ব্ভত্বাদি তত্রাহ ব্যক্তং কার্য্যমিদং তব শরীরং ব্যক্তং সত্যমিতি বা যেন শরীরেণ ত্বমিন্দ্রিয় প্রাণমনসাং গুণান্ বিষয়ান্ ভুঙ্ক্ষে কিন্তু পারমেষ্ঠ্যে পরমৈশ্বর্য্যে ধামনি স্বরূপে স্থিত এব ভুঙ্ক্ষে নতু স্বরূপতিরোধানেন অতত্ত্বমব্যক্ত আত্মা নিরুপাধি ব্রহ্মৈবপুরাণ পুরুষশ্চেত্যর্থঃ ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

ত্বত্ত ইত্যস্য টীকায়াং বেদোপবেদাদীত্যাদি ব্যাখ্যানাৎ। বিদ্যা কলা ইতি দ্বন্দ্বসমাসঃ। অতো বিদ্যাঃ কলাশ্চেতি পাঠো ন সভ্যঃ ॥ ২৮ ॥

অনন্তেত্যস্য টীকা বৈষ্ণবসিদ্ধান্তানুগতা। তত্র চিচ্ছক্তিঃ স্বরূপভূতা। অচিচ্ছক্তি র্মায়েতি জ্ঞেয়ঃ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জ্যত্ব প্রযোজকত্বাভ্যাং কর্ম্মিণামাত্মত্ব পরমাত্মত্বে উক্তে অত্র ত্বন্যেষাং সর্ব্বেষামপি ॥ ২৭ ॥

পরং কারণং অপরং কার্য্যং অনেজৎ স্থাবরং এজৎ জঙ্গমং। বিদ্যা বেদোপবেদাদি বিদ্যা স্থানানি কলাশ্চ তদঙ্গানি তে তবৈব তনবঃ হিরণ্যরূপং ব্রহ্মাণ্ডং গর্ব্ভে যস্য সঃ। বৃহদ্ব্রহ্মৈবাসি ত্রয়াণাং গুণানাং পৃষ্ঠে পরতঃ স্থিতত্বাত্রিপৃষ্ঠঃ ॥ ২৮ ॥

ব্যক্তং বৈরাজ রূপং ইদং তব স্থূলং শরীরং যেন শরীরেণ ত্বমিন্দ্রিয় প্রাণ মনসাং গুণান্ বিষয়ান্ ভুঙ্ক্ষে কিন্তু পারমেষ্ঠ্যে পরমৈশ্বর্য্যে ধামনি স্বরূপে স্থিত এব ভুঙ্ক্ষে নতু স্বরূপ তিরোধানেন অতত্ত্বমব্যক্তো ব্রহ্মাত্মা অন্তর্যামী পুরাণ পুরুষো ভগবাংশ্চ ॥ ২৯ ॥

হেতু এবং আপনি ইহার নিয়ন্তা ॥ ২৭ ॥

প্রভো! আপনা হইতে পর অর্থাৎ কারণ এবং অপর অর্থাৎ কার্য্য স্থাবর জঙ্গম কিছুই নাই এবং আপনা ব্যতিরিক্ত অন্য শব্দাদিও কিছুই নাই, যে হেতু বেদ উপবেদ প্রভৃতি যে সকল বিদ্যা স্থান এবং যে সকল কলা অর্থাৎ বেদাঙ্গ, তৎসমুদায় আপনকার শরীর। অপর আপনি হিরণ্যগর্ব্ভ, হিরণ্য রূপ ব্রহ্মাণ্ড আপনকার উদরে বর্ত্তমান, এবং আপনি ত্রিগুণরূপী প্রকৃতির পৃষ্ঠে অবস্থিত অতএব আপনিই বৃহৎ ব্রহ্ম ॥ ২৮ ॥

বিভো! এই ব্রহ্মাণ্ড আপনকার স্থূল শরীর সত্য এবং এই শরীর দ্বারা আপনি ইন্দ্রিয় প্রাণ ও মনের বিষয় সকল ভোগ করিয়া থাকেন ইহাও সত্য, কিন্তু আপনি সর্ব্বদা পরমৈশ্বর্য্য রূপ স্বস্বরূপেই অবস্থিত আছেন এবং ঐরূপে অবস্থিত হইয়াই ঐ সকল ভোগ করেন অতএব আপনি নিরুপাধি ব্রহ্ম এবং পুরাণ পুরুষ ॥ ২৯ ॥

অনন্তাব্যক্তরূপেণ যেনেদমখিলং ততং। চিদচিচ্ছক্তিযুক্তায় তস্মৈ ভগবতে নমঃ।
যদি দাস্যস্যভিমতান্ বরান্মে বরদোত্তম। ভূতেভ্যস্ত্বদ্বিসৃষ্টেভ্যো মৃত্যুর্মাভূন্মম প্রভো ॥ ৩০ ॥
নান্তর্বহির্দিবা নক্তমন্যস্মাদপি চায়ুধৈঃ। ন ভূমৌ নাম্বরে মৃত্যুর্ন নরৈর্ন মৃগৈরপি ॥ ৩১ ॥
ব্যসুভির্বাসুমদ্ভির্বা সুরাসুরমহোরগৈঃ ॥ ৩২ ॥

### শ্রীধরস্বামী।

নন্বেকং পুরাণ পুরুষং কথমেকস্ত তত্রাহ হে অনন্ত যেন ত্বয়া অব্যক্তেন মনোবচনাগোচরেণ রূপেণ ইদং বিশ্বং ততং ব্যাপ্তং তস্মৈ তুভ্যং ভগবতে অচিন্ত্যৈশ্বর্য্যায় নমঃ। ভগবত্বে হেতুঃ চিচ্ছক্তির্বিদ্যা অচিচ্ছক্তির্মায়া তাভ্যাং যুক্তায়েতি ॥ ৩০ ॥
অন্যস্মাৎ ত্বৎ সৃষ্টব্যতিরিক্তাদপি তথা আয়ুধৈর্মাভূৎ ॥ ৩১ ॥
ব্যসুভিরপ্রাণৈঃ অসুমদ্ভিঃ সপ্রাণৈঃ ॥ ৩২ ॥

### ক্রমসন্দর্ভ।

অমরত্ব বরো ন প্রাপ্যত ইতি ছলেন তং বৃণুতে যদীতি। ত্বদ্বিসৃষ্টেভ্যঃ সাক্ষাৎ ত্বৎ সৃষ্টেভ্যঃ ॥ ৩০ ॥
অন্যস্মাৎ ক্বচিৎ প্রত্যাপত্ত্যাদি সৃষ্টাদিত্যর্থঃ। অত্র তু উপর্য্যনুসন্ধানাৎ। পুনঃ কর্ত্তৃপদং নিষেধতি ন নরৈরিতি পাদদ্বয়েন। ভগবতোঽপ্রাকৃত প্রাণত্বাদসুভির্বাসুমদ্ভির্নেতি। তত্রৈব মৎকৃতে কর্ত্তৃকরণাৎ। নচৈতৎকল্পনং নিরুদ্ধপক্ষং। অপ্রাণিভিঃ প্রাণিভির্যেভ্যস্তে তস্যৈব প্রাপ্তত্বাৎ। হরণী বদেহসাধ্যোপি সপ্রাণাপ্রাণিক্রীড়ায় কর্ত্তরীর স্বপ্রাকাশপক্ষ অতঃ প্রাণত্বাচ্চ শ্রীভগবতিতু তন্নিষেধিতং শ্রীরুক্মিণীদেব্যা। ত্বক্ শ্মশ্রুরোম নখ কেশ পিনদ্ধমন্তরিত্যাদিনা। প্রাকৃতানাং নিন্দয়াপ্রাকৃতানাং ভেদামানস্বরূপত্বং সাধিতং। অত উক্তং বারাহে। ন তস্য প্রাকৃতা মূর্ত্তির্মেদোমজ্জাস্থি সংভবা ইত্যাদি ॥ ৩১ । ৩১ । ৩২ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চিচ্ছক্তিরন্তরঙ্গা স্বরূপভূতা অচিচ্ছক্তির্মায়া গুণময়ী বহিরঙ্গা তাভ্যাং গুণাতীত গুণময় লীলার্থং যুক্তায় ॥
নমনমেতাবত্যা স্তুত্যা বরাংস্তাবদ্গৃহাণ তত্রাহ। যদীতি হিরণ্যকশিপোরভিপ্রায়স্তুঃ যদ্যহমমৃত্যুর্ভূয়াসমিতি বরং যাচিষ্যে তদা বরোঽয়মশক্য এব যতঃ কল্পান্তে স্বয়ং ব্রহ্মাদয়োপি মরিষ্যাম এবেতি মত্বা প্রত্যাখ্যাস্যত এব তস্মাদেব যুক্ত্যা বরং বৃণোমি যৎ কলতোঽমরত্বমেব প্রাপ্তঃ ভবিষ্যামীতি ত্বদ্বিসৃষ্টেভ্য ইতি সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্ম সৃষ্টত্বাদপরঃ কোঽবশিষ্ট ইতি ভাবঃ ॥ ৩০ ॥
মৃত্যুঃ সংভোগি সংভবেদত আহ নান্তর্ব্বহির্দিবানক্তমিতি সর্ব্বদেশকাল নিষেধেন স্বাভাবিকো মৃত্যুর্নিবারিতঃ সাকারো নরাদ্যাদি বিসৃষ্টক সৃষ্টএব সতু নিরাকারঃ সন্ যদি চক্রাদাস্ত্রং চালয়েত্তদর্থ ইত্যাশঙ্ক্যাহ অন্যস্মাদপি আয়ুধৈর্ন মৃত্যুঃ। অন্তর্বহিঃ শব্দাভ্যাং সর্ব্বদেশস্য প্রাপ্তত্বেপি তয়োঃ সন্ধি শব্দেন প্রতিযোগি বিশেষোপস্থাপকত্বেঽনর্থ ইত্যাশঙ্ক্য পুনর্দ্দেশং নিষিধ্যতি। ন ভূমাবিত্যনেন সপ্তপাতালানাং নাম্বরে ইত্যনেন সপ্ত স্বর্গানাঞ্চ নিষেধঃ। পুনর্ন্নাদি সৃষ্ট ভূতেভ্যো ভয় মাশঙ্ক্যাহ ন নরৈরিতি ॥ ৩১ ॥
সর্ব্বজীব জাতীনামুল্লেখনাশক্যত্বাৎ ব্যসুভিঃ প্রাণহীনৈঃ অসুমদ্ভিঃ প্রাণসহিতৈঃ ॥ ৩২ ॥

হে অনন্ত! আপনি মনোবাক্যের অগোচর রূপ দ্বারা এই অখিল বিশ্বকে ব্যাপ্ত করিয়াছেন আপনাকে নমস্কার, আপনকার ঐশ্বর্য্য অচিন্ত্য, যে হেতু আপনি চিৎ শক্তি ( বিদ্যা ) এবং অচিৎ শক্তি ( মায়া ) উভয়ে মিলিত। হে বরদোত্তম! আপনি যদি আমার অভিমত বর প্রদান করেন তবে এই বর দিউন আপনকার সৃষ্ট কোন প্রাণি হইতে আমার মৃত্যু না হয় ॥ ৩০ ॥
অপর অভ্যন্তরে অথবা বহির্ভাগে, দিবসে অথবা রাত্রিতে আপনার সৃষ্ট কিম্বা অন্য হইতেও আমার যেন নিধন না হইতে পারে, তথা অস্ত্র কিম্বা শস্ত্র দ্বারা আমি যেন না মরি, আর ভূমিতে অথবা আকাশেও আমার যেন মরণ না হয় ॥ ৩১ ॥
অপিচ অপ্রাণ অথবা সপ্রাণ কিম্বা সুর অসুর মহোরগ এসকল হইতেও যেন আমার মৃত্যু না হয় ॥ ৩২ ॥

অপ্রতিদ্বন্দ্বতাং যুদ্ধে ঐকপত্যঞ্চ দেহিনাং। সর্ব্বেষাং লোকপালানাং মহিমানং যথাত্মনঃ।
তপোযোগপ্রভাবানাং যন্নরিষ্যতি কর্হিচিৎ॥ ৩৩॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে যুধিষ্ঠির নারদ সম্বাদে তৃতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

শ্রীনারদ উবাচ ॥

এবং বৃতঃ শতধৃতি র্হিরণ্যকশিপোরথ। প্রাদাত্তত্তপসা প্রীতো বরাংস্তস্য সুদুর্ল্লভান্ ॥ ১ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

তাতেমে দুর্ল্লভাঃ পুংসাং যান্ বৃণীষে বরান্মম। তথাপি বিতরাম্যঙ্গ বরান্ যদ্যপি দুর্ল্লভান্ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

যথা আত্মন স্তবাস্তি তথা অপ্রতিদ্বন্দ্বতাদিকং দেহীতি শেষঃ তপসা যোগেনচ প্রভাবো যেষাং তেষাং যদণিমাদ্যৈশ্বর্য্যং নরিষ্যতি ন নশ্যতি তচ্চ দেহীত্যর্থঃ। ৩৩।

। •। ইতি সপ্তমে তৃতীয়ঃ। •।

চতুর্থেতু বরান্ লব্ধ্বা বিজিত্যাখিললোকপান্। বিষ্ণুদ্বেষেণ তান্ সর্ব্বান্ দৈত্যেন্দ্রঃ সমপীড়য়ৎ। •।

শতধৃতি র্ব্রহ্মা। ১। মম মত্তঃ যদ্যপি ইমে দুর্ল্লভাঃ। ২।

ক্রমসন্দর্ভঃ।

। •। ইতি শ্রীমদ্ভাগবত সপ্তমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে তৃতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ। •।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং মত্তোঽহমমর এবাস্তুয়মিতি যথা বরান্তরং বৃণোতি অপ্রতীতি। যথা আত্মন স্তবাস্তি তথা তপোযোগাভ্যাং প্রভাবো যেষাং তেষাং যৎ অণিমাদ্যৈশ্বর্য্যং ন রিষ্যতি ন নশ্যতি তচ্চ দেহীতি। ৩৩।

। •। ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। সপ্তমস্য তৃতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং। •।

বরান্ লব্ধ্বা দ্বিষন্ বিষ্ণুং দেবং দেবান্ নিরাস সঃ। প্রহ্লাদস্য গুণঃ প্রেমতত্ত্বং খর্ব্ব্য ঈর্য্যতে। •।

হিরণ্যকশিপো হিরণ্যকশিপুনা তস্ম তস্মৈ। ১।

যদপি বরাণীমে দুর্ল্লভা তদপি ইমান্ দুর্ল্লভান্ বিতরামীতি ব্যবহিতান্বয়ঃ মোহয়াম্যেবেবং ব্যাখ্যেয়ং। বরান্ কীদৃশান্ মত্তঃ প্রাপ্য বতাঽপি দুর্ল্লভান্ যান্ প্রাপ্যাপি ন প্রাপ্নুবন্তি তানিত্যর্থঃ। ২। ৩।

আর যুদ্ধে প্রতিপক্ষ শূন্যত্ব এবং সকল দেহির উপর একাধিপতিত্ব তথা সকল লোকপালের মাহাত্ম্য যাহা যাহা আপনার আছে আমাকে সে সকলও দিতে আজ্ঞা হউক এবং তপস্যা ও যোগ দ্বারা যাহাদের প্রভাব জন্মে তাহাদের যে অণিমাদি ঐশ্বর্য্য, যাহা কখন বিনষ্ট হয় না, তাহাও অনুগ্রহ করিয়া প্রদান করুন। ৩৩ ॥

॥ * ॥ ইতি সপ্তমে তৃতীয় ॥ * ॥

চতুর্থ অধ্যায়ে বর লাভানন্তর হিরণ্যকশিপুর অখিল লোকপালদিগের জয় এবং বিষ্ণুদ্বেষী হইয়া ঐ সমস্ত লোকপালদিগের পীড়ন ॥ •

নারদ কহিলেন হিরণ্যকশিপুর উগ্র তপস্যায় ভগবান্ ব্রহ্মার সন্তোষ জন্মিয়াছিল, এ প্রযুক্ত পূর্ব্বোক্ত প্রকারে প্রার্থিত হইয়া তাহার প্রার্থনানুসারে ঐ সকল দুর্ল্লভ বরও প্রদান করিলেন। ১ ॥

ব্রহ্মা কহিলেন, হে তাত। তুমি আমার নিকট যে সকল বর প্রার্থনা করিতেছ, পুরুষদের এ সকল অতি দুর্ল্লভ, কিন্তু হে দৈত্যেন্দ্র। যদিচ ঐ সকল বর সুদুর্ল্লভ, তথাপি আমি তোমাকে প্রদান করিলাম ॥ ২ ॥

ততোজগাম ভগবানমোঘানুগ্রহোবিভুঃ। পূজিতোঽসুরবর্য্যেণ স্তূয়মানঃ প্রজেশ্বরৈঃ ॥ ৩ ॥
এবং লব্ধবরোদৈত্যো বিভ্রদ্ধেমময়ং বপুঃ। ভগবত্যকরোদ্দ্বেষং ভ্রাতুর্ব্বধমনুস্মরন্।
স বিজিত্য দিশঃ সর্ব্বা লোকাংশ্চ ত্রীন্ মহাসুরঃ। দেবাসুরমনুষ্যেন্দ্র গন্ধর্ব্ব গরুড়োরগান্।
সিদ্ধচারণ বিদ্যাধ্রান্ ঋষীন্ পিতৃপতীন্ মনূন্। যক্ষ রক্ষঃ পিশাচেশান্ প্রেতভূতপতীনপি ॥ ৪ ॥
সর্ব্বসত্ত্বপতীন্ জিত্বা বশমানীয় বিশ্বজিৎ। জহার লোকপালানাং স্থানানি সহ তেজসা ॥ ৫ ॥
দেবোদ্যানশ্রিয়াজুষ্টমধ্যাস্তে স্ম ত্রিপিষ্টপং। মহেন্দ্রভবনং সাক্ষান্নির্ম্মিতং বিশ্বকর্ম্মণা।
ত্রৈলোক্যলক্ষ্ম্যায়তনমধ্যুবাসাখিলর্দ্ধিমৎ ॥ ৬ ॥
যত্র বিদ্রুম সোপানা মহামারকতা ভুবঃ। যত্র স্ফটিক কুড্যানি বৈদূর্য্য স্তম্ভপঙ্ক্তয়ঃ ॥ ৭ ॥
যত্র চিত্রবিতানানি পদ্মরাগাসনানিচ। পয়ঃ ফেণনিভাঃ শয্যা মুক্তাদামপরিচ্ছদাঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

অমোঘো হ্যনুগ্রহো যস্য ॥ ৩ ॥
বরার্থং তপস্তপ্তং তদাহ এবমিত্যাদিনা ॥ ৪ ॥
সর্ব্বেষাং সত্ত্বানাং প্রাণিজাতীনাং যে যে পতয়স্তান্ ॥ ৫ ॥
ত্রিপিষ্টপং স্বর্গং অধ্যাস্তেস্ম অধিষ্ঠিতবান্। তত্রচ মহেন্দ্রভবনমধ্যুবাস অধিবসতিস্ম ॥ ৬ ॥
অখিল সমৃদ্ধিযুক্তত্বমেবাহ যত্রেতি ত্রিভিঃ ॥ ৭ ॥
মুক্তাদামানি পরিচ্ছদাঃ পরিকরা যাসাং ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গরুড়াঃ গরুড়জাতয়ঃ পক্ষিণঃ ॥ ৪ । ৫ । ৬ । ৭ । ৮ । ৯ । ১০ ॥

ব্রহ্মার অনুগ্রহ অমোঘ, অবলীলাক্রমে ঐ প্রকার দুর্লভ বর দিয়া সেই অসুরবর্য্য কর্ত্তৃক পূজিত ও প্রজেশ্বরগণ কর্ত্তৃক স্তুত হওত স্বস্থানে প্রস্থান করিলেন ॥ ৩ ॥

হিরণ্যকশিপু ঐ প্রকারে বর লাভ করিয়া স্বর্ণময় বপুঃ ধারণ করিল এবং ভ্রাতৃবধ স্মরণ করত ভগবানের প্রতি দ্বেষ করিতে আরম্ভ করিল। ঐ মহাসুর, সকল দিক্ এবং তিন লোক তথা দেব, অসুর, নরপতি, গন্ধর্ব্ব, গরুড়, উরগ, সিদ্ধ, চারণ, বিদ্যাধর, ঋষি, পিতৃপতি, মনু, যক্ষ, রাক্ষস, পিশাচেশ্বর, প্রেতপতি, ভূতপতি ॥ ৪

এবং অন্যান্য সকল প্রাণির যে যে অধিপতি, তৎসমুদায়কে জয় করিয়া আপনার বশবর্ত্তী করিল। এই প্রকারে বিশ্বজয়ী হইয়া পরে তেজের সহিত লোকপাল সকলের স্থান হরণ করিয়া লইল ॥ ৫ ॥

পরে দেবোদ্যানের শোভায় সুশোভিত স্বর্গ ভবনে গিয়া অধিষ্ঠান করিল সেখানেও সাক্ষাৎ বিশ্বকর্ম্মার নির্ম্মিত যে মহেন্দ্র ভবন, যাহা ত্রৈলোক্য লক্ষ্মীর আশ্রয় ও সমুদায় সমৃদ্ধিতে পরিপূর্ণ, তাহাতেই তাহার বসতি হইল ॥ ৬ ॥

যেখানকার সোপান সকল বিদ্রুম ( প্রবাল ) নির্ম্মিত, ভূমি সকল মহামূল্য মরকত ( পান্না ) ময়, ভিত্তি সকল স্ফটিক রচিত, স্তম্ভ সকল বৈদূর্য্য মণি নির্ম্মিত ॥ ৭ ॥

আর যেখানে বিতান ( চন্দ্রাতপ ) সকল বিচিত্র, আসন সমুদায় পদ্মরাগমণি রঞ্জিত, শয্যা সকল দুগ্ধ ফেণ তুল্য এবং মুক্তাদাম সে সকলের পরিচ্ছদ ॥ ৮ ॥

কূজদ্ভির্নূপুরৈর্দেব্যঃ শব্দয়ন্ত্য ইতস্ততঃ। রত্নস্থলীষু পশ্যন্তি সুদতীঃ সুন্দরং মুখং ॥ ৯ ॥
তস্মিন্ মহেন্দ্রভবনে মহাবলো মহামনা নির্জ্জিতলোক একরাট্।
রেমেঽভিবন্দ্যাঙ্ঘ্রিযুগঃ সুরাদিভিঃ প্রতাপিতৈরূর্জ্জিতচণ্ডশাসনঃ ॥ ১০ ॥
তমঙ্গমত্তং মধুনোরুগন্ধিনা বিবৃত্ততাম্রাক্ষমশেষধিষ্ণ্যপাঃ।
উপাসতোপায়নপাণিভির্ব্বিনা ত্রিভিস্তপোযোগবলৌজসাং পদং ॥ ১১ ॥
জগুর্ম্মহেন্দ্রাসনমোজসা স্থিতং বিশ্বাবসুস্তুম্বুরুরস্মদাদয়ঃ।
গন্ধর্ব্বসিদ্ধা ঋষয়োঽস্তুবন্মুহুর্ব্বিদ্যাধরাশ্চাপ্সরসশ্চ পাণ্ডব।
স এব বর্ণাশ্রমিভিঃ ক্রতুভির্ভূরিদক্ষিণৈঃ। ইজ্যমানো হবির্ভাগানগ্রহীৎ স্বেন তেজসা।
অকৃষ্টপচ্যা তস্যাসীৎ সপ্তদ্বীপবতী মহী। যথাকামদুঘা গাবো নানাশ্চর্য্যপদং নভঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

সুদতীঃ সুদত্যঃ ॥ ৯ ॥

ঊর্জ্জিতমধিকং চণ্ডং তীব্রং শাসনং যস্য ॥ ১০ ॥

অঙ্গ হে রাজন্ উরুগন্ধিনা উরুগন্ধেন মধুনা সুরয়া মত্তং অতএব বিবৃত্তে বিঘূর্ণিতে তাম্রে অক্ষিণী যস্য তং অশেষধিষ্ণ্যপাঃ সর্ব্বলোকপালাঃ উপায়নযুক্তৈঃ পাণিভিঃ উপাসত ত্রিভির্ব্রহ্মবিষ্ণুরুদ্রৈর্ব্বিনা পদমাশ্রয়ভূতং ॥ ১১ ॥

উপাসন প্রকারমাহ জগুরিতি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উপায়নযুক্তৈঃ পাণিভিরুপাসত ত্রিভির্ব্রহ্মবিষ্ণুরুদ্রৈর্ব্বিনা পদমাশ্রয়ভূতঃ ॥ ১১ ॥

তস্য বেণবদধর্ম্মিষ্ঠত্বেপি তস্য রাজ্যে মহী প্রভৃতয়োঽকৃষ্টপচ্যাদি গুণযুক্তা বভূবুঃ তদভিপ্রায়েণৈব অন্যথা মহাদীনাং তৎ কল্পকোবধঃ সদা এব সংভবেৎ। বেণস্য ন তাদৃক্ প্রভাব আসীৎ যং পৃথ্বাদয় এব তস্মী চক্রবর্ত্তি পৃথ্বাদীনাং তেজঃ প্রথমমেবা

আর যেখানে শব্দায়মান নূপুর দ্বারা শব্দ করত শোভন দশনা দেবাঙ্গনাগণ ইতস্ততঃ সঞ্চরণ করিতে করিতে রত্ন স্থলী সকলে আপনাদের সুন্দর বদন দর্শন করিয়া থাকেন ॥ ৯ ॥

সেই মহেন্দ্র ভবনে ঐ মহামনা মহাবল অসুর ত্রিলোক জয় পূর্ব্বক একাধিপতি হইয়া বাস করত বিহার করিতে লাগিল। দেবতা প্রভৃতি সমস্ত প্রাণী তাহার প্রতাপে সন্তপ্ত হইয়া নিরন্তর তাহার পদদ্বয়ের বন্দনায় নিযুক্ত রহিলেন, তথাচ তাহার শাসন দিন ২ ভয়ঙ্কর হইতে থাকিল ॥ ১০ ॥

হে রাজন্! দৈত্যরাজ হিরণ্যকশিপু গুরুতর উগ্রগন্ধ সুরাপানে কাম্যা সর্ব্বদা মত্ত হইয়া থাকিত, এ কারণ তাহার চক্ষুঃ তাম্রবর্ণ হইয়া সর্ব্বদা ঘূর্ণিত হইত। অপর সে স্বয়ং তপস্যা যোগবল ও সাহসের এক আশ্রয় হইয়া উঠিয়াছিল, অতএব কেবল ব্রহ্মা বিষ্ণু শিব এই তিন ব্যতিরেকে যাবতীয় লোকপাল স্ব স্ব হস্তে উপহার ধারণ করিয়া নিরন্তর তাহার উপাসনা করিতে লাগিলেন ॥ ১১ ॥

হে পাণ্ডব! হিরণ্যকশিপু স্বায় বীর্য্যে মহেন্দ্রাসনে অধ্যাসীন হইলে বিশ্বাবসু তুম্বুরু এবং আমি (নারদ) প্রভৃতি সকল গন্ধর্ব্ব সিদ্ধ বিদ্যাধর ও অপ্সরা সকলকে তাহার নিকট গান করিতে হইল, তথা ঋষিগণ অগ্রবর্ত্তী হইয়া মুহুর্মুহুঃ ঐ দানবের স্তব এবং ব্রাহ্মণাদি সমস্ত বর্ণ ও গ্রহস্থাদি সমুদায় আশ্রমী ভূরি ভূরি দক্ষিণা দিয়া তাহারই যজ্ঞ করিতে লাগিল, তাহার এতাদৃশ প্রভাব হইল যে সপ্তদ্বীপবতী ভূমি বিনা কর্ষণে বিবিধ শস্য প্রসব করিতে লাগিল, তথা গাভী সকল তাহার অভিলাষানুসারে দোহন করিতে প্রবৃত্ত হইল, আর তাহার প্রচণ্ড প্রতাপে নভোমণ্ডল বিবিধ আশ্চর্য্যের

রত্নাকরাশ্চ রত্নৌঘাংস্তৎপত্ন্যশ্চোহুরূর্ম্মিভিঃ । ক্ষার সীধু ঘৃত ক্ষৌদ্র দধি ক্ষীরামৃতোদকাঃ ॥ ১৩ ॥
শৈলা দ্রোণীভিরাক্রীড়ং সর্ব্বর্তুষু গুণান্ দ্রুমাঃ । দধার লোকপালানামেক এব পৃথগ্ গুণান্ ॥ ১৪
স ইত্থং নির্জ্জিত ককুবেকরাড্ বিষয়ান্ প্রিয়ান্ । যথোপজোষং ভুঞ্জানো নাতৃপ্যদজিতেন্দ্রিয়ঃ ।
এবমৈশ্বর্য্যমত্তস্য দৃপ্তস্যোচ্ছাস্ত্রবর্তিনঃ । কালোমহান্ ব্যতীয়ায় ব্রহ্মশাপমুপেয়ুষঃ ।
তস্যোগ্রদণ্ডসংবিগ্নাঃ সর্ব্বে লোকাঃ সপালকাঃ । অন্যত্রালব্ধশরণাঃ শরণং যযুরচ্যুতং ।
তস্যৈ নমোঽস্তু কাষ্ঠায়ৈ যত্রাত্মা হরিরীশ্বরঃ । যদ্‌গত্বা ন নিবর্ত্তন্তে শান্তাঃ সন্ন্যাসিনোঽমলাঃ ।
ইতি তে সংযতাত্মানঃ সমাহিতধিয়োঽমলাঃ । উপতস্থু হৃষীকেশং বিনিদ্রা বায়ুভোজনাঃ ॥ ১৫

শ্রীধরস্বামী ।

তৎপত্ন্যো নদ্যঃ উহুঃ ইত্যন্বয়ঃ রত্নাকরানেবাহ ক্ষার ইতি ॥ ১৩ ॥
আক্রীড়ং ক্রীড়াস্থানং গুণান্ পুষ্পফলাদীন্ সচ লোকপালানাং পৃথগ্বিধান্ গুণান্ বর্ষণ দহন শোষণাদীন্ এক এব দধার ॥ ১৪ ॥
নির্জ্জিতাঃ ককুভো যেন । যথোপজোষং যথাপ্রীতি ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অহারেতি বিবেচনীয়ঃ ॥ ১২ ॥
তৎপত্ন্যঃ নদ্যঃ রত্নাকরানেবাহ ক্ষারেতি । আক্রীড়ং ক্রীড়াস্থানং ॥ ১৩ । ১৪ ॥
কাষ্ঠায়ৈ দিশে । যত্র দিশি হরিরস্তীতি সর্ব্বদেশস্যাসুরতেজোগ্রস্তত্বাৎ বয়ং কচিৎ পুণ্যতীর্থে গত্বা তং ভজামহে ইতি ভাবঃ । যদ্বা তস্যৈ উৎকর্ষায় নমঃ যস্মিন্ উৎকর্ষে হরিরিতি অন্যো সর্ব্বএবোৎকর্ষা অনেনাসুরেণ জিতা ইতি ভাবঃ । কাষ্ঠোৎকর্ষে স্থিতৌ দিশীত্যমরঃ ॥ ১৫ । ১৬ ॥

আস্পদ হইয়া উঠিল ॥ ১২ ॥

অপর লবণ, ইক্ষু, সুরা, ঘৃত, দুগ্ধ এবং অমৃত জলযুক্ত রত্নাকর সকল ও তাহাদের পত্নী নদী সমূহ তরঙ্গ দ্বারা রাশি রাশি রত্ন বহিয়া আনিতে লাগিল ॥ ১৩ ॥

আর গহ্বর সহিত গিরি সকল তাহার ক্রীড়া স্থান হইল,তথা তরুগণকে তাহার নিমিত্ত সকল ঋতুতেই স্ব স্ব গুণ অর্থাৎ সকল পুষ্পফলাদি ধারণ করিতে হইল । অধিকন্তু সে একাকীই সকল লোকপালের পৃথক্ পৃথক্ গুণ (বর্ষণ, দহন ও শোষণাদি ) ধারণ করিল ॥ ১৪ ॥

হে পাণ্ডবেয় ! জিতেন্দ্রিয় ঐ দানব এই প্রকারে সকল দিক্ জয় করিয়া একাধিপতি হওত যদৃচ্ছাক্রমে ভোগ করিয়া আপনাকে পরিতৃপ্ত বোধ করে নাই । সে যাহা হউক, ঐ দৈত্যেন্দ্র এ প্রকারে ঐশ্বর্য্যমত্ত ও উদ্দৃপ্ত হইয়া শাস্ত্রমর্য্যাদা উল্লঙ্ঘন পূর্ব্বক বর্তমান হইলে ক্রমে সুমহৎ কাল অতিক্রান্ত হইল । ব্রহ্মশাপগ্রস্ত ঐ দানবের উগ্র দণ্ডে লোকপাল সহিত সকল লোকের যৎপরোনাস্তি উদ্বেগ জন্মিল, কেহ অন্যত্র কুত্রাপি শরণ প্রাপ্ত না হওয়াতে সকলে ভগবান্ অচ্যুতের নিকট গিয়া শরণ প্রার্থনা করিলেন । হে রাজন্ ! সেই দিকের প্রতি শত শত নমস্কার, যেখানে স্বয়ং আত্মা ঈশ্বর হরি বর্তমান এবং নির্ম্মল শান্ত সন্ন্যাসিগণ যাহা প্রাপ্ত হইয়া পুনর্ব্বার নিবৃত্ত হন না । এই কারণে ঐ সকল অমল, লোকপাল সমাহিত মতি তথা সংযতাত্মা হইয়া নিদ্রা পরিত্যাগ পূর্ব্বক বায়ু মাত্র ভোজন করত সেই হৃষীকেশের উপাসনা করিতে লাগিলেন ॥ ১৫ ॥

তেষামাবিরভূদ্বাণী অরূপা মেঘনিস্বনা। সন্নাদয়ন্তী ককুভঃ সাধূনামভয়ঙ্করী ॥ ১৬ ॥
মাভৈষ্ট বিবুধশ্রেষ্ঠাঃ সর্ব্বেষাং ভদ্রমস্তু বঃ। মদ্দর্শনং হি ভূতানাং সর্ব্বশ্রেয়োপপত্তয়ে।
জ্ঞাতমেতস্য দৌরাত্ম্যং দৈতেয়াপসদস্য যৎ। তস্য শান্তিং করিষ্যামি কালং তাবৎ প্রতীক্ষত।
যদা দেবেষু বেদেষু গোষু বিপ্রেষু সাধুষু। ধর্ম্মে ময়িচ বিদ্বেষঃ স বায়াশু বিনশ্যতি ॥ ১৭ ॥
নির্ব্বৈরায় প্রশান্তায় স্বসুতায় মহাত্মনে। প্রহ্লাদায় যদা দ্রুহ্যেদ্ধনিষ্যেপি বরোর্জ্জিতঃ ॥ ১৮ ॥
শ্রীনারদ উবাচ ॥
ইত্যুক্তা লোকগুরুণা তং প্রণম্য দিবৌকসঃ। ন্যবর্ত্তন্ত গতোদ্বেগা মেনিরে চাসুরং হতং ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

অরূপা বক্তৃরহিতা ॥ ১৬ ॥

মম দর্শনং শ্রবণং সর্ব্বেষাং শ্রেয়সাং উপপত্তয়ে প্রাপ্তয়ে ॥ ১৭ ॥

নন্থ দেবাদি বিদ্বেষেণাস্ত বিনাশো নাস্তি ব্রহ্মবরোর্জ্জিতত্বাৎ তত্রাহ নির্ব্বৈরায় ইতিসর্ব্বমহং সহেন মদ্ভক্তদ্রোহমিতিভাবঃ ॥১৮॥

অসুরঞ্চ হতং মেনিরে তদানীং তং দেবদ্রোহ প্রবৃত্তত্বাৎ ইতি ভাবঃ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

মদ্দর্শনং শ্রবণ দ্বারাপি মদনুভবঃ ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬ ॥

যদা যস্ত দেবাদিষু বিদ্বেষঃ স্যাৎ তদা স বৈ প্রসিদ্ধো আশ্বেব নশ্যতি ॥ ১৭ ॥

তথাপ্যমৃতত্বাদাশ্চর্য্য প্রভাবমপি সংপ্রতি বরোর্জ্জিতমপি তং স্বয়মহমেব হনিষ্যামি। কিন্ত্বহমপি তৎ প্রভাবলোপক চ্ছিদ্র বিশেষং প্রতীক্ষমাণোস্মীত্যাহ। নির্ব্বৈরায়েতি ॥ ১৮। ১৯। ২০। ২১। ২২। ২৩। ২৪। ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মদ্দর্শনং চেতি মদ্ভক্তাম্মদ্দর্শনং যাবদেব ন ভবতি তাবদেব যুষ্মাকং দুঃখমিতি ভাবঃ ॥ ১৭ ॥

নন্থ ব্রহ্মবরোর্জ্জিতোঽয়ং বহু কালস্ত এব দেবাদীন্ দ্বিষন্নপি নৈব নশ্যতি তত্রাহ। নির্ব্বৈরায়েতি সর্ব্বমহং সহে ন ভক্তদ্রোহমিতি ভাবঃ ॥ ১৮। ১৯। ২০। ২১॥

কিয়দ্দিন এই রূপে লোকপালেরা ভগবদুপাসনায় প্রবৃত্ত থাকিলে, তাঁহাদের সম্বন্ধে বক্তৃরহিতা মেঘধ্বনি তুল্য অশরীরা বাণী আবির্ভূতা হইল, সেই বাক্য এতাদৃশ গম্ভীর যে তদ্দ্বারা দিক্ সকল প্রতিধ্বনিত হইল এবং নির্গত হইবামাত্র যেন সাধুগণের অভয় উৎপাদন করিতে লাগিল ॥ ১৬ ॥

সেই বাক্য এই—হে বিবুধশ্রেষ্ঠগণ! ভীত হইও না, তোমাদের মঙ্গল হইবে, যে হেতু আমার দর্শন সর্ব্বপ্রকার কল্যাণের প্রাপ্ত্যর্থ হইয়া থাকে। এই দৈত্যাধমের দৌরাত্ম্য আমার জ্ঞাত হইয়াছে, আমি তাহার শাস্তি করিব, তোমরা কাল প্রতীক্ষা কর। হে দেবগণ! যখন দেবতায়, বেদে, গো সকলে, ব্রাহ্মণে, সাধুতে এবং ধর্ম্মেতে ও আমাতে কোন ব্যক্তির বিদ্বেষ হয়, তখন সে অবশ্যই শীঘ্র বিনষ্ট হইয়া থাকে ॥ ১৭ ॥

যদিও হিরণ্যকশিপু ব্রহ্মার বরে উর্জ্জিত হইয়াছে তথাচ যখন সে আপনার প্রিয়পুত্র প্রহ্লাদ, যিনি নির্ব্বৈর প্রশান্ত এবং মহাত্মা, তাঁহার প্রতি দ্রোহাচরণ করিবে তখন আমি অসংশয় তাহাকে বধ করিব ॥ ১৮ ॥

নারদ কহিলেন লোক গুরু ভগবান্ এই প্রকার কহিলে স্বর্গবাসী দেবগণ নিরুদ্বেগ হইয়া স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন। তৎকালেই ঐ দৈত্যের স্বতনয়ের প্রতি দ্বেষ ভাব উৎপন্ন হওয়াতে তাহাদের মনে হইল যেন ঐ দুরাত্মা নিহত হইল ॥ ১৯ ॥

তস্য দৈত্যপতেঃ পুত্রাশ্চত্বারঃ পরমাদ্ভুতাঃ। প্রহ্লাদোঽভূন্মহাংস্তেষাং গুণৈর্মহদুপাসকঃ ॥ ২০ ॥

ব্রহ্মণ্যঃ শীলসম্পন্নঃ সত্যসন্ধো জিতেন্দ্রিয়ঃ। আত্মবৎ সর্ব্বভূতানামেকপ্রিয়সুহৃত্তমঃ ॥ ২১ ॥

দাসবৎ সন্নতার্য্যাঙ্ঘ্রিঃ পিতৃবৎ দীনবৎসলঃ। ভ্রাতৃবৎ সদৃশে স্নিগ্ধো গুরুষ্বীশ্বরভাবনঃ।
বিদ্যার্থরূপ জন্মাঢ্যো মানস্তম্ভবিবর্জ্জিতঃ ॥ ২২ ॥

নোদ্বিগ্নচিত্তো ব্যসনেষু নিস্পৃহঃ শ্রুতেষু দৃষ্টেষু গুণেষ্ববস্তুদৃক্।
দান্তেন্দ্রিয় প্রাণ শরীরধীঃ সদা প্রশান্তকামো রহিতাসুরোঽসুরঃ ॥ ২৩ ॥

যস্মিন্ মহদ্‌গুণা রাজন্ গৃহ্যন্তে কবিভির্মুহুঃ। ন তেঽধুনা পিধীয়ন্তে যথা ভগবতীশ্বরে ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

তমেব বর্ণয়ন্ আদৌ সুতত্ত্ব মহত্ত্বমাহ তস্যেত্যাদিনা। গুণৈর্মহানভূৎ। গুণানেবাহ মহদুপাসক ইত্যাদিনা ॥ ২০ ॥

সত্যা সন্ধা প্রতিজ্ঞা যস্য। একএব প্রিয়শ্চ সুহৃত্তমশ্চ ॥ ২১ ॥

সম্যক্ নতা আর্য্যাণামঙ্ঘ্রয়ো যেন গুরুষু ঈশ্বর ইতি ভাবনা যস্য ॥ ২২ ॥

ব্যসনেষু নোদ্বিগ্নচিত্তঃ গুণেষু বিষয়েষু নিস্পৃহঃ যতস্তেষু অবস্তু দৃক্। দান্তা ইন্দ্রিয়াদয়ো যস্য। রহিতঃ আসুরোভাবো মৎসরাদি যেন অসুরোঽপি সন্ ॥ ২৩ ॥

অধুনাপি তে গুণা নাপিধীয়ন্তে তিরোহিতা ন ভবন্তি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

সম্যক্ নতা আর্য্যাণাং অঙ্ঘ্রয়ো যেন সঃ। গুরুষ্বিতি বহুবচনং গৌরবেণৈব শ্রীভগবন্মন্ত্রোপদেশকে গুর্ব্বাবিত্যর্থঃ ॥

রহিত আসুরো ভাবো মৎসরাদি যস্য সঃ ॥ ২২ । ২৩ ॥

মহান্তো [illegible] গুণাঃ অপ্রাকৃতা ধৈর্য্য গাম্ভীর্য্যাদয়ঃ স্বভাবেনৈব স্থিতাঃ কবিভির্ম্মুহুর্বিকিম্ গৃহ্যন্তে। তেন্তে গুণা জীবাত্মা ন ভবন্তি কিন্তু ভগবদীয়া এবেতি শুদ্ধ মন আদীন্দ্রিয়ৈ র্বিষয়ী ক্রিয়ন্তে ইত্যর্থঃ। গুণানাং নিত্যত্বমাহ তে গুণা অধুনাপি এতৎকাল পর্য্যন্তং নাপিধীয়ন্তে কালকর্ম্মাদিভির্নাচ্ছাদ্যন্তে এতাবৎসু কালেষু গতেষ্বপি প্রহ্লাদ স্তাদৃশগুণ বিশিষ্টএব সুতলে তথা বৈকুণ্ঠে মহাবৈকুণ্ঠে বিরাজত এবেতি ভাবঃ ॥ ২৪ ॥

হে রাজন্! দৈত্যপতি হিরণ্যকশিপুর পরমাদ্ভুত চারিটী পুত্র ছিল, তাহাদের মধ্যে প্রহ্লাদ মহতের উপাসক এবং গুণ দ্বারা অতি মহৎ হইয়াছিলেন ॥ ২০ ॥

তিনি জিতেন্দ্রিয়, সুশীল, ব্রহ্মণ্য, সত্য প্রতিজ্ঞ, আর আত্মার ন্যায় সকল প্রাণির অদ্বিতীয় প্রিয় এবং সুহৃত্তম ছিলেন ॥ ২১ ॥

অপর দাসের ন্যায় ইনি মান্যজনের প্রতি প্রণত হইতেন এবং দীনজনে পিতার ন্যায় বাৎসল্য প্রকাশ করিতেন। আর স্ব সমান ব্যক্তির প্রতি স্নেহ ও গুরুজনে ঈশ্বর জ্ঞান করিতেন। অপর বিদ্যা, ধন, রূপ ও কৌলীন্যে সম্পন্ন ছিলেন কিন্তু তজ্জন্য অহঙ্কার অথবা অভিমান করিতেন না ॥ ২২

তাঁহার চিত্ত বিপদে উদ্বিগ্ন হইত না, তিনি দৃষ্ট ও শ্রুত বিষয় সকলকে অবস্তু দেখিতেন, সুতরাং ঐ সকলে স্পৃহা ছিল না, তাঁহার শরীর ইন্দ্রিয় প্রাণ বুদ্ধি সর্ব্বদা দান্ত ও কাম প্রশান্ত ছিল আর যদিও তিনি জন্মতঃ অসুর ছিলেন তথাচ তাঁহার আসুর ভাব অর্থাৎ মৎসরাদি ছিল না ॥ ২৩ ॥

হে রাজন্! তাঁহাতে অবস্থিত মহৎ মহৎ গুণ সকল কবিগণ বারম্বার গ্রহণ করিয়া থাকেন এবং ভগবান্ ঈশ্বরের ন্যায় তাঁহাতে ঐ সকল গুণ অদ্যাবধি তিরোহিত হয় নাই ॥ ২৪ ॥

যঃ সাধুগাথা সদসি রিপবোঽপি সুরা নৃপ । প্রতিমানং প্রকুর্ব্বন্তি কিমুতান্যে ভবাদৃশাঃ ॥ ২৫ ॥
গুণৈরলমসংখ্যেয়ৈর্মাহাত্ম্যং তস্য সূচ্যতে । বাসুদেবে ভগবতি যস্য নৈসর্গিকী রতিঃ ॥ ২৬ ॥
ন্যস্তক্রীড়নকো বালো জড়বত্তন্মনস্তয়া । কৃষ্ণগ্রহগৃহীতাত্মা ন বেদ জগদীদৃশং ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী ।

সাধুগাথা সদসি সাধুকথা প্রসঙ্গবত্যাং সভায়াং প্রতিমানং দৃষ্টান্তং ॥ ২৫ ॥
সূচ্যতে ময়া কেবলং দ্যোত্যতে সুষ্ঠু কথ্যতে ইতি বা ॥ ২৬ ॥
নৈসর্গিকরতের্লিঙ্গমাহ ন্যস্তক্রীড়নক ইতি ষড়্ভিঃ । তন্মনস্তয়া তদেকচিত্ততয়া ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ ।

অসংখ্যেয়ৈর্গুণৈরলমিতি তে বক্তুং নশক্যা ইত্যর্থঃ । অতস্তস্য মাহাত্ম্যং সূচ্যতে দ্যোত্যতে মাত্রং । যদ্বা । অসংখ্যেয়ৈরেব বাগনতার্থং তস্য মাহাত্ম্যং সংসূচ্যতে বক্তুং শক্যত ইত্যর্থঃ । উভয়ত্র চ হেতুঃ বাসুদেব ইতি ॥ ২৬ ॥
তন্মনস্তয়াকৃষ্টমনস্তয়া ন্যস্তক্রীড়নকঃ । জড়বত্ত্বং তত্রৈব জড়বস্তুতুল্যঃ । ততঃ পশ্চাৎ কৃষ্ণগ্রহগৃহীতাত্মা । গ্রহেণেব কৃষ্ণেনাবিষ্টঃ সন্ জগদীদৃশং নবেদ নদদর্শ যথা লোকাঃ পশ্যন্তি তথা কিন্তু তৎস্ফূর্তিকরত্বেনৈব সমদর্শেত্যর্থঃ ।
গোবিন্দেন পরিস্ফুরতা পরিরব্ধিত ইবেত্যর্থঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

প্রতিমানং দৃষ্টান্তং প্রহ্লাদ তুল্যোঽয়ং ভক্ত ইত্যেবং ॥ ২৫ ॥
অসংখ্যেয়ৈঃ সংখ্যাতুমশক্যৈরেবং গুণৈঃ গুণানাং কঃ খলূৎকর্ষ ইত্যর্থঃ । অন্যে পুরুষা গুণৈরুৎকর্ষাস্তাঃ নাম নতু প্রহ্লাদস্য তূৎকর্ষ হেতুরন্যবিস্তরং বর্ত্তত ইতি ভাবঃ । তদেব কিং তত্রাহ মাহাত্ম্যং সূচ্যতে সুষ্ঠু উচ্যতে । কিং তৎ বাসুদেব ইত্যাদি যদ্বা তস্য মাহাত্ম্যং সূচ্যতে তদভিধাতুমশক্যত্বাত্তে মাত্রং কৃষ্ণগ্রহগৃহীতাত্মেত্যাত্মান্তর গ্রহে গ্রহাদি শব্দেনেতি ভাবঃ । তস্য কীদৃশত্বে তাৎপেক্ষায়ামাহ বাসুদেবে ইতি নৃসিংহাকারে ইতি কেচিৎ । প্রহ্লাদধ্যানস্বরসাবির্ভূতব ভগবান্ পীতাম্বরধরো হারীরিতি বৈষ্ণবোক্তেঃ কৃষ্ণগ্রহগৃহীতাত্মেতি গোবিন্দপরিরব্ধিত ইত্যগ্রিমোক্তেশ্চ বাসুদেবে বসুদেবনন্দনা-কার ইত্যন্যে প্রহ্লাদস্য পূর্ব্বোত্তরদশয়োঃ ক্রমেণ বাসুদেব নৃসিংহ নিষ্ঠত্বমিত্যপরে । নৈসর্গিকী নহস্তেবাস্মিন পূর্ব্ব জন্ম কৃতৈঃ সাধনৈঃ সিদ্ধেত্যর্থঃ ॥ ২৬ ॥
নৈসর্গিকরতের্লিঙ্গমাহ ন্যস্তক্রীড়নক ইতি ষড়্ভিঃ । বালোঽপি তাৎকালীনঃ তন্মনস্তয়া কৃষ্ণৈকাগ্রমনস্কত্বেন জড় ইবাগ্রেণকামানঃ নচান্যভটকরিব তেন মননঃ কৃষ্ণ বিষয়কং কৃতং কিন্তু কশ্চিদ্ গ্রহো লোভ্যঃ গ্রহাদিব কৃষ্ণএব যদ্ মনো গৃহীতবানিত্যাহ কৃষ্ণেতি । অতএব জগৎ ঈদৃশং ব্যবহারময়ং ন বেদ কিন্তু কৃষ্ণময়মেবেত্যর্থঃ ॥ ২৭ ॥

হে নৃপ ! তোমার সদৃশ লোকের কথা কি ? সুরগণ শত্রু হইয়াও আপনাদের সভায় সাধু কথা প্রসঙ্গে তাঁহার দৃষ্টান্ত দর্শাইয়া থাকিতেন ॥ ২৫ ॥

রাজন্ ভগবান্ বাসুদেবে যাঁহার স্বাভাবিক রতি, তাঁহার গুণের সংখ্যা করে কাহার সাধ্য ? আমি এই সকল বাক্য বিন্যাস দ্বারা কেবল তাঁহার মাহাত্ম্যের সূচনা মাত্র করিলাম ॥ ২৬ ॥

হে মহারাজ ! বাসুদেবের প্রতি প্রহ্লাদের যে নৈসর্গিকী রতি ছিল তাহার নিদর্শন এই, তিনি বাল্যকালেই ক্রীড়া পরিত্যাগ পূর্ব্বক ভগবানে এক চিত্ত হইয়া জড়বৎ হইয়াছিলেন, আর ভগবান্ শ্রীকৃষ্ণের অনুধ্যানেই তাঁহার আত্মা আগ্রহান্বিত ছিল, অতএব জগৎ কীদৃশ তিনি তাহা কিছুই জানিতেন না ॥ ২৭ ॥

আসীনঃ পর্য্যটন্নশ্নন্ শয়ানঃ প্রপিবন্ ব্রুবন্। নানুসন্ধত্ত এতানি গোবিন্দপরিরম্ভিতঃ ॥ ২৮ ॥
কচিদ্রুদতি বৈকুণ্ঠচিন্তাশবলচেতনঃ। কচিদ্ধসতি তচ্চিন্তাহ্লাদ উদ্গায়তি কচিৎ ॥ ২৯ ॥
নদতি কচিদুৎকণ্ঠো বিলজ্জো নৃত্যতি কচিৎ। কচিত্তদ্ভাবনাযুক্তস্তন্ময়োঽনুচকার হ ॥ ৩০ ॥
কচিদুৎপুলকস্তূষ্ণীমাস্তে সংস্পর্শনির্বৃতঃ। অস্পন্দপ্রণয়ানন্দ সলিলামীলিতেক্ষণঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

এতানি আসনাদীনি গোবিন্দেন পরিরম্ভিতঃ আত্মনা একীকৃতঃ ॥ ২৮ ॥

রুদতি রোদিতি বৈকুণ্ঠস্য চিন্তয়া শবলা ব্যামিশ্রা ক্ষুভিতা চেতনা যস্য তস্য চিন্তয়া আহ্লাদো যস্য ॥ ২৯ ॥

উৎকণ্ঠঃ মুক্তকণ্ঠঃ সন্ অনুচকার তচ্চেষ্টাদিকং স্বয়ং কৃতবান্ ॥ ৩০ ॥

সংস্পর্শ স্তদ্ভাবাপত্তিস্তেন নির্বৃতঃ। অস্পন্দঃ স্থিরো যঃ প্রণয়স্তেন য আনন্দ স্তেন যৎ সলিলং তেন মুক্তে আমীলিতে

ক্রমসন্দর্ভ।

প্রথমা চিন্তা বিয়োগে স্ফুরিতে দ্বিতীয়া সংযোগে এবং বিয়োগে কচিদ্রুদতি। সংযোগে হসতি। বিয়োগে নদতি উচ্চৈরাহ্বয়তে। সংযোগে বিয়োগে কচিত্তদ্ভাবানতি ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥

সংযোগে কচিদুৎপুলক ইতি। সংস্পর্শঃ কৃপাময় তৎ কর্ত্তৃকালিঙ্গনস্ফূর্ত্তিঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

এতানি আসন বস্ত্র ভক্ষ্য শয়নীয় পেয় বক্তব্যানি নানুসন্ধত্তে ন জানাতি কুতঃ গোবিন্দেন পরিরম্ভিতঃ অতিবৎসলেন পিত্রা মাত্রা বা একাঙ্কিকো বালো যথা প্রতিক্ষণমেব পরিরভ্য ক্রোড়স্থী ক্রিয়তে তথৈব প্রহ্লাদো ভোজন শয়নাদি সময়েপি ভগবতা আলিঙ্গ্যতে ইতি প্রহ্লাদ এব পশ্যতি নান্য ইতি ভাবঃ ॥ ২৮ ॥

ততশ্চ কচিদিতি স্ববালকং স্বক্রোড় স্তনন্ধয়ৌ নিদ্রায় গৃহ কৃত্যার্থমন্যত্র গতায়াং মাতরি তামনালোচ্য স বালো যথা রোদিতি তথৈব মামধুনৈব পরিত্যজ্য মৎ প্রভুঃ ক গত ইতি তচ্চিন্তয়া শবলা ব্যামিশ্রা বিহ্বলা চেতনা যস্য সঃ। রুদতি রোদিতি কচিদ্ধসতীতি তদৈব পুনস্ফূর্ত্তি প্রাপ্তেন ভগবতা ভো প্রহ্লাদ বৎস ক্ষণমাত্রমেব মামনালোক্য কথমেবং রোদিষীত্যুক্তে সতি হসতি চিরাৎ প্রাপ্তামালিঙ্গন্তীং মাতরমবলোক্য মুগ্ধবাল ইবেত্যর্থঃ। তচ্চিন্তেতি মৎপ্রভু র্মামেব কৃপয়া স্বদর্শন দানেন সুখয়তীতি চিন্তয়া আহ্লাদো যস্য সঃ ॥ ২৯ ॥

নদতীতি স্ফূর্ত্তি প্রাপ্তং হরিং অতি দূরে দৃষ্ট্বা উৎকণ্ঠঃ উচ্চীকৃত কণ্ঠঃ ভো প্রহ্লাদ বৎস মামনালোক্যাহং নৈব নির্গতোস্মি যতস্ত্বমেব মমাতিপ্রিয় ইত্যুক্তঃ সন্ আনন্দাতিশয়েন বিক্ষিপ্ত এব বিলজ্জো নৃত্যতি তদৈব স্ফূর্ত্তি ভঙ্গে সতি তদ্বিরহ খেদাধিক্যেন তদ্ভাবনাতিশয়যুক্ত উন্মাদ সঞ্চারি প্রাবল্যেন অহমেব হরিরিতি তন্ময়ঃ সন্ তল্লীলাং রামকৃষ্ণাদ্যবতারগতামপি অনুচকার অনুকৃতবান্ ॥ ৩০ ॥

কচিদুৎপুলক ইতি ক যামি কুত্র প্রভুং প্রাপ্স্যামীতি কদাচিত্তদ্বিচ্ছেদতাপেন মুদ্রিতনেত্রোঽকস্মাৎ স্বহৃদয় এব তমালোক্য তৎপাণি স্পর্শেন নির্বৃত উৎপুলকঃ ন বিদ্যতে স্পন্দনো যস্য সঃ। প্রণয়েনানন্দ সলিলং যয়ো স্তথা ভূতে ঈষন্মুদ্রিতে

অপর আত্মরূপি ভগবানের সহিত একীভূত থাকাতে তিনি উপবেশন, পর্য্যটন, ভোজন, পান, শয়ন, ও বাক্য প্রয়োগ করিয়াও ঐ সকল উপবেশনাদি কর্ম্ম কদাচিৎ অনুসন্ধান করিতেন না ॥ ২৮ ॥

ভগবান্ বৈকুণ্ঠের চিন্তায় কখন কখন তাঁহার চেতনা ক্ষুভিতা হইত, তাহাতে কদাচিৎ রোদন করিতেন। ভগবানের চিন্তা দ্বারা আনন্দ উৎপন্ন হওয়াতে কখন বা গান করিতেন ॥ ২৯ ॥

অপর কদাচিৎ মুক্তকণ্ঠ হইয়া শব্দ করিতেন, কদাচিৎ নির্লজ্জ হইয়া নৃত্য করিতেন, কখন ভগবদ্ভাবনায় অভিনিবিষ্ট হওয়াতে তন্ময় হইয়া তদীয় চেষ্টাদির অর্থাৎ রামকৃষ্ণাদি অবতার লীলার অনুকরণ করিতেন ॥ ৩০ ॥

কখন ভগবদ্ভাব প্রাপ্তি দ্বারা নির্বৃত ও পুলকিত হইয়া তূষ্ণীভূত থাকিতেন, কদাচিৎ স্থিরতর প্রেম

স উত্তমঃশ্লোকপদারবিন্দয়ো র্নিষেবয়াঽকিঞ্চনসঙ্গলব্ধয়া।
তন্বন্ পরাং নির্বৃতিমাত্মনোমুহুর্দুঃসঙ্গদীনস্য মনঃ শমং ব্যধাৎ ॥ ৩২ ॥
তস্মিন্ মহাভাগবতে মহাভাগে মহাত্মনি। হিরণ্যকশিপূ রাজন্নকরোদঘমাত্মজে ॥ ৩৩ ॥
শ্রীযুধিষ্ঠির উবাচ ॥
দেবর্ষ এতদিচ্ছামো বেদিতুং তব সুব্রত। যদাত্মজায় শুদ্ধায় পিতাদাৎ সাধবেহ্যঘং ॥ ৩৪ ॥
পুত্রান্ বিপ্রতিকূলান্ স্বান্ পিতরঃ পুত্রবৎসলাঃ। উপালভন্তে শিক্ষার্থং নৈবাঘমপরো যথা ॥৩৫

শ্রীধরস্বামী।

ঈষন্নিমীলিতে ঈক্ষণে যস্য ॥ ৩১ ॥

আত্মনঃ পরাং নির্বৃতিং তন্বন্ দুঃসঙ্গেন দীনস্যান্যস্যাপি মনঃ শমং শান্তং ব্যধাৎ ॥ ৩২ ॥

অঘং দ্রোহমকরোৎ ॥ ৩৩ ॥

প্রথমাধ্যায়ান্তে পৃষ্টমেবার্থমতিবিস্ময়েন পুনঃ পৃচ্ছতি দেবর্ষ ইতি। তব যুক্তঃ। তব বাক্যমিতি বা সাধবেঽঘমদাৎ সাধো-র্দ্রোহং কৃতবানিতি যদেতদ্বেদিতুং ॥ ৩৪ ॥

উপালভন্তে আক্ষিপন্তি অঘন্তু নৈব কুর্বন্তি অপরঃ শত্রুরিব ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

দন্ত্যপাঠে স্বসমং স্বান্তঃকরণ তুল্যং ব্যধাৎ ॥ ৩২ ॥

মহাভাগবতত্ব লক্ষণং পূর্ব্বমেব দর্শিতং। মহান্ ভাগোভাগ্যং শ্রীনারদ কৃপারূপং যস্য। মহান্ পূজ্য আত্মা ধৈর্য্য গাম্ভীর্য্যাদি যুক্তঃ স্বভাবো যস্য ॥ ৩৩। ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঈক্ষণে যস্য সচ সচ সঃ ॥ ৩১ ॥

নন্ তস্য হিরণ্যকশিপুপ্রভৃতি দুঃসঙ্গবত্বে কথং স্থিরা ভক্তি স্তত্র প্রহ্লাদস্য তস্য সঙ্গেনান্যোঽপি দুঃসঙ্গিনঃ তৎ সহচর বালাঃ কৃতার্থা বভূবুঃ কথং তস্যৈব দুঃসঙ্গাশঙ্কেত্যাহ স ইতি দুঃসঙ্গদীনস্যান্যস্যাপি মনঃ শমং শমোমন্নিষ্ঠতা বুদ্ধেরিতি ভগবদ্বচনাৎ ভগবন্নিষ্ঠমকরোৎ ॥ ৩২ ॥ অঘং দ্রোহং ॥ ৩৩ ॥

প্রথমাধ্যায়ান্তে পৃষ্টমেবার্থমতিবিস্ময়েন পুনঃ পৃচ্ছতি দেবর্ষে ইতি। তব যুক্তঃ অঘং দুঃখং ॥ ৩৪ ॥

নৈব অঘং প্রাপয়ন্তি অপরঃ শত্রুঃ ॥ ৩৫ ॥

জন্য আনন্দ হেতু তাঁহার লোচনদ্বয় সজল হইয়া ঈষৎ নিমীলিত হইত ॥ ৩১ ॥

হে রাজন্! মহাত্মা প্রহ্লাদ অকিঞ্চন ভগবদ্ভক্ত জনের সঙ্গ বশতঃ পুণ্যশ্লোক ভগবানের পদারবিন্দের সেবা লাভ করিয়া মুহুর্মুহুঃ আপনার পরম নির্বৃতি বিস্তার করত দুঃসঙ্গ দুর্গত অন্যান্য ব্যক্তিরও মনঃ-শান্তি বিধান করিতেন ॥ ৩২ ॥

হে নৃপ! মহাভাগ্য মহাত্মা মহাভাগবত তাদৃশ আত্মজের প্রতি ও হিরণ্যকশিপু দ্রোহাচরণ করিতে লাগিল ॥ ৩৩ ॥

যুধিষ্ঠির জিজ্ঞাসা করিলেন হে দেবর্ষে! হে সুব্রত! হিরণ্যকশিপু, পিতা হইয়া যে শুদ্ধ চিত্ত সাধু আত্মজের প্রতিও দ্রোহ করিয়াছিল, ইহা অতি আশ্চর্য্য, এবিষয় বিশেষ করিয়া জানিতে অভি-লাষ করি ॥ ৩৪ ॥

প্রভো! পুত্রবৎসল পিতৃগণ প্রতিকূল পুত্রদিগকেও শিক্ষার্থ তিরস্কার মাত্র করিয়া থাকেন শত্রুর ন্যায় কখন অনিষ্ট চেষ্টা করেন না ॥ ৩৫ ॥

কিমুতানুবশান্ সাধূংস্তাদৃশান্ গুরুদেবতান্ ॥ ৩৬ ॥
এতৎ কৌতূহলং ব্রহ্মন্নস্মাকং বিধম প্রভো। পিতুঃ পুত্রায় যদ্দ্বেষো মরণায় প্রযোজিতঃ ॥ ৩৭ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে যুধিষ্ঠির নারদ সম্বাদে চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

শ্রীনারদ উবাচ ॥
পৌরোহিত্যায় ভগবান্ বৃতঃ কাব্যঃ কিলাসুরৈঃ। শণ্ডামর্কৌ সুতৌ তস্য দৈত্যরাজগৃহান্তিকে ॥১

শ্রীধরস্বামী।

অনুবশান্ অনুকূলান্ সাধূন্ অগাধবোধান্ গুরুঃ পিতৈব দেবতা যেষাং তাদৃশিশ্য অথং নকুর্ব্বন্তীতি কিমুবক্তব্যমিত্যর্থঃ ॥ ৩৬॥
পুত্রায় পুত্রমুদ্দিশ্য পিতুর্দ্বেষঃ যঃ পিত্রা কৃতোদ্বেষঃ পুত্রস্য মরণার্থং প্রযোজিতঃ প্রবর্ত্তিত ইতি যৎ এতৎ কৌতূহলং বিধম অপাকুরু যদ্বা যদস্মাৎ পুত্রায় যোদ্বেষঃ স পিতুর্ম্মরণায় প্রযোজিতঃ অত এতৎ কৌতূহলং বিধমেত্যর্থঃ ॥ ৩৭ ॥
॥ * ॥ ইতি সপ্তমে চতুর্থঃ ॥ * ॥
পঞ্চমে গুরুতোঽধীতং ত্যক্ত্বা বিষ্ণুস্তুতৌ রতং। ঘাতয়ন্ দ্বিপসর্পাদ্যৈঃ সুতং দৈত্যো নচাশকৎ ॥ ০ ॥
ভগবদ্ভক্তিরেব বিদ্বেষকারণং ইতি বক্তুমাহ পৌরোহিত্যায়েত্যাদিনা। কাব্যঃ শুক্রঃ অতস্তস্য সুতৌ তত্র ন্যবসতামিতি শেষঃ॥১॥

ক্রমসন্দর্ভঃ।

পুত্রানিতি সার্দ্ধকং ॥ ৩৫ ॥ ৩৬ ॥ ৩৭ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে সপ্তমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অনুবশান্ অনুকূলান্ ॥ ৩৬ ॥
কুতূহলে ভবং কৌতূহলং সন্দেহং বিধম অপাকুরু। সন্দেহঃ কঃ পুত্রায় পুত্রং হন্তুং পিতুর্দ্বেষঃ মরণায় স্বস্য মরণার্থমেব প্রকর্ষেণ যোজিতঃ ॥ ৩৭ ॥
॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। সপ্তমস্য চতুর্থোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
গুরুণাধ্যাপিতঃ পিত্রা পৃষ্টঃ কৃষ্ণং স্তুবন্ সুতঃ। পঞ্চমে দিগ্গজাদ্যৈঃ স হতোপি স্বস্ত্যরাজত ॥ ০ ॥
প্রহ্লাদস্য ভক্তিরেব বিদ্বেষে কারণমিতি বক্তুমাহ পৌরোহিত্যায়েত্যাদিনা কাব্যঃ শুক্রঃ। অতস্তস্য সুতৌ তত্র ন্যবসতামিতি শেষঃ ॥ ১। ২ ॥

ইহাতে যে সকল পুত্র প্রহ্লাদের ন্যায় বশতাপন্ন, সাধু, অগাধবোধ সম্পন্ন এবং যাহারা পিতাকেই পরম দেবতা বোধ করেন, তাঁহাদের প্রতি পিতা অনিষ্ট চেষ্টা করিবেন একি সম্ভাব্য? ॥ ৩৬ ॥
হে ব্রহ্মন্! পুত্রের প্রতি পিতার এতাদৃশ দ্বেষ হইয়াছিল যে তাহা পুত্রের মৃত্যু নিমিত্ত প্রবর্ত্তিত হয়! ইহা অবগত হইবার নিমিত্ত মহৎ কৌতূহল জন্মিল, প্রভো! অনুগ্রহ বিস্তার পূর্ব্বক এই কৌতূহল বিনষ্ট করুন ॥ ৩৭ ॥
॥ * ॥ ইতি সপ্তমে চতুর্থঃ ॥ * ॥
পঞ্চমাধ্যায়ে গুরূপদেশ পরিত্যাগ পূর্ব্বক প্রহ্লাদের বিষ্ণু স্তবে রতি এবং গজসর্পাদি দ্বারা তদীয় প্রাণ বিনাশার্থ যত্ন করিয়াও হিরণ্যকশিপুর অকৃত কার্য্য হওন ॥ ০ ॥
নারদ কহিলেন হে রাজন্! অসুর সকল ভগবান্ শুক্রকে পৌরোহিত্যে বরণ করিয়াছিল, অতএব তাঁহার শণ্ডামর্ক নামে দুইটী পুত্র দৈত্যরাজ হিরণ্যকশিপুর গৃহ সমীপে বাস করিতেন ॥ ১ ॥

তৌ রাজ্ঞা প্রাপিতং বালং প্রহ্লাদং নয়কোবিদং। পাঠয়ামাসতুঃ পাঠ্যানন্যাংশ্চাসুরবালকান্ ॥২
যত্তত্র গুরুণা প্রোক্তং শুশ্রুবেহনুপপাঠচ। ন সাধু মনসা মেনে স্বপরাসদ্গ্রহাশ্রয়ং।
একদাসুররাট্ পুত্রমঙ্কমারোপ্য পাণ্ডব। পপ্রচ্ছ কথ্যতাং বৎস মন্যতে সাধু যদ্ভবান্ ॥ ৩ ॥
শ্রীপ্রহ্লাদ উবাচ ॥
তৎ সাধু মন্যেহসুরবর্য্য দেহিনাং সদা সমুদ্বিগ্নধিয়ামসদ্গ্রহাৎ।
হিত্বাত্মপাতং গৃহমন্ধকূপং বনং গতো যদ্ধরিমাশ্রয়েত ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

পাঠ্যান্ দণ্ডনীত্যাদীন্ পাঠ্যান্ অসুরবালকানিতি বান্বয়ঃ ॥ ২ ॥
অনুশ্রবণানন্তরং তথৈব পপাঠচ কিন্তু তৎসাধু ন মেনে তত্র হেতুঃ স্বঃপর ইতি অসদ্গ্রহো মিথ্যাভিনিবেশ এবাশ্রয়ো যস্য তৎ ॥৩
হে অসুরবর্য্য অসদ্গ্রহাৎ অহং মমেতি মিথ্যাভিনিবেশাদ্ধেতোঃ সদা সমুদ্বিগ্না ধীর্যেষাং বনং গতঃ সন্ হরিমাশ্রয়েতেতি যৎ তদেবাহং সাধু মন্যে। কথম্ভূতং গৃহং হিত্বা আত্মনঃ পাতং অধঃপাতনিমিত্তং কুতঃ অন্ধকূপবন্মোহাবহং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যৎদণ্ডনীত্যাদিকং তৎ সাধু ন মেনে। কুতঃ স্বঃ পর ইত্যসদ্গ্রহং দুরভিনিবেশমেব আ সম্যক্ প্রকারেণ শ্রয়তে ইতি তৎ ॥
কঠিনপদার্থানাং প্রশ্নে বালস্যাস্য ক্ষোভো ভবিষ্যতীতি মত্বা প্রাহ যদ্ভবান্ সাধু মন্যতে পঠিতানাং বস্তূনাং মধ্যে সাধু অভ্যস্তীকৃতং যৎ ত্বং জানাসি মদগ্রে বক্তুং শক্নোষি তদেব বদেতি হিরণ্যকশিপোরভিপ্রায়ঃ ॥ ৩ ॥
প্রহ্লাদস্তু তদভিপ্রায়ং জ্ঞাত্বাপি অস্মিন্ জিজ্ঞাস্যানাং মধ্যে ভবান্ কিং বস্তু সাধু মন্যতে ইতি বুদ্ধ্যা বিচার্য্য স্বসম্মতী করোতী যং পৃচ্ছসি চেদস্য সমুচিতমুত্তরং শৃণু তাতেত্যাহ তদিতি। হে অসুরবর্য্য অসদ্গ্রহাৎ অহং মমেতি মিথ্যাভিনিবেশাদুদ্বিগ্নধিয়াং জনানাং তদেব সাধু মন্যে কিং তৎ আত্মপাতহেতুং গৃহং ত্যক্ত্বা বনং গতঃ সন্ যদ্ধরিমাশ্রয়েতেতি। অত্র যৎ হরিমাশ্রয়েত তদেব হরিচরণাশ্রয়ণং সাধু মন্যে গৃহে স্থিতোপি সএব গৃহমন্ধকূপং হিত্বা বনং গতঃ। অন্যথা বনং গতোপি গৃহমন্ধকূপমেব শ্রিত ইতি চ ব্যাচক্ষতে ॥ ৪ ॥

দৈত্যপতি আপনার শিশু সন্তান নয় নিপুণ প্রহ্লাদকে শিক্ষা গ্রহণার্থ তাঁহাদের নিকট প্রেরণ করিয়াছিল, তাহাতে তাঁহারা প্রহ্লাদকে এবং অন্যান্য বালকগণকে দণ্ডনীতি প্রভৃতি পাঠ্য শাস্ত্র পাঠ করাইতেন ॥ ২ ॥

গুরু যাহা বলিতেন, প্রহ্লাদ যদিও তাহা শ্রবণ করিতেন এবং শ্রবণানন্তর তদ্রূপ পাঠ করিতে পারিতেন তথাচ এ আত্মীয় এ পর এতাবন্মাত্র অভিনিবেশ সেই উপদেশের আশ্রয় হওয়াতে তাহা তাঁহার উত্তম বলিয়া বিবেচনা হইত না। হে পাণ্ডববর যুধিষ্ঠির! এক দিন দৈত্যরাজ হিরণ্যকশিপু আপনার ঐ পুত্রকে (প্রহ্লাদকে) ক্রোড়ে আরোপণ পূর্ব্বক সস্নেহ বচনে জিজ্ঞাসা করিল, বৎস! তুমি কোন বস্তু উত্তম বলিয়া মান, বল দেখি, শুনি ॥ ৩ ॥

প্রহ্লাদ কহিলেন হে অসুরবর্য্য! যাঁহাদের বুদ্ধি "আমি আমার" ইত্যাদি মিথ্যা অভিনিবেশ হেতু সর্ব্বদাই উদ্বিগ্ন অতএব আত্মার অধঃপতনের নিমিত্ত স্বরূপ যে অন্ধকূপ সদৃশ মোহাবহ গৃহ, ইহা পরিত্যাগ করিয়া বন গমন পূর্ব্বক ভগবান্ হরির যে আশ্রয় গ্রহণ তাহাই আমি উত্তম করিয়া মানি ॥ ৪ ॥

শ্রীনারদ উবাচ ॥

শ্রুত্বা পুত্রগিরো দৈত্যঃ পরপক্ষসমাহিতাঃ। জহাস বুদ্ধির্ব্বালানাং ভিদ্যতে পর বুদ্ধিভিঃ ॥ ৫ ॥

সম্যগ্বিধার্য্যতাং বালো গুরুগেহে দ্বিজাতিভিঃ। বিষ্ণুপক্ষৈঃ প্রতিচ্ছন্নৈর্ন ভিদ্যেতাস্য ধীর্যথা ॥৬

গৃহমানীতমাহূয় প্রহ্লাদং দৈত্যযাজকাঃ। প্রশস্য শ্লক্ষ্ণয়া বাচা সমপৃচ্ছন্ত সামভিঃ ॥ ৭ ॥

বৎস প্রহ্লাদ ভদ্রন্তে সত্যং কথয় মামৃষা। বালানতিকুতস্তুভ্যমেষ বুদ্ধিবিপর্য্যয়ঃ।

বুদ্ধিভেদঃ পরকৃত উতাহো তে স্বতোঽভবৎ। ভণ্যতাং শ্রোতুকামানাং গুরূণাং কুলনন্দন ॥ ৮ ॥

শ্রীপ্রহ্লাদ উবাচ ॥

পরঃ স্বশ্চেত্যসদ্গ্রাহঃ পুংসাং যন্মায়য়া কৃতঃ। বিমোহিতধিয়াং দৃষ্টস্তস্মৈ ভগবতে নমঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

পরপক্ষে বিষ্ণৌ সমাহিতাঃ পরিনিষ্ঠিতাঃ হাসমেবাহ বুদ্ধিরিতি ॥ ৫ ॥

বিষ্ণুপক্ষৈ র্ভাগবতৈঃ হেতুভূতৈঃ। নহু স্বগৃহে কুতস্তেষাং প্রবেশঃ সত্যং তথাপি প্রতিচ্ছন্নৈ র্বেশান্তরেণাচ্ছন্নৈঃ ॥ ৬ ॥

দৈত্যৈ র্গৃহমানীতং ॥ ৭ ॥ বালান্ সর্ব্বান্ অতিক্রম্য তুভ্যং তব ॥ ৮ ॥

অহো মায়ামোহিতা ভবন্তো মামাক্ষিপন্তীত্যাশয়েন তাবদাহ পরঃ স্বশ্চেতি মিথ্যাভিনিবেশো যদীয় মায়য়ৈব কৃতঃ নতু

ক্রমসন্দর্ভঃ।

পর ইতি পুংসাং ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদিত্যাদি রীত্যানাদিত এব ভগবদ্বিমুখানাং জীবানাং। অতএব নূনং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পরপক্ষে শত্রুপক্ষে বিষ্ণৌ সমাহিতাঃ পরিনিষ্ঠিতাঃ জহাসেতি বালোঽয়ং যো যদ্ধারয়তি তদেব ধত্তে অস্য কো দোষ স্তদদ্যারভ্য নারদাদ্যা বৈষ্ণবানাত্র প্রবেশনীয়া ইত্যাদিদেশেতি ভাবঃ ॥ ৫ ॥

তদপি গুরুগৃহ এব। তেচৈবং বক্তব্যা ইত্যাহ বিষ্ণুপক্ষৈরিতি ॥ ৬ ॥

প্রশস্য শ্লক্ষ্ণয়েত্যন্যথা বালোঽয়ং ভয়েন স্বোপদেশকং বৈষ্ণবং ন বক্ষ্যতীতি ভাবঃ ॥ ৭ ॥

ভদ্রন্তে ইতি স্বদিষ্টং মোদকাদিকং দাস্যাম ইতি ভাবঃ। বালান্ অতিক্রম্য তুভ্যং তব ॥

ভণ্যতামিতি যদ্যয়ং বৈষ্ণবস্য কস্যচিন্নাম গৃহ্লাতি তদা তং বৈষ্ণবং জ্ঞাত্বা রাজ্ঞঃ সভাং নীত্বা ঘাতয়াম ইতি ভাবঃ ॥ ৮ ॥

অহো মূঢ়া ইমে সংসারে পাপচ্যমানা মাং মুগ্ধবালকং জানন্তীতি মনসি বিভাব্যাহ। পরঃ পরপক্ষঃ স্বঃ স্বপক্ষ ইতি

দেবর্ষি নারদ এতাবদ্বর্ণন করিয়া যুধিষ্ঠিরকে কহিলেন হে রাজন্! হিরণ্যকশিপু পুত্রের মুখে আপনার বিপক্ষ বিষ্ণুর প্রতি ভক্তি প্রকাশক ঐ সকল কথা শ্রবণ করিয়া প্রথমতঃ হাস্য করিল, পরে সোপহাস বাক্যে কহিল শিশুদের বুদ্ধি এই প্রকারেই পর বুদ্ধিতে নষ্ট হইয়া থাকে ॥ ৫ ॥

এক্ষণে এই বালকটাকে পুনরায় গুরু গৃহে লইয়া যাউক, পুরোহিত ব্রাহ্মণেরা যত্ন পূর্ব্বক ইহার রক্ষণাবেক্ষণ করুক, ছদ্মবেশি বৈষ্ণবেরা নিকটে গিয়া আর যেন বুদ্ধিভেদ জন্মাইতে না পারে ॥ ৬ ॥

অনন্তর দৈত্যগণ প্রহ্লাদকে গুরুগৃহে লইয়া গেলে দৈত্য যাজকেরা অগ্রে তাঁহার প্রশংসা করিলেন, পরে কোমল বচনে সান্ত্বনা করিয়া জিজ্ঞাসা করিলেন ॥ ৭ ॥

বৎস প্রহ্লাদ! তোমার মঙ্গল হউক, সত্য বল, মিথ্যা বলিও না, এখানে যে সকল বালক রহিয়াছে তাহাদিগকে অতিক্রমণ করিয়া তোমার এই বুদ্ধির বিপর্য্যয় কোথা হইতে হইল? হে কুলনন্দন! তোমার এই বুদ্ধি ভেদ অন্য কাহা হইতে হইয়াছে? না আপনা হইতে জন্মিয়াছে? আমাদের এ বিষয় জানিতে অভিলাষ হইতেছে, যথার্থ বল ॥ ৮ ॥

গুরুগণের এই বাক্যে প্রহ্লাদের মনে হইল অহো! এই সকল ব্যক্তি মহা মোহে মোহিত হইয়া

স যদানুব্রতঃ পুংসাং পশুবুদ্ধির্বিভিদ্যতে। অন্য এষ তথান্যোঽহমিতি ভেদগতা সতী ॥ ১০ ॥
স এষ আত্মা স্বপরেত্যবুদ্ধিভির্দুরত্যয়ানুক্রমণো নিরূপ্যতে।

শ্রীধরস্বামী।

বান্তবঃ অতএব ত্বয়া বিমোহিত বুদ্ধীনাং ভবতামেব দৃষ্টঃ নতু মম তস্মৈ অচিন্ত্যমায়েশ্বরায় নমঃ ॥ ৯ ॥

অহো কিমেতৎ প্রলপসি তব বুদ্ধিভেদো যতো জাতস্তৎ কথয়েত্যাক্ষিপ্তঃ সন্ তৎপ্রসাদাদেবেত্যুত্তরমাহ ত্রিভিঃ। স ভগবান্ যদানুব্রতঃ অনুকূলো ভবতি তদা পশূনামিব বুদ্ধির্ভেদগতা হসতী মিথ্যা বিষয়া বিভিদ্যতে অভিন্নাত্মনিষ্ঠা ভবতি ॥ ১০ ॥

ভেদস্যাসত্বং দর্শয়ন্নাহ সএষ পরমাত্মৈব স্বঃ পর ইতিচ অবিবেকিভি নির্রূপ্যতে যুক্তঞ্চৈতৎ যতোযস্য বর্ত্মনি জিজ্ঞাসায়াং

ক্রমসন্দর্ভঃ।

সের্ষ্যায়া যস্য ভগবতো মায়য়া মোহিতধিয়াং স্বরূপ বিস্মরণ পূর্ব্বক দেহাত্ম বুদ্ধ্যা বিশেষেণ মোহিতবুদ্ধীনামসতাং যন্মায়য়ৈব পরঃ পরকীয়োঽর্থঃ। স্বীয়োয়মিত্যসদাগ্রহঃ কৃত তস্মৈ ভগবতে নমঃ। তেষাং তদাগ্রহশান্তয়ে তমেব নমস্করোমীত্যর্থঃ। স্ব শব্দোয়মাত্মবাচকতায়াং নপুংসকমেব স্যাৎ। স্বো জ্ঞাতাবাত্মনি স্বং ত্রিষাত্মীয়ে স্বোঽস্ত্রিয়াং ধনে ইত্যমরঃ। তস্মাদেবং ব্যাখ্যাতং ॥ ১।২।৩।৪।৫।৬।৭৮।৯ ॥

ততশ্চ স যদেতি কথঞ্চিন্মহতঃ প্রসঙ্গেন তৎসাংমুখ্যে সতি যদা স ভগবানমুকূলঃ স্যাত্তদা পূর্ব্বোক্ত্যা পশুবুদ্ধি র্বিভিদ্যতে নশ্যতীত্যর্থঃ। ততস্তামেব বিবৃত্য দর্শয়তি। অন্য ইতি। অর্থকাম শাস্ত্রানুসারিণাং ভক্তানমুগতানাং নশ্বরে সংঘাত এবাত্মতা মননাদিতি ভাবঃ ॥ ১০ ॥

স প্রসিদ্ধঃ পরমাত্মাতু এষ মদ্দৃষ্টি গোচরতামিব গতঃ। পূর্ব্বোক্তৈঃ স্বপরেত্যবুদ্ধিভিস্তু দুরত্যয়ানুক্রমণো নিরূপ্যতে। দুর্ব্বোধ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অসদ্গ্রাহঃ অসদাগ্রহঃ শ্লেষেণ পুংসাং সংসারসিন্ধুপতিতানাং গ্রাহো হিংস্র জলজন্তু বিশেষঃ কৃতঃ মায়য়া সৃষ্টঃ দৃষ্টঃ পূর্ব্বমনুমিত এবাসীৎ সংপ্রতিতু প্রত্যক্ষীকৃত ইত্যর্থঃ। অতো যূয়ং প্রতিক্ষণং চর্ব্ব্যধ্বে এবেতি ভাবঃ ॥ ৯ ॥

বুদ্ধিভেদোঽয়ং তব কুত ইত্যস্য প্রশ্নস্যোত্তরমাহ স ইতি। অনুব্রতোঽনুকূলঃ বিশেষেণ ভিদ্যতে বিদীর্য্যতে। পশু বুদ্ধিরেব কা তত্রাহ অন্যএষোঽস্মদ্বিপক্ষ স্তথাঽন্যোঽহমেতস্য ঘাতয়িতেতি ভেদং গতা অসতী অসাধুঃ। নহি গোপ্যং হি সাধুনামমিত্রোদ স্তবিদ্বিষামিতি ভগবদুক্তে র্বস্তুতত্ত্বাত্মদৃষ্ট্যা সর্ব্ব জীবানামৈক রূপ্যাৎ দেহ দৃষ্ট্যাপি সর্ব্বদেহানাং পঞ্চভূতাত্মকত্বাদ্ভেদো নাস্ত্যেবেতি ভাবঃ ॥ ১০ ॥

উক্ত লক্ষণ পশু বুদ্ধিমতাং সুদুর্জ্ঞেয় ইত্যাহ স ইতি। এষ পরমাত্মা স্বঃ স্বপক্ষঃ পরোবিপক্ষঃ ইতি কুৎসিতা বুদ্ধি র্যেষাং

আমাকে আক্ষেপ করিতেছে। অনন্তর আপনিই কহিলেন যাঁহার মায়ায় পুরুষদিগের আপন ও পর এই মিথ্যা অভিনিবেশ রচিত হইয়াছে, তাঁহাকে মায়ামোহিত সেই পুরুষেরাই দেখিতে পায় অর্থাৎ হে দ্বিজগণ! আপনাদের বুদ্ধি যাঁহার মায়াতে বিমোহিত, তিনি আপনাদের দর্শন গোচর হন, আমার দৃষ্ট হন না, অহো! সেই অচিন্ত্য মায়েশ্বর ভগবান্‌কে আমি নমস্কার করি ॥ ৯ ॥

অনন্তর এই প্রকার উক্তিতে দ্বিজগণ যেন তাঁহার বুদ্ধিভেদ অনুমান করিয়া আক্ষেপ করিতে লাগিলেন, এইরূপ মনে করিয়া কহিলেন, সেই ভগবান্ যখন পুরুষদিগের অনুকূল হন তখন পশুদের ন্যায় তাহাদের বুদ্ধি "এব্যক্তি অন্য এবং আমি অন্য" এবম্বিধ ভেদ প্রাপ্ত হইয়াও অভিন্নাত্মনিষ্ঠ হয়, পরন্তু ঐ বুদ্ধি মিথ্যা অর্থাৎ তাহার বিষয় অলীক মাত্র ॥ ১০ ॥

ফলতঃ নির্ব্বুদ্ধি লোকে সেই পরমাত্মাকেই "আত্মীয় ও পর" বলিয়া নিরূপণ করিয়া থাকে।

মুহ্যন্তি যদ্বর্ত্মনি বেদবাদিনো ব্রহ্মাদয়োহ্যেষ ভিনত্তি মে মতিঃ ॥ ১১ ॥

যথা ভ্রাম্যত্যয়ো ব্রহ্মন্ স্বয়মাকর্ষসন্নিধৌ। তথা মে ভিদ্যতে চেতশ্চক্রপাণের্যদৃচ্ছয়া ॥ ১২ ॥

শ্রীনারদ উবাচ ॥

এতাবদ্‌ব্রাহ্মণায়োক্ত্বা বিররাম মহামতিঃ। তং সন্নির্ভর্ৎস্য কুপিতঃ সুদীনো রাজসেবকঃ ॥ ১৩

শ্রীধরস্বামী।

ব্রহ্মাদয়ো মুহ্যন্তি তত্র হেতুঃ দুরন্বয়ং দুর্ঘটং অনুক্রমণমনুচরিতমনুবর্ণনং বা যস্য সঃ ॥ ১১ ॥

নহু নির্ব্বিকারস্য কথং মতিভেদকত্বং তত্রাহ যথা অয়ো লৌহং আকর্ষস্যায়স্কান্তস্য সমীপে স্বয়মেব ভ্রাম্যতি চেতসশ্চক্রপাণেঃ সন্নিধিরেব কুতোজাত স্তত্রাহ যদৃচ্ছয়েতি কস্য তপো দানাদেঃ ফলমেতদিতি নজ্ঞায়ত ইত্যর্থঃ ॥ ১২ ॥

রাজসেবক উবাচেতি শেষঃ ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভ।

রীতি স্তয়া নিশ্চীয়তে। অহো আসতাং তে যতস্তদ্বর্ত্মনি বেদবাদিনোপি মুহ্যন্তি। তেভ্যোসতাং ব্রহ্মাদয়োপি মুহ্যন্তীতি সএব এবচ মন্মতিং ভিনত্তি। ভবন্মতাৎ পৃথক্ করোতি ॥ ১১ ॥

নহু তেনৈব স্বমতির্ভিদ্যতে ন স্বপ্নাভিঃ। তথা তবৈব মতিস্তেন ভিদ্যতে ন স্বমাকমিতি কথং তত্রাহ। যথেতি। যদৃচ্ছয়া বৈরিতয়া কারণান্তর নিরপেক্ষতয়েত্যর্থঃ। যদৃচ্ছা বৈরিতেত্যমরঃ। আকর্ষায়সো র্যথাসৌ স্বভাব স্তথাবয়োরপীতি। যুক্তমেব তত্বদিত্যর্থঃ ॥ ১২ ॥

এতাবদিত্যর্দ্ধকং। তমিত্যর্দ্ধকং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তৈর্দুরন্বয়ং দুর্গমং অনুক্রমণং অনুসরণং যস্য সঃ। নচ সুবুদ্ধিভিঃ শাস্ত্রজ্ঞৈঃ সুগমমেব তদনুসরণমিতি বাচ্যমিত্যাহ যদ্বর্ত্মনি যৎ প্রাপ্তি মার্গে অনুসরণ রূপে ভক্তিযোগে বেদবাদিনো বেদার্থতাৎপর্য্যবিবেচকা অপি মুহ্যন্তি। যূয়ন্তু জ্ঞান লব দুর্ব্বিদগ্ধাঃ কিমুতেতিভাবঃ। এষ ভগবান্ মে মতিং ভিনত্তি যুষ্মন্মতিভ্যঃ সকাশাদ্ভিন্নাং করোতি ॥ ১১ ॥

সএব মতে র্ভেদঃ কিমাকার ইতি চেত্তত্রাহ যথা অয়োলোহং আকর্ষস্যায়স্কান্তস্য সন্নিধৌ স্বয়ং ভ্রাম্যতি তথৈব মে চেতঃ চক্রপাণেঃ সন্নিধৌ স্বয়মেব ভ্রাম্যতি ভিদ্যতে যুষ্মচ্চেতোভ্যঃ সকাশাদ্ভিন্নং ভবতি যদৃচ্ছয়েতি নাত্র সৎকর্ম্ম তপোদানাদের্হেতুত্বং সংভবতীত্যর্থঃ। অয়মর্থঃ। অয়স্কান্তেন স্বশক্ত্যৈব লোহমাকৃষ্য সংযুক্তীক্রিয়তে তত্র কিমপি কারণং প্রয়োজনঞ্চ নাস্তীত্য যস্কান্তস্য স্বভাবএব যথা তথৈব চক্রপাণেরপি স্বভাব এবায়ং যৎ কৃপাপরবশতয়া স্বভক্তস্য চেতসঃ স্বস্মিন্নাকর্ষণমিতি অত্র মম কিং স্বাতন্ত্র্যমস্তীতি ভাবঃ ॥ ১২ ॥

রাজসেবক উবাচেতি শেষঃ ॥ ১৩ ॥

তাহাদের এরূপ করা অসঙ্গত নহে, কেন না ব্রহ্মাদিও তাঁহাকে জানিতে গিয়া মুগ্ধ হন, তাহার কারণ তাঁহার বর্ণন দুর্ঘট। হে ব্রহ্মন্! তিনিই আমার বুদ্ধিভেদ করিতেছেন ॥ ১১ ॥

অপর হে দ্বিজ! যদিও তিনি নির্ব্বিকার, কাহারও বুদ্ধি ভেদ করেন না তথাচ লৌহ যদ্রূপ অয়স্কান্ত মণির (চুম্বক প্রস্তরের) সন্নিধানে স্বয়ং ভ্রমণ করে সেইরূপ চক্রপাণির যাদৃচ্ছিক সন্নিকর্ষ হেতু আমার চিত্ত আপনা হইতেই এরূপ ভেদ প্রাপ্ত হইয়াছে। কিন্তু ইহা কোন্ তপস্যা বা দানাদির ফল, তাহা আমি নির্ণয় করিতে পারি নাই ॥ ১২ ॥

নারদ কহিলেন হে রাজন্! মহামতি প্রহ্লাদ ব্রাহ্মণকে এই প্রকার কহিয়া বিরত হইলেন। তৎশ্রবণে সুদীন রাজসেবক অর্থাৎ প্রহ্লাদের শিক্ষক অতিশয় কুপিত হইল এবং রোষ বশতঃ প্রহ্লাদকে তিরস্কার করিয়া কহিতে লাগিল ॥ ১৩ ॥

আনীয়তামরে বেত্রমস্মাকমযশস্করঃ। কুলাঙ্গারস্য দুর্ব্বুদ্ধেশ্চতুর্থোঽস্যোদিতোদমঃ॥ ১৪॥
দৈতেয়চন্দনবনে জাতোঽয়ং কণ্টকদ্রুমঃ। যন্মূলোন্মূল পরশোর্বিষ্ণোর্নালায়িতোঽর্ভকঃ॥ ১৫॥
ইতি তং বিবিধোপায়ৈর্ভীষয়ং স্তর্জনাদিভিঃ। প্রহ্লাদং গ্রাহয়ামাস ত্রিবর্গস্যোপপাদনং॥ ১৬॥
তত এনং গুরুর্জ্ঞাত্বা জ্ঞাতজ্ঞেয়চতুষ্টয়ং। দৈত্যেন্দ্রং দর্শয়ামাস মাতৃমৃষ্টমলঙ্কৃতং।
পাদয়োঃ পতিতং বালং প্রতিনন্দ্যাশিষাসুরঃ। পরিষ্বজ্য চিরং দোর্ভ্যাং পরমামাপ নির্বৃতিং।

শ্রীধরস্বামী।

বেত্রং কশা উপায়ানাং মধ্যে চতুর্থোদমো দণ্ডোঽস্য দুর্ব্বুদ্ধে রুদিত উক্তঃ শাস্ত্রেষু দুর্ব্বুদ্ধিত্বে হেতুঃ কুলস্যাঙ্গার বন্নাশহেতোঃ॥ ১৪॥

তৎকৃতস্তত্রাহ দৈতেয়া এব চন্দন দ্রুমাস্তেষাং বনেঽয়ং কণ্টকদ্রুমতুল্যোজাত স্তদেবাহ যস্য দৈত্যবনস্য মূলোন্মূলনে পরশু স্থানীয়স্য বিষ্ণোরয়মর্ভক এব নালায়িতঃ নালসিবাচরৎ। যথা পরশোশ্ছেদকত্বে বদরাদিদ্রুমো নির্ম্মিতো দণ্ডঃ সহকারী তং বিনা ছেদনাসম্ভবাৎ তথায়ং বিষ্ণো র্দৈত্য মূলচ্ছেদে হেতুর্জাত ইত্যর্থঃ॥ ১৫॥

ইতি তং প্রহ্লাদং ভীষয়ন্ ধর্ম্মার্থ কাম ত্রিবর্গস্য প্রতিপাদকং শাস্ত্রমধ্যাপয়ামাস॥ ১৬॥

জ্ঞাতং জ্ঞেয়মুপায়ানাং চতুষ্টয়ং যেন তং জ্ঞাত্বা দৈত্যেন্দ্রং প্রতি মাত্রা মৃষ্টং উদ্বর্ত্ত্য স্নাপিতং॥ ১৭॥

ক্রমসন্দর্ভঃ।

আনীয়তামিত্যস্যাদ্যে চরণে যুষ্মাভিরিতি। দ্বিতীয়ে যস্মাদয়মিতি পরার্দ্ধে যতো যস্যেত্যধ্যাহার্য্যং। আনয়ধ্বমরে বেত্রমিত্যাদিক তয়াতু যন্নোক্তং তৎ খলু তস্য কোমলতাং দৃষ্ট্বা নাতিস্পষ্টং কর্ত্তুং শক্যত্বাদিতি গম্যতে॥ ১৪॥

পুনশ্চ সএব তাদৃশ পরম শুদ্ধ রূপস্য বিষ্ণোর্নালায়িত ইত্যসামঞ্জস্য মতীবেতি ভাবঃ॥ ১৫॥ ১৬॥ ১৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

বেত্রং প্রহরণদণ্ডবিশেষঃ। যদয়মযশস্কর স্ততোঽস্য দুর্বুদ্ধে রুপায়ানাং মধ্যে চতুর্থোদমো দণ্ডএব উদিত উক্তঃ শাস্ত্রেষু॥ ১৪॥

যস্য বনস্য মূলোন্মূলনে পরশু স্থানীয়স্য বিষ্ণো র্নালায়িতো দণ্ডস্থানীয়ঃ লোকেহি পরশোর্দণ্ডো বর্বুর এব প্রসিদ্ধঃ সচ কণ্টকদ্রুমঃ॥ ১৫॥ গ্রাহয়ামাস গ্রাহয়িতুং যততেস্মেত্যর্থঃ॥ ১৬॥

জ্ঞাতং জ্ঞেয়ং জ্ঞাতুমর্হং চতুষ্টয়ং সামদান ভেদ দণ্ডাত্মকমুপায় চতুষ্কং যেন তং॥

অরে বেত্র আন্‌ত, এ দুষ্টটা আমাদের অযশঃ করিতেছে, এ কুলাঙ্গার অতিশয় দুর্ব্বুদ্ধি, ইহার প্রতি সাম দান ভেদ দণ্ড এই উপায় চতুষ্টয়ের মধ্যে চতুর্থই অর্থাৎ দণ্ডই শাস্ত্র বিহিত॥ ১৪॥

কি আক্ষেপের বিষয়! দানব রূপ চন্দন বনে এ কুলাঙ্গা[illegible]টা কণ্টক বৃক্ষ স্বরূপ হইয়া জন্মিয়াছে, বনের উন্মূলন বিষয়ে কুঠার রূপ যে বিষ্ণু তাহার নাল (দ[illegible] স্বরূপ) হইতেছে! অর্থাৎ যেমন কুঠার যখন ছেদন করে তখন বাবলা কাষ্ঠ নির্ম্মিত দণ্ড তাহার [illegible]হকারী হয়, কারণ দণ্ড ব্যতিরেকে কেবল কুঠারে কখন ছেদন সম্ভবে না, তেমনি এ দুষ্টও বিষ্ণুর দানব বন ছেদনে সহকারী হইয়া জন্মিয়াছে॥ ১৫॥

হে রাজন্ যুধিষ্ঠির! প্রহ্লাদের আ[illegible]র্য্য এই প্রকারে তর্জনাদি বিবিধ উপায় দ্বারা ভয় দেখাইয়া পুনরায় কিয়ৎকাল তাহাকে ধর্ম্ম, অর্থ, কাম, এই ত্রিবর্গের প্রতিপাদন শাস্ত্র পাঠ করাইলেন॥ ১৬॥

তদনন্তর গুরু জানিতে [illegible]রিলেন এই বালক সামদানাদি জ্ঞাতব্য উপায় চতুষ্টয় অবগত হইয়াছে, অতএব তাঁহাকে রাজসদনে লইয়া গেলেন। তথায় প্রহ্লাদের জননী প্রহ্লাদকে উদ্বর্তন দ্বারা স্নান করাইয়া অলঙ্কৃত করিয়া দিলে আচার্য্য দৈত্যপতির সহিত সাক্ষাৎ করিয়া দিলেন। পিতৃ সন্নিধানে উপনীত হইয়া প্রহ্লাদ প্রণামার্থ চরণে পতিত হইলে দৈত্যপতি আশীর্ব্বাদ করিয়া মস্তকে ধরিয়া

আরোপ্যাঙ্কমুপাঘ্রায় মূর্দ্ধন্যশ্রুকলাম্বুভিঃ । আসিঞ্চন্ বিকসদ্বক্ত্র ইদমাহ যুধিষ্ঠির ।
প্রহ্লাদানূচ্যতাং তাত স্বধীতং কিঞ্চিদুত্তমং । কালেনৈতাবতায়ুষ্মন্ যদশিক্ষদ্গুরোর্ভবান্ ॥১৭॥

শ্রীপ্রহ্লাদ উবাচ ॥

শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনং । অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনং ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী ।

পাদসেবনং পরিচর্য্যা অর্চ্চনং পূজা দাস্যং কর্ম্মার্পণং সখ্যং তদ্বিশ্বাসাদি আত্মনিবেদনং দেহসমর্পণং যথা বিক্রীতস্য গবাশ্বাদের্ভরণ পালনাদি চিন্তা ন ক্রিয়তে তথা দেহং তস্মৈ সমর্প্য তচ্চিন্তাবর্জনমিত্যর্থঃ ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ ।

শ্রবণমিতি যুগ্মকং । তত্র শ্রবণং নাম রূপ গুণ পরিকর লীলাময় শব্দানাং শ্রোত্রস্পর্শঃ এবং কীর্ত্তন স্মরণয়োরপি ক্রমো জ্ঞেয়ঃ । স্মরণং যৎ কিঞ্চিন্মনসানুসন্ধানং । পাদসেবনং কালদেশাদ্যুচিতপরিচর্য্যা । অর্চ্চনং বিষ্ণুপূজা । বন্দনং নমস্কারঃ । দাস্যং তদ্দাসোস্মীত্যভিমানঃ । সখ্যং বন্ধুভাবেন তদীয়হিতাশংসনং । আত্মনিবেদনং দেহাদি শুদ্ধাত্ম পর্য্যন্তস্য সর্ব্বতোভাবেন তস্মিন্নেবার্পণং । ইতি নব লক্ষণানি যস্যাঃ সা ভগবতি তদ্বিষয়িকা । অদ্ধা সাক্ষাদ্রূপা নতু কর্ম্মাদ্যর্পণ রূপ পরম্পরা ভক্তিরিয়ং তত্রাপি শ্রীবিষ্ণুরেবার্পিতা তদর্থমেবেদমিতি ভাবিতা নতু ধর্ম্মার্থাদিষ্বর্পিতা । এবমেবং ভূতা চেৎ ক্রিয়েত তদা তেন কর্ত্রা যদধীতং তদুত্তমং মন্যে ইত্যর্থঃ । তথাচ শ্রীগোপালতাপনী শ্রুতিঃ । ভক্তিরস্য ভজনং তদিহামুত্রোপাধি নৈরাশ্যেনামুষ্মিন্ মনঃকল্পনমেতদেব নৈষ্কর্ম্ম্যমিতি । অত্র নব লক্ষণ সমুচ্চয়োনাবশ্যকঃ । একেনৈবাঙ্গেন সাধ্যা ব্যভিচার শ্রবণাৎ ক্বচিদন্যাঙ্গমিশ্রণন্তু তথাপি ভিন্ন শ্রদ্ধা রুচিত্বাৎ । ততো নব লক্ষণ শব্দেন সামান্যোক্ত্যা তন্মাত্রানুষ্ঠানং বিধীয়ত ইতি জ্ঞেয়ং । নব লক্ষণত্বং চাস্যাঃ । অন্যেষামপ্যঙ্গানাং তদন্তর্ভাবাদ্যুক্তং । কিঞ্চিচ্চাত্র বিশিষ্য লিখ্যতে । তদেবং নামাদি শ্রবণ ভক্ত্যঙ্গ ক্রমঃ । তত্র যদ্যপ্যেক তরেণাপি ব্যুৎক্রমেণাপি সিদ্ধি র্ভবত্যেব । তথাপি প্রথমং নাম্নঃ শ্রবণমন্তঃকরণ শুদ্ধার্থমপেক্ষ্যং । শুদ্ধেচান্তঃকরণে রূপ শ্রবণেন তদুদয়যোগ্যতা ভবতি । সম্যগুদিতেচ রূপে গুণানাং স্ফুরণং সংপদ্যেত সম্পন্নেচ গুণানাং স্ফুরণে পরিকর বৈশিষ্ট্যেন তদ্বৈশিষ্ট্যং সম্পদ্যতে । ততস্তেষু নামরূপ গুণ পরিকরেষু সম্যক্ স্ফুরিতেষু লীলানাং স্ফুরণং সুষ্ঠু ভবতীত্যভিপ্রেত্য সাধনক্রমো লিখিতঃ । এবং কীর্ত্তন স্মরণয়োশ্চ জ্ঞেয়ং । ইদঞ্চ শ্রবণং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

সুষ্ঠু অধীতং সংশয়াদিরহিতং অনু অনুকূলং গুরোর্হিরণ্যকশিপুমতে শুক্রাচার্য্যাত্মজাৎ প্রহ্লাদমতে নারদাৎ ॥ ১৭ ॥

বিপ্রাধমস্নোরনয়ো গুরুত্বং নাস্তীতি গুরোঃ শ্রীনারদাৎ সকাশাৎ কেবলাং ভক্তিমেবাহমশিক্ষমতস্তামেব ব্রবীমি ইতি মনসি কৃত্বাহ শ্রবণমিতি পাদসেবনং পরিচর্য্যা অর্চ্চনং পূজা দাস্যং স্বস্য দাসত্ব ভাবনা সখ্যং স্বস্য তন্মিত্রত্ব ভাবনা দৃঢ় বিশ্বাসশ্চ আত্মনিবেদনং আত্ম সমর্পণং দেহ সমর্পণঞ্চ তচ্চ ভাববিশেষেণ সহিতং রহিতঞ্চ যথা রুক্মিণ্যাদীনাং বৈরোচন্যাদীনাঞ্চ পুংসা পুংমাত্রেণেতি নাত্রবর্ণাশ্রমাদিনিয়ম ইতি [illegible] । পুংশব্দস্য জীবমাত্রবাচকত্বাৎ স্ত্রিয়াপি নবলক্ষণানি যস্যা ইত্যেষাং মধ্যে কিমপি কৃতঞ্চেত্তদা ভক্তিরিত্যর্থঃ । [illegible] অদ্ধা সাক্ষাদেব নতু [illegible] কর্ম্মাদে র্ব্যবধানেনেত্যর্থঃ । সাচ অর্পিতৈব সতী যদি ক্রিয়েত নতু কৃতা পশ্চাদর্প্যেতেতি শ্রী[illegible]নিচরণাঃ । যদ্বা । সা যদি বিষ্ণৌ অর্পিতা ক্রিয়েত বিষ্ণুসুখোদ্দেশেনৈব নতু তৎফলস্য স্বস্মিন্ বিনিয়োগে নবক্যাতিলাষ শূন্যং তদা উত্তমং অধীতং মন্যে ইতি উত্তমা ভক্তিরিতি ভাবঃ ॥ ১৮ ॥

তুলিল এবং দুই বাহু দ্বারা আলিঙ্গন করিয়া পরম আনন্দ অনুভব করিল । তদনন্তর ক্রোড়ে আরোপণ করিয়া শিরশ্চুম্বন পূর্ব্বক অশ্রুজলে অভিষেক করিতে করিতে প্রফুল্ল বদনে জিজ্ঞাসা করিল বৎস ! এতকাল গুরুগৃহে থাকিয়া যাহা২ শিক্ষা করিলে তন্মধ্যে যাহা উত্তম, কিঞ্চিৎ শুনাও দেখি ॥১৭

প্রহ্লাদ কহিলেন পিতঃ ! শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন ( পরিচর্য্যা ) অর্চ্চন, বন্দন, দাস্য ( কর্ম্মার্পণ ) সখ্য ( বিশ্বাস ) এবং আত্ম নিবেদন ( দেহ সম[illegible] ) ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

শ্রীমহন্মুখরিতং সম্মাহাত্ম্যং জাতরুচীনাং পরম সুখদং তচ্চ দ্বিবিধং। মহদাবির্ভাবিতং মহৎ কীর্ত্ত্যমানঞ্চেতি। তত্রাপি শ্রবণে শ্রীভাগবত শ্রবণন্তু পরম শ্রেষ্ঠং। তস্য তাদৃশ প্রভাবময় শব্দাত্মকত্বাৎ পরম রসময়ত্বাচ্চ। অত্র মূর্ত্যাভিমতয়ান ইতি বল্লিজা-ভীষ্টনামাদি শ্রবণন্তু মুহুরাবর্ণয়িতব্যং। তত্রাপি সবাসন মহানুভাবমুখাৎ সর্ব্বস্য শ্রীকৃষ্ণনামাদি শ্রবণন্তু পরমভাগ্যাদেব সংপদ্যতে। তস্য পূর্ণ ভগবত্ত্বাৎ ইতি। এবং সঙ্কীর্ত্তনাদিষ্বপ্যনুসন্ধেয়ং। তত্র যৎ স্বয়ং সংপ্রতি কীর্ত্ত্যতে। তদপি শ্রীশুক দেবাদি মহৎ কীর্ত্তিত চরত্বেনানুসন্ধায় কীর্ত্তনীয়মিতি। তদেবং শ্রবণং দর্শিতং। অস্য কীর্ত্তনাদিতঃ পূর্ব্বত্বং তদ্বিনা তত্তদজ্ঞানাৎ। বিশেষতশ্চ যদি সাক্ষাদেব মহৎ কৃতস্য কীর্ত্তনস্য শ্রবণ ভাগ্যং সংপদ্যতে তদৈব স্বয়ং পৃথক্ কীর্ত্তনীয়মিতি তৎ প্রাধান্যাৎ এবমেবোক্তং। তত্বাগ্বিসর্গ ইত্যাদৌ টীকাকৃদ্ভিঃ যৎ যানি নামানি বক্তরি সতি শৃণ্বন্তি। শ্রোতরি সতি গৃণন্তি। অন্যদাতু স্বয়মেব গায়ন্তীতি। অথাতঃ কীর্ত্তনং। তত্র পূর্ব্ববৎ নামাদি ক্রমোজ্ঞেয়ঃ। নামকীর্ত্তনঞ্চেদমুচ্চৈরেব প্রশস্তং। নামান্যনন্তস্য হতত্রপঃ পঠন্নিত্যাদৌ। অত্র যথোপদিষ্টং কলিযুগপাবনাবতারেণ শ্রীভাগবতা। তৃণাদপি সুনীচেন তরোরপি তিতিক্ষুণা। অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিরিতি। ইয়ঞ্চ কীর্ত্তনাখ্যা ভক্তি র্ভগবতো দ্রব্য জাতি গুণ ক্রিয়া দীন জনৈক বিষয়াপার করুণাময়ীতি শ্রুতি পুরাণাদি বিশ্রুতিঃ। কলৌ তদ্দীনত্ব যথা ব্রহ্মবৈবর্ত্তে। অতঃ কলৌ তপোযোগ বিদ্যা যজ্ঞাদিকাঃ ক্রিয়াঃ। সাঙ্গা ভবন্তি ন কৃতাঃ কুশলৈরপি দেহিভিরিতি। অতএব কলৌ স্বভাবত এবাতি দীনেষু লোকেষ্বাবির্ভূয়তাননায়াসেনৈব তত্তৎযুগ গত মহাসাধনানাং সর্ব্বমেব ফলং দদানা সা কৃতার্থয়তি। যতএব কলৌ ভগবতো বিশেষতশ্চ সন্তোষো ভবতি। অত্র কলি প্রসঙ্গেন কীর্ত্তনস্য গুণোৎকর্ষ ইতি বক্তব্যং। ভক্তিমাত্রে কাল দেশাদি নিয়মস্য নিষিদ্ধত্বাৎ। তস্মাৎ সর্ব্বত্রৈব যুগে শ্রীমৎ কীর্ত্তনস্য সমানমেব সামর্থ্যং। কলৌতু শ্রীভগবতা কৃপয়া তদ্গ্রাহ্যং ইত্যপেক্ষয়ৈব তত্তৎ প্রশংসেতি স্থিতং। অতএব যদান্যা ভক্তিঃ কলৌ কর্ত্তব্যা তদা তৎ সংযোগেনৈবেত্যুক্তং। যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈ র্যজন্তিহি সুমেধস ইতি। অত্রচ স্বতন্ত্রমেব নাম কীর্ত্তনমত্যন্ত প্রশস্তং। হরে র্নাম হরে র্নাম হরে র্নামৈব কেবলং। কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথেত্যাদৌ। অত্র পাদ্মোক্তা দশাপরাধাঃ ত্যাজ্যাঃ। যথা সনৎকুমারবাক্যে। সর্ব্বাপরাধ কৃদপি মুচ্যতে হরিসংশ্রয়ঃ। হরেরপ্যপরাধান্ যঃ কুর্য্যাদ্দ্বিপদপাংসনঃ। নামাশ্রয়ঃ কদাচিৎ স্যাৎ তরত্যেব স নামতঃ। নাম্নোপি সর্ব্বসুহৃদো হ্যপরাধাৎ পতত্যধঃ। অপরাধাশ্চ সংক্ষিপ্য লিখ্যন্তে। যথা। সতাং নিন্দা ১ শ্রীবিষ্ণোঃ সকাশাচ্ছিবনামাদেঃ স্বাতন্ত্র্য মননং ২ গুর্ব্ববজ্ঞা ৩ শ্রুতি তদনুগত শাস্ত্র নিন্দনং ৪। হরিনাম মহিম্নি অর্থবাদমাত্রমিতি মননং ৫। তত্র প্রকারান্তরেণার্থ কল্পনং ৬। নাম বলেন পাপে প্রবৃত্তিঃ ৭। অন্য শুভ ক্রিয়াভি র্নাম সাম্য মননং ৮। অশ্রদ্দধানে বিমুখেপ্যশৃণ্বতি নামোপদেশঃ ৯। নাম মাহাত্ম্যে শ্রুতেপ্যপ্রীতিরিতি ১০। এতেষামপরাধানামনন্য প্রায়শ্চিত্তং চোক্তং তত্রৈব। নামাপরাধযুক্তানাং নামান্যেব হরন্ত্যঘং। অবিশ্রান্ত প্রযুক্তানি তান্যেবার্থকরাণিচেতি। সংস্বপ্যপরাধেতু তৎ সন্তোষণার্থমেব সন্তত নাম কীর্ত্তনাদিকং সমুচিতং। অম্বরীষ চরিতাদৌ তদেক ক্ষম্যত্বে নামাপরাধানাং দর্শনাৎ। উক্তঞ্চ নামকৌমুদ্যাং। মহদপরাধস্য ভোগএব নিবর্ত্তক স্তদনুগ্রহোবেতি। অতএবোক্তং শ্রীশিবং প্রতি দক্ষেণ। যোসৌ ময়াবিদিততত্ত্বদৃশা সভায়ামিত্যাদি। অস্মিন্ কীর্ত্তনে নিজ দৈন্য নিজাভীষ্ট বিজ্ঞপ্তি স্তব পাঠাবপ্যন্তর্ভাবৌ। তথাত্র শ্রীভাগবতস্থিত নামাদি কীর্ত্তনস্য পূর্ব্ববদন্যদীয় নামাদি কীর্ত্তনাদধিকং জ্ঞেয়ং। অথ কীর্ত্তনাদিভিঃ শুদ্ধান্তঃকরণশ্চেদেতন্নির্ব্বিদ্যমানানামিত্যাদ্যুক্তত্বান্নামকীর্ত্তনাপরিত্যাগেন স্মরণং কুর্য্যাৎ। যদেব নামাদি সম্বন্ধিত্বেন বহুবিধং ভবতি। তচ্চ পঞ্চবিধং যৎ কিঞ্চিদনুসন্ধানং স্মরণং। সর্ব্বতশ্চিত্তমাকৃষ্য সামান্যাকারে মনোধারণং ধারণা। বিশেষতো রূপাদিচিন্তনং ধ্যানং অমৃতধারাবদনবচ্ছিন্নং তৎ ধ্রুবানুস্মৃতিঃ। ধ্যেয়মাত্র স্ফুরণং সমাধিরিতি। কচিল্লীলাদি যুক্তেচ তস্মিন্ অন্যাস্ফূর্ত্তিঃ সমাধিঃ স্যাৎ। এতজ্রূপোদাসাদি ভক্তানাং। পূর্ব্বন্তু প্রায়ঃ শান্ত ভক্তানাং। অথ রুচিঃ শক্তিশ্চ চেত্তদপরিত্যাগেন পাদসেবাচ কর্ত্তব্যা। সেবা স্মরণ সিদ্ধার্থং সা কৈশ্চিৎ ক্রিয়তে। পাদ সেবায়াং পাদশব্দো ভক্ত্যৈব নির্দ্দিষ্টঃ। ততঃ সেবায়াঃ সাদরত্বং বিধীয়তে। অস্য শ্রীমূর্ত্তি দর্শন স্পর্শন পরিক্রমানুব্রজন ভগবন্মন্দির গঙ্গা পুরুষোত্তম দ্বারকা মথুরাদি তদীয় তীর্থ স্থান গমনাদয়োপ্যন্তর্ভাব্যাঃ। তৎ পরিকরপ্রায়ত্বাৎ গঙ্গাদীনাং পরম ভাগবতত্ব পক্ষে তু তৎ সেবাদিকং মহৎ সেবাদাবেব পর্য্যবস্যতি। তুলসীসেবাচ তস্যাশ্চৈবান্তর্ভাব্যা ততো মহতামিব গঙ্গাদীনাং ভক্তি নিদানত্বং। অথার্চ্চনং। তস্মার্গে শ্রদ্ধা চেদাশ্রিত ... কৃত্বং বিশেষতঃ পৃচ্ছেৎ। যদ্যপি শ্রীভাগবতমতে পঞ্চরাত্রাদিবদর্চ্চন মার্গস্যাবশ্যকত্বং নাস্তি। তদ্বিনাপি শ্র... রণে ... তথাপি পুরুষার্থ সিদ্ধেরভিহিতত্বাৎ। তথোক্তং প্রাচীনৈরপি। শ্রীবিষ্ণোঃ শ্রবণে পরীক্ষিদভবদ্বৈয়াসকিঃ কীর্ত্তনে ... স্মরণে তদঙ্ঘ্রি ভজনে লক্ষ্মীঃ পৃথুঃ পূজনে। অক্রূর স্তভিবন্দনে

### ক্রমসন্দর্ভঃ ।

কপিপতির্দাস্যে সখ্যেঽর্জ্জুনঃ সর্ব্বস্বাত্মনিবেদনে বলিরভূৎ কৃষ্ণাপ্তিরেষাং পরমিতি । তথাপি শ্রীনারদাদিবর্ত্মানুসরদ্ভিঃ শ্রীভগবতা সহ সম্বন্ধবিশেষং দীক্ষাবিধানেন শ্রীগুরুচরণসংপাদিতং চিকীর্ষদ্ভিঃ কৃতায়াং দীক্ষায়ামর্চ্চনমবশ্যং ক্রিয়েতৈব । যেতু সংপত্তিমন্তো গৃহস্থা স্তেষাং ত্বর্চ্চনমার্গ এব মুখ্যঃ । তদকৃত্বাহি নিষ্কিঞ্চনবৎ কেবল স্মরণাদি নিষ্ঠত্বে বিত্তশাঠ্য প্রতিপত্তিঃ স্যাৎ । পরদ্বারা সংপাদনং ব্যবহারনিষ্ঠত্বস্যালসত্বস্য বা প্রতিপাদকং । ততো শ্রদ্ধাময়ত্বাদ্ধীনমেব তৎ । কিঞ্চ । গৃহস্থানাং পরিচর্য্যা মার্গে দ্রব্য সাধ্যতয়া তদর্চ্চনমার্গাদবিশেষেণ প্রাপ্তেপ্যর্চ্চনমার্গস্য প্রাধান্যং অত্যন্ত বিধিসাপেক্ষত্বাত্তেষাং । তথা গার্হস্থ্য ধর্ম্মস্য দেবতা যাগ রূপস্য শাখা পল্লবাদিসেক স্থানীয়স্য মূলসেক রূপং তদর্চ্চনমিত্যপি তদকরণে মহান্ দোষঃ । দীক্ষিতানাং চ সর্ব্বেষাং তদকরণে নরকপাতঃ শ্রূয়তে । অশক্তমযোগ্যং প্রতিচায়েয়ে । পূজিতং পূজ্যমানং বা যঃ পশ্যেদ্ভক্তিতো হরিং । শ্রদ্ধয়া মোদয়েদ্যস্তু সোপি যোগফলং লভেদিতি । যোগোঽত্র পাঞ্চরাত্রাদ্যুক্তঃ ক্রিয়াযোগঃ । কিন্ত্বাস্মিন্নর্চ্চন মার্গে অবশ্যং বিধিরপেক্ষণীয়ঃ । তত্র বৈষ্ণবসংপ্রদায় এব প্রমাণং । ননু ভগবন্নামাত্মকা এব মন্ত্রাঃ তত্র বিশেষেণ নমঃ শব্দাদ্যলঙ্কৃতাঃ । শ্রীভগবতা শ্রীমদৃষিভিশ্চাহিত শক্তি বিশেষাঃ শ্রীভগবতা সমমাত্ম সম্বন্ধবিশেষ প্রতিপাদকাশ্চ । তত্র কেবলানি ভগবন্নামান্যপি নিরপেক্ষাণ্যেব পরম পুরুষার্থ ফলপর্য্যন্তদান সমর্থানি । ততো মন্ত্রেষু নামতোঽপ্যধিক সামর্থ্যে লব্ধে কথং দীক্ষাদ্যপেক্ষা উচ্যতে । যদ্যপি স্বরূপতো নাস্তি তথাপি প্রায়ঃ স্বভাবতো দেহাদি সম্বন্ধেন কদর্য্যশীলানাং বিক্ষিপ্ত চিত্তানাং জনানাং তৎ সংকোচীকরণায় শ্রীমদৃষি প্রভৃতিভিরত্রার্চ্চন মার্গে কচিৎ কাচিন্মর্য্যাদাস্থাপিতাস্তি । তত স্তদুল্লঙ্ঘনে শাস্ত্রং প্রায়শ্চিত্তমুদ্ভাবয়তি । তত উভয়মপি সমঞ্জসমিতি । তদেতদর্চ্চনং দ্বিবিধং । কেবলং কর্ম্মমিশ্রঞ্চ । তয়োঃ পূর্ব্বং নিরপেক্ষাণাং শ্রদ্ধাবতাং । উত্তরং ব্যবহার চেষ্টাতিশয়বতা যাদৃচ্ছিক ভক্ত্যনুষ্ঠানবত্তাদিলক্ষণ লক্ষিত শ্রদ্ধানাং । তথা তদ্বৈপরীত্য লক্ষিত শ্রদ্ধানামপি প্রতিষ্ঠিতানাং ভক্তিবার্ত্তানভিজ্ঞবুদ্ধিষু সাধারণ বৈদিক কর্ম্মানুষ্ঠানলোপোপি মাভূদিতি লোকসংগ্রহপরাণাং গৃহস্থানাং দর্শিতং । অস্যাঙ্গানি চাগমাদৌ জ্ঞেয়ানি । তথা শ্রীকৃষ্ণজন্মাষ্টমী কার্ত্তিকাদি ব্রতৈকাদশী ব্রতাদিকং অত্রৈবান্তর্ভাব্যং । অথাস্মিন্ পাদসেবনার্চ্চন মার্গেঽপরাধা স্ত্যাজ্যাঃ । তত্রাগমোক্তানুসারেণ লিখ্যন্তে । যানৈর্ব্বা পাদুকৈর্ব্বাপি গমনং ভগবদ্গৃহে । দেবোৎসবাদ্যসেবাচ অপ্রণাম স্তদগ্রতঃ । উচ্ছিষ্টে বাপ্যশৌচে বা ভগবদ্বন্দনাদিকং । একহস্তপ্রণামশ্চ তৎ পুরস্তাৎ প্রদক্ষিণং । পাদপ্রসারণঞ্চাগ্রে তথাপর্য্যঙ্কবন্ধনং । শয়নং ভক্ষণঞ্চাপি মিথ্যাভাষণমেবচ । উচ্চৈর্ভাষা মিথো জল্পোরোদনানিচ বিগ্রহঃ । নিগ্রহানুগ্রহৌ চৈব নৃষু চ ক্রূরভাষণং । কম্বলাবরণঞ্চৈব পরনিন্দা পরস্তুতিঃ । অশ্লীল ভাষণঞ্চৈব অধোবায়ু বিমোক্ষণং । শক্তৌ গৌণোপচারশ্চ অনিবেদিত ভক্ষণং । তত্তৎ কালোদ্ভবানাঞ্চ ফলাদীনামনর্পণং । বিনিযুক্তাবশিষ্টস্য প্রদানং ব্যঞ্জনাদিকে । পৃষ্ঠী কৃত্যাসনঞ্চৈব পরেষামভিবাদনং । গুরৌ মৌনং নিজস্তোত্রং দেবতানিন্দনং তথা । অপরাধা স্তথা বিষ্ণোর্দ্বাত্রিংশৎ পরিকীর্ত্তিতাঃ । বারাহে চ । যেন্যোপরাধাস্তে সংক্ষিপ্য লিখ্যন্তে । রাজান্নভক্ষণং । ধ্বান্তাগারে হরেঃ স্পর্শঃ । বিধিং বিনা হর্য্যুপসর্পণং । বাদ্যং বিনা তদ্দ্বারোদ্ঘাটনং । কুক্কুর দৃষ্ট ভক্ষ্য সংগ্রহঃ । অর্চ্চনে মৌনভঙ্গঃ পূজাকালে বিড়ুৎসর্গায় গমনং । গন্ধমাল্যাদিক মদত্বা ধূপনং । অনর্হ পুষ্পেণ পূজনং তথা অকৃত্বা দন্তকাষ্ঠঞ্চ কৃত্বা নিধুবনং তথা । স্পৃষ্ট্বা রজস্বলাং দীপং তথা মৃতকমেবচ । রক্তং নীল মধৌতঞ্চ পারক্যং মলিনং পটং । পরিধায় মৃতং দৃষ্ট্বা বিমুচ্যাপান মারুতং । ক্রোধং কৃত্বা শ্মশানঞ্চ গত্বা ভুক্ত্বাপ্যজীর্ণ ভুক্ । ভুক্ত্বা কুসুম্ভং পিণ্যাকং তৈলাভ্যঙ্গং বিধায়চ । হরেঃ স্পর্শো হরেঃ কর্ম্মকরণং পাতকাবহং । তথা তত্রৈবান্যত্র । ভগবচ্ছাস্ত্রানাদরেণ তৎ প্রতিপত্তিঃ । অন্যশাস্ত্রপ্রবর্ত্তনং । তদগ্রত স্তাম্বূল চর্ব্বণং । এরণ্ডপত্রস্থ পুষ্পৈরর্চ্চনং । আসুর কালে পূজা । পীঠে ভূমৌ চোপবিশ্য পূজনং । স্নপন কালে বামহস্তেন তৎ স্পর্শঃ । পর্য্যুষিতৈ র্যাচিতৈর্ব্বাপুষ্পৈ রর্চ্চনং । পূজায়াং ষ্ঠীবনং । তস্যাং স্বগর্ব্ব প্রতিপাদনং । তির্য্যক্ পুণ্ড্র ধৃতিঃ । অধৌতপদত্বেপি তন্মন্দির প্রবেশঃ । অবৈষ্ণবপক্বনিবেদনং । অবৈষ্ণব দৃষ্টৌ পূজনং । বিঘ্নেশমপূজয়িত্বা কপালিনং দৃষ্ট্বা বা পূজনং । নখাম্ভসা স্নপনং । ঘর্ম্মাম্বুলিপ্তত্বেপি পূজনং । ইত্যাদয়ঃ । অন্যত্র । নির্ম্মাল্য লঙ্ঘনং ভগবচ্ছপথাদয়োন্যেচ বহবঃ । অথ তথাপি প্রামাদিকে ভগবদপরাধে পুন স্তৎ প্রসাদনানি কর্ত্তব্যানি । যথা স্কান্দে অবন্তীখণ্ডে শ্রীব্যাসবাক্যং । অহন্যহনি যো মর্ত্ত্যো গীতাধ্যায়ং পঠেত্তু বৈ । দ্বাত্রিংশদপরাধাংস্তু ক্ষমতে তস্য কেশব ইতি । তত্রৈব দ্বারকা মাহাত্ম্যে । সহস্র নাম মাহাত্ম্যং যঃ পঠেৎ শৃণুয়াদপি । অপরাধ সহস্রাণি ন স লিপ্যেৎ কদাচনেতি ।

তত্রৈব রেবাখণ্ডে । দ্বাদশ্যাং জাগরে বিষ্ণোর্যঃ পঠেত্তুলসীস্তবং । দ্বাত্রিংশদপরাধান্ হি ক্ষমতে তস্য কেশবঃ । ইতি । তত্রৈবান্যত্র তুলস্যারোপণং কার্য্যং শ্রবণেন বিশেষতঃ । অপরাধসহস্রাণি ক্ষমতে পুরুষোত্তম ইতি । তত্রৈবান্যত্র

ক্রমসন্দর্ভঃ।

কার্ত্তিকমাহাত্ম্যে। তুলস্যাঃ কুরুতে যস্তু শালগ্রাম শিলার্চ্চনং। দ্বাত্রিংশদপরাধাংশ্চ ক্ষমতে তস্য কেশব ইতি। ব্রহ্মপুরাণে। যঃ করোতি হরেঃ পূজাং কৃষ্ণশস্ত্রাঙ্কিতোনরঃ। অপরাধ সহস্রাণি নিত্যং হরতি কেশব ইতি। আদিবারাহে। সম্বৎসরস্য মধ্যে তু তীর্থে শৌকরবে মম। কৃতোপবাসঃ স্নানেন গঙ্গায়াং শুদ্ধিমাপ্নুয়াৎ। মথুরায়াং তথাপ্যেবং সাপরাধঃ শুচির্ভবেৎ। অনয়ো স্তীর্থয়োরেকং যঃ সেবেং সুকৃতী নরঃ। সহস্র জন্ম জনিতানপরাধান্ জহাতি সঃ ইতি। শৌকরবে শূকরক্ষেত্রাখ্যে অথার্চ্চনমার্গে কচিন্মানস পূজাবিহিতাস্তি। যথা পাদ্মে। উত্তরখণ্ডে। সাধারণং হি সর্ব্বেষাং মানসেজ্যা নৃণাং প্রিয়েতি। গৌতমীয়ে। সন্ন্যাসিনাং মুমুক্ষূণাং মানসোপহৃতিঃ পরমিতি। তন্মহিমা যথা শ্রীনারদ পঞ্চরাত্রে শ্রীনারায়ণ বাক্যে। অয়ং যো মানসো যোগো জরা ব্যাধি ভয়াপহ ইত্যাদৌ। যশ্চৈতৎপরয়া ভক্ত্যা সকৃৎ কুর্য্যান্মহামতে। ক্রমোদিতেন বিধিনা- তস্য তুষ্যাম্যহং মুনে ইতি। এষা কচিৎ স্বতন্ত্রাপি ভবতি। মনোময্যা মূর্ত্তেরষ্টমতয়া স্বাতন্ত্র্যেণ বিধানাৎ। অর্চ্চাদৌ হৃদয়ে বাপি যথা লব্ধোপচারকৈরিত্যাবিহোত্র বচনে বা শব্দাৎ। অত্র ব্রহ্মবৈবর্ত্ত কথাচ যথা। প্রতিষ্ঠানপুরে কশ্চিদ্বিপ্র আসীৎ। সচ দরিদ্রোপি কর্ম্মাদীনমাত্মানং মন্যমানঃ শান্ত এবাসীৎ। সতু সরল বুদ্ধিঃ কদাচিদ্বিপ্রোন্দ্রাণাং সদসি বৈষ্ণবান্ ধর্ম্মান্ শুশ্রাব। তেচ ধর্ম্মা মনসাপি সিদ্ধ্যন্তীতি শ্রুত্বা দরিদ্রঃ স্বয়ং তথৈবাচরিতুমারব্ধবান্। ততশ্চ গোদাবরীস্নান পূর্ব্বকং নিত্যং কর্ম্ম সমাপ্য শান্ত মতির্ভূত্বা বিবিক্তাসন্ প্রাণায়ামাদি পূর্ব্বকং স্থিরীভূয় মনসৈবাভিমতাং হরিমূর্ত্তিং স্থাপয়িত্বা স্বয়ং দুকুলাদিকং পরিধায় দৃঢ়ং পরিকরং বদ্ধা তৎ সদনং সম্মার্জ্য তাং প্রণম্যাচ রাজত সৌবর্ণঘটৈঃ সর্ব্বেষাং গঙ্গাদি তীর্থানাং জলমাহৃত্য তথা নানা পরিচর্য্যা দ্রব্যান্যাপনীয় তদীয় স্নপনাদিকং আরাত্রিকান্তং মহারাজোপচারং সমাপ্য দিনং দিনং সুখাতিশয়মাপ্নুবন্ন্যাসীৎ। তদেবং বহুষু কালেষু গতেষু। কদাচিন্মনসৈব ঘৃতসহিতং পরমান্নং নির্ম্মায় সৌবর্ণপাত্রেণ তদ্ভোজনার্থমুত্থাপ্য স্থিতঃ তপ্ততয়া স্ফুরিতে তস্মিন্ প্রবিষ্টাঙ্গুষ্ঠযুগলঃ দগ্ধং প্রতিসন্ হস্ত তদিদং দুষ্টং জাতমিতি দুঃখেন সমাধিভঙ্গেপি জাতে দগ্ধাঙ্গুষ্ঠ তয়া বহিরপি পীড়িতোবভূব। তদবধায় বৈকুণ্ঠে সমুপবিষ্টেন শ্রীবৈকুণ্ঠনাথেন হসতা শ্রীপ্রভৃতিভি স্তৎ কারণং পৃষ্টেনচ সতা স্বনিকটং বিমানেনানয়ামাসে তথাবিধতয়া দর্শয়ামাসে স্বনিকট যোগ্যতয়া স্থাপয়ামাসেচ। অথ বন্দনং। তচ্চ যদ্যপ্যর্চ্চাঙ্গত্বেনাপি বর্ত্ততে তথাপি কীর্ত্তন স্মরণবৎ স্বাতন্ত্র্যেণাপীত্যভিপ্রেত্য পৃথগ্বিধীয়তে। এবমন্যত্রাপি। বন্দনস্য পৃথগ্বিধানং চানন্ত গুণৈশ্বর্য্য শ্রবণাৎ তদ্দাস্যানুসন্ধানপাদসেবাদৌ বিধৃতদৈন্যানাং নমস্কারমাত্রে কৃতাধ্যবসায়ানামর্থে। স এব নমস্কার স্তস্যার্চ্চনত্বে নাপ্যতি দিষ্টঃ। নমস্কারেঽপরাধাশ্চৈতে পরিহর্ত্তব্যাঃ। বিষ্ণুস্মৃত্যাদি দৃষ্টাঃ। যে খলু এক হস্ত কৃতত্ব বস্ত্রাবৃত দেহত্ব ভগবত্তদগ্র পৃষ্ঠ বাম ভগাংশত নিকট গর্ভমন্দির গতত্বাদিময়াঃ। অথ দাস্যং। জন্মান্তর সহস্রেষু যস্য স্যান্মতি রীদৃশী। দাসোঽহংবাসুদেবস্য সর্ব্বান্ লোকান্ সমুদ্ধরেৎ ইতীতিহাস সুচ্চয়োক্ত লক্ষণং। অস্তু তাবত্তদ্ভজন প্রয়াসঃ কেবল তাদৃশত্বাভি- মানেনাপি সিদ্ধির্ভবতীত্যভিপ্রেত্যৈবোত্তরত্র নির্দ্দেশশ্চ। তস্য এতস্য কার্য্যভূতং পরিচর্য্যাদিকং। কেবল পরিচর্য্যা রূপত্বে ভেদো ন স্যাৎ। অথ সখ্যং। যথাঽগস্ত্যসংহিতায়াং। পরিচর্য্যাপরাঃ কেচিৎ প্রাসাদেষু চ শেরতে। মনুষ্যমিব তং দ্রষ্টুং ব্যবহর্ত্তুঞ্চ বন্ধুবদিতি। অতএব যন্নিত্রং পরমানন্দমিত্যত্র মিত্র পদবিন্যাসঃ কৃতঃ। অন্যচোত্তর পাঠঃ। প্রেম বিস্রম্ভ ভাবনাময়ত্বেন দাস্যাদপ্যুত্তমত্বাপেক্ষয়া। কিঞ্চ। পরমেশ্বরেপি যৎ সখ্যং বিধীয়তে তদাশ্চর্য্যং। নাদেবো দেবমর্চ্চয়েদিতি তদ্ভাবস্যাপি বিধান শ্রবণাৎ। কিন্তু তদ্ভাব স্তৎসেবা বিরুদ্ধ ইতি। ভক্তৈরুপেক্ষিতে। সখ্যন্তু পরম সেবানুকুলমিত্যুপাদীয়তে ইতি। তদেতৎ সাক্ষাদ্ভজনাত্মকং দাস্যং সখ্যঞ্চ টীকায়ামপি দর্শিতমস্তি। তথৈব প্রেম সৌহৃদ সখ্য মৈত্রী দাস্যং পুনর্জন্মনি জন্মনি স্যাদিতি শ্রীদাম বিপ্র বাক্যে। যথা। শ্রীকৃষ্ণস্য ভক্তবাৎসল্যং দৃষ্ট্বা। ভক্তিং প্রার্থয়তে দ্বয়াতি। সৌহৃদং প্রেম চ সখ্যং হিতাশংসনঞ্চ। মৈত্রী উপকারকত্বং দাস্যং সেবকত্বঞ্চ তৎ। সমাহার এক বচনং। তস্য তৎ সম্বন্ধি মে মম স্যাৎ নতু বিভূতি রিত্যেতৎ। অত্র দাস্য সখ্যাভ্যাং কর্ম্মার্পণ বিশ্বাসৌ ন স্যাতাং। সাক্ষাৎ ভক্তিত্বাভাবাৎ। কর্ম্মার্পণস্য ফলং ভক্তি বিশ্বাসশ্চ ভক্ত্যভিনিবেশ হেতুঃ। শ্রবণ কীর্ত্তনমিত্যাদৌ বিষ্ণোঃ শ্রবণং বিষ্ণোঃ কীর্ত্তনমিতি। অথাত্মনিবেদনং। তৎ কার্য্যঞ্চা- ত্মার্থ চেষ্টা শূন্যত্বং। তন্ন্যাস্তাত্মসাধনসাধ্যত্বং। তদর্থৈক চেষ্টাময়ত্বঞ্চ। ইদং হ্যাত্মার্পণং গো বিক্রয়বৎ। বিক্রিতস্য গোর্ভ র্ত্তনার্থং বিক্রীতবতা চেষ্টা ন ক্রিয়তে তস্য চ শ্রেয়ঃ সাধক স্তং ক্রীতবানেব স্যাৎ। স চ গোস্তস্যৈব কর্ম্ম কুর্য্যাৎ ন পুন বিক্রীতবতোপীতি। অত্র কেচিদ্দেহার্পণমেবাত্মার্পণ মিতি মন্যন্তে। যথা ভক্তিবিবেকে। চিন্তাং কুর্য্যান্নরক্ষায়ৈ বিক্রীতস্য যথা পশোঃ। তথার্পয়ন্ হরৌ দেহং বিরমেদস্য রক্ষণাদিতঃ। কেচিচ্ছুদ্ধক্ষেত্রজ্ঞার্পণমেব। যথা শ্রীমদালবন্দারস্তোত্রে। বপুরাদিষু যোপি কোপিবা গুণতোসানি যথা তথা বিধঃ। তদনন্তর পাদপদ্মযোরহ মদ্যৈব ময়া সমর্পিত ইতি। অত্র যোপি কো-

ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা। ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমং॥

নিশম্যৈতৎসুতবচো হিরণ্যকশিপুস্তদা। গুরুপুত্রমুবাচেদং রুষা প্রস্ফুরিতাধরঃ।

ব্রহ্মবন্ধো কিমেতত্তে বিপক্ষং শ্রয়তাসতা। অসারং গ্রাহিতোবালোমামনাদৃত্যদুর্ম্মতে॥ ১৯॥

সন্তি হ্যসাধবোলোকে দুর্ম্মৈত্রাশ্ছদ্মবেশিনঃ। তেষামুদেত্যঘং কালে রোগঃ পাতকিনামিব॥ ২০

শ্রীগুরুপুত্র উবাচ॥

নমৎ প্রণীতং ন পরপ্রণীতং সুতোবদত্যেষ তবেন্দ্রশত্রো।

শ্রীধরস্বামী।

ইতি নবলক্ষণানি যস্যাঃ সা অধীতেন চেদ্ভগবতি বিষ্ণৌ ভক্তিঃ ক্রিয়েত সাচার্পিতৈব সতী যদি ক্রিয়েত নতু কৃতা সতী পশ্চাদর্প্যেত তদুত্তমমধীতং মন্যে নত্বস্মদ্গুরোরধীতং তথাবিধং কিঞ্চিদস্তীতি ভাবঃ॥ ১৯॥

মিত্রত্বেন বর্ত্তমানস্যাপি তব বিরোধাচরণং ন সম্ভাবিতমিত্যাহ সন্তীতি। দুষ্টং মৈত্রং মিত্রত্বং যেষাং তে রোগ ইতি ব্রহ্মহা ক্ষয়রোগী স্যাৎ সুরাপঃ শ্যাবদন্তকঃ। স্বর্ণহারীতু কুনখী দুশ্চর্ম্মা গুরুতল্পগ ইত্যাদি স্মৃত্যুক্তঃ পাতকিনাং রোগো যথোদেতি তথা তেষামঘং বিদ্বেষাদিকমুদেতীত্যর্থঃ॥ ২০॥

মৎপ্রণীতং ময়া পাঠিতং নোহস্মভ্যং কং কুৎসিতং দোষং মাস্ম অদাঃ অড়াগম আর্ষঃ ময়ি দোষারোপং মা কৃথা ইত্যর্থঃ।

ক্রমসন্দর্ভঃ।

পি বেতি বাদিতেদান্ স্বরূপতঃ অথবা গুণতো যথা তথা বিধো দেব মনুষ্যাদি রূপঃ অসানি ভবানি। কামচারে লোট্। তদয়মিতি সচাসাবয়ং চেতি বিগ্রহাৎ সোঽয়মিত্যর্থঃ তত্র কেবলমাত্মনিবেদনং দান সময়ে বলিরাজে দৃশ্যতে। ভাবেন্ সিদ্ধেন্ দাস্যে নাত্ম নিবেদনং শ্রীমদম্বরীষে। প্রেয়সী ভাবেন শ্রীরুক্মিণী দেব্যাং। এবং সখ্যাদিনাপি জ্ঞেয়ং॥ ১৮। ১৯। ২০। ২১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তে ত্বয়া বস্তুতস্তু ন বিদ্যতে সারোযত্তৎ॥ ১৯॥

যদ্বৈরিপক্ষবর্ত্তী ত্বমেতাবদ্দিনান্তে ভয়েনৈব বাক্যোহভূস্তদদ্যৈব তে সমুচিতাং দক্ষিণাং দাস্যামীত্যর্থান্তরন্যাসেনাহ সন্তীতি। দুষ্টং মৈত্রং মিত্রত্বং যেষাং তে অঘং দ্বেষাদিকং উদেতি দৈবাৎ প্রকটী ভবতি। রোগ ইতি ব্রহ্মহা ক্ষয়রোগীস্যাৎ সুরাপঃ শ্যাবদন্তকঃ। স্বর্ণহারীতু কুনখী দুশ্চর্ম্মা গুরুতল্পগ ইত্যাদি স্মৃত্যুক্তঃ পাতকিনাং রোগো যথা উদেতি তথেতি শেষঃ॥ ২০॥

হে ইন্দ্রশত্রো ইতি ময়ি দীনে ব্রাহ্মণে কোপস্তে নোচিত ইতি ভাবঃ। নোহস্মভ্যং কং কুৎসিতং দোষং মাস্ম অদাঃ অড়াগম

এই নব লক্ষণ বিশিষ্ট ভক্তি অধীত ব্যক্তি যদি ভগবান্ বিষ্ণুতে সমর্পণ পূর্ব্বক অনুষ্ঠান করেন, আমার বোধে তাহাই উত্তম অধ্যয়ন, কিন্তু আমাদের গুরুর নিকট তদ্রূপ অধ্যয়ন কিছুই নাই॥

এই বচন শ্রবণ মাত্র হিরণ্যকশিপু কোপে প্রজ্বলিত হইল এবং রোষাবেগে তাহার অধর প্রস্ফুরিত হইতে লাগিল, তখনি গুরুপুত্রকে সম্বোধিয়া বলিল, অরে দুর্ম্মতি ব্রহ্মবন্ধু! এ কি? আমাকে অনাদর করিয়া আমার বিপক্ষ পক্ষ আশ্রয় করত এ বালককে অসার বিষয় শিক্ষা দিয়াছিস্॥ ১৯॥

তোরা আমার মিত্র রূপে বর্ত্তমান আছিস্ বটে, কিন্তু তোদের এরূপ বিরুদ্ধাচরণ অসম্ভব নহে, যে হেতু লোকে অনেক অসাধু ছদ্মবেশী মিত্র হয়, কালক্রমে যেমন পাতকিদের রোগ প্রকাশ পায় তাহার ন্যায় তাহাদের পাপকর্ম্ম (বিদ্বেষাদি) কালে প্রকটিত হইয়া পড়ে॥ ২০॥

এই সকল কথা শুনিয়া গুরুপুত্র ভয়ে কম্পিত কলেবর হইয়া নিবেদন করিল, হে দৈত্যরাজ! আপনার পুত্র যে বাক্য বলিল, তাহা আমি শিখাই নাই, অন্য কোন ব্যক্তিও শিখায় নাই, ইহার স্বাভাবিক এই রূপ বুদ্ধি, অতএব ক্রোধ সম্বরণ করুন, আমাদের প্রতি অনর্থক দোষারোপ করিবেন

নৈসর্গিকীয়ং মতিরস্য রাজন্ নিযচ্ছ মন্যুং কদদাঃ স্ম মানঃ ॥ ২১ ॥
গুরুণৈবং প্রতিপ্রোক্তোভূয় আহাসুরঃ সুতং। নচেদ্‌গুরুমুখীয়ন্তে কুতোঽভদ্রাসতী মতিঃ ॥ ২২
শ্রীপ্রহ্লাদ উবাচ ॥
মতির্ন কৃষ্ণে পরতঃ স্বতোবা মিথোঽভিপদ্যেত গৃহব্রতানাং।
অদান্তগোভির্বিশতাং তমিশ্রং পুনঃ পুনশ্চর্ব্বিত চর্ব্বণানাং ॥ ২৩ ॥
ন তে বিদুঃ স্বার্থগতিং হি বিষ্ণুং দুরাশয়া যে বহিরর্থমানিনঃ।

শ্রীধরস্বামী।

ইন্দ্রশত্রো ইতি নহি ব্রাহ্মণে তব কোপ উচিত ইতি ভাবঃ ॥ ২১ ॥ গুরুমুখী গুরুবাক্য জনিতা হে অভদ্র ॥ ২২ ॥

আস্তামিয়ং বর্ত্তা ভবাদৃশানাং বিষয়াসক্তানাং অত্রানধিকারাদিত্যাশয়েনাহ মতিরিতি পরতোগুরোঃ স্বতো বা মিথো বা অন্যোন্যতঃ নাভিপদ্যেত নসংপদ্যেত কেষাং গৃহ এব ব্রতং সংকল্প ইতি কর্ত্তব্যতা চিন্তা যেষাং। অতএব অদান্তৈরনুপরতৈর্গোভিরিন্দ্রিয়ৈ র্হেতু ভূতৈস্তমিস্রং সংসারং বিশতাং। তত্র চর্ব্বিতস্যৈব চর্ব্বণং যেষাং ॥ ২৩ ॥

নমু শ্রীকৃষ্ণস্য পরমানন্দরূপত্বাৎ তেঽপি তন্নিষ্ঠাএব কিং ন স্যুঃ তদজ্ঞানাদিত্যাহ নেতি। যে দুরাশয়া বিষয় বাসিতান্তঃ করণা

ক্রমসন্দর্ভঃ।

গুরুরেব মুখং দ্বারং যস্যাঃ সা গুরুমুখী ॥ ২২। ২৩ ॥

স্বস্মিন্ শ্রীবিষ্ণোরেবার্থঃ প্রেমরূপঃ পুরুষার্থো যেষাং তেষাং গতিং ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

আর্ষঃ। ময়ি দোষারোপণং মা কৃথা ইত্যর্থঃ ॥ ২১ ॥

হে অভদ্র অসতী বস্তুতস্তু ভদ্রা সতী সর্ব্বোত্তমা ॥ ২২ ॥

সত্যমিয়ং কৃষ্ণবিষয়া মতি র্ভবন্মতে অসত্যেব কিন্ত্বেষামতির্ভবাদৃশানাং কুতোপি কদাচিদপি নোৎপদ্যতে ইতি বক্রোক্ত্যা উপহসন্নাহ মতিরিতি পরত ঈদৃশাদ্গুরোরন্যতোবা স্বতোবা মিথোঽন্যোন্যতোবা নাভিপদ্যেত ন সংপদ্যেত কিন্তুত্তর গ্রন্থ দৃষ্ট্যা মৎচরণ রজোভিষেক লিপ্সা রহিতানামিতি তদীয় স্বগতোক্তিরত্র শ্লোকেপি জ্ঞেয়া কেষাং গৃহব্রতানাং গৃহাসক্তানাং গৃহব্রতত্ত্বমেবাহ অদান্তৈরবশীকৃতৈর্গোভিরিন্দ্রিয়ৈ স্তমিস্রং নরকং। নমু গৃহব্রতাঃ কদাচিৎ স্বর্গিণোপি ভবন্তি তত্রাহ স্বপরাভ্যাং চর্ব্বিতস্যৈব পুনশ্চর্ব্বণং যেষাং তেষাং বেশ্যালয়ঃ স্বর্গোবা তুল্য এবেতি ভাবঃ ॥ ২৩ ॥

নমু রে মূঢ় মামিন্দ্রাদি বন্দিতপাদপীঠঃ পিতরমপি বক্রোক্তি বিষয়ী কুরুষে শৃণু রে কুমতে শৃণু। শুক্রাচার্য্যস্য শিষ্যা মহা-

না। রাজন্! আপনি ইন্দ্রশত্রু দীন ব্রাহ্মণের প্রতি আপনার কোপ করা উচিত হয় না ॥ ২১ ॥

নারদ কহিলেন গুরু এই প্রকার প্রতিবচন দান করিলে হিরণ্যকশিপু পুনরায় সক্রোধ বচনে তনয়কে জিজ্ঞাসা করিলেন, অরে দুর্ব্বিনীত! তোর এই অভদ্রা বুদ্ধি যদি গুরূপদেশে জন্মায় নাই, তবে কাহার নিকট এ বুদ্ধি পাইয়াছিস্ বল ॥ ২২ ॥

প্রহ্লাদ কহিলেন পিতঃ! ভবাদৃশ বিষয়াসক্ত ব্যক্তির কথা ত দূরে থাকুক, যে সকল ব্যক্তি গৃহে আসক্ত, তাহাদের বুদ্ধি গুরু হইতে অথবা আপনা হইতে কিম্বা পরস্পর হইতে কোন প্রকারেই ভগবান্ শ্রীকৃষ্ণে সম্পন্ন হয় না, তাহাদের ইন্দ্রিয় অদান্ত, সেই ইন্দ্রিয়ের কারণে তাহারা পুনঃ পুনঃ সংসারে প্রবেশ করিয়া তাহাদে তাহাদের চর্ব্বিত বিষয়েরই পুনরায় চর্ব্বণ হয় ॥ ২৩ ॥

অপর যে সকল ব্যক্তি দুরাশয় অর্থাৎ যাহাদের অন্তঃকরণ বিষয়ে আসক্ত, তাহারাও ভগবান্ বিষ্ণুকে জানিতে পারে না, যাহাদের [illegible]তেই পুরুষার্থ বুদ্ধি আছে ভগবান্ কেবল তাহাদেরই

অন্ধা যথান্ধৈরুপনীয়মানাস্তেঽপীশতন্ত্র্যামুরুদাম্নি বদ্ধাঃ ॥ ২৪ ॥
নৈষাং মতিস্তাবদুরুক্রমাঙ্ঘ্রিং স্পৃশত্যনর্থাপগমো যদর্থঃ ।
মহীয়সাং পাদরজোঽভিষেকং নিষ্কিঞ্চনানাং ন বৃণীত যাবৎ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী ।

স্তে হি বিষ্ণুং ন বিদুঃ । তত্র হেতুঃ স্বস্মিন্নেবার্থঃ পুরুষার্থো যেষাং তেষাং গতিং গম্যং । নমু তেঽপি গুরূপদেশাৎ বিষ্ণুং জ্ঞাস্যন্তি তত্রাহ বহির্বিষয়েষর্থো যেষাং তে বহিরর্থাস্তানেব গুরুত্বেন মন্তং শীলং যেষাং তে । অতোঽন্ধৈ রুপনীয়মানা অন্ধা যথা পন্থানং ন বিদুঃ কিন্তু গর্ত্তে পতন্তি তথা তেঽপি ঈশস্য তন্ত্র্যাং দীর্ঘরজ্জাং বেদলক্ষণায়াং উরূণি দামানি ব্রহ্মণাদি নামানি যস্যাং তস্যাং কাম্যৈঃ কর্ম্মভি র্বদ্ধাএব ভবন্তীত্যর্থঃ । তদুক্তং বিষয়াবিষ্টচিত্তানাং বিষ্ণ্বাবেশঃ সুদূরতঃ । বারুণী দিগ্ গতং বস্তু ব্রজন্নৈন্দ্রীং কিমাপ্নুয়াৎ ॥ ২৪ ॥

নমুচৈকোদেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা ইত্যাদি শ্রুতিপ্রতিপাদিতং বিষ্ণুং কথং ন বিদুঃ কুতোবা তেষাং তমিস্রপ্রবেশঃ তত্রাহ নৈষামিতি । নিষ্কিঞ্চনানাং নিরস্ত বিষয়াভিমানানাং মহত্তমানাং পদরজসাঽভিষেকং যাবন্নবৃণীত তাবৎ শ্রুতি বাক্যতো জ্ঞাতেপি এষাং মতিরুরুক্রমস্যাঙ্ঘ্রিং নস্পৃশতি ন প্রাপ্নোতি অসম্ভাবনাদিভি র্বিহনাত ইত্যর্থঃ । অনর্থস্য সংসারস্যাপগমো যদর্থঃ যস্য অঙ্ঘ্রি স্পর্শিন্যা মতেরর্থঃ প্রয়োজনং । মহদনুগ্রহাভাবান্ন তত্ত্বনিশ্চয়ো নাপি মোক্ষস্তেষামিত্যর্থঃ ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ ।

অনর্থস্য তৎ স্পর্শ বিঘ্নস্যাপগমঃ ॥ ২৫ । ২৬ । ২৭ । ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

বিদ্বাংসস্বদ্গুরবঃ কিং সর্ব্বশাস্ত্রতাৎপর্য্যং ন জানন্তি যতস্তেভ্যোঽধীতমর্থং নত্বং সাধু মন্যসে ইত্যত আহ । নেতি তে স্বস্য অর্থ রূপাং গতিং বিষ্ণুং ন বিদুঃ । কিন্ত্বনর্থ রূপাং গতিং স্বর্গাদিমেব জানন্তীতি ভাবঃ । যতো দুরাশয়া দুষ্টান্তঃ করণা বহির্বিষয় সুখমনর্থমেব অর্থং মন্তং শীলং যেষাং তে । অতস্তএব যদি বিষ্ণুং ন বিদুস্তদা কথং তচ্ছিষ্যা জ্ঞাস্যন্তীতি স দৃষ্টান্তমাহ । অন্ধৈ রুপনীয়মানাঃ উপদিষ্ট মার্গাঃ সন্তোঽন্ধোযথা গর্ত্তে পততি তথৈব বাচি বেদলক্ষণায়াং তন্ত্র্যাং দীর্ঘরজ্জাং উরূণি দামানি ব্রাহ্মণাদি নামানি যস্যাং তস্যাং কর্ম্মভির্বদ্ধা এব ভবন্তীত্যর্থঃ ॥ ২৪ ॥

নমুচ যদি বিষ্ণুরেব স্বার্থ রূপা গতিঃ শাস্ত্রৈরুচ্যতে তদা ত্বদ্গুরূণাং সর্ব্বশাস্ত্র জ্ঞানাং মতির্বিষ্ণুনিষ্ঠৈবোৎপদ্যেতেত্যত স্তেষাং বিষ্ণুনিষ্ঠমতিত্বাভাবাদেব বিষ্ণুভক্তিরশাস্ত্রীয়েত্যনুমীয়তে ইত্যত আহ নৈষামিতি নিষ্কিঞ্চনানাং মৎকৃতে ত্যক্তকর্ম্মাণস্ত্যক্ত স্বজন বান্ধবা ইতি ভগবদ্বাক্য বিশ্বাসাৎ ত্যক্ত ব্যাবহারিক বিত্তপুত্র কলত্রাভিলাষ কর্ম্ম জ্ঞানাদীনাং ভক্তি মাত্রৈকবাসনত্বেন মহীয়সাং পাদরজসা স্বস্য বৈষ্ণবত্বেনাভিষেকং যাবন্ন বৃণীত তাবন্মতিরুরুক্রমাঙ্ঘ্রিং ন স্পৃশতি যস্য দেবে পরাভক্তি র্যথাদেবে তথা গুরৌ । তস্যৈতে কথিতাহ্যর্থা প্রকাশন্তে মহাত্মন ইতি । যমেবৈষ বৃণুতে তেন লভ্যস্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বামিত্যাদি শ্রুতিভ্যঃ । অনর্থস্য সংসারস্য অপগমো যদর্থঃ যস্যাঙ্ঘ্রি স্পর্শিন্যামতেরর্থঃ প্রয়োজনমানুসঙ্গিকমেব ফলং মুখ্যং তু

জ্ঞানগম্য, বিষয়াসক্ত ব্যক্তিরা গুরূপদেশ হইতেও তাঁহাকে জানিতে পারে না, অন্ধ লোকে অন্ধ লোককে লইয়া গেলে যদ্রূপ পথ দেখিতে পায় না প্রত্যুত বিপথে গিয়া গর্ত্তে পতিত হয়, তাহার ন্যায় গুরূপদেশ দ্বারা বেদরূপ যে দীর্ঘ রজ্জু, যাহাতে ব্রাহ্মণাদি নাম স্বরূপ বিস্তর দাম, তাহাতে ভূরি ভূরি কার্য্য দ্বারা বদ্ধই হইয়া পড়ে ॥ ২৪ ॥

যদিও এক বিষ্ণুই সর্ব্ব প্রাণিতে গূঢ় এবং সর্ব্বব্যাপী ও সর্ব্ব ভূতের অন্তর্যামী সত্য, তথাচ বিষয়াভিমান শূন্য মহত্তম পুরুষদিগের পদধূলি দ্বারা যাবৎ অভিষেক না হয় তাবৎ বেদ বাক্য দ্বারা ঐ রূপ বিষ্ণু জ্ঞাত হইলেও গৃহাসক্ত পুরুষদের মতি তাঁহার [illegible] প্রাপ্ত হইতে পারে না বরং অসম্ভাবনাদি

ইত্যুক্তোপরতং পুত্রং হিরণ্যকশিপু রুষা। অন্ধীকৃতাত্মা স্বোৎসঙ্গান্নিরস্যত মহীতলে ॥ ২৬ ॥

আহামর্ষরুষাবিষ্টঃ কষায়ীভূতলোচনঃ। বধ্যতামাশ্বয়ং বধ্যো নিঃসারয়ত নৈর্ঋতাঃ ॥ ২৭ ॥

অয়ং মে ভ্রাতৃহা সোঽয়ং হিত্বা স্বান্ সুহৃদোঽধমঃ।

পিতৃব্যহন্তুঃ পাদৌ যো বিষ্ণোর্দাসবদর্চ্চতি ॥ ২৮ ॥

বিষ্ণুর্ব্বাসাধ্বসৌ কিন্নু করিষ্যত্যসমঞ্জসঃ। সৌহৃদং দুস্ত্যজং পিত্রোরহাদ্যঃ পঞ্চহায়নঃ ॥ ২৯ ॥

### শ্রীধরস্বামী।

নিরস্যত নিরাস্থৎ চিক্ষেপ ॥ ২৬ ॥

অমর্ষোঽসহনং কেন সহিতয়া রুষা আবিষ্টঃ ব্যাপ্তঃ। কষায়ীভূতে আতম্রে লোচনে যস্য। হে নৈর্ঋতাঃ ॥ ২৭ ॥

বধ্যত্বে হেতুঃ যতোঽয়ং মে ভ্রাতৃহা কুতো যো বিষ্ণোঃ পাদাবর্চ্চতি তৎ পক্ষপাতীত্যর্থঃ। অতঃ সএবায়মিত্যন্বয়ঃ ॥ ২৮ ॥

অহো বিষ্ণুরপি অমুমবিশ্বসনীয়ং কিমিতি স্বীকৃতবানিত্যাহ বিষ্ণোর্ব্বেতি। অহাৎ জহৌ ॥ ২৯ ॥

### ক্রমসন্দর্ভ

পঞ্চহায়ন ইতি। গর্ত্তে চিরকালস্থিতত্বাৎ ॥ ২৯ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্রমাঙ্ঘ্রি স্পর্শঃ স এব ॥ ২৫। ২৬ ॥

অমর্ষোঽসহনং ন তেন সহিতয়া রুষা আবিষ্ট। হে নৈর্ঋতা রাক্ষসাঃ ॥ ২৭ ॥

অয়ং মে ভ্রাতৃহা নন্ু বিষ্ণুস্তে ভ্রাতৃহা প্রসিদ্ধ স্তত্রাহ স বিষ্ণুরয়মেবেত্যর্থঃ কুতঃ। হিত্বেত্যাদি। দাসবদিতি অসুরমহা রাজনন্দনোপি ভূত্বেত্যর্থঃ। বিষ্ণুনা স্বদাসেষু স্বসারূপ্যার্পণাৎ বিষ্ণুরেবায়মিতি বধ্যতাং ॥ ২৮ ॥

বিষ্ণুরপ্যবিশ্বসনীয় কথমিমং বুদ্ধিমান্ ভূত্বা কথং বিশ্বসেদিত্যাহ বিষ্ণোর্বেতি ॥ ২৯ ॥

দ্বারা ব্যাহত হয়। পরন্তু এ প্রকার ভগবৎ পদারবিন্দ প্রাপ্ত হইতে পারিলেই সংসার দূরীভূত হয় ॥ ২৫ ॥

প্রহ্লাদ এই প্রকার কহিয়া বিরত হইলে হিরণ্যকশিপু ক্রোধান্ধ হইয়া ক্রোড় হইতে তাঁহাকে ভূতলে ফেলিয়া দিল ॥ ২৬ ॥

অসহ্য রোষে আবিষ্ট হওয়াতে দৈত্যপতির দুই চক্ষুঃ তাম্রবর্ণ হইল। ঐ প্রকার ভয়ঙ্কর আকারে তর্জন করিতে করিতে কহিল, অহে অসুরগণ! এ বালকটা আমার বধ্য, ইহাকে অবিলম্বে বধ কর, এখনি এখান হইতে দূর করিয়া দাও ॥ ২৭ ॥

এ দুষ্ট বধ্য, যেহেতু আমার সেই ভ্রাতৃহন্তা, আমরা ইহার আত্মীয় ও সুহৃদ্, আমাদিগকে পরিত্যাগ করিয়া এ পামর দাসের ন্যায় পিতৃব্য হন্তা বিষ্ণুর চরণ অর্চ্চনা করে, অতএব এ দুষ্ট পিতৃব্য ঘাতকের পক্ষপাতী হওয়াতে আমাদের বধ্য ॥ ২৮ ॥

কি আশ্চর্য্য! অবিশ্বসনীয় এ প্রহ্লাদটাকে বিষ্ণুই বা কি প্রকারে গ্রহণ করিয়াছেন! এ দুরাত্মা তাঁহারই বা ভাল কি করিবে? যে পিতা মাতার স্নেহ অতিশয় দুস্ত্যজ, এ পঞ্চ বৎসর মাত্র বয়ঃক্রমে যখন অনায়াসে তাহা পরিত্যাগ করিয়াছে, তখন এমত ব্যক্তি কি বিশ্বাস্য হইতে পারে? ॥ ২৯ ॥

পরোঽপ্যপত্যং হিতকৃদ্যথৌষধং স্বদেহজোঽপ্যাময়বৎ সুতোঽহিতঃ।
ছিন্দ্যাত্তদঙ্গং যদুতাত্মনোঽহিতং শেষং সুখং জীবতি যদ্বিবর্জনাৎ ॥ ৩০ ॥
সর্ব্বৈরুপায়ৈর্হন্তব্যঃ সম্ভোজশয়নাসনৈঃ। সুহৃল্লিঙ্গধরঃ শত্রুর্মুনের্দুষ্টমিবেন্দ্রিয়ং ॥ ৩১ ॥
নৈঋর্তাস্তে সমাদিষ্টা ভর্ত্রা বৈ শূলপাণয়ঃ। তিগ্মদংষ্ট্রকরালাস্যাস্তাম্রশ্মশ্রুশিরোরুহাঃ।
নদন্তোভৈরবং নাদং ছিন্ধিছিন্ধীতি বাদিনঃ। আসীনঞ্চাহনন্ শূলৈঃ প্রহ্লাদং সর্ব্বমর্ম্মসু ॥ ৩২ ॥
পরে ব্রহ্মণ্যনির্দ্দেশ্যে ভগবত্যখিলাত্মনি। যুক্তাত্মন্যফলা আসন্নপুণ্যস্যেব সৎক্রিয়াঃ।

শ্রীধরস্বামী।

নন্বু ভবায়মপত্যং কথং বধ্যস্তত্রাহ পরোঽপ্যৌষধমিব হিতকৃচ্চেৎ তর্হ্যপত্যমেব শ্রেয়ঃ সুতঃ স্বদেহজোঽপি অহিতশ্চেদাময় ইব আস্তাং মমতাস্পদস্য কথা অঙ্গমপি যৎ কর চরণাদি তদপ্যাত্মনোঽহিতঞ্চেৎ ছিন্দ্যাদেবেত্যর্থঃ ॥ ৩০ ॥

অতঃ সর্ব্বৈরুপায়ৈর্হন্তব্যঃ। সম্ভোজো ভোজনং ভোজনাদিষু বিষাদি প্রয়োগৈরিত্যর্থঃ। যথা দুষ্টমিন্দ্রিয়ং মুনেঃ শত্রুঃ ॥৩১

তিগ্মা তীক্ষ্ণা দংষ্ট্রা যেষাং করালান্যাস্যানি যেষাং তেচ তেচ তাম্রাণি শ্মশ্রূণি শিরোরুহাশ্চ যেষাং ॥ ৩২ ॥

পরে ঈশ্বরে যুক্তঃ সমাহিত আত্মা মনো যস্য তস্মিন্ তেষাং প্রহারা নিষ্ফলা জাতাঃ তত্র হেতবঃ ব্রহ্মণি নির্ব্বিকারে অনির্দ্দে-

ক্রমসন্দর্ভঃ।

নৈঋর্তা ইতি যুগ্মকং। দংষ্ট্রা ইতি ক্বচিৎ। কিন্তু স্বাম্যসম্মতঃ। ভৈরবং নাদং ছিন্ধীতি ক্বচিৎ ॥৩২।৩৩।৩৪।৩৫।৩৬।৩৭। ৩৮।৩৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

নন্বু স্বদপত্যময়মস্মাভিঃ কথং হন্তব্যই স্তত্রাহ পরোপ্যৌষধমিব হিতকৃচ্চেত্তর্হ্যপত্যমিব শ্রেয়ঃ। আস্তাং মমতাস্পদস্য কথা অঙ্গমপি যৎ করচরণাদি তদপ্যাত্মনোঽহিতং চেৎ ছিন্দ্যাদেবেত্যর্থঃ ॥ ৩০ ॥

ভোজ্যাদি বস্তুষু বিষাদ্যর্পণৈরপি হন্যতামিত্যাহ সর্ব্বৈরিতি ॥ ৩১ । ৩২ ॥

ভগবতি হরৌ যুক্তঃ সংযুক্ত আত্মা দেহো যস্য তস্মিন্। গোবিন্দপরিরম্ভিত ইত্যাদি পূর্ব্বোক্তেঃ পিত্রা স্বাঙ্কে গুপ্তে পুত্রে ইবেতি ভাবঃ। নন্বু তর্হি কিং ভগবদঙ্গোপরি শস্ত্রপ্রহারা অভূবং স্তত্র নাহি নহসংভবাদেবেত্যাহ পরে ইত্যাদি। ব্রহ্মণি

এ আমার সন্তান সত্য, কিন্তু আত্মজ হইলে কি হইবে ঔষধের তুল্য পরও যদি হিতকারী হয়, তাহাকেই সন্তান জ্ঞান করা যায়, পুত্র আপনার দেহজাত হইয়াও অহিতকারী হইলে স্নেহাস্পদের কথা দূরে থাকুক, রোগের সমান অতিশয় দ্বেষ্য হয়। ফলতঃ আপনার কর চরণাদি অঙ্গ অহিতকর হইলে তাহাকে ছেদন করা কর্ত্তব্য, কারণ তৎপরিত্যাগে অবশিষ্ট অঙ্গ সকল সুখে জীবন ধারণ করিতে পারে ॥ ৩০ ॥

অতএব ভোজন শয়ন আসনে বিষাদি প্রয়োগ পূর্ব্বক বিবিধ উপায় দ্বারা এ পামরের বধার্থ চেষ্টা কর, দুষ্ট ইন্দ্রিয় যেমন মুনিদের পরম শত্রু, তেমনি সুহৃদের চিহ্নধারী এ দুষ্ট আমার পরম শত্রু, ইহাকে উপেক্ষা করা হইবে না ॥ ৩১ ॥

প্রহ্লাদ ঐ সময় বসিয়াছিলেন, অসুরগণ স্বামির এই প্রকার আদেশ প্রাপ্ত হইবামাত্র হস্তে শূল লইয়া ভয়ঙ্কর সিংহনাদ করিতে করিতে এবং "মার মার" এই বাক্য বলিতে বলিতে শূল দিয়া তাঁহার সকল মর্ম্ম স্থানে আঘাত করিতে লাগিল। ঐ সকল অসুরের দন্ত অতিশয় তীক্ষ্ণ, মুখ ঘোরতর করাল, শ্মশ্রু ও কেশ তাম্রবর্ণ, ইহাতে তাহারা সহজেই ভীষণ ছিল, শূলধারী হইয়া সিংহনাদ করাতে আরও ভয়ঙ্কর হইল ॥ ৩২ ॥

কিন্তু প্রহ্লাদের মনঃ ঈশ্বরে সমাহিত থাকাতে তাঁহার উপর ঐ সকল অসুর যত প্রহার করিতে লাগিল সকলই অপুণ্য ব্যক্তির সৎকর্ম্মোদ্যমের তুল্য বিফল হইয়া গেল। কারণ ঈশ্বর নির্ব্বিকার,

প্রয়াসেঽপহতে তস্মিন্ দৈত্যেন্দ্রঃ পরিশঙ্কিতঃ। চকারতদ্বধোপায়ান্ নির্ব্বন্ধেন যুধিষ্ঠির ॥ ৩৩ ॥
দিগ্গজৈর্দন্দশূকেন্দ্রৈরভিচারাবপাতনৈঃ। মায়াভিঃ সন্নিরোধৈশ্চ গরদানৈরভোজনৈঃ।
হিমবায়্বগ্নি সলিলৈঃ পর্ব্বতাক্রমণৈরপি ॥ ৩৪ ॥
ন শশাক যদা হন্তুমপাপমসুরঃ সুতং। চিন্তাং দীর্ঘতমাং প্রাপ্তস্তৎকর্ত্তুং নাভ্যপদ্যত ॥ ৩৫ ॥
এষ মেবহ্বসাধূক্তো বধোপায়াশ্চ নির্ম্মিতাঃ। তৈস্তৈর্দ্রোহৈ রসদ্ধর্ম্মৈর্মুক্তঃ স্বেনৈব তেজসা ॥ ৩৬ ॥
বর্ত্তমানো বিদূরে বৈ বালোঽপ্যজরধীরয়ং। ন বিস্মরতি মেঽনার্য্যং শুনঃশেফইব প্রভুঃ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

শোঽবিষয়ে ভগবতি নিরতিশয়ৈশ্বর্য্যে অখিলাত্মনি শস্ত্রাদীনামপি নিয়ন্তরি এবং ভূতে পরে অপুণ্যস্য নির্দ্দৈবস্য সংক্রিয়া মহোদ্যমা ইব ॥ ৩৩ ॥

অভিচারাঃ কৃত্যাদয়শ্চ অবপাতনানি গিরিশৃঙ্গাদধঃ পাতনানিচ তৈঃ। অবটাদিষু সংনিরোধৈশ্চ পর্ব্বতাক্রমণৈঃ পর্ব্বতানাং তদুপরি ক্ষেপণৈঃ বহুবচনৈরভিচারাদ্যাবৃত্তিং দর্শয়তি ॥ ৩৪ ॥

তদ্ধননং কর্ত্তুং নাভ্যপদ্যত নপ্রাপ নাশক্নোদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

চিন্তামেবাহ এষ ইতি ত্রিভিঃ। মে ময়া অসাধু পুরুষং যথা ভবতি তথোক্তঃ অসদ্ধর্ম্মৈরপকারৈরভিচারৈর্ব্বা ॥ ৩৬ ॥

অবিদূরে বর্ত্তমানোপি অয়ং বালোঽপি অজড়ধীর্নির্ভয়চিত্তঃ। মে অনার্য্যমন্যায্যং শক্রত্বং বা ন বিস্মরতি। অজীগর্ত্তস্য

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্যাপকে নির্ব্বিকারেঽনির্দ্দেশ্যে ভগবতি অতর্ক্যৈশ্বর্য্যে। অখিলাত্মনি শস্ত্রাদীনামপি নিয়ন্তরি শস্ত্রাঘাতঃ কথং সম্ভবত্বীতি ভাবঃ। অপুণ্যস্য দুর্ভাগ্যস্য ॥ ৩৩ ॥

অভিচারৈঃ কৃত্যাদিভিঃ অবপাতনৈরত্যুচ্চদেশাদধঃপাতনৈঃ। গর্ত্তাদি সংনিরোধৈর্বহুবচনৈরভিচারাদ্যাবৃত্তয়ঃ সূচিতাঃ ॥ ৩৪ ॥

তৎ হননং কর্ত্তুং নাভ্যপদ্যত ন প্রাপ নাশক্নোদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

চিন্তামাহ এষ ইতি ত্রিভিঃ। অসতাং ধর্ম্মৈরভিচারৈশ্চ ॥ ৩৬ ॥

অবিদূরে বর্ত্তমানোপি মে অনার্য্যং শক্রং বিষ্ণুং ন বিস্মরতি। স্বভাবাপরিত্যাগে দৃষ্টান্তঃ শুনঃশেফঃ পুচ্ছমিব। বস্তুতস্তু

অনির্দ্দেশ্য, অর্থাৎ শব্দাদির অগোচর, তথা নিরতিশয় ঐশ্বর্য্যশালী এবং নিয়ন্তা, তাঁহাতে যাহার চিত্ত সমাহিত থাকে তাহাকে অন্য বিষয় স্পর্শ করিতে পারে না। হে যুধিষ্ঠির! দৈত্য সকলের ঐ সকল প্রয়াস বিফল হইলে হিরণ্যকশিপুর অতিশয় শঙ্কা জন্মিল, অতএব দৃঢ় প্রতিজ্ঞ হইয়া প্রহ্লাদের বধার্থ অন্যান্য বহুতর উপায় করিতে প্রবৃত্ত হইল ॥ ৩৩ ॥

কিন্তু দিগ্ হস্তী, সর্প, অভিচার, পর্ব্বত শৃঙ্গ হইতে প্রক্ষেপ, মায়া, গর্ত্তাদিতে নিরোধ, বিষদান, ভোজন না দেওন, আর হিম, বায়ু, অগ্নি, জল ও পর্ব্বতে ক্ষেপণ, এ সকলও ॥ ৩৪ ॥

যখন সেই অপাপ পুত্রের প্রাণ বধ করিতে সমর্থ না হইল এবং আপনিও কোন প্রকারে নষ্ট করিতে না পারিল, তখন তাহার দীর্ঘ চিন্তা উপস্থিত হইল ॥ ৩৫ ॥

হিরণ্যকশিপু মনে মনে কহিতে লাগিল ইহাকে ভূরি ভূরি অসাধু বাক্য বলিয়াছি এবং ইহার বধার্থ নানা উপায়ও চিন্তা করিয়াছি, কিন্তু এ আপনার তেজে সকল দ্রোহাচরণ ও অপকার হইতেই নিস্তার পাইয়াছে ॥ ৩৬ ॥

কি আশ্চর্য্য! এ আমার অদূরে বর্ত্তমান থাকিয়াও এবং বালক হইয়াও এরূপ নির্ভয় চিত্ত!

অপ্রমেয়ানুভাবোঽয়মকুতশ্চিদ্ভয়োঽমরঃ। নূনমেতদ্বিরোধেন মৃত্যুর্মে ভবিতা নবা ॥ ৩৮ ॥
ইতি তচ্চিন্তয়া কিঞ্চিন্ম্লানশ্রিয়মধোমুখং। শণ্ডামর্কাবৌশনসৌ বিবিক্ত ইতি হোচতুঃ ॥ ৩৯ ॥
জিতং ত্বয়ৈকেন জগত্রয়ং ভ্রুবোর্বিজৃম্ভণত্রস্ত সমস্ত ধিষ্ণ্যপং।
ন তস্য চিন্ত্যং তব নাথ চক্ষ্বহে নবৈ শিশূনাং গুণদোষয়োঃ পদং ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

মধ্যমপুত্রঃ শুনঃশেফোনাম পিতৃভ্যাং হরিশ্চন্দ্রায় বিক্রীতঃ সন্ যথা তয়োরপকারং অবিস্মরন্ তদ্বিপক্ষং বিশ্বামিত্রমাশ্রিত্য গোত্রান্তরমাপন্নস্তদ্বৎ। যদ্বা স্বভাবাপরিত্যাগে দৃষ্টান্তঃ শুনঃশেফপুচ্ছমিবেতি ॥ ৩৭ ॥

অপ্রমেয়ঃ অপরিমেয়োঽনুভাবো যস্য। ন কুতশ্চিদ্ভয়ং যস্য অমরঃ মৃত্যুশূন্যঃ। নবা ভবিতা অন্যথা মৃত্যুর্নৈব ভবিষ্যতীত্যর্থঃ ॥ ৩৮ ॥

ঔশনসৌ উশনসঃ পুত্রৌ নীতিজ্ঞৌ বিবিক্তে একান্তে ॥ ৩৯ ॥

ভ্রুবোর্বিজৃম্ভণেনৈব ত্রস্তাঃ সমস্ত ধিষ্ণ্যপা যস্মিন্। চিন্ত্যং ন চক্ষ্বহে ন পশ্যাবঃ পদমালম্বনং নৈবাস্তি যদ্বা শিশূনাং বৃত্তং গুণদোষয়োঃ পদং বিষয়ো নভবতীত্যর্থঃ ॥ ৪০ ॥

ক্রমসন্দর্ভঃ।

শিশূনাং গুণদোষয়োঃ পদমালম্বনং নাস্তি। যদালম্ব্য তৌ প্রবর্ত্তেতে। তদেব তেষাং নাস্তি। সারাসার বিচারাভাবাৎ ॥ ৪০। ৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শুনঃশেফো নাম পিতৃভ্যাং হরিশ্চন্দ্রায় বিক্রীতো অজীগর্ত্তস্য মধ্যমঃ পুত্রঃ স যথা তয়োরপকারমবিস্মরংস্তদ্বিপক্ষং বিশ্বামিত্রমাশ্রিত্য গোত্রান্তরমাপন্ন স্তদ্বৎ ॥ ৩৭। ৩৮। ৩৯ ॥

তস্য তব চিন্ত্যং স্বাভিলষণীয় বস্তুনোঽপ্রাপ্ত্যা চিন্তনীয়ং কিমপি ন চক্ষ্বহে ন পশ্যাব ইত্যর্থঃ। পুত্রোঽয়ং মে মদ্বিরুদ্ধস্বভাব ইতি চেত্তত্রাহ নেতি শিশূনাং পদং ব্যবসায়ং গুণদোষয়োর্মধ্যে ন চক্ষ্বহে ন কিমপি পশ্যাবঃ। শৈশবাস্তে সতি বুদ্ধের্ভদ্রাভদ্রত্বং জ্ঞাস্যাব ইতি ভাবঃ। বৈ ইতি চার্থে। চক্ষ্বহে ইত্যুভয়ত্রান্বয়ঃ ॥ ৪০ ॥

এখন আমার শত্রুত্ব বিস্মরণ করিল না। যেমন অজীগর্ত্তের মধ্যম পুত্র শুনঃসেফ পিতা মাতা কর্ত্তৃক হরিশ্চন্দ্রকে বিক্রীত হইয়া সে ঐ পিতার অপকার স্মরণ পূর্ব্বক তদ্বিপক্ষ বিশ্বামিত্রকে আশ্রয় করিয়া গোত্রান্তর প্রাপ্ত হয়, তাহার ন্যায়, কিম্বা শত্রুতাই ইহার স্বভাব, কুক্কুর পুচ্ছের বক্রতার ন্যায় স্বভাব দুষ্পরিহার্য্য ॥ ৩৭ ॥

পরন্তু ইহার অনুভাব অপরিমেয়, কিছুতেই ইহার ভয় হইল না। এ অমর, ইহার সহিত বিরোধে আমারই মৃত্যু হইবে নাকি? ॥ ৩৮ ॥

এই প্রকার চিন্তায় দৈত্যপতি ম্লান ও অধোবদন হইয়া থাকিল। অনন্তর শুক্রাচার্য্যের নীতিজ্ঞ দুই পুত্র শণ্ডামর্ক তাহার নিকট আগমন পূর্ব্বক নির্জ্জনে কহিতে লাগিল ॥ ৩৯ ॥

প্রভো। আপনি একাকী ত্রিভুবন জয় করিয়াছেন, আপনার ভ্রূ ভঙ্গি মাত্রে সমস্ত লোকপাল অতিশয় ত্রস্ত হয়। হে নাথ! আপনার এ প্রকার প্রভাব, আপনার চিন্তার বিষয় কিছুই দেখিতে পাই না, তথাপি এরূপ চিন্তিত রহিয়াছেন কেন? প্রহ্লাদের আচরণ জন্য চিন্তা করা উচিত হয় না, সে বালক, বালকদের ব্যবহার গুণ অথবা দোষের বিষয় হইতে পারে না ॥ ৪০ ॥

ইমন্তু পাশৈর্বরুণস্য বদ্ধ্বা নিধেহি ভীতো ন পলায়তে যথা।
বুদ্ধিশ্চ পুংসো বয়সার্য্য সেবয়া যাবদ্গুরু র্ভার্গব আগমিষ্যতি ॥ ৪১ ॥
তথেতি গুরুপুত্রোক্তমনুজ্ঞায়েদমব্রবীৎ। ধর্ম্মোহ্যস্যোপদেষ্টব্যো রাজ্ঞাং যো গৃহমেধিনাং ॥ ৪২
ধর্ম্মমর্থঞ্চ কামঞ্চ নিতরাঞ্চানুপূর্ব্বশঃ। প্রহ্লাদায়োচতু রাজন্ প্রশ্রিতাবনতায়চ ॥ ৪৩ ॥
যথা ত্রিবর্গং গুরুভিরাত্মনে উপশিক্ষিতং। ন সাধু মেনে তচ্ছিক্ষাং দ্বন্দ্বারামোপবর্ণিতাং ॥ ৪৪ ॥
যদাচার্য্যঃ পরাবৃত্তো গৃহমেধীয় কর্ম্মসু। বয়স্যৈর্বালকৈস্তত্র সোপহূতঃ কৃতক্ষণৈঃ ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

তথাপিতু বন্ধনমস্যোচিতমিত্যাহতুরিমন্ত্বিতি। যাবদ্গুরুরাগমিষ্যতি তাবদ্বদ্ধ্বা নিধেহি। ততঃ কিমত উচতুঃ বুদ্ধিশ্চ সমীচীনা বয়সা ভবতীতি ॥ ৪১ ॥

অনুজ্ঞায় তথেত্যঙ্গীকৃত্য ॥ ৪২ ॥

ততশ্চ তৌ প্রহ্লাদায় ধর্ম্মাদিকমূচতুঃ প্রশ্রিতশ্চাসাববনতশ্চ তস্মৈ ॥ ৪৩ ॥

যথাবত্রিবর্গমুপশিক্ষিতমপি সাধু ন মেনে তাং শিক্ষাঞ্চ কুতোদ্বন্দ্বৈ রাগদ্বেষাদিভির্ব্বিষয়ৈর্ব্বারমণং যেষাং তৈরুপবর্ণিতাং ॥ ৪৪

পরাবৃত্তঃ অন্যত্র গতঃ স উপহূতঃ সন্ধিঃ পাদপূরণার্থঃ ক্রীড়ার্থং কৃতক্ষণৈঃ কৃতোৎসবৈ র্লব্ধাবসরৈরিতি বা ॥ ৪৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

গৃহমেধিনাং তত্রাপি রাজ্ঞাং ॥ ৪২। ৪৩। ৪৪ ॥

যদেতি তত্র তদা ॥ ৪৫। ৪৬। ৪৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভবতু সংপ্রতি কিং করোমি তত্রাহতুঃ ইমন্ত্বিতি যতঃ পুংমাত্রস্যৈব বুদ্ধির্ব্বয়সা বাল্যাৎ পরেণৈব তথা আচার্য্যস্য সেবয়াচ। ক আর্য্যঃ কদাবা অনেন সেব্য স্তত্রাহ যাবদাদেত্যর্থঃ ভার্গবঃ শুক্রএবাচার্য্য ইত্যর্থঃ ॥ ৪১ ॥

অনুজ্ঞায় অঙ্গীকৃত্য ॥ ৪২। ৪৩ ॥

যথাবং ত্রিবর্গমুপশিক্ষিতমপি সাধু ন মেনে তাং শিক্ষাঞ্চ যতো দ্বন্দ্বারামসাংসারিকলোকবিষয়ে এব উপবর্ণিতাং নতু পারমার্থিকে ॥ ৪৪ ॥

পরাবৃত্তঃ অধ্যাপনস্থানাৎ পরাবৃত্য স্বগৃহং গতঃ। কর্ম্মসু প্রাবর্ত্তত। তদা স প্রহ্লাদঃ কৃতক্ষণৈঃ ক্রীড়ার্থং কৃতোৎসবৈঃ।

আর যদি অন্য কোন কারণে তজ্জন্য চিন্তাই হয়, তবে এক কর্ম্ম করুন, যাবৎ পর্য্যন্ত আপনার গুরু শুক্রাচার্য্য আগমন না করেন তাবৎ তাঁহাকে বরুণের পাশে বন্ধন করিয়া রাখুন, যাহাতে ভীত হইয়া পলাইতে না পারে। হে মহারাজ! বয়োবৃদ্ধি ও আর্য্যজনের সেবায় পুরুষের বুদ্ধি সমীচিনা হইয়া থাকে ॥ ৪১ ॥

হিরণ্যকশিপু "তাহাই করিতেছি" এই বলিয়া গুরু পুত্রের বাক্য স্বীকার করিল, পরে কহিল আপনারা ইহাকে গৃহাশ্রমি রাজাদিগের ধর্ম্ম উপদেশ করুন ॥ ৪২ ॥

হে রাজন্! তদনন্তর শণ্ডামর্ক প্রহ্লাদকে যথাক্রমে ধর্ম্ম, অর্থ ও কাম উপদেশ দিতে আরম্ভ করিলেন, প্রহ্লাদও প্রশ্রিত ও অবনত হইয়া তাহা গ্রহণ করিতে থাকিলেন ॥ ৪৩ ॥

কিন্তু ত্রিবর্গ ( ধর্ম্ম অর্থ কাম ) যথানিয়মে গুরু সমীপে শিক্ষিত হইলেও ঐ সকল তাঁহার উত্তম বলিয়া বোধ হইল না, কারণ যাঁহারা ঐ সকল বিষয় উপদেশ দিতেন তাঁহাদের চিত্ত রাগ দ্বেষাদি হেতু বিষয়েতেই আসক্ত থাকিত ॥ ৪৪ ॥

সে যাহা হউক, কিয়দ্দিনানন্তর আচার্য্যেরা যখন গৃহমেধীয় কার্য্যানুরোধে অধ্যাপন স্থান হইতে

অথ তান্ শ্লক্ষ্ণয়া বাচা প্রত্যাহূয় মহাবুধঃ। উবাচ বিদ্বাং স্তন্নিষ্ঠাং কৃপয়া প্রহসন্নিব ॥ ৪৬ ॥

তেতু তদ্গৌরবাৎ সর্ব্বে ত্যক্তক্রীড়াপরিচ্ছদাঃ। বালা অদূষিতধিয়ো দ্বন্দ্বারামেরিতেহিতৈঃ ॥ ৪৭ ॥

পর্য্যুপাসত রাজেন্দ্র তন্ন্যস্তহৃদয়েক্ষণাঃ। তানাহ করুণো মৈত্রো মহাভাগবতোঽসুরঃ ॥ ৪৮ ॥

॥ ✻ ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে প্রহ্লাদানুচরিতে পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ✻ ॥ ৫ ॥ ✻ ॥

শ্রীপ্রহ্লাদ উবাচ ॥

কৌমার আচরেৎ প্রাজ্ঞো ধর্ম্মান্ ভাগবতানিহ। দুর্ল্লভং মানুষং জন্ম তদপ্যধ্রুবমর্থদং ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

তেষাং নিষ্ঠাং জন্মমরণাদি লক্ষণাং বিদ্বান্ ॥ ৪৬ ॥

দ্বন্দ্বারামাণামীরিতৈ রীহিতৈশ্চ ন দূষিতা ধীর্যেষাং যতোবালাঃ ॥ ৪৭ ॥ তস্মিন্নেব ন্যস্তং হৃদয়মীক্ষণঞ্চ যৈঃ ॥ ৪৮ ॥

॥ ✻ ॥ ইতি সপ্তমে পঞ্চমঃ ॥ ✻ ॥

ষষ্ঠে গুরৌ গৃহব্যগ্রে প্রহ্লাদোদৈত্যবালকান্। অনুকম্প্য পরং তত্ত্বং নারদোক্তমুপাদিশৎ ॥ ০ ॥

নিরর্থক ক্রিয়ালাপৈ রায়ুর্নায়মজানতাং। প্রহ্লাদঃ সদয়ং প্রাহ ধর্ম্মং ভাগবতং কৃতী। কৌমার ইত্যাদিনা ইহৈব মানুষ

ক্রমসন্দর্ভঃ।

॥ ✻ ॥ ইতি শ্রীমদ্ভাগবত সপ্তমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে পঞ্চমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ ✻ ॥

ভাগবতান্ ধর্ম্মানাচরেৎ। যতোঽর্থদমেতজ্জন্ম। দেবাদি জন্মনি মহাবিষয়াবেশাৎ। পশ্বাদি জন্মনি বিবেকাভাবাচ্চ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যদ্বা। ভক্তিশিক্ষার্থময়ং নিভৃতঃ সময় ইতি কৃতাবসরৈঃ ॥ ৪৫ ॥

তেষাং বালানাং স্বস্মিন্ গুরুত্ব নিষ্ঠাং বিদ্বান্ জানন্ প্রহসন্নিব অহো ইমে অপি ভগবদনুকম্পাজালে পতিতাঃ ইতি স্ময়মানঃ ॥ ৪৬

দ্বন্দ্বারামাণাং দ্বিজানাং ঈরিতৈর্ব্যাখ্যাতৈরর্থৈ রীহিতৈশ্চেষ্টিতৈশ্চ ন দূষিতা ধীর্যেষাং তে ॥ ৪৭। ৪৮ ॥

॥ ✻ ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। সপ্তমে পঞ্চমোধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ ✻ ॥

ষষ্ঠেতু গ্রাহয়ামাস প্রহ্লাদো ভক্তিমর্ভকান্। আসক্তিং দেহগেহাদৌ ত্যাজয়ামাস বোধয়ন্ ॥ ০ ॥

তানাহ করুণো মৈত্র ইতি পূর্ব্বমুক্তং তৎ কিমাহেত্যাত আহ। কৌমারে ধর্ম্মানাচরেৎ। ননু কৌমারে বর্ণাশ্রম ধর্ম্মানামন

অন্যত্র গমন করিলেন, তখন সমবয়স্ক বালকেরা অবকাশ পাইয়া প্রহ্লাদকে আহ্বান করিল ॥ ৪৫ ॥

তিনি মহা বুদ্ধিমান্ ছিলেন সুমিষ্ট বাক্য দ্বারা তাহাদিগকে প্রত্যাহ্বান করিলেন এবং তাহাদের জন্ম মরণাদি রূপ সংসার নিষ্ঠা অবগত হইয়া কৃপা প্রকাশ পূর্ব্বক হাসিতে হাসিতে কহিলেন ॥ ৪৬ ॥

সেই সকল বালক তাঁহার গৌরবে ক্রীড়োপকরণ পরিত্যাগ করিল। তাহারা অতি শিশু, একারণ যে সকল ব্যক্তি সুখ দুঃখাদি দ্বন্দ্ব লইয়া আরাম করে, তাহাদের আচার ব্যবহার দ্বারা তাহাদিগের বুদ্ধি দূষিত হয় নাই ॥ ৪৭ ॥

হে রাজেন্দ্র! বালকেরা ক্রীড়া পরিত্যাগ করিয়া তাঁহারই উপাসনায় নিযুক্ত হইল। পরম কারুণিক মহাভাগবত প্রহ্লাদও তাহাদিগের প্রতি উপদেশ প্রদান করিতে লাগিলেন ॥ ৪৮ ॥

॥ ✻ ॥ ইতি সপ্তমে পঞ্চম ॥ ✻ ॥

ষষ্ঠ অধ্যায়ে গুরু গৃহকৃত্যে ব্যগ্র হইলে প্রহ্লাদ কর্ত্তৃক বালক দিগের প্রতি নারদোক্ত উপদেশ কথন ॥ ০ ॥

প্রহ্লাদ কহিলেন ভ্রাতৃগণ! এই মনুষ্য জন্মে ধর্ম্ম আচরণ করা অবশ্য কর্তব্য. যে হেতু এই জন্মই

যথাহি পুরুষস্যেহ বিষ্ণোঃ পাদোপসর্পণং। যদেষ সর্ব্বভূতানাং প্রিয় আত্মেশ্বরঃ সুহৃৎ ॥ ২ ॥
সুখমৈন্দ্রিয়িকং দৈত্যা দেহযোগেন দেহিনাং। সর্ব্বত্র লভ্যতে দৈবাদ্যথা দুঃখমযত্নতঃ ॥ ৩ ॥

### শ্রীধরস্বামী।

জন্মনি ধর্ম্মানাচরেৎ যতোঽর্থদমেতৎ তত্রচ কৌমার এব যত স্তদপ্যধ্রুবং। নচৈবম্ভূতে জন্মান্তরে যতো দুর্ল্লভং তত্রচ ধর্ম্মানেবাচরেৎ নসুখার্থপ্রয়াসান্ তত্রচ ভাগবতানেব তান্ নকাম্যান্ ॥ ১ ॥

ইহ ভাগবতানেব ধর্ম্মানাচরেদিত্যেতদুপপাদয়তি যথাহীতি চতুর্ভিঃ। ইহ পুরুষস্য বিষ্ণোঃ পাদোপসর্পণমেব যথানুরূপং যোগ্যমিত্যর্থঃ। যদ্যস্মাৎ এষ প্রিয় ইত্যাদি ॥ ২ ॥

ভোগোদ্যমঃ কথং ত্যাজ্য ইতি চেৎ তত্রাহ সুখমিতি সর্ব্বত্র পশ্বাদাবপি দৈবাৎ পূর্ব্বাদৃষ্টাদেব ॥ ৩ ॥

### ক্রমসন্দর্ভঃ।

তত্রাপি ন বিলম্বেনেত্যাহ। কৌমারে কৌমারমারভ্যেত্যর্থঃ। যতস্তদপি জন্মাধ্রুবং। পুনর্দুর্ল্লভঞ্চ। তথা চ ব্রহ্মবৈবর্ত্তে। প্রাপ্যাপি দুর্ল্লভতরং মানুষ্যং বিবুধেপ্সিতং। যৈরাশ্রিতো ন গোবিন্দস্তৈরাত্মা বঞ্চিতশ্চিরং। অশীতিং চতুরশ্চৈব লক্ষাংস্তান্ জীবজাতিষু। ভ্রমদ্ভিঃ পুরুষৈঃ প্রাপ্যং মানুষ্যং জন্ম পর্য্যয়াৎ। তদপ্যফলতাং জাতং তেষামাত্মাভিমানিনাং। বরাকাণামনাশ্রিত্য গোবিন্দ চরণদ্বয়মিতি শাস্ত্রস্য প্রাধান্যেন মানুষমধিকৃত্য প্রবর্ত্তত্বাৎ। তদনুবাদেনোক্তিরিয়ং তত্ত্বদৃষ্ট্যাদি সামান্যেন মানুষত্বমারোপ্যৈবেতি জ্ঞেয়ং ॥ ১ ॥

তত্র ভাগবত ধর্ম্মাচরণস্যৈব যুক্তত্বং দর্শয়তি। যথাহীতি। যৎ যস্মাৎ এষ ভূতানাং স্বভাব এব প্রিয়ঃ প্রেমবিষয়ঃ প্রেমকর্ত্তা চ। তত্র হেতুঃ। আত্মা পরমাত্মা পাদোপসর্পণে হেত্বন্তরং। যস্মাচ্চেষ ঈশ্বরঃ কর্ত্তুমকর্ত্তুমন্যথাকর্ত্তুং সমর্থঃ। সুহৃৎ সর্ব্বেষাং হিতং চিকীর্ষুশ্চেতি ॥ ২। ৩ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ধিকার স্তত্রাহ ভাগবতান্ শ্রবণ কীর্ত্তনাদীন্ ইহ ভারতভূমৌ। নসু তান্ যৌবনাদাবপি কৃত্বা কৃতার্থী ভবতি তত্রাহ প্রাজ্ঞ ইতি যদি কৌমারান্তএব মৃত্যুঃ স্যাত্তর্হি কিং ভবেদিতি প্রকৃষ্ট জ্ঞানবান্ নসু তত্র কা চিন্তা জন্মান্তরং তু ভাবি তত্রৈব ভক্তিঃ কার্য্যেতি তত্রাহ দুর্ল্লভং মানুষং জন্ম। তদপি ভাগ্যাল্লব্ধমপ্যধ্রুবং অদ্য বর্ত্তমানস্যেপি তস্য শ্বঃ স্থিতৌ নিশ্চয়াভাবাৎ। নসু তর্হি তাবন্মাত্র কালেন কুতো ভক্তি সিদ্ধি স্তত্রাহ অর্থদং মুহূর্ত্তমাত্র ব্যাপি ভক্তিমত্তামপি খট্বাঙ্গাদীনাং সিদ্ধি দর্শনাৎ ॥ ১ ॥

ভাগবত ধর্ম্মান্ কেন প্রকারেণাচরেদিত্যপেক্ষায়ামাহ যথা যেন প্রকারেণ বিষ্ণোঃ পাদয়োরুপসমীপে সর্পণং প্রাপ্তির্ভবেত্তথা আচরেদিত্যন্বয়ঃ। তমেব প্রকারং চতুর্ব্বিধং ব্যঞ্জয়ন্ বিষ্ণুং বিশিনষ্টি যদ্যস্মাদেষ প্রিয়মিত্যাদি। তেন যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টমিতি ভগবদুক্তি প্রামাণ্যেন কান্তভাব শান্তিরতি দাস্যভাব সখ্য ভাবানাং মধ্যে যেন ভাবেন উপসর্পিতুমিচ্ছেত্তেনৈবোপসর্পন্ ভাগবতান্ ধর্ম্মানাচরেদিতি রাগভক্তাবপি বিধি র্ব্যঞ্জিতঃ। আত্মতুল্যত্বাদাত্মা সুত ইতি তন্ত্রেণোক্ত্যা পঞ্চৈব ভাবাঃ প্রহ্লাদেনোপদিষ্টা ইতি বা ॥ ২ ॥ সুখভোগার্থমুদ্যমস্তু মানুষং দেহং প্রাপ্য ন কর্ত্তব্য ইত্যাহ সুখমিতি দেহযোগেনেতি সুখদুঃখে দেহধর্ম্মাবেবেত্যর্থঃ। সর্ব্বত্র পশ্বাদাবপি ॥ ৩ ॥

অর্থ প্রদ। হে বয়স্যবর্গ! মনুষ্য জন্মেও কৌমার কালেই প্রাজ্ঞ ব্যক্তিদের ভাগবত ধর্ম্ম আচরণ করা উচিত, তাহার কারণ এই যে মানব জন্ম অতি দুর্ল্লভ, কদাচিৎ লভ্য হয়, তাহাও আবার স্থির থাকে না ॥ ১ ॥

অতএব এই জন্মে মহাপুরুষ ভগবান্ বিষ্ণুর পাদসেবাই শ্রেয়ঃ, যে হেতু তিনি সর্ব্বভূতের প্রিয় আত্মা, ঈশ্বর এবং সুহৃদ্ ॥ ২ ॥

হে দৈত্য বালকগণ! যদি এরূপ মনে কর ভোগোদ্যম কি প্রকারে পরিত্যাগ করিব, তাহার উত্তর এই যে, ইন্দ্রিয় জন্য যে সুখ তাহা দেহযোগ দ্বারা দুঃখের ন্যায় সর্ব্বত্র অর্থাৎ পশ্বাদি দেহেও পূর্ব্ব জন্মের অদৃষ্ট বশতঃ বিনা যত্নেই লাভ হইয়া থাকে ॥ ৩ ॥

তৎ প্রয়াসো ন কর্ত্তব্যো যত আয়ুর্ব্যয়ঃ পরং । ন তথা বিন্দতে ক্ষেমং মুকুন্দচরণাম্বুজং ॥ ৪ ॥
ততো যতেত কুশলঃ ক্ষেমায় ভবমাশ্রিতঃ । শরীরং পুরুষং যাবন্নবিপদ্যেত পুষ্কলং ॥ ৫ ॥
পুংসো বর্ষশতং হ্যায়ুস্তদর্দ্ধঞ্চাজিতাত্মনঃ । নিষ্ফলং যদসৌ রাত্র্যাং শেতেহন্ধং প্রাপিতস্তমঃ ॥ ৬ ॥
মুগ্ধস্য বাল্যে কৈশোরে ক্রীড়তো যাতি বিংশতিঃ । জরয়া গ্রস্তদেহস্য যাত্যকল্পস্য বিংশতিঃ ॥ ৭
দুরাপূরেণ কামেন মোহেনচ বলীয়সা । শেষং গৃহেষু সক্তস্য প্রমত্তস্যাপযাতিহি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী ।

অতস্তদর্থং প্রয়াসো ন কর্ত্তব্যঃ যতঃ প্রয়াসাৎ পরং কেবলং আয়ুষোব্যয় এব । যত্তস্তথা তেন প্রকারেণ ক্ষেমং ন প্রাপ্নোতি । যথা মুকুন্দচরণাম্বুজং ভজন্ বিন্দতে তথা নেতি বা ॥ ৪ ॥

ভবমাশ্রিতঃ সংসারং প্রাপ্তঃ পুরুষরূপং শরীরং যাবৎ পুষ্কলমস্তি নবিপদ্যেত অক্ষমং ন ভবেৎ ন নশ্যেদিতি বা তাবৎক্ষীপ্রং ক্ষেমায় যতেত ॥ ৫ ॥

আয়ুর্ব্যয়ক্রমমাহ পুংস ইতি ত্রিভিঃ যদস্মাৎ শেতে ॥ ৬ ॥

বিংশতিবর্ষাণি আয়ুর্যাতি ॥ ৭ ॥

দুরাপূরেণ দুঃখৈঃ সমস্তাৎ পূর্য্যমাণেন ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ ।

মুকুন্দ চরণাম্বুজ রূপং ক্ষেমং ॥ ৪ ॥

পুরুষরূপমিতি স্বামী । পৌরুষমিতি সম্বন্ধোক্তিঃ ॥ ৫ ॥

কৌমার ইত্যত্র কৈশোর ইতি কচিৎ ॥ ৭ । ৮ । ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬ । ১৭ । ১৮ । ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

তথা তেন প্রকারেণ ক্ষেমং ন বিন্দাতে ক্ষেমমেবাহ মুকুন্দেতি ॥ ৪ ॥

ভবমাশ্রিত ইতি হরিভজনাভাবে হ্যনাসৃষ্টাঃ পতন্ত্যধ ইতি ভবং প্রাপ্স্যতি বৈধভক্তৌ বিধিকৃতঃ পুষ্কলং জরারোগাদ্যভাবাৎ পুষ্টং যত্নসমর্থমিত্যর্থঃ ॥ ৫ ॥

আয়ুর্ব্যয়ক্রমমাহ পুংস ইতি ॥ ৬ ॥

ক্রীড়ত ইতি বালৈর্ব্বালাভিশ্চ সহ ॥ ৭ ॥

শেষমবশিষ্টমায়ুঃ ॥ ৮ ॥

অতএব তদর্থ প্রয়াস করণে কোন ফল নাই, তাহার নিমিত্ত প্রয়াসে অনর্থক পরমায়ুর ব্যয় মাত্র। অধিকন্তু মুকুন্দ চরণ সেবন দ্বারা যদ্রূপ পরম কল্যাণ প্রাপ্ত হওয়া যায় ঐ প্রকারে তদ্রূপ মঙ্গলও পাওয়া যাইতে পারে না ॥ ৪ ॥

এ কারণ সংসার প্রাপ্ত হইয়া যাবৎ শরীর পুষ্ট থাকে এবং যাবৎ বিনষ্ট না হয় তাবৎ সত্বর হইয়া কল্যাণার্থ যত্ন করাই কর্ত্তব্য ॥ ৫ ॥

হে দৈত্য বালকগণ! পুরুষের পরমায়ুঃ শত বর্ষমাত্র, যে ব্যক্তি অজিতাত্মা তাহার আয়ুঃ তদর্দ্ধ, যে হেতু সে রাত্রি কালে অন্ধতমসে আচ্ছন্ন হইয়া অনর্থক শয়ন করিয়া থাকে ॥ ৬ ॥

সেই অর্দ্ধ পরমায়ুর মধ্যেও বাল্য ও কৈশোরে মুগ্ধ হইয়া বিংশতি বৎসর ক্রীড়ায় যায় এবং বৃদ্ধাবস্থায় দেহ জরাগ্রস্ত হওয়াতে অশক্তাবস্থাতেও বিশ বৎসর গত হইয়া থাকে ॥ ৭ ॥

অবশিষ্ট যে পরমায়ুঃ থাকিল তাহাতে সকল দিক্ হইতে দুঃখে পূর্য্যমাণ যে কাম এবং অতিশয়

কো গৃহেষু পুমান্ সক্তমাত্মানমজিতেন্দ্রিয়ঃ। স্নেহপাশৈর্দৃঢ়ৈর্বদ্ধমুৎসহেত বিমোচিতুং ॥ ৯ ॥
কোন্বর্থতৃষ্ণাং বিসৃজেৎ প্রাণেভ্যোপি য ঈপ্সিতঃ। যং ক্রীণাত্যসুভিঃ প্রেষ্ঠৈস্তস্করঃ সেবকো বণিক্॥১০॥
কথং প্রিয়ায়া অনুকম্পিতায়াঃ সঙ্গং রহস্যং রুচিরাংশ্চ মন্ত্রান্।
সুহৃৎসু তৎ স্নেহসিতঃ শিশূনাং কলাক্ষরাণামনুরক্তচিত্তঃ ॥ ১১ ॥
পুত্রান্ স্মরংস্তা দুহিতৃর্হৃদয্যা ভ্রাতৄন্ স্বসৄর্বা পিতরৌচ দীনৌ।

শ্রীধরস্বামী।

ননু যৌবনে গৃহাসক্তোপি পশ্চাদ্বিরক্তঃ সন্ ক্ষেমং যাস্যতীতি আশঙ্ক্য তদসম্ভবং দর্শয়ন্ কৌমার এবাচরেদিতি এতদুপপাদয়তি কো গৃহেষ্বিতি সপ্তভিঃ ॥ ৯ ॥

যমর্থমসুভিঃ ক্রীণাতি প্রাণহানিমঙ্গীকৃত্যাপি তস্করাদির্যং সাধয়তি তস্মিন্নর্থে তৃষ্ণাং কোনু বিসৃজেৎ ॥ ১০ ॥

কিঞ্চ কথমিত্যাদি প্রিয়ায়াঃ সঙ্গাদিকং স্মরন্ কথং ত্যজেদিতি তৃতীয়েনান্বয়ঃ। মন্ত্রান্ হিতশিক্ষালাপান্। সুহৃৎসুচ সঙ্গং তেষাং স্নেহেন সিতো বদ্ধঃ। কলানি মধুরাণাক্ষরাণি যেষাং তেষাঞ্চ সঙ্গং। তেষ্বনুরক্তং চিত্তং যস্য ॥ ১১ ॥

তাঃ শ্বশুরস্য গৃহে স্থিতা হৃদয্যা হৃদয়ঙ্গমাঃ। মনোজ্ঞা উরবঃ পরিচ্ছদা যেষু তান্ বৃত্তী জীবিকাঃ। কুল্যাঃ কুলপরম্পরাগতাঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র তত্র কৃষ্ণং ভজেদিতি বিবেকবত্ত্বেপি ভজনাসামর্থ্যমাহ ক ইতি তস্মাৎ কৌমারত এব ভজনে আরভ্যমাণে ভজন এবাসক্তাব্যুৎপদ্যমানয়া অন্যত্রানাসক্ত্যা ভজনং সিদ্ধ্যতি নান্যথেতি ভাবঃ ॥ ৯ ॥

দ্রব্যাসক্তেঃ প্রাবল্যং দর্শয়তি কোন্বিতি যোঽর্থঃ অর্থসা প্রাণেভ্যোপি প্রিয়ত্বমাহ। যং অর্থং প্রাণৈঃ ক্রীণাতি প্রাণহানিমঙ্গীকৃত্যৈব তস্করো দ্রব্যার্থং রাত্রৌ ধনিনাং গৃহং প্রবিশতি সেবকো রাজকীয়ো যুদ্ধাভিমুখং চলতি বণিক সমুদ্রাদিদুর্গগামী ॥ ১০ ॥

স্ত্রীপুত্রাদ্যাসক্তেঃ প্রাবল্যং দর্শয়তি কথমিতি প্রিয়ায়াঃ সঙ্গাদিকং স্মরন্ কথং ত্যজেদিতি তৃতীয়েনান্বয়ঃ। মন্ত্রান্ হিতশিক্ষালাপান্। সিতোবদ্ধঃ শিশূনাঞ্চ সঙ্গং। তাঃ শ্বশুরগৃহে স্থিতাঃ হৃদয্যাঃ হৃদয়ঙ্গমাঃ বৃত্তীর্জীবিকাঃ কুল্যাঃ কুলপরম্পরা প্রাপ্তাঃ ॥ ১১।১২

বলবান্ যে মোহ, ঐ উভয় দ্বারা গৃহে আসক্ত হয়, সুতরাং ঐ সময়ও বৃথা অপগত হয় ॥ ৮ ॥

হে বয়স্যগণ! যদি বল যৌবন কালে গৃহাসক্ত হইলেও পশ্চাৎ বিরক্ত হওত কল্যাণ লাভ হইতে পারে এরূপ আশঙ্কা করিও না, কারণ একবার গৃহে আসক্ত হইলে তাহা হইতে মুক্ত হওয়া দুর্ঘট, ফলতঃ অজিতেন্দ্রিয় কোন্ পুরুষ এ কাল পর্য্যন্ত দৃঢ়তর স্নেহ পাশে বদ্ধ এবং গৃহে আসক্ত আত্মাকে মোচন করিতে উৎসাহী হইয়াছে? ॥ ৯ ॥

আর কোন্ ব্যক্তিই বা ধনতৃষ্ণা পরিত্যাগ করিয়াছে? ধন কি সামান্য বস্তু, প্রাণ অপেক্ষাও প্রিয়তর, যে হেতু প্রত্যক্ষ দৃষ্ট হইতেছে তস্কর বণিক্ ও সেবক ইহারা প্রাণহানি অঙ্গীকার করিয়াও ধন উপার্জন করিতেছে ॥ ১০ ॥

অপর অনুকম্পিতা প্রিয়তমার সঙ্গে রহস্য ও মনোহর আলাপাদি স্মরণ করিলে কোন্ ব্যক্তি ঐ সকলই বা পরিত্যাগ করিতে পারে! এবং সুহৃজ্জনের স্নেহপাশে কোন্ পুরুষ তাহাদের সঙ্গ পরিবর্জনেই বা সমর্থ হয়? আর শিশুদিগের মধুর আলাপ শ্রবণে অনুরক্ত, তাদৃশ কোন্ ব্যক্তিই বা তাহাদের সম্পর্ক পরিত্যাগ করিতে সমর্থ হইতে পারে? ॥ ১১ ॥

অপিচ পুত্র, শ্বশুরালয়স্থ কন্যা, ভ্রাতা, ভগিনী, দীন পিতা মাতা এবং সুমহৎ মনোজ্ঞ পরিচ্ছদ

গৃহাত্মনোজ্ঞোরুপরিচ্ছদাংশ্চ বৃত্তিশ্চ কুল্যাঃ পশুভৃত্যবর্গান্ ॥ ১২ ॥
ত্যজেত কোশস্কৃদিবেহমানঃ কর্ম্মাণি লোভাদবিতৃপ্তকামঃ।
ঔপস্থ্যং জৈহ্ব্যং বহুমন্যমানঃ কথং বিরজ্যেত দুরন্তমোহঃ ॥ ১৩ ॥
কুটুম্বপোষায় বিয়ন্নিজায়ুর্ন বুধ্যতেঽর্থং বিহতং প্রমত্তঃ।
সর্ব্বত্র তাপত্রয়দুঃখিতাত্মা নির্ব্বিদ্যতে ন স্বকুটুম্বরামঃ ॥ ১৪ ॥
বিত্তেষু নিত্যাভিনিবিষ্টচেতা বিদ্বাংশ্চ দোষং পরবিত্তহর্ত্তুঃ।
প্রেত্যেহ বাথাপ্যজিতেন্দ্রিয়স্তদশান্তকামো হরতে কুটুম্বী ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

কোশস্কৃৎ কোশকারী কীটঃ স যথা গৃহং কুর্ব্বন্ আত্মনো নির্গমায় দ্বারমপি নাবশেষয়তি তথা কর্ম্মাণীহমানঃ ননু অবিতৃপ্ত কামোঽপি দোষদর্শনেন বিরক্তঃ সন্ ত্যজেৎ তত্রাহ ঔপস্থ্যঞ্চ শৈশ্নং জৈহ্ব্যঞ্চ সুখং তদেবাধিকং মন্যমানঃ অতো দুরন্তো মোহো যস্য সঃ। কথং বিরজ্যেত বিরক্তঃ স্যাৎ ॥ ১৩ ॥

দুরন্ত মোহত্বং দর্শয়ন্নাহ কুটুম্বপোষায় বিয়ৎ বিশেষেণ যৎক্ষীয়মাণং নিজমায়ুঃ পুরুষার্থঞ্চ বিহতং ন বুধ্যতে অতএব তাপত্রয়েণ দুঃখিত চিত্তোঽপি ন নির্ব্বিদ্যতে দুঃখ বুদ্ধিং ন করোতি। যতঃ স্বকুটুম্বে রামো রতি র্যস্য ॥ ১৪ ॥

প্রত্যুত চৌর্য্যং করোতীত্যাহ বিত্তেম্বিতি। নিত্যমভিনিবিষ্টং চেতো যস্য সঃ পরবিত্তহর্ত্তুঃ প্রেত্য নরকলক্ষণং ইহচ দণ্ডাদি রূপং দোষং যদ্যপি বিদ্বান্ তথাপ্যশান্তাভিলাষঃ তৎ পরবিত্তং হরত্যেব ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

কোশস্কৃৎ কোশকীটঃ স যথা গৃহং কুর্ব্বন্নাত্মনো নির্গমায় দ্বারমরক্ষন্ ম্রিয়তে তথৈব কর্ম্মাণি ঈহমানঃ ঔপস্থ্যং সুখং জৈহ্ব্যঞ্চ সুখং ॥ ১৩ ॥

বিয়ৎ ক্ষীয়মাণং নিজমায়ুঃ পুরুষার্থঞ্চ হতং ন বুধ্যতে ঘটিকামাত্রতাপাপচয়স্তু বুধ্যত এবেতি ভাবঃ। তদপি তস্মান্ন নির্ব্বিদ্যতে ॥ ১৪ ॥

প্রেত্য নরকলক্ষণং ইহচ রাজদণ্ডাদি রূপং দোষং যদ্যপি বিদ্বান্ তত্তদপি তানি বিত্তানি হরতে ॥ ১৫ ॥

যুক্ত গৃহ, তথা পরম্পরাগত জীবিকা, আর পশু ও ভৃত্যবর্গ, এ সকলকে স্মরণ করিয়া ॥ ১২ ॥

কোন্ ব্যক্তিই বা পরিত্যাগ করিতে পারে? যেমন কোশকার কীট স্বীয় গৃহ নির্ম্মাণ করত আপনার নির্গমার্থ দ্বারও অবশেষ রাখে না তাহার ন্যায় ঐ সকলে আসক্ত চিত্ত পুরুষ অতৃপ্ত কাম হইয়া লোভে অনবরত কর্ম্মই করিতে থাকে, দোষ দর্শন দ্বারা সে কখন বিরক্ত হইয়া ঐ সকল ত্যাগ করিবে তাহার সম্ভাবনা মাত্র নাই। ফলতঃ উপস্থ ও জিহ্বা জন্য সুখকেই সে ব্যক্তি বহু করিয়া মানে অতএব তাহার মোহ অতি দুরন্ত, সে কি প্রকারে বিরক্ত হইবে? ॥ ১৩ ॥

অপর গৃহাসক্ত দুরন্ত মোহে এ রূপ প্রমত্ত হয় যে কুটুম্ব পোষণে আপনার পরমায়ু যে ক্ষয় প্রাপ্ত হইতেছে এবং পুরুষার্থ সকল যে বিনষ্ট হইয়া যাইতেছে তাহাও জানিতে পারে না, অতএব আধ্যাত্মিক আধিভৌতিক ও আধিদৈবিক এই তাপত্রয়ে দুঃখিত চিত্ত হইয়াও ঐ সকল দুঃখ বোধ করে না, কুটুম্বেতেই রত হইয়া থাকে ॥ ১৪ ॥

অধিক কি বলিব প্রত্যুত অজিতেন্দ্রিয় কুটুম্বি পুরুষের চিত্ত বিত্তের প্রতি এ রূপ অভিনিবিষ্ট যে সে পরস্ব হরণে পরকালে নরক এবং ইহকালে রাজদণ্ডাদি রূপ মহৎ দোষ জানিয়াও লোভ সম্বরণে অসমর্থ হইয়া স্বয়ং হরণ করে ॥ ১৫ ॥

বিদ্বানপীত্থং দনুজাঃ কুটুম্বং পুষ্ণন্ স্বলোকায় ন কল্পতে বৈ।
যঃ স্বীয় পারক্য বিভিন্ন ভাবস্তমঃ প্রপদ্যেত যথাবিমূঢ়ঃ ॥ ১৬ ॥
যতো ন কশ্চিৎ ক্ব চ কুত্রচিদ্বা দীনঃ স্বমাত্মানমলং সমর্থঃ।
বিমোচিতুং কামদৃশাং বিহারক্রীড়ামৃগো যন্নিগড়ো বিসর্গঃ ॥ ১৭ ॥
ততো বিদূরাৎ পরিহৃত্য দৈত্যা দৈত্যেষু সঙ্গং বিষয়াত্মকেষু।
উপেত নারায়ণমাদি দেবং সমুক্তসঙ্গৈরিষিতোঽপবর্গঃ ॥ ১৮ ॥

### শ্রীধরস্বামী।

তদেবং কৌমার আচরেৎ প্রাজ্ঞ ইত্যাদি সপ্তভিঃ শ্লোকৈরুপপাদিতং গৃহাদিষু প্রসক্তস্য বৈরাগ্যাদাসম্ভবং উপসংহরতি বিদ্বানপীতি। স্বলোকায় আত্মপরামর্শায় ন কল্পতে কিন্তু বিমূঢ়ো যথা তথা বিদ্বানপি তমোভিনিবেশমেব প্রপদ্যেত তত্র হেতুর্য ইতি স্বীয়মিদং পারক্যমিদমিতি বিভিন্ন ভাবো ভাবনা যস্য সঃ ॥ ১৬ ॥

তস্মাৎ কৌমার এব ভাগবতান্ ধর্ম্মানাচরেদিতি সহেতুকমুপসংহরতি যতঃ কশ্চিদপি স্বমাত্মানং বিমোচিতুং ন সমর্থঃ ততঃ শ্রীনারায়ণমুপেত শরণং যাতেত্যুত্তরেণান্বয়ঃ অসামর্থ্যে হেতুঃ অলং দীনো লম্পটঃ অতঃ কামো দৃশির্যাসাং তাসাং বিহারে ক্রীড়ায়াং নিমিত্তে ক্রীড়ামৃগঃ বিহারমিতি পৃথক্ পাঠে তাসাং বিহারসাধনং আত্মানং যতস্তাসাং ক্রীড়ামৃগঃ স ইত্যন্বয়ঃ কিঞ্চ যৎ যাসু নিগড়ঃ শৃঙ্খলাতুল্যোবিসর্গঃ পুত্রাদি রূপো ভবতি ॥ ১৭ ॥

বিদূরাদ্বিদূরতঃ সঙ্গং পরিহৃত্য। যদ্বা অবিদূরাৎ শীঘ্রং উপেতেত্যন্বয়ঃ। যস্মাৎ সএবাপবর্গ ইষ্টঃ ॥ ১৮ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিদ্বানপি শাস্ত্রজ্ঞোপি স্বলোকায় কোঽহং কিং করোমীতি স্বমবলোকিতুমিত্যর্থঃ। যথা বিমূঢ়স্তথৈব হে দনুজাঃ ॥ ১৬ ॥

যতঃ কুটুম্বাৎ ক্বাপি দেশে কুত্রচিদপি কালে সমর্থঃ শাস্ত্রজ্ঞানাদি সামর্থ্যবানপি কশ্চিদপি আত্মানং স্বীয়ং বা বিমোচয়িতুং অলং ন শক্নোতি বিহারমিতি পাঠে আত্মানমিত্যস্য বিশেষণং। সমাস পাঠে কর্ত্তৃবিশেষণং যাঃ কামদৃশঃ এব নিগড়োযত্র তথা বিধঃ সর্গো জন্ম ভবেৎ ॥ ১৭ ॥

অপবর্গঃ সংসারবন্ধবিমোচক ইষিতঃ ইষ্টঃ ॥ ১৮ ॥

হে দনুজনন্দনগণ! এই প্রকারে বিদ্বান্ পুরুষও গৃহাদিতে আসক্ত হইয়া কুটুম্ব পোষণে প্রবৃত্ত হইলে স্বলোকার্থ (আত্ম পরামর্শ নিমিত্ত) সমর্থ হয় না। অর্থাৎ আমি কে কি করিতেছি ইহার কিছুই অনুসন্ধান করিতে পারে না, প্রত্যুত বিমূঢ় ব্যক্তির ন্যায় তমোভিনিবেশই প্রাপ্ত হইয়া থাকে, কারণ "ইহা আমার, ইহা অন্যের" এই রূপ বিভিন্ন ভাবনায় তাহার অন্তঃকরণ আচ্ছন্ন হইয়া পড়ে ॥ ১৬ ॥

হে বয়স্যবর্গ! ঐ প্রকার গৃহাসক্ত পুরুষ কখন কোথাও স্বীয় আত্মাকে মোচন করিতে সমর্থ হয় না, কারণ, সে কামিনীদিগের ক্রীড়ামৃগ স্বরূপ ঐ কামিনীদের সন্তান তাহার নিগড় তুল্য ॥ ১৭ ॥

অতএব হে দৈত্যবালকগণ! বিষয়াত্মক দৈত্য সকলের সঙ্গ দূরে পরিত্যাগ করিয়া আদিদেব নারায়ণের শরণাপন্ন হও, যে হেতু তাঁহার শরণই মোক্ষ, নিঃসঙ্গ মুনিগণ তাহাই বাঞ্ছা করিয়া থাকেন ॥ ১৮ ॥

নহ্যচ্যুতং প্রীণয়তো বহ্বায়াসোঽসুরাত্মজাঃ। আত্মত্বাৎ সর্ব্বভূতানাং সিদ্ধত্বাদিহ সর্ব্বতঃ॥ ১৯॥
পরাবরেষু ভূতেষু ব্রহ্মান্ত স্থাবরাদিষু। ভৌতিকেষু বিকারেষু ভূতেষ্বথ মহৎসুচ।
গুণেষু গুণসাম্যেচ গুণব্যতিকরে তথা। এক এব পরোহ্যাত্মা ভগবানীশ্বরো ব্যয়ঃ॥ ২০॥
প্রত্যগাত্ম স্বরূপেণ দৃশ্য রূপেণচ স্বয়ং। বাপ্য ব্যাপক নির্দ্দেশ্যোহ্যনির্দ্দেশ্যোঽবিকল্পিতঃ।

শ্রীধরস্বামী।

বালানামস্মাকং তদ্ভজনমশক্যমিতিচেৎ তত্রাহ নহীতি। বহ্বায়াসঃ অতিপ্রয়াসঃ॥ ১৯॥

আত্মত্বাৎ সর্ব্বত্র সিদ্ধত্বাদিতিচ হেতু দ্বয়মুপপাদয়তি পরাবরেষ্বিতি চতুর্ভিঃ ব্রহ্মা অন্তোযেষাং স্থাবর আদির্যেষাং তেষু জীবেষু ভৌতিকেষু অজীবেষু ঘটাদিষু মহৎসুচ ভূতেষ্বাকাশাদিষু গুণসাম্যে প্রধানে গুণব্যতিকরে মহত্তত্ত্বাদৌচ পরোব্রহ্ম স্বরূপঃ॥ ২০॥

কথং তর্হি দ্রষ্টৃ দৃশ্য ভোক্তৃভোগ্যাদিভেদঃ মায়য়েত্যাহ প্রত্যগাত্মা দ্রষ্টা ভোক্তা তৎ স্বরূপেণ ব্যাপকতয়া নির্দ্দেশ্যঃ দৃশ্যঃ

ক্রমসন্দর্ভঃ।

পূর্ব্বোক্তং তত্তদ্রূপত্বমেবোপপাদয়তি। পরাবরেষ্বিতি চতুষ্কেণ। তেষু তেষ্বিব এব পর আত্মা সর্ব্বেষাং মূল স্বরূপো ভগবান্ স্বরূপভূতাচিন্ত্য তত্তচ্ছক্তিঃ। অতএবেশ্বরো দুর্ঘটঘটনা সমর্থঃ। অতএবাব্যয়ঃ। স্বেনৈব তত্তদ্ভাবেপ্যধিকারী সন্ স্বয়মেব প্রত্যগাত্ম স্বরূপেণ জীবরূপেণ কেষাঞ্চিৎ তন্মাত্র জ্ঞানানামীয়তে কেষাঞ্চিত্তু তত্তোপাধম জ্ঞানানাং দৃশ্য রূপেণ প্রধান রূপেণ চেয়তে। তত্র জীবরূপেণ ব্যাপকত্বেন নির্দ্দেশ্যো ভবতি। প্রধানাদি রূপেণতু ব্যাপ্যরূপতয়েত্যনেনেত্যর্থঃ। কেষাঞ্চিত্তু অদ্বৈত জ্ঞানিনাং সএব পরমেশ্বরঃ অনির্দেশ্যঃ সন্নবিকল্পিতো ভেদমাত্র শূন্যশ্চ সন্ কেবলানুভবানন্দ স্বরূপ এবেয়তে। নতু স্বরূপ শক্তিময়ৈশ্বর্য্য যুক্তঃ। কথং তত্রাহ মায়য়েতি। তৎ কৃপয়া মায়ান্তর্দ্ধানে সম্যক্ সত্যেবেয়তে। ন তৎ প্রকাশত ইতি ভাবঃ। তস্যাস্তচ্ছাদক ধর্ম্মত্বমেব দর্শয়তি। গুণসর্গায়েতি। সত্ত্বাদি গুণ বিক্ষেপিকয়েত্যর্থঃ। ব্রহ্মজ্ঞানিনামপ্যস্তি সত্ত্ব গুণ এবারবক ইতি ভাবঃ॥ ২০।২১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রীণয়তঃ পরিচর্য্যয়া প্রীণয়িতুং ন বহ্বায়াসঃ। যথা কুটুম্বং প্রীণয়ত ইতি ভাবঃ। নচ তস্যান্বেষণে শ্রমঃ আত্মত্বাৎ হৃদোন বর্ত্তমানত্বাৎ নচ তৎ প্রীণনেপি শ্রমঃ সর্ব্বতঃ সর্ব্বৈরপি প্রকারৈ র্মানসৈরপ্যুপচারৈ স্তৎ প্রীণনস্য সিদ্ধত্বাৎ তথা অচ্যুতং প্রীণয়ামীতি সঙ্কল্পমাত্রেণাপি প্রীতেঃ সিদ্ধত্বাৎ শ্রবণ কীর্ত্তনাদ্যন্যতমেনাপি বা সিদ্ধত্বাৎ॥ ১৯॥

ন কেবলং সম্বন্ধদয়এব বর্ত্তমানঃ পরিচরণীয়ঃ অপিতু সর্ব্বত্রৈব বর্ত্তমানঃ সর্ব্ব সংমাননেনৈব সন্তোষণীয় ইত্যুপদেষ্টুং তস্য সার্ব্বত্রিকীং সার্ব্বকালিকীঞ্চ সত্তামাহ দ্বাভ্যাং পরাবরেষু উৎকৃষ্ট নিকৃষ্টেষু ভূতেষু জীবেষু ব্রহ্মা অন্তো যেষাং স্থাবর আদি র্যেষাং তেষু। ভৌতিকেষ্বজীবেষু ঘটাদিষুচ মহৎসু ভূতেষ্বাকাশাদিষু গুণসাম্যে প্রধানে গুণব্যতিকরে মহত্তত্ত্বাদৌ পরঃ ভূতাদিভ্যঃ প্রাকৃতেভ্যঃ প্রকৃতেশ্চ সকাশাদন্য একঃ পর ব্রহ্মেতি আত্মা পরমাত্মা ইতি ভগবানিতি শব্দত্রয় বাচ্য ঈশ্বর ঈয়ত ইত্যুত্তরেণান্বয়ঃ কীদৃশঃ অব্যয়ঃ সর্ব্বেষ্বপি কালেষ্বপক্ষয় শূন্যঃ॥ ২০॥

নন্বু স জ্ঞায়তে চেদিদমিত্থং কারেণ নির্দ্দিশ্যতামিত্যত আহ প্রত্যগাত্মেতি প্রতীচাং সর্ব্বজীবানামাত্মা পরমাত্মা তৎস্বরূপেণ

হে অসুরনন্দনগণ! আমরা বালক, নারায়ণের উপাসনায় সমর্থ হইব না এই বলিয়া মনে আশঙ্কা করিও না, ভগবান্ অচ্যুত সকল ভূতের আত্মা এবং সর্ব্বত্র প্রসিদ্ধ, তাঁহাকে প্রীত করা বহু প্রয়াসের কর্ম্ম নহে॥ ১৯॥

ফলতঃ স্থাবরাদি ব্রহ্ম পর্য্যন্ত ক্ষুদ্র মহৎ যত জীব এবং ভৌতিক বিকার ঘটাদি যত অজীব ও আকাশাদি যত মহৎ ভূত তথা সত্ত্বাদি গুণ, এবং ঐ সকলের সমত্ব রূপ প্রকৃতি ও গুণ ব্যতিকর মহত্তত্ত্বাদি যত আছে, সকলেতেই ব্রহ্ম স্বরূপ ভগবান্ ঈশ্বর এক আত্মা রূপে বর্ত্তমান আছেন॥ ২০॥

হে বয়স্যবর্গ! যদিও পরমেশ্বর এই প্রকার তথাচ যে মায়ার গুণরূপ সৃষ্টি, তাহার দ্বারা তিনি

কেবলানুভবানন্দস্বরূপঃ পরমেশ্বরঃ। মায়য়ান্তর্হিতৈশ্বর্য্য ঈয়তে গুণসর্গয়া ॥ ২১ ॥
তস্মাৎ সর্ব্বেষু ভূতেষু দয়াং কুরুত সৌহৃদং। ভাবমাসুরমুন্মুচ্য যয়াতুষ্যত্যধোক্ষজঃ ॥ ২২ ॥
তুষ্টেচ তত্র কিমলভ্যমনন্ত আদ্যে কিং তৈগু র্ণব্যতিকরাদিহ যে স্বসিদ্ধাঃ।

শ্রীধরস্বামী।

ভোগ্যং দেহাদি তদ্রূপেণচ ব্যাপ্যতয়া নির্দ্দেশ্যো মায়য়া ঈয়তে ইত্যুত্তরেণান্বয়ঃ। বস্তু তস্তু স্বয়মবিকল্পিতোঽনির্দ্দেশ্যোঽপি সন্ যদ্বা হনির্দ্দেশ্যোপ্যেবং নির্দ্দেশ্যঃ সন্ বিকল্পিত ঈয়তে ইত্যন্বয়ঃ। যতঃ কেবলোঽনুভবাত্মক আনন্দএব স্বরূপং যস্য। নন্বু স এব চেৎ সর্ব্বত্র তর্হি সর্ব্বত্র সর্ব্বজ্ঞত্বাদ্যুপলভ্যেত তত্রাহ গুণাত্মকঃ সর্গো যস্যাঃ সা গুণসর্গা তয়া মায়য়ান্তর্হিতমৈশ্বর্য্যং যেন সঃ ॥২১
যস্মাদেবং তস্মাৎ সর্ব্বেষু যথোচিতং দয়াং সৌহৃদঞ্চ কুরুত উন্মুচ্য সংত্যজ্য যয়া দয়য়া ॥ ২২ ॥
ততঃ কিমত আহ তুষ্টেচ তত্র তস্মিন্ কিমলভ্যং তথাপি গুণ পরিণামাৎ দৈবাদেব স্বসিদ্ধা অযত্নতঃ সিদ্ধা যে ধর্ম্মাদয়স্তৈঃ কিং অগুণেনচ মোক্ষেণ কাঙ্ক্ষিতেন কিং তন্নুপগায়তাং নোঽস্মাকং আকাঙ্ক্ষিতস্যাপি তস্য সিদ্ধেঃ। যদ্বা মাভূন্মোক্ষঃ তচ্চরণয়োঃ

ক্রমসন্দর্ভঃ।

তস্মাৎ সর্ব্বেষেব ভূতেষু নত্বাত্ম মাত্র সম্বন্ধিষু দয়াং কুরুত। ভগবত এবাধিষ্ঠানত্বাৎ। সৌহৃদমাত্মীয় বুদ্ধিং কুরুত ॥ ২২ ॥
পূর্ব্বানুসারেণৈব ভগবত্তোষস্য ব্রহ্ম সিদ্ধিতোপ্যুৎকৃষ্টং ফলমাহ। তুষ্টে চেতি। অতো নশ্বরাণি ফলানি তৎ সাধনান্যপি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্যাপকঃ দৃশ্যং জগৎ তদ্রূপেণ ব্যাপ্য ইত্যেব ব্যাপ্যব্যাপক নির্দ্দেশ্যঃ বস্তুতঃ স্বয়ং হ্যনির্দ্দেশ্যঃ অনির্দ্দেশ্যোঽপি বিকল্পিতঃ উপাসক ভেদৈর্ব্রহ্ম পরমাত্মা ভগবানিত্যেবং বিকল্প বিষয়ী কৃতঃ বিকল্পবিষয়ী কৃতোপি কেবল একোঽনুভবাত্মক আনন্দ এবং স্বরূপং যস্য সঃ। এব সর্ব্বত্র স্ব স্বরূপভূতৈশ্বর্য্যেণ প্রকটমেব বিরাজমানোপি মায়য়া স্বাবিদ্যয়া হেতুনা জীবৈর্দ্রষ্টু মশক্যত্বাদন্তর্হিতৈশ্বর্য্য ঈয়তে কীদৃশ্যা গুণানাং ইন্দ্রিয়ৈরনুভূয় মানানাং শব্দাদীনাং সর্গঃ সৃষ্টির্যতস্তয়েতি শব্দাদয়এবানুভাব্যন্তে নতু তত্রৈবপ্রভি তয়া স্ববৃত্ত্যা সন্নপীশ্বরঃ। ঈশ্বরং প্রতি তয়া স্ববৃত্ত্যা অবিদ্যয়া জীবদৃষ্টেরাবরণাত্তেন দৈবীহ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ইতি ভগবদুক্তে স্তস্যৈব মায়াতরণে সতি স যথা যোগং ভক্তিতারতম্যেন নির্দ্দেশ্যোপি ভবতীতি ভাবঃ ॥২১
যতো ভক্তিগম্য এব ভগবান্ সাচ ভক্তিঃ সর্ব্বভূতেষু দয়াসৌহৃদাভ্যাং সুস্থিরা নির্ব্বিঘ্ন ভবতাতস্তে এব বিধত্তে তস্মাদিতি। সৌহৃদং স্নেহঞ্চ সর্ব্বাণীমানি ভূতানি ভগবচ্ছক্তিময়ত্বাদ্ভগবদ্রূপাণ্যেব স্বরূপেণাপি সর্ব্বত্রৈবৈতেষু স মৎ প্রভু র্বিরাজত এব শ্রীমদ্গুরু বৈষ্ণব কৃপয়া যদি মাং ভক্তিদেবী স্বীকরিষ্যতি তদা সোপি সাক্ষাৎ দ্রষ্টব্য ইতি বুদ্ধ্যেতি ভাবঃ। যয়া দয়য়া সৌহৃদেনচ ॥ ২২ ॥
ততশ্চ তস্মিন্ তুষ্টে তৈর্ধর্ম্মাদিভিঃ কাঙ্ক্ষিতৈঃ কিং ন কিমপি ফলমিত্যর্থঃ। যে গুণানাং ব্যতিকরাৎ পরিণামাৎ ইহ জগতি স্বত এব সিদ্ধাঃ অগুণেন মোক্ষেণচ কিং যতঃ চরণয়োঃ সারং যুষাং সেবমানানাং উপ মোক্ষাদপ্যাধিক্যেন গায়তামিতি চরণয়োঃ কমলত্বং সারস্য সৌরভ্য মাধুর্য্যাদিত্বং তৎ সেবিনাং ভ্রমরত্বমারোপিতং ভ্রমরত্বেন স্বাভাবিকং কাঙ্ক্ষিতান্তর শূন্যত্বং

স্বীয় ঐশ্বর্য্য সম্বরণ করাতে মায়া দ্বারাই প্রত্যগাত্ম স্বরূপে অর্থাৎ দ্রষ্টৃ ও ভক্তৃত্ব রূপে ব্যাপক বলিয়া এবং দৃশ্য অর্থাৎ ভোগ্য দেহাদি রূপে ব্যাপ্য বলিয়া নির্দ্দেশ্য ও বিকল্পিত হইয়া থাকেন, পরন্তু কেবল অনুভব স্বরূপ আনন্দই তাঁহার স্বরূপ, ইহাতে তিনি বস্তুতঃ অবিকল্পিত ও অনির্দ্দেশ্য ॥ ২১ ॥
অতএব হে অসুর বালক সকল! তোমরা আসুর ভাব পরিত্যাগ করিয়া সর্ব্ব ভূতে দয়া কর! সকল প্রাণিতে দয়া করিতে দেখিলেই ভগবান্ অধোক্ষজ পরিতুষ্ট হইবেন ॥ ২২ ॥
তিনি তুষ্ট হইলে কি অলভ্য থাকে? সকলই লভ্য হয়। পরন্তু গুণ পরিণাম হেতু দৈব বশতঃ বিনা যত্নে যে সকল ধর্ম্মাদি সিদ্ধ হয় তাহাতে কি ফল? আর মোক্ষাকাঙ্ক্ষাই বা কেন? আমরা নিরন্তর তাঁহার নাম কীর্ত্তন এবং তদীয় পদারবিন্দের সুধাপান করিয়া থাকি আমাদের মোক্ষেতেই বা

ধর্ম্মাদয়ঃ কিমগুণেনচ কাঙ্ক্ষিতেন সারং জুষাং চরণয়োরুপগায়তাং নঃ ॥ ২৩ ॥
ধর্ম্মার্থ কাম ইতি যোঽভিহিতস্ত্রিবর্গ ঈক্ষা ত্রয়ী নয়দমৌ বিবিধাচ বার্ত্তা।
মন্যে তদেতদখিলং নিগমস্য সত্যং স্বাত্মার্পণং স্বসুহৃদঃ পরমস্য পুংসঃ ॥ ২৪ ॥
জ্ঞানং তদেতদমলং দুরবাপমাহ নারায়ণোনরসখঃ কিল নারদায়।
একান্তিনাং ভগবতস্তদকিঞ্চনানাং পাদারবিন্দরজসাপ্লুতদেহিনাং স্যাৎ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

সারং জুষাং সুধাং সেবমানানাং তেনাপি কিমিত্যর্থঃ ॥ ২৩ ॥

নমু চ ধর্ম্মাদেরপুরুষার্থত্বে কিমিত্যাচার্য্যাভ্যাং বেদোক্তত্বেন সত্য এবাভিহিতঃ তত্রাহ ধর্ম্মার্থ কাম ইতি যস্ত্রিবর্গস্তদর্থঞ্চ যে ঈক্ষাদ্যা অভিহিতা ঈক্ষা আত্মবিদ্যা ত্রয়ী কর্ম্ম বিদ্যা নয়দমৌ তর্ক দণ্ডনীতী বিবিধাচ বার্ত্তা জীবিকা তদেতৎ সর্ব্বং নিগমস্যার্থ জাতং স্বসুহৃদঃ স্বান্তর্যামিণঃ পরমস্য পুংসঃ স্বাত্মার্পণসাধনঞ্চেত্তর্হি সত্যং মন্যে সত্যপরত্বাৎ অন্যথা তদসত্যমেব যদ্বা তদেতদখিলং নিগমস্য ত্রৈগুণ্য বিষয়স্য প্রতিপাদ্যং মন্যে। সত্যং পুনর্নিস্ত্রৈগুণ্যলক্ষণং পরমস্য পুংসঃ স্বাত্মার্পণমেবেত্যর্থঃ তদুক্তং ভগবতা ত্রৈগুণ্যবিষয়া বেদা ইত্যাদি ॥ ২৪ ॥

তেষাং বিশ্বাসার্থং গুরুসম্প্রদায়মাহ জ্ঞানমিতি। যত্র নারদঃ শ্রোতা তত্র কুতো মাদৃশানামধিকার ইত্যাশঙ্ক্যাহ ভগবত একান্ত ভক্তানাং যৎ পাদরজস্তেনাপ্লুতানাং দেহিনাং সর্ব্বেষামপি তজ্জ্ঞানং স্যাৎ নতূত্তমানামেবেতি নিয়মঃ ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

যৎ সম্বন্ধেনানশ্বরস্য ফলায় কল্পস্ত ইত্যাহ। ধর্ম্মার্থেতি ॥ ২৩। ২৪ ॥

এতাদৃশ জ্ঞানস্য বিরলত্বং তদ্ভক্তকৃপৈকলভ্যত্বঞ্চাহ। জ্ঞানমিতি। নরসখ ইতি তত্র শ্রীমন্নরস্য তদ্ভক্তবরস্য কৃপা সাহায্যং দর্শিতং। যত এবৈকান্তিনামিতি। সাক্ষাত্তদুপদেশোপি তদ্ভক্ত কৃপাপেক্ষতে। কিমুতান্যদেবেতি ভাবঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্যক্তিতং ॥ ২৩ ॥

নমুচ ধর্ম্মাদেরপুরুষার্থত্বে কথং সএব গুরুপুত্রাভ্যাং বেদোক্তত্বেনোক্তস্তত্রাহ ধর্ম্মার্থ ঈক্ষা আত্মবিদ্যা ত্রয়ী কর্ম্মবিদ্যা নয়দমৌ তর্কো দণ্ডনীতিশ্চ বিবিধাচ বার্ত্তা জীবিকা তদেতদখিলং নিগমস্যৈব সম্বন্ধি বেদোক্তমেব মন্যে এব নতু দূষয়ামি তাদৃশাধিকারি সম্মতত্বাদিতি ভাবঃ। সত্যং সত্যোহিতং তু পরমপুংসঃ পরমে পুংসি স্বাত্মার্পণং স্বস্যাত্মন স্তদীয়ত্বেনার্পণং। শ্রীস্বামিচরণাস্তু তদেতদখিলং নিগমস্য ত্রৈগুণ্য বিষয়স্য প্রতিপাদ্যং মন্যে। সত্যং পুনর্নিস্ত্রৈগুণ্যলক্ষণং পরস্য পুংসঃ স্বাত্মার্পণমেবেত্যর্থঃ। তদুক্তং ভগবতা ত্রৈগুণ্য বিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুনেতি ব্যাচক্ষতে স্ম ॥ ২৪ ॥

তেষাং বিশ্বাসার্থং গুরুসংপ্রদায়মাহ জ্ঞানমিতি যত্র নারদঃ শ্রোতা তত্র মাদৃশানাং নিকৃষ্টানাং কুতোঽধিকার ইতি নাশঙ্কনীয়মিত্যাহ ভগবত একান্তভক্তানাং যৎপাদরজস্তেনাপ্লুতানাং স্নাতানাং দেহিনাং সর্ব্বেষামপি তজ্জ্ঞানং স্যাৎ নতূত্তমা-

প্রয়োজন কি ? ॥ ২৩ ॥

হে বয়স্যবর্গ! ধর্ম্ম, অর্থ কাম এই যে ত্রিবর্গ এবং তদর্থ যে আত্মবিদ্যা, কর্ম্মবিদ্যা, তর্ক, দণ্ডনীতি এবং বিবিধ জীবিকা, এ সকল ত্রৈগুণ্য বিষয় যে বেদ, তাহার প্রতিপাদ্য বটে, আমিও মানি, কিন্তু পরম পুরুষে যে স্বাত্মার্পণ, তাহাই সত্য, তাহাই নিস্ত্রৈগুণ্য লক্ষণ ॥ ২৪ ॥

অহে ভ্রাতৃগণ! আমি তোমাদিগকে নূতন বিষয় বলিতেছি এমত মনে করিও না, পূর্ব্বে নরসখ ভগবান্ নারায়ণ এই দুর্লভ অমল জ্ঞান নারদকে উপদেশ করিয়াছিলেন। তোমরা নারদের তুল্য শ্রোতা নহ বলিয়া ইহাতে আপনাদের অনধিকার আশ[illegible] করিও [illegible]গবানের একান্ত ভক্ত অকিঞ্চন পুরুষদিগের চরণ ধূলিতে যে ২ দেহী আপ্লুত (স্নাত) হয়, [illegible]দের সকলেরই এ জ্ঞান হইতে পারে,

শ্রুতমেতন্ময়া পূর্ব্বং জ্ঞানং বিজ্ঞানসংযুতং। ধর্ম্মং ভাগবতং শুদ্ধং নারদাদ্দেবদর্শনাৎ ॥ ২৬ ॥

শ্রীদৈত্যপুত্রা ঊচুঃ ॥

প্রহ্লাদ ত্বং বয়ঞ্চাপি নর্ত্তেঽন্যং বিদ্মহে গুরুং। এতাভ্যাং গুরুপুত্রাভ্যাং বালানামপিহীশ্বরৌ ॥২৭॥

বালস্যান্তঃপুরস্থস্য মহৎসঙ্গো দুরন্বয়ঃ। ছিন্ধি নঃ সংশয়ং সৌম্য স্যাচ্চেদ্বিস্রম্ভকারণং ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে প্রহ্লাদানুচরিতে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

শ্রীধরস্বামী।

অতএব ময়াপি নারদাৎ শ্রুতং বিজ্ঞান সংযুতং অনুভব পর্য্যন্তং ধর্ম্মঞ্চ শ্রুতং ॥ ২৬ ॥

তত্রাতি বিস্মিতাঃ পৃচ্ছন্তি প্রহ্লাদেতি। এতাভ্যামৃতেঽন্যং গুরুং ন বিদ্মহে। এতদাগমনাৎ পূর্ব্বমেবাহং নারদপার্শ্বং গত ইতি চেৎ তত্রাহুঃ। বালানামপ্যতিশিশূনামপ্যস্মাকমেতাবীশ্বরৌ নিয়ন্তারৌ অতস্তবান্যত্র গমনং ন সম্ভবতি ॥ ২৭ ॥

সএবাত্রাগত ইত্যপি ন সম্ভবতীত্যাহুঃ বালস্যেতি দুরন্বয়ো দুর্ঘটঃ। বিস্রম্ভকারণং বিশ্বাসহেতুঃ ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি সপ্তমে ষষ্ঠঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্রৈব স্বস্য দর্শয়তি। শ্রুতমিতি। জ্ঞানং তৎপ্রতিপাদকং বাক্যং। যদেব খল্বনুভব পর্য্যন্তং ফলং তৎ সহায়ত্বেন ভাগবতং ধর্ম্মঞ্চ শ্রুতং। তচ্চ শুদ্ধমেব নতু জ্ঞানকর্ম্মাদি মিশ্রং ॥ ২৬। ২৭। ২৮ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে সমপ্তমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে ষষ্ঠোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নামেবেতি নিয়মঃ ॥ ২৫। ২৬ ॥

সবিস্ময়ং পৃচ্ছন্তি প্রহ্লাদেতি। এতাভ্যামৃতেঽন্যং গুরুং ন বিদ্মঃ। বালানামীশ্বরাবিতি ত্বয়াপ্যেতদ্ধস্তাৎ স্বমুন্মোচ্য তৎ পার্শ্বং গন্তুমশক্যমিতি ভাবঃ ॥ ২৭ ॥ সএবাত্রাগত ইত্যপি ন সম্ভবতীত্যাহুঃ বালস্যেতি ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠোঽধ্যায়ঃ সপ্তমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

উত্তম পুরুষদেরই হয় এমত নিয়ম নাই ॥ ২৫ ॥

আমিও অনুভব পর্য্যন্ত এই জ্ঞান তথা শুদ্ধ ভাগবত ধর্ম্ম সেই দেবদর্শন দেবর্ষির সকাশাৎ শ্রবণ করিয়াছিলাম ॥ ২৬ ॥

এই সকল বাক্য শ্রবণ করিয়া দৈত্য বালকেরা বিস্ময় প্রকাশ পুরঃসর কহিতে লাগিল, অহে প্রহ্লাদ! এই দুই গুরুপুত্র (শণ্ডামর্ক) ব্যতীত অন্য গুরু তুমিও জান না, আমরাও জানি না। ইহাঁদের আগমনের অগ্রে তুমি নারদ সমীপে গমন করিয়াছিলে ইহাও বোধ হয় না, কারণ আমরা সকলেই বালক, প্রথমাবধি, এই দুই জনকেই (শণ্ডামর্ককেই) আমাদের নিয়ন্তা দেখিতেছি, কবে তুমি অন্যত্র গেলে? ॥ ২৭ ॥

দেবর্ষি স্বয়ং যে তোমার নিকট আসিয়াছিলেন ইহাও সম্ভব হয় না, বালকেরা অন্তঃপুরে থাকে তাহাদের মহৎ সঙ্গ দুর্ঘট। যাহা হউক, হে সৌম্য! যদি এ বিষয়ে বিশ্বাসের কোন হেতু থাকে আমাদের এই সংশয় ছেদন কর ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি সপ্তমে ষষ্ঠ অধ্যায় ॥ * ॥

শ্রীনারদ উবাচ ॥

এবং দৈত্যসুতৈঃ পৃষ্টো মহাভাগবতোঽসুরঃ। উবাচ স্ময়মানস্তান্ স্মরন্মদনুভাষিতং ॥ ১ ॥

শ্রীপ্রহ্লাদ উবাচ ॥

পিতরি প্রস্থিতেঽস্মাকং তপসে মন্দরাচলং। যুদ্ধোদ্যমং পরং চক্রুর্বিবুধা দানবান্ প্রতি।
পিপীলিকৈরহিরিব দিষ্ট্যা লোকোপতাপনঃ। পাপেন পাপোঽভক্ষীতি বদন্তো বাসবাদয়ঃ।
তেষামতিবলোদ্যোগং নিশম্যাসুরযূথপাঃ। বধ্যমানাঃ সুরৈর্ভীতা দুদ্রুবুঃ সর্ব্বতোদিশং।
কলত্র পুত্র বিত্তাপ্তান্ গৃহান্ পশুপরিচ্ছদান্। নাবেক্ষ্যমাণাস্ত্বরিতাঃ সর্ব্বে প্রাণপরীপ্সবঃ ॥ ২ ॥
ব্যলুম্পন্রাজশিবিরমমরা জয়কাঙ্ক্ষিণঃ। ইন্দ্রস্তু রাজমহিষীং মাতরং মমচাগ্রহীৎ।
নীয়মানাং ভয়োদ্বিগ্নাং রুদতীং কুররীমিব। যদৃচ্ছয়াগতস্তত্র দেবর্ষির্দদৃশে পথি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

সপ্তমে মাতৃগর্ত্তস্থে স্বস্মিন্ নারদভাষিতং। প্রহ্লাদো বর্ণয়ামাস শিষ্যপ্রত্যয়সিদ্ধয়ে। অশ্রাবি নারদাদেতন্মাতৃগর্ত্তে ইতীরিতুং। তৎ প্রস্তাব কথামাহ পদ্যৈঃ ষোড়শভিঃ সুধীঃ ॥ ১ ॥

অস্মাকং পিতরি হিরণ্যকশিপৌ স্বকৃতেনৈব পাপেন পাপোঽসৌ অভক্ষি ভক্ষিত ইতি হর্ষেণ বদন্তো যুদ্ধোদ্যমং চক্রুঃ ॥ ২ ॥

রাজ্ঞঃ শিবিরং আবাসং ব্যলুম্পন্ সর্ব্বস্বাপহারেণ নাশিতবন্তঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

সপ্তমে নারদাৎ প্রাপ যজ্জ্ঞানং মাতৃগর্ত্তগঃ। তদেবোপাদিশদ্বালান্ ভক্তিং প্রেমচ তৎফলং ॥ ১। ২ ॥

রাজ্ঞো হিরণ্যকশিপোঃ শিবিরং আবাসং ব্যলুম্পন্ সর্ব্বস্বাপহারেণ নাশিতবন্তঃ ॥ ৩। ৪ ॥

সপ্তম অধ্যায়ে স্বীয় শিষ্যত্ব প্রাপ্ত বালকদিগের বিশ্বাসার্থ প্রহ্লাদ কর্ত্তৃক আপনার মাতৃগর্ত্তে বাস কালীন নারদোপদেশ শ্রবণ বৃত্তান্ত কথন ॥ ০ ॥

নারদ কহিলেন হে পাণ্ডবেয়! দৈত্য বালকেরা ঐ প্রকার সহর্ষে আমার (নারদের) কথিত বাক্য সকল স্মরণ করিয়া তাহাদিগকে উত্তর প্রদান করিলেন ॥ ১ ॥

প্রহ্লাদ বলিলেন অহে বয়স্যগণ! আমাদের পিতা হিরণ্যকশিপু তপস্যার্থ মন্দরাচলে গমন করিলে "আঃ! পিপীলিকা দ্বারা যেমন মহাসর্প ভক্ষিত হয় তাহার ন্যায় সকল লোকের সন্তাপকারী ঐ হিরণ্যকশিপু স্বকৃত পাপেই বিনাশিত হইল" ইন্দ্রাদি দেবগণ আহ্লাদ প্রকাশ পুরঃসর এইরূপ কহিয়া দানবদিগের দমনার্থ যুদ্ধোদ্যম করিয়াছিলেন, তৎকালে অসুরদিগের যে সকল দলাধিপতি ছিল, তাহারা দেবতাদের অতিবলে যুদ্ধোদ্যম দেখিয়া এবং তাহাদের কর্ত্তৃক বধ্যমান হইয়া ভয়ে পলায়ন পরায়ণ হয়। সকলে স্ব স্ব প্রাণ পরিরক্ষণার্থ এ রূপ ব্যস্ত হইয়াছিল যে পুত্র, কলত্র, সুহৃদ্, সম্পদ্, পশু, গৃহ ও গৃহোপকরণের প্রতি দৃষ্টি করিতেও অবসর পায় নাই ॥ ২ ॥

অতএব জয়াকাঙ্ক্ষী অমরগণ সর্ব্বস্বাপহরণ পূর্ব্বক অবাধে দানবরাজের আবাস বিনষ্ট করিয়া ফেলিলেন। আর ইন্দ্র আমার জননী দৈত্যরাজমহিষীকে গ্রহণ করিলেন। অমরাধিপ যখন ভয়োদ্বিগ্না মৃগী তুল্য রোরুদ্যমানা আমার মাতাকে লইয়া যান, সেই সময় দেবর্ষি নারদ পথি মধ্যে দৈবাৎ আসিয়া উপস্থিত হওয়াতে তাঁহার দৃষ্টিগোচর হইলেন ॥ ৩ ॥

প্রাহ নৈনাং সুরপতে নেতুমর্হস্যনাগসং। মুঞ্চ মুঞ্চ মহাভাগ সতীং পরপরিগ্রহং ॥ ৪ ॥

শ্রীইন্দ্র উবাচ ॥

আস্তেঽস্যা জঠরে বীর্য্যমবিষহ্যং সুরদ্বিষঃ। আস্যতাং যাবৎ প্রসবং মোক্ষোঽর্থপদবীং গতঃ ॥৫॥

শ্রীনারদ উবাচ ॥

অয়ং নিষ্কিল্বিষঃ সাক্ষান্মহাভাগবতো মহান্। ত্বয়া ন প্রাপ্স্যতে সংস্থামনন্তানুচরো বলী ॥ ৬ ॥

ইত্যুক্তস্তাং বিহায়েন্দ্রো দেবর্ষের্মানয়ন্ বচঃ। অনন্তপ্রিয়ভক্ত্যৈনাং পরিক্রম্য দিবং যযৌ ॥ ৭ ॥

ততো মে মাতরমৃষিঃ সমানীয় নিজাশ্রমে। আশ্বাস্যেহোষ্যতাং বৎসে যাবত্তে ভর্তুরাগমঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

অনাগসং নিরপরাধামেনাং নেতুং নার্হসীতি প্রাহ ॥ ৪ ॥

অবিষহ্যং দুঃসহং আস্তে অতোঽনয়া প্রসবপর্য্যন্তমত্রাস্যতাং ততশ্চার্থস্য পদবীং মার্গং গতঃ প্রাপ্তঃ সন্ জাতং পুত্রং হত্বা মোক্ষ্যামীত্যর্থঃ ॥ ৫ ॥

সাক্ষাৎ স্বতএবেব মহান্ নতু পিত্রাদি সম্বন্ধেন। ত্বয়া হেতুভূতেন সংস্থাং মৃত্যুং ন যাস্যতি তত্র হেতবো নিষ্কিল্বিষ ইত্যাদয়ঃ ॥ ৬ ॥

অনন্তস্য প্রিয়ো যোঽহং স বা প্রিয়ো যস্য তস্য মম ভক্ত্যা এনাং প্রদক্ষিণীকৃত্য ॥ ৭ ॥ ইহোষ্যতামিত্যাহেতি শেষঃ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভ

অনন্তানুচর ইতি। তস্য পূর্ব্বত এব ভক্তিসংস্কারো দর্শিতঃ ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭ ॥

ঋষিরিতি। শোকমাত্র শান্ত্যৈ ধর্ম্মস্য তত্ত্বং সাধারণ স্বরূপং জ্ঞানঞ্চাত্মবিষয়ং প্রাদাৎ। তত্রৈব মামপ্যুদ্দিশ্য নির্ম্মলং যদ্ধর্ম্মস্তে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আস্যতাং মৎকারাগারএব প্রসবপর্য্যন্তমনয়া স্থীয়তাং। অর্থপদবীং স্বার্থমার্গং গতঃ প্রাপ্তঃ সন্ মোক্ষ্যে জাতং পুত্রং হত্বা ইমাং মোক্ষ্যামীত্যর্থঃ ॥ ৫ ॥ ত্বয়া হেতুভূতেন সংস্থাং মৃত্যুং ॥ ৬ ॥

অনন্তপ্রিয়ে ময়ি যা ভক্তিস্তয়া হেতুনা পরিক্রম্য এতদন্তস্থায় হরে ভক্তায় নম ইতি প্রণম্যচ ॥ ৭। ৮ ॥

সেই দেবর্ষি দেবরাজকে সম্বোধন পূর্ব্বক বলিলেন অহে সুরপতে! এ অবলার কোন অপরাধ নাই, ইহার উপর বল প্রকাশ করা উচিত হয় না। হে মহাভাগ! ইনি পরমা সাধ্বী, পরস্ত্রী, ইহাকে ত্যাগ কর ত্যাগ কর ॥ ৪ ॥

নারদের এই বাক্য শুনিয়া ইন্দ্র কহিলেন, প্রভো! এ দানব পত্নী গর্ব্বিণী, ইহার জঠরে দেবশত্রু দৈত্যরাজের দুঃসহ বীর্য্য আছে, অতএব যাবৎ প্রসব না হয় তাবৎ আমার আবাসে থাকুক, পুত্র জন্মিলে তাহার প্রাণবধ করিয়া, ইহাকে পরিত্যাগ করিব ॥ ৫ ॥

নারদ কহিলেন হে দেবরাজ! ইহার গর্ব্ভস্থ পুত্র নিষ্পাপ, মহাভাগবত, স্বীয় গুণে অতি মহৎ এবং অনন্তের অনুচর সুতরাং মহাবলী, অতএব তুমি ইহার মৃত্যুর হেতু হইতে পারিবে না। অর্থাৎ তোমা হইতে ইহার মরণ সম্ভাবনা নাই ॥ ৬ ॥

দেবর্ষি এই প্রকার কহিলে, দেবরাজ তাঁহার বাক্য মান্য করত আমার জননীকে ছাড়িয়া দিলেন, এবং ভগবান্ অনন্তের প্রিয়ভক্ত যে আমি, আমার প্রতি ভক্তি হওয়াতে তাঁহাকে প্রদক্ষিণ করিয়া স্বস্থানে প্রস্থান করিলেন ॥ ৭ ॥

অনন্তর দেবর্ষি আমার মাতাকে নিজাশ্রমে লইয়া গিয়া আশ্বাস প্রদান পূর্ব্বক কহিলেন বৎসে!

তথেত্যবাৎসীদ্দেবর্ষেরন্তিকে সাকুতোভয়া । যাবদ্দৈত্যপতির্ঘোরাত্তপসো ন ন্যবর্ত্তত ॥ ৯ ॥
ঋষিং পর্য্যচরত্তত্র ভক্ত্যা পরময়া সতী । অন্তর্বত্নী স্বগর্ভস্য ক্ষেমায়েচ্ছাপ্রসূতয়ে ॥ ১০ ॥
ঋষিঃ কারুণিকস্তস্যাঃ প্রাদাদুভয়মীশ্বরঃ । ধর্ম্মস্য তত্ত্বং জ্ঞানঞ্চ মামপ্যুদ্দিশ্য নির্ম্মলং ।
তত্তু কালস্য দীর্ঘত্বাৎ স্ত্রীত্বান্মাতুস্তিরোদধে । ঋষিণানুগৃহীতং মাং নাধুনাপ্যজহাৎ স্মৃতিঃ ॥১১॥
ভবতামপি ভূয়ান্মে যদি শ্রদ্দধতে বচঃ । বৈশারদী ধীঃ শ্রদ্ধাতঃ স্ত্রী বালানাঞ্চ মে যথা ॥ ১২ ॥

শ্রীধরস্বামী ।

অন্তিকে সমীপে ॥ ৯ ॥
অন্তর্ব্বত্নী গর্ভিণী ইচ্ছয়া ভর্ত্তুরাগমনানন্তরং প্রসূতয়ে । এবমপি স্বগর্ভস্য ক্ষেমায় ॥ ১০ ॥
তস্যাঃ শোকশান্ত্যৈ ধর্ম্মস্য তত্ত্বং ভক্তিলক্ষণং জ্ঞানং আত্মানাত্মবিবেকঃ তদুভয়ং প্রাদাৎ ঈশ্বরঃ সমর্থঃ ॥ ১১ ॥
ভূয়াৎ ভবেৎ । বৈশারদী স্বার্থে তদ্ধিতঃ দেহাদ্যহঙ্কারচ্ছেদনিপুণেত্যর্থঃ ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ ।

তস্য তত্ত্বং ভাগবতাখ্যং নশোভতে । জ্ঞানমলং নিরঞ্জনং ইতি ন্যায়েন জ্ঞানঞ্চ যত্তদাখ্যং তৎ প্রাদাৎ । তৎ কথনে তত্তদপি প্রতিপাদিতবান্ । কিন্তু সা গ্রহীতুং নশশাকেতি ভাবঃ ॥ ৮ । ৯ ॥
তত্ত্বিতি তদপীত্যর্থঃ তেনৈব স্বমাতরি শ্রীনারদস্য সম্যগনুগ্রহো নাভূদিতি ব্যঞ্জিতং ॥ ১০ । ১১ । ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

অন্তি অন্তিকে ॥ ৯ ॥ ভর্ত্তুরাগমনানন্তরমেব যা ইচ্ছয়া প্রসূতিস্তস্যৈ ॥ ১০ ॥
উভয়ং গর্ভক্ষেমং স্বেচ্ছাপ্রসবঞ্চ নির্ম্মলমিতি বিশেষণাৎ ধর্ম্মস্য তত্ত্বং ভক্তিযোগং ভাগবত সম্মতং জ্ঞানঞ্চ । মামপীত্যপিকারেণ মন্মাতরমপি ॥
তর্হি মাতুস্তে ভক্তিঃ কথং ন দৃশ্যতে ইত্যত আহ তত্ত্বিতি তবাপি বালত্বাৎ কালদৈর্ঘ্যাচ্চ কথং ন তিরোদধে তত্রাহ ঋষিণেতি তেন মন্মাতু স্তদনুগৃহীতত্বাভাবাৎ স্ত্রীত্ব কাল দৈর্ঘ্যে তত্র প্রাভূতামিতি ভাবঃ ॥ ১১ ॥
ভূয়াদিত্যাশীর্ব্বাদেন স্বস্মিন্ বর্ত্তমানং শ্রীনারদানুগ্রহং তেষ্বপি ভক্তিকারণত্বেনাশাস্তে । যদি ভবন্তঃ শ্রদ্দধতে তদা বৈশারদী

যাবৎ তোমার ভর্ত্তার আগমন না হয় তাবৎ এই আশ্রমে অবস্থিতি কর ॥ ৮ ॥

দেবর্ষির ঐ বাক্যে আমার মাতা নিরুদ্বিগ্না হইয়া "ভগবন্! তাহাই করিব" বলিয়া প্রত্যুত্তর দিলেন এবং যাবৎ স্বীয় পতি দৈত্যপতি দুশ্চর তপস্যা হইতে নিবৃত্ত না হইলেন, তাবৎ দেবর্ষির সমীপেই নির্ভয়ে বাস করিয়া রহিলেন ॥ ৯ ॥

আমার মাতার নিতান্ত ইচ্ছা হইল ভর্ত্তার আগমনানন্তর প্রসব হন, কারণ তাহা হইলে গর্ভস্থ সন্তান রক্ষা পাইবে, অতএব তিনি ইচ্ছা প্রসবার্থ পরম ভক্তি সহকারে ঐ ঋষির পরিচর্য্যা আরম্ভ করিলেন ॥ ১০ ॥

ঐ দেবর্ষি অতিশয় সামর্থ্যবান্ এবং পরম কারুণিক,এ প্রযুক্ত আমার জননীকে উভয় বরই ( গর্ভের মঙ্গল ও ইচ্ছা প্রসব ) প্রদান করিলেন। অপর ঐ মাতার শোক শান্তির নিমিত্ত আমাকেই উদ্দেশ করিয়া ভক্তিলক্ষণ ধর্ম্মতত্ত্ব ও আত্মানাত্ম বিবেক এই দুই অমল বস্তু উপদেশ করিলেন, কিন্তু আমার মাতা স্ত্রীজাতি এবং তদনন্তর দীর্ঘকাল অতীত হইল, তাহাতে তাঁহার ঐ দুই বস্তু তিরোহিত হইয়া গেল, আমার প্রতি ঋষির বিশেষ অনুগ্রহ ছিল, তাহাতে এক্ষণও তদ্বিষয়ক স্মৃতি আমাকে পরিত্যাগ করে নাই ॥ ১১ ॥

হে বয়স্যবর্গ! তোমরা যদি আমার বাক্যে শ্রদ্ধাবান্ হও তবে আমার ন্যায় তোমাদেরও এবং স্ত্রী ও

জন্মাদ্যাঃ ষড়িমে ভাবা দৃষ্টা দেহস্য নাত্মনঃ। ফলানামিব বৃক্ষস্য কালেনেশ্বরমূর্ত্তিনা॥ ১৩॥
আত্মা নিত্যোঽব্যয়ঃ শুদ্ধএকঃ ক্ষেত্রজ্ঞ আশ্রয়ঃ। অবিক্রিয়ঃ স্বদৃগ্‌ঘেতুর্ব্যাপকোঽসঙ্গ্যনাবৃতঃ॥ ১৪

শ্রীধরস্বামী।

কাসৌ বৈশারদী ধীরিত্যপেক্ষায়াং নারদোক্তমেব দেহাত্মপ্রকারমাহ দশভিঃ জন্মাদ্যা জায়তে অস্তি বর্দ্ধতে পরিণমতে অপক্ষীয়তে নশ্যতীত্যেবং ভূতা ইমে ষড়্‌ভাবা বিকারা বৃক্ষে সত্যেব যথা ফলানাং দৃশ্যন্তে তদ্বদাত্মনি তথৈব স্থিতে দেহস্য দৃষ্টা ইত্যর্থঃ। ঈশ্বরী বিকার সমর্থা মূর্ত্তির্যস্য তেন॥ ১৩॥

তদেবং দেহধর্ম্মৈ স্তবৈলক্ষণ্যেনাত্মনো দেহাদ্ভেদো দর্শিত ইদানীমাত্মধর্ম্মৈরেব ভেদং স্ফুটয়ন্ তদহঙ্কারাদিকং ত্যাজয়তি। আত্মা নিত্যঃ অবিনাশী বা অরে অয়মাত্মেতি শ্রুতেঃ। অব্যয়োঽপক্ষয়শূন্যঃ। ঋচোঽক্ষরে পরমে ব্যোমন্নিতি শ্রুতেঃ। শুদ্ধঃ নিরবদ্যং নিরঞ্জনমিতি শ্রুতেঃ। একমেবাদ্বিতীয়মিতি শ্রুতেঃ। ক্ষেত্রজ্ঞঃ বিজ্ঞাতারমধিকেন বিজানীয়াদিতি শ্রুতেঃ। আশ্রয়ঃ যস্মিন্ দ্যৌঃ পৃথিবী চান্তরীক্ষমিতি শ্রুতেঃ। অবিক্রিয়ঃ নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তমিতি শ্রুতেঃ স্বদৃক্ আত্মজ্যোতিঃ সম্রাড়িতি হোবাচেতি শ্রুতেঃ। হেতুঃ স ইমান্ লোকানসৃজত ইতি শ্রুতেঃ। ব্যাপকঃ সত্যং জ্ঞানমনন্তমিতিশ্রুতেঃ। অসঙ্গী অসঙ্গোহ্যয়ং পুরুষ ইতি শ্রুতেঃ। অনাবৃতঃ পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবা বশিষ্যত ইতি শ্রুতেঃ॥ ১৪॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র দেহাদ্যধ্যাসপরিত্যাগার্থং স্বমাত্র প্রতিপন্নমাত্ম জ্ঞানমাত্রমাপততআহ। জন্মাদ্যা ইত্যাদিভিঃ॥ ১৩॥

একো নতু দেহেন্দ্রিয়াদিসংঘাতরূপঃ। ক্ষেত্রজ্ঞো জ্ঞাতৃত্বাদিধর্ম্মকঃ। ইন্দ্রিয়াদীনামাশ্রয়ঃ। স্বাভাবিক জ্ঞাতৃত্বাদেবা বিক্রিয়ঃ। স্বদৃক্ স্বস্মৈ স্বয়ং প্রকাশঃ। হেতুঃ সর্গাদে র্নিমিত্তং। তদুক্তং শ্রীসূতেন। হেতু র্জীবোস্য সর্গাদেরবিদ্যা কর্ম্মকারক ইতি। ব্যাপকো ব্যাপ্তিশীলঃ অসঙ্গী অনাবৃতশ্চ স্বতঃ স্বপ্রকাশরূপত্বাৎ॥ ১৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিশারদো ভগবাং স্তদ্বিষয়া শ্রদ্ধা ত ইতি মহদনুগ্রহাৎ শ্রদ্ধা শ্রদ্ধাতো ভক্তিঃ ভক্তেঃ প্রেমেত্যগ্রিমগ্রন্থাদবগন্তব্যং॥ ১২॥

কেষাঞ্চিন্মুমুক্ষু ভক্তানান্ত জ্ঞানমপেক্ষিতমিতি তদাহ জন্মাদ্যা ইতি দশভিঃ। জায়তে অস্তি বর্দ্ধতে বিপরিণমতে অপক্ষীয়তে নশ্যতীত্যেবং ভূতা ভাবাঃ ষড়্বিকারাঃ সদা স্থিতস্য বৃক্ষস্য প্রতিবর্ষং ফলানামেব যথা নতু বৃক্ষস্য তথৈব নিত্যস্থিতস্যৈবাত্মনো দেহস্যৈব ষড়িমে দৃষ্টাঃ নত্বাত্মনঃ। ঈশ্বরস্য মূর্ত্তিঃ সমষ্টি ব্যষ্ট্যাত্মকং শরীরং যতো ভবতি তেন॥ ১৩॥

জীবাত্মনি ষড়্বিকারাভাব ভাবনা। ত্বং পদার্থ শুদ্ধিঃ সাচ তৎ পদার্থস্য পরমাত্মন শ্চিন্তন রূপয়া ভক্ত্যৈব স্যাদিত্যতঃ পরমাত্ম স্বরূপমাহ আত্মেতি দ্বাভ্যাং। আত্মা পরমাত্মা নিত্যঃ। অবিনাশী বা অরেঽয়মাত্মেতি শ্রুতেঃ। অব্যয়ঃ অপক্ষয় শূন্যঃ ঋচোক্ষরে পরমে ব্যোমন্নিতি শ্রুতেঃ। শুদ্ধঃ নিরবদ্যং নিরঞ্জনমিতি শ্রুতেঃ। একঃ একমেবাদ্বিতীয়ং ব্রহ্মেতি শ্রুতেঃ। ক্ষেত্রজ্ঞঃ বিজ্ঞাতারমধিকেন বিজানীয়াদিতি শ্রুতেঃ। আশ্রয়ঃ যস্মিন্ দ্যৌঃ পৃথিবীচান্তরীক্ষমিতি শ্রুতেঃ। অবিক্রিয়ঃ নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তমিতি শ্রুতেঃ। স্বদৃক্ আত্মজ্যোতিঃ সম্রাড়িতিহো বাচেতি শ্রুতেঃ। হেতুঃ স ইমান্ লোকানসৃজতেতি শ্রুতেঃ। ব্যাপকঃ সত্যং জ্ঞানমনন্তমিতি শ্রুতেঃ। অসঙ্গী অসঙ্গোহ্যয়ং পুরুষ ইতি শ্রুতেঃ। অনাবৃতঃ পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাব শিষ্যতে ইতি শ্রুতেঃ॥ ১৪॥

বালকদিগেরও ঐ শ্রদ্ধা হইতে সংসারচ্ছেদ নিপুণা বুদ্ধি উদিত হইবে॥ ১২॥

অহে বন্ধুবর্গ! যে কালের মূর্ত্তি বিকার সমর্থা, তাহার পরতন্ত্রতা হেতু যেমন বৃক্ষ বর্ত্তমান থাকিলেও উৎপত্তি প্রভৃতি ছয় বিকার ফল সকলেরই দৃষ্ট হইয়া থাকে, তাহার ন্যায় আত্মা যেমন আছেন তদ্রূপই থাকেন, কাল বশতঃ দেহেরই জন্মাদি (উৎপত্তি, স্থিতি, বৃদ্ধি, পরিণাম, অপক্ষয় এবং বিনাশ) ছয় বিকার দেখা যায়, আত্মার দৃষ্ট হয় না॥ ১৩॥

কারণ, আত্মা অবিনাশী, অপক্ষয়শূন্য, শুদ্ধ (নিরঞ্জন) অদ্বিতীয়, বিজ্ঞাতা, সর্ব্বাশ্রয়, বিকার বর্জিত, আত্মজ্যোতি, সকলের হেতু, অসঙ্গ এবং অনাবৃত॥ ১৪॥

এতৈর্দ্বাদশভির্বিদ্বানাত্মনো লক্ষণৈঃ পরৈঃ। অহং মমেত্যসদ্ভাবং দেহাদৌ মোহজং ত্যজেৎ ॥ ১৫ ॥
স্বর্ণং যথা গ্রাবসু হেমকারঃ ক্ষেত্রেষু যোগৈস্তদভিজ্ঞ আপ্নুয়াৎ।
ক্ষেত্রেষু দেহেষু তথাত্মযোগৈরধ্যাত্মবিদ্ব্রহ্ম গতিং লভেত ॥ ১৬ ॥
অষ্টৌ প্রকৃতয়ঃ প্রোক্তাস্ত্রয় এবহি তদ্গুণাঃ। বিকারাঃ ষোড়শাচার্য্যৈঃ পুমানেকঃ সমন্বয়াৎ ॥ ১৭

### শ্রীধরস্বামী।

পরৈঃ শ্রেষ্ঠৈঃ বিবেকসমর্থৈঃ। দেহাস্তেদং মিথ্যাবুদ্ধিং ॥ ১৫ ॥

নম্বেবং বিবিক্তাত্ম জ্ঞানিনোঽপ্যপরোক্ষানুভবেন ব্রহ্মতা প্রাপ্তিঃ কথং স্যাৎ। যতোঽহঙ্কারাদিকং ত্যজেদিত্যপেক্ষয়াঃ তৎপ্রাপ্তি প্রকারং সদৃষ্টান্তমাহ। স্বর্ণাকরক্ষেত্রেষু স্ফুরৎ স্বর্ণকণেষু গ্রাবসু যোগৈর্ধমনাদ্যুপায়ৈ স্তদুপায়াভিজ্ঞো হেমকারো যথা স্বর্ণং প্রাপ্নুয়াৎ আত্মযোগৈরাত্ম প্রাপ্ত্যুপায়ৈ র্ব্রহ্মগতিং ব্রহ্মতাং অধ্যাত্মবিৎ আত্মাধিকৃতকার্য্যকারণসংঘাত জ্ঞাতা ॥ ১৬ ॥

অধ্যাত্মবিবেকমাত্ম প্রাপ্ত্যুপায়মাহ অষ্টাবিতি ত্রিভিঃ। মূল প্রকৃতির্মহদহঙ্কারৌ পঞ্চতন্মাত্রাণি চেত্যষ্টৌ ত্রয়ঃ সত্ত্বাদয়স্তেচ প্রকৃতিগুণা এব নতু ভিন্না একাদশেন্দ্রিয়াণি পঞ্চমহাভূতানি চেতি ষোড়শ পুমানাত্মা একঃ প্রোক্তঃ কপিলাদিভিরাচার্য্যৈঃ একত্ব

### ক্রমসন্দর্ভঃ।

মোহজং ত্যজেদিতি। দেহাদ্যাদিকরণক মোহজস্যৈব ত্যাগো নতু স্বরূপ ভূতস্যেত্যহমর্থস্য ইতি ব্যজ্যতে। অদেবং জীবস্তদংশত্বাৎ সূক্ষ্ম জ্যোতীরূপ ইত্যেকে। তথৈবহি কৌস্তভাংশত্বেন ব্যঞ্জিতং। তথাচ স্কান্দে প্রভাসখণ্ডে জীবনিরূপণে। ন তস্য রূপং বর্ণো বা প্রমাণং দৃশ্যতে ক্বচিৎ। ন শক্যং কথিতুং বাপি সূক্ষ্মশ্চানন্তবিগ্রহঃ। বালাগ্র শত ভাগস্য শতধা কল্পিতস্যচ। তস্মাৎ সূক্ষ্মতরোদেবঃ স চানন্ত্যায় কল্পতে। আদিত্যবর্ণং সূক্ষ্মাভনক্ষিবিন্দুমিব পুষ্করে। নক্ষত্রমিব পশ্যন্তি যোগিনো জ্ঞানচক্ষুষেতি ॥ ১৫ ॥

তৎ পদার্থ জ্ঞানমপ্যাহ স্বর্ণমিতি ॥ ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২। ২৩ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মনঃ পরমাত্মনঃ পরৈর্জীবাত্মলক্ষণেভ্যোপ্যুৎকৃষ্টৈঃ নিত্যচিন্তিতৈরিতি শেষঃ। দেহাদৌ দেহে দৈহিকেষুচ অসদ্বাস্তব ভাবং পরমাত্ম চিন্তনং বিনা সত্যাপি বিবেকে দিগ্‌ভ্রম ইব মোহো ন নিবর্ত্তত ইতি ভাবঃ ॥ ১৫ ॥

নম্বেবং ভূতঃ পরমাত্মা ক বর্ত্ততে ইতি চেৎ স্বদেহেপীতি তদুপলব্ধি প্রকারং সদৃষ্টান্তমাহ স্বর্ণমিতি গ্রাবসু স্ফুরৎ স্বর্ণকণপাষাণেষু ক্ষেত্রেষু স্বর্ণাকরস্থানেষু যোগৈর্ধমনাদিভি গুরুবক্ত্রশিক্ষিতৈরেবোপায়ৈঃ তদুপায়াভিজ্ঞো হেমকারো যথা স্বর্ণমাপ্নুয়াৎ তথৈব দেহ রূপ ক্ষেত্রেষু আত্মযোগৈরাত্মপ্রাপ্ত্যুপায়ৈশ্চিন্তনাদ্যৈঃ ব্রহ্মগতিং ব্রহ্মণঃ পরমাত্মনো গতিমুপলব্ধিং ॥ ১৬ ॥

অধ্যাত্মবিদিত্যুক্ত মতোঽধ্যাত্ম বস্তুন্যাহ অষ্টাবিতি সার্দ্ধেন মূলপ্রকৃতি র্মহদহঙ্কারৌ পঞ্চতন্মাত্রাণি চেত্যষ্টৌ ত্রয়ঃ সত্ত্বাদয়ো বিকারাঃ। একাদশেন্দ্রিয়াণি পঞ্চ মহাভূতানি চেতি ষোড়শ আচার্য্যৈঃ কপিলাদিভিঃ প্রোক্তাঃ পুমানাত্মা একঃ সমন্বয়াৎ

হে বয়স্যগণ! এই দ্বাদশটি আত্মার লক্ষণ, এই সকল লক্ষণ দ্বারা বিদ্বান্ পুরুষ দেহাদিতে "আমি আমার" এই মোহ জন্য অসদ্ভাব অর্থাৎ মিথ্যা বুদ্ধি পরিত্যাগ করেন ॥ ১৫ ॥

হে বন্ধুবর্গ! যেমন যে সকল ক্ষেত্র স্বর্ণের আকর, তাহাতে স্বর্ণকণার রূপ প্রস্তরে অগ্নি সংযোগাদি উপায় দ্বারা সেই উপায়াভিজ্ঞ স্বর্ণকারেরা স্বর্ণ প্রাপ্ত হইয়া থাকে তাহার ন্যায়, এই দেহে ব্রহ্ম প্রাপ্তির উপায় আত্মযোগ দ্বারা আত্মাধিকৃত কার্য্য কারণ সমূহ জ্ঞাতা পুরুষ ব্রহ্মত্ব প্রাপ্ত হইতে পারেন ॥ ১৬ ॥

হে দনুজনন্দন সকল! মূল প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কারতত্ত্ব এবং পঞ্চতন্মাত্র, এই অষ্ট প্রকৃতি, সত্ত্বাদি তিন (ঐ তিনটী প্রকৃতিরই গুণ তাহা হইতে ভিন্ন নহে) অপর একাদশ ইন্দ্রিয় এবং পঞ্চ মহাভূত,

দেহস্তু সর্ব্বসংঘাতো জগত্তস্থুরিতিদ্বিধা। অত্রৈব মৃগ্যঃ পুরুষো নেতিনেতীত্যতত্ত্যজন্ ॥ ১৮ ॥
অন্বয় ব্যতিরেকেণ বিবেকেনোশতাত্মনা। সর্গস্থান সমাম্নায়ৈর্বিমৃশদ্ভিরসত্বরৈঃ ॥ ১৯ ॥
বুদ্ধের্জাগরণং স্বপ্নঃ সুষুপ্তিরিতি বৃত্তয়ঃ। তা যে নৈবানুভূয়ন্তে সোঽধ্যক্ষঃ পুরুষঃ পরঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

হেতুঃ এষু সাক্ষিত্বেনান্বয়াৎ তদুক্তং মূলপ্রকৃতি রবিকৃতি মহদাদ্যাঃ প্রকৃতিবিকৃতয়ঃ সপ্তষোড়শকস্তু বিকারো ন প্রকৃতির্ন বিকৃতিঃ পুরুষ ইতি ॥ ১৭ ॥

জগৎ জঙ্গমং তস্থুঃ স্থাবরং। অত্রৈব সর্ব্বসংঘাতাত্মকে দেহএব মৃগ্যঃ অন্বেষ্টব্যঃ সুশক্যঞ্চৈতদিত্যাহ নেতিনেতীত্যত্মাপোহে ক্রিয়মাণে স্বয়মেব অতৎ ত্যজন্ অনাত্মবর্গাৎ পৃথগুপলভ্যমান ইত্যর্থঃ ॥ ১৮ ॥

মণিষু সূত্রস্যেব সর্ব্বানুস্যূতত্বেনান্বয়ঃ অতএব মণিভ্যঃ সূত্রস্যেব একৈক ব্যতিরেকশ্চ তয়োর্দ্বৈধ্যকাং তেন যো বিবেকঃ পূর্ব্বোক্তো বা তেন উশতা শুদ্ধেন আত্মনা মনসা সর্গস্থান সমাম্নায়ৈঃ সর্গ স্থিতি সংহারৈঃ যতোবা ইমানি ভূতানি জায়ন্তে ইত্যাদি শ্রুত্যুক্ত সর্গাদ্যনুসন্ধানেনেত্যর্থঃ বিমৃশদ্ভিরসত্বরৈরব্যগ্রৈ মৃর্গ্যা ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ১৯ ॥

বিমর্শ প্রকারমাহ বুদ্ধেরিতি দ্বাভ্যাং অধ্যক্ষঃ সাক্ষী ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এষ সমাগন্বয়ং সম্বন্ধং প্রাপ্য বর্ত্তমানঃ। যদ্বা সময়াং সম্বন্ধঃ অততি সততং প্রাপ্নোতি অত সাতত্য গমনে ক্বিপ্‌ ॥ ১৭ ॥

সর্ব্ব সংঘাতঃ উক্ত লক্ষণ সর্ব্ব বস্তু সমূহ রূপঃ জগৎ জঙ্গমো মনুষ্যাদিঃ তস্থুঃ স্থাবরো বৃক্ষাদিঃ। অত্রৈব দেহএব পুরুষঃ পরমাত্মা মৃগ্যঃ অন্বেষ্টব্যঃ অন্বেষণ প্রকারমাহ নেতি নেতীত্যতৎ তদ্ভিন্নং বস্তু ত্যজন্ ত্যজদ্ভিরিত্যর্থঃ ॥ ১৮ ॥

ননু তর্হি দেহোঽহতন্মম এব অতত্ত্যাগে শূন্যমেবাবশিষ্যতে ইত্যত আহ অন্বয়েতি দেহে পরমাত্মনোঽন্বয়ঃ পরমাত্মনি দেহ ব্যতিরেকোষঃ প্রসিদ্ধস্তেন জড়ানামপি বুদ্ধ্যাদীনাং যদন্বয়েনৈব প্রবৃত্তিঃ বুদ্ধ্যাদি ব্যতিরিক্তশ্চ যঃ স পরমাত্মা দেহস্থ ইতি যো বিবেক স্তেন তথা উশতা শুদ্ধেনাত্মনা মনসা সর্গ স্থান সমাম্নায়ৈঃ সৃষ্টিস্থিতি সংহারৈঃ পরামৃষ্টৈরিতি শেষঃ যতো বা ইমানি ভূতানি জায়ন্তে ইত্যাদি শ্রুত্যুক্ত সর্গাদ্যনুসন্ধানেনেত্যর্থঃ। অসত্বৈররব্যগ্রৈর্মৃগ্যঃ ॥ ১৯ ॥

বিমর্শ প্রকারমাহ বুদ্ধেরিতি দ্বাভ্যাং যদন্বিতায়া এব বুদ্ধেস্তিস্রোঽবস্থা উদ্ভবন্তি সঃ পরঃ পুরুষঃ পরমাত্মা ॥ ২০ ॥

এই ষোড়শ বিকার, আর পরম পুরুষ আত্মা, যিনি সাক্ষিত্ব রূপে ঐ সকলে বর্ত্তমান, এই নিমিত্ত কপিলাদি আচার্য্যগণ যাঁহাকে এক বলিয়াছেন ॥ ১৭ ॥

তথা স্থাবর ও জঙ্গম এই দুই প্রকার দেহ, যাহা সকলের সংঘাত স্বরূপ। এই সর্ব্ব সংঘাতক দেহেতেই সেই পুরুষের অন্বেষণ করা কর্ত্তব্য। হে বন্ধুগণ! তাহা—অতি সুসাধ্য, "ইহা নয়, ইহা নয়" এই রূপেই বিচার করিলেই অনাত্ম সমস্ত পদার্থ হইতে পৃথক্ হইয়া উপলব্ধ হয় ॥ ১৮ ॥

হে বন্ধুগণ! মণিময় মালার মধ্যগত সূত্র যদ্রূপ সকল মণিতে অনুস্যূত এবং যেমন ঐ সূত্র সকল মণি হইতে ভিন্ন, সেইরূপ অন্বয় ব্যতিরেক বিবেচনা করহ, ঐরূপ বিবেচনা করিলে যখন অন্তঃকরণ শুদ্ধ হইবে তখন অব্যগ্র হইয়া সেই অন্তঃকরণ দ্বারা সৃষ্টি স্থিতি লয়ের কারণ বিচার পূর্ব্বক সেই পুরুষের অন্বেষণ করিতে পারিবে ॥ ১৯ ॥

হে বয়স্যগণ! জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি, এই সকল বুদ্ধির বৃত্তি। এ সকল যাঁহা কর্ত্তৃক অনুভূত হয়, তিনি পরম পুরুষ, তিনিই সাক্ষী ॥ ২০ ॥

এভিস্ত্রিবর্ণৈঃ পর্য্যস্তৈর্বুদ্ধিভেদৈঃ ক্রিয়োদ্ভবৈঃ। স্বরূপমাত্মনো বুদ্ধ্যেদ্গন্ধৈর্বায়ুমিবান্বয়াৎ ॥ ২১ ॥
এতদ্দ্বারোহি সংসারো গুণ কর্ম্ম নিবন্ধনঃ। অজ্ঞানমূলোঽপার্থোপি পুংসঃ স্বপ্ন ইবার্প্যতে ॥ ২২ ॥
তস্মাদ্ভবদ্ভিঃ কর্ত্তব্যং কর্ম্মণাং ত্রিগুণাত্মনাং। বীজনির্হরণং যোগঃ প্রবাহোপরমোধিয়ঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

অতএব এভির্বুদ্ধের্ভেদৈঃ পরিণামৈঃ পর্য্যস্তৈঃ পরিতঃ ক্ষিপ্তৈরাত্মধর্ম্মত্বেন নিরস্তৈঃ। বুদ্ধিধর্ম্মত্বে হেতুঃ। ত্রিবর্ণৈ স্ত্রিগুণাত্মকৈঃ ক্রিয়োদ্ভবৈঃ কর্ম্মজন্যৈ র্বুদ্ধেরেব ত্রিগুণাত্মকত্বাৎ কর্ম্ম কর্ত্তৃত্বাচ্চ তস্যাএব তা অবস্থাঃ আত্মাতু বুদ্ধ্যন্বয়াৎ তদবস্থাবানিব ভাতি ন তত্ত্বত ইত্যাত্মনঃ স্বরূপং বুদ্ধ্যেত জানীয়াদিত্যর্থঃ তত্র দৃষ্টান্তঃ কুসুমধর্ম্মৈ র্গন্ধৈ স্তদাশ্রয়ং বায়ুমিব ॥ ২১ ॥

নন্বু তর্হি যথা কুসুমোপাধিকোঽপি বায়ো র্গন্ধোবিবেক জ্ঞানেন ন নিবর্ত্ততে এবমাত্মনঃ সংসারো ন নিবর্ত্তেত ইত্যাশঙ্ক্যাহ এতদ্দ্বারঃ বুদ্ধিদ্বারকঃ তদবস্থাদ্বারকো বা ন স্বতঃ হি যস্মাদ্বুদ্ধে র্যেগুণাঃ কর্ম্মাণিচ তৈর্নিবধ্যত ইতি তথা সচাজ্ঞানমূলঃ অতোঽপার্থো মিথ্যাভূতোপি স্বপ্নবদর্প্যতে। বায়োস্তু গন্ধবৎ দ্রব্য সম্বন্ধস্য বাস্তবত্বাৎ বিষমোদৃষ্টান্তঃ ॥ ২২ ॥

যস্মাদেবং নিবৃত্তির্ঘটতে তস্মাদ্বীজমজ্ঞানং তস্য নির্হরণং দহনং কিং তৎ যোগঃ কথং ভূতঃ ধিয়ঃ প্রবাহং জাগ্রদাদিরূপং উপরময়তীতি তথা ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্তেতদ্বুদ্ধ্যবস্থাত্রয়বানাভাতি স জীবাত্মেত্যাহ এভির্বুদ্ধের্ভেদৈঃ পরিণামৈঃ জাগরাদিভিঃ ত্রিবর্ণৈঃ ত্রিগুণাত্মকৈঃ ক্রিয়োদ্ভবৈঃ কর্ম্ম জন্যৈঃ পর্য্যস্তৈঃ অনাত্ম ধর্ম্মত্বেন নিরস্তৈরপি এভিরেব আত্মনোঽশুদ্ধ জীবস্য স্বরূপং বুদ্ধ্যেৎ জানীয়াৎ যথান্বয়াৎ সম্বন্ধ মাত্রাদেব গন্ধৈঃ পুষ্পাদি গন্ধৈর্বায়ুং গন্ধবন্তং জানীয়াৎ যদন্বিতা বুদ্ধিঃ প্রবর্ত্ততে স পরমাত্মা যোবুদ্ধ্যন্বিতঃ সজীবাত্মেতি ভেদঃ ॥ ২১

এষা বুদ্ধিরেব দ্বারঃ যস্য সঃ অতএব গুণকর্ম্মভ্যাং তদীয়াভ্যাং নিতরাং বন্ধনং যত্র সঃ। কিঞ্চন জ্ঞানং যস্য তথাভূতং মূলং যস্য সঃ যস্য মূলং ন জ্ঞায়ত ইত্যর্থঃ। অপার্থঃ অবস্তু ভূতোপি জীবস্য সংসারো দেহাধ্যাসরূপঃ স্বপ্ন ইব অর্প্যতে ইতি তস্মিন্ পুংসি পরমেশ্বর শক্ত্যৈবেত্যর্থঃ ॥ ২২ ॥

তস্মাত্তন্নিবৃত্তয়ে যতিতব্যমিত্যাহ তস্মাদিতি বীজং প্রাকৃতী বুদ্ধিঃ। তস্য নির্হরণং দহনং দহনমেব কিং তদাহ ধিয়োবুদ্ধেঃ প্রবাহানাং জাগরাদ্যবস্থানাং উপরমঃ সএব যোগঃ ফলং। যোগোঽপূর্ব্বার্থ সংপ্রাপ্তৌ সঙ্গতিধ্যানযুক্তিষ্বিতি মেদিনী ॥ ২৩ ॥

উল্লিখিত বৃত্তি সকল বুদ্ধির পরিণাম মাত্র, সুতরাং আত্মধর্ম্ম নহে। অপর ঐ সকল বৃত্তি কর্ম্ম জন্য, অতএব ত্রিগুণাত্মক ও কর্ম্ম জন্য হওয়াতে তাহারই জাগ্রদাদি অবস্থা জানিবে। যেমন গন্ধ পুষ্পের ধর্ম্ম, বায়ুর সহিত মিলিত হওয়াতে বায়ুর ধর্ম্ম বলিয়া প্রকাশ পায়, তাহার ন্যায়, আত্মা বুদ্ধির সহিত অন্বিত হওয়াতে বুদ্ধির অবস্থা জাগ্রদাদি বিশিষ্ট বলিয়া বোধ হয়, বস্তুত আত্মার ঐ সকল অবস্থা হয় না। হে বয়স্যগণ! এই প্রকারে পুষ্প ধর্ম্ম গন্ধ দ্বারা গন্ধাশ্রয় বায়ুর ন্যায়, আত্ম স্বরূপ অবগত হইও ॥ ২১ ॥

এ স্থলে এমত আশঙ্কা করিও না যে বায়ুর গন্ধ যদ্রূপ পুষ্পোপাধিক হইলেও বিবেক জ্ঞান দ্বারা আত্মারও সংসার নিবর্ত্ত হইবে না। হে বন্ধুগণ! সংসার কেবল বুদ্ধির দ্বারাই হয়, বুদ্ধির গুণ ও কর্ম্মই সংসারের বন্ধন এবং অজ্ঞানই তাহার মূল, সুতরাং তাহার স্বরূপ মিথ্যা হইলেও স্বপ্নবৎ অর্পিত হইয়া থাকে ॥ ২২ ॥

হে বয়স্যগণ! এই রূপে আত্মার সংসার নিবৃত্তি ঘটিতে পারে অতএব তোমরা গুণাত্মক কর্ম্ম সকলের বীজ যে অজ্ঞান তাহার দাহক যে যোগ, যাহাতে বুদ্ধির জাগ্রদাদি অবস্থা প্রবাহ বিনষ্ট হয়, সেই যোগ অনুষ্ঠান করহ ॥ ২৩ ॥

তত্রোপায়সহস্রাণাময়ং ভগবতোদিতঃ। যদীশ্বরে ভগবতি যথা যৈরঞ্জসা রতিঃ॥ ২৪॥
গুরুশুশ্রূষয়া ভক্ত্যা সর্ব্বলাভার্পণেনচ। সঙ্গেন সাধুভক্তানামীশ্বরারাধনেনচ॥ ২৫॥
শ্রদ্ধয়া তৎ কথায়াঞ্চ কীর্ত্তনৈর্গুণকর্ম্মণাং। তৎ পাদাম্বুরুহধ্যানাত্তল্লিঙ্গেক্ষার্হণাদিভিঃ।
হরিঃ সর্ব্বেষু ভূতেষু ভগবানাস্ত ঈশ্বরঃ। ইতি ভূতানি মনসা কামৈস্তৈঃ সাধুমানয়েৎ॥ ২৬॥

শ্রীধরস্বামী।

তদেবং জ্ঞান প্রকার মুক্ত্বা তৎসাধনং ধর্ম্মস্য তত্ত্বং নারদোক্তমেবাহ তত্রেতি পঞ্চভিঃ। যৈর্ধর্ম্মৈ র্যথানুষ্ঠিতৈঃ রতিরিতি যৎ অয়মুপায়ো ভগবতোক্তঃ। তথাহি গীতাসু যৎকরোষি যদাশ্নাসীত্যাদি ভক্ত্যা মামভিজানাতীত্যাদিচ॥ ২৪॥

তত্রৈবান্তরঙ্গান্ ধর্ম্মানাহ গুরোঃ শুশ্রূষয়া ভক্ত্যা প্রেম্না সর্ব্বেষাং লব্ধানামর্পণেনচ॥ ২৫॥

তস্য লিঙ্গানাং মূর্ত্তীনাং ঈক্ষণক্বার্হণকাদির্যেষাং বন্দনাদীনাং তৈঃ॥ ২৬॥

ক্রমসন্দর্ভঃ।

অথ স্বপ্রতিপত্তিং প্রতিপাদয়তি। তত্রোপায়েত্যাদিভিঃ। তত্র পূর্ব্বোক্তে ত্রিগুণাত্ম কর্ম্মণাং বীজনির্হরণেপি উপায় সহস্রৈঃ সিদ্ধানাং মধ্যে অয়মেব উপায়ো ভগবতা শ্রীনারদেন মাং প্রত্যুপদিষ্টঃ যৈরুপায়সহস্রৈঃ সিদ্ধাৎ যদস্মাদুপায়াৎ যথা যথাবৎ ঈশ্বরে ভগবতি অঞ্জসা ব্যবধানান্তরং বিনৈব রতিঃ প্রীতি র্ভবতি। অতঃ কর্ম্মবীজনির্হরণমপি তস্যানুষঙ্গিকমেব ফলমিতি ভাবঃ। যদ্বা। তত্র বীজনির্হরণে নিমিত্তে যান্যুপায় সহস্রাণি তেষামপ্যয়মেবোপায়ো ভগবতা শ্রীনারদেনেড়িতঃ। অনেনৈবোপায়েন কৃতকৃত্যানি ভবন্তীতার্থঃ। কোসৌ তত্রাহ। যৈরুপায়ৈঃ সিদ্ধাৎ যদস্মাদুপায়াদীশ্বরে ভগবতি যথা যথাবদঞ্জসা উপায়ান্তর ব্যবধানং বিনা রতি র্ভবতীতি॥ ২৪॥

গুরুশুশ্রূষয়েতি ত্রিকং॥ ২৫। ২৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র বীজনির্হরণে বিষয়ে উপায় সহস্রাণাং মধ্যে অয়মুপায়ো ভগবতা উদিতঃ। অন্যেস্ত্বন্যৈ র্মুনিভিরুদিতত্বাদস্মাত্তে নিকৃষ্টা এবেতি ভাবঃ। অয়মেব কস্তত্রাহ যদিতি যৈর্গুরু শুশ্রূষণাদ্যৈঙ্গৈরুৎপন্নাৎ যদস্মাদ্ভক্তিযোগাদ্রতি র্ভবতি অয়ং ভক্তিযোগ এবোপায় ইত্যন্বয়ঃ। অত্র পঞ্চম্যন্ত যৎ পদাৎ অঞ্জসা শব্দাচ্চ রতিরেব ভক্তিযোগস্য মুখ্যং ফলং বীজনির্হরণন্ত্বানুষঙ্গিকমগত্যৈব শুদ্ধ ভক্তানাং ভবেৎ। যদুক্তং জরয়ত্যাশু যা কোষং নিগীর্ণমনলো যথেতি॥ ২৪॥

ধর্ম্মস্য তত্ত্বং জ্ঞানঞ্চেতি দ্বয়মুপদেষ্টবান্তেন যৎ প্রক্রান্তং তত্র জ্ঞানমুক্ত্বা ধর্ম্ম তত্ত্বং ভক্তিযোগ এবেতি দ্যোতয়ন্ পূর্ব্বোক্ত যৎ পদ বাচ্যানি তদঙ্গান্যাহ গুর্ব্বিতি ত্রিভিঃ। গুরোঃ শুশ্রূষয়া স্নপন সংবাহনাদিকয়া তথা সর্ব্বেষাং লব্ধানাং বস্তুনাং অর্পণেনচ তচ্চার্পণং ভক্ত্যৈব নতু প্রতিষ্ঠাদিনা হেতুনা সাধবঃ সদাচারা যে ভক্তা স্তেষাং সঙ্গেনেতি দুরাচারা ভক্তাঃ সেব্যা বন্দ্যা দর্শনীয়াশ্চ নতু সঙ্গার্থমুপাদেয়া ইতি ভাবঃ॥ ২৫॥

এবমেতৎ প্রকারকয়া ভক্ত্যৈব নির্জিতঃ যস্মাং কামাদীনামিন্দ্রিয়াণাং বা বর্গো যৈস্তৈ গুরু শুশ্রূষণাদ্যৈরঙ্গৈ র্ভক্তিরিতি পূর্ব্বোক্তং বুদ্ধি প্রবাহোপরম রূপ মানুষঙ্গিকং ফলমুক্তং। ভক্তের্মুখ্য ফলমাহ যয়োৎ বৃত্তিং প্রেমাণং॥ ২৬। ২৭॥

হে বালকগণ! যদিও ঐ বীজ নির্হরণ বিষয়ে সহস্র সহস্র উপায় আছে তাঁচ যথাবিধি ধর্ম্ম অনুষ্ঠান দ্বারাই ভগবদ্বিষয়া রতি হয় সুতরাং তাহাই ভগবদুক্ত উপায়॥ ২৪॥

অতএব গুরু শুশ্রূষা, গুরুভক্তি, গুরুর প্রতি লব্ধ বস্তু সমর্পণ, সাধু ও ভগবদ্ভক্ত জন সংসর্গ, ঈশ্বরারাধনা॥ ২৫॥

ভগবৎ কথায় শ্রদ্ধা, তাঁহার গুণ কর্ম্ম কীর্ত্তন, তদীয় চরণারবিন্দ ধ্যান, তাঁহার মূর্ত্তি সকল দর্শন ও অর্চ্চনাদি তথা ভগবান্ হরিকে [illegible] ভূতে বর্ত্তমান জানা এবং সকল ভূতকে সাধু বলিয়া পরিগ্রহ॥ ২৬

এবং নির্জ্জিতষড়্বর্গৈঃ ক্রিয়তে ভক্তিরীশ্বরে। বাসুদেবে ভগবতি যয়া সংলভ্যতে রতিঃ ॥ ২৭ ॥
নিশম্য কর্ম্মাণি গুণানতুল্যান্ বীর্য্যাণি লীলাতনুভিঃ কৃতানি।
যদাতি হর্ষোৎপুলকাশ্রু গদ্গদং প্রোৎকণ্ঠউদ্গায়তি রৌতি নৃত্যতি।
যদাগ্রহগ্রস্ত ইব ক্বচিদ্ধসত্যাক্রন্দতে ধ্যায়তি বন্দতে জনং।
মুহুঃ শ্বসন্ ব্যক্তি হরে জগৎপতে নারায়ণেত্যাত্মমতির্গতত্রপঃ ॥ ২৮ ॥
তদা পুমান্ মুক্ত সমস্ত বন্ধনস্তদ্ভাবভাবানুকৃতাশয়াকৃতিঃ।
নির্দ্দগ্ধবীজানুশয়ো মহীয়সা ভক্তিপ্রয়োগেণ সমেত্যধোক্ষজং ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

নির্জিতঃ যস্মাং কাম ক্রোধ লোভ মোহ মদমাৎসর্য্যাণাং ইন্দ্রিয়াণাং বা বর্গোযৈঃ ॥ ২৭ ॥

ভগবদ্রতে লিঙ্গান্যাহ নিশম্যেতি ত্রিভিঃ গুণান্ ভক্তবাৎসল্যাদীন্। অতিহর্ষেণোদ্গতাঃ পুলকা অশ্রূণিচ তৈর্গদ্গদং যথা ভবত্যেবং প্রোৎকণ্ঠ উদ্গায়তি ॥ ২৮ ॥

তস্য ভাবশ্চেষ্টাদি তস্য ভাবো ভাবনা তেনানুকৃতে আশয়া কৃতী মনঃ শরীরে যস্য নির্দ্দগ্ধং বীজমজ্ঞানং অনুশয়ো বাসনাচ যস্য সঃ সম্যগেতি প্রাপ্নোতি ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

অথ তস্যৈবোপায়স্যৈবাঙ্গান্যুক্ত্যানাহ। এবমিতি। এবং পূর্ব্বোক্ত গুরু শুশ্রূষাদি প্রকারেণৈব। নতু তদর্থ পৃথক্ যত্নেন নির্জিত কর্ম্ম বীজ লক্ষণ কামাদিভির্জনৈঃ পুনরপি ভক্তিক্রিয়তএব ॥ ২৭ ॥

নিশম্যেতি ত্রিকং ॥ ২৮ । ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রতেশ্চিহ্নান্যাহ নিশম্যেতি কর্ম্মাণি দধিপয়শ্চৌর্য্যাদীনি গুণান্ ভক্তবাৎসল্যাদীন্ বীর্য্যাণি গোবর্দ্ধনোদ্ধরণ কংস বধাদীনি হরে জগৎপতে নারায়ণেতি বাচা বক্তি আত্মনা মনসাচ মতির্মননং যস্য সঃ। তস্মিন্ ভাবা দাস্য সখ্যাদয় স্তেষাং ভাবনা দাসোঽহং সখাহমিত্যাদ্যাত্মনো মননং তেন অনুকৃতে অনুরূপীকৃতে আশয়া কৃতী মনঃ শরীরে যেন সঃ। নচ শরীর সদ্ভাবএব সংসার আশঙ্কা ইত্যাহ নির্দগ্ধং পূর্ব্বমেব বিনষ্টং বীজং প্রাকৃতী বুদ্ধিঃ অনুশয়ো বিষয়বাসনা চ যস্য সঃ। মহীয়সা রাগমার্গবর্ত্তা সা মতিঃ অধোক্ষজ সংযোগং প্রাপ্নোতি ॥ ২৮ । ২৯ ॥

এই সকল কর্ম্ম দ্বারা ষড়্বর্গ অর্থাৎ কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য জয় করিয়া ভগবান্ বাসুদেবে রতি করিতে হয়, তাহা করিলেই ভগবদ্বিষয়া রতি লভ্য হইয়া থাকে ॥ ২৭ ॥

হে বয়স্য সকল! যখন অতিশয় হর্ষোদয় হওয়াতে পুলকোদ্গম ও অশ্রুপাত হয়, তাহাতে গদ্গদ স্বরে ঊর্দ্ধ কণ্ঠ হইয়া কখন নৃত্য গীত ও আনন্দ ধ্বনি করে, কখন গ্রহ গ্রস্তের ন্যায় হইয়া হাস্য করে, কখন ক্রন্দন করে, কখন ধ্যান করে, কখন লোকের বন্দনা করে, কখন বা বারম্বার শ্বাস ত্যাগ করিতে করিতে নির্ল্লজ্জ হইয়া "হে হরে! হে জগৎপতে! হে নারায়ণ!" এই বাক্য উচ্চারণ করিতে থাকে ॥ ২৮ ॥

তখন সমস্ত বন্ধন হইতে মুক্ত হয় এবং ভগবানের চেষ্টাদি ভাবনায় পুরুষের মনঃ ও শরীর তাঁহার অনুকৃত হইতে থাকে। সে সময় গুরুতর ভক্তি হেতু সেই ব্যক্তির অজ্ঞান ও বাসনা নির্দ্দগ্ধ হইয়া যায় অতএব সম্যক্ প্রকারে ভগবান্‌কে প্রাপ্ত হয় ॥ ২৯ ॥

অধোক্ষজালম্ভমিহাশুভাত্মনঃ শরীরিণঃ সংসৃতিচক্রশাতনং।
তদ্ব্রহ্ম নির্ব্বাণসুখং বিদুর্বুধা স্ততো ভজধ্বং হৃদয়ে হৃদীশ্বরং ॥ ৩০ ॥
কোঽতিপ্রয়াসোঽসুরবালকা হরেরুপাসনে স্বে হৃদি ছিদ্রবৎ সতঃ।
স্বস্যাত্মনঃ সখ্যুরশেষদেহিনাং সামান্যতঃ কিং বিষয়োপপাদনৈঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

ততঃ কিমত আহ অধোক্ষজস্যালম্ভঃ মনসা স্পর্শং অধোক্ষজালম্বমিতি পাঠে তস্যাশ্রয়ণং। অশুভঃ রাগাদি যুক্ত আত্মা মনো যস্য। সংসৃতিচক্রশাতনং তন্নিবর্ত্তকং বুধা বিদুঃ তদেব ব্রহ্মণি নির্ব্বাণং লয়োমোক্ষ্য তদাত্মকং সুখং বিদুঃ হৃদীশ্বরমন্তর্যামিণং ॥ ৩০

ভক্তিরশক্যেতিচ নমন্তব্যমিত্যাহ ক ইতি। ছিদ্রবৎ আকাশবৎ বিষয়াণামুপপাদনৈরর্জনৈঃ কিং তত্র হেতুঃ সর্ব্বদেহিনাং সামান্যতো বিষয়নিষ্ঠত্বে শূকরাদি সাধারণ্যাপত্তেরিত্যর্থঃ। নচৈবমাদৌ পৌনরুক্ত্যদোষ নারদোক্তানুবাদ রূপত্বাৎ অস্য প্রকরণস্য ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভ

নম্বধোক্ষজালম্ভে সতি সংসারো বিদ্যতে ন বা তত্রাহ। অধোক্ষজেতি। শাতনমিতি শীলার্থে লুট্। তৎ স্বভাবতঃ স্বতএব সোপি পাতীতি ভাবঃ ॥ ৩০ ॥

সামান্যতঃ সখ্যুঃ সযুজা সখায়া ইত্যুক্তেঃ ॥ ৩১। ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ননু ব্রহ্ম নির্ব্বাণ সুখমেব পুরুষার্থ সার ইতি প্রসিদ্ধিঃ। সত্যং তদপি অধোক্ষজ সংযোগ সুখএবান্তর্ভবতীত্যাহ অধোক্ষজস্যালম্ভং মনসা ঈষৎ স্পর্শং সাক্ষাৎ প্রাপ্তিং বা সংসৃতি চক্রস্য শাতনং নিবর্ত্তকং বিদুর্জানন্তি তদেব ব্রহ্ম নির্ব্বাণ সুখঞ্চ অধোক্ষজস্যৈব ব্রহ্মত্বাৎ তৎকরণ মাধুর্য্যানুভবস্যৈব পরমানন্দ রূপত্বেন নির্ব্বাণ সুখ রূপত্বাৎ তত্র দাস্যাদি ভাবত্বেন মমতা বিশেষোত্থং তু সুখমধিকমপারমেব যথা সর্ব্বজন সুভগে পরমাহ্লাদকে চন্দ্রে দৃষ্টে যঃ স্বাভাবিক আনন্দ স্তস্মাৎ কোটি গুণিত আনন্দঃ স্বপুত্রে খোড়াঙ্কবধিরেপি সর্ব্বজন দুর্ভগেপি মমতোত্থঃ স্যাদিতো ভগবতি দাস্যাদি ভাববত্ত্বে পরব্রহ্মণি স্বরূপোত্থএব পরমানন্দাবধি স্তত্রৈব যদি মমতোত্থেপি স্যাত্তদা কিং বক্তব্যমানন্দ পারাবার পরস্সহস্র সম্মর্দ্দমধ্যপাতিত্ব সৌভগোৎকর্ষঃ মহামহত্ত্বগতএবোক্তং যা নির্বৃতি স্তনুভৃতামিত্যাদ্যনাত্র চ ব্রহ্মানন্দো ভবেদেষ চেৎ পরার্দ্ধ গুণীকৃতঃ। নৈতি ভক্তি সুখাম্ভোধেঃ পরমাণু তুলামপীতি। অধোক্ষজালম্বমিতি পাঠে অধোক্ষজ আলম্বো বিষয়ালম্বনো যত্র তং অর্থাদ্দাস্য সখ্যাদি রসং। হৃদীশ্বরং হৃদয়নাথমিতি দাস্যাদিভাব বিশিষ্টা ভক্তি র্ব্যঞ্জিতা ॥ ৩০ ॥

সর্ব্বশ্রেষ্ঠায়া অপি ভক্তেঃ সুখ সাধ্যত্বমাহ কোঽতীতি ছিদ্রবৎ আকাশবৎ। আত্মনো জীবস্য সখ্যুঃ। সযুজৌ সখায়াবিতি শ্রুতেঃ। নহি সখ্যুরুপাসনে কিঞ্চিৎ কষ্টমিতি ভাবঃ। উপাস্যস্য স্বতো বিদ্যমানত্বাৎ প্রিয়ত্বাচ্চ উপাসনস্যচ শ্রবণাদি রূপত্বাৎ তৎ সাধনানাং শ্রোত্রাদীনাঞ্চ স্বতএব বিদ্যমানত্বান্নহি কুতশ্চন কাচন তৎ সামগ্রী আনেতব্যেতি ভাবঃ। বরং নরক সাধনেপি শ্রমোস্তীতি ব্যঞ্জয়ন্ বৈষয়িক সুখ প্রবৃত্তিং নিন্দতি। বিষয়াণাং স্রক্ চন্দন বনিতাদীনাং উপপাদনৈ দ্র্ব্যাদিনোপার্জনৈঃ কিং। তত্র হেতুঃ সর্ব্বদেহিনাং সামান্যতঃ বিষয় নিষ্ঠত্বে শূকরাদি সাধারণ্যাপত্তেরিতি ভাবঃ ॥ ৩১ ॥

হে বন্ধুগণ! অধোক্ষজের আশ্রয় গ্রহণই রাগাদি দূষিত আত্মবান্ পুরুষদের সংসার নাশের উপায় এবং তাহাই পরব্রহ্মে লয় রূপ মোক্ষ ও তাহাই সুখ, ইহা পণ্ডিতগণ লিয়া থাকেন, অতএব তোমরা হৃদয়ের মধ্যে অন্তর্যামি ঈশ্বরের উপাসনা করহ ॥ ৩০ ॥

হে অসুর বালক সকল! ভগবান্ হরি হৃদয় মধ্যে আকাশের ন্যায় বর্ত্তমান আছেন, তিনি আত্মার সখা, তাঁহার উপাসনা বড় পরিশ্রমের কর্ম্ম নহে, তবে দেহির বিষয়ার্থ ব্যগ্র হওয়া কেন? সামান্যতঃ বিষয়ের নিমিত্ত আসক্ত হইলে শূকরাদির সহিত সাধারণ্য হইবে ॥ ৩১ ॥

রায়ঃ কলত্রং পশবঃ সুতাদয়ো গৃহা মহী কুঞ্জরকোষভূতয়ঃ।
সর্ব্বেঽর্থকামাঃ ক্ষণভঙ্গুরায়ুষঃ কুর্ব্বন্তি মর্ত্ত্যস্য কিয়ৎ প্রিয়ঞ্চলাঃ॥ ৩২॥
এবং হিলোকাঃ ক্রতুভিঃ কৃতা অমী ক্ষয়িষ্ণবঃ সাতিশয়া ন নির্ম্মলাঃ।
তস্মাদদৃষ্ট শ্রুতদূষণং পরং ভক্ত্যোক্তয়েশং ভজতাত্মলব্ধয়ে॥ ৩৩॥
যদর্থ ইহ কর্ম্মাণি বিদ্বম্মান্যসকৃন্নরঃ। করোত্যতো বিপর্য্যাসমমোঘং বিন্দতে ফলং॥ ৩৪॥
সুখায় দুঃখমোক্ষায় সংকল্প ইহ কর্ম্মিণঃ। সদাপ্নোতীহয়া দুঃখমনীহায়াঃ সুখাবৃতঃ॥ ৩৫॥

শ্রীধরস্বামী।

অনর্থকঞ্চ বিষয়ার্জনমিত্যাহ রায়ঃ অর্থাঃ ক্ষণভঙ্গুরমায়ুর্যস্য তদ্রুক্মিতিহাসে। ধনং হি পুরুষো লোকে পুরুষং ধনমেব বা। অবশ্যমেকং ত্যজতি তস্মাৎ কিং ধনতৃষ্ণয়েতি॥ ৩২॥

যন্ন দুঃখেন সংভিন্নং নচ গ্রস্তমনন্তরং। অভিলাষোপনীতঞ্চ সুখং স্বর্গপদাস্পদমিত্যেবং স্তুতাঃ স্বর্গাদি ভোগা অপি ন সেবার্হা ইত্যাহ এবং হীতি। ক্ষয়িষ্ণুত্বে হেতুঃ ক্রতুভিঃ কৃতা ইতি। তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়ত ইতি শ্রুতেঃ অতএব পুণ্যতারতম্যেন সাতিশয়াঃ নচ নির্ম্মলাঃ স্পর্দ্ধাদি মত্ত্বাৎ ন বিদ্যতে দৃষ্টং শ্রুতঞ্চ দূষণং যস্মিন্॥ ৩৩॥

কিঞ্চ যদর্থে যৎ সংকল্প্য অতঃ সংকল্পিতাদ্বিপর্য্যাসং বিপরীতং ফলং অমোঘং অবশ্যং প্রাপ্নোতি॥ ৩৪॥

তদেব দর্শয়তি সুখায়েতি। ঈহয়া ইচ্ছয়া ক্রিয়য়া বা যঃ পূর্ব্বমনীহয়া হেতোঃ সুখেনাবৃতো ব্যাপ্ত আসীৎ। স ঈহয়া

ক্রমসন্দর্ভঃ।

আত্মলব্ধয়ে। আত্মনঃ স্বস্যৈবেশস্য লব্ধয়ে। যদ্বা। আত্মনো লব্ধয়ে ভজত। অন্যথাত্মানং নাশয়িষ্যথ ইতি ভাবঃ॥ ৩৩ ৩৪। ৩৫। ৩৬। ৩৭। ৩৮। ৩৯। ৪০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নচ কামিনাং বৈষয়িক সুখমপি বস্তুতোঽস্তীত্যাহ রায়ো ধনানি। অর্থাশ্চ কামাশ্চ॥ ৩২॥

স্বর্গাদি ভোগা অপি নসেবার্হা ইত্যাহ। এবং হীতি ক্ষয়িষ্ণবঃ তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে। এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়ত ইতি শ্রুতেঃ। পুণ্যতারতম্যেন সাতিশয়াঃ স্পর্দ্ধাদি মত্ত্বাচ্চ ন নির্ম্মলাঃ। আত্মলব্ধয়ে আত্ম কর্ত্তৃক হরিপ্রাপ্তয়ে পরমাত্মপ্রাপ্তয়ে বা। যদ্বা আত্মরূপ রত্নস্য প্রাপ্ত্যৈ। অন্যথা তৎস্বর্গ নরকাদি কর্দ্দমে ক্ষিপ্তং নষ্টমেব জানীতেতি ভাবঃ॥ ৩৩॥

যদর্থে যৎ সঙ্কল্প্যং অতঃ সঙ্কল্পিতাৎ বিপর্য্যাসং বিপরীতং ফলমমোঘমবশ্যং প্রাপ্নোতি॥ ৩৪॥

অনীহায়া হেতোঃ সুখাবৃতঃ সুখপরিপূর্ণঃ স্যাৎ॥ ৩৫॥

ধন, কলত্র, পশু, পুত্ত্রাদি, গৃহ, ভূমি, হস্তী, ধনাগার, ঐশ্বর্য্য এবং অর্থ, কাম, এ সকলি চঞ্চল। আর মনুষ্যের পরমায়ুঃ ক্ষণ ভঙ্গুর. ঐ সকল বস্তু তাহার কত প্রিয় করিতে পারে?॥ ৩২॥

স্বর্গাদি লোক সকল পদ, তারতম্য দ্বারা অপেক্ষাকৃত উত্তম মাত্র, পরমার্থতঃ নির্ম্মল নহে। আর ঐ সকল লোক যাগ যজ্ঞাদি জন্য, সুতরাং ক্ষয়িষ্ণু। অতএব ঐ সমস্ত লোকও সেবার্হ নহে, ঐ সকল পরিত্যাগ করিয়া উল্লিখিত ভক্তিযোগে ভগবান্ হরির আরাধনা কর তাঁহাতে কোন প্রকার দোষ দৃষ্ট অথবা শ্রুত হয় না, তাঁহার সেবায় আত্ম লাভ হইবে॥ ৩৩॥

হে বয়স্য সকল! পণ্ডিতাভিমানী পুরুষ এই সংসারে যে সঙ্কল্প করিয়া বারম্বার কর্ম্ম করে সেই সংকল্প হইতে প্রায় বিপরীত ফল প্রাপ্ত হয়॥ ৩৪॥

ফলতঃ ইহলোকে কর্ম্মি পুরুষেরা সুখ অথবা দুঃখ মোক্ষই সংকল্প করিয়া থাকে কিন্তু তাহাতে পূর্ব্বে

কামান্ কাময়তে কাম্যৈ র্যদর্থমিহ পুরুষঃ। স বৈ দেহস্তু পারক্যো ভঙ্গুরো যাত্যুপৈতিচ ॥ ৩৬ ॥
কিমু ব্যবহিতাপত্য দারাগার ধনাদয়ঃ। রাজ্যকোষ গজামাত্য ভৃত্যাপ্তা মমতাস্পদাঃ ॥ ৩৭ ॥
কিমেতৈরাত্মনস্তুচ্ছৈঃ সহ দেহেন নশ্বরৈঃ। অনর্থৈরর্থসংকাশৈ র্নিত্যানন্দরসোদধেঃ ॥ ৩৮ ॥
নিরূপ্যতামিহ স্বার্থঃ কিয়ান্ দেহভৃতোঽসুরাঃ। নিষেকাদিষ্ববস্থাসু ক্লিশ্যমানস্য কর্ম্মভিঃ ॥ ৩৯ ॥
কর্ম্মণ্যারভতে দেহী দেহেনাত্মানুবর্ত্তিনা। কর্ম্মভিস্তনুতে দেহমুভয়ং ত্ববিবেকতঃ ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

দুঃখমাপ্নোত্যেব ॥ ৩৫ ॥

কিঞ্চ কামান্ ভোগান্ কাম্যৈ র্বিষয়ৈঃ কর্ম্মভির্ব্বা। পারক্যঃ শ্বাদিভোগ্যঃ নশ্বাত্মীয়ঃ ভঙ্গুরশ্চ ॥ ৩৬ ॥

কিমু দেহাদ্ব্যবহিতা অপত্যাদয়ো মমতা বিষয়াঃ পারক্যা ইতি বক্তব্যং ॥ ৩৭ ॥

কিঞ্চ স্বয়ং পুরুষার্থরূপস্য কিমেতৈরিত্যাহ কিমেতৈরিতি ॥ ৩৮ ॥

ভোগাবসরাভাবাশ্চ এতৈঃ ক উপযোগ ইত্যাহ নিরূপ্যতামিতি। প্রাচীনৈঃ কর্ম্মভিঃ ক্লিশ্যমানস্য কর্ম্মভিঃ কিয়ানর্থ ইতি বান্বয়ঃ ॥ ৩৯ ॥

নম্নু কর্ম্মসু সমাপ্তেষু ভোগাবসরঃ স্যাত্তত্রাহ কর্ম্মাণীতি নচেদং কর্ম্ম তৎফলং দেহাদিকঞ্চ পরমার্থ ইত্যাহ উভয়ং কর্ম্মচ দেহঞ্চ অবিবেকতঃ অজ্ঞানেনৈব তনুতে ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কাম্যৈঃ কর্ম্মভিঃ। অপৈতি নশ্যতি উপৈতি পুনরপি দুঃখদানার্থমুৎপদ্যায়াতি ॥ ৩৬। ৩৭ ॥

আত্মনঃ স্বস্য নিত্যো ভজন রূপ আনন্দরসোদধির্যস্য তস্য ভক্তজনস্য ॥ ৩৮ ॥

ক্লিশ্যমানস্যেতি ভোগেঽবসর এব নাস্তীতি ভাবঃ ॥ ৩৯ ॥

দেহেন মানুষ শরীরেণ কর্ম্ম সাধকেন দেহং স্বর্গি শরীরং উভয়ং তদ্দেহদ্বয়ং অবিবেকতঃ তদুভয়স্যাহং কর্ম্ম কুর্ব্বে ইতি অহং কর্ম্মফলং স্বর্গমুপভুঞ্জে ইত্যভিমান মূলত্বাত্তদভিমানস্যাবিবেক মূলত্বাৎ আত্মনশ্চ দেহদ্বয়াতিরিক্তত্বাৎ ॥ ৪০ ॥

ক্রিয়ার অভাব হেতু সুখাকাঙ্ক্ষী যে পুরুষ, তাহাকে ক্রিয়া দ্বারা অসংশয় দুঃখ প্রাপ্ত হইতে হয় ॥ ৩৫॥

অপর এ সংসারে পুরুষ যে দেহের নিমিত্ত কাম্য কর্ম্ম দ্বারা ভোগ প্রার্থনা করে, সেই দেহও পারক্য অর্থাৎ কুক্কুরাদির ভোগ্য ও ক্ষণভঙ্গুর এবং নিত্য নহে, কখন যায় কখন আইসে ॥ ৩৬ ॥

ইহাতে দেহ হইতে ব্যবহিত যে পুত্র, কলত্র, গৃহ, ধন, জন, তথা রাজ্য, কোষ, হস্তী, অমাত্য, ভৃত্য, আপ্ত প্রভৃতি মমতা বিষয় সকল, ইহারা যে পারক্য, তাহার কথা আর বক্তব্য কি? ॥ ৩৭ ॥

অধিকন্তু এই সকল পদার্থ দেহের সহিত নশ্বর এবং বস্তুতঃ অনর্থ, অর্থের ন্যায় প্রকাশ পায় মাত্র, অতএব অতি তুচ্ছ, এ সকলের দ্বারা নিত্যানন্দ রসের সাগর স্বরূপ আত্মার কি উপকারই বা সম্ভব? ॥ ৩৮ ॥

হে অসুরগণ! প্রাচীন কর্ম্ম বশতঃ নিষেকাদি অবস্থাতেও যখন দেহিকে ক্লিশ্যমান দেখা যাইতেছে তখন পুনরায় কর্ম্ম করিলে তাহার কত স্বার্থ হইতে পারিবে, আপনারাই বিবেচনা করহ ॥ ৩৯

কর্ম্ম সমাপ্ত হইলে যে ভোগের অবসর হইবে তাহারও সম্ভাবনা নাই, দেহী আত্মার অনুবর্ত্তি দেহ দ্বারা কর্ম্ম আরম্ভ করেন, সেই কর্ম্ম দ্বারা পুনবায় দেহ বিস্তার করিয়া থাকেন, এই রূপে অজ্ঞান দ্বারা কর্ম্ম ও দেহ উভয়েরই বিস্তার হয় ॥ ৪০ ॥

তস্মাদর্থাশ্চ কামাশ্চ ধর্ম্মাশ্চ যদপাশ্রয়াঃ। ভজতানীহয়াত্মানমনীহং হরিমীশ্বরং ॥ ৪১ ॥
সর্ব্বেষামপি ভূতানাং হরিরাত্মেশ্বরঃ প্রিয়ঃ। ভূতৈর্ম্মহদ্ভিঃ স্বকৃতৈঃ কৃতানাং জীবসংজ্ঞিতঃ ॥ ৪২ ॥
দেবোঽসুরো মনুষ্যোবা যক্ষো গন্ধর্ব্ব এব বা। ভজন্মুকুন্দচরণং স্বস্তিমান্ স্যাদ্যথা বয়ং।
নালং দ্বিজত্বং দেবত্বমৃষিত্বম্বাসুরাত্মজাঃ। প্রীণনায় মুকুন্দস্য ন বৃত্তং ন বহুজ্ঞতা ॥ ৪৩ ॥
ন দানং ন তপো নেজ্যা ন শৌচং ন ব্রতানিচ। প্রীয়তে ঽমলয়া ভক্ত্যা হরিরন্যদ্বিড়ম্বনং।
ততোহরৌ ভগবতি ভক্তিং কুরুত দানবাঃ। আত্মৌপম্যেন সর্ব্বত্র সর্ব্বভূতাত্মনীশ্বরে ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

যদপাশ্রয়া যদধীনাঃ ॥ ৪১ ॥ ভূতানাং প্রাণিনাং জীবসংজ্ঞিতোঽন্তর্যামী ॥ ৪২ ॥
অসুরাণামস্মাকমত্র নাধিকার ইত্যপি ন বাচ্যমিত্যাহ দেব ইতি পঞ্চভিঃ ॥ ৪৩ ॥
অমলয়া নিষ্কাময়া বিড়ম্বনং নটনমাত্রং ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

অনীহয়া নিরুপাধিকয়া। অনীহং তথৈব নিরুপাধি কৃপাকরং। অহম্বকামস্ত্বঞ্চ স্বাম্যনপাশ্রয় ইতি বক্ষ্যমণাৎ ॥৪১।৪২
নালমিতি যুগ্মকং ॥ ৪৩ ॥
তত ইতি। সর্ব্বত্র সর্ব্বস্মিন্ দেশে কালেচ আত্মৌপম্যেন আত্মনি যথা আনুকূল্যেন কায়মনো বচন বৃত্তিরূপং ভজনং কুরুথ তদ্বদপি কুরুতেতি ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তর্হি বিবেক এব কর্ত্তব্যাহ তস্মাদিতি যদপাশ্রয়া যদধীনা অনডুহাং বৃষাণাং কর্ত্তৃত্ব ভোক্তৃত্বাদয়ঃ স্বাম্যধীনা ইবেত্যর্থঃ। অনীহয়া কামনা রাহিত্যেন অনীহং নিরপেক্ষং ॥ ৪১ ॥
যতঃ সর্ব্বেষাং দেহশ্চ জীবশ্চ পরমাত্মাচ প্রিয়শ্চ বস্তুতো হরিরেব তস্মাত্তং ভজতেত্যাহ। সর্ব্বেষাং দেবতির্য্যগাদীনামপি আত্মা পরমাত্মা স এবেশ্বরঃ। স্বৈনৈব কৃতৈঃ কৃতানামিতি দেহোপি তৎকারণত্বাৎ সএব জীবসংজ্ঞা সংজাতা যস্য সঃ। জীবস্য তদীয় তটস্থ শক্তি রূপত্বাৎ। যদ্বা সর্ব্বেষাং প্রিয়ত্বাদপি তমেব ভজতেত্যাহ সর্ব্বেষাং ভূতানাং যো জীবসংজ্ঞা জীবনাত্মা ততোপি প্রিয়ঃ ॥ ৪২ ॥ যস্মাদেবং তস্মাৎ সর্ব্বএব ভক্তিং কুর্য্যুরিত্যাহ দেব ইতি ॥ ৪৩ ॥
প্রীণনায় নালং নসমর্থমিত্যর্থঃ। বিড়ম্বনং পুংসঃ প্রত্যুত তিরস্কার কারণমিত্যর্থঃ ॥
আত্মৌপম্যেনেত্যত্র সুখদুঃখাদি দৃষ্ট্যেতি শেষঃ ॥ ৪৪ ॥

অতএব হে বন্ধুগণ! অর্থ, কাম ও ধর্ম্ম এই তিন যাহার অধীন, তোমরা কামনা রাহিত্য হইয়া সেই নিরপেক্ষ ঈশ্বর হরির উপাসনা কর ॥ ৪১ ॥

ভগবান্ হরি সকল ভূতের আত্মা, প্রিয়, ঈশ্বর এবং সকল প্রাণী তাঁহার নিজ কৃত মহৎ ভূত সকল দ্বারা সৃষ্ট হইয়াছে অতএব সকলের অন্তর্যামী ॥ ৪২ ॥

হে বয়স্যগণ! আমরা অসুর, আমাদের ঐ বিষয়ে অধিকার নাই এমত আশঙ্কা করিও না, সুর, অসুর, মনুষ্য, যক্ষ অথবা গন্ধর্ব্ব যে কেহ হউক, ভগবান্ মুকুন্দের চরণারবিন্দ ভজনা করিলে সকলেই কল্যাণভাজন হয়। হে অসুরনন্দনগণ! দ্বিজত্ব অথবা দেবত্ব কিম্বা ঋষিত্ব অথবা সদ্বৃত্ত কিম্বা বহুজ্ঞতা কিছুই মুকুন্দ প্রীত্যর্থ সমর্থ হইতে পারে না ॥ ৪৩ ॥

অপর দান, তপস্যা, যজ্ঞ, শৌচ ও ব্রত, এ সকলও ভগবানের প্রীতির কারণ নহে, কেবল নিষ্কাম ভক্তি দ্বারাই ভগবান্ প্রীত হয়েন, ভক্তি ব্যতীত অন্য সকল নাট্য মাত্র। হে দানবনন্দনগণ! এই কারণে সর্ব্বত্র আত্মতুল্য দর্শন দ্বারা সর্ব্বভূতের আত্মা, ঈশ্বর, ভগবান্ হরিতেই ভক্তি কর ॥ ৪৪ ॥

দৈতেয়া যক্ষ রক্ষাংসি স্ত্রিয়ঃ শূদ্রা ব্রজৌকসঃ। খগা মৃগাঃ পাপজীবাঃ সন্তি হ্যচ্যুততাং গতাঃ ॥ ৪৫॥
এতাবানেব লোকেঽস্মিন্ পুংসঃ স্বার্থঃ পরঃ স্মৃতঃ। একান্তভক্তি র্গোবিন্দে যৎ সর্ব্বত্র তদীক্ষণং ॥ ৪৬

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে বালানুশাসনোনাম সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

শ্রীনারদ উবাচ ॥

অথ দৈত্যসুতাঃ সর্ব্বে শ্রুত্বা তদনুবর্ণিতং। জগৃহুর্নিরবদ্যত্বান্নৈব গুর্ব্বনুশিক্ষিতং ॥ ১ ॥

---

শ্রীধরস্বামী

অচ্যুততাং অমৃতত্বং ॥ ৪৫ ॥ অধ্যায়দ্বয়োক্তমুপসংহরতি। এতাবানিতি তদীক্ষণং গোবিন্দ দৃষ্ট্যা সম্মাননং ॥ ৪৬ ॥

॥ * ॥ ইতি সপ্তমে সপ্তমঃ ॥ * ॥

অষ্টমেঽতিরুষা সূনুং নিঘ্নন্ দৈত্যোহতঃ স্বয়ং। আবির্ভূয় নৃসিংহেন সচ ব্রহ্মাদিভিঃ স্তুতঃ। অন্তঃ কৃপাসুধা পূর্ণো বহিঃ ক্রোধো নৃকেশরী। দৈত্যেন্দ্রমরিভাবেন ভজন্তং স্বমভাবয়ৎ ॥ ১ ॥

---

ক্রমসন্দর্ভঃ।

ব্রজৌকসোঽত্র নীচসহ পাঠাৎ কিরাতহূণান্ধ্রপুলিন্দ পুক্কশা আভীরকঙ্কা যবনাঃ খসাদয় ইত্যাদাবিব গবোপজীবনা নীচ জাতি বিশেষা এব আভীরা জ্ঞেয়াঃ। নতু কৃষি বাণিজ্য গোরক্ষঃ কুসীদং তুর্য্যমুচ্যতে। বার্ত্তা চতুর্ব্বিধা তত্র বয়ং গোবৃত্তয়োনিশমিতি বদ্বৈশ্যভেদা ইতি বিশেষঃ প্রতিপত্তব্যঃ ॥ ৪৫ ॥

তস্য ভাগবত এব ঈক্ষণং স্ফূর্ত্তিঃ সর্ব্বভূতেষু যঃ পশ্যেদিত্যাদেঃ ॥ ৪৬ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে সপ্তমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে সপ্তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

টীকা পদো অরিভাবেন ভজন্তমিতি তদাজ্ঞাকৃতত্বাদ্বহিরঙ্গৈনৈব তেন ভজন্তং। স্বং প্রতি অভাবয়ৎ প্রাপয়ং। শ্রুত্বেতি পদ্যার্দ্ধং গৌড়মিথিলয়ো র্নাস্তি। স্বাম্যসম্মতঞ্চ। সচেত্তাধ্যাহারস্য বৈয়র্থ্যাৎ ॥ ১। ২। ৩ ॥ ৪। ৫।। ৬। ৭। ৮। ৯। ১০। ১১।

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

নচ ভক্তিঃ সজ্জাত্যাদিকমপেক্ষত ইত্যাহ দৈতেয়া ইতি অচ্যুততাং চিন্ময়শরীরত্বেন অচ্যুত তুল্যত্বং। যদ্বা অচ্যুততাং অচ্যুতিং গতাঃ কর্ম্মিণ ইব ন চ্যুতা ভবন্তীত্যর্থঃ। যদুক্তং কাশীখণ্ডে। নচাবন্তেচ যদ্ভক্তা মহত্যাং প্রলয়াপদি। অতোঽচ্যুতোঽখিলে লোকে বিদ্বদ্ভিঃ পরিগীয়তে ॥ ৪৫ ॥

একান্ত ভক্তিরনন্যা ভক্তি র্যৎ যস্যাং ভক্তৌ সত্যাং সর্ব্বত্রৈব স্থাবর জঙ্গম বস্তুষু তদীক্ষণং ভগবতো ভাবনা পরিপাকেন ভগবদীক্ষণং। যদুক্তং নারায়ণময়ং ধীরাঃ পশ্যন্তি পরমার্থিনঃ। জগদ্ধনময়ং লুব্ধাঃ কামুকাঃ কামিনীময়মিতি যথাঽয়ং প্রহ্লাদঃ স্তম্ভেপি ভগবন্তমপশ্যৎ ॥ ৪৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। সপ্তমে সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অষ্টমে স্বসুতং হন্তুমহন্ স্তম্ভং রুষাসুরঃ। স্তম্ভোত্থ স্তমহন্ সাক্ষান্নৃসিংহো দৈবতৈঃ স্তুতঃ ॥ ১ ॥

---

হে দৈত্যগণ! যক্ষ, রাক্ষস, স্ত্রী, শূদ্র, ব্রজৌকস ( গবোপজীবী নীচজাতি আভীর ) এবং পশু পক্ষ্যাদি ভূরি ২ পাপ জীবও ভক্তিযোগে অচ্যুতত্ব অর্থাৎ অচ্যুত তুল্য চিন্ময় শরীরত্ব প্রাপ্ত হইয়াছে ॥ ৪৫ ॥

হে ভ্রাতৃগণ! ভগবান্ গোবিন্দে একান্ত ভক্তি করিয়া যে সর্ব্বত্র তাঁহাকে নিরীক্ষণ করা তাহাই ইহলোকে পুরুষের পরম স্বার্থ ॥ ৪৬ ॥

॥ * ॥ ইতি সপ্তমে সপ্তমাধ্যায় ॥ * ॥

অষ্টমাধ্যায়ে রোষবশতঃ প্রহ্লাদকে বধ করিতে গিয়া হিরণ্যকশিপুর নৃসিংহ হস্তে আত্ম বিনাশ ॥ ০॥

নারদ কহিলেন দৈত্যবালকেরা প্রহ্লাদের কথা শুনিয়া উৎকৃষ্ট বোধে তাঁহার উপদেশই গ্রহণ করিল, গুরু যাহা শিখাইয়াছিলেন তাহা স্মরণও করিল না ॥ ১ ॥

অথাচার্য্যসুতস্তেষাং বুদ্ধিমেকান্তসংস্থিতাং । আলক্ষ্য ভীতস্ত্বরিতো রাজ্ঞ আবেদয়দ্যথা ॥ ২ ॥
কোপাবেশচলদ্গাত্রঃ পুত্রং হন্তুং মনোদধে । ক্ষিপ্ত্বা পরুষয়া বাচা প্রহ্লাদমতদর্হণং ॥ ৩ ॥
আহেক্ষমাণঃ পাপেন তিরশ্চীনেন চক্ষুষা । প্রশ্রয়াবনতং দান্তং বদ্ধাঞ্জলিমবস্থিতং ।
সর্পঃ পদাহত ইব শ্বসন্ প্রকৃতিদারুণঃ ॥ ৪ ॥
শ্রীহিরণ্যকশিপুরুবাচ ॥
হে দুর্ব্বিনীত মন্দাত্মন্ কুলভেদকরাধমঃ । স্তব্ধং মচ্ছাসনোদ্বৃত্তং নেষ্যে ত্বাদ্য যমক্ষয়ং ॥ ৫ ॥
ক্রুদ্ধস্য যস্য কম্পন্তে ত্রয়ো লোকাঃ সহেশ্বরাঃ । তস্য মেঽভীতবন্মূঢ় শাসনং কিং বলোত্যগাঃ ॥
শ্রীপ্রহ্লাদ উবাচ ॥

শ্রীধরস্বামী ।

একান্তসংস্থিতাং প্রত্যগ্নিষ্ঠাং । যথা যথাবৎ ॥ ২ ॥
সচ হন্তুং মনোদধে কথম্ভূতঃ কোপস্যাবেশেন উদ্রেকেণ চলদ্গাত্রং বপুর্য্যস্য সঃ ক্ষিপ্ত্বা তিরস্কৃত্য ॥ ৩ ॥
পাপেন সরোষেণ তিরশ্চীনেন বক্রেণ ॥ ৪ ॥
মন্দাত্মন্ অল্পবুদ্ধে মদাজ্ঞা লঙ্ঘিনং ত্বাং অদ্য যমালয়ং নেষ্যামি ॥ ৫ ॥
অভীতবৎ ভয়শূন্য ইব কিং বলঃ যস্য স কিংবলঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

একোমুখ্যশ্চাসাবস্তঃ সর্ব্বেষাং চেতোকান্তো বিষ্ণু র্ভক্তিযোগোবা তত্র সংস্থিতাং ॥ ২ । ৩ । ৪ ॥
দুর্ব্বিনীতেতি ব্যর্থশ্চায়ং দুষ্টেষ্বপি বিশিষ্টং নীতং কৃপা লক্ষণং যস্য পরদুঃখাসহিষ্ণুত্বাৎ মন্দানামপ্যাত্মা মনো যত্র । সর্ব্ব চিন্তাকর্ষকত্বাৎ কুলভেদকরাঃ কুলবিশেষ স্রষ্টারঃ প্রজাপতয়োপ্যধমা যস্মাৎ মহাবিভূতি মত্ত্বাৎ স্তব্ধং অসুরেষু পূজ্যবুদ্ধিত্বাভাবাৎ । মচ্ছাসনোদ্বৃত্তং মদাজ্ঞালঙ্ঘিনং । যমক্ষয়ং যমালয়ং পক্ষে যমানামষ্টাঙ্গযোগানাং ক্ষয়ং নিবাসভূতং ত্বাং নেষ্যে স্বভ্রাতৃকত্বেনাঙ্গী করিষ্যামীত্যর্থঃ ॥ ৫ ॥
অভীতবৎ কিং বলঃ যস্য সঃ ॥ ৬ । ৭ ॥

অনন্তর গুরুপুত্র শণ্ডামর্ক দেখিলেন সকল বালকেরই বুদ্ধি প্রহ্লাদের দোষে ভগবান্ বিষ্ণুতে নিষ্ঠা প্রাপ্ত হইয়াছে, অতএব সাতিশয় ভীত হইয়া সত্বর দৈত্যেশ্বর সন্নিধানে গমন পূর্ব্বক যথাবৎ নিবেদন করিলেন ॥ ২ ॥

শ্রবণমাত্রে দৈত্যপতির ভয়ঙ্কর কোপোদ্রেক হইল, তদ্দ্বারা কম্পিত কলেবর হইয়া পরুষ বাক্যে প্রহ্লাদকে তিরস্কার করিয়া সংহার করিতে মনঃস্থির করিল ॥ ৩ ॥

প্রহ্লাদ অতিশয় শান্ত, অঞ্জলিবন্ধন করিয়া বিনীত ভাবে চরণতলে পতিত হইলেন, তথাচ দৈত্যপতির ক্রোধ শান্তি হইল না, সে স্বভাবতঃ নিষ্ঠুর, পদাহত সর্পের ন্যায় বারম্বার নিশ্বাস ত্যাগ করিতে করিতে তনয়ের প্রতি সরোষ ও বক্র দৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক নিরীক্ষণ করিয়া বলিতে লাগিল ॥ ৪ ॥

হিরণ্যকশিপু কহিল, অরে দুর্ব্বিনীত মন্দবুদ্ধি ! তুই অধম, কুলভেদ করিতেছিস্ তুই জড়, আমারও শাসন লঙ্ঘন করিয়াছিস্, থাক, অদ্যই তোকে শমন সদনে প্রেরণ করি ॥ ৫ ॥

অরে মূঢ় ! আমি ক্রুদ্ধ হইলে অধিপতি সহিত ত্রিভুবন ভয়ে কম্পিত হয়, তুই নির্ভয় প্রায় হইয়া আমার শাসন অতিক্রমণ করিস্ ? তোর কত বল ? । প্রহ্লাদ কহিলেন রাজন্ ! সেই ভগবান্

ন কেবলং মে ভবতশ্চ রাজন্ স বৈ বলং বলিনাঞ্চাপরেষাং।
পরে বরেঽমী স্থির জঙ্গমা যে ব্রহ্মাদয়ো যেন বশং প্রণীতাঃ॥ ৬॥
স ঈশ্বরঃ কাল উরুক্রমোঽসাবোজঃ সহঃ সত্ত্ব বলেন্দ্রিয়াত্মা।
স এব বিশ্বং পরমঃ স্ব শক্তিভিঃ সৃজত্যবত্যত্তি গুণত্রয়েশঃ॥ ৭॥
জহ্যাসুরং ভাবমিমং ত্বমাত্মনঃ সমং মনো ধৎস্ব নসন্তি বিদ্বিষঃ।
ঋতেঽজিতাদাত্মন উৎপথে স্থিতাত্তদ্ধি হ্যনন্তস্য মহৎ সমর্হণং॥ ৮॥
দস্যূন্ পুরাসম্ন বিজিত্য লুম্পতো মন্যন্ত একে স্বজিতা দিশো দশ।
জিতাত্মনো জ্ঞস্য সমস্য দেহিনাং সাধোঃ স্বমোহপ্রভবাঃ কুতঃ পরে॥ ৯॥

শ্রীধরস্বামী।

বশং প্রণীতা ইত্যত্র হেতুঃ স ঈশ্বর ইতি। উরবঃ ক্রমাঃ পাদবিক্ষেপা যস্য বহুপরাক্রম ইতি বা। ওজ আদি রূপঃ সত্ত্বং ধৈর্য্যং বুদ্ধির্ব্বা॥ ৭॥

মচ্ছত্রুরসৌ কথং মমাপি সএব বলং স্যাদত আহ জহীতি। আত্মনঃ স্বস্য আসুরং ভাবং ত্যজ যতঃ অজিতাদাত্মনো মনস ঋতে বিনা অন্যো বিদ্বিষো ন সন্তি কিঞ্চ তদ্ধি হি তদেবহি সাম্যেন মনসো ধারণমেব সমর্হণং আরাধনং॥ ৮॥

ময়া দিগ্বিজয়ে সর্ব্বে জিতা অতঃ ন সন্তীতি সত্যমিতিচেত্তত্রাহ দস্যূনিতি একে ভবাদৃশা মন্দাঃ পুরা আদৌ লুম্পতঃ সর্ব্বস্বং হরতঃ ষট্ ইন্দ্রিয় লক্ষণান্ শত্রূন্ ন বিজিত্য অজিত্বা দশদিশঃ স্বয়ং জিতা মন্যন্তে সাধোস্তু জিতচিত্তস্য দেহিনাং সমস্য জ্ঞস্য বিদুষঃ স্বাজ্ঞানকল্পিতাঃ পরে শত্রবঃ কুতঃ স্যুঃ॥ ৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জহি ত্যজ আত্মনঃ স্বস্য মনঃ সমং স্বস্মিন্নিব সর্ব্বত্র তুল্যং কুরু। নহু শত্রুষু স্বসমং মনঃ কথং করোমি। তত্রাহ বিদ্বিষঃ শত্রবোনৈব সন্তি। অজিতাদবশীকৃতাদাত্মনো মনসঃ ঋতে মনসঃ সর্ব্বত্র স্বতুল্যদর্শনলক্ষণং সাম্যমেব বশীভাবস্তস্মিন্ সতি শত্রবাদর্শনায় কেপি শত্রব ইতি ভাবঃ। তদেব সর্ব্বত্র সাম্যমেব সমর্হণমারাধনং॥ ৮॥

একে যুষ্মাদৃশা মন্দা দস্যূন্ কামাদীন্ লুম্পতঃ সর্ব্বস্বং হরতঃ স্বসঙ্গে স্থিতানপি অবিজিত্য অজিত্বা দশদিশঃ স্বজিতা স্বেন জিতা মন্যন্তে। জিতচিত্তস্য চিত্তজয়েনৈব বিজিত ষট্সপত্নস্য জ্ঞস্য বিদুষঃ পরে শত্রবঃ কুতোহেতোরপিতু নৈব ইত্যর্থঃ। যতঃ স্বমোহ প্রভবাঃ॥ ৯॥

কেবল আমার, তোমার ও অন্যান্য বলবান্ জনের বল নহেন, পর ও অপর যে সকল ব্রহ্মাদি স্থাবর জঙ্গম দেখিতে পাওয়া যায় সকলকেই তিনি স্বীয় বলে বশীভূত করিয়াছেন॥ ৬॥

কারণ তিনিই ঈশ্বর, তিনিই কাল, তাঁহার পরাক্রম অসীম। আর তিনিই সামর্থ্য, সাহস, ধৈর্য্য, এবং ইন্দ্রিয় স্বরূপ। সেই পরম পুরুষই স্বীয় শক্তি দ্বারা সৃষ্টি স্থিতি প্রলয় করিতেছেন, যে হেতু তিনিই সত্ত্বাদি গুণত্রয়ের ঈশ্বর॥ ৭॥

অতএব হে রাজন্! আপনি আপনার আসুরিক স্বভাব পরিত্যাগ করুন এবং জয় পূর্ব্বক মনকে সমান করিয়া ধারণ করুন, এরূপ করিলে কেহ আপনার দ্বেষ্টা থাকিবে না। হে রাজন্! উৎপথ বর্ত্তি মনঃ ব্যতীত অন্য শত্রু নাই, অপর সমত্বরূপে মনোধারণই ভগবানের মহৎ আরাধনা॥ ৮॥

পিতঃ! আপনার সদৃশ কতকগুলি ব্যক্তি ছয় ইন্দ্রিয় স্বরূপ শত্রুগণ যাহারা সর্ব্বস্ব হরণ করে প্রথমে তাহাদিগকে জয় না করিয়া "আমরা দশ দিক্ জয় করিয়াছি" এই রূপ অভিমান করিয়া থাকে, কিন্তু যিনি সাধু বিদ্বান্, সকল দেহিতে সমবুদ্ধি, মনকে জয় করিয়াছেন, তাঁহার অজ্ঞান কল্পিত শত্রু কোথা হইতে হইবে!॥ ৯॥

শ্রীহিরণ্যকশিপুরুবাচ ॥

ব্যক্তং ত্বং মর্ত্তুকামোঽসি যোঽতিমাত্রং বিকত্থসে। মুমূর্ষূণাং হি মন্দাত্মন্ ননু স্যুর্বিপ্লবা গিরঃ ॥ ১০ ॥

যস্ত্বয়া মন্দভাগ্যোক্তো মদন্যো জগদীশ্বরঃ। কাসৌ যদি স সর্ব্বত্র কস্মাৎ স্তম্ভে ন দৃশ্যতে ॥ ১১॥

সোঽহং বিকত্থমানস্য শিরঃ কায়াদ্ধরামি তে। গোপায়েত হরিস্ত্বাদ্য যস্তে শরণমীপ্সিতং ॥ ১২॥

এবং দুরুক্তৈর্মুহুরর্দ্দয়ন্ রুষা সুতং মহাভাগবতং মহাসুরঃ।

খড়্গং প্রগৃহ্যোৎপতিতো বরাসনাৎ স্তম্ভং ততাড়াতিবলঃ স্বমুষ্টিনা।

তদৈব তস্মিন্নিনদোঽতিভীষণো বভূব যেনাণ্ডকটাহমস্ফুটৎ।

শ্রীধরস্বামী।

ব্যক্তং নিশ্চিতং বিপ্লবা অনন্বিতা ইত্যর্থঃ ॥ ১০ ॥

হে মন্দভাগ্য যদ্যসাবস্তি তর্হি ক্বাস্তি প্রহ্লাদ আহ সর্ব্বত্রাস্তি হিরণ্যকশিপুরাহ তর্হি কস্মাৎ স্তম্ভে নাস্তি প্রহ্লাদস্তু তং স্তম্ভং নিরীক্ষমাণো নমস্কুর্ন্নাহ দৃশ্যত ইতি ॥ ১১ ॥ হিরণ্যকশিপুস্তু তং অপশ্যন্নাহ সোঽহমিতি ॥ ১২ ॥

প্রহ্লাদেন মূর্দ্ধ্নি বদ্ধাঞ্জলিনা নিরীক্ষ্যমাণং স্তম্ভং তাড়িতবান্ ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিকত্থমানস্যেতি তত্তদুক্তেরাত্ম শ্লাঘায়ামেব পর্য্যবসানাৎ ॥ ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিকত্থসে হরিভক্তত্বাদহমেব বিজিত ষড়মিত্রো নতু মমায়ং জনকঃ ইত্যাত্ম শ্লাঘাং করোষীত্যর্থঃ। বিপ্লবা অনন্বিতাঃ ॥ ১০ ॥

হে মন্দভাগ্যেতি যথা জগদৈশ্বর্য্যং মম তথৈব মৎপুত্রত্বাত্তবাপি তন্ন্যায়প্রাপ্তমিতি ত্বয়া ত্যক্তং ইতি ভাবঃ। যদ্যসাবস্তি তর্হি ক্বাস্তি প্রহ্লাদ আহ সর্ব্বত্রাস্তি হিরণ্যকশিপুরাহ স্তম্ভে কস্মাৎ নাস্তি প্রহ্লাদস্তু সপ্রণামং পশ্যন্নাহ দৃশ্যত ইতি ॥ ১১ ॥

হিরণ্যকশিপুস্তত্র তমপশ্যন্নাহ সোঽহমিতি ॥ ১২ ॥

অস্ফুটদিবেত্যর্থঃ। যং নিনদং। অপায়ং নাশং ॥ ১৩ ॥

এই সকল বাক্য শুনিয়া হিরণ্যকশিপু কহিল অরে মন্দবুদ্ধি! তুই অতিবাদ নিন্দা আরম্ভ করিলি, নিশ্চয় বোধ হইতেছে, তোর্ মরিতে ইচ্ছা হইয়াছে, কারণ মুমূর্ষু লোকদিগেরই বাক্য বিপ্লব হইয়া থাকে ॥ ১০ ॥

অরে মন্দভাগ্য! তুই যে বলিলি আমা ভিন্ন একজন জগতের ঈশ্বর আছেন। অরে দুর্ব্বুদ্ধি! যদি থাকেন, কোথায় আছেন, যদি বলিস্ সর্ব্বত্র আছেন, তবে এই স্তম্ভে নাই কেন? ইহাতে প্রহ্লাদ সেই স্তম্ভ নিরীক্ষণ করত প্রণাম করিয়া বলিলেন, ঐ যে দৃষ্ট হইতেছেন ॥ ১১ ॥

কিন্তু হিরণ্যকশিপু দেখিতে পাইল না অতএব সে অতিশয় ক্রুদ্ধ হইয়া বলিল, তুই বৃথা গর্ব্ব করিতেছিস্ এখনি তোর শরীর হইতে মস্তক হরণ করিতেছি, তোর অভীপ্সিত রক্ষক হরি অদ্য তোকে রক্ষা করুক ॥ ১২ ॥

প্রহ্লাদ মস্তকোপরি অঞ্জলি বন্ধন করিয়া সেই স্তম্ভের দিকেই নিরীক্ষণ করিতেছিলেন, দুরাত্মা হিরণ্যকশিপু ঐ প্রকার দুর্ব্বাক্য দ্বারা বারম্বার সেই মহাভাগবত তনয়কে তর্জ্জন করিয়া পরে খড়্গ গ্রহণ পূর্ব্বক আপনার সিংহাসন হইতে উৎপতিত হইল এবং প্রহ্লাদ যে স্তম্ভে নেত্রপাত করিয়াছিলেন অতি বলে তদুপরি মুষ্টি প্রহার করিল, হে রাজন্ যুধিষ্ঠির! মুষ্টি প্রহার করিবা মাত্র সেই স্তম্ভ হইতে এমত একটা ভয়ঙ্কর শব্দ নির্গত হইল যে ব্রহ্মাণ্ড কটাহ যেন স্ফুটিত হইয়া গেল। ব্রহ্মাদি দেবগণ

যং বৈ স্বধিষ্ণ্যোপগতং ত্বজাদয়ঃ শ্রুত্বা স্বধামাত্যয়মঙ্গ মেনিরে ॥ ১৩ ॥
স বিক্রমন্ পুত্রবধেপ্সুরোজসা নিশম্য নির্হ্রাদমপূর্ব্বমদ্ভুতং।
অন্তঃ সভায়াং ন দদর্শ তৎপদং বিতত্রসুর্যেন সুরারিযূথপাঃ ॥ ১৪ ॥
সত্যং বিধাতুং নিজভৃত্যভাষিতং ব্যাপ্তিঞ্চ ভূতেষ্বখিলেষু চাত্মনঃ।

শ্রীধরস্বামী।

তৎপদং তস্য ধ্বনেরাশ্রয়ং ॥ ১৪ ॥

ভগবাং স্তদা অদৃশ্যস্ত দৃশ্যো বভূব কিমর্থং নিজভৃত্যেন প্রহ্লাদেন যত্ভাষিতং দৃশ্যস্ত ইতি তৎসত্যং বিধাতুং কর্ত্তুং তথা অখিলেষু ভূতেষু আত্মনো ব্যাপ্তিঞ্চ সত্যাং কর্ত্তুং স্তম্ভে অদৃশ্যত তৎকিমর্থং ভৌতিকেষু চ তাবেষু ভূতেষথ মহৎসুচ ভগবানাস্ত ইতি তেনৈব ভৃত্যেন ভাষিতং সত্যং কর্ত্তুং তথা অত্যদ্ভুতং দৈত্যঘাতকং অতিঘোরং রূপং উদ্বহন্ দধৎ তং কিমর্থং নিজভৃত্যোঃ সনকাদিভিঃ শাপানন্তরমদ্ভুতৈস্ত্রিভির্জন্মভিঃ শাপমোক্ষো ভবিষ্যতি যদুক্তং তৎ সত্যং কর্ত্তুং তথা অত্যদ্ভুতং ব্রহ্ম সৃষ্টাবদৃষ্টমশ্রুতঞ্চ রূপমুদ্বহন্ তচ্চ ন মৃগাকারং ন মনুষ্যাকারমুদ্বহন্ সভায়াং মধ্যেঽদৃশ্যত তৎকিমর্থং নিজভৃত্যেন হিরণ্যকশিপুনা ব্রহ্মাণং প্রতি যদ্ভাষিতং ভূতেভ্যোত্বদ্বিসৃষ্টেভ্যো মৃত্যুর্মাভূন্মম প্রভো ইতি তথা নান্ত র্বহিরিতি ন নরৈ র্মৃগৈরিতিচ ব্রহ্মণাচ নিজ ভৃত্যেন তথাস্থিতি যদ্ভাষিতং তৎসর্ব্বং সত্যং কর্ত্তুং নহি তদ্ব্রহ্ম সৃষ্টং ভূতং নচ নরো বা মৃগো বা নচ সভাগৃহস্যান্তঃ নচ প্রাঙ্গণ বহিঃ এবং ভাভ্যাং ভাষিতং সত্যং কর্ত্তুং যচ্চ হিরণ্যকশিপুনা ভাষিতং নূনমেতদ্বিরোধেন মৃত্যুর্মে ভবিতেতি তথা অয়মকুতশ্চিদ্ভয়োঽমর ইতি যচ্চ নারদেন নিজ ভৃত্যেন ইন্দ্রং প্রতিভাষিতং অয়ং মহাত্মসংস্থাং প্রাপ্স্যতি অনন্তানুচর ইত্যনেন স্বস্য ভক্ত পক্ষপাতিত্বঞ্চ যদ্ভাষিতং তচ্চ সত্যং কর্ত্তুমদৃশ্যত। চকারান্নিজভাষিতঞ্চ যৎ কৌন্তেয় প্রতি জানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি ইতি তথা তেষামহং সমুদ্ধর্ত্তা।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্য ধ্বনেঃ পদমাশ্রয়ং ॥ ১৪ ॥

নিজভৃত্যস্য প্রহ্লাদস্য ভাষিতং দৃশ্যস্ত ইতি বচনং সত্যং বিধাতুং সত্যমেব তল্লোকেপি সত্যত্বেন প্রকটী কর্ত্তুমিত্যর্থঃ। তথৈবাখিলেষু আত্মনো নৃসিংহাদ্যাকারস্য ব্যাপ্তিঞ্চ সত্যাং কর্ত্তুং স্তম্ভে অদৃশ্যত দৃষ্টোবভূব। কীদৃশঃ নমৃগং নমৃগসম্বন্ধি নাপি মানুষং রূপং সভায়ামুদ্বহন্ অত্রাপি হেতুঃ সত্যমিতি। নিজভৃত্যস্য হিরণ্যকশিপো র্ভাষিতং ভূতেভ্যোত্বদ্বিসৃষ্টেভ্যো মৃত্যুর্মাভূন্মম প্রভো ইতি। তথা নান্তর্বহিরিতি ন নরৈর্মৃগৈরিতি প্রার্থিতং সত্যং কর্ত্তুং যতো ন হি তদ্ব্রহ্ম সৃষ্টং ভূতং নচ নরোবা মৃগোবা নচ সভাগৃহস্যান্তঃ নাপি প্রাঙ্গণবহিরিতি। এবঞ্চ কেচিৎ নিজস্য ভৃত্যানাং নারদাদীনামপি ভাষিতং সত্যং বিধাতুমপি ব্যাচক্ষতে। তথাহি কৌন্তেয় প্রতি জানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতীতি নিজোক্তং। অয়ং মহান্ সংস্থাং ন প্রাপ্স্যতীতীন্দ্রং প্রতি নারদোক্তং। নূনমেতদ্বিরোধেন মৃত্যুর্মে ভবিতেতি হিরণ্যকশিপূক্তেঃ হিরণ্যকশিপুনা নীয়মানে বরে তথাস্থিতি ব্রহ্মোক্তেশ্চ ॥ ১৫ ॥

স্ব স্ব ধামে বসিয়া ঐ অদ্ভুত ধ্বনি শুনিতে পাইলেন, তৎশ্রবণে তাঁহাদের [illegible] হইল বুঝি আমাদের স্থান বিনষ্ট হইয়া গেল ॥ ১৩ ॥

হিরণ্যকশিপু পুত্র বধ সংকল্প করিয়া বল ও বিক্রম প্রকাশ করিতেছিল, অভূতপূর্ব্ব ঐ ধ্বনি শ্রবণ করিয়া সভার প্রতি নেত্রপাত করিল, কিন্তু ধ্বনিতে দেবশক্র দানব যূথপতি সকল ভীত হইল তাহার আশ্রয় কি, প্রথমতঃ সভার মধ্যে সে তাহা দেখিতে পাইল না ॥ ১৪ ॥

অনন্তর ভগবান্ আপনার ভৃত্য প্রহ্লাদ "দেখা যাইতেছে" এই যাহা বলিলেন তাহা এবং আপনি যে সমস্ত পদার্থে ব্যাপিয়া আছেন তাহাও সত্য করিবার নিমিত্ত দৈত্যঘাতক ঘোর রূপ ধারণ পূর্ব্বক

অদৃশ্যতাত্যদ্ভুতরূপমুদ্বহন্ স্তম্ভে সভায়াং ন মৃগং ন মানুষং ।
স সত্ত্বমেবং পরিতো বিপশ্যন্ স্তম্ভস্য মধ্যাদনুনির্জ্জিহানং ।
নায়ং মৃগো নাপি নরো বিচিত্রমহো কিমেতন্নৃমৃগেন্দ্ররূপং ॥ ১৬ ॥
মীমাংসমানস্য সমুত্থিতোঽগ্রতো নৃসিংহরূপং তদলং ভয়ানকং ॥ ১৭ ॥
প্রতপ্ত চামীকরচণ্ডলোচনং স্ফুরৎ সটাকেশরজৃম্ভিতাননং ।
করালদংষ্ট্রং করবাল চঞ্চল ক্ষুরান্ত জিহ্বং ভ্রূকুটী মুখোল্বণং ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী ।

মৃত্যুসংসার সাগরাদিত্যাদি তচ্চ সত্যং কর্ত্তুং অদৃশ্যতেতি দ্রষ্টব্যং অলমতিবিস্তরেণ ॥ ১৫ ॥

স দৈত্য এবং ধ্বনিং শ্রুত্বা তদাশ্রয়ং সত্ত্বং প্রাণিবিশেষং সর্ব্বতো বিলোকয়ন্ স্তম্ভস্য মধ্যাৎ নির্গচ্ছৎ নৃমৃগেন্দ্রয়োর্মিশ্রং রূপং অহো কিমেতদিতি মীমাংসিতবানিতি শেষঃ ॥ ১৬ ॥

তস্যৈবমলং ভয়ানকং তৎ নৃসিংহরূপং মীমাংসমানস্যাগ্রতঃ স নৃসিংহরূপো হরিঃ সমুত্থিতঃ ॥ ১৭ ॥

ভয়ানকত্বমেব দর্শয়ন্ তদ্রূপমনুবর্ণয়তি ত্রিভিঃ প্রতপ্তং চামীকরং সুবর্ণমিব পিশঙ্গানি চণ্ডানি লোচনানি যস্মিন্ সটা জটাঃ কেশরাঃ কণ্ঠলোমানি স্ফুরন্তিঃ সটাকেশরৈর্জৃম্ভিতং সাটোপমাননং যস্মিন্ । করালা ভয়ঙ্করা দংষ্ট্রা যস্মিন্ । করবালঃ খড়্গ স্তদ্বচ্চঞ্চলা ক্ষুরান্ত বত্তীক্ষ্ণাচ জিহ্বা যস্মিন্ । ভ্রুকুটী যুক্তেন মুখেন উল্বণং ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ ।

মীমাংসেতি সার্দ্ধত্রিকং তত্র মীমাংসেত্যর্দ্ধকং ॥ ১৭ । ১৮ । ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

স দৈত্যঃ এবম্ভূতং প্রাণিবিশেষং স্তম্ভমধ্যান্নির্গচ্ছন্তং পরিত স্তম্ভস্য চতুর্দ্দিক্ষু বিপশ্যন্ কিমেতদিতি মীমাংসিতবানিতি শেষঃ ॥ ১৬

তদলমতিশয়েন ভয়ানকং নৃমৃগেন্দ্র রূপং মীমাংসমানস্য তস্যাগ্রত এব নৃসিংহরূপঃ সমুত্থিত ইত্যন্বয়ঃ ॥ ১৭ ॥

ভয়ানকত্বং বিবৃণ্বন্ রূপং বিশিনষ্টি ত্রিভিঃ । প্রতপ্তেতি চামীকরং সুবর্ণং । সটাঃ জটা কেশরাঃ কণ্ঠরোমাণি করবালঃ খড়্গঃ । ভ্রুকুটী যুক্তেন মুখেন উল্বণং ॥ ১৮ ॥

সভার মধ্যে সেই স্তম্ভেতেই দৃষ্ট হইলেন, তাঁহার ঐরূপ মৃগাকারও নয়, সিংহাকারও নয়, সুতরাং অতিশয় অদ্ভুত ॥ ১৫ ॥

হিরণ্যকশিপু প্রথমতঃ ঐ নৃসিংহ মূর্ত্তি দেখিতে পায় নাই, ঐ ধ্বনি শ্রবণ করিয়া এ ধ্বনির আশ্রয় কোন্ প্রাণী এই বলিয়া চারিদিকে দৃষ্টিপাত পূর্ব্বক অবলোকন করিতে লাগিলেন তাহাতে স্তম্ভের মধ্য হইতে নির্গমন শীল মিশ্রিত নরসিংহরূপ দেখিয়া আশ্চর্য্য প্রকাশ করিতে করিতে কহিল, অহো এ কি চমৎকার ! এ মৃগও নহে, মনুষ্যও নহে, কোন্ প্রাণী ? পরে আপনা আপনিই মীমাংসা করিল ইহা নৃমৃগেন্দ্র রূপ ( নৃসিংহরূপ ) ॥ ১৬ ॥

হিরণ্যকশিপু এ প্রকারে সেই ভয়ানক নৃসিংহ রূপের মীমাংসা করিতেছে এমত সময়ে তাহার অগ্রে নৃসিংহরূপী হরি সমুত্থিত হইলেন ॥ ১৭ ॥

তাঁহার লোচন প্রতপ্ত স্বর্ণের ন্যায় পিঙ্গল বর্ণ, বদন দেদীপ্যমান, জটা ও কণ্ঠলোমে অতিশয় বিজৃম্ভিত আর করাল দন্ত ও করবাল তুল্য চঞ্চল তথা ক্ষুরধার সদৃশ তীক্ষ্ণ জিহ্বা দৃষ্ট হইতেছিল, অপর মুখ ভ্রূকুটীযুক্ত হইয়া রহিয়াছিল, সুতরাং ঐ রূপ ঘোরতর উল্বণ বোধ হইল ॥ ১৮ ॥

স্তব্ধোর্দ্ধকর্ণং গিরিকন্দরাদ্ভুতব্যাত্তাস্যনাসং হনুভেদভীষণং।
দিবিস্পৃশৎ কায়মদীর্ঘপীবরগ্রীবোরুবক্ষঃস্থলমল্পমধ্যমং ॥ ১৯ ॥
চন্দ্রাংশুগৌরৈশ্ছুরিতং তনূরুহৈ র্বিষ্বগ্ ভুজানীকশতং নখায়ুধং।
দুরাসদং সর্ব্বনিজেতরায়ুধপ্রবেকবিদ্রাবিত দৈত্যদানবং ॥ ২০ ॥
প্রায়েণ মে হয়ং হরিণোরুমায়িনা বধঃ স্মৃতোহনেন সমুদ্যতেন কিং।

শ্রীধরস্বামী।

স্তব্ধৌ উন্নতৌ শঙ্কুবৎ উর্দ্ধৌ কর্ণৌ যস্মিন্। গিরিকন্দরবৎ অদ্ভুতং ব্যাত্তং প্রসৃতমাস্যং নাসেচ যস্মিন্। হনূ কপোল প্রান্তৌ তয়োর্ভেদেন বিদারণেন ভীষণং। দিবিস্পৃশন্ কায়ো যস্মিন্ অলুক্ সমাসঃ। অদীর্ঘা হ্রস্বা পীবরাচ স্থূলা গ্রীবা যস্মিন্। উরু বিশালং বক্ষঃস্থলং যস্মিন্ তচ্চ তচ্চ অল্পং মধ্যমং উদরং যস্মিন্ ॥ ১৯ ॥

চন্দ্রাংশুবদ্গৌরৈ স্তনূরুহৈ র্লোমভি শ্ছুরিতং ব্যাপ্তং বিষ্বক্ সর্ব্বতঃ প্রসৃতা ভুজাস্তেষামনীকানি স্তোমাস্তেষাং শতানি যস্মিন্। নখান্যেবায়ুধানি যস্মিন্ দুরাসদং প্রাপ্তুমশক্যং। সর্ব্বাণিচ নিজানি চক্রাদীনি ইতরাণি বজ্রাদীনি তএবায়ুধপ্রবেকাঃ শস্ত্রোত্তমা স্তৈর্ব্বিদ্রাবিতা দৈত্যা দানবাশ্চ যেন তদ্রূপং মীমাংসমানস্যাগ্রতঃ সমুত্থিত ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ২০ ॥

তদাবির্ভাব প্রয়োজন বিমর্শ পূর্ব্বকং তেন সহ দৈত্যস্য যুদ্ধমাহ সপ্তভিঃ। প্রায়েণ মহামায়াবিনা হরিণা মেহয়মেবস্ভূতো

ক্রমসন্দর্ভঃ।

চন্দ্রেতি। ভুজাএবানীকানি সেনাঃ ॥২০।২১।২২।২৩।২৪।২৫।২৬।২৭।২৮।২৯।৩০।৩১।৩২।৩৩।৩৪।৩৫।৩৬।৩৭।৩৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

হনূ কপোল প্রান্তৌ তয়ো র্ভেদেন বিদারণেন ভীষণং অদীর্ঘা পীবরাচ গ্রীবা যস্মিন্ উরু বিশালং বক্ষঃস্থলং যস্মিন্ তৎ। অল্প মধ্যং ক্ষীণমধ্যদেশং ॥ ১৯ ॥

চন্দ্রাংশুবদ্গৌরৈঃ শ্বেতৈঃ বিষ্বক্ সর্ব্বদিক্ষু স্থিতানাং ভুজানীকানাং শতানি যস্মিং স্তৎ। নখান্যায়ুধ তুল্যানি যস্মিং স্তৎ। সর্ব্বাণি নিজানি চক্রাদীনি ইতরাণি বজ্রাদীনি। তান্যেবায়ুধ প্রবেকাঃ শস্ত্রোত্তমাস্তৈর্ব্বিদ্রাবিতা দৈত্যদানবা যত্র তৎ ॥ ২০ ॥

তদদ্ভুতং দৃষ্ট্বা তস্য মানসং বাচিকঞ্চ ব্যবহারমাহ প্রায়েণেতি। বধঃ স্মৃত ইতি প্রাক্ চিকীর্ষিত এবাসীৎ। সংপ্রতি সংস্মৃতিবিষয়ী কৃত ইত্যর্থঃ। তদপ্যনেন হরিণা সমুদ্যতেন তদর্থং কৃতোদ্যমেনাপি কিং ন কিঞ্চিদপীত্যর্থঃ। মদ্বলজ্ঞানেন

অপিচ কর্ণদ্বয় উন্নত ও শঙ্কুর ন্যায় উর্দ্ধ এবং মুখ ও নাসিকা গিরি গহ্বর তুল্য অদ্ভুত রূপে বিস্তীর্ণ হইয়া রহিয়াছিল। আর কপোলের দুই প্রান্তভাগ বিদীর্ণ হওয়াতে অতিশয় ভীষণ হইয়াছিল। অধিকন্তু তাঁহার শরীর স্বর্গ স্পর্শী, গ্রীবা অদীর্ঘ অথচ স্থূল, বক্ষঃস্থল, বিশাল, কিন্তু উদর অত্যল্প, অর্থাৎ অতিশয় কৃশ ॥ ১৯ ॥

অপর, ঐ শরীরের সকল অংশে চন্দ্র কিরণ সদৃশ গৌরবর্ণ লোম ব্যাপ্ত হইয়া রহিয়াছিল, আর শত শত ভুজস্তোম, সকল দিকে প্রসারিত হইয়া রহিয়াছিল। ঐ দেহে নখ সকলই শস্ত্র, অতএব তাহা অতিশয় দুর্গম্য। তাঁহার স্বীয় যে সকল চক্রাদি অস্ত্র এবং তদ্ভিন্ন যে সকল বজ্রাদি আয়ুধ যাহা সর্ব্বাপেক্ষা উত্তম শস্ত্র, তদ্দ্বারা তিনি দৈত্য ও দানবদিগকে বিদ্রাবিত করিতেছিলেন ॥ ২০ ॥

হিরণ্যকশিপু ঐরূপ অবলোকন করিয়া তাঁহার আবির্ভাব প্রয়োজন বিচার করত কহিতে লাগিল, যদিও স্পষ্টই বোধ হইতেছে ভূরি মায়াধারী ভগবান্ হরি এই প্রকারই আমার মৃত্যুর হেতু চিন্তা করিয়া রাখিয়াছেন তথাপি ইহার উদ্যমে কি হইতে পারে? ঐ দৈত্যকুলের এই কথা বলিয়া গদা

এবং ব্রুবংস্ত্বভ্যপতদ্গদায়ুধো নদন্নৃসিংহং প্রতি দৈত্যকুঞ্জরঃ ॥ ২১ ॥
অলক্ষিতোঽগ্নৌ পতিতঃ পতঙ্গমো যথা নৃসিংহৌজসি সোঽসুরস্তদা।
নতদ্বিচিত্রং খলু সত্ত্বধামনি স্বতেজসা যোঽনুপুরাপিবত্তমঃ ॥ ২২ ॥
ততোঽভিপদ্যাভ্যহনন্মহাসুরো রুষা নৃসিংহং গদয়োরুবেগয়া।
তং বিক্রমন্তং সগদং গদাধরো মহোরগং তার্ক্ষ্যসুতো যথাগ্রহীৎ ॥ ২৩ ॥
স তস্য হস্তোৎকলিতস্তদাসুরো বিক্রীড়তো যদ্বদহির্গরুত্মতঃ।
অসাধ্বমন্যন্ত হৃতৌকসোঽমরা ঘনচ্ছদা ভারত সর্ব্বধিষ্ণ্যপাঃ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

বধো মৃত্যুহেতুঃ স্বতশ্চিন্তিতঃ তপোদানেন সমুদাত্তেন কিং নকিঞ্চিদপি স্যাদিত্যেবং ব্রুবন্ অভ্যপতদিত্যন্বয়ঃ ॥ ২১ ॥

তদা সোঽসুরো নৃসিংহস্যৌজসি দীপ্তৌ পতিতঃ সন্ অলক্ষিতোঽদৃষ্টোঽভূৎ। সত্ত্বধাম্নি সত্ত্বপ্রকাশে হরৌ পতিতস্য তমোময়স্য অদর্শনং তদ্বিচিত্রং নভবতি। তত্র হেতুঃ যো হরিঃ পুরা সৃষ্ট্যাদৌ প্রলয়কালীনং তমঃ স্ব অহো অপিবৎ তস্মিন্ ॥ ২২ ॥

বিক্রমন্তং ততস্ততঃ প্রহরন্তং ॥ ২৩ ॥

হস্তাদুৎকলিতঃ নিঃসৃতঃ তদা অমরা দেবাঃ সর্ব্বে ধিষ্ণ্যপা অসাধ্বমন্যন্ত হৃতানি ওকাংসি স্থানানি যেষাং তে তস্মিন্ ঘনচ্ছদা মেঘান্তরিতাঃ সন্তঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তুম্পারস্থাদিতি ভাবঃ ॥ ২১ ॥

স নৃসিংহস্যৌজসি দীপ্তৌ পতিতঃ সন্নলক্ষিতোঽদৃষ্টোঽভূৎ। সত্ত্বধামনি শুদ্ধ সত্ত্ব প্রকাশে হরৌ তৎ তস্য তমোময়স্যাদর্শনং ন বিচিত্রং। যতঃ পুরা সৃষ্ট্যাদৌ প্রলয়কালীনং তমোঽপিবৎ মহত্তত্ত্বমধিষ্ঠায়ৈব নাশয়ামাস। সংপ্রতি সাক্ষাৎ স্বরূপ ভূতস্যৈব কিমুতেতি ভাবঃ ॥ ২২ ॥

ততস্তস্মাৎ পৃথগ্ভূয় অভিপদ্য অভিমুখমাগত্য ॥ ২৩ ॥

হস্তাদুৎ কলিতঃ নিঃসৃতঃ। ঘনচ্ছদা মদ্বধমেতে বিধাস্যন্তি ইতি দৈত্যকোপভয়ান্মেঘান্তরিতাঃ। হৃতৌকসোঽসাধ্ব মন্যন্তেতি ওকাংস্যপহৃত্যদানেন সংপ্রতি যদ্যয়ং জীবিষ্যতি তদস্মাকমবশিষ্টান্ প্রাণানপি হরিষ্যতীতি ভাবঃ ॥ ২৪ ॥

ধারণ পুরঃসর সিংহনাদ করিতে করিতে সেই নৃসিংহের প্রতি উৎপতিত হইল ॥ ২১ ॥

কিন্তু পতঙ্গ যেমন অগ্নিতে পতিত হয় তাহার ন্যায়, সেই অসুর নৃসিংহের তেজোমধ্যে পতিত হইবা মাত্র অদৃষ্ট হইল। অহে যুধিষ্ঠির! যিনি সৃষ্টির প্রথমে স্বীয় তেজঃ দ্বারা প্রলয় কালীন অন্ধকার পান করিয়াছিলেন, সত্ত্বপ্রকাশ সেই হরিতে পতিত তমোময় অসুরের অদর্শন হওয়া বিচিত্র নহে ॥ ২২ ॥

পরন্তু তৎপরে সে ক্রোধ পূর্ব্বক নৃসিংহের উপর পড়িয়া গুরুবেগান্বিত গদা গ্রহণ পূর্ব্বক আঘাত আরম্ভ করিল। তদ্দর্শনে গরুড় যেমন মহাসর্প ধারণ করে তাহার ন্যায় ভগবান্ গদাধর গদার সহিত ইতস্ততঃ প্রহারকারি সেই দানবকে ধৃত করিলেন ॥ ২৩ ॥

হে ভারত! হিরণ্যকশিপু একবার কৌশল করিয়া তাঁহার হস্ত হইতে নিঃসৃত হইল এবং সর্প যেমন গরুড়ের করতল হইতে নির্গত হইয়া গর্জন করে তাহার ন্যায় বিক্রম প্রকাশ করিতে লাগিল। অমরগণ একে স্থান ভ্রষ্ট হইয়াছিলেন, আবার দৈত্যকে ঐরূপে বিক্রম করিতে দেখিয়া ভয়ে ব্যাকুল হইলেন এবং মেঘের অন্তরালে লুকায়িত হইয়া সকল লোককেই অসাধু বলিয়া নিন্দা করিতে লাগিলেন ॥ ২৪ ॥

তং মন্যমানো নিজবীর্য্যশঙ্কিতং যদ্ধস্তমুক্তো নৃহরিং মহাসুরঃ।
পুনস্তমাসজ্জত খড়্গ চর্ম্মণী প্রগৃহ্য বেগেন গতশ্রমো মৃধে ॥ ২৫ ॥
তং শ্যেনবেগং শতচন্দ্রবর্ত্মভিশ্চরন্তমচ্ছিদ্রমুপর্য্যধো হরিঃ।
কৃত্বাট্টহাসং খরমুৎস্বনোল্বণং নিমীলিতাক্ষং জগৃহে মহাজবঃ ॥ ২৬ ॥
বিষ্বক্ স্ফুরন্তং গ্রহণাতুরং হরির্ব্যালোযথাখুং কুলিশাক্ষতত্বচং।
দ্বার্য্যূরুমাপত্য দদার লীলয়া নখৈর্যথাহিং গরুড়ো মহাবিষং ॥ ২৭ ॥
সংরম্ভ দুষ্প্রেক্ষ্য করাললোচনো ব্যাত্তাননান্তং বিলিহন্ স্বজিহ্বয়া।

শ্রীধরস্বামী।

যস্য হস্তাৎ স্বয়ং মুক্তস্তং নৃসিংহং স্ববীর্য্যাচ্ছঙ্কিতং মন্যমানং খড়্গ চর্ম্মণী প্রগৃহ্য পুনস্তমাসজ্জত অভ্যপদ্যতেত্যন্বয়ঃ ॥ ২৫ ॥
শ্যেনস্যেব বেগোযস্য তং শতচন্দ্র বর্ত্মভিঃ খড়্গ চর্ম্মমার্গৈ রচ্ছিদ্রং যথা ভবত্যেবং উপর্য্যধশ্চরন্তং অট্টহাসমেবাহ খরং তীব্রং উৎস্বনেন মহাশব্দেন উল্বণং ভয়ঙ্করং তদ্ভয়েন হরে স্তেজসাচ নিমীলিতে অক্ষিণী যস্য ॥ ২৬ ॥
গ্রহণে দৃষ্টান্তঃ ব্যালো যথা আখুং মূষিকং। বিদারণে দৃষ্টান্তঃ অহিং গরুড় ইব ইতি। বিষ্বক্ সর্ব্বতঃ স্ফুরন্তং নিঃসরন্তং গ্রহণেনাতুরং বিবশং ইন্দ্রেণ সহ যুদ্ধে তৎপ্রযুক্তেন কুলিশেন ন ক্ষতা ত্বগপি যস্য দ্বারি সভায়াং নান্তর্নবহিঃ উরুং উরৌ নিপাত্য নভূমৌ নচাম্বরে নখৈ র্নতু ব্যস্তুভিরস্ত্রমন্ত্রৈর্ব্বা এবং দিবানক্তং পরিহারায় সন্ধ্যায়ামিতি দ্রষ্টব্যং ॥ ২৭ ॥
দৈত্যবধমুক্ত্বা তত্কৃত্য বধমাহ দ্বাভ্যাং। সংরম্ভেণ দুষ্প্রেক্ষ্যাণি করালানি লোচনানি যস্য। অসৃগ্ভোরক্তস্য লবৈর্ব্বিন্দুভি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিজবীর্য্যাচ্ছঙ্কিতং মন্যমানঃ। যদযস্মাৎ হস্তান্মুক্তঃ ॥ ২৫ ॥
শতচন্দ্র বর্ত্মভিঃ খড়্গ চর্ম্মমার্গৈঃ অট্টহাস শব্দোত্থভয়েন নিমীলিতে অক্ষিণী যেন তং ॥ ২৬ ॥
ব্যালো যথা মূষিকমিতি গ্রহণে দৃষ্টান্তঃ। গরুড়ো যথাহিমিতি বিদারণে। কুলিশেনাক্ষতা ত্বগপি যস্য তং। লীলয়াহ-বহেলয়ৈব দদার দ্বারি সভায়াং নান্তর্নবহিঃ উরুং উরৌ নিপাত্য নভূমৌ নাম্বরে। নখৈর্নব্যস্তুভি রস্ত্রমন্ত্রৈর্ব্বা। এবং দিবানক্তং পরিহায় সন্ধ্যায়ামিতি জ্ঞেয়ং ॥ ২৭ ॥
অসৃগ্ভো রক্তস্য লবৈর্ব্বিন্দুভিরাক্তাঃ সিক্তাঃ। অতএবারুণাঃ কেশরা আননঞ্চ যস্য। অন্ত্রমালী মালারূপেণান্ত্রং দধান

হে রাজন্! হিরণ্যকশিপু যাঁহার হস্ত হইতে মুক্ত হইল পরে তাঁহাকেই আপনার বীর্য্যে শঙ্কিত জ্ঞান করিল। অতএব যুদ্ধক্ষেত্রে ক্ষণকাল বিশ্রাম করিয়া খড়্গ চর্ম্ম ধারণ পূর্ব্বক বেগে তাঁহার উপর পুনরায় উৎপতিত হইল ॥ ২৫ ॥

সে শ্যেনের তুল্য বেগবান্ হইয়া খড়্গ চর্ম্মের মার্গদ্বারা নিশ্ছিদ্র রূপে উপরে ও অধোভাগে সঞ্চরণ শীল হইলে নৃসিংহ রূপী ভগবান্ হরি তীক্ষ্ণ ও মহাশব্দে ভয়ঙ্কর অট্টহাস্য করিয়া বেগে তাহাকে গ্রহণ করিলেন। সেই হাস্য জন্য ভয়ে এবং ভগবান্ হরির প্রভাবে ঐ অসুরের নয়ন দ্বয় নিমীলিত হইতে লাগিল ॥ ২৬ ॥

হে রাজন্ যুধিষ্ঠির! সর্প যেমন মূষিককে গ্রহণ করে তাহার ন্যায়, সে নিঃসৃত হইবার নিমিত্ত সর্ব্বতোভাবে যত্ন করিল, কিন্তু গ্রহণ মাত্রেই বিবশ হইয়া পড়িল, কারণ ইতি পূর্ব্বে ইন্দ্রের সহিত যুদ্ধ হওয়াতে বজ্রাঘাতে তাহার গাত্রের ত্বক্ ক্ষত বিক্ষত হইয়াছিল। সে যাহা হউক, ভগবান্ নৃসিংহ তাহাকে ধরিয়া সভামধ্যে আপনার উরুর উপরে নিপাতিত করত অবলীলা ক্রমে, গরুড় যেমন মহাবিষ বিষধরকে বিদারণ করে, তাহার ন্যায়, নখর দ্বারা বিদীর্ণ করিলেন ॥ ২৭ ॥

হে রাজন্! সেই নৃসিংহের করাল লোচন ক্রোধে দুষ্প্রেক্ষ্য হইয়াছিল এবং তিনি স্বীয় জিহ্বা

অসৃগ্‌লবাক্তারুণকেশরাননো যথান্ত্রমালী দ্বিপহত্যয়া হরিঃ ॥ ২৮ ॥
নখাঙ্কুরোৎপাটিত হৃৎসরোরুহং বিসৃজ্য তস্যানুচরানুদায়ুধান্।
অহন্ সমস্তান্নখশস্ত্রপাণিভি র্দোর্দণ্ডযূথোঽনুপথান্ সহস্রশঃ ॥ ২৯ ॥
সটাবধূতা জলদাঃ পরাপতন্ গ্রহাশ্চ তদ্দৃষ্টিবিমুষ্টরোচিষঃ।
অম্ভোধয়ঃ শ্বাসহতা বিচুক্ষুভু র্নির্হ্রাদ ভীতা দিগিভা বিচুক্রুশুঃ ॥ ৩০ ॥
দ্যোস্তৎসটোৎক্ষিপ্তবিমানসঙ্কুলা প্রোৎসর্পত ক্ষ্মাচ পদাভিপীড়িতা।

শ্রীধরস্বামী।

রাক্তাঃ সিক্তাঃ অতএবারুণাঃ কেশরা আননঞ্চ যস্য সঃ ক ইব দ্বিপহত্যয়া গজবধেন হরিঃ সিংহো যথা এবং কৃতস্তস্যানুচরান্ অহন্নিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২৮ ॥

নখাঙ্কুরৈঃ রুৎপাটিতং হৃৎসরোরুহং যস্ত তং। দোর্দ্দণ্ডানাং যূথানি যস্ত সঃ তমনুপথা যেষাং তান্ অন্যানপি তৎপক্ষপাতিন ইত্যর্থঃ ॥ ২৯ ॥

দৈত্যবধ ব্যগ্রস্ত নৃহরে রাটোপমাহ ষাভ্যাং। সটাভিরবধূতাঃ প্রকম্পিতাঃ পরাপতন্ ব্যশীর্য্যন্ত তস্ত দৃষ্ট্যা বিমুষ্টং রোচি র্যেষাং তে তিরস্কৃত প্রভা অম্ভবন্নিতি শেষঃ। দিগিভা দিগ্‌গজাঃ ॥ ৩০ ॥

তস্ত সটাভিরুৎক্ষিপ্তানি বিমানানি তৈঃ সঙ্কুলা ব্যাপ্তা সতী প্রোৎসর্পত স্বস্থানাৎ প্রকর্ষেণ উদসর্পত ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইত্যর্থঃ।. দ্বিপহত্যয়া হস্তিবধেনান্বিতো হরিঃ সিংহ ইব। নখাঙ্কুরৈরুৎপাটিতং হৃৎ সরোরুহং যস্তেতি যত্রাহমেব প্রতিক্ষণং সুখমবসং তত্র সংপ্রত্যয়ং মন্দভাগ্যঃ ক্রোধমৎসরাদিকং তামসং কথং বাসয়তি মেতি ত্রষ্টুমিবেত্যুৎপ্রেক্ষা সরোরুহ রূপকেণ ব্যজ্যতে। অতএবাঙ্কুর রূপকং সরোরুহ তদ্ভাভাবায়ৈব বুদ্ধ্যতে। দোর্দ্দণ্ডানাং যূথানি যস্ত সঃ। অনুপথান্ অনুবর্ত্তিনঃ ॥২৮।২৯

তৎ প্রতাপানাহ সটেত্যাদি ॥ ৩০ ॥

সটাভিরূর্দ্ধং ক্ষিপ্তৈশ্চালিতৈর্ব্বিমানৈঃ সঙ্কুলা ব্যাপ্তা ক্ষ্মাচ প্রোৎসর্পত অভ্যাগমাভাবতভাবাযৌ তির্য্যগূর্দ্ধাধো ভাবেনা ভিষ্ঠৎ ॥ ৩১ ॥

দ্বারা আপনার বিস্তারিত বদনের প্রান্তভাগ পুনঃ পুনঃ অবলেহন করিতেছিলেন। হস্তি হত্যা করিয়া সিংহ যদ্রূপ শোণিতাক্ত হয় তাহার ন্যায়, রক্তবিন্দু দ্বারা তাঁহার কেশর ও আনন সিক্ত হইয়া অরুণ বর্ণ হইল এবং অন্ত্রের মালা গলদেশে দুলিতে লাগিল ॥ ২৮ ॥

সে যাহা হউক, সেই নৃসিংহ স্বীয় নখাঙ্কুর দ্বারা দৈত্যপতির হৃৎপদ্ম উৎপাটন করিয়া পরে তাহার যে সকল অনুচর শস্ত্রধারী হইয়া যুদ্ধার্থ উদ্যত হইতেছিল, তাহাদিগকে এবং তাহাদের পক্ষপাতি অন্যান্য সহস্র সহস্র অসুরকে নখরাঘাতে নিহত করিলেন। হে ভারত! তৎকালে ভগবান্ বহু বহু বাহুদণ্ড বাহির করিয়াছিলেন এবং সমস্ত হস্তেই নখরূপ প্রখর অস্ত্র দেদীপ্যমান ছিল॥২৯

হে রাজন্! নৃসিংহ দৈত্য বধার্থ ব্যগ্র হইয়া ভয়ঙ্কর আড়ম্বর করিয়াছিলেন, মেঘ সকল তাঁহার সটা (জটা) স্পর্শে প্রকম্পিত হইয়া বিশীর্ণ, গ্রহগণের জ্যোতিঃ তাঁহার দৃষ্টি দ্বারা তিরস্কৃত এবং সাগর সকল নিশ্বাস পবনে আহত হইয়া ক্ষুভিত হইয়াছিল। আর দিগ্‌হস্তি সকল নির্হ্রাদ শব্দে ভীত হইয়া কাতর ধ্বনি করিতেছিল ॥ ৩০ ॥

অপর তাঁহার জটা দ্বারা বিমান সকল এরূপে উৎক্ষিপ্ত হইতেছিল যে স্বর্গপুরী যেন বিমান সঙ্কুলা হইয়া স্বস্থান হইতে ঊর্দ্ধে যাইতেছিল। আর পৃথ্বী যেন তাঁহার পদাঘাতে পীড়িত হইয়া

শৈলাঃ সমুৎপেতুরমুষ্যরংহসা তত্তেজসা খং ককু---ন রেজিরে ॥ ৩১ ॥
ততঃ সভায়ামুপবিষ্টমুত্তমে নৃপাসনে সংভৃততেজসং বিভুং।
অলক্ষিত দ্বৈরথমত্যমর্ষণং প্রচণ্ডবক্ত্রং ন বভাজ কশ্চন ॥ ৩২ ॥
নিশম্য লোকত্রয়মস্তকজ্বরং তমাদিদৈত্যং হরিণা হতং মৃধে।
প্রহর্ষবেগোৎকলিতাননামুহুঃ প্রসূনবর্ষৈ র্ববৃষুঃ সুরস্ত্রিয়ঃ ॥ ৩৩ ॥
তদা বিমানাবলিভি র্নভস্তলং দিদৃক্ষতাং সংকুলমাস নাকিনাং।
সুরানকাদুন্দুভয়ো হথজঘ্নিরে গন্ধর্ব্বমুখ্যা ননৃতুর্জগুঃ স্ত্রিয়ঃ।

শ্রীধরস্বামী।

স্বভৃত্যৈশ্বর্য্যমাশ্চর্য্যমিব মত্বা কৌতূহলেন তত্রাসনে উপবিষ্টং ভয়াৎ কোপি ন বভাজ নাসেবেত ন লক্ষিতোদ্বৈরথঃ প্রতিযোদ্ধা যেন ॥ ৩২ ॥

লোকত্রয়স্য মস্তকজ্বরং শিরোবাধামিব দুঃসহং প্রহর্ষস্য বেগেন উৎকলিতানি বিকসিতানি আননানি যাসাং তাঃ নৃহরিং ববৃষুঃ ॥ ৩৩ ॥

নাকিনাং বিমানাবলিভিঃ সুরাণাং আনকাঃ পটহা দৈর্জঘ্নিরে বাদিতাঃ স্ত্রিয়োহপ্সরসো ননৃতুঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নৃপাসনে উপবিষ্টমিতি যেন যঃ পরাভূয়তে তেন তদধিকারঃ স্বীক্রিয়তে ইতি রাজনীতিং প্রদর্শয়ন্নমিব। যদ্বা। শাপ গ্রস্তেপি স্বভৃত্যে স্বাভিমান ত্যাগাভাবো ব্যঞ্জিতঃ। যঃ কিল ঋষিভিরপি সমর্পিতাননাত্মুপহৃতাঙ্গস্ত্র পূতানপ্যাসনাদ্যুপহারান্ সাক্ষান্নাঙ্গীকরোতি সএব ভগবান্ স্বভক্তেনাসুরভাব গ্রস্তেন শাপ ভ্রষ্টেনাপ্যদত্তমপি তদুপভুক্তমপি সিংহাসনং যৎ স্বয়মেবাস্য তস্তক্ত সৌভাগ্যমেব সর্ব্বান্ দর্শয়ামাসেতি তত্বং। সংভৃত তেজসং সংপূর্ণপ্রকাশং নলক্ষিতোদ্বৈরথঃ প্রতিযোদ্ধা যেন তাৎধংান বভাজ। ভয়াদ্ব্যজনাদিনা ভক্তোপি কোপি নাসেবেত ॥ ৩২ ॥

নিশাম্য দৃষ্ট্বা মস্তকস্য জ্বরমিব দুঃসহং ॥ ৩৩ ॥

নাকিনাং স্বর্গিণাং আস বভূব ॥ ৩৪ ॥

স্বস্থান হইতে বিচলিত ও পর্ব্বত সকল তদীয় বেগে যেন উৎপতিত, আর আকাশ এবং দিক্ সকল যেন তাঁহার তেজে দীপ্তি শূন্য হইবার উপক্রম হইতেছিল ॥ ৩১ ॥

সে যাহা হউক, নৃসিংহ রূপী ভগবান্ ঐ প্রকারে অনুচরগণ সহ হিরণ্যকশিপুর বধ করিয়া পরে আপনার ভৃত্যের ঐশ্বর্য্য আশ্চর্য্যের ন্যায় বোধ করত কৌতূহলে সেই অত্যুত্তম নৃপাসনে উপবেশন করিলেন। কিন্তু ভয় প্রযুক্ত কেহই তাঁহার নিকটে গিয়া রাজবৎ সেবা করিতে সমর্থ হইল না, কারণ যদিও তিনি আপনার প্রতিযোদ্ধা দেখিতে পান নাই, তথাচ কোপে প্রজ্বলিত হইয়া রহিলেন আর তাঁহার তেজঃ পূর্ণ বদন অতিশয় ভীষণ হইয়াছিল ॥ ৩২ ॥

হে রাজন্ যুধিষ্ঠির। আদিদৈত্য হিরণ্যকশিপু লোকত্রয়ের শিরঃপীড়া স্বরূপ দুঃসহ ছিল, সমরে নৃসিংহ হস্তে তাঁহার নিধন শুনিয়া হর্ষাবেগে দেবাঙ্গনাদিগের বদন প্রফুল্ল হইল। তাঁহারা সকলে বারম্বার তাঁহার উপরে পুষ্প বর্ষণ করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

হে রাজন্! ঐ সময়ে দর্শনাভিলাষি স্বর্গবাসি দেবগণের বিমান সমূহে গগণ মণ্ডল অতিশয় সঙ্কুল হইল। দেবতারা দুন্দুভি ও পটহ বাদ্য করিলেন। গন্ধর্ব্বগণ সঙ্গীত আরম্ভ করিল। অপ্সরা সকল আহ্লাদে নৃত্য করিতে লাগিল। আর ব্রহ্মা ইন্দ্র গিরিশ প্রভৃতি প্রধান ২ বিবুধগণ তথা ঋষি

তত্রোপব্রজ্য বিবুধা ব্রহ্মেন্দ্রগিরিশা[illegible]। ঋষয়ঃ পিতরঃ সিদ্ধা বিদ্যাধরমহোরগাঃ ॥ ৩৪ ॥

মনবঃ প্রজানাং পতয়ো গন্ধর্ব্বাপ্সরচারণাঃ। যক্ষাঃ কিংপুরুষাস্তাত বেতালাঃ সহ কিন্নরাঃ ॥

বিষ্ণুপার্ষদাঃ সর্ব্বে সুনন্দ কুমুদাদয়ঃ ॥ ৩৫ ॥

মূর্দ্ধ্নি বদ্ধাঞ্জলিপুটা আসীনং তীব্রতেজসং। ঈড়িরে নরশার্দ্দূলং নাতিদূরচরাঃ পৃথক্ ॥ ৩৬ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

নতোঽস্ম্যনন্তায় দুরন্ত শক্তয়ে বিচিত্রবীর্য্যায় পবিত্রকর্ম্মণে।

বিশ্বস্য সর্গ স্থিতি সংযমান্ গুণৈঃ স্বলীলয়া সন্দধতেঽব্যয়াত্মনে ॥ ৩৭ ॥

শ্রীরুদ্র উবাচ ॥

কোপকালোযুগান্তস্তে হতোঽয়মসুরোল্পকঃ। তৎসুতং পাহ্যুপসৃতং ভক্তং তে ভক্তবৎসল ॥৩৮

শ্রীধরস্বামী।

গন্ধর্ব্বাশ্চ অপ্সরসশ্চ চারণাশ্চেত্যর্থঃ ॥ ৩৫ ॥

নরশার্দ্দূলং পুরুষোত্তমং ॥ ৩৬ ॥

ব্রহ্মাদয়ো নৃসিংহস্য শঙ্কয়াকুলচেতসঃ। আরাদেব স্তবন্ সপ্তদশশ্লোকৈঃ পৃথক্ পৃথক্। অনন্তায় অনন্তং প্রসাদয়িতুং নতোঽস্মি অনন্তত্বে হেতুঃ দুরন্তাঃ শক্তয়ো যস্য। তৎ কুতঃ বিচিত্রাণি বীর্য্যাণি প্রভাবা যস্য। তৎ কিমর্থং পবিত্রাণি শোধকানি কর্ম্মাণি যস্য। বিচিত্র বীর্য্যত্বমেবাহ বিশ্বস্যেতি সন্দধতে সম্যক্ কুর্ব্বতে এবমপি অব্যয়াত্মনেঽপ্রচ্যুতস্বরূপায় ॥ ৩৭ ॥

শ্রীরুদ্রস্তু তৎ কোপকালাভিজ্ঞো নায়ং কোপাবসর ইতি তং প্রার্থয়তে সহস্র যুগান্ত স্তবকোপস্য কালঃ ন কোপযোগাশ্চায়

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অপ্সরচারণা ইত্যার্ষং ॥ ৩৫ । ৩৬ ॥

সনকাদীন্ কোপয়সি স্বভক্তৌ ভ্রংশয়সি ময়া বরান্ দাপয়সি দৈত্যগৃহে ভক্তরাজমাবির্ভাবয়সি। দৈত্যং প্রেরণা ভক্তং জিঘাংসয়সি ভক্তরক্ষার্থং স্বয়মেব মাবির্ভবসীতি তব বিদিৎ সিতং নকোপি বেত্তীত্যাহ নতোঽস্মীতি অনন্তায় নজ্ঞাতুং শক্যোঽন্তো যস্য তস্মৈ অনন্তং ত্বাং প্রসাদয়িতুং দুরন্ত শক্তয়ে দুর্জ্ঞেয়োঽন্তো যাসাং তথা ভূতাঃ শক্তয়ো যস্য তস্মৈ বিচিত্র বীর্য্যায় ক্ষণমাত্রেণ সর্ব্বাস্যের দৈত্যনিহন্ত্রে। ক্রোধচেষ্টিতত্বেপি শুদ্ধ সত্ত্বময়ত্বাৎ পবিত্রং কর্ম্ম যস্য তস্মৈ। সন্দধতে কুর্ব্বতে ॥ ৩৭ ॥

তব ঘোর স্বরূপ মালক্ষ্য প্রলয় শঙ্কয়া সর্ব্বে বিভ্যতি নহহনিত্যাহ কোপেতি। যুগান্তঃ প্রলয়ঃ তব কোপস্য কালঃ প্রলয়

গণ, পিতৃগণ, সিদ্ধসঙ্ঘ, বিদ্যাধরনিকর এবং মহা মহা উরগ সমূহ ॥ ৩৪ ॥

তথা মুনিগণ, প্রজাপতিগণ, গন্ধর্ব্ব, অপ্সরা, চারণ, যক্ষ, কিংপুরুষ, বেতাল, কিন্নর এবং সুনন্দ প্রভৃতি সমস্ত বিষ্ণুপার্ষদ ॥ ৩৫ ॥

ইঁহারা সকলে সেই সভায় গমন করিলেন এবং স্ব স্ব মস্তকে অঞ্জলিপুট বন্ধন করিয়া সিংহাসনাসীন তীব্রতেজঃ সমন্বিত সেই নৃসিংহের অনতিদূরে দাঁড়াইয়া পৃথক্ ২ স্তব করিতে লাগিলেন ॥ ৩৬ ॥

ব্রহ্মা কহিলেন ভগবান্ অনন্তকে প্রসন্ন করিবার নিমিত্ত আমি তাঁহার চরণে প্রণত হই। তাঁহার শক্তি অতিশয় দুরন্ত, প্রভাব অত্যর্থ বিচিত্র এবং কর্ম্ম সকল পরম পবিত্র, তিনি অবলীলাক্রমে গুণ দ্বারা প্রত্যক্ষ পরিদৃশ্যমান এই বিশ্বের সৃষ্টি স্থিতি প্রলয় করিতেছেন, পরন্তু এ প্রকার হইয়াও স্বয়ং অপ্রচ্যুত স্বরূপ ॥ ৩৭ ॥

রুদ্র কহিলেন হে ভগবন্! সহস্র যুগান্ত আপনকার কোপ কাল, এখন এই ক্ষুদ্র অসুর নিহত হইল, এ আপনকার কোপের সময় নহে। যদিস্যাৎ ভক্তের রক্ষণার্থ অকালে এই কোপ হইয়া

শ্রীইন্দ্র উবাচ॥

প্রত্যানীতাঃ পরম ভবতা ত্রায়তা নঃ স্বভাগা দৈত্যাক্রান্তং হৃদয়কমলং ত্বদ্গৃহং প্রত্যবোধি।
কালগ্রস্তং কিয়দিদমহো নাথ শুশ্রূষতাং তে মুক্তিস্তেষাং নহি বহুমতা নারসিংহাপরৈঃ কিং॥ ৩৯

শ্রীধরস্বামী।

মিত্যাহ অমক: অন্তায়: অতঃ কোপ নিবৃত্ত্যা প্রহ্লাদং মাহিংসীরিত্যাহ তৎ সুতমিতি। যদ্বা অকালেঽপ্যয়ং কোপঃ অস্ত ভক্তস্ত রক্ষণায় ইতি চেত্তর্হি ইদানীং কোপং ত্যক্ত্বা ইমং পাহীত্যর্থঃ॥ ৩৮॥

ইন্দ্রস্ত নাস্মাকং হবির্ভাগ লাভঃ পুরুষার্থঃ কিন্তু তৎ পরিচর্য্যৈব ভবতা পুনরনেন সংরম্ভেণ তৎকার্য্যমেব সাধিতং তস্মাচ সিদ্ধত্বাৎ উপসংহর্ত্তৈনং ক্রোধমিত্যাশয়েনাহ হে পরম নোঽস্মান্ ত্রায়তা রক্ষতা ভবতা স্বীয়া এব ভাগা দৈত্যাহৃতা প্রত্যানীতা অন্তর্য্যামিণ ত্বৈব যজ্ঞেষু ভোক্তৃত্বাৎ। অস্মদীয়ঞ্চ হৃদয়কমলং ত্বদ্গৃহমেব এতৎ পর্য্যন্তং ভয়হেতুত্বেন অস্মৎ স্মৃতিপথে নিত্যং স্থিতেন দৈত্যেনাক্রান্তং ব্যাপ্তং সৎ প্রত্যবোধি ভয়াপাকরণেন বিকাশং নীতং তব ত্রৈলোক্যৈশ্বর্য্যসাধনার্থং অয়মুদ্যম ইতি চেত্তত্রাহ কালগ্রস্তমিতি। তে ত্বাং হে নারসিংহ নরসিংহাকারাভ্যামাবির্ভূত॥ ৩৯॥

ক্রমসন্দর্ভঃ।

ইন্দ্রস্ত স্বোপকার বিশেষানুমোদনেন তং প্রসাদয়তি। প্রত্যেতি। স্বভাগা অস্মদ্রূপ সেবকবর্গাঃ প্রত্যানীতাঃ পুন র্নিকট এব প্রাপিতাঃ তথা দৈত্যাক্রান্তমিতি ভাবেব পরমোপকারৌ ত্রৈলোক্য রাজ্যদানস্ত যৎ কিঞ্চিদেবেত্যাহ। কালেতি॥ ৩৯। ৪০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র সংত্যয়ে কর্ম্মণি অহমেব ত্বদংশোবার্কয়েবেতি ভাবঃ। ভক্তবাৎসল্যার্থময়ং কোপ ইতি চেৎ অমকঃ ত্বদপেক্ষয়া অত্যন্তোঽয় মস্মুরোহত্তএব। অত তৎসুতং প্রহ্লাদং উপস্থতমনুগতং॥ ৩৮॥

এতাবদ্দিন পর্য্যন্তং ত্বচ্চরণ স্মরণ বিমুখ এবাহং বর্ত্তে ইত্যাহ হে পরম নোঽস্মাংস্ত্রায়তা রক্ষতা ভবতা স্বীয়া এব ভাগা দৈত্যাৎ প্রত্যানীতাঃ প্রত্যাহৃতাঃ ইন্দ্রাদীনাং ত্বদ্দাসানামস্মাকং যজ্ঞেষু বস্তুতঃ প্রভো ত্বৈব স্বযোচিত্যাৎ কিঞ্চাস্মাকং হৃদয়ং খলু কমলং তত্র শশ্বত্তৈব ধ্যাতত্বাদ্বদ্গৃহং। তচ্চ কমলং যথা নিঃশ্রীকং রাত্রৌ তমসাক্রান্তং মলিনং নিদ্রিতং ভবেৎ তথৈব দৈত্য অন্ধারত্য এতাবদ্দিন পর্য্যন্তং ভয়াদ্দৈত্যস্যৈব ধ্যাতত্বাদ্দৈত্যাক্রান্তং সংপ্রতি তব নৃসিংহসূর্য্যস্যোদয়ে সতি প্রত্যবোধি ত্বচ্চরণাক্রান্তং সদ্বিকসিতমিত্যর্থঃ। যদ্বা ত্বদ্গৃহং বৈকুণ্ঠং প্রতি অবোধি ত্বচ্চরণসেবার্থং বুদ্ধিং প্রাপেত্যর্থঃ। নমু তত্ত্বাভিমানিনিন্দ্রপদং গৃহাণেতি তত্র সত্যমহং সকামো ভক্তিশূন্যো গ্রহীষ্যামীত্যাহ ত্বন্নিকাম ভক্তানান্তু কালগ্রস্তমিতি ইদমিন্দ্রপদং অপরৈর্যোগৈশ্বর্য্যাদিভিঃ॥ ৩৯॥

নচ ত্বং স্বকৃপায়া উত্তমাধমৌ গণয়সীত্যাহ নৈষেতি। এতে ব্রহ্মাদয়ঃ উত্তমাঃ অয়মহুরোনীচ ইত্যেষা পরাবরমতি র্জন্তোঃ প্রাকৃতস্য যথা তথা ভবতোনৈব স্যাৎ। তত্র হেতুঃ। জগত আত্মনঃ সুহৃদশ্চ তর্হি সর্ব্বত্রৈব সমমে মৎ প্রসাদোঽস্তু তত্রাহ সংসেবয়া যথা সুরতরুরাশ্রিতস্যৈব সঙ্কল্পানুসারেণ ফলং দদদপি নবিষমস্তথৈব ত্বমপি তত্রাপি সেবানুরূপ উদয়ঃ সেবাতারতম্যেনৈব কৃপায়া উদয় তারতম্যং নতু পরাবরত্বং উৎকৃষ্টত্বমেব কৃপোদয় তারতম্যস্য কারণমিত্যর্থঃ ॥ ২৬ ॥

আমার যে নির্ব্বেদ জন্মিল ইহার কারণ আপনকার অনুকম্পা, কিন্তু আমিও ইহার উপযুক্ত পাত্র নহি। হে ঈশ! রজো গুণ হইতে যাহার উৎপত্তি এবং তমোগুণই যাহাতে প্রচুর, তাদৃশ যে অসুরকুল তাহাতে উৎপন্ন আমিই বা কোথায়? এবং আপনার অনুকম্পাই বা কোথায়? ভগবন্! ব্রহ্মাদির মস্তকে পদ্মবৎ সকল সন্তাপহারী আপনকার প্রসাদ রূপ যে কর অর্পিত হয় নাই, এই অনুকম্পায় তাহা আমার মস্তকে অর্পিত হইল ॥ ২৫ ॥

প্রভো! আপনি জগতের আত্মা এবং সুহৃদ্, একারণ প্রাকৃত জন্তুর যদ্রূপ "এরা ব্রহ্মাদি উত্তম, এ অসুর নীচ" ইত্যাকার উত্তমাধম বুদ্ধি হইয়া থাকে আপনকার তদ্রূপ পরাপর বুদ্ধি নাই, সুতরাং আমার প্রতি আপনার এই অনুকম্পা হওয়া বিচিত্র নহে। পরন্তু সম্যক্ প্রকার সেবা দ্বারা কল্প বৃক্ষের ন্যায় আপনার প্রসাদ হয় এবং যে যেমন সেবা করে তাহার তদনুসারে ধর্ম্মাদির উদয় হইয়া থাকে। অর্থাৎ কল্প বৃক্ষ যেমন সেবকেরই সংকল্পানুসারে ফলদান করে, কাহারও প্রতি বিষম হয় না, তেমনি সেবাই আপনার প্রসন্নতার কারণ, উত্তমত্ব অথবা অধমত্ব তাহার কারণ নহে ॥ ২৬ ॥

এবং জনং নিপতিতং প্রভবাহিকূপে কামাভিকাম মনু যঃ প্রপতন্ প্রসঙ্গাৎ ।
কৃত্বাত্মসাৎ সুরর্ষিণা ভগবন্ গৃহীতঃ সোঽহং কথং নু বিসৃজে তব ভৃত্যসেবাং ॥ ২৭ ॥
মৎপ্রাণ রক্ষণমনন্ত পিতুর্ব্বধশ্চ মন্যে স্বভৃত্য ঋষিবাক্যমৃতং বিধাতুং ।

শ্রীধরস্বামী ।

এতচ্চ ত্বদ্ভৃত্য কৃপয়া ময়া প্রাপ্তমিতি ত্বদ্ভৃত্য পার্শ্বমেব মাং নয় ইত্যাশয়েনাহ এবমিতি যথা ত্বয়ানুকম্পিতোঽস্মি এবং নারদেনাত্মসাৎ কৃত্বা পূর্ব্বমনুগৃহীতঃ সোঽহং কথং ত্বদ্ভৃত্য সেবাং বিসৃজামি কথংভূতোঽনুগৃহীতোঽস্মি প্রভব এবাহিযুক্তঃ কূপঃ তস্মিন্ কামানভিতঃ কাময়মানং জনং নিপতিতমনু তৎ প্রসঙ্গাৎ প্রপতন্ যোঽহং ॥ ২৭ ॥

তদেবং ত্বদ্ভৃত্যস্য শ্রীনারদস্যানুগ্রহেণ ত্বয়াত্যন্তমনুকম্পিতোঽস্মি অয়মেবচ মম পরমোঽনুগ্রহঃ নপুনরিদমিতিভুচ্ছং মৎ প্রাণরক্ষাদি নচেদং ত্বয়া মদনুগ্রহার্থং কৃতং কিন্তু অন্যার্থমিত্যাহ ভো অনন্ত যদেতৎ মৎপ্রাণরক্ষণং মাং হন্তুমুদ্যতস্য মম পিতুর্ব্বধশ্চ তদুভয়ং স্বভৃত্য ঋষিবাক্যং ঋতং বিধাতুমিত্যহং মন্যে কুতঃ যদস্মাদসৎ অযুক্তং বিধিৎসুঃ খড়্গাৎ গৃহীত্বা অবোচৎ কিং মদপরো মদ্ব্যতিরিক্তশ্চেৎ ঈশ্বরোঽস্তি তর্হি ত্বামিদানীং অবতু তব কং শিরঃ অহং হরামীতি । অস্মন্ বিধিৎসু রিতি

ক্রমসন্দর্ভঃ ।

অথৈতাদৃশ্যাঃ কৃপায়াঃ কারণং স্মরন্নপি তদেবাভীষ্টং প্রার্থয়তে । এবমিতি । এবং ত্বৎ কৃপাযোগ্যং যথাস্যাত্তথা অনু গৃহীতো যঃ সোঽহং দৃষ্ট ভগবদ্ভৃত্য কৃপাতিশয়ত্বাৎ কথং বিসৃজেত্যুক্তং শক্নোমি নৈবেত্যর্থঃ ॥ ২৭ ॥

মৎ প্রাণ রক্ষণাদিকঞ্চ তথৈবেত্যাহ । মৎ প্রাণেতি ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ননু মৎ সংসেবয়া ত্বয়ি মম সম্যক্ প্রসাদ ইত্যত্র সুরতরু দৃষ্টান্তেন মদ্বৈষম্যং পর্য্যহার্ষীঃ কিন্তু সংসেবায়াঃ কিং কারণং তদ্ব্রূহীতি তত্রাহ । এবং উৎকৃষ্ট নিকৃষ্ট ভাবেন জনং সর্ব্বমেব কামানভিকাময়মানং প্রভব এবাহিযুক্ত কূপ স্তত্র নিপতিতং অনু তৎ প্রসঙ্গাৎ প্রপতন্নেবাহং সুরর্ষিণা শ্রীনারদেন আত্মসাৎ কৃত্বা অয়ং জীবোমদীয়ো ভবত্বিতি ময়ি স্বস্বত্বমারোপ্য গৃহীতঃ বলাৎ স্বপাণিনৈব গৃহীত্বা ততঃ সকাশাৎ স্বান্তিকং নীত্বা ত্বন্মন্ত্ররাজমুপদিশ্য স্ব সেবকীকৃতঃ ইতি ভাবঃ । সোঽহং সংসার কূপ পতিত এব সংপ্রত্যহং প্রহ্লাদ ত্বদ্ভক্তো যৎ প্রসাদাদভবং তস্য তব ভৃত্যস্য শ্রীমদ্গুরোঃ সেবাং কথং বিসৃজামি ত্যজামি যথা কর্ম্মি জ্ঞানি যোগিনঃ ফলপ্রাপ্তৌ সাধনং ত্যজন্তি তথেত্যর্থঃ ভক্তিমার্গেহি সাধনস্যাপি ফলী ভাবাৎ ভগবন্তং প্রাপ্তানামপি ধ্রুবাদীনাং সাধু সঙ্গাদি সাধন স্পৃহা যথা ভক্তিং মুহুঃ প্রবহতাং ত্বয়ি মে প্রসঙ্গো ভূয়াদনন্ত মহতামমলাশয়ানামিতি ধ্যায়ং শ্চরাম্যনুগৃহাণ যথা স্মৃতিঃ স্যাদিতি চাতএব বিচার্য্যৈব ময়া প্রার্থিতং নয় মাং নিজ ভৃত্য পার্শ্বমিতি ॥ ২৭ ॥

অতস্তব ভক্ত বশ্যত্বাত্তব কৃপানুগামিন্যেব লোকেষু তব কৃপা দৃষ্টা নতু ত্বং স্বভক্তমনাশ্রিতান্ কাংশ্চিদপি কৃপয়সীতি ন তে ক্বাপি বৈষম্যং যদ্যপি তব স্বভক্তানুরোধেনৈব সর্ব্ব এবানুগ্রহ ইত্যাহ মদিতি স্বভৃত্য ঋষির্যো নারদ স্তস্য বাক্যং সত্যং কর্ত্তুমিত্যহং মন্যে । মন্মাত্রা মদর্থং প্রার্থিতেন শ্রীনারদেন ত্বৎ পুত্রস্য বিষ্ণুভক্ত নাশাদিনা কল্যাণং ভবিষ্যতীতি বরদানাৎ । যদুক্তং

ভগবন্! সর্ব্বতোভাবে কামার্থ অভিলাষী হইয়া লোকে জন্ম রূপ সর্প যুক্ত সংসার কূপে পতিত হইতেছে, আমিও তৎপ্রসঙ্গে পতিত হইতেছিলাম এক্ষণে যে আপনি আমার প্রতি অনুগ্রহ করিলেন, পূর্ব্বে দেবর্ষি নারদ ঠাকুর আত্মাধীন করিয়া এই রূপ অনুকম্পা করিয়াছিলেন। ভগবন্! আমি এই রূপে অনুগৃহীত হওয়াতে আপনার ভৃত্যসেবা পরিত্যাগ করিতে পারি! অতএব আমাকে নিজ ভৃত্য পার্শ্বে নীত করুন ॥ ২৭ ॥

হে অনন্ত! আমার এই যে প্রাণ রক্ষা এবং আমাকে বধ করিতে উদ্যত আমার পিতার প্রাণবধ, এতদুভয় কেবল আপনার নিজ ভৃত্য ঋষির বাক্য সত্য করিবার নিমিত্ত, ইহা আমার নিশ্চয় বোধ হইতেছে, কেন না আমার পিতা হিরণ্যকশিপু অযুক্ত কার্য্য করিতে ইচ্ছুক হইয়া খড়্গ গ্রহণ পূর্ব্বক

খড়্গং প্রগৃহ্য যদবোচদসদ্বিধিৎসুস্ত্বামীশ্বরো মদপরোঽবতু কং হরামি ॥ ২৮ ॥
একস্ত্বমেব জগদেতদমুষ্য যত্ত্বমাদ্যন্তয়োঃ পৃথগবস্যসি মধ্যতশ্চ।
সৃষ্ট্বা গুণব্যতিকরং নিজমায়য়েদং নানেব তৈরবসিতস্তদনুপ্রবিষ্টঃ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

পাঠেঽপ্যয়মেবার্থঃ। যদ্যদা অবোচৎ তদা মৎপ্রাণ রক্ষণমিতিবাম্বয়ঃ। এতচ্চ সত্যং বিধাতুং নিজভৃত্যভাষিতং ইত্যত্রৈব বহুধা ব্যাখ্যাতং ॥ ২৮ ॥

নচেদং পক্ষপাতেন রক্ষণং দৈত্যহননঞ্চ ত্বয়ি স্বাভাবিকং কিন্তু মায়াগুণোপাধিকং সর্ব্বাত্মকে ত্বয়ি স্বতস্তদযোগাদিত্যাহ এক ইতি। এতজ্জগৎ ত্বমেবৈকঃ যদ্যতঃ অমুষ্য আদাবন্তে চ পৃথক্ অবস্যসি বিরামং করোষি সন্মাত্র তয়া কারণত্বেন অবধিত্বেনচ বর্ত্তসে ইত্যর্থঃ। অতো মধ্যতশ্চ ত্বমেব। কুতঃ তর্হি ভেদ প্রতীতিঃ তত্রাহ নিজমায়য়া গুণপরিণামাত্মকং ইদং জগৎ সৃষ্ট্বা তদনুপ্রবিষ্টস্ত্বং তৈগুর্ণৈ র্হেতু ভূতৈ র্নানেব রক্ষক ইব হন্তেব চ অবসিতঃ প্রতীতঃ। তদুক্তং স্কন্ধোপক্রমে নির্গুণোঽপি হ্যজোঽব্যক্তো ভগবান্ প্রকৃতেঃ পর ইত্যাদিনা ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

অথ রসান্তরেণ তৎ ক্রোধশমনং। তথাহি। কথময়ং বরাক স্তব ক্রোধবিষয়ো যত এক ইত্যাদি তথাপি পূর্ব্বেণ সঙ্গতি দৃশ্যতে। তথাহি। তদেবং ভক্তানুগ্রহ সম্বন্ধেন সাক্ষাদেবাবতীর্য্যাত্মবিধ রক্ষণং করোষীতি স্থিতে। যত্ত্বমন্তর্যামিতয়া সামান্যতো বিশ্বরক্ষণং তচ্চ ত্বয়ৈব ক্রিয়মাণমপি ন সাক্ষাৎ। কিন্ত্বন্য দ্বারৈবেতি দর্শয়ং স্তদনুসঙ্গতঃ সৃষ্ট্যাদি লীলামাহ। এক ইতি ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঋষিং পর্য্যচরত্তত্র ভক্ত্যা পরময়া সতী। অন্তর্ব্বত্নী স্বগর্ভস্য ক্ষেমায়েচ্ছা প্রসূয়তে। ঋষিঃ কারুণিক স্তস্যাঃ প্রাদাদুভয়মীশ্বর ইতি। যদ্যস্মাদসৎ মচ্ছিরঃসনং বিধিৎসুঃ কং শিরোহরামীতি। তথাহি দিগগজাদিভ্যো যথা মদ্রক্ষণং তথা তদ্বত্তাস্য সম্ভবতীতি তদ্বধশ্চ ত্বয়া কৃত ইতি। এবং ভগবতঃ সর্ব্বত্র সাম্যেপি ভক্তবশ্যত্বং বিশিষ্যত ইতি প্রহ্লাদেন জ্ঞাপিতং ॥ ২৮ ॥

এবং গুণাতীতানাং মাদৃশ ভক্তানাং গুণাতীতেন ত্বয়া ভক্তবৎসলেন পালনং গুণাতীতমেব। গুণময়স্য জগতস্ত সৃষ্টিপালন সংহারা উদাসীনেনৈব ত্বয়া গুণময়া এবেতি বদং স্তস্য জগত স্বৎকারণকত্বাত্ত্বন্ময়ত্বমেবেত্যাহ এক ইতি। যদ্যস্মাদমুষ্য আদাবন্তে মধ্যেচ অমুষ্মাৎ পৃথগভূতোপি ত্বমেব অবস্যসি অবসীয়সে বিবেকিভিঃ প্রতীয়সে ইত্যর্থঃ। কুতস্তর্হি তথা ন প্রতীতি স্তত্রাহ নিজমায়য়া গুণ পরিণামাত্মকমিদং জগৎ সৃষ্ট্বেতি নির্গুণস্য তব মায়াশক্তেঃ স্বরূপ শক্তিত্বাভাবাদিতি ভাবঃ। তদনু প্রবিষ্টস্ত্বং তৈগুর্ণৈ র্হেতু ভূতৈ র্নানেব হন্তেব পালক ইব উৎপাদক ইব অবসিতঃ বস্তুতস্তু তমোগুণ এব হন্তা সত্ত্বগুণএব পালকঃ রজো গুণ এব স্রষ্টা তেষ্বৌদাসীন্যেন ত্বৎ প্রবেশাদেব ত্বং হন্তেত্যাদি ব্যপদেশঃ ॥ ২৯ ॥

বলিয়াছিলেন "আমা ব্যতিরিক্ত অন্য ঈশ্বর আছে বলিতেছিস্, যদি থাকে, তোকে রক্ষা করুক, এই আমি তোর শিরশ্ছেদ করি" ॥ ২৮ ॥

প্রভো! পক্ষপাত পূর্ব্বক এই রূপে ভৃত্য রক্ষা এবং দৈত্যহত্যা করা আপনকার স্বাভাবিক নহে, উহা মায়া গুণের উপাধিমাত্র, কারণ এই অখিল জগৎ এক আপনারই স্বরূপ, যে হেতু ইহার প্রথমে ও চরমে আপনিই বিরাম করেন অর্থাৎ কারণত্ব ও অবধিত্ব রূপে বর্ত্তমান থাকেন অতএব মধ্যেতেও আপনিই বর্ত্তমান। হে ঈশ! আপনি নিজ মায়া দ্বারা গুণ পরিণাম স্বরূপ এইজগৎ সৃষ্টি করিয়া ইহাতে অনুপ্রবিষ্ট হইয়া আছেন সুতরাং সেই সকল গুণের কারণ নানারূপে অর্থাৎ কখন রক্ষক কখন বা হন্তা বলিয়া প্রতীত হইয়া থাকেন ॥ ২৯ ॥

শ্রী

ত্বং বা ইদং সদসদীশ ভবাং স্ততোঽন্যো মায়া যদাত্ম পরবুদ্ধিরিয়ং হ্যপার্থা।
যদ্যস্য জন্ম নিধনং স্থিতিরীক্ষণঞ্চ তদ্বৈ তদেব বসুকাল বদষ্টিতর্ব্বোঃ ॥ ৩০ ॥
ন্যস্যেদমাত্মনি জগদ্বিলয়াম্বুমধ্যে শেষেত্মনা নিজসুখানুভবো নিরীহঃ।

শ্রীধরস্বামী।

নন্বু যদ্যেতজ্জগদহমেব তর্হি জগতো বৈষম্যেণ মম বৈষম্যমপি কিং স্যাদিত্যিত আহ ত্বং বৈ ত্বমেব ইদং জগৎ সদসৎ কার্য্য কারণাত্মকং জগৎ নতু ত্বত্তঃ পৃথক্ ভবাংস্তু ততোঽন্যঃ আদ্যন্তয়োঃ পৃথগবস্থানাৎ। যদস্মাদেবং অতোঽয়ং আত্মীয়োঽয়ং পর ইতি যা বুদ্ধিঃ সা অপার্থা মায়ৈব কার্য্যকারণাভেদং দৃষ্টান্তেন সাধয়তি যদ্যতঃ যস্য জন্ম ঈক্ষণং প্রকাশশ্চ যস্মিন্ নিধনঞ্চ স্থিতিশ্চ তদ্বৈ তদেব অষ্টিবীজং কারণং তরুঃ কার্য্যং তয়োর্যথা বসুকালমাত্রত্বং অয়মর্থঃ কালশব্দেন নীলত্বাসাধারণ গুণযোগাৎ পৃথ্বী বসুশব্দেন বস্তুমাত্রং ভূতসূক্ষ্মং তত্র তরোর্যথা পৃথ্বীময় বীজমাত্রত্বং তস্যচ যথাভূতসূক্ষ্মমাত্রত্বং এবং সর্ব্বমপি কার্য্যকারণাত্মকং জগৎ পরম কারণাত্মকমেব ইতি। তথাচ পারমর্ষং সূত্রং তদনন্যত্বমারম্ভণ শব্দাদিভ্য ইতি। শ্রুতিশ্চ বাচারম্ভণমিত্যাদি ॥ ৩০ ॥

তত্র তাবদন্তে পৃথগবস্থানং দর্শয়তি ন্যস্যেতি। ইদং জগৎ আত্মনা আত্মনৈব আত্মনি নিঃক্ষিপ্য স্বসুখমেবানুভবন্ নিক্রিয়ঃ

ক্রমসন্দর্ভ

তত্র তস্য বৈলক্ষণ্যং স্থাপয়তি। ত্বং বা ইতি ॥ ৩০ ॥

প্রসঙ্গেন মহাভক্ত বিরঞ্চাদ্যনুগ্রহতঃ সৃষ্ট্যাদিময়ীং সাক্ষাল্লীলামেব বিশেষতো বর্ণয়তি। ন্যস্যেদমিতি সপ্তভিঃ। আত্মনি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বু জগতো মায়িকত্বেপি মায়ায়া মচ্ছক্তিত্বাজ্জগতো বৈষম্যে মমাপি বৈষম্যং কিং ন স্যাদিত্যত আহ। ত্বং বৈ ইদং সদসৎ কার্য্যকারণাত্মকং জগৎ প্রাধানিকত্বাৎ সত্যমেব নতু ত্বত্তঃ পৃথক্। ততোঽস্মাজ্জগতস্তু ভবানন্যঃ পৃথগেব আদ্যন্তয়োঃ পৃথগবস্থানাৎ যদ্যত্তু তস্মিন্নেব জগতি আত্মা অয়ং মমাত্মীয়ঃ পরঃ অয়ং মম শত্রুরিতি বুদ্ধিঃ। সা মায়া অবিদ্যা জীবস্যাবিদ্যা কল্পিতৈবেত্যর্থঃ অপার্থা সাতু মিথ্যাভূতৈবেত্যর্থঃ। কার্য্যস্য কারণাভেদমপি সাধয়ন্ দৃষ্টান্তেন পরম কারণস্য ভগবতো বৈষম্যমপি নিরাকরোতি। যদ্যতঃ যস্য জন্ম ঈক্ষণঞ্চ প্রকাশশ্চ যস্মিন্নিধনং স্থিতিশ্চ তদ্বৈতদেব। অষ্টি বীজং কারণং তরুঃ কার্য্যং তয়োর্ব্বসু কালবৎ বসুত্বকালত্বে যথেত্যর্থঃ। বসু শব্দেন বস্তুমাত্রং ভূতসূক্ষ্মমুচ্যতে কাল শব্দেন নীলত্বাসাধারণগুণযোগাৎ পৃথ্বী কালশব্দোঽত্রনীল গুণবাচী। ততশ্চ কারণকার্য্যাত্মকয়োরষ্টি তর্ব্বো র্দ্বয়োরেব যথা পৃথিবীত্বং গন্ধত্বঞ্চ। তথৈব কারণ কার্য্যাত্মকস্য জগতঃ প্রধানত্বং পরমেশ্বরত্বঞ্চ অয়মর্থঃ। যথা বসুমাত্রত্বং কালস্য কালমাত্রত্বং পৃথিবীমাত্রত্ব মষ্টেঃ অষ্টিমাত্রত্বং তরোঃ এবমেবেশ্বরমাত্রত্বং প্রধানস্য প্রধানমাত্রত্বং মহদাদীনাং মহদাদিমাত্রত্বং দেবতির্য্যগাদিময় জগতঃ। এবঞ্চ তর্ব্বাদি সর্ব্বকার্য্য কারণাত্মকং যথা ভূত সূক্ষ্মমেকো গন্ধএব তথা দেবতির্য্যগাদি সর্ব্বকার্য্যকারণাত্মকএকো ভবানেব। তথাচ পারমর্ষ সূত্রং তদনন্যত্বমারম্ভণ শব্দাদিভ্য ইতি। শ্রুতিশ্চ বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যমিতি তেন পার্থিব পদার্থানাং কাষ্ঠপাষাণাদীনাং বৈষম্যেপি তৎ পরম কারণস্য গন্ধস্য যথা ন বৈষম্যং তথৈব জগতো বৈষম্যেপি ন ত্বমিত ইতি ॥ ৩০ ॥

আদ্যন্ত মধ্যাবস্থানেনোক্তং জগৎকারণত্বং প্রপঞ্চয়তি। ন্যস্যেতি পঞ্চভিঃ। ইদং জগৎ আত্মন্যেব ন্যস্য বিলয়ানি বিগত

হে ঈশ! আপনিই এই সৎ ও অসৎ অর্থাৎ কার্য্য ও কারণাত্মক এই জগৎ আপনা হইতে পৃথক্ নহে, কিন্তু আপনি ইহা হইতে ভিন্ন, যে হেতু প্রথমে ও শেষে পৃথক্ অবস্থান করেন। অতএব "এ আত্মীয় এ পর" এই যে বুদ্ধি তাহা মিথ্যা মায়া মাত্র। প্রভো! এই জগতের যে প্রকাশ ও সৃষ্টি স্থিতি বিনাশ, ইহা বীজ ও বৃক্ষের, পৃথ্বী ও ভূতসূক্ষ্মের ন্যায়। অর্থাৎ বৃক্ষ যেমন বস্তুতঃ পৃথ্বীময় বীজমাত্র এবং সেই বীজ তদ্রূপ ভূত সূক্ষ্ম মাত্র তেমনি কার্য্য কারণাত্মক সকল জগৎ, পরম কারণ যে আপনি, আপনারই স্বরূপ ॥ ৩০ ॥

ভগবন্! আপনি এই জগৎ আপনার দ্বারাই আপনাতে নিঃক্ষেপ করিয়া নিজ সুখ অনুভব করত

যোগেন মীলিতদৃগাত্মনি পীতনিদ্রস্তুর্য্যে স্থিতো নতু তমো ন গুণাংশ্চ যুঙ্ক্ষে ॥ ৩১ ॥
তস্যৈব তে বপুরিদং নিজকালশক্ত্যা সঞ্চোদিতপ্রকৃতিধর্ম্মণ আত্মগূঢ়ং।
অম্ভস্যনন্তশয়নাদ্বিরমৎ সমাধের্নাভেরভূৎ স্বকণিকাবটবন্মহাব্জং ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

সন্ প্রলয়োদক মধ্যে শয়নং করোষি তর্হি জীবস্যেব মমাপি কিং তমো বৃত্তিরূপা নিদ্রা অস্তি নহি নহি যোগ এব তু বহি বৃর্ত্ত্যভাব সাম্যাৎ নিদ্রোচ্যতে ইত্যাহ যোগেন মীলিতে দৃশৌ যেন আত্মনা স্বরূপ প্রকাশেন নিপীতা নিদ্রা যেন যতস্তুর্য্যেঽবস্থাত্রয়াতিরিক্তে স্বরূপে স্থিতস্ত্বং নতু সুষুপ্ত ইবাত্মনা তমো যুঙ্ক্ষে যোজয়সি পশ্যসি নচ জাগ্রৎ স্বপ্নয়োরিব গুণান্ বিষয়াংশ্চেত্যর্থঃ ॥ ৩১ ॥

ইদানীং কারণত্বেনাদাবপি পৃথগবস্থানং দর্শয়ন্ যথাতশ্চ ত্বমেবেত্যেতৎ প্রপঞ্চয়তি চতুর্ভিঃ। যস্ত্বমম্ভসি শেষে তস্যৈব তে ইদং জগদ্বপুঃ স্বরূপং নান্যস্য। যতস্ত্বং মধ্যতোঽপি ত্বাঃ কথং ভূতস্য নিজকালশক্ত্যা সঞ্চোদিতাঃ প্রকৃতের্ধর্ম্মাঃ সত্ত্বাদয়ো যেন স্বরূপত্বে হেতুঃ অনন্তশয়নাৎ শেষপর্য্যঙ্কাৎ বিরমন্ সমাধির্যস্য তস্য তব নাভেঃ সকাশাদেকার্ণবোদকে মহাব্জং লোকপদ্মমভূৎ। কথমভূতং আত্মনি ত্বয্যেব গূঢ়ং সৎ স্বকণিকাতঃ সূক্ষ্মাদ্বটবীজান্মহাবট ইব ॥ ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ।

গর্ভোদকশায়ি রূপে। জগৎ ত্রৈলোক্যং। যোগমাহ। তুর্য্যে স্বতুরীয় তত্ত্বে শ্রীবাসুদেবাখ্যে স্থিতঃ। তন্মাত্রত্বেনাত্মন্যুররীকৃত স্ফূর্ত্তিরিত্যর্থঃ ॥ ৩১ ॥

জাতমাত্রেণ্যঙ্কুরেঽধিকরণে স্বাংশেন বর্ত্তমানমপি বীজং কথমুপলভতে নৈবেত্যর্থঃ। কিন্তু তত্তল এবোপ লভেত। তত্তু-তস্যাগম্যমেবাসীদিতি ভাবঃ ॥ ৩২ । ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লয়ান্যনশ্বরাণি অম্বূনি যস্য তস্য কারণার্ণবস্য মধ্যে শেষে স্বপিষি। আত্মনা আত্মস্বরূপশক্ত্যৈব নিজ সুখস্যানুভবো যস্য সঃ। নিরীহঃ মায়িক লীলামনিচ্ছুঃ। তর্হি কিং জীবস্যেব মমাপি তমো বৃত্তি রূপা নিদ্রাস্তি নহি নহি বহির্বৃত্ত্যভাব সাম্যান্নিদ্রোচ্যতে ইত্যাহ যোগেন মীলিতে দৃশৌ যেন আত্মনা স্বরূপ প্রকাশনেন নিপীতা নিদ্রা যেন। যতস্তুরীয়ে অবস্থাত্রয়াতিরিক্তে স্বরূপে স্থিতএব নতু তমঃ সুষুপ্ত ইব যুঙ্ক্ষে, জীববৎ স্বীকরোষি নাপি জাগ্রৎ স্বপ্নয়োরিব গুণান্ বিষয়ান্ ॥ ৩১ ॥

ততশ্চ তস্যৈব তব পুনঃ সৃষ্ট্যারম্ভে নিজকাল শক্ত্যা সঞ্চোদিতাঃ প্রকৃতে ধর্ম্মাঃ সত্ত্বাদয়ো যেন তস্য আত্মনি স্বস্মিন্ গূঢ়মেব ইদং ব্রহ্মাণ্ড রূপং বপুঃ প্রকৃতেঃ সকাশাৎ প্রকটমভূৎ। ততশ্চ অম্ভসি তদণ্ডগর্ভোদে শয়ানস্য তব অনন্ত শয়নাৎ বিরমন্ সমাধির্যস্য তস্য নাভেঃ সকাশাৎ মহাব্জমভূৎ স্বকণিকাতঃ সূক্ষ্মাদ্বটবীজান্মহাবট ইব ॥ ৩২ ॥

নিষ্ক্রিয় হইয়া প্রলয়োদক মধ্যে শয়ন করিয়া থাকেন। প্রভো! যোগ দ্বারা আপনার নয়নদ্বয় নিমীলিত এবং স্বরূপ প্রকাশে নিদ্রা নিপীতা হয়, অতএব জীবের তুল্য আপনার তমোবৃত্তি রূপা নিদ্রা নাই। আর আপনি অবস্থাত্রয়াতিরিক্ত হইয়া স্বরূপে অবস্থিত, এক[illegible] সুষুপ্তের ন্যায় তমোযোগ করেন না এবং জাগ্রৎ স্বপ্নের তুল্য বিষয় সকলও আপনার দৃষ্টিগোচর হয় না ॥ ৩১ ॥

ভগবন্! যে আপনি প্রলয় কালীন সমুদ্র জলে শয়ন করেন এই জগৎ [illegible]ই আপনার স্বরূপ, অন্য কাহারও স্বরূপ নহে। প্রভো! স্বীয় কাল শক্তি দ্বারা প্রকৃতির ধর্ম্ম সত্ত্বাদিকে আপনি প্রেরণ করিয়া থাকেন। হে ঈশ! শেষ রূপ শয়নে সমাধি হইতে বিরত হইবার সময় আপনার নাভি সকাশাৎ একার্ণবোদকে একটী মহাপদ্ম হইয়াছিল তাহা আপনাতেই গূঢ় থাকে সূক্ষ্ম বটবীজ হইতে মহাবৃক্ষ হয় তাহার ন্যায় ঐ পদ্ম হইতে এই সমস্ত লোক হইয়াছে ॥ ৩২ ॥

তৎসম্ভবঃ কবিরতোঽন্যদপশ্যমানস্ত্বাং বীজমাত্মনি ততং স বহির্বিচিন্ত্য ।
নাবিন্দদব্দশতমপ্সু নিমজ্জমানো জাতেঽঙ্কুরে কথমুহোপলভেত বীজং ॥ ৩৩ ॥
সত্বাত্মযোনিরতিবিস্মিত আশ্রিতোঽজং কালেন তীব্র তপসা পরিশুদ্ধভাবঃ ।
ত্বামাত্মনীশ ভুবি গন্ধমিবাতি সূক্ষ্মং ভূতেন্দ্রিয়াশয়ময়ে বিততং দদর্শ ॥ ৩৪ ॥
এবং সহস্রবদনাঙ্ঘ্রি শিরঃকরোরুনাসাস্যকর্ণনয়নাভরণায়ুধাঢ্যং ।

শ্রীধরস্বামী ।

তদেবং কারণত্বে নানুগতঃ সন্ মধ্যতশ্চ ত্বমেব বর্ত্তস ইত্যুক্তং এতদেব শুদ্ধসত্বস্ত ব্রহ্মণোঽনুভবেন স্ফুটয়িতুং তস্য প্রাক্তনীম বস্থামাহ তৎ সম্ভব ইতি তস্মিন্নব্জে সম্ভবো যস্য স কবি র্ব্রহ্মা অতঃ পদ্মাদন্যদপশ্যন্ বীজং উপাদানকারণভূতং ত্বাং স্বস্মিন্ ব্যাপ্তং সন্তমপি নাবিন্দৎ যুক্তঞ্চৈতৎ উত অহো অঙ্কুরে জাতে সতি বীজং তদনুগতং কারণং পৃথক্ কথং নাম পুমান্ পশ্যেৎ ॥৩৩॥

ভবদুপাসনয়াতু স্বস্মিন্নেব দৃষ্টবানিত্যাহ সত্বিতি । পরাবৃত্ত্যাজমাশ্রিতঃ সন্ তীব্রেণ তপসা ধ্যানেনানেন সন্মাত্ররূপেণ উপাদানতয়া দর্শনমুক্তং ॥ ৩৪ ॥

ঈশ্বরত্বেনচ দৃষ্ট্বা কৃতার্থোঽস্তবদিত্যাহ । এবমনেন প্রকারেণ সহস্রমপরিমিতানি যানি বদনাদীনি তৈরাঢ্যং সমৃদ্ধং মায়াময়ং

ক্রমসন্দর্ভঃ ।

ততশ্চ সমাধিনা প্রথমং তাবৎ তত্রৈব ব্রহ্মাখ্য সন্মাত্রত্বেন তমনুভূতবানিত্যাহ । সত্বিতি ॥ ৩৪ ॥
ততশ্চ সচ্চিদানন্দ রূপং তস্য বিগ্রহমপি দৃষ্টবানিত্যাহ এবমিতি । নমু কথং তলস্থবীজস্থানীয়স্য তস্য তত্রৈব দর্শনং তত্রাহ ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

তৎ সম্ভবঃ তদব্জজাতঃ কবি র্ব্রহ্মা অতোঽব্জাদন্যদপশ্যন্ তদ্বীজং স্বশক্ত্যোবোপাদান কারণং ত্বাং আত্মনি স্বস্মিন্ বিততং ব্যাপ্ত্যা সন্তমপি স্ববহিরেব বর্ত্তমানং বিচার্য্য অব্দশতং ব্যাপ্যাপ্স্বিষ্যন্নপি নাবিন্দৎ । যুক্তঞ্চৈতৎ । উ অহো অঙ্কুরে জাতে তত্র স্বাংশেন বর্ত্তমানমপি বীজং তত্রাঙ্কুরেধিকরণে কথং উপলভেত কিন্তু তত্তলে এব উপলভেতেত্যর্থঃ । কমল শূরণাদীনামঙ্কুরেষূৎপদ্যোৎপদ্য নষ্টেষ্বপি বীজনাশাদৃষ্টেঃ । তত্তলস্ত তদানীং ব্রহ্মণোঽগম্যমেবাসীদিতি ভাবঃ ॥ ৩৩ ॥

আশ্রিতঃ অন্বেষণান্নিবৃত্ত্য অজমেবাশ্রিতঃ সন্ তীব্র তপসা ত্বদীয় ধ্যানেন আত্মনি স্বদেহে এব ভুবি কার্য্যভূতায়াং স্থিতং কারণগন্ধমিব ত্বাং দদর্শ ॥ ৩৪ ॥

এবমনেন প্রকারেণ সহস্রমপরিমিতানি যানি বদনাদীনি তৈরাঢ্যং মহাপুরুষং চিদানন্দবিগ্রহং যতো মায়াময়ং স্বরূপ ভূতয়া নিত্যা শক্ত্যা মায়াখ্যয়া যুতঃ । অতো মায়াময়ং বিষ্ণুং প্রবদন্তি মনীষিণ ইতি শ্রুতিঃ । যদ্বা । মায়য়া জীবস্যাবিদ্যায়া আময়ং রোগমিব বিনাশকং সন্ সমুচিতত্বেনোত্তমঃ উপ আধিক্যেন লক্ষিতঃ সামুদ্রক লক্ষণাঙ্কিতঃ সন্নিবেশো নয়ন গ্রীবাদি

হে ঈশ ! সেই পদ্ম হইতে উদ্ভূত হইয়া ব্রহ্মা তদ্ভিন্ন অন্য কোন বস্তু দেখিতে পান নাই । যদিও উপাদান কারণরূপী আপনি তাঁহার দেহে ব্যাপ্ত ছিলেন তথাচ আপনাকেও জানিতে পারেন নাই, শত বৎসর পর্য্যন্ত জলমগ্ন হইয়াছিলেন । ভগবন্ ! ব্রহ্মা কি প্রকারে জানিবেন, অঙ্কুর উৎপন্ন হইলে কি কখন বীজ দৃষ্ট হয় ? ॥ ৩৩ ॥

পরন্তু আপনার উপাসনায় কি না হয় ? পরে সেই ব্রহ্মা বিস্মিত হইয়া সেই পদ্ম আশ্রয় করত বহুকাল তীব্র তপস্যা করিলে শুদ্ধচিত্ত হইয়া, যদ্রূপ ভূমিতে সূক্ষ্ম গন্ধ বিতত তাহার ন্যায়, ভূত ইন্দ্রিয় মায়াময় আত্মায় সন্মাত্র রূপে বর্ত্তমান আপনাকে দেখিতে পান ॥ ৩৪ ॥

তৎকালে আপনার সহস্র বদন, সহস্র চরণ, সহস্র মস্তক, সহস্র হস্ত, সহস্র উরু, সহস্র নাসিকা, সহস্র কর্ণ এবং সহস্র নয়ন হইয়াছিল । আর আপনি সহস্র সহস্র আভরণ ও সহস্র সহস্র অস্ত্রে সমৃদ্ধ হইয়াছিলেন পরন্তু আপনার ঐ রূপ মায়া জনিত, যে হেতু পাতালাদি প্রপঞ্চ দ্বারা পদাদি

মায়াময়ং সদুপলক্ষণসন্নিবেশং দৃষ্ট্বা মহাপুরুষমাপ মুদং বিরিঞ্চঃ ॥ ৩৫ ॥
তস্মৈ ভবান্ হয়শিরস্তনুবং হি বিভ্রদ্বেদদ্রুহাবতিবলৌ মধুকৈটভাখ্যৌ।
হত্বানয়চ্ছ্রুতিগণাংশ্চ রজস্তমশ্চ সত্ত্বং তব প্রিয়তমাং তনুমামনন্তি ॥ ৩৬ ॥
ইত্থং নৃতির্য্যগৃষিদেব ঝষাবতারৈর্লোকান্ বিভাবয়সি হংসি জগৎ প্রতীপান্।
ধর্ম্মং মহাপুরুষ পাসি যুগানুবৃত্তং ছন্নঃ কলৌ যদভবস্ত্রিযুগোঽথ স ত্বং ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

মায়াপ্রধানং সতা প্রপঞ্চেন পাতালাদিনোপলক্ষ্যতে সন্নিবেশঃ পাদাদি রচনা যস্য ॥ ৩৫ ॥

তদাচ ভবাং স্বস্যানুগ্রহং কৃতবানিত্যাহ তস্মা ইতি। হয়গ্রীবমূর্ত্তিং বিভ্রৎ সন্ রজস্তমো রূপৌ মধুকৈটভাখ্যৌ হত্বা তস্মৈ শ্রুতিগণান্ সমর্পিতবান্। তত্র হেতুঃ সত্ত্বমিতি ॥ ৩৬ ॥

একত্বমেব ইত্যাদিভিরষ্টভিঃ শ্লোকৈর্যদুক্তং পক্ষপাতেন রক্ষণং তদ্বিপক্ষবধশ্চ সত্ত্বোপাধিতো ন স্বত ইতি তদুপসংহরতি ইত্থমিতি বিভাবয়সি পালয়সি হংসি ঘাতয়সি। কলৌ তু তন্ন করোষি যতস্তদা ত্বং ছন্নোঽভবঃ যতস্ত্রিষেব যুগেষ্বাবির্ভাবাৎ স এবং ভূতস্ত্বং ত্রিযুগ ইতি প্রসিদ্ধঃ ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

এবং সমাধৌ বিততত্বানুভব প্রকারেণৈবেতি তদ্বিগ্রহস্য মধ্যম পরিমাণ তয়া দৃশ্যমাণত্বেপি বিভুত্বানুভবাদিতি ভাবঃ। মায়াময়ং প্রচুরতচ্ছক্তিমিতি প্রপঞ্চাধিষ্ঠাতৃত্বাৎ ॥ ৩৫ । ৩৬ ॥

তত্র তত্র সাক্ষাদবতীর্য্য তৎ পালনত্বেনোপসংহরতি। ইত্থমিতি ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিন্যাসো যস্য তৎ। যদ্বা। তমেব কারণ কার্য্যয়োরৈক্যাৎ সতা প্রপঞ্চেন পাতালাদিনা উপলক্ষিতঃ সন্নিবেশঃ পাদাদি রচনা যস্য তথা ভূতং বৈরাজং মায়াময়ং দৃষ্ট্বেতি সম্বন্ধঃ ॥ ৩৫ ॥

স্বভক্তং তঞ্চ পুনঃ পুনরবতীর্য্য ত্বমরক্ষীরিত্যাহ তস্মৈ ইতি। হয়গ্রীবমূর্ত্তিং দধৎ শ্রুতি গণান্ অনয়ৎ তস্মৈ সমর্পয়ামাস। মধুকৈটভাখ্যৌ কীদৃশৌ রজস্তম স্বভাবাবিত্যর্থঃ। তয়োর্হননে হেতুঃ। সত্ত্বমিতি যদ্যপি গুণমাত্র এবোদাসীনস্তু হরেঃ সত্ত্ব গুণেন প্রিয়োপি। তদপি তৎ স্বরূপ ভূতে শুদ্ধসত্বে সত্ত্বগুণস্য প্রাতিকূল্যাভাবদর্শনাদেব প্রিয়তমত্বমুৎপ্রেক্ষিতং। নতু বস্তুতঃ প্রিয়তমত্বমপি। কিন্তু সাত্ত্বিক লোক পক্ষপাতি ত্বমেব তব তাদৃশোৎপ্রেক্ষায়াং হেতুঃ। অতঃ শিষ্টপালনার্থমেব তব দুষ্ট নিগ্রহো যত্তৎ খলু গুণানামেব স্বভাবো নতু বস্তুত স্বয়ি বৈষম্যমিতি ভাবঃ ॥ ৩৬ ॥

যথা বিরিঞ্চস্য কৃতে হয়গ্রীবাবতার স্তথৈবান্যেষামপি ভক্তানাং কৃতে অন্যেপ্যবতারা ইত্যাহ ইত্থমিতি বিভাবয়সি পালয়সি হংসি ঘাতয়সি যুগে যুগে অনুরূপং বৃত্তং চরিত্রং যস্য সঃ যদযস্মাৎ ত্বং কলৌ ছন্নঃ অন্যদীয়রূপভাবাভ্যাং বহিরাচ্ছন্নঃ অতএব ত্বং ত্রিযুগ ইতি প্রসিদ্ধঃ। সত্যাদি যুগত্রয়এব স্বস্য প্রখ্যাপনাৎ নতু কলাবিত্যর্থঃ। অতএবাগ্রে তৎ প্রমাণ বচনমপ্যর্থা-ন্তরাচ্ছন্ন তত্রৈব বক্ষ্যতে। নানাতন্ত্র বিধানেন কলাবপি তথা শৃণু। কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্র পার্ষদং। যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈ র্যজন্তি হি সুমেধসঃ ইতি ॥ ৩৭ ॥

রচনা হইয়াছিল। হে মহাপুরুষ! আপনার ঐ রূপ দর্শন করিয়া ব্রহ্মার সুমহৎ হর্ষ হয় ॥ ৩৫ ॥

হে ভগবন্! তৎকালে ঐ রূপে আপনি ব্রহ্মার প্রতি বিস্তর অনুগ্রহ করেন, কেন না হয়গ্রীব মূর্ত্তি ধারণ করিয়া দেবদ্রোহি বরোন্মত্ত মধুকৈটভ নামক অসুরদ্বয়ের বধ করিয়া তাঁহাকে শ্রুতিগণ এবং রজস্তমঃ সমর্পণ করেন। প্রভো! ঋষিরা বলেন সত্ত্বগুণ আপনার প্রিয়তম তনু ॥ ৩৬ ॥

হে মহাপুরুষ! আপনি এই প্রকারে মনুষ্য, তির্য্যক্ ঋষি, দেব মৎস্য ইত্যাদি অবতার দ্বারা লোক সকলের পালন এবং যে সমস্ত ব্যক্তি জগতের প্রতিকূল, তাহাদিগের বিনাশ আর যুগে যুগে যে ধর্ম্ম অনুবৃত্ত, তাহা পরিরক্ষা করেন, কিন্তু কলিযুগে আপনি ছন্ন হইয়াছিলেন ঐ যুগে ঐ সকল করেন নাই, ফলতঃ আপনি তিন যুগে আবির্ভূত হয়েন অতএব ত্রিযুগ বলিয়া প্রসিদ্ধ হইয়াছেন ॥৩৭॥

নৈতন্মনস্তব কথাসু বিকুণ্ঠনাথ সংপ্রীয়তে দুরিত দুষ্টমসাধু তীব্রং ।
কামাতুরং হর্ষশোকভয়ৈষণার্ত্তন্তস্মিন্ কথং তব গতিং বিমৃষামি দীনঃ ॥ ৩৮ ॥
জিহ্বৈকতোঽচ্যুতবিকর্ষতি মাবিতৃপ্তা শিশ্নোঽন্যতস্ত্বগুদরং শ্রবণং কুতশ্চিৎ ।
ঘ্রাণোঽন্যতশ্চপলদৃক্ ক্ব চ কর্ম্মশক্তি র্বহ্ব্যঃ সপত্ন্য ইব গেহপতিং লুনন্তি ॥ ৩৯ ॥
এবং স্বকর্ম্মপতিতং ভববৈতরণ্যামন্যোন্য জন্ম মরণাশন ভীত ভীতং ।

শ্রীধরস্বামী ।

তদেব ভগবন্তং স্তুত্বা নিরূপ্য স্বস্যাচ তদ্বিচারাযোগ্যতাং নিবেদয়ন্ প্রার্থয়তে নৈতদিতি ত্রিভিঃ। অসাধু বহির্মুখং তীব্রং দুর্দ্ধর্ষং হর্ষ শোক ভয়ৈরেষণা ত্রয়েণ চার্ত্তং দুঃখিতমপি তৎকথাসু ন সংপ্রীয়তে তস্মিন্নেবং ভূতে মনসি সতি কথং তব তত্ত্বং বিচারয়ামি ॥ ৩৮ ॥

কিঞ্চ জিহ্বা অবিতৃপ্তা সতী ভো অচ্যুত মা মাং যতো মধুরাদি রসস্তত আকর্ষতি। উদরস্তু ক্ষুধা সন্তপ্তং সদ্য এব যৎ কিঞ্চিদাহারমাত্রং প্রতি চপলা দৃক্ চক্ষুঃ কর্ম্ম শক্তিঃ কর্ম্মেন্দ্রিয়াণি লুনন্তি ত্রোটয়ন্তি ॥ ৩৯ ॥

নকেবলমহমেক এব কষ্টাং দশামাপন্নঃ কিন্তু মহাজনোঽপ্যেবমেব ক্লিশ্যতি অতঃ সর্ব্বং জনং পালয় ইতি প্রার্থয়তে এবমিতি

ক্রমসন্দর্ভঃ ।

তদেবং তৎ কথামনূদ্য পূর্ব্ব পূর্ব্বজন্মস্বভাব মনুস্মৃত্য তচ্চ দৈন্যেনাস্মিন্ জন্মন্যারোপ্য তস্যামপ্যতিতৃষ্ণয়া তামসেবমানমিব মত্বা স্বমনস্তিরস্করোতি নৈতন্মন ইতি ॥ ৩৮ ॥

তদেব দুঃখ সাদৃশ্যেন জনদুঃখমনুস্মৃত্য কৃপা পরবশঃ স্বদুঃখমপ্যনাদৃত্য তদর্থমেব নিবেদয়তি জিহ্বৈকত ইতি দ্বাভ্যাং ॥৩৯।৪০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

তদেবং মুহুরপ্যবতীর্য্য ত্বং স্বীয়রূপ গুণ লীলামৃতং বর্ষসি তদপ্যস্মাকং পাপিষ্ঠং মন স্তত্র ন প্রীণাতি দুর্বিষয় গর্ত্তএব মুহুঃ পতিতি কিং কুর্ম্ম ইত্যাহ নৈতদিতি ত্রিভিঃ। তব রূপ গুণলীলাদীনাং কথাসু। নথতি সাধ্বীষপি কথাসু কিমিতি ন প্রীয়তে তত্রাহ দুরিতদুষ্টং যথাপিত্তদুষ্টা রসনা সিতাস্বিত্যর্থঃ। তীব্রং দুর্ব্বারং। এষণা ধনাদিবাসনা তস্মিন্ মনসি তব গতিং তত্ত্বং কথং বিমৃশামি যদ্যপি মহাভাগবতস্য প্রহ্লাদস্য মনো ন প্রাকৃতমেতাদৃশং তদীয়া গায়ন মহামৃত মগ্নচিত্ত ইত্যাদ্যৈশ্বোব্রিমোক্তে স্তদপি প্রেম্নো বিবিধ বিচিত্র তরঙ্গবত্ত্বেনাতিদৈন্যোদয়াদেব প্রেমিলোকস্যৈব মুক্তি র্নবিরুদ্ধ্যতে ॥ ৩৮ ॥

মনসো দুষ্টত্বেপি মৎ কীর্ত্তনাদিনা জনঃ কৃতার্থী ভবতীতি চেত্তত্রাহ জিহ্বা বাগিন্দ্রিয়ং রসনেন্দ্রিয়ঞ্চ অবিতৃপ্তা সতী ভো অচ্যুত মামাকর্ষতি গ্রাম্যকটুমিথ্যাদিপ্রলাপং প্রতি মধুরাদিরসং প্রতিচেতি ভাবঃ। অন্যত স্ততোপ্যন্যত্র কামিনীষু। ধর্ম্ম ধনোপার্জনাদাবন্য তাড়নাদৌ বা শক্তিঃ সামর্থ্যং লুনন্তি ত্রোটয়ন্ত্যত স্তং কীর্ত্তনাদাববকাশমেব ন প্রাপ্নোমীতি ভাবঃ ॥ ৩৯॥

ন কেবলমহমেক এব অপি তু সাংসারিকঃ সর্ব্বএব জনঃ ক্লিশ্যতীতি তদুদ্ধারং প্রার্থয়তে এবমিতি। ভব এব বৈতরণী।

হে বৈকুণ্ঠনাথ ! আমার এই মনঃ অধর্ম্মে দূষিত, সদাই বহির্মুখ প্রবৃত্ত, দুর্দ্ধর্ষ, কাম আতুর অতএব হর্ষ, শোক, ভয়, তথা আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক এই ত্রিবিধ দুঃখে পীড়িত হইয়াও আপনার কথায় প্রীত হয় না। প্রভো ! এতাদৃশ মনঃ সত্ত্বে আমি দীন, কি প্রকারে আপনার তত্ত্ব বিচার করিব ? ॥ ৩৮ ॥

অপর হে অচ্যুত ! জিহ্বা অতৃপ্তা হইয়া এক দিকে অর্থাৎ যে দিকে মধুরাদি রস সেই দিকে আমাকে আকর্ষণ করিতেছে, এই রূপ শিশ্ন অন্য দিকে, ত্বক্ আর এক দিকে আকর্ষণ করিতেছে। অপর উদর ক্ষুধায় সন্তপ্ত হইয়া সদ্যই যে কোন প্রকার আহারের প্রতি এবং শ্রবণ ঘ্রাণ ও চঞ্চল চক্ষুঃ ভিন্ন ভিন্ন বিষয়ের দিকে, তথা কর্ম্মেন্দ্রিয় সকল কোন স্থানে, যেমন সপত্নীগণ গৃহপতিকে আকর্ষণ করিয়া ব্যতিব্যস্ত করে তাহার ন্যায় আমাকে টানিয়া বিব্রত করিতেছে ॥ ৩৯ ॥

ভগবন্ ! এই রূপে সংসাররূপ বৈতরণী নদী মধ্যে কর্ম্ম দ্বারা পতিত এবং অন্যান্য হইতে যে সকল

পশ্যন্ জনং স্বপরবিগ্রহবৈরমৈত্রং হন্তেতি পারচর পীপৃহি মূঢ়মদ্য ॥ ৪০ ॥
কোঽন্বত্র তেঽখিলগুরো ভগবন্ প্রয়াস উত্তারণেঽস্য ভবসম্ভবলোপহেতোঃ।
মূঢ়েষু বৈ মহদনুগ্রহ আর্ত্তবন্ধো কিন্তেন তে প্রিয়জনাননু সেবতাং নঃ ॥ ৪১ ॥
নৈবোদ্বিজে পর দুরত্যয় বৈতরণ্যাস্তদ্বীর্য্যগায়নমহামৃতমগ্নচিত্তঃ।

শ্রীধরস্বামী।

ভবঃ সংসার এব বৈতরণী যমদ্বার নদী তস্যামন্তোঽন্ততো যানি জন্মাদীনি তেভ্যোঽতিভীতং। স্বেষাং পরেষাঞ্চ বিগ্রহেষু যথাযথং বৈরং মৈত্রঞ্চ যস্য এবং মূঢ়ং জনং পশ্যন্ ত্বং হে পারচর তস্যাঃ পারে স্থিত নিত্যমুক্ত হন্তেতি অহো কষ্টমিত্যেবমনুকম্প্য অদ্য পীপৃহি বৈতরণীমুত্তার্য্য পালয়ঃ ॥ ৪০ ॥

একেন ময়া কথং সর্ব্বজনস্তারণীয় ইতি চেত্তত্রাহ কোন্বিতি তেঽত্র সর্ব্বজনোত্তারণে প্রয়াস ন কোপি কুতঃ অস্য বিশ্বস্য ভব সম্ভব লোপানাং উৎপত্তিস্থিতিসংহারাণাং হেতো স্ততোপি কিমেতদ্দুষ্করমিতি ভাবঃ। উচিতঞ্চৈতদিত্যাহ মূঢ়েষ্বিতি। ত্বাঞ্চ ত্বদীয়াংশ্চ তারয়িষ্যামি ইদং দুরাগ্রহং মাকৃথা ইতি চেত্তত্রাহ তব যে প্রিয়জনা ভক্তা স্তান্ অনুসেবমানানাং নোঽস্মাকং তেনো-ত্তারণেন কিং কোঽতিপ্রয়াস ইহ নোঽসুরবালকানাং কোঽন্বত্র তে হ্খিলগুরো ভগবন্ প্রয়াসঃ। প্রহ্লাদ ইত্থমুপমন্ত্র্য মিথো নরাণামীশেন সখ্যমকরোদপনীয় মায়াং ॥ ৪১ ॥

বৎস প্রহ্লাদ ত্বাং তাবত্তারয়িষ্যামি তাবতৈব কৃতার্থঃ স্যাঃ কিমনেন নির্ব্বন্ধেনেত্যত আহ নৈবেতি। হে পর সর্ব্বোত্তম ত্বদ্বীর্য্য

ক্রমসন্দর্ভঃ।

তত্র স্বস্মিং স্তদতিকৃপণীয়ত্বাভিমানেন সপ্রণয়োপালম্ভমিবাপি নিবেদয়তি। কোন্বিতি ॥ ৪১ ॥

ননু মৎ প্রিয়জনসেবিনামপি ভবাদনুত্তীর্ণানাং তদুদ্বেগঃ স্যাদেবেত্যাশঙ্ক্য নহি নহীতি স্বং দৃষ্টান্তয়তি। নৈবেতি। ত্বদ্বীর্য্যাণাং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যমদ্বার নদী তস্যাং। স্বেষাং পরেষাঞ্চ বিগ্রহে যথাযথং বৈরং মৈত্র্যঞ্চ যস্য তং। হে পারচর এবম্ভূত বৈতরণ্যাঃ পারএব বিরচিত ক্রীড় ইতি হেতো হন্ত কৃপয়া পীপৃহি বৈতরণীমুত্তার্য্য পালয় ॥ ৪০ ॥

একেন ময়া কথং সর্ব্বোজনস্তারণীয় ইতি চেত্তত্রাহ কোন্বিতি। অখিলগুরৌ গুরুরূপধারিণা একেনাপি ত্বয়া পরঃ পরার্দ্ধেনাপি ভবিতুং সমর্থেন সর্ব্বএব জনো নিস্তার্য্যতামিতি ভাবঃ। নচৈতাবৎ সামর্থ্যং মে নাস্তীতি বাচামিত্যাহ অস্য বিশ্বস্য জন্ম স্থিতি সংহার কারণস্য যদি জন্মাদেঃ কারণমভূস্তদা উদ্ধারস্যাপি কারণং ভবিতুমর্হস্যেবেতি ভাবঃ। উচিত মেবৈতদিত্যাহ মূঢ়েষ্বিতি। ত্বাঞ্চ ত্বদীয়াংশ্চ তারয়িষ্যামি ইমমতি দুরাগ্রহং মাকৃথা ইতি চেত্তত্রাহ। তব যে প্রিয়জনা ভক্তা স্তাননুসেব মানানাং নোঽস্মাকং তেন ত্বৎ কর্ত্তৃকোত্তারণেন কিং ত্বদ্ভক্তসেবাপ্রভাবাৎ স্বয়মেব বয়ং তরিষ্যাম ইতি ভাবঃ ॥ ৪১ ॥

কিঞ্চাহং স্বার্থস্ত সংসার তরণং নৈবার্থয় ইত্যাহ নৈবেতি হে পর সর্ব্বশ্রেষ্ঠ বৈতরণ্যাঃ সকাশান্নোদ্বিজে। তত্র হেতুঃ ত্বদ্বী-

জন্মাদি তাহা হইতে অতিশয় ভীত জনকে স্বচক্ষে নিরীক্ষণ করিয়া অনুগ্রহ প্রকাশ পুরঃসর অদ্যই যম দ্বারস্থ বৈতরণী হইতে উত্তীর্ণ করিয়া রক্ষা করিতে আজ্ঞা হউক। প্রভো! এ জন আপনার ও অন্যের বিগ্রহে যথাযথ বৈর ও মিত্রতা করে, অতএব হে ভবনদীর পারস্থিত! এ ব্যক্তি অতি দীন, অতি মূঢ় ॥ ৪০ ॥

ভগবন্! আপনি অখিলের গুরু এবং এই বিশ্বের সৃষ্টি স্থিতি বিনাশের কারণ, আপনকার সর্ব্ব জনোত্তারণে আয়াস কি? অর্থাৎ সকল জনকে নিস্তার করা আপনকার দুষ্কর কর্ম্ম নহে। প্রভো! আপনি আর্ত্তজনের বন্ধু, মূঢ়জনেও আপনকার মহৎ অনুগ্রহ। আমরা আপনকার ভক্তজনের সেবক, আমাদিগের উদ্ধার ত আপনকার তুচ্ছ কর্ম্ম ॥ ৪১ ॥

হে সর্ব্বোত্তম! আপনকার বীর্য্য-গানরূপ মহৎ অমৃতে আমার চিত্ত মগ্ন হইয়াছে, তাহাতে আমি

শোচে ততো বিমুখচেতস ইন্দ্রিয়ার্থমায়াসুখায় ভরমুদ্বহতো বিমূঢ়ান্ ॥ ৪২ ॥
প্রায়েণ দেব মুনয়ঃ স্ববিমুক্তিকামা মৌনঞ্চরন্তি বিজনেন পরার্থনিষ্ঠাঃ।
নৈতান্ বিহায় কৃপণান্ বিমুমুক্ষ একো নান্যং ত্বদস্য শরণং ভ্রমতোহনুপশ্যে ॥ ৪৩ ॥
যন্মৈথুনাদি গৃহমেধিসুখং হি তুচ্ছং কণ্ডূয়নেন করয়োরিব দুঃখদুঃখং।

শ্রীধরস্বামী।

গায়নমেব মহামৃতং তস্মিন্ মগ্নং চিত্তং যস্য সোঽহং ভববৈতরণ্যা নৈবোদ্বিজে কিন্তু বিমূঢ়ান্ শোচামি তানেবাহ ততো মহামৃতাদ্বিমুখং চেতো যেষাং প্রত্যুত ইন্দ্রিয়ার্থনিমিত্তং যন্মায়াসুখং তদর্থং ভরং কুটুম্বাদি ভারমুদ্বহতঃ ॥ ৪২ ॥

ত্বং তাবন্মুক্তিং গৃহাণ তাংস্তু তত্ত্বজ্ঞা মুনয়ঃ উপদেক্ষ্যন্তীতি চেত্তত্রাহ প্রায়েণেতি। ন বিমুমুক্ষে বিমুক্তিং নেচ্ছামি তর্হ্যন্যং কমপি প্রার্থয়স্ব মামেব কিমিতি নির্ব্বধ্নাসীতি চেদত আহ ত্বত্তোঽন্যমস্য জনস্য শরণং ন পশ্যামি ॥ ৪৩ ॥

নন্বেতে স্ত্রীসম্ভোগাদিনা সুখিন এব নকৃপণা স্তত্রাহ যদিতি। করয়োঃ কণ্ডূয়নেন সংঘর্ষণৈব দুঃখ মনুদুঃখং যস্মিন্ তর্হি দুঃখত্বাদেব ততো নির্ব্বিদ্য মুচ্যেরন্ তত্রাহ কৃপণাঃ কামুকা বহুদুঃখ ভাজোপি ইহ গৃহমেধি সুখেন তৃপ্যন্তি অলমিতি ন মন্যন্তে কণ্ডূতিবৎ কামস্য দুঃসহত্বাৎ। নন্বু কেচিৎ কণ্ডূতিমপি সহন্তে কামঞ্চেত্তত্রাহ তৎ প্রসাদাত্তু কশ্চিদ্ধীর এব মনসিজং কামং বিসহন্তে নতু

ক্রমসন্দর্ভঃ।

যে গায়কাস্তং প্রিয়জনাস্তৎ সম্বন্ধি যন্মহামৃতং তদ্গান রূপমেব তত্র মগ্নং চিত্তং যস্য সোঽহং নৈবোদ্বিজে। অত্র পূর্ব্বং ত্রস্তোঽস্ম্যহমিত্যাদিকং যদুক্তং তৎ খলু স্বস্য তদ্বহির্মুখ সাঙ্গারোচকত্বেন। সংপ্রতি নৈবোদ্বিজ ইত্যাদিকং তৎ কথামৃত মাধুর্য্যাবিষ্টত্বেন। মধ্যে চ নৈতন্মন ইত্যাদিকমতিতৃষ্ণয়েতি বিবেচনীয়ং। ভাবানাং বিচিত্রগতিত্বাৎ ॥ ৪২ ॥

যথা শ্রীভগবন্তং কোঽত্র। ইত্যাদিকমুবাচ তথৈব মুনীনপি প্রত্যাহ। প্রায়েণেতি ॥ ৪৩। ৪৪। ৪৫। ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গৌতি কিন্তু বিমূঢ়ান্ শোচামি ইন্দ্রিয়ার্থ হেতুকং যন্মায়াময়ং সুখং তদর্থং ভরং কুটুম্বভরণাদি ভারমুদ্বহতঃ ॥ ৪২ ॥

ত্বং তাবন্মুক্তিং গৃহাণ তাংস্তু তত্ত্বজ্ঞা মুনয়ো মুক্তি সাধনমুপদেক্ষ্যন্তীতি চেত্তত্রাহ প্রায়েণেতি অহন্তু ন তথা বুভূষামীত্যাহ। নৈতানিতি ত্বত্তোঽন্যমস্য জনস্য শরণং ন পশ্যামি ॥ ৪৩ ॥

নন্বেতে স্ত্রীসম্ভোগাদিভিঃ সুখিন এব ন কৃপণা স্তত্রাহ যদিতি করয়োঃ কণ্ডূয়নেন সংঘর্ষেণৈব দুঃখমনুদুঃখং যত্র তৎ। তর্হি দুঃখত্বাদেব ততো নির্ব্বিদ্য মুচ্যেরংস্তত্রাহ। কৃপণাঃ কামুকাঃ বহুদুঃখভাজোপি ইহ গৃহমেধিসুখে দুঃখরূপে ন তৃপ্যন্তি অলমিতি নমন্যন্তে। কণ্ডূতিবৎ কণ্ডূতাবিবেত্যর্থঃ। নন্বু কশ্চিৎ কশ্চিত্ততো নির্ব্বিণ্ণোপি দৃশ্যতে সত্যং। ত্বৎ

দুষ্পার সংসার বৈতরণীকেও ভয় করি না, কিন্তু যে সকল মূঢ় ঐ মহামৃত হইতে বিমুখ হইয়া ইন্দ্রিয়ের বিষয় নিমিত্ত যে মায়া সুখ, তদর্থ কুটুম্বাদি ভার উদ্বহন করে, তাহাদিগকে দেখিয়া আমার অতিশয় শোক হয় ॥ ৪২ ॥

হে দেব! মুনিগণ প্রায় স্বীয় মুক্তি কামনা করিয়া বিজনে মৌনী হইয়া ভ্রমণ করেন, অন্যের নিমিত্ত তাঁহাদের যত্ন দেখিতে পাই না। ভগবন্! আমার সঙ্গী এই অসুর বালকগণ অতিশয় দীন, ইহাদিগকে পরিত্যাগ করিয়া একাকী মুক্ত হইতে আমার ইচ্ছা হয় না, আপনি অনুগ্রহ করুন। ভগবন্! ইহার নিমিত্ত অন্য কাহারও নিকট প্রার্থনা করিতে পারি না যে হেতু আপনা ব্যতীত কোন ব্যক্তিকে এই ভ্রান্ত লোকের পরিত্রাতা দেখি না ॥ ৪৩ ॥

প্রভো! এমত বলিতে পারিবেন না, যে ইহারা গৃহাশ্রমে স্ত্রীসম্ভোগাদি দ্বারা সুখ ভোগ করে, দীন নহে। ভগবন্! স্ত্রীসঙ্গাদি যে গৃহস্থ ধর্ম্মের সুখ তাহাতে করদ্বয়ের কণ্ডূয়নের ন্যায় দুঃখের পশ্চাৎ দুঃখই দৃষ্ট হয়। প্রভো! গার্হস্থ সুখ ঐ রূপ দুঃখাবসান, তাহাতে আসক্ত ব্যক্তিরা বহু

তৃপ্যন্তি নেহ কৃপণা বহু দুঃখভাজঃ কণ্ডূতিবন্মনসিজং বিষহেত ধীরঃ ॥ ৪৪ ॥
মৌনব্রতশ্রুততপোঽধ্যয়নস্বকর্ম্মব্যাখ্যারহোজপসমাধয় আপবর্গ্যাঃ।
প্রায়ঃ পরং পুরুষ তে ত্বজিতেন্দ্রিয়াণাং বার্ত্তা ভবন্ত্যত ন বাত্রতু দাম্ভিকানাং ॥ ৪৫ ॥
রূপে ইমে সদসতী তব বেদসৃষ্টে বীজাঙ্কুরাবিব ন চান্যদরূপকস্য।

শ্রীধরস্বামী।

সর্ব্বে তত্রাপি কণ্ডূতিবদিতি দৃষ্টান্তঃ ॥ ৪৪ ॥

নন্ন মৌনাদিভিঃ মোক্ষসাধনৈঃ সুলভৈব তেষামপি মুক্তিঃ তত্রাহ মৌনেতি। হে পুরুষ অন্তর্যামিন্ যে মৌনাদয়ো দশ আপবর্গ্যাঃ অপবর্গহেতবঃ প্রসিদ্ধাঃ। রহঃ বিবিক্ত বাসঃ তেতু প্রায়শোঽজিতেন্দ্রিয়াণাং ইন্দ্রিয়ভোগার্থং বিক্রীণতাং বার্ত্তা জীবনোপায়া ভবন্তি দাম্ভিকানান্তু বার্ত্তা উত অপি ভবন্তি বা নবা দম্ভস্যানিয়ত ফলত্বাৎ ॥ ৪৫ ॥

তজ্জ্ঞানস্ত ভক্তিং বিনা সকামৈ মৌনাদিভির্ন ভবতোবেত্যাহ রূপে ইতি ত্রিভিঃ। বীজাঙ্কুরাবিব প্রবাহাপন্নে ইমে সদসতী কার্য্যকারণে এব তে রূপে উপলক্ষণভূতে বেদেন সৃষ্টে প্রকাশিতে নচান্যৎ স্বসমবেতং গৌরত্বাদিকমিব দেবদত্তাদেঃ কুতঃ অরূপকস্য প্রাকৃত রূপাদি শূন্যস্য অতো যুক্তাঃ সংযতা এব ভক্তিযোগেন প্রত্যক্ষং ত্বামুভয়ত্র কার্য্যে কারণে চানুগতং পশ্যন্তি। মথনেন দারুষু বহ্নিমিব নান্যতঃ স্যাৎ জ্ঞানমিতি শেষঃ। যদ্বা জ্ঞানপ্রকারমাহ এতদুভয় মন্যতঃ প্রধান পরমাণ্বাদের্ন স্যাৎ স

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রসাদাদ্ধীরএব মনসিজং কামং দুঃখস্বরূপমেব বিষহতে নতু সর্ব্বে ॥ ৪৪ ॥

নন্ন ব্রাহ্মণানাং তাবন্মৌনাদিভি র্মোক্ষসাধনৈঃ স্বতএব সিদ্ধের্মোক্ষোপি স্বতএব সিদ্ধস্তত্রাহ মৌনেতি হে পুরুষ অন্তর্যামিন্ ত্বাং কিং বিজ্ঞাপয়ামীতি ভাবঃ। যে মৌনাদয়োদশ আপবর্গ্যা অপবর্গ হেতবঃ প্রসিদ্ধাঃ রহঃ বিবিক্ত বাসঃ। তেতু প্রায়শঃ অজিতেন্দ্রিয়াণাং বিষয়ভোগার্থমেব তান্ বিক্রীণতাং বার্ত্তা জীবনোপায়াএব ভবন্তি দাম্ভিকানান্তু বার্ত্তা অপি ভবন্তি নবা দম্ভস্যানিয়ত ফলত্বাৎ ॥ ৪৫ ॥

ত্বং প্রাপ্তিস্তু ভক্তিযোগং বিনা মৌনাদিভির্নৈব ভবতীত্যাহ রূপে ইতি ইমে সদসতী কার্য্যকারণে বীজাঙ্কুরাবিব প্রবাহাপন্নে সমষ্টি ব্যষ্টী তবৈব রূপে। নচ অন্যৎ সমষ্টি ব্যষ্ট্যাত্মকং বিশ্বমিদং ত্বত্তোভিন্নং ন ভবতি অরূপকস্য প্রাকৃত রূপ রহিতস্য তব। অতো যুক্তা বিবেকিনঃ ত্বাং উভয়ত্র সমষ্টৌ ব্যষ্টৌ চ বিচিন্বন্তে প্রাপ্তুমিষ্যন্তি যতস্ত্বং কারণত্বেনোভয়ত্র বর্ত্তসে ইতি ভাবঃ। যোগেন উপায়েন ভক্তিযোগেনৈব নচান্যতো জ্ঞানাদিনা ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইতি ত্বদুক্তেরিতি ভাবঃ। বহ্নি পক্ষে

দুঃখভাগী হইয়াও কণ্ডুয়নের ন্যায় ঐ সুখে পরিতৃপ্ত হয় না, আপনকার প্রসাদে কেবল কোন ২ ধীর ব্যক্তিই কণ্ডূতির ন্যায় কাম সহিষ্ণুতা করিতে পারে ॥ ৪৪ ॥

হে অন্তর্যামিন্! মৌন, ব্রত, শ্রুত, তপস্যা, অধ্যয়ন, স্বকর্ম্ম ব্যাখ্যা, নির্জনে বাস, জপ এবং সমাধি এই যে দশটী মোক্ষ সাধন বলিয়া প্রসিদ্ধ আছে, ইহারা প্রায় অজিতেন্দ্রিয় পুরুষদিগের জীবনোপায় হইয়া থাকে, দম্ভের ফল নিয়ত এক রূপ নহে, তাহাতে দাম্ভিক লোকদের পক্ষে ঐ সকল মৌনাদি কখন জীবনোপায় হইতে পারে কদাচিৎ না হইতেও পারে ॥ ৪৫ ॥

হে দেব! বীজ ও অঙ্কুরের ন্যায় এই সৎ ও অসৎ অর্থাৎ কারণ ও কার্য্য আপনার রূপ বলিয়া বেদে প্রকাশিত হইয়াছে বস্তুতঃ আপনি প্রাকৃত রূপাদি শূন্য, ইহাতে দেবদত্তাদির গৌরত্বাদি রূপের ন্যায় আপনকার অন্য রূপ নাই, অতএব জিতেন্দ্রিয় জনগণ ভক্তি যোগ দ্বারা কাষ্ঠ বহ্নির ন্যায়, কার্য্য ও কারণ উভয়েতেই আপনাকে অনুগত অবলোকন করেন। অভক্ত ব্যক্তিরা আপনাকে দেখিতে পায় না,। হে উরুগায়! ভগবন্! এই উভয় ( কার্য্য ও কারণ ) প্রধান অথবা পরমাণু

যুক্তাঃ সমন্বয়স্তু বিচক্ষতে যৎ যোগেন কিঞ্চিদিব বাক্তু নান্যতঃ স্যাৎ ॥ ৪৬ ॥
খং বায়ুরগ্নিরবনিঃ [illegible] তন্মাত্রাণি প্রাণেন্দ্রিয়াণি হৃদয়ং চিদনুগ্রহশ্চ ।
সর্ব্বং ত্বমেব সগুণো বিগুণশ্চ ভূমন্ নান্যৎ ত্বদস্ত্যপি মনো বচসা নিরুক্তং ॥ ৪৭ ॥
নৈতে গুণা ন গুণিনো মহদাদয়ো যে সর্ব্বে মনঃ প্রভৃতয়ঃ সহ দেবমর্ত্ত্যাঃ ।
আদ্যন্তবন্ত উরুগায় বিদন্তি হি ত্বামেবং বিমৃশ্য সুধিয়ো বিরমন্তি শব্দাৎ ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী ।

ঐক্য ইত্যাদি শ্রুতেঃ অতস্ত্বমেব কারণত্বাৎ সর্বানুস্যূত ইতি ॥ ৪৬ ॥

তদেবাহ খং বায়ুরিতি হৃদয়ং মনঃ চিৎ চিত্তং অনুগ্রহো অহঙ্কারঃ দেবতাবর্গো বা সগুণঃ স্থূলঃ বিগুণঃ সূক্ষ্মঃ মনশ্চ বচশ্চ মনোবচঃ তেন নিরুক্তং প্রকাশিতং কিমপি ত্বত্তোঽন্যন্নাস্তি ॥ ৪৭ ॥

অতস্ত্বাত্ত বস্তিষ্বনুগতমপি ত্বাং নজানন্তীত্যাহ । নৈতে ইতি এতে গুণাদ্যভিমানিনো দেবাঃ আদ্যন্তবন্তঃ জড়োপাধিত্বাৎ অনাদ্যন্তং নিরুপাধিং ত্বাং নবিদন্তি হি যস্মাৎ সুধিয়ো বিদ্বাংসঃ এবং বিচার্য্য শব্দাদধ্যয়নাদি ব্যাপারাৎ উপরমন্তি ত্বামেব সমাধিনা উপাসত ইত্যর্থঃ । তথাচ শ্রুতিঃ । কিমর্থা বয়মধ্যেষ্যামহে কিমর্থা বয়ং যক্ষ্যামহ ইতি নানুধ্যায়েদ্বহূন্ শব্দান্ বাচো বিগ্লাপনং হি তদিতিচ স্মৃতিশ্চ । যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিতরিষ্যতি । তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ ইত্যাদি ॥ ৪৮

ক্রমসন্দর্ভ ।

খমিতি । হৃদয়মন্তরিন্দ্রিয়ং । মনোবুদ্ধ্যহঙ্কার চিত্তাত্মকং । চিৎ তত্ত্বো জীবঃ । অনুগ্রহঃ স্বসম্মুখীকরণশক্তিঃ কিং বহুনা । সগুণো মায়িকঃ বিগুণস্তামায়িকঃ সর্ব্বার্থত্বমেবেতি ॥ ৪৭ । ৪৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

যোগেন মহনেন অতএব তক্রেত্যাত্র স্পষ্ট শব্দস্যাপ্রয়োগঃ ॥ ৪৬ ॥

উক্তমর্থং বিবৃণোতি খমিতি হৃদয়ং মনঃ । চিৎ চিত্তং অনুগ্রহোঽহঙ্কারকো দেবতাবর্গঃ সগুণঃ স্থূলঃ বিগুণঃ সূক্ষ্মঃ । মনশ্চ বচশ্চ মনোবচস্তেন নিরুক্তং প্রকাশিতং কিমপি ত্বত্তোঽন্যৎ নাস্তীতি ॥ ৪৭ ॥

অজ্ঞানং ত্বজ্ঞৈক্যৈব তবৈবস্তু শাস্ত্রাধ্যয়ন বুদ্ধিকৌশলাদিভিরিত্যাহ নৈতে ইতি যদ্যেতে ত্বাং নবিদন্তি তর্হি কৈবেন মনোবুদ্ধ্যাদিভিঃ শাস্ত্রাণাধ্যয়নাধ্যাপনাদিভি বিচার্য্য জীবাঃ কথং জানন্তীতি বিমৃশ্য শব্দাদধ্যয়নাদি ব্যাপারাদুপরমন্তি । তথাচ শ্রুতিঃ কিমর্থা বয়মধ্যেষ্যামহে কিমর্থা বয়ং যক্ষ্যাম ইতি । নানুধ্যায়েদ্বহূন্ শব্দান্ বাচোবিগ্লাপনং হি তদিতিচ । স্মৃতিশ্চ । যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতি তরিষ্যতি । তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চেত্যাদি ॥ ৪৮ ॥

প্রভৃতি হইতে কখন হইতে পারে না, অতএব আপনিই সকলের কারণ, আপনি সকল বস্তুতে অনুস্যূত হইয়া আছেন ॥ ৪৬ ॥

ফলতঃ বায়ু, অগ্নি, পৃথিবী, আকাশ, জল, পঞ্চ তন্মাত্র, প্রাণ, ইন্দ্রিয়, মনঃ, চিত্ত এবং অহঙ্কার এই সকলই আপনি । অপর হে ভূমন্ ! স্থূল, সূক্ষ্ম সকলি আপনি, মনঃ ও বাক্য দ্বারা প্রকাশিত কোন বস্তু আপনা হইতে ভিন্ন নাই ॥ ৪৭ ॥

পরন্তু আপনি এই প্রকারে আপনাতে অনুগত থাকিলেও যে হেতু গুণ সকল (গুণাধিষ্ঠাত্রী দেবতা গণ) গুণিগণ (ব্রহ্মাদি) মহদাদি, মনঃ প্রভৃতি তথা দেবতা, মনুষ্য ইহারা সকলেই জড়োপাধি, আদি ও অন্ত বিশিষ্ট, সুতরাং নিরুপাধি যে আপনি, আপনাকে জানিতে পারে না । এই কারণে বিদ্বান্ ব্যক্তিরা বিচার করিয়া অধ্যয়নাদি ব্যাপার হইতে বিরত হইয়া থাকেন অর্থাৎ অধ্যয়নাদি বিসর্জন পূর্ব্বক সমাধিযোগে আপনকার উপাসনা করেন ॥ ৪৮ ॥

ততেঽর্হত্তম নমঃ স্তুতি কর্ম্ম পূজাঃ কর্ম্মস্মৃতিশ্চরণয়োঃ শ্রবণং কথায়াং।
সংসেবয়া ত্বয়ি বিনেতি ষড়ঙ্গয়া কিং ভক্তিং জনঃ পরমহংসগতৌ লভেত ॥ ৪৯ ॥

শ্রীনারদ উবাচ ॥

এতাবদ্বর্ণিত গুণো ভক্ত্যা ভক্তেন নির্গুণঃ। প্রহ্লাদং প্রণতং প্রীতো যতমন্যুরভাষত ॥ ৫০ ॥

শ্রীভগবানুবাচ ॥

প্রহ্লাদ ভদ্র ভদ্রন্তে প্রীতোঽহন্তে সুরোত্তম। বরং বৃণীষ্বাভিমতং কামপূরোঽস্ম্যহং নৃণাং ॥৫১ ॥

শ্রীধরস্বামী।

উপসংহরতি তদিতি হে অর্হত্তম নমঃ স্তুতি কর্ম্ম পূজাঃ প্রণিপাত স্তুতি সর্ব্ব কর্ম্মার্পণানি কর্ম্মচ পরিচর্য্যা চরণয়োঃ স্মৃতিঃ কথায়াং শ্রবণমেতেষ্বেবং ষড়ঙ্গয়া সম্যক্ সেবয়া বিনা পরমহংসানাং গতৌ প্রাপ্যে ত্বয়ি জনঃ কথং ভক্তিং লভেত যস্মাদেবং ভক্তিং বিনা ন মোক্ষঃ নচ ভক্তিঃ সেবয়া বিনা অতঃ প্রাক্ প্রার্থিতং দাস্যযোগমেব দেহীতি প্রকরণার্থঃ ॥ ৪৯ ॥

এতাবতা বর্ণিতা গুণা যস্য। যতমন্যুঃ উপসংহৃতকোপঃ ॥ ৫০ ॥

কামান্ পূরয়তীতি তথা যদ্বা পুরুষার্থ প্রদাতোঽস্মীত্যর্থঃ ॥ ৫১ ॥

ক্রমসন্দর্ভঃ।

কর্ম্ম পূজা পরিচর্য্যা কর্ম্ম স্মৃতি লীলাস্মরণং। চরণয়োরিতি সর্ব্বত্রান্বিতং ভক্তিব্যঞ্জকং। তস্মাৎ সর্ব্ব কৃতার্থতামূল স্বং প্রেমভক্তি সংপাদনীং ষড়ঙ্গাং সংসেবামেব সর্ব্বেভ্যোপি দেহি। অহঞ্চ যতস্ত কৃপয়া সাক্ষাদঙ্ঘ্রি মূল প্রাপ্তৌ যৎসাক্ষাদ্দাস্য যোগাদৌ বা কৃতার্থতামাপন্নোপি তেনৈব কৃতার্থতাং মংস্যে ইতি। ব্রহ্মাদিষু প্রসাদোবঃ প্রথমং প্রার্থিতস্যাপি কৈমুত্যেন গমিতত্বাৎ সর্ব্ব প্রার্থনা বাক্যৈক বাক্যত্বে সিদ্ধে তদনুগতানামন্যেষামপি বাক্যানাং তৎ স্বতঃসিদ্ধং ॥ ৪৯ ॥

গুণাঃ কারুণ্যাদয়ঃ তত্ত্বদানাদি ক্রিয়াশক্তি রূপাশ্চ ॥ ৫০ ॥

তদেবং শ্রীমৎ প্রহ্লাদস্য সর্ব্বজীব গতাং কৃপামনুমোদমান স্তত্তাশ্চ পূরকং স এতৎ কীর্ত্তয়েদিতি পর্য্যন্তমাশংসনং করিষ্যন্-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্তুতিমুপসংহরতি তদিতি। যস্মাদধ্যয়নাদিভি স্বজ্ঞানং সতবেত্তস্মাজ্জ্ঞানার্থমাগ্রহং পরিত্যজ্য সর্ব্ব পুরুষার্থ সারং প্রেমঃ সাধনার্থমেব যতেতেত্যাহ। হে অর্হত্তম নমোনমস্কারশ্চ স্তুতি কর্ম্ম স্তব করণঞ্চ। পূজা অর্চ্চনঞ্চ তাঃ কর্ম্ম পরিচর্য্যা। চরণয়োঃ স্মৃতিশ্চ। কথায়াং শ্রবণমেতেষ্বেবং ষড়ঙ্গয়া সেবয়া ভক্ত্যা বিনা ত্বয়ি কিং ভক্তিং প্রেমাণং লভেত নৈব লভেতেত্যর্থঃ। পরমহংসানাং জ্ঞানিনাং গতির্মুক্তি র্যস্মাত্তস্মিন্নিতি কথঞ্চিদ্ভক্তি মিশ্রজ্ঞানেন মুক্তিমেব লভেতেতি ভাবঃ। তস্মাৎ সর্ব্ব কৃতার্থতা মূল স্বং প্রেমভক্তি সম্পাদিনীং ষড়ঙ্গাং সংসেবামেব সর্ব্বেভ্যোপি দেহি সা দুর্ল্লভাচেৎ মুক্তিমেব দত্ত্বা সংসার দুঃখাত্তাবৎ সর্ব্বাং স্ত্রায়স্ব। অহন্তু যত্তৎসেবয়ৈব কৃতার্থীকৃত এব বর্ত্তে ইতি ন কাচিচ্চিন্তেতি ভাবঃ ॥ ৪৯ ॥

গুণাঃ কারুণ্যাদয়ঃ নির্গুণঃ প্রাকৃত গুণরহিতঃ। যতমন্যুঃ মন্তক্তায় প্রহ্লাদায়াপি ক্রুদ্ধতীতি যো দুর্ব্বারোমন্যুরভূৎ স প্রহ্লাদস্যানন্দ বর্দ্ধনাদুপশান্ত ইত্যর্থঃ ॥ ৫০ ॥

অভিমতং বৃণীষ্বেতি ময়ি ভৃত্যবৎসলে পরমোদার চূড়ামণৌ কঃ সঙ্কোচ ইতি ভাবঃ। যেষাং কৃতে ত্বং মাং প্রার্থয়সে তেষা-

অতএব হে পূজ্যতম! নমস্কার, স্তব, কর্ম্মার্পণ, অর্চ্চন, চরণ স্মরণ ও কথা শ্রবণ এই ষড়ঙ্গ সেবা ব্যতিরেকে, পরমহংসদিগের প্রাপ্য যে আপনি, আপনাতে লোক কি প্রকারে ভক্তি লাভ করিবে? প্রভো! এই প্রকারে যে হেতু ভক্তি ব্যতিরেকে মুক্তি হয় না এবং বিনা সেবায় ভক্তি দুঃসাধ্য, অতএব আমি প্রথমে যে দাস্য প্রার্থনা করিয়াছি তাহাই আমাকে প্রদান করিতে আজ্ঞা হউক ॥ ৪৯ ॥

নারদ কহিলেন ভক্ত এই প্রকারে ভক্তি পূর্ব্বক গুণ বর্ণন করিলে সেই নির্গুণ নৃসিংহ কোপ উপসংহার করিয়া প্রীতি প্রকাশ পূর্ব্বক প্রণত প্রহ্লাদের প্রতি নিম্ন লিখিত বচন প্রয়োগ করিলেন ॥৫০

ভগবান্ কহিলেন হে ভদ্র প্রহ্লাদ! তুমি অসুরের মধ্যে উত্তম, তোমার মঙ্গল হউক, আমি

মামপ্রীণত আয়ুষ্মন্ দর্শনং দুর্লভং হি মে। দৃষ্ট্বা মাং ন পুনর্জন্তুরাত্মানং তপ্তুমর্হতি ॥ ৫২ ॥

প্রীণন্তি হ্যথ মাং ধীরাঃ সর্বভাবেন সাধবঃ। শ্রেয়স্কামা মহাভাগ সর্বাসামাশিষাং পতিং ॥ ৫৩ ॥

শ্রীনারদ উবাচ ॥

এবং প্রলোভ্যমানোঽপি বরৈর্লোকপ্রলোভনৈঃ। একান্তিত্বাদ্ভগবতি নৈচ্ছত্তানসুরোত্তমঃ ॥ ৫৪॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তম ১১ প্রহ্লাদানু-
চরিতে নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

শ্রীধরস্বামী।

অপ্রীণতঃ অপ্রীণয়তঃ। তপ্তুং অপূর্ণকামত্বেন শোচিতুং ॥ ৫২ ॥

প্রীণন্তি তোষয়ন্তি ॥ ৫৩ ॥

একান্তিত্বাৎ নিরুপাধিভক্তত্বাৎ ॥ ৫৪ ॥

॥ * ॥ ইতি সপ্তমে নবমঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

ভীষ্টাস্তরমর্থয়িতুমুৎসাহয়তি। অভিমতমন্যমন্যমপি বরং ॥ ৫১ । ৫২ ॥

অথ অতএব অভিমত বরেচ্ছাত এব ॥ ৫৩ ॥

এবং পূর্ব্বোক্ত প্রকারেণ বরৈঃ স্বয়মেব নির্দ্দিষ্টৈঃ ॥ ৫৪ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত সপ্তমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে নবমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মপি নৃণামহং কামপূরোঽস্মি পুরুষার্থ প্রবাহ রূপএব বর্ত্তে কিং পুনরেকাং মুক্তিমেব দদে ইতি ভাবঃ। তেন প্রহ্লাদবুদ্ধি রিয়মী কৃতা স্তাৎকালিকা জীবা নিস্তীর্ণা এব জীবানামানন্ত্যাৎ তদন্যৈরেব জীবৈ স্তদনন্তরং ব্রহ্মাণ্ডমপূরীতি জ্ঞেয়ং ॥ ৫১ ॥

অপ্রীণতঃ অপ্রীণয়তঃ তপ্তুমপূর্ণকামত্বেন শোচিতুং ॥ ৫২ ॥

প্রীণন্তি প্রীণয়ন্তি। মাংপ্রতি তুষ্যন্তীতি বা। সর্ব্ব ভাবেন দাস্য সখ্যাদিনা ॥ ৫৩ ॥

একান্তিত্বাৎ একান্তিনো মত্ত ন কঞ্চনার্থং বাঞ্ছন্তীতি তল্লক্ষণাৎ ॥ ৫৪ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। সপ্তমে নবমোধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

তোমার প্রতি প্রীত হইলাম, আপনার অভিলষিত বর প্রার্থনা কর। অহে সাধু। আমিই মানবদিগের অভিলাষ পূর্ণ করিয়া থাকি ॥ ৫১ ॥

হে আয়ুষ্মন্! যে ব্যক্তি আমার প্রীতি না জন্মায় তাহার পক্ষে আমার দর্শন অতিশয় দুর্লভ। কিন্তু আমার দর্শন পাইলে অপূর্ণ কাম বলিয়া কোন ব্যক্তিকে শোক করিতে হয় না ॥ ৫২ ॥

অতএব হে মহাভাগ! ধীর সাধুগণ শ্রেয়স্কাম হইয়া সকল কল্যাণপতি যে আমি, সর্ব্বতোভাবে আমার সন্তোষ জন্মাইয়া থাকেন ॥ ৫৩ ॥

নারদ কহিলেন যে সমস্ত বরে সকল লোকেরই লোভ জন্মে তাদৃশ বহু ২ বর দ্বারা উক্ত রূপে লোভ প্রদর্শন করিলেও অসুরোত্তম প্রহ্লাদ নিরুপাধি ভক্ত, একারণ ঐ সকলের কিছুই বাঞ্ছা করিলেন না ॥ ৫৪ ॥

॥ * ॥ ইতি সপ্তমে নবমাধ্যায় ॥ * ॥

শ্রীনারদ উবাচ ॥

ভক্তিযোগস্য তৎ সর্ব্বমন্তরায়তয়ার্ভকঃ। মন্যমানো হৃষীকেশং স্ময়মান উবাচ হ ॥ ১ ॥

শ্রীপ্রহ্লাদ উবাচ ॥

মা মাং প্রলোভয়োৎপত্ত্যা সক্তং কামেষু তৈর্ব্বরৈঃ। তৎসঙ্গভীতো নির্ব্বিণ্ণো মুমুক্ষুস্ত্বামুপাশ্রিতঃ ॥২॥

ভৃত্যলক্ষণজিজ্ঞাসুর্ভক্তং কামেষ্বচোদয়ৎ। ভবান্ সংসারবীজেষু হৃদয়গ্রন্থিষু প্রভো ॥ ৩ ॥

নান্যথা তেঽখিলগুরো ঘটতে করুণাত্মনঃ। যস্ত আশিষ আশাস্তে ন স ভৃত্যঃ স বৈ বণিক্ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

দশমে ত্বনুগৃহ্যামুং ভক্তমন্তর্হিতে হরৌ। প্রসঙ্গাদ্ধরিণা রুদ্রে কৃতোঽনুগ্রহ ঈর্য্যতে ॥ ০ ॥

তৎ সর্ব্বং বরজাতং ॥ ১ ॥

উৎপত্ত্যা স্বভাবেনৈব সক্তং মাং তেষাং কামানাং সঙ্গাৎ ভীতঃ ॥ ২ ॥

ননু কিমহং ভক্তং প্রলোভয়ামি নহি নহি কিন্তু বরং বৃণীষ্বেতি বদত স্তবাভিপ্রায়োঽন্যএব ইত্যাহ ভৃত্যলক্ষণেতি। হৃদয়স্য গ্রন্থিবদ্বন্ধকেষু ॥ ৩ ॥

অন্যথানর্থ সাধনেষু প্রবর্ত্তনং ন ঘটেতেত্যর্থঃ কথমেবং ভৃত্যলক্ষণজ্ঞানং স্যাৎ তত্রাহ য ইতি। তে তব ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

মুমুক্ষুস্তান্ কামান্ ত্যক্তুমিচ্ছুঃ ॥ ১। ২ ॥

ভৃত্যেতি সার্দ্ধকং। ভৃত্যস্য লক্ষণং অসাধারণ ধর্ম্মং জিজ্ঞাসুর্লোকেষু জ্ঞাপয়িতুমিচ্ছুরিত্যর্থঃ ॥ ৩ ॥ যস্ত ইত্যর্দ্ধকং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রহ্লাদায় বরং দত্বা দশমেঽন্তর্হিতে হরৌ। তচ্চৈবানুগ্রহাদীশঃ পুরভিন্মো দদাহ সঃ ॥ ০ ॥

তৎ সর্ব্বং বরজাতং স্ময়মান ইতি মাং বালকমজ্ঞং প্রলোভয়ন্ প্রভুরয়ং মদ্বুদ্ধিং পরীক্ষতে ইতি বিচারয়োথং স্মিতং ॥ ১ ॥

উৎপত্ত্যা স্বভাবেনৈব ধৈর্ব্বৈর্বরদানৈ স্তেষাং কামানাং সঙ্গাদ্ভীতঃ। অতএব মুমুক্ষু স্তান্ কামান্ মোক্তুমিচ্ছুঃ ॥ ২ ॥

ননু কিমহং ভক্তং প্রলোভয়ামি নহি নহি স্বভক্তস্য সর্ব্বোৎকৃষ্টাং নিষ্ঠাং লোকে খ্যাপয়সীত্যাহ। ভৃত্যেতি ময়া দীয়মানান্ বরান্ কথং ন গৃহ্নাসীত্যুক্তে মদ্ভৃত্যএব মদ্ভৃত্যস্য লক্ষণং কথয়িষ্যতীত্যভিপ্রায়স্তবাবগম্যত ইতি ভাবঃ। প্রভুরিতি। সর্ব্বজ্ঞস্য তব জিজ্ঞাসা নোপপদ্যতে ইত্যতঃ সর্ব্বান্ জ্ঞাপয়িতুমেবেতি ভাবঃ। অখিল গুরোঃ সর্ব্ব হিতোপদেষ্টু স্তব ব্রহ্মরুদ্রাদীনামিবেতি ভাবঃ ॥ ৩ ॥

তর্হি হি ভৃত্য লক্ষণমিতি চেৎ স্বামি ভৃত্যয়োরুভয়োরপি লক্ষণং ব্রবীমীত্যাহ য ইতি তে তবতঃ বণিগিতি ভৃত্যং কিঞ্চিৎ পত্রপুষ্প

দশমাধ্যায়ে পরম ভক্ত প্রহ্লাদের প্রতি অনুগ্রহ করিয়া ভগবান্ নৃহরির অন্তর্দ্ধান এবং প্রসঙ্গতঃ রুদ্রের প্রতি অনুগ্রহ বিবরণ ॥ ০ ॥

নারদ কহিলেন ভগবান্ হৃষীকেশ যে ২ বর দিতে চাহিলেন, বালক প্রহ্লাদ সে সকলকে ভক্তি যোগের অন্তরায় ( বিঘ্ন ) অনুমান করিয়া বিস্ময় প্রকাশ পূর্ব্বক কহিলেন ॥ ১ ॥

প্রহ্লাদ কহিলেন ভগবন্! আমি স্বভাবতঃ কামাসক্ত, আবার এই সকল বর দ্বারা কামের প্রতি লোভ দেখাইবেন না, আমি কাম সঙ্গ হইতে ভীত হইয়া নির্ব্বিণ্ণ চিত্তে মুক্তি বাসনায় আপনকার শরণাপন্ন হইতেছি ॥ ২ ॥

প্রভো! আমার বোধ হয় আপনি ভৃত্য লক্ষণ জিজ্ঞাসু হইয়া সংসারের বীজ এবং হৃদয় গ্রন্থিবৎ বন্ধক কাম সকলে আমাকে প্রেরণ করিতেছেন ॥ ৩ ॥

নচেৎ আপনি অখিল গুরু, করুণাময়, আপনকার এ প্রকার অনর্থ সাধনে প্রবৃত্তি দান ঘটিতে

আশাসানো নবৈ ভৃত্যঃ স্বামিন্যাশিষ আত্মনঃ। ন স্বামী ভৃত্যতঃ স্বাম্যমিচ্ছন্ যো রাতি চাশিষঃ ॥৫॥

অহং ত্বকামস্ত্বদ্ভক্তস্ত্বঞ্চ স্বাম্যনপাশ্রয়ঃ। নান্যথেহাবয়োরর্থো রাজসেবকয়োরিব ॥ ৬ ॥

যদি দাস্যসি মে কামান্ বরাংস্ত্বং বরদর্ষভ। কামানাং হৃদ্যসংরোহং ভবতস্তু বৃণে বরং ॥ ৭ ॥

ইন্দ্রিয়াণি মনঃ প্রাণ আত্মা ধর্ম্মো ধৃতির্ম্মতিঃ। হ্রীঃ শ্রী স্তেজঃ স্মৃতিঃ সত্যং যস্য নশ্যন্তি জন্মনা ॥৮॥

**শ্রীধরস্বামী।**

নমু কামনয়াপি সেব্যসেবকয়োঃ স্বামিভৃত্যভাবঃ প্রসিদ্ধঃ সত্যং সোপাধিকোহসৌ নতু তাত্ত্বিক ইত্যাহ স্বামিন্যাত্মনঃ আশিষোহপেক্ষমাণো নৈব ভৃত্যঃ ভৃত্যহেতুকমাত্মনঃ স্বাম্যমিচ্ছন্ যো ভৃত্যায় দদাতি সচ নৈব স্বামী ॥ ৫ ॥

আবয়োস্তু তাত্ত্বিকোহসাবিত্যাহ অহমিতি। অনপাশ্রয়ো নিরভিসন্ধিঃ। অন্যথা কামাভিসন্ধিনাহর্থং প্রয়োজনং নাস্তি ॥ ৬ ॥

নমু তথাপি পরমোদারস্য মম সন্তোষার্থং কিমপি বৃণীষ ইতি চেত্তত্ৰাহ যদীতি। কামাঙ্কুরাণাং অসংরোহং অনুৎপত্তিং ভবতঃ সকাশাৎ ॥ ৭ ॥

নমু কামোৎপত্তৌ সত্যাং কোদোষঃ তত্ৰাহ ইন্দ্রিয়াদীনি যস্য কামস্য জন্মনা নশ্যন্তীতি। আত্মা দেহঃ ॥ ৮ ॥

**ক্রমসন্দর্ভঃ।**

ব্যতিরেকে দৃষ্টান্তঃ রাজসেবকয়োরিবেতি ॥৫ ॥ ৬ । ৭ । ৮ । ৯ ।১০ ॥

**শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।**

নৈবেদ্যাদিকং দত্বা হস্ত্যশ্বরথাদি মত্তীং সংপত্তিং ব্রহ্মেন্দ্রাদি পদং বা লিপ্সুরুতীতি ভাবঃ ॥ ৪ ॥

উক্তমেবার্থং পুষ্যতি আশাসান ইতি। ভৃত্য হেতুকমাত্মনঃ স্বাম্যমৈশ্বর্য্যং ইচ্ছন্ যো ভৃত্যায় দদাতি সচ নৈব স্বামী ॥ ৫ ॥

আবয়োস্তু স্বামি ভৃত্য ভাব তাত্ত্বিক ইত্যাহ অহমিতি অনপাশ্রয়ঃ। সেবকাধীনমপকৃষ্টমৈশ্বর্য্যং নাশ্রয়সে ইত্যর্থঃ। অন্যথা স্বকামিতাভিসন্ধিনা তেনাভিসন্ধিকঃ স্বামিভৃত্যভাবো লোকে প্রসিদ্ধোপি সোপাধিত্বাদ্বিগীত এবেতি দ্যোতিতঃ ॥ ৬ ॥

নমু তথাপি মম পরমোদারস্য সুখার্থং কিমপি বৃণিতি চেত্তত্ৰাহ অসংরোহং মম হৃদি কামানোৎপত্ত্যাভাবমিত্যর্থঃ ॥ ৭ ॥

যস্য কামস্য ইন্দ্রিয়াদীনাং তন্মাধুর্য্যাগ্রহণমেব কুপথগামিতা সৈব নাশঃ ॥ ৮ ॥

পারে না। প্রভো! যে ব্যক্তি আপনকার দুর্লভ দর্শন প্রাপ্ত হইয়া আপনা হইতে সাংসারিক শ্রেয়ঃ প্রার্থনা করে সে ভবদীয় ভৃত্য নহে, সে ব্যবসায়ী বণিক্ ॥ ৪ ॥

হে ভগবন্! কামনা দ্বারা সেব্য সেবকের যে স্বামি ভৃত্য ভাব লোকে প্রসিদ্ধ আছে তাহা সোপাধিক মাত্র, বাস্তবিক নহে, যে হেতু স্বামির নিকট যে ব্যক্তি আপনার কল্যাণ অপেক্ষা করে সে ভৃত্য নহে এবং যিনি ভৃত্য হেতুক আপনার প্রভুত্ব ইচ্ছা করিয়া ভৃত্যকে অর্থাদি দেন তিনিও প্রভু নহেন ॥ ৫ ॥

প্রভো! আমাদের প্রভু ভৃত্য ভাব ঐ রূপ সোপাধিক নহে, আমিও আপনকার নিষ্কাম ভক্ত, আপনিও আমার অনভিসন্ধি স্বামী। অতএব রাজা এবং সেবকের ন্যায় কাম ও অভিসন্ধিতে আমাদের প্রয়োজন নাই ॥ ৬ ॥

হে বরদর্ষভ! আপনার সন্তোষার্থ যদি আপনি আমাকে অভিলষিত বর নিতান্তই দান করেন তবে আমি আপনার নিকট এই বর প্রার্থনা করি, হৃদয় মধ্যে যেন কামাঙ্কুর উৎপন্ন না হয় ॥ ৭ ॥

হে ভগবন্! কাম অতিশয় অনিষ্টকর, তাহার উৎপত্তি হইলে ইন্দ্রিয়, মনঃ, প্রাণ, দেহ, ধর্ম্ম, ধৈর্য্য, বুদ্ধি, লজ্জা, সম্পদ্, তেজঃ, স্মৃতি এবং সত্য সকল বিনষ্ট হইয়া যায় ॥ ৮ ॥

বিমুঞ্চতি যদা কামান্ মানবো মনসি স্থিতান্। তর্হ্যেব পুণ্ডরীকাক্ষ ভগবত্ত্বায় কল্পতে ॥ ৯ ॥
ওঁ নমো ভগবতে তুভ্যং পুরুষায় মহাত্মনে। হরয়েঽদ্ভুতসিংহায় ব্রহ্মণে পরমাত্মনে ॥ ১০ ॥
শ্রীভগবানুবাচ ॥
নৈকান্তিনো মে ময়ি যাস্ত্বিহাশিষ আশাসতেঽমুত্র চ যে ভবদ্বিধাঃ।
তথাপি মন্বন্তরমেতদত্র দৈত্যেশ্বরাণামনুভুঙ্ক্ষ্ব ভোগান্ ॥ ১১ ॥
কথা মদীয়া জুষমাণঃ প্রিয়াস্ত্বমাবেশ্য মামাত্মনি সন্তমেকং।

শ্রীধরস্বামী।

কামাভাবে গুণমাহ বিমুঞ্চতীতি। ভগবত্ত্বায় ত্বৎসমানৈশ্বর্য্যায়। তথাচ শ্রুতিঃ যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদি স্থিতাঃ। অথমর্ত্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুতে ইতি ॥ ৯॥

নির্দ্দোষান্ কামান্ দাতুং ইচ্ছন্তং প্রত্যাখ্যান্ নমস্যতি ওঁ নম ইতি ॥ ১০ ॥

সত্যমেকান্ত ভক্তস্ত্বং তথাপি মদাজ্ঞাকরণীয়েত্যাহ নেতি। যে একান্তিনঃ কদাচিদপি ইহ অমুত্র চ মত্ত্যাশিষো নবাঞ্ছন্ত্যেব। তথাপ্যেতন্মন্বন্তর মাত্রং ভোগান্ ভুঙ্ক্ষ্ব ॥ ১১ ॥

নন্বু তর্হি বন্ধঃ স্যামিত্যাত আহ কথা ইতি দ্বাভ্যাং। সর্ব্বেষু ভূতেষু সন্তমেকং যজ্ঞাধিষ্ঠাতারং মামাত্মন্যাবেশ্য যজস্ব তর্হি

ক্রমসন্দর্ভঃ।

। শ্রীনৃসিংহবাক্যে নৈতান্ বিহায়েতি তৎ প্রার্থনানুসারেণ সর্ব্বলোককৃতার্থী করণমেব মুখ্যং প্রয়োজনং অন্যত্ত-লক্ষ্যমাত্রং। তথৈব বক্ষ্যতে। কীর্ত্তিং বিশুদ্ধাং সুরলোকগীতাং বিতায়েতি। যএতদিতিচ ॥ ১১ ॥

যাংস্তু দৃষ্টশ্রুতাংস্ত্বমধুনা স্মরসি তেষাং কা বার্ত্তেতি তচ্ছ্রবণাগতানামপি কৌর্ত্ত্যর্থমতিপ্রেতং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বু যদি কামং নকাময়সে তর্হি বদ মে তব দাস্যযোগমিতি ব্রুবন্ কথং মদ্দাস্যং কাময়সে তত্রাহ বিমুঞ্চতীতি। মনসি স্থিতান্ স্থায়িভাব তয়া বর্ত্তমানান্ কামান্ অপ্রাকৃতাং স্তদাস্য সখ্যাদীনপি যদা বিশেষেণ মুঞ্চতি ভগবত্ত্বায় সাযুজ্যায় তচ্চ সাযুজ্যং মে নাভীষ্টং কিন্তৈশ্বর্য্যব্যতিকরাদিহ যে স্ব সিদ্ধাঃ ধর্ম্মাদয়ঃ কিমগুণেনচ কাঙ্ক্ষিতেন সারং জুষাং চরণয়োরুপগায়তাং ন ইতি মদুক্তেরেবাতো ভবদ্দাস্য রূপমপ্রাকৃতং কামমহং বৃণে এব ভগবত্ত্বায় ভগবৎ সমানৈশ্বর্য্যায়েতি শ্রীস্বামিচরণাঃ ॥ ৯ ॥

নন্বু মৎ সাযুজ্যমাত্মারামমুনিভিরপ্যাদরণীয়ং কিমিত্যাদরবালকোপি তুষ্যা ত্বত্র কটাক্ষয়সীতি ভগবদ্বাচা পরাজিতম্মন্যঃ প্রণমতি ওঁ নম ইতি ॥ ১০ ॥

ন কেবলং ত্বৈবৈষায়ং স্বভাবঃ অপিতু সর্ব্বেষামেব মদ্ভক্তানামিত্যাহ নেতি। এতৎ মন্বন্তরমাত্রং নত্বধিকং দদামি মাক্রুধ্যেতি ভাবঃ ॥ ১১ ॥

। নন্বু মাং বিষয়ান্ধকূপে কেনাপরাধেন ক্ষিপসীত্যত আহ কথা ইতি অধিযজ্ঞং সর্ব্বযজ্ঞাধীশ্বরং মাং স্বযোগেন স্বীয় ভক্তিযোগে

হে পুণ্ডরীকাক্ষ। কাম না থাকা ভাল, কারণ মানব মনঃস্থিত কামনা সকল যখন পরিত্যাগ করে, তখনই আপনার সমান ঐশ্বর্য্য শালী হইবার যোগ্য হয় ॥ ৯ ॥

অনন্তর ভগবান্ যেন নির্দ্দোষ কাম সকল দিতে ইচ্ছা করিতেছেন ইহা মনে করিয়া নিবারণ করত প্রণাম করিতে লাগিলেন, প্রভো। আপনি ভগবান্ পরমপুরুষ, মহাত্মা হরি, অদ্ভুত সিংহ, পর-ব্রহ্ম, পরমাত্মা আপনাকে নমস্কার করি ॥ ১০ ॥

ভগবান্ কহিলেন বৎস। যদিও তোমার সদৃশ একান্ত ভক্তজন ইহকাল ও পরকালের কল্যাণ প্রার্থনা করে না, তথাপি তোমাকে আমার আজ্ঞা পালন করিতে হইবে, তুমি এই মন্বন্তর কাল এ স্থানে থাকিয়া দৈত্যেশ্বরদিগের ভোগ্য সকল ভোগ করহ ॥ ১১ ॥

আমার প্রিয়া কথা সকল সেবা কর এবং সর্ব্বভূতে বর্ত্তমান যজ্ঞাধিষ্ঠাতা যে আমি আমাকে

সর্ব্বেষু ভূতেষ্বধিযজ্ঞমীশং যজস্ব যোগেনচ কর্ম্ম হিন্বন্ ॥ ১২ ॥
ভোগেন পুণ্যং কুশলেন পাপং কলেবরং কালজবেন হিত্বা।
কীর্ত্তিং বিশুদ্ধাং সুরলোকগীতাং বিতায় মামেষ্যসি মুক্তবন্ধঃ ॥ ১৩ ॥
য এতৎ কীর্ত্তয়েন্মহ্যং ত্বয়া গীতমিদং নরঃ। ত্বাঞ্চ মাঞ্চ স্মরন্ কালে কর্ম্মবন্ধাৎ প্রমুচ্যতে ॥১৪॥
শ্রীপ্রহ্লাদ উবাচ ॥
বরং বরয় এতত্তে বরদেশান্মহেশ্বরাৎ। যদনিন্দৎ পিতা মে ত্বামবিদ্বাংস্তেজ ঐশ্বরং ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

অনেনৈব কর্ম্মণা বন্ধঃ স্যাৎ মেত্যাহ যোগেন মদ্যর্পণেন কর্ম্ম হিন্বন্ ত্যজন্ যজস্ব ॥ ১২ ॥

কিঞ্চ ভোগেন সুখানুভবেন প্রারব্ধং পুণ্যং হিত্বা মুক্তবন্ধঃ সন্ লোকানুগ্রহার্থং কীর্ত্তিঞ্চ বিতার্য্য মাং প্রাপ্স্যসি। কুশলেন পুণ্যাচরণেন পাপং হিত্বেতি বিতীযামাত্রং অন্যথা তস্য রাজ্যেঃপ্রবৃত্তেঃ নতু তস্য প্রাচীনং পাপমস্তি তদধিগমে উত্তর পূর্ব্বাঘয়োরশ্লেষ বিনাশৌ তদ্ব্যপদেশাদিতি ন্যায়াৎ তৎ সুকৃত দুষ্কৃতে বিধুনুত ইতি শ্রুতেঃ। নচেদং প্রারব্ধ পাপাভিপ্রায়ং তস্য ভোগেনৈব ক্ষয়াৎ কুশলেন হিত্বেতি বচনানুপপত্তেঃ নচাসাববিদ্বানিতি বাচ্যং ভগবতৈব কৃতার্থজ্ঞানত্বং বক্ষ্যমাণত্বাৎ অতএব যোগেন কর্ম্ম হিন্বন্নিতীদমপি লোক সংগ্রহার্থে কর্ম্মণি প্রবর্ত্তিতত্বানুবেগ মাত্রায়েতি সর্ব্বমনবদ্যং ॥ ১৩ ॥

কিঞ্চ য ইতি ত্বাঞ্চ মাঞ্চ ইদং মচ্চরিতঞ্চ স্মরন্ এতৎ স্তোত্রং যঃ কীর্ত্তয়েৎ সোঽপি কর্ম্মবন্ধাদ্বিমুচ্যতে কুতস্তব বন্ধশঙ্কেত্যর্থঃ ॥১৪

ঈশ্বরাজ্ঞয়া প্রাপ্ত কর্ম্মাধিকারঃ সন্ পিতুর্নিষ্কৃতিং প্রার্থয়তে ত্রিভিঃ। বরং বরণীয়মেতদপরং বৃণে তে ত্বত্তঃ ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভোগেন পুণ্যং প্রারব্ধং কুশলেন মদ্ভজনেন তৎ প্রতিযোগিতয়া পাপঞ্চ প্রারব্ধমেব। শ্বাদোঽপি সদ্যঃ সবনায় কল্পত ইতি ন্যায়াৎ। ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপাকানপি সংভবাদিতি ন্যায়াচ্চ ॥ ১৩। ১৪ ॥

বরং বরয় ইত্যর্দ্ধকং। অনেন শ্রীপ্রহ্লাদস্য স্বপিত্রোর্জয় বিজয়ত্বাদি জ্ঞানং নাসীদিতি গম্যতে ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নৈব যজ্ঞ ভজেত্যুক্তা অপ্যশ্বমেধাদয়ো যজ্ঞাকৃতা এব ভবিষ্যন্তীত্যধিযজ্ঞপদেন দ্যোত্যতে। কর্ম্ম বৈদিকং লৌকিকঞ্চ হিন্বন্ ত্যজন্ মদ্ভক্ত্যধিকারিণঃ কর্ম্মকরণানৌচিত্যাৎ ॥ ১২ ॥

ভোগহেতুকাৎ কর্ম্মবন্ধাত্তু নৈব শঙ্কিষ্ঠা তব পূর্ব্বজন্মন্যেব সর্ব্বং কর্ম্ম নষ্টমেবেত্যাহ ভোগেন সুখানুভবেন প্রারব্ধং পুণ্যং কুশলেন সুকৃতাচরণেন পাপং কলেবরং পূর্ব্বদেহঞ্চ হিত্বা এষি মাং সংপ্রতি প্রাপ্নোষি। অসি মুক্তবন্ধ ইতি অস্মিন্ জন্মনিতু মুক্তবন্ধো জীবন্মুক্তএব বর্ত্তসে ইত্যর্থঃ। এবং প্রহ্লাদস্যাংশেন সাধন সিদ্ধত্বং নিত্য সিদ্ধত্বঞ্চ নারদাদি বজ্জ্ঞেয়ং ॥ ১৩ ॥

তব কর্ম্ম বন্ধাভাবে কৈমুত্যং শৃণ্বিত্যাহ য ইতি। মহ্যং মাং প্রসাদয়িতুং ॥ ১৪ ॥

কিঞ্চ পূর্ব্বং সংসারিণাং নৃণাং মোক্ষায় শ্রীমচ্চরণেষু প্রার্থিতং সংপ্রতি যদ্যোতাদৃশং সৌভাগ্যং মদ্যদাস্তর্হ্যেকস্ত মহাপরাধি

আপনাতে নিবেশ করিয়া আমাতে অর্পণ দ্বারা কর্ম্ম সকল পরিত্যাগ পূর্ব্বক যাগ যজ্ঞ কর ॥ ১২ ॥

হে বৎস! সুখানুভব দ্বারা প্রারব্ধ পুণ্য এবং পুণ্যাচরণ দ্বারা পাপ আর কালগতি দ্বারা কলেবর পরিহার করিয়া মুক্তবন্ধ হইলে লোকানুগ্রহার্থ সুরলোক গীতা কীর্ত্তি বিস্তার পূর্ব্বক আমাকে প্রাপ্ত হইবে ॥ ১৩ ॥

বৎস! তুমি আমার এই যে স্তব করিলে, যে ব্যক্তি তোমাকে আমাকে এবং আমার এই চরিত্রকে স্মরণ করিয়া যথাযোগ্য কালে অধ্যয়ন করিবে সেও কর্ম্ম হইতে মুক্ত হইবে, ইহাতে তোমার বন্ধনাশঙ্কা কোথায়? ॥ ১৪ ॥

প্রহ্লাদ কহিলেন হে মহেশ্বর! আপনি বর দিতে চাহিতেছেন আপনার সকাশাৎ অন্য এই বর

বিদ্ধামর্ষাশয়ঃ সাক্ষাৎ সর্ব্বলোকগুরুং প্রভুং। ভ্রাতৃহেতি মৃষা দৃষ্টি স্তদ্ভক্তে ময়ি চাঘবান্ ॥১৬॥
তস্মাৎ পিতা মে পূয়েত দুরন্তাদ্দুস্তরাদঘাৎ। পূতস্তেঽপাঙ্গসংদৃষ্টস্তদা কৃপণবৎসল ॥ ১৭ ॥
শ্রীভগবানুবাচ ॥
ত্রিঃ সপ্তভিঃ পিতা পূতঃ পিতৃভিঃ সহ তেঽনঘ। যৎ সাধোঽস্য কুলে জাতো ভবান্ বৈ কুলপাবনঃ ॥১৮
যত্র যত্রচ মদ্ভক্তাঃ প্রশান্তাঃ সমদর্শিনঃ। সাধবঃ সমুদাচারা স্তে পূয়ন্তে পি কীকটাঃ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

বিদ্ধোঽমর্ষেণ ক্রোধেন আশয়ো যস্য ॥ ১৬ ॥
তেঽপাঙ্গসংদৃষ্টঃ অতঃ পূত এব তথাপি তোঃ কৃপণবৎসল কার্পণ্যেন প্রার্থয়ে ইত্যর্থঃ ॥ ১৭ ॥
যদ্যপি কশ্যপো মরীচি ব্রহ্মাচেতি তৎ পিতৃত্রয় এব পূর্ব্বজাঃ তথাপি ত্রিঃ সপ্তভিঃ সহেতি প্রাক্ কল্পগত পিত্রভিপ্রায়েণোক্তং যদ্যস্মাৎ ॥ ১৮ ॥
সম্যগুত্তম আচারো যেষাং কীকটা অপি দেশা তত্তুল্যা বংশ্যাশ্চ পূয়ন্তে শুদ্ধা ভবন্তি ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদিতি সার্দ্ধ যুগ্মকং ॥ ১৬। ১৭ ॥
ত্রিঃ সপ্তভিরিতি। যদি সপ্তত্রয় সংখ্যা তব পিতরঃ সম্ভবন্তি তদা তৈরপি সহ পূতঃ স্যাদিত্যর্থঃ। প্রাক্কল্পগতত্বে যদিতি হেতু বাক্যং নসংগচ্ছতে। শ্রীপ্রহ্লাদস্যাত্র জন্মনা সহ পূর্ব্বপিতৄণামসম্বন্ধাৎ। অতএব সম্বন্ধাচ্চ হিরণ্যকশিপোশ্চ পূর্ব্বজন্মা ভাবাৎ ॥ ১৮। ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নোপি নিস্তারায় প্রার্থয়ে ইত্যাহ বরমিতি ত্রিভিঃ। বরয়ে বৃণে ॥ ১৫ ॥
বিদ্ধোঽমর্ষেণাশয়ো যস্য সঃ। যদ্যপি অপাঙ্গেন দৃষ্টঃ পূতএব তদপি শ্রীমুখাৎ প্রসাদবাচং শ্রোতুং কার্পণ্যাৎ প্রথয় ইতি ভাবঃ ॥ ১৬ ॥ ১৭ ॥
ত্রিসপ্তভিরিত্যস্মিন্ জন্মনায়ং তব পিতা পূত ইতি কিং বক্তব্যং তব ত্রিসপ্ত জন্মসু যে ত্রিসপ্তসংখ্যাঃ পিতরোঽভূবন্ তেপি পূতা ইত্যর্থঃ। পিতৄন্ পুনাসীত্যেতদপি কিয়ৎ যতস্ত্বং কুলপাবনঃ পিতৃমাত্রাদি কুলমপি তে পূতং ॥ ১৮ ॥
মদ্ভক্তঃ স্বসন্নিনং দেশমপি পুনাতি কিমুত পিত্রাদীনিত্যাহ যত্রেতি পূয়ন্তি পূয়ন্তে পূতা ভবন্তীত্যর্থঃ ॥ ১৯ ॥

প্রার্থনা করি, আমার পিতা আপনার ঐশ্বরিক তেজঃ না জানিয়া যে নিন্দা করিয়াছেন ॥ ১৫ ॥

এবং ক্রোধযুক্ত চিত্ত হইয়া মিথ্যা দর্শন পূর্ব্বক সাক্ষাৎ সর্ব্বলোক গুরু এবং পরম প্রভু যে আপনি, আপনাকে ভ্রাতৃহন্তা বলিয়া মিথ্যা দর্শন পূর্ব্বক যে কটূক্তি করিয়াছেন, আর আমি আপনকার ভক্ত বলিয়া আমার প্রতি যে অত্যাচার করিয়াছেন ॥ ১৬ ॥

তত্তৎ ক্রিয়া জন্য দুরন্ত দুস্তর পাপ হইতে তিনি পূত হউন। হে কৃপণ বৎসল! যদিও আপনার অপাঙ্গ পথবর্ত্তী হওয়াতেই আমার পিতা পবিত্রী কৃত হইয়া থাকিবেন, তথাচ কৃপণতা প্রযুক্ত আমি এই প্রার্থনা করিলাম ॥ ১৭ ॥

ভগবান্ কহিলেন হে নিষ্পাপ! কেবল তোমার পিতা পবিত্রী কৃত হয় নাই, তাহার পূর্ব্বতন একবিংশতি পুরুষও পবিত্রিত হইয়াছে, যে হেতু তুমি তাহার কুলে জন্ম গ্রহণ করিয়াছ, অহে সাধু! তুমিই তোমার পিতার কুলপাবন ॥ ১৮ ॥

যেখানে যেখানে সমদর্শী, প্রশান্ত, সাধু, সদাচার সম্পন্ন, আমার ভক্তগণ থাকে, তথায় কীকট তুল্য অতি নীচ বংশীয়েরাও পবিত্রিত হয় ॥ ১৯ ॥

সর্ব্বাত্মনা নহিংসন্তি ভূতগ্রামেষু কিঞ্চন। উচ্চাবচেষু দৈত্যেন্দ্র মদ্ভাববিগতস্পৃহাঃ।
ভবন্তি পুরুষা লোকে মদ্ভক্তাস্ত্বামনুব্রতাঃ। ভবান্ মে খলু ভক্তানাং সর্ব্বেষাং প্রতিরূপধৃক্ ॥২০॥
কুরু ত্বং পুত্র কৃত্যানি পিতুঃ পূতস্য সর্ব্বশঃ। মদঙ্গস্পর্শনেনাঙ্গ লোকান্ যাস্যতি সুপ্রজাঃ ॥২১॥
পিত্র্যঞ্চ স্থানমাতিষ্ঠ যথোক্তং ব্রহ্মবাদিভিঃ। ময্যাবেশ্য মনস্তাত কুরু কর্ম্মাণি মৎপরঃ।

শ্রীনারদ উবাচ ॥

প্রহ্লাদোঽপি তথা চক্রে পিতুর্যৎসাম্পরায়িকং। যথাহ ভগবান্ রাজন্নভিষিক্তো দ্বিজাতিভিঃ।

শ্রীধরস্বামী।

ননু ত্বদ্ভক্তানাং তাদৃশো মহিমেতি ন চিত্রং অহন্তু তাদৃশো ন ভবামীতি চেত্তত্রাহ সর্ব্বাত্মনেতি দ্বাভ্যাং। মদ্ভাবেন মদ্ভক্ত্যা বিগতা স্পৃহা যেষাং ত্বামনুগতা যে কেচিৎ পুরুষাস্তেঽপ্যেবং লক্ষণাঃ সন্তো মদ্ভক্তা ভবন্তি অতো ভবান্ মে ভক্তানাং সর্ব্বেষাং প্রতিরূপধৃক্ উপমানাস্পদং শ্রেষ্ঠঃ খল্বিত্যর্থঃ ॥ ২০ ॥

মদঙ্গস্পর্শনেন সর্ব্বশঃ পূতস্য তে পিতুঃ পাপশঙ্কৈব নাস্তি কেবলং পুত্রকৃত্যানি প্রেতকার্য্যাণি কুরু ॥ ২১ ॥

বেদবাদিভিরুক্তং অনতিক্রম্য মৎপরঃ সন্ কর্ম্মাণি কুরু ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

সর্ব্বাত্মনেতি যুগ্মকং ॥ ২০ ॥

কুর্ব্বিতি। অস্তু ভবতা সুপ্রজস্ত্বং ভগবৎ প্রার্থনয়া ভবদপরাধ খণ্ডনমুত্তমলোকপ্রাপণঞ্চ করিষ্যতীত্যর্থঃ ॥ ২১। ২২। ২৩। ২৪ ॥ ২৫। ২৬। ২৭। ২৮। ২৯। ৩০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ননু ত্বদ্ভক্তানাময়ং মহিমা ন চিত্রং অহন্তু তাদৃশো ন ভবামীতি চেৎ তত্রাহ সর্ব্বেতি যে পুরুষাস্ত্বামনুব্রতা ভবন্তি তেঽপি মদ্ভক্তা ভবন্তি কীদৃশাঃ মম ভাবেন প্রেম্নৈব বিগত বিষয় স্পৃহাঃ সর্ব্বাত্মনা অহিংসকাশ্চ ভবন্তি অতস্তব মহিমা কেন নিরুচ্যতামিতি ভাবঃ। যতো ভবান্ মে ভক্তানাং প্রতিরূপধৃক্ উপমানাস্পদং তেষু শ্রেষ্ঠত্বাদিতি ভাবঃ ॥ ২০ ॥

মদঙ্গস্পর্শনেনৈব সর্ব্বশঃ পূতস্তে পিতুঃ পাপশঙ্কৈব নাস্তি তদপি প্রেতকার্য্যাণি প্রেতস্যৈব কৃত্যানি কুরু কেবলং ব্যবহার রক্ষার্থমিত্যর্থঃ ॥ ২১ ॥

যদ্যপি মদ্ভক্তস্য তব নাস্তি কর্ম্মাধিকার স্তদপি মদাজ্ঞয়ৈব ব্যবহার রক্ষার্থং কর্ম্মাণি কুরু। মৎপর ইতি। কর্ম্মসু শ্রদ্ধা শূন্যঃ

হে দৈত্যেন্দ্র! যে সকল পুরুষ উচ্চাবচ প্রাণি সমূহ মধ্যে সর্ব্ব প্রযত্নে কাহারও কোন হিংসা করে না এবং আমার প্রতি ভক্তি হেতু যাহাদের স্পৃহা বিগতা হইয়াছে, আর যে কোন পুরুষ তোমার অনুগত, তাহারাও এই রূপ লক্ষণাক্রান্ত হইয়া আমার ভক্ত হইয়া থাকে, অতএব তুমি আমার ভক্তদিগের উপমা স্থল অর্থাৎ তুমি সকল অপেক্ষা শ্রেষ্ঠ ॥ ২০ ॥

সে যাহা হউক, তোমার পিতা আমার অঙ্গ স্পর্শ মাত্রে সর্ব্বতোভাবে পূত হইয়াছে, এক্ষণে তুমি পুত্রের কর্ত্তব্য তাহার প্রেত কার্য্য কর। হে অঙ্গ! তোমার জনক সুপ্রজাঃ, আমার অঙ্গ স্পর্শ দ্বারাই তাহার সদ্গতি প্রাপ্তি হইবে ॥ ২১ ॥

তাহার পরে তুমি আপনার পৈতৃক পদে অধিষ্ঠিত হইয়া বেদবাদি মুনিগণ যদ্রূপ বলিয়াছেন তাহা অতিক্রম না করিয়া আমাতে মনোনিবেশ পূর্ব্বক মৎপর হইয়া তদনুরূপ কর্ম্ম করিতে থাক ॥

নারদ কহিলেন হে রাজন্! ভগবান্ যে প্রকার আজ্ঞা করিলেন দ্বিজগণ কর্ত্তৃক অভিষিক্ত হইয়া প্রহ্লাদ সেই প্রকারেই পিতার ঔর্দ্ধদেহিকাদি কার্য্য সম্পন্ন করিলেন।

অনন্তর প্রজাপতি ব্রহ্মা সেই নরহরি রূপি হরিকে প্রসাদ সুমুখ দর্শন করিয়া পবিত্র বাক্যে

প্রসাদসুমুখং দৃষ্ট্বা ব্রহ্মা নরহরিং হরিং। স্তুত্বা বাগ্ভিঃ পবিত্রাভিঃ প্রাহ দেবাদিভির্বৃতঃ ॥২২॥

শ্রীব্রহ্মোবাচ ॥

দেবদেবাখিলাধ্যক্ষ ভূতভাবন পূর্ব্বজ। দিষ্ট্যা তে নিহতঃ পাপো লোকসন্তাপনোঽসুরঃ।

যোঽসৌ লব্ধবরো মত্তো ন বধ্যো মম সৃষ্টিভিঃ। তপোযোগ বলোন্নদ্ধঃ সমস্ত নিগমানহন্ ॥২৩॥

দিষ্ট্যা তত্তনয়ঃ সাধুর্মহাভাগবতোঽর্ভকঃ। ত্বয়া বিমোচিতো মৃত্যোর্দিষ্ট্যা ত্বাং সমিতোঽধুনা ॥২৪॥

এতদ্বপুস্তে ভগবন্ ধ্যায়তঃ পরমাত্মনঃ। সর্ব্বতো গোপ্তৃ সন্ত্রাসান্মৃত্যোরপি জিঘাংসতঃ ॥ ২৫ ॥

শ্রীভগবানুবাচ ॥

মৈবং বিভোঽসুরাণান্তে প্রদেয়ঃ পদ্মসম্ভব। বরঃ ক্রূরনিসর্গাণামহীনামমৃতং যথা।

শ্রীনারদ উবাচ ॥

ইত্যুক্ত্বা ভগবান্ রাজং স্ততশ্চান্তর্দ্দধে হরিঃ। অদৃশ্যঃ সর্ব্বভূতানাং পূজিতঃ পরমেষ্ঠিনা।

শ্রীধরস্বামী।

মম সৃষ্টিভি র্ময়াসৃষ্টৈ র্ভূতৈঃ সমস্তান্ নিগমান্ ধর্ম্মানিত্যর্থঃ। অহন্ হতবান্ স ত্বয়া নিহত এতদ্দিষ্ট্যা ॥ ২৩ ॥

সমিতঃ সম্যক্ প্রাপ্তঃ ॥ ২৪ ॥

সর্ব্বতঃ সংত্রাসাৎ গোপ্তৃ রক্ষকং ॥ ২৫ ॥

এবং বরস্ত্বয়া ন প্রদেয়ঃ। ক্রূরো নিসর্গঃ স্বভাবো যেষাং। অমৃতং ক্ষীরং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইত্যস্তঃ কর্ম্মণাং করণমপ্যকরণএব পর্য্যবস্যতীতি যাত্তচ ইতি ভাবঃ ॥ ২২ ॥

ভূতভাবনাঃ ব্রহ্মমরীচ্যাদয়ঃ পূর্ব্বজাঃ প্রথমজাতা যস্মাৎ ॥ ২৩। ২৪ ॥

মৃত্যোঃ সকাশাদপি গোপ্তৃ ॥ ২৫ ॥

এবং বরোবরঃ অতি বৃহত্তমোবরঃ ॥ ২৬ ॥

বহু বহু স্তব করিলেন, পরে দেববৃন্দে পরিবেষ্টিত হইয়া তাঁহার প্রতি নিম্ন লিখিত বাক্য প্রয়োগ করিলেন ॥ ২২ ॥

ব্রহ্মা কহিলেন হে দেবদেব! হে অখিলপতে! হে ভূতভাবন! হে পূর্ব্বজ! দুরাত্মা হিরণ্যকশিপু আমার নিকট এই বর লইয়াছিল, আমার সৃষ্ট কোন প্রাণির বধ্য হইবে না, অপর তপস্যা যোগ ও শক্তিতে উদ্ধত হইয়া সমস্ত ধর্ম্ম উচ্ছেদ করিতে প্রবৃত্ত হইয়াছিল, লোকসন্তাপকারি ঐ পাপ অসুরকে আপনি যে নিহত করিলেন ইহা পরম ভাগ্য ॥ ২৩ ॥

অপর ঐ দৈত্যের তনয় মহা ভাগবত বালক প্রহ্লাদকে মৃত্যু হইতে যে পরিত্রাণ করিলেন ইহাও সুমহৎ ভাগ্য, অপিচ এই প্রহ্লাদ যে এক্ষণে আপনাকে সম্যক্ প্রকারে প্রাপ্ত হইলেন ইহাও অতিশয় ভাগ্য ॥ ২৪ ॥

হে ভগবন্! আপনি পরমাত্মা, যে ব্যক্তি আপনকার ধ্যান করে আপনকার এই শরীর তাহাকে সর্ব্বপ্রকার ভয় হইতে এবং জিঘাংসু মৃত্যু হইতে রক্ষা করিয়া থাকে ॥ ২৫ ॥

ভগবান্ কহিলেন হে বিভো! হে পদ্মসম্ভব! অসুরগণ অতি ক্রূর স্বভাব, সর্পদিগকে দুগ্ধ দানের ন্যায় আপনি তাহাদিগকে এ রূপ আর বর প্রদান করিবেন না।

নারদ কহিলেন রাজন্! ভগবান্ এই প্রকার কহিয়া ব্রহ্মার নিকট পূজা গ্রহণ পূর্ব্বক সকল প্রাণির

ততঃ সংপূজ্য শিরসা ববন্দে পরমেষ্ঠিনং। ভবং প্রজাপতীন্ দেবান্ প্রহ্লাদো ভগবৎকলাঃ॥
ততঃ কাব্যাদিভিঃ সার্দ্ধং মুনিভিঃ কমলাসনঃ। দৈত্যানাং দানবানাঞ্চ প্রহ্লাদমকরোৎপতিং।
প্রতিনন্দ্য ততোদেবাঃ প্রযুজ্যপরমাশিষঃ। স্বধামানি যযুরাজন্ ব্রহ্মাদ্যাঃ প্রতিপূজিতাঃ॥ ২৬॥
এবং চ পার্ষদৌ বিষ্ণোঃ পুত্রত্বং প্রাপিতৌ দিতেঃ। হৃদি স্থিতেন হরিণা বৈরভাবেন তৌ হতৌ।
পুনশ্চ বিপ্রশাপেন রাক্ষসৌ তৌ বভূবতুঃ। কুম্ভকর্ণ দশগ্রীবৌ হতৌ তৌ রামবিক্রমৈঃ॥ ২৭॥
শয়ানৌ যুধি নির্ভিন্ন হৃদয়ৌ রামশায়কৈঃ। তচ্চিত্তৌ জহতুর্দেহং যথা প্রাক্তন জন্মনি॥ ২৮॥
তাবিহাথ পুনর্জাতৌ শিশুপালকরূষজৌ। হরৌ বৈরানুবন্ধেন পশ্যতস্তে সমীয়তুঃ॥ ২৯॥
এনঃ পূর্ব্বকৃতং যত্তদ্রাজানঃ কৃষ্ণবৈরিণঃ। জহুস্তেঽন্তে তদাত্মানঃ কীটঃ পেশকৃতো যথা॥ ৩০॥

শ্রীধরস্বামী।

শিশুপালদন্তবক্রয়োর্বিবতোঃ শ্রীকৃষ্ণসাযুজ্যং কথমিতি যৎ পৃষ্টং তদেব তয়োঃ পূর্ব্বজন্ম কথাদিভিরুপপাদিতমুপসংহরতি এবমিতি সপ্তভিঃ। দিতেঃ পুত্রত্বং প্রাপিতৌ বিপ্রশাপেনেত্যুত্তরস্যাপ্যনুষঙ্গঃ॥ ২৭॥

তচ্চিত্তৌ শ্রীরামং চিন্তয়ন্তৌ॥ ২৮॥

করূষজো দন্তবক্রঃ। হরৌ সাযুজ্যং সমীয়তুঃ যোগাদি সাধনং বিনৈব সম্যগীয়তুঃ॥ ২৯॥

শ্রীকৃষ্ণনিন্দাদিনা পূর্ব্বকৃতঞ্চ যৎ এনঃ পাপং তদ্ধ্যানেন তদাত্মানঃ সন্তোজহুঃ। তদাত্মত্বে দৃষ্টান্তঃ কীটঃ পেশস্কৃতো যথা ধ্যানেন তদাত্মা ভবতীতি॥ ৩০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শিশুপালদন্তবক্রয়োঃ সাযুজ্যং। কথমিতি যৎপৃষ্টং তত্তয়োঃ পূর্ব্বজন্ম কথনাদিভিরুপপাদিতমিত্যুপসংহরতি এবমিতি॥৩২।২৬॥
এনোঽপরাধঃ কৃষ্ণনিন্দাদিনেত্যর্থঃ। পূর্ব্বকৃতং যৎ পাপং তদপি তদ্ধ্যানেন তদাত্মানঃ সন্তোজহুঃ। তদাত্মত্বে দৃষ্টান্তঃ। কীটঃ পেশস্কৃতঃ কীটবিশেষস্য ধ্যানেন যথা তদাত্মা ভবতীতি॥ ২৭। ২৮। ২৯। ৩০॥

অদৃশ্য হইয়া অন্তর্দ্ধান হইলেন। অনন্তর প্রহ্লাদ ভগবানের অংশ যে ব্রহ্মা মহেশ এবং প্রজাপতি প্রভৃতি দেবতা সকল, তাঁহাদিগকে পূজা করিয়া মস্তক দ্বারা বন্দনা করিলেন। তাহার পর পদ্মযোনি ব্রহ্মা শুক্রাদি মুনির সহিত মিলিত হইয়া প্রহ্লাদকে দৈত্য ও দানবদিগের অধিপতি করিলেন। হে রাজন্! ব্রহ্মাদি দেবতা সকল তদনন্তর প্রহ্লাদের প্রতি আহ্লাদ প্রকাশ ও আশীর্ব্বাদ প্রয়োগ করিয়া পূজা গ্রহণ পূর্ব্বক স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন॥ ২৬॥

হে রাজন্! বিষ্ণুর ঐ দুই জন পার্ষদ এই প্রকারে দিতির পুত্রত্ব প্রাপ্ত হইয়া পরে হৃদয়স্থ হরি কর্ত্তৃক বৈরভাবে নিহত হয়। ঐ দুই ব্যক্তি বিপ্রশাপে পুনরায় কুম্ভকর্ণ ও দশগ্রীব নামে দুই রাক্ষস হইয়াছিল, শেষে রামচন্দ্রের বিক্রমে নিধন প্রাপ্ত হয়॥ ২৭॥

তাহারা রামচন্দ্রের বাণে নির্ভিন্ন হৃদয় হইয়া যখন রণশায়ী হয়, তখন পূর্ব্ব জন্মের ন্যায় তাঁহার চিন্তা করিতে করিতে দেহ পরিত্যাগ করিয়াছিল॥ ২৮॥

হে যুধিষ্ঠির! সেই দুই ব্যক্তিই শিশুপাল ও দন্তবক্র নাম গ্রহণ পূর্ব্বক পুনরায় জন্মিয়াছিল, দেখিলে ত তোমার সমক্ষেই বৈরানুবন্ধ দ্বারা যোগাদি সাধন ব্যতিরেকেও ভগবানে সাযুজ্য প্রাপ্ত হইল॥ ২৯॥

এই রূপে কৃষ্ণবৈরী রাজগণ শ্রীকৃষ্ণের নিন্দনাদি করিয়া পূর্ব্বকৃত স্ব স্ব পাপ অনুধ্যান দ্বারা পেশস্কৃতের ধ্যান দ্বারা কীটের তন্ময়ত্ব প্রাপ্তির ন্যায় তন্ময় হইয়া আত্মদেহ ত্যাগ করিয়াছিল॥ ৩০॥

যথা যথা ভগবতো ভক্ত্যা পরময়াভিদা। নৃপাশ্চৈদ্যাদয়ঃ সাত্ম্যং হরেস্তচ্চিন্তয়া যযুঃ।
আখ্যাতং সর্ব্বমেতত্তে যন্মাং ত্বং পরিপৃষ্টবান্। দমঘোষ সুতাদীনাং হরেঃ সাত্ম্যমপি দ্বিষাং ॥৩১॥
এষা ব্রহ্মণ্যদেবস্য কৃষ্ণস্য চ মহাত্মনঃ। অবতারকথা পুণ্যা বধো যত্রাদিদৈত্যয়োঃ ॥ ৩২ ॥
প্রহ্লাদস্যানুচরিতং মহাভাগবতস্যচ। ভক্তির্জ্ঞানং বিরক্তিশ্চ যাথার্থ্যঞ্চাস্য বৈ হরেঃ।
সর্গস্থিত্যপ্যয়েশস্য গুণ কর্ম্মানুবর্ণনং। পরাবরেষাং স্থানানাং কালেন ব্যত্যয়ো মহান্ ॥ ৩৩ ॥
ধর্ম্মো ভাগবতানাঞ্চ ভগবান্ যেন গম্যতে। আখ্যানেঽস্মিন্ সমাম্নাতমাধ্যাত্মিকমশেষতঃ ॥ ৩৪ ॥
য এতৎ পুণ্যমাখ্যানং বিষ্ণোর্বীর্য্যোপবৃংহিতং। কীর্ত্তয়েচ্ছ্রদ্ধয়া শ্রুত্বা কর্ম্মপাশৈর্বিমুচ্যতে ॥৩৫

শ্রীধরস্বামী।

অভিদা ভেদদর্শন শূন্যয়া হরেঃ সাত্ম্যং সারূপ্যং ॥ ৩১ ॥

প্রহ্লাদচরিতার্থমুপসংহরতি এষেতি চতুর্ভিঃ। অবতারঃ শ্রীনৃসিংহরূপঃ তস্য কথা আখ্যাতেতি শেষঃ ॥ ৩২ ॥

প্রহ্লাদস্যানু চরিতমিত্যাদেঃ সমাম্নাতমিতি তৃতীয়েনান্বয়ঃ। অস্যেতি অনেনোক্তং স্বর্গস্থিত্যপায়ানাং ঈশস্য হরের্যাথার্থ্যং তত্ত্বং অনেন কৃতং হরেগুর্ণ কর্ম্মানু বর্ণনঞ্চেত্যর্থঃ। পরাবরেষাং দেব দৈত্যাদীনাং যানি স্থানানি। তেষাং ব্যত্যয়ো বিপর্য্যাসঃ ॥৩৩

আধ্যাত্মিকং আত্মানাত্ম বিবেকাদি ॥ ৩৪ ॥ এতৎ শ্রবণাদি ফলমাহ য ইতি দ্বাভ্যাং। এতৎ শ্রুত্বা যঃ কীর্ত্তয়েৎ ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

যথেতি। যথা যথা ভগবতঃ পরয়া ভক্ত্যা অন্যে সারূপ্যং যযুস্তথা চৈদ্যাদয়ো নৃপা অপি পরময়া তচ্চিন্তয়া তদ্ধ্যানাবেশেন যযুঃ। অভিদা ব্যবধানশূন্যয়া নিরন্তরয়েত্যপি ভক্তিচিন্তয়ো র্বিশেষণং তত্র চৈদ্যকারুষকয়োঃ সারূপ্যাবির্ভাব এব তৎ প্রাপ্তিরিতি গম্যং ॥ ৩১। ৩২ ॥

প্রহ্লাদস্যেতি ত্রিকং। অস্য শ্রীকৃষ্ণাখ্যস্য হরে র্যাথার্থ্যং তত্ত্বদযথাবন্মাহাত্ম্যং। সর্ব্বাবতারিত্বাৎ। টীকায়ামস্যেতি পাঠমুত্থাপ্য ব্যাচষ্টে। অনেন প্রহ্লাদেনোক্তমিত্যাদিকং গম্যং ॥ ৩৩। ৩৪। ৩৫। ৩৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভক্ত্যা যথা যথা অভিদা অভেদেন জ্ঞানিভক্তা হরেঃ সাম্যং যযুঃ। তথা চৈদ্যাদয়োপি তচ্চিন্তয়া তদ্যযুঃ। ভক্ত্যা কীদৃশ্যা তদীয় জ্ঞান বৈরাগ্যাদিভ্যোপি পরময়া অগ্রেপ্যেবং নিভৃতমরুন্মন ইত্যত্র তদরয়োপি যযুঃ স্মরণাদিতি বক্ষ্যতে ॥

নমু চরিতং আখ্যাতমিতি পূর্ব্বেণ সমাম্নাতমিতি পরেণ বান্বয়ঃ। হরের্যাথাত্ম্যং হরেঃ স্বরূপং অনতিক্রম্য স্বার্থে ষ্যঞ্। সর্গেতি সৃষ্ট্যাদয়োঽপি উক্তাঃ। পরাবরেষাং দেব দৈত্যাদীনাং যানি স্থানানি তেষাং ব্যত্যয়োবিনাশঃ ॥৩১।৩২।৩৩।৩৪।৩৫॥

হে যুধিষ্ঠির! ভগবানে ভেদ দর্শন শূন্যা ভক্তি দ্বারা শিশুপালাদি নৃপগণ যে যে প্রকারে তাঁহার সারূপ্য প্রাপ্ত হয়, তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, তৎসমুদায় এই তোমাকে বলিলাম। দমঘোষের পুত্রাদি যদিও হরি দ্বেষ্টা ছিল, তথাচ তাহারা ঐ প্রকারে সারূপ্য প্রাপ্ত হয় ॥ ৩১ ॥

ব্রহ্মণ্যদেব মহাত্মা শ্রীকৃষ্ণের এই পবিত্র অবতার কথা কথিতা হইল। এই কথাতেই দুই জন আদি দৈত্যের বধ বৃত্তান্ত বর্ণিত আছে ॥ ৩২ ॥

অপর মহাভাগবত প্রহ্লাদের চরিত্র, তথা তাঁহার ভক্তি, জ্ঞান, বৈরাগ্য এবং তৎকর্ত্তৃক কৃত সৃষ্টি স্থিতি প্রলয়ের ঈশ্বর ভগবান্ হরির গুণানুবর্ণন, আর দেব দৈত্যাদির স্থান সকলের কাল কর্ত্তৃক মহৎ বিপর্য্যাস ॥ ৩৩ ॥

তথা যাহার দ্বারা ভগবান্‌কে জানিতে পারা যায় তাদৃশ ভাগবত ধর্ম্ম, এই সকল বিষয়, তথা আত্মানাত্ম বিবেকাদি অশেষ বিবরণ ইহাতে বর্ণিত হইল ॥ ৩৪ ॥

এই পবিত্র আখ্যান ভগবান্ বিষ্ণুর বীর্য্যে উপগূঢ়, যে ব্যক্তি ইহা শ্রবণ করিয়া শ্রদ্ধা পূর্ব্বক কীর্ত্তন করেন তিনি কর্ম্মপাশ হইতে মুক্ত হইতে পারেন ॥ ৩৫ ॥

এতদ্য আদিপুরুষস্য মৃগেন্দ্রলীলাং দৈত্যেন্দ্রযূথপবধং প্রযতঃ পঠেত।
দৈত্যাত্মজস্যচ সতাং প্রবরস্য পুণ্যং শ্রুত্বানুভাবমকুতোভয়মেতি লোকং ॥ ৩৬ ॥
যূয়ং নৃলোকে বত ভূরিভাগা লোকং পুনানা মুনয়োঽভিযন্তি।
যেষাং গৃহানাবসতীতি সাক্ষাদ্গূঢ়ং পরং ব্রহ্ম মনুষ্যলিঙ্গং ॥ ৩৭ ॥
সবা অয়ং ব্রহ্ম মহদ্বিমৃগ্যকৈবল্যনির্ব্বাণসুখানুভূতিঃ।

শ্রীধরস্বামী।

এতৎ এতাং মৃগেন্দ্রস্য ইব লীলাং। তামেবাহ দৈত্যেন্দ্রস্য যূথপানাঞ্চ বধং যঃ শুচিঃ সন্ পঠেৎ। পুণ্যমনুভাবং প্রভাবং মতিনিশ্চয়ং বা লোকং বৈকুণ্ঠং ॥ ৩৬ ॥

অহো প্রহ্লাদস্য ভাগ্যং যেন দেবো দৃষ্টঃ বয়ন্তু মন্দভাগা ইতি বিষীদন্তং তং প্রত্যাহ যূয়মিতি ত্রিভিঃ। যেষাং যুষ্মাকং গৃহান্ মুনয়োঽভিযন্তি সর্ব্বতঃ সমায়ান্তি। তৎ কস্য হেতোঃ এষাং গৃহেষু নরাকারং গূঢ়ং সৎ শ্রীকৃষ্ণাখ্যং পরং ব্রহ্ম সাক্ষাৎ বসতীতি ॥ ৩৭ ॥

নন্থ কৃষ্ণোঽস্মাকং মাতুলেয়ঃ কথং ব্রহ্মেত্যুচ্যতে তত্রাহ সবা ইতি। সোঽয়ং ব্রহ্মৈব কথম্ভূতঃ মহদ্ভির্ব্বিমৃগ্যং যৎ কৈবল্য

ক্রমসন্দর্ভঃ।

অহো প্রহ্লাদস্য ভাগ্যং ইতি সবিস্ময়ং তং রাজানং প্রত্যাহ। যূয়মিতি ত্রিভিঃ। মনুষ্যলিঙ্গমিতি তদাকারে তদাবির্ভাব স্যাপি ন তাদৃশত্বমিতি ব্যঞ্জিতং ॥ ৩৭। ৩৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এতৎ এতাং মৃগেন্দ্রস্য সিংহস্য পক্ষে নৃসিংহলীলাং অস্যস্য রাজমাতুলা ইতি বৎ সমাস আর্ষঃ। লীলামাহ। দৈত্যেন্দ্র এব যূথপোহস্তী তস্য দৈত্যেন্দ্রাণাং যূথপস্য হিরণ্যকশিপোশ্চ বধং ॥ ৩৬ ॥

অহো প্রহ্লাদস্য ভাগ্যং যেন দেবোদৃষ্টঃ। বয়ন্তু মন্দভাগ্যা ইতি বিষীদন্তং রাজানং প্রতি যূয়ং প্রহ্লাদাৎ প্রহ্লাদগুরোর্মত্তোপি অন্যেভ্যোপি ভক্তেভ্যো যুষ্মৎ পূর্ব্বজেভ্যো বহু পুরূরবঃ প্রভৃতিভ্যোপি বশিষ্ঠ মরীচি কশ্যপাদ্যৃষিভ্যোপি ব্রহ্মরুদ্রাভ্যামপি ভূরি সৌভাগ্যবন্ত ইত্যাহ। যূয়ং নৃণাং জীবানাং লোকমধ্যে ভূরিভাগাঃ যেষাং যুষ্মাকং গৃহান্ লোকং স্বদর্শন দানাদিনা পবিত্রী কুর্ব্বন্তোপি মুনয়োতি সর্ব্বতোভাবেন স্বকৃতার্থী করণাদিনা হেতুনাপি গচ্ছন্তি। যতো গূঢ়ং সর্ব্বতোপি রহস্যং মনুষ্যলিঙ্গং নরাকৃতি পরং ব্রহ্ম তৎ সম্যক্ প্রকারেণ যুষ্মাভিরনাহুতমপ্যাসক্তি পূর্ব্বকং যেষাং গৃহেষু সাক্ষাৎ বসতি সদৈব। নহি প্রহ্লাদাদীনাং গৃহেষু নরাকৃতি পরং ব্রহ্ম সাক্ষাদ্বসতি। নচ তদ্দর্শনেন কৃতার্থী ভবিতুং মুনয়ো গচ্ছন্তীতি ভাবঃ ॥ ৩৭ ॥

নচ পরং ব্রহ্মৈব নরাকৃতিঃ কৃষ্ণোঽভূদিতি বাচ্যং কিন্তু কৃষ্ণএব পরং ব্রহ্ম ভবতীত্যাহ সোঽয়ং প্রসিদ্ধো নরাকৃতিঃ কৃষ্ণএব ব্রহ্ম কীদৃশং মহদ্ভির্বিমৃগ্যং যৎ কৈবল্য নির্ব্বাণ সুখং নিরুপাধিঃ পরমানন্দ স্তস্যানুভূতিরনুভবরূপমিত্যর্থঃ। কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিতি বদনুবাদাবিধেয় ভাবেন ব্যাপোর মত্র প্রমাণং ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি গীতোপনিষদেব এতাবদর্থস্য নিশ্চায়িকেতি বৈষ্ণবার্থঃ

হে রাজন্! আদি পুরুষ ভগবানের মৃগেন্দ্র লীলার ন্যায় এই লীলা তথা দৈত্যপতি ও দৈত্যযূথ-পদিগের এই বৃত্তান্ত যে ব্যক্তি শুচি হইয়া পাঠ করিবেন, আর সাধুপ্রবর দৈত্যাত্মজ প্রহ্লাদের পবিত্র প্রভাব যিনি শ্রবণ করিবেন, তিনি যেখানে কোন ভয় নাই সেই বৈকুণ্ঠ ধাম প্রাপ্ত হইবেন ॥ ৩৬ ॥

হে রাজন্! প্রহ্লাদ ভাগ্যবান্ আমরা মন্দভাগ্য এই বলিয়া বিষাদ করিও না, মনুষ্যলোকে তোমরাও অতিশয় ভাগ্যবন্ত, কারণ যে সকল মুনি ভুবন পবিত্র করেন, তাঁহারা তোমাদের গৃহে সর্ব্বদা গমনাগমন করিয়া থাকেন, হে মহারাজ! তোমাদের আলয়ে ঋষিদিগের আগমনের কারণ এই, তথায় শ্রীকৃষ্ণাখ্য পরব্রহ্ম নরাকারে গূঢ় হইয়া সাক্ষাৎ বাস করেন ॥ ৩৭ ॥

সেই শ্রীকৃষ্ণই ব্রহ্ম, তিনিই মহাজনের অন্বেষণীয়, তিনি তোমাদিগের প্রিয়, সুহৃদ্, মাতুল পুত্র,

প্রিয়ঃ সুহৃদ্বঃ খলু মাতুলেয় আত্মার্হণীয়ো বিধিকৃদ্গুরুশ্চ ॥ ৩৮ ॥
ন যস্য সাক্ষাদ্ভব পদ্মজাদিভী রূপং ধিয়া বস্তুতয়োপবর্ণিতং।
মৌনেন ভক্ত্যোপশমেন পূজিতঃ প্রসীদতামেষ স সাত্বতাং পতিঃ ॥ ৩৯ ॥
সএষ ভগবান্ রাজন্ ব্যতনোদ্বিহতং যশঃ। পুরা রুদ্রস্য দেবস্য ময়েনানন্তমায়িনা ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

নির্ব্বাণ সুখং নিরুপাধিঃ পরমানন্দঃ তদনুভূতিরূপঃ বো যুষ্মাকং খলু প্রিয়ঃ সুহৃদিত্যাদি রূপো ভবতি বিধিকৃৎ আজ্ঞানুবর্ত্তী। ৩৮

নমু পরং ব্রহ্ম চেৎ কথং দ্বাষ্ট সহস্র স্ত্রীষু রতিঃ। কথং বা ধর্ম্মাদ্যাচরণং তস্য ইত্যত আহ ন যস্যেতি। যস্য রূপং তত্ত্বং ভবাদিভিরপি ধিয়া স্ববুদ্ধ্যা বস্তু তয়া ইদমিত্থমিতি সাক্ষান্নোপবর্ণিতং। স যুষ্মাকং স্বয়মেব প্রসন্নঃ। অস্মাকন্তু মৌনাদি সাধনৈ স্তৎ প্রসাদঃ প্রার্থনীয় এবেত্যাহ মৌনেনেতি স এব সাত্বতানাং পতির্নঃ প্রসীদতু নহি প্রহ্লাদস্য গৃহে পরং ব্রহ্ম বসতি নচ তদ্দর্শ-নায় মুনয় স্তদগৃহানভিযন্তি। নচ তস্য ব্রহ্ম মাতুলেয়াদি রূপেণ বর্ত্ততে। নচ স্বয়মেব প্রসন্নং। অতো যুয়মেব ভক্তোপি অস্মত্তো ভূরি ভাগ্যা ইতি ভাবঃ ॥ ৩৯ ॥

নম্বন্যৈ দুষ্করং ত্রিপুরভেদাদিকং শ্রীরুদ্রঃ কৃতবান্ স এবম্ভূত ঈশ্বরোপ্যস্য তত্ত্বং ন জানাতীতি কথমিতি অপেক্ষায়াং তস্যাপ্যে তৎ সাহায্যাদেব অসৌ প্রভাবো ন কেবলস্যেতি বক্তুমাখ্যানমুপক্ষিপতি স এব ইতি ॥ ৪০ ॥

ক্রমসন্দর্ভঃ।

নমু কৈশ্চিদসৌ তত্ত্বরূপমপ্যবস্তুত্বেন মন্যতে। তত্রাহ। ন যস্যেতি। যস্য সাক্ষাৎ প্রত্যক্ষমপি রূপং পরমবিদ্বদ্ভির্ভব পদ্মজাদিভিস্তু অবস্তু তয়া অপরমার্থ তয়া নোপবর্ণিতং। কিন্তু পরমার্থতয়া নির্ণীতমিত্যর্থঃ। যৎ ব্রহ্ম পরমং সাক্ষাদিতি। যস্মিত্রং পরমানন্দমিত্যাদিনা মল্লানমশনির্ন্ণাং নরবর ইত্যাদৌ বিরাড়্‌বিদ্বত্বাং তত্ত্বং পরং যোগিনামিত্যনেনচ ॥ ৩৯। ৪০। ৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন কেবলং যুষ্মদগৃহে বসতি মাত্রং কিন্তু প্রিয়ঃ সন্নিতি যুষ্মাকং তেনানন্দনীয়ত্বং সুহৃদিতি হিতে প্রবর্ত্তনীয়ত্বং মাতুলেয় ইতি সম্বন্ধ বিশেষেণানুগম্যত্বং আত্মেতি স্বীয় শরীরভাবেনাভিমন্তব্যত্বং অর্হণীয় ইতি কৃপয়া প্রতিপাল্যত্বং। বিধিকৃৎ কিঙ্কর ইতি সারথ্যাদিনোপাস্যত্বং গুরুরিত্যনুশাসনীয়ত্বমিতি নচ প্রহ্লাদাদীনাং গৃহেষু সগুরু কিঙ্করাদি ভাবেন তিষ্ঠতীতি ভাবঃ ॥ ৩৮ ॥

নম্বেবং সাক্ষাৎ পরং ব্রহ্ম প্রতিষ্ঠাভূতস্যাস্য গ্রাম্যানামস্মাদৃশানাং কৈঙ্কর্য্যাদৌ কিং কারণমিতি চেৎ সত্যং অস্য মহৈশ্বর্য্যস্য প্রেমবশ্যতায়াশ্চ তত্ত্বং বিজ্ঞাতুং কোহহং বরাকঃ যতঃ ব্রহ্মাদ্যা অপি নজানন্তীত্যাহ। ন যস্যেতি। রূপং তত্ত্বং বস্তুতয়া যাথা-র্থ্যেন ইদমিত্থমিতি সাক্ষান্নোপবর্ণিতং। ধিয়েতি তত্র বুদ্ধেঃ প্রবেশাদেবেতি ভাবঃ। মৌনেনেত্যস্মদাদয়ো যৎ প্রসাদং মৌনাদিভিঃ সাধনৈঃ প্রার্থয়ন্তে স কৃষ্ণো যুষ্মৎ প্রসাদং কৈঙ্কর্য্যাদিনা প্রার্থয়ত ইতি যুষ্মদাদ্যস্মদাদ্যোরেতদেবান্তরমিতি ভাবঃ ॥ ৩৯

নমু পদ্মযোনজানাতু ভবস্ত্বীশ্বরএব সত্যং তস্যাপ্যৈশ্বর্য্যমেতদন্তমেবেতি বক্তুমাখ্যানমারভতে। স এব ইতি ॥ ৪০ ॥

আত্মা, পূজনীয়, আজ্ঞাবহ এবং গুরু ॥ ৩৮ ॥

রাজন্! ভব ব্রহ্মা প্রভৃতি দেবগণ স্ব স্ব বুদ্ধি দ্বারা যাঁহার তত্ত্ব বস্তুত্ব রূপে অর্থাৎ ইহা এই প্রকার, এই রূপে সাক্ষাৎ বর্ণন করিতে পারেন নাই, তিনি তোমাদিগের প্রতি স্বয়ং প্রসন্ন, আমরা মৌনাদি সাধন দ্বারা তাঁহার প্রসন্নতা প্রার্থনা করিয়া থাকি, এক্ষণেও প্রার্থনা করিতেছি, মৌনব্রত, ভক্তি এবং উপশম দ্বারা পূজিত হইয়া সেই সাত্বত পতি ভগবান্ আমাদের প্রতি প্রসন্ন হউন। অহে যুধিষ্ঠির! প্রহ্লাদের গৃহে পরমব্রহ্ম বাস করেন নাই এবং মুনিগণ তদ্দর্শনার্থ তাঁহার গৃহেও যান্ নাই, আর পরমব্রহ্ম তাঁহার মাতুল পুত্রাদি রূপেও বর্ত্তমান থাকেন নাই, তোমাদের প্রতি ঐ সকলই করিয়াছেন, অতএব তোমরা প্রহ্লাদ অপেক্ষাও মহা ভাগ্যবান্ ॥ ৩৯ ॥

হে রাজন্! পূর্ব্বে অনন্ত মায়াবান্ ময়দানব দেবদেব রুদ্রের যশঃ বিনষ্ট করিলে সেই এই ভগবান্ পুনরায় তদীয় কীর্ত্তি বিস্তার করেন ॥ ৪০ ॥

রাজোবাচ ॥ ৪১ ॥

কস্মিন্ কর্ম্মণি দেবস্য ময়োঽহন্ জগদীশিতুঃ। যথা চোপচিতা কীর্ত্তিঃ কৃষ্ণেনানেন কথ্যতাং ॥৪২

শ্রীনারদ উবাচ ॥

নির্জ্জিতা অসুরা দেবৈর্যুধ্যনেনোপবৃংহিতৈঃ। মায়িনাং পরমাচার্য্যং ময়ং শরণমাযযুঃ ॥ ৪৩ ॥

স নির্ম্মায় পুরস্তিস্রো হৈমীরৌপ্যায়সীর্বিভুঃ। দুর্লক্ষ্যাপায় সংযোগা দুর্ব্বিতর্ক্য পরিচ্ছদাঃ ॥৪৪॥

তাভিস্তেঽসুরসেনান্যো লোকাংস্ত্রীন্ সেশ্বরান্ নৃপ। স্মরন্তো নাশয়াঞ্চক্রুঃ পূর্ব্ববৈরমলক্ষিতাঃ।

ততস্তে সেশ্বরা লোকা উপাসাদ্যেশ্বরং নতাঃ। ত্রাহি ন স্তাবকান্ দেব বিনষ্টাং স্ত্রিপুরালয়ৈঃ ॥৪৫॥

শ্রীধরস্বামী।

রাজা যুধিষ্ঠির উবাচ ॥ ৪১ ॥

জগদীশিতু র্দেবস্য কীর্ত্তিং কস্মিন্ কর্ম্মণি ময়োহতবান্ ॥ ৪২ ॥

অনেন কৃষ্ণেনোপবৃংহিতৈঃ সম্বর্দ্ধিতৈঃ ॥ ৪৩ ॥

হৈমীচ রৌপ্যাচ আয়সীচেতি তিস্রঃ পুরো নির্ম্মায় তেভ্যো দদাবিতিশেষঃ। দুর্লক্ষ্যো অপায় সংযোগৌ গমনাগমনে যাসাং। দুর্ব্বিতর্ক্যাঃ পরিচ্ছদা যাসু ॥ ৪৪ ॥

অসুরাণাং সেনান্যঃ সেনাপতয়ঃ। পূর্ব্ববৈরং স্মরন্তঃ ॥ ৪৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অনেনেতি। সর্ব্বত্র শ্রীকৃষ্ণত্বমেব স্বালম্বনত্বেনাবতারিত্বেনচ দর্শয়তি। এবমুত্তরত্রাপি ॥ ৪২। ৪৩। ৪৪। ৪৫। ৪৬। ৪৭। ৪৮। ৪৯। ৫০। ৫১। ৫২। ৫৩। ৫৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রাজা যুধিষ্ঠিরঃ ॥ ৪১ ॥

অহন্ কীর্ত্তিং ॥ ৪২ ॥

অনেন কৃষ্ণেন ॥ ৪৩ ॥

দুর্লক্ষ্যৌ অপায় সংযোগৌ গমনাগমনে যাসাং তাঃ। নির্ম্মায়াসুরেভ্যো দদাবিতি শেষঃ ॥ ৪৪। ৪৫ ॥

এতৎশ্রবণে রাজা যুধিষ্ঠির জিজ্ঞাসা করিলেন ॥ ৪১ ॥

প্রভো! ময়দানব কোন্ কার্য্যে জগতের ঈশ্বর দেবদেব রুদ্রের যশঃ বিনষ্ট করিয়াছিল এবং ভগবান্ শ্রীকৃষ্ণ কি প্রকারে তৎ কীর্ত্তি বর্দ্ধিতা করিয়া দেন, বলিতে আজ্ঞা হউক ॥ ৪২ ॥

নারদ কহিলেন রাজন্! দেব ও অসুরদিগের যৎকালীন যুদ্ধ হয় তখন সমরক্ষেত্রে শ্রীকৃষ্ণ কর্তৃক সম্বর্দ্ধিত হইয়া দেবগণ দানবদিগকে পরাজিত করিলে তাহারা মায়িদিগের পরম আচার্য্য যে ময়দানব, তন্নিকটে গমন পূর্ব্বক শরণাপন্ন হইয়াছিল ॥ ৪৩ ॥

তাহাতে ঐ ময়দানব স্বর্ণ রৌপ্য ও লৌহময়ী তিনটী পুরী নির্ম্মাণ করিয়া তাহাদিগকে অর্পণ করে। সেই তিন পুরীতে তাহারা যে কখন্ গমনাগমন করিত কেহই তাহা লক্ষ্য করিতে পারিত না, অপর তন্মধ্যে গৃহোপকরণ কত ছিল তর্ক দ্বারাও তাহা জানিবার কাহারও সাধ্য ছিল না ॥ ৪৪ ॥

হে রাজন্! অসুরদিগের সেনাপতিগণ ঐ সকল পুরী দ্বারা অলক্ষিত হইয়া পূর্ব্ব বৈর স্মরণ করত অধিপতি সহিত লোকত্রয় বিনাশ করিতে আরম্ভ করে।

অনন্তর লোকপাল সহিত সকল লোক শিব সন্নিধানে গমন পূর্ব্বক প্রণত হইলেন এবং সকাতর বচনে নিবেদন করিলেন, দেবদেব! আমরা আপনকারই লোক, ত্রিপুরবাসী দানবগণ আমাদিগকে বিনষ্ট করে, আপনি রক্ষা করুন ॥ ৪৫ ॥

অথানুগৃহ্য ভগবান্ মাভৈষ্টেতি সুরান্ বিভুঃ। শরন্ধনুষি সন্ধায় পুরেষস্ত্রং ব্যমুঞ্চত ॥ ৪৬ ॥
ততোঽগ্নিবর্ণা ইষব উৎপেতুঃ সূর্য্যমণ্ডলাৎ। যথা ময়ূখ সন্দোহা নাদৃশ্যন্ত পুরো যতঃ ॥ ৪৭ ॥
তৈঃ স্পৃষ্টা ব্যসবঃ সর্ব্বে নিপেতুঃস্ম পুরৌকসঃ। তানানীয় মহাযোগী ময়ঃ কূপরসে ক্ষিপৎ ॥৪৮॥
সিদ্ধামৃতরসস্পৃষ্টা বজ্রসারা মহৌজসঃ। উত্তস্থুর্ম্মেঘদলনা বৈদ্যুতা ইব বহ্নয়ঃ।
বিলোক্য ভগ্নসংকল্পং বিমনস্কং বৃষধ্বজং। তদায়ং ভগবান্ বিষ্ণুস্তত্রোপায়মকল্পয়ৎ ॥ ৪৯ ॥
বৎসশ্চাসীত্তদা ব্রহ্মা স্বয়ং বিষ্ণুরয়ং হি গৌঃ। প্রবিশ্য ত্রিপুরং কালে রসকূপামৃতং পপৌ ॥
তেঽসুরাহ্যপি পশ্যন্তো ন ন্যষেধন্বিমোহিতাঃ। তদ্বিজ্ঞায় মহাযোগী রসপালানিদং জগৌ।
স্ময়ন্ বিশোকঃ শোকার্ত্তান্ স্মরন্ দৈবগতিঞ্চ তাং ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

অস্ত্রমভিমন্ত্রিতং শরং পুরেষু ব্যমুঞ্চৎ ॥ ৪৬ ॥
ততঃ শরাৎ সূর্য্য মণ্ডলাৎ ময়ূখ সন্দোহা রশ্মি সমূহা ইব যতো যেভ্যঃ ॥ ৪৭ ॥
কূপরসে স্বয়ং নির্ম্মিতে কূপামৃতে ॥ ৪৮ ॥
বজ্রসারা বজ্রবৎ দৃঢ়াঙ্গা মহৌজসো মহাবলাঃ মেঘভেদিনঃ বিদ্যুদ্রূপা বহ্নয় ইব ॥ ৪৯ ॥
কালে মধ্যাহ্নে ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঈশ্বরঃ রুদ্রঃ ॥ ৪৬ ॥
যথেতি সূর্য্যমণ্ডলাদিত্যস্মাৎ পূর্ব্বং যোজ্যং যতোযেভ্যঃ ইষুভ্যো হেতুভ্যঃ ॥ ৪৭ ॥
কূপরসে স্বনির্ম্মিত কূপরসামৃতে ॥ ৪৮ ॥
মেঘদলনা মেঘভেদিনো বিদ্যুদ্রূপা বহ্নয় ইব মেঘস্থা বিদ্যুতো যথা মেঘকান্তি তিরস্কারিণ্য স্তথৈব তে বীরা অপি শ্যাম বিমান কান্তি তিরস্কারিণ ইত্যর্থঃ ॥ ৪৯ ॥
কালে মধ্যাহ্নে ॥ ৫০ ॥

এই রূপ কাতরোক্তি শ্রবণে ভগবান্ ঈশ্বর করুণান্বিত হইয়া দেবতাদিগকে কহিলেন ভয় করিও না। পরে স্বীয় ধনুতে শর সন্ধান পূর্ব্বক ঐ সকল পুরীতে অভিমন্ত্রিত শর মোচন করিলেন ॥ ৪৬ ॥

হে রাজন্! সূর্য্যমণ্ডল হইতে যদ্রূপ রশ্মি সমূহ উৎপতিত হয়, তাহার ন্যায় সেই বাণ হইতে অগ্নি বর্ণ বাণ সমূহ উৎপতিত হইতে লাগিল এবং সেই সকল বাণ হইতে ঐ পুরীত্রয় আচ্ছন্ন হইল ॥ ৪৭ ॥

অতএব সেই পুরত্রয়ে যে সকল অসুরসেনানী বাস করিত তাহারা বাণ দ্বারা সংস্পৃষ্ট হইবা মাত্র গতাসু হইয়া সে স্থান হইতে নিপতিত হইল। এতদবলোকনে মহামায়ী ময়দানব ঐ সকল দানবকে লইয়া আপনার নির্ম্মিত অমৃতময় কূপে নিক্ষেপ করিল ॥ ৪৮ ॥

সিদ্ধ অমৃত রসে সংস্পৃষ্ট হইবা মাত্র ঐ সকল অসুরসেনানী বজ্রবৎ দৃঢ়াঙ্গ এবং মহাবল হইল অতএব মেঘভেদী বিদ্যুদ্রূপ বৃষধ্বজ যখন মনে করিলেন আপনার সংকল্প ভগ্ন হইল তখন ভগবান্ বিষ্ণু ঐ বিষয়ে এক উপায় করিলেন ॥ ৪৯ ॥

অর্থাৎ তিনি ব্রহ্মাকে বৎস করিয়া স্বয়ং গাভী হইয়া মধ্যাহ্ন কালে সেই ত্রিপুর মধ্যে প্রবেশ পূর্ব্বক সেই কূপ রসামৃত সমুদায় পান করিলেন। তত্রস্থ অসুরগণ যদিও তাহা স্বচক্ষে নিরীক্ষণ করিল তথাচ বিমোহিত হওয়াতে নিবারণ করিল না। মহাযোগী হরি ঐ বিষয় অবগত হইয়া দৈবগতি স্মরণ পূর্ব্বক হাস্য করিতে করিতে সেই রসপালকদিগকে বলিলেন ॥ ৫০ ॥

দেবোঽসুরো নরোঽন্যো বা নেশ্বরোঽস্তীহ কশ্চন। আত্মনোঽন্যস্য বা দিষ্টং দৈবেনাপোহিতুং দ্বয়োঃ॥৫১

অথাসৌ শক্তিভিঃ স্বাভিঃ শম্ভোঃ প্রাধানিকং ব্যধাৎ। ধর্ম্ম জ্ঞান বিরক্ত্যৃদ্ধি তপো বিদ্যা ক্রিয়াদিভিঃ।

রথং সূতং ধ্বজং বাহান্ধনুর্বর্ম্ম শরাদি যৎ। সন্নদ্ধো রথমাস্থায় শরন্ধনুরুপাদদে॥ ৫২॥

শরং ধনুষি সন্ধায় মুহূর্ত্তেঽভিজিতীশ্বরঃ। দদাহ তেন দুর্ভেদ্যা হরোঽথ ত্রিপুরো নৃপ॥ ৫৩॥

দিবি দুন্দুভয়ো নেদুর্বিমান শত শঙ্কুলাঃ। দেবর্ষি পিতৃ সিদ্ধেশা জয়েতি কুসুমোৎকরৈঃ।

অবাকিরন্ জগুর্হৃষ্টা ননৃতুশ্চাপ্সরো গণাঃ। এবং দগ্ধ্বা পুরস্তিস্রো ভগবান্ পুরহা নৃপ।

ব্রহ্মাদিভিঃ স্তূয়মানঃ স্বং ধাম প্রত্যপদ্যত॥ ৫৪॥

এবং বিধান্যস্য হরেঃ স্বমায়য়া বিড়ম্বমানস্য নৃলোকমাত্মনঃ।

শ্রীধরস্বামী।

আত্মনো অন্যস্য বা দ্বয়োরপি বা দৈবেন দিষ্টমুপকল্পিতং অপোহিতুং পরিহর্ত্তুং ইহ কশ্চিদীশ্বরঃ সমর্থো নাস্তি॥ ৫১॥

অসৌ শ্রীকৃষ্ণঃ প্রধনং সংগ্রামঃ তৎ সাধনং॥ ৫২॥

অভিজিতি মধ্যাহ্নে॥ ৫৩॥

বিমান শতানি সঙ্কুলানি সংকীর্ণানি যেষাং তে দেবাদয়ঃ॥ ৫৪॥

আদিত আরভ্য স্কন্ধান্তং নিগময়তি এবং বিধানীতি। নৃলোকং নরাকারং আত্মনো বিড়ম্বমানস্য অনুকুর্ব্বতঃ॥ ৫৫॥

ক্রমসন্দর্ভঃ।

এবমিতি। নৃলোকং তচ্চেষ্টাং॥ ৫৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মনোবা অন্যস্য বা দ্বয়োরপি বা দৈবেনোপকল্পিতং দিষ্টং অপোহিতুং দূরীকর্ত্তুং ইহ কশ্চিদপীশ্বরঃ সমর্থো নাস্তি॥

অসৌ কৃষ্ণঃ প্রধনং সংগ্রামস্তদর্হং রথাদিকং স্বাভিঃ শক্তিভিরাদিষ্টৈঃ ক্রমেণ ব্যধাদিতি স্বশক্তীনামনশ্বরত্বাজ্জিষ্ণুত্বাচ্চ তদাবিষ্টানাং রথাদীনামপি তাদৃশত্বং। এতৎ স্বীয়ধর্ম্মস্য ভক্তিযোগস্যাবেশো রথে ভক্তিযোগাশ্রিতানাং জ্ঞানাদীনাং রথাশ্রিতেষু সূতাদিষু জ্ঞেয়ঃ॥ ৫১। ৫২॥

অভিজিতি মধ্যাহ্নে॥ ৫৩। ৫৪॥

স্বমায়য়া বিড়ম্বমানস্য অতএব মোহবশাৎ নৃলোকস্তং নভজত ইতি ভাবঃ॥ ৫৫॥

আপনার অথবা অন্যের কিম্বা আত্ম পর উভয়ের প্রতি যাহা দৈব কর্ত্তৃক উপকল্পিত হয়, তাহার অন্যথা করিতে কি সুর, কি অসুর, কি নর, কি অন্য কোন ব্যক্তি কাহারও সামর্থ্য নাই॥ ৫১॥

অনন্তর ভগবান্ হরি স্বীয় শক্তি এবং ধর্ম্ম জ্ঞান বৈরাগ্য সম্পত্তি তপস্যা ক্রিয়াদি দ্বারা শম্ভুর সংগ্রাম সাধন রথ, সারথি, অশ্ব, ধ্বজ, ধনুঃ, বাণ, বর্ম্ম প্রভৃতি রচনা করিয়া দিলেন, পরে মহেশ্বর বর্ম্ম পরিধান পূর্ব্বক ধনুর্ব্বাণ গ্রহণ করিলেন॥ ৫২॥

হে রাজন্! ভগবান্ শঙ্কর ধনুতে শর সন্ধান পূর্ব্বক মধ্যাহ্ন সময়ে সেই দুর্ভেদ্য পুরত্রয় অনায়াসে দগ্ধ করিয়া ফেলিলেন॥ ৫৩॥

এই রূপে পুরত্রয় দগ্ধ হইবা মাত্র স্বর্গে শত শত বিমানে সঙ্কীর্ণ দুন্দুভি ধ্বনি হইল এবং দেব ঋষি পিতৃ তথা সিদ্ধেশ্বরগণ "জয় যুক্ত হও" বলিয়া পুষ্প বৃষ্টি করিতে লাগিলেন, আর গন্ধর্ব্বগণ হৃষ্ট হইয়া গান এবং অপ্সরা সকল নৃত্য আরম্ভ করিল। হে রাজন্ যুধিষ্ঠির! ভগবান্ ত্রিপুরারি এই প্রকারে পুরত্রয় দগ্ধ করিয়া ব্রহ্মাদি কর্ত্তৃক স্তুত হওত স্বধামে প্রত্যাগমন করিলেন॥ ৫৪॥

ভগবান্ হরির এই প্রকার কার্য্য, তিনি স্বীয় মায়া দ্বারা আপনার নরাকারের অনুকরণ করেন।

বীর্য্যাণি গীতান্যৃষিভির্জগদ্গুরোর্লোকং পুনানান্যপরং বদামি কিং ॥ ৫৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে প্রহ্লাদ চরিতং পুরবিজয়শ্চ দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

শ্রুত্বেহিতং সাধু সভা সভাজিতং মহত্তমাগ্রণ্য উরুক্রমাত্মনঃ।
যুধিষ্ঠিরোদৈত্যপতে র্মুদান্বিতঃ পপ্রচ্ছ ভূয়স্তনয়ং স্বয়ম্ভুবঃ ॥ ১ ॥

শ্রীযুধিষ্ঠির উবাচ ॥

ভগবন্ শ্রোতুমিচ্ছামি নৃণাং ধর্ম্মং সনাতনং। বর্ণাশ্রমাচারযুতং যৎ পুমান্ বিন্দতেপরং।

---

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি সপ্তমে দশমঃ ॥ * ॥

একাদশে নৃণাং ধর্ম্মাঃ সাধারণ্যেন বর্ণিতাঃ। বিশেষেণচ বর্ণানাং মুখ্যা মুখ্যাশ্চ যোষিতাং। তদেবং দশভি র্জ্ঞান ভক্তি যোগাবুদীরিতৌ। অথ পঞ্চভিরধ্যায়ৈঃ কর্ম্মযোগোঽনুবর্ণ্যতে ॥ ০ ॥

দৈত্যপতেঃ প্রহ্লাদস্য সাধূনাং সভাসু সভাজিতং সৎকৃতং ঈহিতং চরিতং শ্রুত্বা পুনর্নারদং পপ্রচ্ছ কথম্ভূতস্যেহিতং মহত্তমানাং অগ্রণ্যঃ মুখ্যস্য তত্র হেতুঃ উরুক্রমে আত্মা মনো যস্য ॥ ১ ॥

শ্রবণেচ্ছায়াং হেতুঃ যদ্যতো ধর্ম্মাৎ পরং জ্ঞানং ভক্তিঞ্চ বিন্দতে ॥ ২ ॥

---

ক্রমসন্দর্ভঃ।

ইতি শ্রীত্যাদৌ প্রহ্লাদ চরিতং ত্রিপুর বিজয়শ্চ দশমোঽধ্যায়ঃ ॥ ইত্যেব পাঠঃ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে সপ্তমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দশমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

হৃতসন্দেহত্বান্মুদা যুতঃ। অতএব রাজ্যানুকূলস্যৈব ধর্ম্মকথামকরোদিত্যাহ। পপ্রচ্ছেতি ॥ ১ ॥

তামপি লোকহিতায়ৈব পরমার্থমাশ্রিত্যৈব শ্রীনারদেন সমমেব বাকরোদিত্যাহ। যৎ পুমানিতি ॥

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। সপ্তমে দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বাসনা ভগবদ্ভক্ত সঙ্গাৎ সাধ্বী নিরূপিতা। দশভিঃ পঞ্চভিশ্চাথ সৎকর্ম্ম প্রভবোচ্যতে। নৃণাং সাধারণান্ ধর্ম্মান্ বিপ্রাদীনাং বিশেষতঃ। স্ত্রীণাং সঙ্করজাতীনাং চোবাচৈকাদশাদিষু। তদেবং নির্গুণভক্তিবাসনায়াঃ কারণত্বে মহৎ কৃপাং দশভিরধ্যায়ৈরুক্ত্বা সগুণ ভক্তি বাসনায়াঃ কারণং নিষ্কাম কর্ম্মযোগঃ পঞ্চভিরধ্যায়ৈর্বক্তুমারভতে ॥ ০ ॥

শ্রুত্বেতি সাধূনাং সভাসু সভাজিতং সৎকৃতং। মহত্তমানামগ্রণ্যোমুখ্যস্য প্রহ্লাদস্য ॥ ১ ॥

সনাতনং ফলপ্রাপ্ত্যাবপি স্থায়ু ভক্তিযোগমিত্যর্থঃ। বর্ণাশ্রমাচারযুতমিতি বর্ণাশ্রমাচার ধর্ম্মঞ্চ শ্রোতুমিচ্ছামি ইত্যর্থঃ ॥ ২ ॥

---

জগদ্গুরু সেই ভগবানের যে সকল বীর্য্য ঋষিগণ গান করিয়াছেন তাহা অতিশয় লোকপাবন, তোমার নিকট বলিলাম, অন্য আর কি বলিব বল ॥ ৫৫ ॥

॥ * ॥ ইতি সপ্তমে দশমাধ্যায় ॥ * ॥

একাদশাধ্যায়ে সামান্যতঃ মনুষ্য ধর্ম্ম এবং বিশেষ রূপে বর্ণ ধর্ম্ম ও স্ত্রীধর্ম্মের বর্ণন ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! দৈত্যপতি প্রহ্লাদের মনঃ ভগবানেতেই সর্ব্বদা অর্পিত থাকিত অতএব তিনি মহত্তমদিগের অগ্রগণ্য, সাধু সভায় সৎকৃত, তাঁহার পবিত্র চরিত্র শ্রবণে মহারাজ যুধিষ্ঠির অতিশয় আনন্দিত হইয়া ব্রহ্মতনয় নারদকে পুনরায় জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

যুধিষ্ঠির কহিলেন ভগবন্! মনুষ্যদিগের সনাতন ধর্ম্ম তথা বর্ণ ও আশ্রম সকলের আচার আপন-

ভবান্ প্রজাপতেঃ সাক্ষাদাত্মজঃ পরমেষ্ঠিনঃ। সুতানাং সম্মতোব্রহ্মং স্তপোযোগ সমাধিভিঃ ॥২॥
নারায়ণপরা বিপ্রা ধর্ম্মং গুহ্যং পরং বিদুঃ। করুণাঃ সাধবঃ শান্তাস্ত্বদ্বিধা ন তথা পরে ॥ ৩ ॥
শ্রীনারদ উবাচ ॥
নত্বা ভগবতেঽজায় লোকানাং ধর্ম্মসেতবে। বক্ষ্যে সনাতনং ধর্ম্মং নারায়ণমুখাচ্ছ্রুতং ॥ ৪ ॥
যোঽবতীর্য্যাত্মনোঽংশেন দাক্ষায়ণ্যাস্তু ধর্ম্মতঃ। লোকানাং স্বস্তয়েঽধ্যাস্তে তপো বদরিকাশ্রমে ॥৫॥
ধর্ম্মমূলং হি ভগবান্ সর্ব্ববেদময়ো হরিঃ। স্মৃতঞ্চ তদ্বিদাং রাজন্ যেন চাত্মা প্রসীদতি ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

নমু স্মৃতিকারৈ ধর্ম্ম উক্ত এব তত্রাহ নারায়ণ পরা ইতি ॥ ৩ ॥
অজায় নারায়ণায় তস্যৈব মুখাৎ শ্রুতং ॥ ৪ ॥
তন্মুখাদাত্মনঃ শ্রবণং সম্ভাবয়ন্ বিশিনষ্টি য ইতি ॥ ৫ ॥
প্রথমং তাবদ্ধর্ম্মে প্রমাণমাহ ধর্ম্মস্য মূলং প্রমাণং স্মৃতঞ্চ স্মৃতিস্তদ্বিদাং বেদবিদাং যেন ধর্ম্মেণচ আত্মা মনঃ প্রসীদতি তুষ্যতি

ক্রমসন্দর্ভঃ।

নমু মন্বাদয়ো নারায়ণপরাএব তত্রাহ। গুহ্যমিতি। গুহ্যত্বাত্তেপি ন প্রকাশয়ন্তীত্যর্থঃ ॥ ২।৩ ॥
ধর্ম্মহেতব ইতি। ধর্ম্মোত্র জ্ঞানভক্তি জনকো ধর্ম্ম বিশেষো জ্ঞেয়ঃ ॥ ৪ ॥
আত্মবতামনুকম্পয়া তপোঽব্যক্ত গতিশ্চরতীতি পঞ্চমস্কন্ধাৎ। আত্মনাংশেন নরেণ ॥ ৫ ॥
তস্য প্রমাণং। আভ্যাং তদ্বহির্ম্মুখ ধর্ম্মস্য অপার্থত্বং ভগবদ্ধর্ম্মস্যৈবাবশ্যকত্বং চোক্তং। অতএব বেদোখিলোধর্ম্মমূলমিত্যাদি মনুস্মৃতি বাক্যাদপ্যত্র বিশিষ্ট তয়োপবিষ্টং তচ্চ যুক্তং। ধর্ম্মপ্রোজ্ঝিত কৈতবোত্র পরমো নির্ম্মৎসরাণাং সতাং ইত্যাদ্যুক্তত্বাৎ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নম্বন্যে মুনয়ঃ স্মার্ত্তাঃ পৃচ্ছ্যন্তামিত্যত আহ নারায়ণেতি ॥ ৩ ॥
অজায় শ্রীকৃষ্ণায় ॥ ৪। ৫ ॥
ধর্ম্মস্য মূলং কারণং প্রমাণঞ্চ হি নিশ্চিতং ভগবানেব যতঃ সর্ব্ববেদেতি। তদ্ভক্ত্যা বিনা ধর্ম্মা নৈব সিদ্ধ্যন্তীতি ভাবঃ। স্মৃতং স্মৃতিঃ তদ্বিদাং সর্ব্ববেদময় ভগবদ্বিদাং। তেন প্রাথমিক বিষ্ণুপূজা বিরহিত শ্রদ্ধাদি সপ্তমীবিদ্ধ রোহিণ্যষ্টমী ব্রতাদি বিধায়িকাঃ স্মৃতয়ো ব্যাবৃত্তাঃ যেনচ আত্মা মনঃ প্রসীদতীতি স বৈ পুংসাংপরোধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে। অহৈতুক্যপ্রতিহতা য আত্মা সুপ্রসীদতীতি বৎ সুশব্দা প্রয়োগাৎ যথা কেবলয়া ভক্ত্যা ন তথা কর্ম্মাদি মিশ্রয়া ভক্তিমিশ্র কর্ম্মণা বা মনঃ প্রসীদতীতি

কার নিকট শ্রবণ করিতে বাঞ্ছা করি, যে হেতু তাহা হইতে পুরুষের জ্ঞান ও ভক্তি লাভ হয়। ব্রহ্মন্! আপনি পরমেষ্ঠি প্রজাপতির সাক্ষাৎ আত্মজ এবং তপস্যা জ্ঞান ও সমাধি দ্বারা তাঁহার অন্য সকল পুত্রের সম্মত, অতএব আপনি সমুদায় জানেন ॥ ২ ॥

ব্রহ্মন্। যদিও স্মৃতিকারেরা ধর্ম্ম কহিয়াছেন তথাচ বিপ্রগণ নারায়ণ পরায়ণ এবং পরম ধর্ম্ম অতিশয় গুহ্য, অতএব আপনিই তাহা আজ্ঞা করুন। মুনে! আপনার সমান সাধু শান্ত পুরুষেরা যদ্রূপ দয়াবান্ অন্য ব্যক্তিরা তদ্রূপ নহেন ॥ ৩ ॥

নারদ কহিলেন লোক সকলের ধর্ম্মসেতু রূপি ভগবান্ নারায়ণকে নমস্কার করিয়া তাঁহার প্রমুখাৎ শ্রুত সনাতন ধর্ম্ম কহিতেছি ॥ ৪ ॥

তিনি আপনার অংশদ্বারা ধর্ম্ম সকাশাৎ দক্ষপুত্রী মূর্ত্তিতে অবতীর্ণ হইয়া লোকদিগের কল্যাণার্থ বদরিকাশ্রমে বসিয়া তপস্যা করিতেছেন ॥ ৫ ॥

হে রাজন্! সর্ব্ববেদ স্বরূপ ভগবান্ হরি অর্থাৎ অখিল বেদ এবং বেদবেত্তাদিগের স্মৃতি

সত্যং দয়া তপঃ শৌচং তিতিক্ষেক্ষা শমোদমঃ। অহিংসা ব্রহ্মচর্য্যঞ্চ ত্যাগঃ স্বাধ্যায় আর্জ্জবং ॥৭

সন্তোষঃ সমদৃক্ সেবা গ্রাম্যেহোপরমঃ শনৈঃ। নৃণাং বিপর্য্যয়েহেক্ষা মৌনমাত্মবিমর্শনং ॥ ৮ ॥

অন্নাদ্যাদেঃ সংবিভাগো ভূতেভ্যশ্চ যথার্হতঃ। তেষ্বাত্মদেবতা বুদ্ধিঃ সুতরাং নৃষু পাণ্ডব ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

তথাচ যাজ্ঞবল্ক্যঃ। শ্রুতিঃ স্মৃতিঃ সদাচারঃ স্বস্য চ প্রিয়মাত্মনঃ। সম্যক্ সংকল্পজঃ কামো ধর্ম্মমূলমিদং স্মৃতমিতি। মনুশ্চ বেদোঽখিলো ধর্ম্মমূলং স্মৃতিশীলেচ তদ্বিদাং। আচারশ্চৈব সাধূনাং আত্মনস্তুষ্টিরেবচেতি ॥ ৬ ॥

তত্র তাবৎ নরমাত্র সাধারণং ধর্ম্মমাহ সত্যমিতি পঞ্চভিঃ। তপ একাদশ্যুপবাসাদি। ঈক্ষা যুক্তাযুক্ত বিবেকঃ শমো মনসঃ সংযমঃ দমো বাহ্যেন্দ্রিয়াণাং ত্যাগো দানং স্বাধ্যায়ঃ যথোচিত জপঃ ॥ ৭ ॥

সন্তোষো দৈবলব্ধেন অলং বুদ্ধিঃ সমদৃশাং মহতাং সেবা। গ্রাম্যেহোপরমঃ প্রবর্ত্তককর্ম্মভ্যো নিবৃত্তিঃ। বিপর্য্যয়েহেক্ষা নিষ্ফল ক্রিয়াণাং ঈক্ষণং মৌনং বৃথালাপনিবৃত্তিঃ। আত্ম বিমর্শনং দেহাদি ব্যতিরিক্তাত্মানুসন্ধানং ॥ ৮ ॥

আত্মেতি দৈবতেতি চ বুদ্ধিঃ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

যেনৈব ধর্ম্মেণ মনঃ প্রসীদতীত্যনেন। যয়াত্মা সুপ্রসীদতীতিবৎ সুশব্দ বিশিষ্টতয়া অনুক্তত্বাত্তচ্ছ্রবণ লক্ষণ সাক্ষাদ্ভক্তেরেব প্রশস্তত্বঞ্চ বোধিতং। যেন চাত্মেত্যাত্মতোষোপি প্রমাণমিত্যর্থঃ ॥ ৬ ॥

সত্যমিত্যাদি সার্দ্ধপঞ্চকং ॥ ৭। ৮। ৯। ১০। ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্থাপিতং ভক্তিরহিতো ধর্ম্মস্তগ্রাহ্য এব তেন শ্রুতিস্মৃতি সদাচারঃ স্বস্য চ প্রিয়মাত্মনঃ। সম্যক্ সঙ্কল্পজঃ কামো ধর্ম্মমূলমিদং স্মৃতমিতি যাজ্ঞবল্ক্যোক্তে বেদোঽখিলোধর্ম্মমূলং স্মৃতিশীলেচ তদ্বিদাং। আচারশ্চাপি সাধূনামাত্মন স্তুষ্টিরেব চেতি মনূক্তে রপি সকাশাৎ ধর্ম্মমূলং হি ভগবানিতি নারদোক্তিরেব শ্রেয়সী যদুক্তং নারসিংহে সনকাদয়ো নিবৃত্তাখ্যে তেচ ধর্ম্মে নিযোজিতাঃ। প্রবৃত্ত্যাখ্যে মরীচ্যাদ্যা মুক্ত্বৈকং নারদং মুনিমিতি। নারদশ্চৈব তেভ্য উভয়েভ্যঃ শ্রৈষ্ঠ্যং সর্ব্বধর্ম্মসার বিজ্ঞত্বঞ্চ ধ্বনিতং ॥ ৬ ॥

তত্র তাবন্নরমাত্র সাধারণং সনাতনং ভক্তিযোগং ধর্ম্মমাহ সত্যমিতি পঞ্চভিঃ। তত্র সত্যাদ্যা একবিংশতি ভক্ত্যুপকরণীভূতাঃ। শ্রবণাদ্যা নবতু সাক্ষাদ্ভক্তিরেবেতি জ্ঞেয়ং। তপ একাদশ্যুপবাসাদি। শমোমনসো নিগ্রহঃ। দমোবাহ্যেন্দ্রিয়াণাং। স্বাধ্যায়ো যথোচিত জপঃ ॥ ৭ ॥

সমদৃশাং মহতাং সেবা। বিপর্য্যয়েহা নিষ্ফলক্রিয়া স্তাসাং পর্য্যালোচনং। মৌনং বৃথাবাক্যনিবৃত্তিঃ। আত্মবিমর্শন মাত্মনো দেহভিন্নত্ব ভাবনা ॥ ৮ ॥

অন্নাদ্যাদেঃ অন্নমোদনং আদ্যং মোদকাদি তত্তদাদের্বস্ত্র স্রক্ চন্দনাদে র্যথোচিতং বিভজ্যৈব গ্রহণং আত্মবৎ দেবতাবচ্চ বুদ্ধির্ভাবনা ॥ ৯। ১০। ১১ ॥

আর যে ধর্ম্ম দ্বারা মনের প্রসন্নতা হয় ঐ সকল ধর্ম্মের মূল অর্থাৎ প্রমাণ ॥ ৬ ॥

হে যুধিষ্ঠির! নরমাত্রের সাধারণ ধর্ম্ম কি, তাহা বলি শ্রবণ কর। সত্য, দয়া, তপস্যা (একাদশী প্রভৃতিতে উপবাস) শৌচ, তিতিক্ষা, যুক্তাযুক্ত বিবেক, শম (মনের সংযম) দম (বাহ্যেন্দ্রিয়ের দমন) দান, স্বাধ্যায় (যথোচিত জপ) আর্জ্জব (সরলতা) ॥ ৭ ॥

সন্তোষ (দৈবাৎ লব্ধ হইলে যথেষ্ট বোধ) সমদর্শি মহৎ সকলের সেবা, প্রবর্ত্তক কর্ম্ম সকল হইতে নিবৃত্তি, মনুষ্য সকলের নিষ্ফল ক্রিয়া অবলোকন, বৃথা আলাপ পরিত্যাগ, দেহাদি ব্যতিরিক্ত আত্মার অনুসন্ধান ॥ ৮ ॥

যথাযোগ্যরূপে প্রাণি সকলের প্রতি অন্নাদি বিভাগ করিয়া দেওয়া, সকল ভূতে আত্ম ও দেবতা জ্ঞান ॥ ৯ ॥

শ্রবণং কীর্ত্তনঞ্চাস্য স্মরণং মহতাং গতেঃ। সেবেজ্যাবনতির্দাস্যং সখ্যমাত্মসমর্পণং ॥ ১০ ॥
নৃণাময়ং পরোধর্ম্মঃ সর্ব্বেষাং সমুদাহৃতঃ। ত্রিংশল্লক্ষণবান্ রাজন্ সর্ব্বাত্মা যেন তুষ্যতি ॥ ১১ ॥
সংস্কারা যত্রাবচ্ছিন্নাঃ সদ্বিজোঽজো জগাদ যং ॥ ১২ ॥
ইজ্যাধ্যয়ন দানানি বিহিতানি দ্বিজন্মনাং। জন্ম কর্ম্মাবদাতানাং ক্রিয়াশ্চাশ্রমচোদিতাঃ ॥ ১৩ ॥
বিপ্রস্যাধ্যয়নাদীনি ষড়ন্যস্যাপ্রতিগ্রহঃ। রাজ্ঞো বৃত্তিঃ প্রজাগোপ্তুরবিপ্রাদ্বা করাদিভিঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

তত্র শ্রীকৃষ্ণস্য শ্রবণাদয়ো নব। ইজ্যা অর্চ্চনং ॥ ১০ ॥

এবং ত্রিংশল্লক্ষণবান্ ॥ ১১ ॥

ইদানীং বর্ণ ধর্ম্মান্ বক্তুং দ্বিজানাং লক্ষণমাহ সংস্কারা মন্ত্রবন্তো গর্ভাধানাদয়ো যস্মিন্ অবিচ্ছিন্নাঃ তর্হি শূদ্রস্যাপি সংস্কারাদি বিচ্ছেদে সতি দ্বিজত্বং স্যাত্তত্রাহ অজো ব্রহ্মা যমেবম্ভূত সংস্কার যুক্তং জগাদ স দ্বিজঃ শূদ্রন্তু সমন্ত্রবৎ সংস্কার যুক্তং জগাদ নাপ্যুপনয়নবন্তং অতো নাসৌ দ্বিজঃ। তথাচ স্মৃতিঃ বিবাহ মাত্রং সংস্কারং শূদ্রোপি লভতাং সদা। নকেন চিৎ সমসৃজৎ ছন্দসা তং প্রজাপতিরিতি শ্রুতিশ্চ গায়ত্র্যা ব্রাহ্মণমসৃজৎ ত্রিষ্টুভা রাজন্যং জগত্যা বৈশ্যং ন কেনচিৎ শূদ্রমিতি। অতো বিবাহ ব্যতিরিক্ত সংস্কারস্য নাবশ্যকত্বাৎ উপনয়নস্যতু সর্ব্বথা নিষেধাৎ নতস্য দ্বিজত্বমিত্যর্থঃ বৈদিকা ইতি পাঠে বৈদিকা গর্ভাধানাদয় ইত্যর্থঃ ॥১২

ত্রৈবর্ণিকানামাবশ্যকান্ ধর্ম্মানাহ ইজ্যেতি জন্মনা বিশুদ্ধেন কুলেন কর্ম্মণা চাচারেণ অবদাতানাং শুদ্ধানাং সুকুলানাং সদাচারাণাঞ্চ নৈতানি বিহিতানীত্যর্থঃ ব্রহ্মচর্য্যাদ্যাশ্রম বিহিতাঃ। ক্রিয়াশ্চ শূদ্রস্যতু বর্ণধর্ম্ম এব আশ্রম ভেদ কৃত বিশেষাভাবাৎ ॥১৩

ব্রাহ্মণাদীনাং চতুর্ণামপি বৃত্তিরূপান্ ধর্ম্মানাহ সার্দ্ধৈঃ সপ্তভিঃ বিপ্রস্য ষট্ কর্ম্মাণি বিহিতানি ইত্যনুষঙ্গঃ। তত্র অধ্যাপনং

ক্রমসন্দর্ভঃ।

সংস্কারা ইত্যর্দ্ধকং নহু শূদ্রস্যাপি তেষু সংস্কারেষু কৃতেষু দ্বিজত্বং স্যাত্তত্রাহ অজোবং সৃষ্ট্বা দ্বিজং জগাদ দ্বিজত্বেন নির্দ্দিদেশ তজ্জাতিক এব সংস্কারেষু লব্ধেষু দ্বিজঃ স্যাদিত্যর্থঃ ॥১২। ১৩ ॥

অবিপ্রাদ্বেতি। বা শব্দাৎ কচিদ্বিপ্রাদপীত্যর্থঃ। বণসং ত্রৈবিণ্যাদানমিত্যাদেঃ ॥ ১৪।১৫।১৬।১৭।১৮।১৯।২০।২১।২২।২৩।২৪।২৫।২৬।২৭।২৮।২৯।৩০।৩১।৩২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইদানীং বর্ণধর্ম্মান্ বক্তুং দ্বিজানাং লক্ষণমাহ সংস্কারা মন্ত্রবন্তো [illegible]ধানাদয়ো যস্মিন্ স দ্বিজঃ। বিচ্ছিন্নসংস্কারোদ্বিজবন্ধুরিত্যর্থঃ। অজো ব্রহ্মা যং জগাদেতি ব্রহ্ম সৃষ্ট্যারম্ভত এব প্রবৃত্তানাং দ্বিজজাতৌ বিশুদ্ধ মাতাপিতৃকং অস্যৈব মুখ্য লক্ষণমিত্যর্থঃ ॥ ১২। ১৩ ॥

ব্রাহ্মণাদীনাং চতুর্ণাং বৃত্তিরূপান্ ধর্ম্মানাহ বিপ্রস্যেতি সার্দ্ধৈঃ সপ্তভিঃ। ষট্ বিহিতানীত্যনুষঙ্গঃ। তত্রতু অধ্যাপনং যাজনং

অপর শ্রীকৃষ্ণের শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, সেবা, অর্চ্চনা, প্রণাম, দাস্য, সখ্য ও আত্ম সমর্পণ ॥ ১০ ॥

হে রাজন্! এই ত্রিশটী মনুষ্যমাত্রের পরম ধর্ম্ম বলিয়া কথিত আছে। এই রূপ ত্রিংশৎ লক্ষণ বিশিষ্ট হইলে এতদ্দ্বারা সর্ব্বাত্মার সন্তোষ হয় ॥ ১১ ॥

হে রাজন্! ইক্ষণে বর্ণ ধর্ম্ম সকল কহিব অতএব প্রথমে দ্বিজ লক্ষণ বলি শুন। যে ব্যক্তির সমন্ত্রক গর্ভাধানাদি সংস্কার সকল অবিচ্ছিন্ন এবং ব্রহ্মা যাহার প্রতি ঐ প্রকার সংস্কার সকল বিধান করিয়াছেন তিনিই দ্বিজ, অপর ব্রহ্মা শূদ্রকে মন্ত্রবৎ সংস্কার যুক্ত করিয়া বলেন নাই এবং তাহার উপনয়নের বিধান নাই, একারণ শূদ্র দ্বিজ নহে ॥ ১২ ॥

শুদ্ধ কুল এবং শুদ্ধ আচারে পরিশুদ্ধ যে সকল দ্বিজাতি, তাহাদিগের যজন অধ্যয়ন এবং দান তথা ব্রহ্মচর্য্যাদি আশ্রমোদিত ক্রিয়া বিহিত অর্থাৎ আবশ্যক ধর্ম্ম ॥ ১৩ ॥

অথবা ব্রাহ্মণের অধ্যয়নাদি অর্থাৎ অধ্যয়ন, অধ্যাপন, যজন, যাজন, দান, প্রতিগ্রহ এই ছয়

বৈশ্যস্তু বার্ত্তা বৃত্তিঃ স্যান্নিত্যং ব্রহ্মকুলানুগঃ। শূদ্রস্য দ্বিজশুশ্রূষা বৃত্তিশ্চ স্বামিনো ভবেৎ ॥ ১৫

বার্ত্তা বিচিত্রা শালীন যাযাবর শিলোঞ্ছনং। বিপ্রবৃত্তিশ্চতুর্দ্ধেয়ং শ্রেয়সীচোত্তরোত্তরা ॥ ১৬ ॥

জঘন্যো নোত্তমাং বৃত্তিমনাপদি ভজেন্নরঃ। ঋতে রাজন্যমাপৎসু সর্ব্বেষামপি সর্ব্বশঃ ॥ ১৭ ॥

### শ্রীধরস্বামী।

যাজনং প্রতিগ্রহশ্চ জীবিকাঃ। যথাহ মনুঃ। ষণ্ণান্তু কর্ম্মণামস্য ত্রীণি কর্ম্মাণি জীবিকাঃ। যাজনাধ্যাপনেচৈব বিশুদ্ধাচ্চ প্রতি-গ্রহ ইতি অন্যস্য ক্ষত্রিয়স্যাপ্রতিগ্রহ ইতি প্রতিগ্রহাতিরিক্তং যাজনমধ্যাপনাধ্যয়নদানাদি জানাতি বক্ষ্যতিচ অনন্তরমেব ঋতে রাজন্য মিতি। শ্রূয়তেচ অশ্বপতি কৈকেয় প্রভৃতীনাং ক্ষত্রিয়াণাং উপদেষ্টৃত্বাদি। প্রজাপালনেঽধিকৃতস্য ক্ষত্রিয়স্য বৃত্ত্যন্তরমাহ রাজ্ঞ ইতি। আদি শব্দেন দণ্ডশুল্কাদি ॥ ১৪ ॥

বার্ত্তা কৃষি বাণিজ্যাদি লক্ষণা বৃত্তির্যস্য সঃ। শূদ্রস্য দ্বিজশুশ্রূষা বিহিতা স্বামিনো দ্বিজস্য শুশ্রূষা বৃত্তিশ্চ ভবেৎ ॥ ১৫ ॥

বিপ্রস্য মুখ্যানুকল্প ভেদেন বৃত্ত্যন্তরান্যাহ বার্ত্তা বিচিত্রা কৃষ্যাদি রূপা শালীনং ধার্ষ্ট্যং বিনৈব প্রাপ্তমযাচিতং যাযাবরং প্রত্যহং ধান্যযাচ্ঞা। শিলং শালিক্ষেত্রাদৌ স্বামিত্যক্ত কণিশোপাদানং। উঞ্ছনং আপণাদি পতিত কণোপাদানং। শিলোঞ্ছনং দ্বয়মেকীকৃত্য চতুর্দ্ধোক্তং। শ্রেয়সী উত্তমা ॥ ১৬ ॥

বৃত্তিমেব ব্যবস্থাং দর্শয়ন্ আপদ্বৃত্তীরাহ। জঘন্যো নীচঃ উত্তমাং অধ্যাপনাদি রূপাং ঋতে রাজন্যং ক্ষত্রিয়স্য প্রতিগ্রহাদন্যাং

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রতিগ্রহশ্চ জীবিকা। তথাচ মনুঃ ষণ্ণান্তু কর্ম্মণামস্য ত্রীণি কর্ম্মাণি জীবিকা। যজনাধ্যাপনেচৈব বিশুদ্ধাচ্চ প্রতিগ্রহ ইতি। অন্যস্য ক্ষত্রিয়স্য অপ্রতিগ্রহ ইতি যাজনাধ্যাপনে আপদ্বৃত্তী। প্রতিগ্রহস্ত্বাপদ্যপি নিষিদ্ধঃ। প্রজাগোপ্তুরিতি পাল্যমানাভিঃ প্রজাভির্দত্তং প্রণত্যাপাদনমেব বৃত্তিরিত্যর্থঃ। বিপ্রভিন্নাৎ লোকাৎ করদণ্ডশুল্কাদিভির্ব্বা ॥ ১৪ ॥

বার্ত্তা কৃষিবাণিজ্যাদয়ো বৃত্তির্যস্য সঃ। দ্বিজশুশ্রূষা ধর্ম্মঃ স্বামিনো। দ্বিজস্য শুশ্রূষা সেবাবৃত্তিশ্চ ॥ ১৫ ॥

বিপ্রস্য বৃত্ত্যন্তরাণ্যাহ। বার্ত্তা বিচিত্রা বিবিধা তত্র শালীনমযাচিতং। যাযাবরং প্রত্যহং ধান্যমাত্র যাচ্ঞা। শিলং শালি ক্ষেত্রাদৌ স্বামিত্যক্ত কণিশোপাদানং। উঞ্ছনং আপণাদি পতিত কণোপা দানং ॥ ১৬ ॥

আপদ্বৃত্তীরাহ। জঘন্যোনীচঃ উত্তমাং অধ্যাপনাদিং ... ঋতে রাজন্যং ক্ষত্রিয়স্য প্রতিগ্রহাদন্যাং ভবেৎ ॥ ১৭ ॥

কর্ম্ম বিহিত। ক্ষত্রিয় জাতির প্রতিগ্রহ ব্যতিরিক্ত পাঁচ কর্ম্ম। পরন্তু যে ক্ষত্রিয় প্রজাপালনে অধিকৃত, তাঁহার ব্রাহ্মণ ভিন্ন সকল প্রজা হইতে করগ্রহণ ও দণ্ড শুল্কাদি দ্বারা জীবিকা বিহিত ॥১৪॥

বৈশ্য জাতির কৃষি বাণিজ্যাদি জীবিকা, আর সর্ব্বদা ব্রাহ্মণ কুলের অনুগত থাকা তাহার কর্ত্তব্য কর্ম্ম। শূদ্রজাতির প্রতি দ্বিজশুশ্রূষা মাত্র বিহিত এবং দ্বিজ শুশ্রূষাই তাহার বৃত্তি ॥ ১৫ ॥

হে রাজন্! বিপ্রজাতির মুখ্য ও অনুকল্প ভেদে বৃত্ত্যন্তর বলিতেছি, শ্রবণ করহ। বিচিত্রা বার্ত্তা অর্থাৎ কৃষ্যাদি, শালীন অর্থাৎ ধৃষ্টতা ব্যতিরেকে অযাচিত প্রাপ্ত, যাযাবর অর্থাৎ প্রত্যহ ধান্য যাচ্ঞা এবং শিল ও উঞ্ছ ( শিল শব্দের অর্থ ধান্যক্ষেত্রাদিতে স্বামিত্যক্ত শস্যকণা গ্রহণ, উঞ্ছ শব্দের অর্থ ( আপণাদিতে পতিত শস্যকণা সংগ্রহ ) এই চারি প্রকার বিপ্রজাতির বৃত্তি, ইহাদের মধ্যে পর পরটী উত্তম ॥ ১৬ ॥

হে রাজন্! নীচ জাতীয় মনুষ্যের অনাপৎ সময়ে কখন অধ্যাপনাদি রূপা উত্তমা বৃত্তি অবলম্বন করা বিধেয় নহে, কিন্তু আপৎকালে ক্ষত্রিয় ব্যতিরেকে সকল জাতিই সকল বৃত্তি অবলম্বন করিতে

ঋতামৃতাভ্যাং জীবেত মৃতেন প্রমৃতেন বা। সত্যানৃতাভ্যামপিবা নশ্ববৃত্ত্যা কদাচন ॥ ১৮ ॥
ঋতমুঞ্ছশিলং প্রোক্তমমৃতং যদযাচিতং। মৃতন্তু নিত্যং যাচ্ঞা স্যাৎ প্রমৃতং কর্ষণং স্মৃতং।
সত্যানৃতঞ্চ বাণিজ্যং শ্ববৃত্তির্নীচসেবনং ॥ ১৯ ॥
বর্জয়েত্তাং সদা বিপ্রো রাজন্যশ্চ জুগুপ্সিতাং। সর্ব্ববেদময়ো বিপ্রঃ সর্ব্বদেবময়ো নৃপঃ ॥ ২০ ॥
শমো দমস্তপঃ শৌচং সন্তোষঃ ক্ষান্তিরার্জবং। জ্ঞানং দয়াচ্যুতাত্মত্বং সত্যঞ্চ ব্রহ্মলক্ষণং ॥ ২১ ॥
শৌর্য্যং বীর্য্যং ধৃতিস্তেজস্ত্যাগশ্চাত্মজয়ঃ ক্ষমা। ব্রহ্মণ্যতা প্রসাদশ্চ সত্যঞ্চ [illegible]ণং।
দেব গুর্ব্বচ্যুতে ভক্তি স্ত্রিবর্গপরিপোষণং। [illegible]দ্যমোনিত্যং নৈপুণ্যং বৈশ্য লক্ষণং ॥২২॥

শ্রীধরস্বামী।

ভবেত ॥ ১৭ ॥ চতুর্বিধাং পূর্ব্বোক্তাং বিপ্রবৃত্তিমিতরেষামপি দর্শয়নাহ ঋতামৃতাভ্যামিতি ॥ ১৮ ॥
শ্লোকং ব্যাচষ্টে ঋতমিতি ॥ ১৯ ॥
তয়ো স্তদ্বর্জনে হেতুমাহ সর্ব্ববেদময় ইতি ॥ ২০ ॥
বর্ণানামভিব্যঞ্জক রূপান্ ধর্ম্মানাহ শম ইতি চতুর্ভিঃ। অচ্যুতাত্মত্বং শ্রীবিষ্ণুপরত্বং ॥ ২১ ॥
শৌর্য্যং যুদ্ধোৎসাহঃ বীর্য্যং প্রভাবঃ তেজঃ প্রাগলভ্যং ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিপ্রবৃত্তী বৈশ্যবৃত্তীশ্চ কাশ্চিৎ সর্ব্বেষামপ্যাপদ্যনুজানীতে। ঋতামৃতাভ্যামিতি শ্লোকমিমং ব্যাচষ্টে ঋতমিতি সার্দ্ধেন। ১৮। ১৯ ॥
তয়ো স্তদ্বর্জনে হেতুমাহ সর্ব্বেতি। তেন বৈশ্য শূদ্রয়ো নীচসেবয়াপ্যাপদি ন তাবান্ দোষ ইতি ভাবঃ ॥ ২০ ॥
বর্ণানামভিব্যঞ্জকানি লক্ষণান্যাহ শম ইতি চতুর্ভিঃ। অচ্যুতাত্মত্বং বিষ্ণুমনস্কত্বং ॥ ২১। ২২। ২৩ ॥

পারে। ক্ষত্রিয় জাতি আপৎকালে প্রতিগ্রহ ভিন্ন অন্য সকল বৃত্তি স্বীকার করিবে ॥ ১৭ ॥

হে রাজন্! ব্রাহ্মণজাতির যে চারিটী বৃত্তি বলি[illegible]মধ্যে ঋত ও অমৃত দ্বারা অথবা মৃত ও প্রমৃত দ্বারা কিম্বা সত্যানৃত দ্বারা সকল জাতিই জীবন ধারণ করিতে পারে, কিন্তু শ্ববৃত্তি দ্বারা কখন জীবিকা কর্ত্তব্য নহে ॥ ১৮ ॥

রাজন্! ঋত শব্দের অর্থ উঞ্ছ ও শিল, অমৃতের অর্থ অযাচিত, মৃতশব্দের অর্থ নিত্য যাচ্ঞা, প্রমৃতের অর্থ কৃষি, সত্যানৃতের অর্থ বাণিজ্য, শ্ব বৃত্তির অর্থ নীচসেবা ॥ ১৯ ॥

হে রাজন্! শ্ববৃত্তি ( নীচসেবা ) অতিশয় গর্হিতা, ব্রাহ্মণ এবং ক্ষত্রিয়জাতি সর্ব্বদাই তাহা পরিত্যাগ করিবেন, কারণ ব্রাহ্মণ সর্ব্ববেদময় এবং ক্ষত্রিয়ও সর্ব্বদেব স্বরূপ ॥ ২০ ॥

হে পাণ্ডবেয়! এক্ষণে বর্ণ সকলের অভিব্যঞ্জক স্বরূপ ধর্ম্ম সকল বলি, শ্রবণ কর। শম, দম, তপস্যা, শৌচ, সন্তোষ, ক্ষমা, ঋজুতা, জ্ঞান, দয়া, বিষ্ণুপরত্ব এবং সত্য এই সকল ব্রাহ্মণ জাতির লক্ষণ ॥ ২১ ॥

শৌর্য্য ( যুদ্ধোৎসাহ ) বীর্য্য ( প্রভাব ) ধৈর্য্য, তেজঃ ( প্রগলভতা ) দান, আত্মজয়, ক্ষমা, ব্রহ্মণ্যতা এবং সত্য এই সকল ক্ষত্রিয় জাতির লক্ষণ। দেব, গুরু এবং বিষ্ণুর প্রতি ভক্তি, ধর্ম্ম অর্থ কাম এই ত্রিবর্গের পোষণ, আস্তিক্য, নিত্য উদ্যম এবং নৈপুণ্য এই সকল বৈশ্য লক্ষণ ॥ ২২ ॥

শূদ্রস্য সন্নতিঃ শৌচং সেবা স্বামিন্যমায়য়া। অমন্ত্র যজ্ঞোহ্যস্তেয়ং সত্যং গোবিপ্র রক্ষণং ॥ ২৩ ॥
স্ত্রীণাঞ্চ পতিদেবানাং তৎশুশ্রূষানুকূলতা। তদ্ব ন্ধুষনুবৃত্তিশ্চ নিত্যং তদ্ব্রতধারণং ॥ ২৪ ॥
সম্মার্জনোপলেপাভ্যাং গৃহমণ্ডন বর্তনৈঃ। স্বয়ঞ্চ মণ্ডিতা নিত্যং পরিমৃষ্টপরিচ্ছদা।
কামৈরুচ্চাবচৈঃ সাধ্বী প্রশ্রয়েণ দমেনচ। বাক্যৈঃ সত্যৈঃ প্রিয়ৈঃ প্রেম্না কালে কালে ভজেৎপতিং ॥২৫॥
সন্তুষ্টাঽলোলুপা দক্ষা ধর্ম্মজ্ঞা প্রিয় সত্যবাক্। অপ্রমত্তা শুচিঃ স্নিগ্ধা পতিং ত্বপতিতং ভজেৎ ॥২৬॥
যা পতিং হরিভাবেন ভজেৎ শ্রীরিব তৎপরা। হর্য্যাত্মনা হরের্লোকে পত্যা শ্রীরিব মোদতে ॥২৭

শ্রীধরস্বামী।

অমন্ত্র যজ্ঞঃ নমস্কারেণৈব পঞ্চযজ্ঞানুষ্ঠানং। তথাচ যাজ্ঞবল্ক্যঃ। নমস্কারেণ মন্ত্রেণ পঞ্চযজ্ঞান্নহাপয়েদিতি ॥ ২৩ ॥
স্ত্রীধর্ম্মানাহ স্ত্রীণামিতি পঞ্চভিঃ। পতিরেব দেবো যাসাং তস্য পত্যুঃ শুশ্রূষা তদনুকূলতাচ তস্য বন্ধুতং নিয়মস্তস্য ধারণং এতচ্চতুষ্টয়ং পতিব্রতানাং লক্ষণং ধর্ম্মশ্চ ॥ ২৪ ॥
কিঞ্চ সংমার্জনোপলেপাভ্যাং ইত্যাদেঃ পতিং ভজেদিত্যুত্তরেণান্বয়ঃ পরিমৃষ্টা উদ্বর্তনাদিনা নির্ম্মলীকৃতাঃ পরিচ্ছদা গৃহোপকরণানি যয় ॥ ৫২॥
কিঞ্চ সন্তুষ্টা যথালাভেন তাবন্মাত্রেপি ভোগেঽলোলুপা দক্ষা অনলসা প্রিয়া সত্যাচ বাক্ যস্যাঃ সর্ব্বত্রাপি অপ্রমত্তা অবহিতা অপতিতং মহাপাতক শূন্যং যথাহ যাজ্ঞবল্ক্যঃ আশুদ্ধেঃ সংপ্রতীক্ষ্যোহি মহাপাতক দূষিত ইতি ॥ ২৬ ॥
তৎপরা সতী ভজেৎ শ্রীহরিমিব হর্য্যাত্মনা পত্যা সহ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্তী।

সাধ্বীনাং লক্ষণানি ধর্ম্মাংশ্চাহ স্ত্রীণামিতি পঞ্চভিঃ। পতিরেব দেবঃ পূজ্যোযাসাং ॥ ২৪ । ২৫ । ২৬ ॥
হর্য্যাত্মনা পত্যা সহ ॥ ২৭ ॥

সাধু বিপ্রাদির প্রতি প্রণাম, শৌচ, অকপটে প্রভুর সেবা, অমন্ত্র যজ্ঞ অর্থাৎ নমস্কার মন্ত্র দ্বারা পঞ্চ যজ্ঞানুষ্ঠান, অস্তেয়, সত্য এবং গো ব্রাহ্মণের রক্ষা এই সকল শূদ্রের লক্ষণ ॥ ২৩ ॥

হে রাজন্! অতঃপর স্ত্রীধর্ম্ম বলি শুন। পতিশুশ্রূষা, পতির অনুকূলবর্ত্তিনী হওয়া, পতি বন্ধুর অনুবৃত্তি, নিত্য পতির নিয়ম ধারণ এই চারিটী পতিব্রতা স্ত্রীদিগের লক্ষণ ও ধর্ম্ম ॥ ২৪ ॥

এই ধর্ম্ম চতুষ্টয়বিশিষ্টা সাধ্বী স্ত্রী স্বয়ং মণ্ডিতা হইয়া সম্মার্জন, উপলেপন, গৃহমণ্ডন এবং গৃহ সুগন্ধী করণ, তথা উচ্চাবচ কাম, বিনয়, দম, সত্য অথচ প্রিয়বাক্য এবং প্রেম এই সকল দ্বারা সময়ে ২ পতিসেবা করিবে আর গৃহের উপকরণ সকল সর্ব্বদা পরিষ্কার করিয়া রাখিবে ॥ ২৫ ॥

অপিচ যথালাভে সন্তুষ্টা হইবে, তাবন্মাত্র ভোগেও লোলুপা হইবে না, সদা অলস শূন্যা ও ধর্ম্মজ্ঞা হইবে, সতত সত্য অথচ প্রিয়বাক্য কহিবে, সকল বিষয়ে অবহিতা, সর্ব্বদা শুচি এবং স্নিগ্ধা হইয়া মহাপাতক শূন্য ভর্ত্তার ভজনা করিবে ॥ ২৬ ॥

হে রাজন্! যে নারী লক্ষ্মীর ন্যায় তৎপরা হইয়া হরিভাবে পতির সেবা করেন তিনি লক্ষ্মীর তুল্য হরি স্বরূপ সেই পতির সহিত হরিলোকে আমোদিতা হইয়া থাকেন ॥ ২৭ ॥

বৃত্তিঃ সঙ্করজাতীনাং তত্তৎ কুলকৃতা ভবেৎ। অচৌরাণামপাপানামন্ত্যজান্তেবসায়িনাং ॥ ২৮॥
প্রায়ঃ স্বভাববিহিতো নৃণাং ধর্ম্মো যুগে যুগে। বেদদৃগ্‌ভিঃ স্মৃতো রাজন্‌ প্রেত্য চেহচ শর্ম্মকৃৎ ॥২৯॥
বৃত্ত্যা স্বভাবকৃতয়া বর্ত্তমানঃ স্বকর্ম্মকৃৎ। হিত্বা স্বভাবজং কর্ম্ম শনৈর্নির্গুণতামিয়াৎ ॥ ৩০ ॥
উপ্যমানং মুহুঃ ক্ষেত্রং স্বয়ং নির্ব্বীর্য্যতামিয়াৎ। ন কল্পতে পুনঃ সূত্যৈ উপ্তং বীজঞ্চ নশ্যতি।

শ্রীধরস্বামী।

প্রতিলোমজানুলোমজানাং বৃত্তিমাহ বৃত্তিরিতি। তত্তৎকুল কৃতা কুলপরম্পরা প্রাপ্তা পরম্পরা প্রাপ্তমপি চৌর্য্যং হিংসাদিকঞ্চ নিষেধতি অচৌরাণামপাপানাঞ্চ ইতি। তৎ প্রদর্শনার্থং কাংশ্চিৎ প্রতিলোমজ বিশেষানাহ অন্ত্যজেতি। রজক শ্চর্ম্মকারশ্চ নটোবরুড় এবচ। কৈবর্ত্তমেদভিল্লাশ্চ সপ্তৈতে অন্ত্যজাঃ স্মৃতাঃ। অন্তেবসায়িনশ্চ চণ্ডাল পুক্কশ মাতঙ্গাদয়ঃ তেষাং পরম্পরয়া প্রাপ্তৈব বস্ত্রনির্ণেজনাদি বৃত্তিরিত্যর্থঃ ॥ ২৮ ॥

শ্রেষ্ঠাদপি পরধর্ম্মাদ্নীচোঽপি স্বধর্ম্ম এব শ্রেয়ানিত্যাহ প্রায় ইতি। স্বভাবেন সত্বাদি প্রকৃত্যা বিহিতো ধর্ম্মঃ শর্ম্মকৃৎ সুখহেতুঃ স্মৃতঃ। কৈঃ বেদএব দৃক্‌ চক্ষুর্যেষাং তৈঃ। ভগবতা চোক্তং গীতাসু শ্রেয়ান্‌ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ ইতি ॥ ২৯

নন্থ স্বাভাবিকস্য কর্ম্মণো বন্ধহেতুত্বাৎ কথং সুখহেতুত্বং তত্রাহ বৃত্ত্যেতি ॥ ৩০ ॥

নন্থ কাম্যানি কর্ম্মাণি কুর্ব্বতস্তৎফলোপভোগ পরস্য কথং নৈগুণ্যং স্যাৎ। তদুক্তং প্রহ্লাদেন ঔপস্থ্য জৈহ্বাং বহুমন্যমান

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অনুলোম প্রতিলোমজানাং বৃত্তিমাহ। বৃত্তিরিতি। কুলকৃতা কুলপরম্পরা প্রাপ্তা যথা নাপিত রজকাদীনাং মুণ্ডন বস্ত্র নির্ণেজনাদিকা। অপাপানামিতি কুলপরম্পরা প্রাপ্ত মদিরাপান বিধবাবিবাহাদি পাপবতাং পাপাভাব উক্তঃ। চৌর্য্যস্তু তেষামপি প্রতিষিদ্ধমিত্যাহ। অচৌরাণামিতি। অচৌরত্বে সত্যেব বৃত্তিঃ কুলকৃতা বিহিতা পাপাভাবশ্চোক্ত ইতি ভাবঃ। তত্র প্রদর্শনার্থং কাংশ্চিৎ প্রতিলোমজ বিশেষানাহ। অন্ত্যজেতি রজকশ্চর্ম্মকারশ্চ নটোবরুড় এবচ। কৈবর্ত্তমেদভিল্লাশ্চ সপ্তৈতে অন্ত্যজাঃ স্মৃতাঃ। অন্তেবসায়িনস্তু চণ্ডালাদয়ঃ ॥ ২৮ ॥

শ্রেষ্ঠাদপি পরম ধর্ম্মান্নী চোপি স্বধর্ম্মঃ শ্রেয়ানিত্যাহ প্রায় আয়েতি বেদদৃগ্‌ভির্বেদবিদ্ভিঃ শর্ম্মকৃৎ সুখহেতুঃ স্মৃতঃ। ভগবতা চোক্তং শ্রেয়ান্‌ স্বধর্ম্মো বি[illegible] ধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাদিতি। প্রায়ইত্যনেন কুজাতীনাং কুৎসাচার ত[illegible] নাশস্তুকৃৎ ॥ ২৯ ॥

শনৈর্মহ জন্মান্তরএব যত্[illegible] অনুত্তর তত্র শত জন্মভিঃ পুমান্‌ বিরিঞ্চতামেতীত্যাদি ॥ ৩০ ॥

অত্যুৎকট বাসনাবিশিষ্টানাং তু বেদোক্ত নিয়মেন কামত্যাগাসংভবাৎ বহুশঃ কামান্‌ নির্বিষ্কেতবান্‌ যযাতি সৌভরি

হে রাজন্‌! এক্ষণে প্রতিলোমজদিগের ধর্ম্ম বলি শুন। অপাপ ও অচৌর সঙ্করজাতিদিগের তথা অন্ত্যজ [ রজক, চর্ম্মকার, নট, বরুড়, কৈবর্ত্ত, মেদ ও ভিল্লাদি ] তথা অন্ত্যেবসায়ি অর্থাৎ চণ্ডাল প্রভৃতির স্ব স্ব কুল পরম্পরা প্রাপ্ত বৃত্তিই বৃত্তি। অপাপ অচৌর বলিয়া সঙ্করজাতিকে বিশেষ করিবার তাৎপর্য্য এই, চৌর্য্য ও হিংসাদি যদিও তাহাদের পরম্পরা প্রাপ্ত ধর্ম্ম হয় তথাচ তাহা ধর্ম্ম্য বৃত্তি নহে জানিবে ॥ ২৮ ॥

হে যুধিষ্ঠির! মনুষ্যদিগের স্বভাব অর্থাৎ সত্বাদি প্রকৃতি দ্বারা যুগে যুগে যে ধর্ম্ম বিহিত হইয়াছে বেদদর্শিরা বলেন প্রায় সেই ধর্ম্মই ইহকালে ও পরকালে তাহাদিগের সুখহেতু হয় ॥ ২৯ ॥

স্বকর্ম্মকারী যে ব্যক্তি স্বভাবকৃতা বৃত্তি দ্বারা বর্ত্তমান হন, তিনি আপনার স্বভাবজ কর্ম্ম পরিত্যাগ করিয়া ক্রমে নির্গুণত্ব প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৩০ ॥

রাজন্‌! কাম্য কর্ম্মকারি পুরুষের তৎফল ভোগে তৎ পরত্ব প্রযুক্ত নৈর্গুণ্য হয় না এমত আশঙ্কা করিও না, দেখ যেমন উর্ব্বরা ক্ষেত্রে বারম্বার বীজ বপন করিলে তাহা স্বয়ং নির্ব্বীর্য্য হইয়া পড়ে,

এবং কামাশয়ং চিত্তং কামানামতিসেবয়া। বিরজ্যেত যথা রাজন্নাগ্নিবৎ কামবিন্দুভিঃ ॥ ৩১ ॥

যস্য যল্লক্ষণং প্রোক্তং পুংসো বর্ণাভিব্যঞ্জকং। যদন্যত্রাপি দৃশ্যেত তত্তেনৈব বিনির্দিশেৎ ॥৩২

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে সদাচার নির্ণয় একাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১১ ॥ * ॥

---

### শ্রীধরস্বামী।

ইত্যাদি। তত্র সদৃষ্টান্তমাহ উপ্যমানমিতি দ্বাভ্যাং। পুনঃ সূতৈত্য শস্য প্রসবায় কামা আশেরতে বাসনারূপেণ যস্মিন্ তৎ। অয়ং ভাবঃ। উৎকট বাসনাবিশিষ্টস্য সহসৈব কামত্যাগাসম্ভবাৎ বেদোক্ত নিয়মেন বহুশঃ কামান্ ভুঞ্জানস্তৈবং নিত্যনৈমিত্তিকৈ র্বিশুদ্ধ চেতসস্তদ্দোষ দর্শনেন যযাতি সৌভরি প্রমুখানামিব শনৈর্ব্বিরাগো ভবতি। যথা সবীর্য্যং ক্ষেত্রং নির্ব্বীর্য্যং শনৈর্ভবতি যথাচ প্রজ্বলিতোঽগ্নির্ঘৃত বিন্দুভিঃ শাম্যতি মহতা ঘৃতপূরেণতু শাম্যত্যেব তদ্বৎ। প্রহ্লাদকৃতস্তু কৌমার এব নিবৃত্ত্যুপদেশো মন্দবাসনানামধিকারেণ তদুক্তং তত্রৈব বালা অদূষিতধিয়ো দ্বন্দ্বারামেরিতেহিতৈরিতি। অতঃ সর্ব্বমনবদ্যং ॥ ৩১

ব্রহ্মা কহিলেন অহে দেবগণ। আমি (ব্রহ্মা) ভগবান্ ভব, তোমরা, তথা অসুর, মনুষ্য, তির্য্যক্, দ্রুম প্রভৃতি ঘর্ম্মজ জাতি অর্থাৎ জরায়ুজ, অণ্ডজ, উদ্ভিজ্জ ও স্বেদজ, এই সকলই যাঁহার অবতার রূপ পুরুষের অংশ যে ব্রহ্মা তাঁহার কলা হইতে সৃষ্ট অর্থাৎ মরীচ্যাদি পুত্র পৌত্রাদি দ্বারা উৎপন্ন

যস্যাবতারাংশকলা বিসর্জ্জিতা ব্রজাম সর্ব্বে শরণং তমব্যয়ং ॥ ১০ ॥
ন যস্য বধ্যো নচ রক্ষণীয়ো নোপেক্ষণীয়াদরণীয়পক্ষঃ।
তথাপি সর্গস্থিতি সংযমার্গং ধত্তে রজঃ সত্ত্ব তমাংসি কালে ॥ ১১ ॥
অয়ঞ্চ তস্য স্থিতি পালনক্ষণঃ সত্ত্বং জুষাণস্য ভবায় দেহিনাং।
তস্মাদ্ব্রজামঃ শরণং জগদ্গুরুং স্বানাং স নো ধাস্যতি শং সুরপ্রিয়ঃ ॥ ১২ ॥
শ্রীশুক উবাচ ॥
ইত্যাভাষ্য সুরান্ বেধা সহ দেবৈররিন্দম। অজিতস্য পদং সাক্ষাৎ জগাম তমসঃ পরং ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

নমু তর্হি সর্ব্বেষসৌ সমঃ স্যাৎ কিন্তৎ শরণাশ্রয়েণ সত্যং যদ্যপেবং তথাপ্যস্মৎ পক্ষপাতী ভবিষ্যতীত্যাশয়েনাহ যস্যেতি বাভ্যাং ॥ ১১ ॥
স্থিতিপালনস্য ক্ষণঃ কালঃ অতঃ সুরপ্রিয়ঃ সন্ স্বীয়ানাং নঃ শং শুভং করিষ্যতি। ১২ ॥
যত্র ক্ষীরাব্ধৌ হরের্ব্বাস স্তদেব তমসঃ পরং স্থানং। যথা লোকালোকাৎ পরতো যত্তম স্ততঃ পরং স্থানং জগাম ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ন বস্তেত্যাদৌ সর্গাদয়ো লোকবত্তু লীলা কৈবল্যমিতি ন্যায়েনৈবেতি ভাবঃ। তদুক্তং। সৃষ্ট্যাদিকং হরিনৈব প্রয়োজনমপেক্ষ্যতু। কুরুতে কেবলানন্দাদ্যথা মত্তস্য নর্ত্তনমিত্যাদি ॥ ১১ ॥
নমু সর্গাদিকালানুসারীচেদসৌ তর্হি কালান্তরেঽস্মবিপক্ষীভাবায়াতি বিশ্বসনীয় স্তত্রাহ। স্বানামিতি। নমু তর্হি স্বীয় ত্বমপ্যস্মাসু ন ঘটতে তত্রাহ সুরপ্রিয়ঃ। সুরেষু প্রিয়া ভক্তা শ্রীনারদাদয়ো যস্য স ইতি। সুরেষেব ভক্তানাং স্থিতি প্রাচুর্য্যা দস্মাস্বেবাস্যানুগ্রহঃ পর্য্যবস্যতীতি ভাবঃ। ১২ ॥
অজিতস্য পদং বিকুণ্ঠাসুতস্যৈব তেনৈব প্রকাশিতং বৈকুণ্ঠবিশেষং। তমসঃ পরং। প্রপঞ্চমধ্যাবিভূর্তত্বেপি শ্রীভগবদ্বিগ্রহ বদেব প্রকৃত্যা ন স্পৃষ্টং যত্তজ্জগাম। তৎ সমীপদেশং প্রাপেত্যর্থঃ ॥ ১৩। ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন যস্য বধ্য ইতি তস্য সর্ব্বত্র সাম্যাদিতি ভাবঃ। নমু তর্হি বধাদয়ঃ কথং জগতি দৃশ্যন্তে তত্রাহ ধত্তে ইতি। গুণানাং তচ্ছক্তিত্বাৎ সৃষ্ট্যাদ্যর্থং সএব রজ আদি ধত্তে ইত্যুচ্যতে তমঃ সত্বরজোভিস্তৈরেব বধরক্ষণোপেক্ষণানি ক্রিয়ন্তে তত্র পরমেশ্বরে কেবলমুপচার ইতি ভাবঃ ॥ ১১ ॥
কিন্তু সংপ্রতি তমঃ কার্য্য বধকালো নেত্যাহ অয়ং স্থিতির্মর্য্যাদা তস্যাঃ পালন লক্ষণঃ সময়ঃ। সত্বং জুষাণস্যেতি সংপ্রতি সত্বং স্বীকুর্ব্বন্ সুরপ্রিয় এব ভবিতুমর্হতীতি ভাবঃ ॥ ১২ ॥
পদং ক্ষীরোদধিস্থ শ্বেতদ্বীপং তমসঃ প্রকৃতেঃ পরং ॥ ১৩ ॥

হইয়াছে, আমরা সেই অব্যয় পরমেশ্বরের শরণাপন্ন হই চল ॥ ১০ ॥
তাঁহার বধ্য নাই, রক্ষণীয় পক্ষও নাই, তথাপি তিনি সৃষ্টি স্থিতি প্রলয় নিমিত্ত তত্তৎ কালে সত্ত্ব রজঃ ও তমোগুণ ধারণ করেন ॥ ১১ ॥
তিনি দেহিদিগের ভবার্থ সত্ত্বগুণ সেবা করিতেছেন, এই তাঁহার স্থিতি পালনের কাল, অতএব এ সময় সেই জগদ্গুরুর শরণ প্রাপ্ত হইলে তিনি আত্মীয় যে অস্মদাদি, অবশ্য আমাদের কল্যাণ বিধান করিবেন ॥ ১২ ॥
শুকদেব কহিলেন হে শত্রুনাশন রাজন্! ব্রহ্মা দেবতাদিগকে এই প্রকার কহিয়া তাঁহাদের সহিত যে ক্ষীর সাগরে ভগবান্ বসতি করিতেছিলেন, তমোগুণের পরবর্ত্তি সেই পরম স্থানে গমন করিলেন ॥ ১৩ ॥

তত্রাদৃষ্টস্বরূপায় শ্রুতপূর্ব্বায় বৈ প্রভুঃ। স্তুতিমক্রত দৈবীভি র্গীর্ভিস্ত্বহিতেন্দ্রিয়ঃ॥ ১৪॥

শ্রীব্রহ্মোবাচ॥

অবিক্রিয়ং সত্যমনন্তমাদ্যং গুহাশয়ং নিষ্কলমপ্রতর্ক্যং।

মনোগ্রযানং বচসা নিরুক্তং নমামহে দেব বরং বরেণ্যং॥ ১৫॥

বিপশ্চিতং প্রাণ মনোধিয়াত্মনামর্থেন্দ্রিয়াভাসমনিদ্রমব্রণং।

শ্রীধরস্বামী।

দৈবীভি র্লোকেঽপ্রসিদ্ধাভি বৈদিকীভির্গীর্ভিঃ স্তুতিমকরোৎ। ১৪।

দেববরং নমামহে নমাম। হে দেব,বরং ত্বাং নমামেতি বা। বরত্বে হেতুঃ সত্যং কুতঃ অবিক্রিয়ং তৎকুতঃ অনন্তং আদ্যঞ্চ অনাদিং। আদ্যন্ত বতোহি বৃদ্ধ্যাদি বিক্রিয়া ভবন্তি। কিঞ্চ গুহাশয়ং সর্ব্বান্তর্গতং। কুতঃ নিষ্কলং নিরুপাধিং তৎকুতঃ অপ্রতর্ক্যং তৎকুতঃ মনোগ্রযানং মনসোঽপি যবিষ্ঠং মনঃ প্রাপ্যে স্থানে ততঃ প্রাগেব বিদ্যমানত্বাৎ। তথাচ শ্রুতিঃ অনেজদেকং মনসো যবীয়ো নৈনদ্দেবা ইত্যাদি বচসাঽনিরুক্তং অবিষয়ত্বাৎ। যদ্বাচা নাভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে ইতি শ্রুতেঃ মনোবচসো রগোচরত্বাৎ অপ্রতর্ক্যং যদ্বৈষং বা সর্ব্বেষাং হেতু হেতুমদ্ভাবঃ। ১৫।

কিঞ্চ প্রাণাদীনাং বিপশ্চিতং জ্ঞাতারং আত্মা অহঙ্কারো দেহো বা নতু তদ্ব্যতিরিক্তং জ্ঞেয়মস্তীত্যাহ অর্থো বিষয়ঃ ইন্দ্রিয়াণি তদ্গ্রাহকাণি তদুভয় রূপেণাভাসত ইতি তথা তং তথাপ্যনিদ্রং স্বপ্ন দ্রষ্টৃবদজ্ঞানরহিতং। কুতঃ অব্রণং অদেহং অতএবাক্ষরঃ

ক্রমসন্দর্ভঃ।

ব্রহ্মত্বেন স্তৌতি অবিক্রিয়মিতি॥ ১৫॥

পরমাত্মত্বেন স্তৌতি বিপশ্চিতমিতি দ্বাভ্যাং। তত্তদবতার রূপেণ ত্রিযুগং॥ ১৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অদৃষ্ট স্বরূপায়েতি তত্র বর্ত্তমানত্বেপি তদিচ্ছাং বিনা দ্রষ্টুমশক্তেঃ। অক্রত অকরোৎ। দৈবীভিঃ পুরুষসূক্তাদিভিঃ বৈদিকীভিঃ॥ ১৪॥

হে দেব ত্বাং বয়ং নমাম এব নতু ধ্যাতুং স্তোতুঞ্চ প্রভবাম ইত্যাহঃ। মনসোঽগ্রে যানং যস্য তং। তথাচ শ্রুতিঃ। অনেজদেকং মনসোজবীয়োনৈনদ্দেবা আপ্নুবন্ পূর্ব্বমর্শৎ। তদ্ধাবতোন্যানত্যেতি তিষ্ঠৎদিতি বচসাপি অনিরুক্তং যদ্বাচা ন ভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে ইতি শ্রুতেঃ। অস্মন্মনোবচসোর্ম্মায়িকত্বাৎ ত্বত্তু মায়াতীতত্বাদিতি ভাবঃ। মায়াতীতত্বে লিঙ্গমাহ অবিক্রিয়ং গুণানামেব বিকার ধর্ম্মত্বাদিতি ভাবঃ। নচ মন আদ্য গম্যত্বেপি তবাবস্তুত্বমিত্যাহ সত্যং। নমু কিং ঘটপটাদিকমিব নেত্যাহ অনন্তং কালদেশ পরিচ্ছেদ রহিতং যত আদ্যং সর্ব্বজগৎকারণং। অতএব সর্ব্বেষামগম্যত্বাদগুহায়ামিব শেতে ইতি তং যতো নিষ্কলং নিরুপাধিং যদ্বা অপ্রমেয়ত্বান্নিষ্কলং কলো না কালমানয়োরিতি মেদিনী। তত্র হেতুঃ অপ্রতর্ক্যং॥ ১৫॥

অতস্তস্য সর্ব্বজ্ঞত্বং সর্ব্বাজ্ঞেয়ত্বঞ্চাহ বিপশ্চিতং প্রাণাদীনাং জ্ঞাতারং। আত্মা অহঙ্কারো দেহো জীবোবা। অর্থা বিষয়াঃ ইন্দ্রিয়াণি তদ্গ্রাহকাণি তৈর্নভাসতে ইতি তং বিষয় নিষ্ঠেন্দ্রিয়াগোচরমিত্যর্থঃ। অনিদ্রং দ্রষ্টারং তদপি অব্রণং জীব দুঃখ দর্শিনেপ্যদুঃখিতং সর্ব্বত্র হেতুঃ। যত্র যস্মিন্ গৃধ্রপক্ষৌ জীবপক্ষতুল্যৌ ছায়াতপৌ অবিদ্যাবিদ্যে নস্তঃ। অতএবাক্ষরং খঃ

তথায় উপনীত হইয়া সাবধান মনে বৈদিক বাক্য দ্বারা অদৃষ্টরূপ কিন্তু শ্রুত পূর্ব্ব ভগবান্ হরির স্তব আরম্ভ করিলেন॥ ১৪॥

ব্রহ্মা কহিলেন দেব আপনি সর্ব্বশ্রেষ্ঠ, আপনাকে আমরা নমস্কার করি। প্রভো! আপনার বিকার নাই, আপনি সত্য, অনন্ত, অনাদি, সর্ব্বান্তর্যামী, নিরুপাধি এবং অপ্রতর্ক্য, আপনি মনেরও অগ্রেতে গমন করেন, বাক্যের দ্বারা আপনাকে নির্ব্বচিতে পারা যায় না, আপনাকে নমস্কার॥ ১৫॥

অহো! যিনি প্রাণ, মনঃ, বুদ্ধি এবং আত্মাকে জানেন এবং বিষয় ও ইন্দ্রিয় এতদুভয় রূপে প্রকাশ

ছায়াতপৌ যত্র নগৃধ্রপক্ষৌ তমক্ষরং খং ত্রিযুগং ব্রজামহে॥ ১৬॥
অজস্য চক্রং ত্বজয়েৰ্য্যমাণং মনোময়ং পঞ্চদশারমাশু।
ত্রিনাভিবিদ্যুচ্চলমষ্টনেমি যদক্ষমাহুস্তমৃতং প্রপদ্যে॥ ১৭॥
য একবর্ণং তমসঃ পরং তদলোকমব্যক্তমনন্তপারং।

## শ্রীধরস্বামী।

খমিব ব্যাপিনঞ্চ সর্ব্বত্র হেতুঃ যত্র যস্মিন্ গৃধ্রপক্ষৌ জীবপক্ষপাতিনৌ ছায়াতপৌ অবিদ্যা তন্নিবর্ত্তিকা বিদ্যাচ নাস্তি তং ত্রিযুগং ত্রিষু যুগেষু আবির্ভবন্তং শরণং ব্রজামহে॥ ১৬॥

তদেবমবিক্রিয়ত্বাদিভিঃ সর্ব্বজ্ঞত্বাদিভিশ্চ সত্যত্বং বরেণ্যত্বঞ্চোক্তং সংসার চক্রাধারত্বেনাপি তদেব দর্শয়ন্নাহ অজস্য জীবস্য চক্রং চক্রবদাবর্ত্তমানং দেহাদি অজয়া মায়য়া প্রেৰ্য্যমাণং। যঃ অক্ষো যস্য যদধিষ্ঠানমাহুঃ তমৃতং সত্যং প্রপদ্যে কথং ভূতং চক্রং মনোময়ং মনঃ প্রধানং দশেন্দ্রিয়াণি পঞ্চ প্রাণাশ্চেত্যেবং পঞ্চদশ আরা যস্য আশু শীঘ্রং ত্রয়োগুণা নাভিরিব মধ্যে যস্য বিদ্যুদিব চলং অষ্টৌ প্রকৃতয়ো নেময় ইব আবরণানি যস্য॥ ১৭॥

সর্ব্ব জীব নিয়ন্তৃত্বাদিনাচ বরিষ্ঠত্বমাহ য ইতি। উপসুপর্ণং জীবসমীপে তৎ নিয়ন্তৃত্বেন আসাঞ্চকার আত্মেন্দ্র দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে ইতি শ্রুতেঃ। যদ্বা ভক্ত রক্ষণার্থং গরুড়স্যোপরি য উপবিষ্ট ইত্যর্থঃ। তর্হি দেহস্থত্বাৎ

## ক্রমসন্দর্ভ।

যদক্ষমাহুরিত্যস্য টীকায়াং গুণীভূত প্রথমান্ত যচ্ছব্দেনৈব তমিত্যস্যান্বয়ঃ কৃতঃ। অষ্টৌ প্রকৃতয় ইতি ভূমিরাপোনলো বায়ুরিত্যাদি গীতোক্তাঃ॥ ১৭॥

ভগবত্ত্বেন স্তৌতি য ইতি যুগ্মকেন। যত্তমসঃ পরং স্বধাম আসাং চকার অনাদিত এবাধ্যাস্তে তমেনং যোগরূপ প্রাপ্তি সাধনেন ধীরা উপাসতে। তচ্চোপসুপর্ণং যথাস্যাত্তথেতি। গরুড়মপ্যনুগম্যোপাসত ইত্যর্থঃ। ইতি দাক্ষ্যং দর্শিতং। তদ্ধাম বিশিনষ্টি।

## শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিত্য সুখরূপমিত্যর্থঃ। খমিন্দ্রিয়ে সুখে স্বর্গ ইতি কোষঃ। নিত্য সুখমেব গণয়তি ত্রিযুগং ত্রীণি যুগানি যত্র তং ষড়ৈশ্বর্য্যবন্ত মিত্যর্থঃ। ব্রজামহে শরণং ব্রজামঃ॥ ১৬॥

এবম্ভূতঃ সএব জীবৈকপাস্যো যতো জীবাবিদ্যা তদাশ্রয়ৈবেত্যাহ অজস্য জীবস্য চক্রং সংসারচক্রং অজয়া মায়য়া প্রেৰ্য্যমাণং চাল্যমানং মনোময়ং মনঃ প্রধানং দশেন্দ্রিয়াণি পঞ্চ প্রাণাশ্চেত্যেবং পঞ্চদশ আরা যস্য আশু শীঘ্রগং ত্রয়োগুণা নাভিরিব মধ্যে যস্য বিদ্যুদিব চপলং অষ্ট প্রকৃতয়োনেময় ইবাবরণানি যস্য তৎ। যদক্ষং যঃ পরমেশ্বর এবাক্ষো যস্য তৎ যদধিষ্ঠানমাহুরিত্যর্থঃ। তং ঋতং প্রপদ্যে॥ ১৭॥

প্রপত্তি প্রকারমভিব্যঞ্জয়তি য ইতি। একবর্ণমেকাক্ষরং প্রণব রূপং সুপর্ণং গরুড়ং য উপ আধিক্যেন উপরি বা আসাঞ্চকার অধ্যাস্তে স্ম। কীদৃশং তমসঃ প্রকৃতেঃ পরং তৎ তং প্রসিদ্ধং এব অলোকং লোকাতীতং অতএব অব্যক্তং লোকাগম্যং

পান্ অথচ স্বপ্ন দ্রষ্টার ন্যায় অজ্ঞান রহিত, অপর যাঁহার দেহ নাই, যিনি অক্ষয় ও আকাশবৎ সর্ব্বব্যাপী এবং যাঁহাতে জীব—পক্ষপাতিনী অবিদ্যা অথবা তন্নিবর্ত্তিকা বিদ্যা কিছুই থাকে না, তিনি তিন যুগেই আবির্ভূত হয়েন, আমরা তাঁহার শরণাপন্ন হই॥ ১৬॥

অপিচ এই জীবের চক্র অর্থাৎ চক্রবৎ বর্ত্তমান দেহাদি, যাহা মায়া কর্ত্তৃক প্রেরিত হয়, যিনি তাহার অক্ষ অর্থাৎ অধিষ্ঠান, আমরা সেই সত্য স্বরূপ পরমেশ্বরের শরণাপন্ন হই, জীবের ঐ চক্র মনোময়, দশ ইন্দ্রিয় এবং পঞ্চ প্রাণ এই পঞ্চদশটী তাহার অক্ষ ( আল ) সত্ত্বাদি তিন গুণ নাভির ন্যায় তাহার মধ্যে বর্ত্তমান, তাহা বিদ্যুতের তুল্য চঞ্চল, অষ্ট প্রকৃতি নেমির ন্যায় তাহার আবরণাদি॥১৭॥

অপর যিনি ভক্তগণের রক্ষণার্থ গরুড়োপরি উপবিষ্ট, কিন্তু অনেক স্বরূপ ও প্রকৃতির পর, আর

আসাঙ্ককারোপসুপর্ণমেনমুপাসতে যোগরথেন ধীরাঃ ॥ ১৮ ॥
ন যস্য কশ্চাতিতিতর্ত্তি মায়াং যয়া জনো মুহ্যতি বেদ নার্থং।
তং নির্জ্জিতাত্মাত্মগুণং পরেশং নমাম ভূতেষু সমং চরন্তং ॥ ১৯ ॥
ইমে বয়ং যৎ প্রিয়য়ৈব তন্বা সত্ত্বেন সৃষ্টা বহিরন্তরাবিঃ।

শ্রীধরস্বামী।

ভক্ত রক্ষণাদি ক্রিয়াবেশাৎ বা জীবসাম্যং স্যাৎ তত্রাহ একবর্ণং জ্ঞানৈক স্বরূপং তমসঃ প্রকৃতেঃ পরং অলোকং অদৃশ্যং অব্যক্তং নির্ব্বিকল্পং অনন্ত পারং কালতো দেশতশ্চাপরিচ্ছিন্নং। তদ্‌ব্রহ্মৈব বঃ অপ্রচ্যুত স্বরূপত্বাৎ নজীব সাম্যং তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকসীতীতি বিশেষ শ্রবণাদিত্যর্থঃ। অতএব যং ধীরা যোগেন রথেন প্রাপ্তিসাধনেনোপাসতে ভজন্তে তং নমামেত্যুত্তরেণান্বয়ঃ ॥ ১৮ ॥

মায়া নিবর্ত্তৃত্বেনাপি জীব সাম্যং পরিহরন্ বরিষ্ঠত্বমাহ যস্য মায়াং কশ্চ কশ্চিদপি নাতিতিতর্ত্তি নাতিক্রামতি কথং ভূতাং জনো যয়া মুহ্যতি। অর্থমাত্ম স্বরূপং নতু বেদ নির্জ্জিত আত্মা আত্মশক্তির্মায়া তদ্গুণাশ্চ যেন তং ॥ ১৯ ॥

অর্থং নবেদেতি যদুক্তং তৎ প্রপঞ্চয়ন্নাহ ইমে বয়ং দেবা ঋষয়শ্চ যস্য প্রিয়য়া তন্বা সত্ত্বেনৈব সৃষ্টা অপি বহিশ্চান্তশ্চ সত্তা প্রকাশাভ্যাং আবিঃ প্রকটামপি সূক্ষ্মাং গতিং নিরূপাধি স্বরূপং ন বিদ্মঃ ইতরঃ প্রধানা রজস্তমোময়াঃ কুতোবিদুঃ তং নমামেতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

একবর্ণং শুদ্ধ সত্ত্বৈক স্বরূপং। যতস্তমসঃ প্রকৃতেঃ পরং। যত এবালোকং লোকাতীতং। যতএবানন্তপারমব্যক্তং। প্রাকৃতাগোচর মিতি ॥ ১৮ ॥

অধীরাণান্তু দুর্গমত্বমাহ। ন যস্যেতি। অর্থং পরমার্থং যং ন বেদ তং পরমেশং ভগবন্তং নমামি কীদৃশং নির্জ্জিতা বশীকৃতা আত্মানঃ স্বাংশভূতা মহাপুরুষাদয়ঃ। আত্মভূতা গুণা ঐশ্বর্য্যাদয়শ্চ যেন তং। এবংভূতৈশ্বর্য্যেঽপি ন তুচ্ছাবচা দৃষ্টিরিত্যাহ ভূতেষ্বিতি ॥ ১৯ ॥

দুর্গমত্বমেব দর্শয়তি ইমে বয়মিতি ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র হেতুঃ অনন্তপারং সর্ব্বেবেদ রূপত্বাদর্থতঃ শব্দতশ্চ এতাবত্তয়া নিশ্চেতুমশক্যং এবম্ভূতং প্রণব সুপর্ণমারূঢ়ং এনং পরমেশ্বরং যোগ এব রথস্তেন যোগলক্ষণং রথমারুহ্যেত্যর্থঃ। উপাসতে উৎসাহ স্থায়িনা বীররসেন যুদ্ধ্যমানা ইবেত্যর্থঃ। তস্মান্মোক্ষানন্দ জিঘৃক্ষয়েতি ভাবঃ। ধীরা যুদ্ধাদনপসরন্তঃ তং নমামেত্যুত্তরেণান্বয়ঃ ॥ ১৮ ॥

প্রভুবিভুত্বামাহ ন যস্যেতি কশ্চ কোপি প্রপত্তিং বিনেতি শেষঃ। নির্জ্জিতা বশীকৃতা আত্মানো জীবা আত্মশক্তির্মায়া তদ্গুণাশ্চ যেন তং ॥ ১৯ ॥

অর্থং নবেদেতি যদুক্তং তৎপ্রপঞ্চয়তি ইমে ইতি বহিঃ কালরূপেণ অন্তরন্তর্যামি রূপেণ আবিঃ প্রকটামপি গতিং চরিত্রং

যিনি দৃশ্য ও অব্যক্ত এবং দেশতঃ ও কালতঃ যাঁহার পরিচ্ছেদ হয় না, অতএব ধীরগণ যোগ রূপ উপায় দ্বারা যাঁহার ভজনা করিয়া থাকেন, সেই পরমেশ্বরকে আমরা প্রণাম করি ॥ ১৮ ॥

অপিচ যাঁহার মায়া কোন ব্যক্তি আক্রমণ করিতে সমর্থ হয় না। ঐ মায়া সামান্যা নহে, তাহাতে লোক মুগ্ধ হয় এবং আপনার স্বরূপ জানিতে পারে না, আমরা সেই পরেশকে প্রণাম করি। তিনি মায়া ও মায়ার গুণ উভয়কে জয় করিয়াছেন এবং সর্ব্বভূতে সমান রূপ বর্ত্তমান আছেন ॥ ১৯ ॥

আমরা দেবতা ও ঋষি, আমরা যাঁহার প্রিয় মূর্ত্তি রূপ সত্ত্ব গুণ দ্বারা সৃষ্ট হইয়াও বাহিরে ও অন্তরে সত্তা ও প্রকাশ দ্বারা প্রকাশরূপ যাঁহার সূক্ষ্মগতি অর্থাৎ নিরূপাধি স্বরূপ জানিতে পারিলাম না,

গতিং ন সূক্ষ্মামৃষয়শ্চ বিদ্মহে কুতো ঽসুরাদ্যা ইতরঃ প্রধানাঃ ॥ ২০ ॥
পাদৌ মহীয়ং স্বকৃতৈব যস্য চতুর্ব্বিধো যত্রহি ভূতসর্গঃ।
স বৈ মহাপুরুষ আত্মতন্ত্রঃ প্রসীদতাং ব্রহ্ম মহাবিভূতিঃ ॥ ২১ ॥
অম্ভস্তু যদ্রেত উদার বীর্য্যং সিদ্ধ্যন্তি জীবন্ত্যত বর্দ্ধমানাঃ।
লোকা যতোথা ঽখিললোকপালাঃ প্রসীদতাং নঃ সমহাবিভূতিঃ ॥ ২২ ॥
সোমোমনো যস্য সমামনন্তি দিবৌকসাং যো বলমন্ধ আয়ুঃ।

শ্রীধরস্বামী।

ইদানীং বৈরাজ রূপেণ স্তবন্ প্রার্থয়তে পাদৌ মহীতি দ্বাদশভিঃ। যত্র মহ্যাং জরায়ুজাদি ভূতসর্গঃ সা মহী যস্য পাদৌ স নঃ প্রসীদতু আত্মতন্ত্রঃ পাদাদি মত্ত্বেপি নতৎ পরতন্ত্রঃ। কুতঃ ব্রহ্ম অপ্রচ্যুত স্বরূপঃ। তৎ কুতঃ মহতী বিভূতীরৈশ্বর্য্যং যস্য সঃ ॥২১
উদারঃ বীর্য্যং শক্তি র্যস্য তদম্ভোযস্য রেতঃ স নঃ প্রসীদতু উদারবীর্য্যত্তামাহ যতোঽম্ভসো লোকাদয়ঃ সিদ্ধ্যন্তি জায়ন্তে ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

তথাপি ব্রহ্মণোপি প্রতিষ্ঠা রূপং তমর্ব্বাগ্দৃষ্টৈ্যব ভজেমহীত্যাহ পাদৌ মহীতি দ্বাদশভিঃ। ব্রহ্ম চ মহাবিভূতি র্যস্য অতো মহাবিভূতীত্যত্রাপি মহতী ব্রহ্ম লক্ষণা বিভূতি র্যস্য স ইত্যেব একাদশে বিভূতি কথন প্রসঙ্গে বিস্তরেণ দর্শয়িষ্যতে ॥ ২১ ॥
লোকাত্রয় ইতি পাঠঃ সর্ব্বত্র লোকা যত ইতি স্বামি সম্মতঃ শলাকালক্ষশ্চ ॥২২।২৩।২৪।২৫।২৬।২৭।২৮।২৯।৩০।৩১।৩২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঋষয়ঃ সত্তো ন বিদ্মঃ। ইতর প্রধানা রজস্তমো ময়াঃ কুতো বিদুস্তং নমামেতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ২০ ॥
অতোবয়ং তব স্থূলং দৃশ্যং বৈরাজ রূপং জানীম ইতি ব্যঞ্জয়ন্ প্রার্থয়তে। পাদৌ মহীতি দ্বাদশভিঃ। মহত্যঃ পৃথ্বী জলাদ্যা বিভূতয়ো যস্য সঃ। প্রসীদতাং প্রসীদতু। ব্রহ্মমূর্ত্তিত্বাদ্ব্রহ্ম। পৃথিবী বায়ুরাকাশ আপোজ্যোতিরহং মহান্। বিকারঃ পুরুষোব্যক্তং রজঃ সত্বং তমঃ পরমিতি বিভূতি গণনাধ্যায়ে পরমিত্যস্য ব্রহ্মেতি ব্যাখ্যানাৎ। পরাৎপরং ব্রহ্মচ তে বিভূতয়ঃ ইতি যামুনাচার্য্যকৃত স্তোত্রাচ্চ ব্রহ্মাপি মহাবিভূতি র্যস্যেতি সন্দর্ভঃ। ততশ্চ প্রাকৃতে লোকে প্রাকৃতাঃ পৃথিব্যাদয়ঃ ক্ষুদ্রাএব বিভূতয় ইতি তাএব নির্দ্দিশতি পাদাবিতি চিন্ময় মূর্ত্তে স্তস্য পাদয়ো র্বিভূতিত্বাৎ পাদৌ ইয়ং মহী স্বকৃতা স্বেনৈব সৃষ্টা যত্র মহ্যাং জরায়ুজাদিশ্চতুর্ব্বিধঃ। স বৈ সতু মহাপুরুষ ইতি বৈরাজোঽয়ন্তু প্রাকৃতঃ পুরুষ ইতি ভাবঃ। আত্মতন্ত্রবৈরাজোঽয়ন্তু কালপর তন্ত্রেতি ভাবঃ ॥ ২১ ॥
উদার বীর্য্যং মহাশক্তিকং। যতোঽম্ভসো লোকাদয়ঃ সিদ্ধ্যন্তি জায়ন্তে ॥ ২২ ॥

তাঁহাকে রজ ও তমোগুণ প্রধান অন্য ব্যক্তিরা কি প্রকারে জানিতে পারিবে? অতএব আমরা তাঁহাকে প্রণাম করি ॥ ২০ ॥

অহো! যে পৃথিবীতে জরায়ুজাদি চতুর্ব্বিধ ভূত সৃষ্ট হইয়াছে, এই পৃথ্বী যাঁহার দুই চরণ, বৈরাজ রূপী সেই মহাপুরুষ আমাদিগের প্রতি প্রসন্ন হউন। যদিও তাঁহার চরণাদি আছে তথাচ তিনি সে সকলের পরতন্ত্র নহেন, যে হেতু অপ্রচ্যুত স্বরূপ এবং মহৈশ্বর্য্যশালী ॥ ২১ ॥

যে জল হইতে অখিল লোক ও লোকপাল সকল উৎপন্ন হয়, জীবিত থাকে এবং বৃদ্ধি পায়, সেই উদারশক্তি যুক্ত জল যাঁহার রেতঃ, সেই মহৈশ্বর্য্যশালী পরমেশ্বর আমাদিগের প্রতি প্রসন্ন হউন ॥ ২২ ॥

ঈশো নগানাং প্রজনঃ প্রজানাং প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥ ২৩ ॥
অগ্নির্মুখং যস্যতু জাতবেদা জাতঃ ক্রিয়াকাণ্ড নিমিত্ত জন্মা।
অন্তঃ সমুদ্রেঽনুপচন্ স্বধাতূন্ প্রসীতাং নঃ সমহাবিভূতিঃ ॥ ২৪ ॥
যচ্চক্ষুরাসীত্তরণি র্দেবযানং ত্রয়ীময়ো ব্রহ্মণ এষ ধিষ্ণ্যং।
দ্বারঞ্চ মুক্তেরমৃতঞ্চ মৃত্যুঃ প্রসীদতাং নঃ সমহাবিভূতিঃ ॥ ২৫ ॥
প্রাণাদভূদ্যস্য চরাচরাণাং প্রাণঃ সহোবলমোজশ্চ বায়ুঃ।

শ্রীধরস্বামী।

যঃ সোমোদেবানামন্নঃ অন্নং অতএব বলমায়ুশ্চ নগানাং বৃক্ষাণাং প্রকর্ষেণ জনয়তি বর্দ্ধয়তি প্রজনস্তং যস্য মনঃ সমামনন্তি স প্রসীদতু ॥ ২৩ ॥

অগ্নির্যস্য মুখং জাতঃ কথম্ভূতঃ জাতং বেদোধনং যস্মাৎ ক্রিয়াকাণ্ডং তৎ প্রতিপাদ্যং কর্ম্ম তন্নিমিত্তং জন্ম যস্য অন্তঃ সমুদ্রে উদর মধ্যে স্বধাতূন্ পাকার্হানেবান্নাদীন্ প্রসিদ্ধ সমুদ্রেঽপি বাড়ব রূপেণ উদকান্যেবানুপচন্নগ্নিঃ ॥ ২৪ ॥

এষ তরণির্যস্য চক্ষুরাসীৎ কথম্ভূতঃ দেবযানং অর্চ্চিরাদি মার্গদেবতা ত্রয়ীময়ঃ সৈষা ত্রয্যেব বিদ্যা তপতীতি শ্রুতেঃ। ব্রহ্মণোধিষ্ণ্যং উপাসনা স্থানং য এষো অন্তরাদিত্যে হিরণ্ময়ঃ পুরুষ ইতি শ্রুতেঃ। মুক্তের্দ্বারং দেবযানত্বাৎ অমৃতঞ্চ পুণ্যলোকত্বাৎ মৃত্যুশ্চ কাল রূপত্বাৎ। এবম্ভূত স্তরণি র্যস্য চক্ষুঃ সঃ ॥ ২৫ ॥

কথং ভুতো বায়ুঃ চরাচরাণাং সহ আদি ধর্ম্মবান্ প্রাণঃ যং প্রাণং বয়ং বৃক্ষাদ্যধিষ্ঠাতারো দেবাঃ সম্রাজং ভৃত্যাইব অন্বাম

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যঃ সোমো দেবানামন্নঃ অতএব বলমায়ুশ্চ। নগানাং বৃক্ষাণাং প্রকর্ষেণ জনয়তীতি প্রজনঃ শুক্রস্য সোমাত্মকত্বাৎ ॥ ৩০ ॥

জাতং বেদোধনং যস্মাৎ সঃ। অন্তঃ সমুদ্রে উদরমধ্যে। স্ব ধাতূন্ পাকার্হানেবান্নাদীন্ পচন্ প্রসিদ্ধ সমুদ্রেপি বাড়বরূপেণ জলানি ॥ ২৩। ২৪ ॥

তরণিঃ সূর্য্যঃ দেবযানং। অর্চ্চিরাদি মার্গদেবতা। ত্রয়ীময়ঃ সৈষা ত্রয্যেব বিদ্যা তপতীতি শ্রুতেঃ। ব্রহ্মণোধিষ্ণ্যমুপাসনা-স্থানং। য এষোঽন্তরাদিত্যো হিরণ্ময়ঃ পুরুষ ইতি শ্রুতেঃ। মুক্তে র্দ্বারং দেবযানত্বাৎ অমৃতঞ্চ পুণ্যলোকত্বাৎ মৃত্যুশ্চ কালা-ত্মকত্বাৎ ॥ ২৫ ॥

যস্য প্রাণাদ্বায়ুরিত্যন্বয়ঃ যো বায়ুচরাশ্চরাণাং সহ আদি ধর্ম্মবান্ প্রাণঃ যং প্রাণং বয়ং বৃক্ষাদ্যধিষ্ঠাতারোদেবাঃ সম্রাজং ভৃত্যা ইব অন্বাম ॥ ২৬ ॥

যে সোম দেবতাদিগের অন্ন, অতএব বল ও আয়ুঃ স্বরূপ, আর যিনি বৃক্ষ সকলের প্রকৃষ্ট রূপে বৃদ্ধির কারণ, পণ্ডিতেরা সেই সোমকে যাঁহার মনঃ বলিয়া থাকেন, সেই মহাবিভূতিশালী মহেশ আমাদিগের প্রতি প্রসন্ন হউন ॥ ২৩ ॥

যাঁহা হইতে বেদরূপ ধন উৎপন্ন হয় এবং বেদপ্রতিপাদ্য কর্ম্ম নিমিত্ত যাঁহার জন্ম, আর যিনি অন্তঃ সমুদ্রে অর্থাৎ উদর মধ্যে স্বীয় ধাতু অর্থাৎ পাকার্হ অন্নাদি পাক করিয়া থাকেন, সেই অগ্নি যাঁহার মুখ, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদিগের প্রতি প্রসন্ন হউন ॥ ২৪ ॥

যে সূর্য্য দেবযান অর্থাৎ আর্চ্চিরাদি বর্ত্মের দেবতা, ত্রয়ীময়, ব্রহ্মের উপাসনা স্থান এবং দেবযানত্ব হেতু মুক্তির দ্বার ও পুণ্যলোকত্ব হেতু অমৃত স্বরূপ, আর কালরূপত্ব প্রযুক্ত মৃত্যুরূপী, সেই সূর্য্য যাঁহার চক্ষুঃ, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদিগের প্রতি প্রসন্ন হউন ॥ ২৫ ॥

যাঁহার প্রাণ হইতে সেই বায়ু উৎপন্ন হইয়া চর অচর সকল ভূতের তেজঃ বল ও সামর্থ্যাদি ধর্ম্ম

অন্বাস্ম সম্রাজমিবানু যং বয়ং প্রসীদতাং নঃ সমহাবিভূতিঃ ॥ ২৬ ॥
শ্রোত্রাদ্দিশোযস্য হৃদশ্চ খানি প্রজজ্ঞিরে খং পুরুষস্য নাভ্যাঃ।
প্রাণেন্দ্রিয়াত্মাসু শরীরকেতঃ প্রসীদতাং নঃ সমহাবিভূতিঃ ॥ ২৭ ॥
বলান্মহেন্দ্র স্ত্রিদশাঃ প্রসাদান্মন্যোর্গিরীশো ধিষণাদ্বিরিঞ্চঃ।
খেভ্যস্তু ছন্দাংস্যৃষয়ো মেঢ্রতঃ কঃ প্রসীদতাং নঃ সমহাবিভূতিঃ ॥ ২৮ ॥
শ্রী র্বক্ষসঃ পিতরশ্ছায়য়াসন্ ধর্ম্মঃ স্তনাদিতরঃ পৃষ্ঠতো ২ভূৎ।
দ্যৌর্যস্যশীর্ষ্ণো২প্সরসো বিহারাৎ প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥ ২৯ ॥
বিপ্রোমুখাদ্ব্রহ্মচ যস্য গুহ্যং রাজন্য আসীদ্ভুজয়ো র্বলঞ্চ।

শ্রীধরস্বামী।

অনুসৃত্য স্থিতাঃ এবং ভৃত্যো বায়ুর্যস্য প্রাণাদভূৎ সঃ ॥ ২৬ ॥

খানি দেহগত ছিদ্রাণি প্রাণঃ পঞ্চবৃত্তিঃ ইন্দ্রিয়াণিচ আত্মা মনশ্চ অসবো নাগ কূর্ম্মাদয়শ্চ শরীরঞ্চ তেষাং কেত আশ্রয় ভূতং খঞ্চ যস্য পুরুষস্য নাভ্যাঃ প্রজজ্ঞে সঃ ॥ ২৭ ॥

যস্য বলান্মহেন্দ্রো জজ্ঞে ছন্দাংসি ঋষয়শ্চ খেভ্যঃ কঃ প্রজাপতিঃ ॥ ২৮ ॥

ইতরো২ধর্ম্মঃ ॥ ২৯ ॥

বিট্ বৈশ্যঃ ওজো নৈপুণ্যং তস্য বৃত্তিঃ অঙ্ঘ্রিঃ অঙ্ঘ্রিজাবিত্যর্থঃ। কৌ অবেদ শূদ্রৌ অবেদঃ বেদব্যতিরিক্তা শুশ্রূষা বৃত্তিঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হৃদঃ যস্য হৃদয়াকাশাৎ খানি দেহ গত ছিদ্রাণি নাভ্যাঃ সকাশাৎ খং কীদৃশং প্রাণঃ পঞ্চবৃত্তিশ্চ ইন্দ্রিয়াণিচ আত্মা মনশ্চ অসবো নাগ কূর্ম্মাদয়ঃ শরীরঞ্চ তেষাং কেতমাশ্রয়ভূতং ॥ ২৭ ॥

ধিষণায়া বুদ্ধেঃ সকাশাৎ। খেভ্যঃ দেহচ্ছিদ্রেভ্যঃ ॥ ২৮ ॥

ইতরো২ধর্ম্মঃ ॥ ২৯ ॥

মুখাদ্বিপ্রঃ গুহ্যং ব্রহ্ম বেদশ্চ। বিট্ বৈশ্যঃ। ওজঃ নৈপুণ্যং তস্য বৃত্তিশ্চ অঙ্ঘ্রিঃ অঙ্ঘ্রেঃ সকাশাৎ অবেদঃ বেদ ব্যতিরিক্তা

বিশিষ্ট প্রাণ। ভৃত্যেরা যদ্রূপ সম্রাটের অনুবৃত্তি করে তেমনি, আমরা ( বুদ্ধি প্রভৃতির অধিষ্ঠাতৃ দেবতা ) তাঁহার অনুসরণ করিয়া থাকি। সে যাহা হউক, সেই মহৈশ্বর্য্যশালী পরমেশ্বর আমাদিগের প্রতি প্রসন্ন হউন ॥ ২৬ ॥

যাঁহার শ্রোত্র হইতে দিক্, হৃদয় হইতে দেহগত ছিদ্র এবং নাভি হইতে সেই আকাশ উৎপন্ন হইয়াছে যাহা পঞ্চ প্রাণ, ইন্দ্রিয়, মনঃ, নাগ কূর্ম্মাদি বায়ু এবং শরীরের আশ্রয়, সেই মহাবিভূতি সম্পন্ন প্রভু আমাদের প্রতি প্রসন্ন হউন ॥ ২৭ ॥

যাঁহার বল হইতে মহেন্দ্র, প্রসন্নতা হইতে সুরগণ, মন্যু হইতে গিরিশ, বুদ্ধি হইতে ব্রহ্মা, দেহ ছিদ্র হইতে বেদ সকল এবং মেঢ্র হইতে ঋষি ও প্রজাপতিগণ উৎপন্ন হইয়াছেন, সেই মহৈশ্বর্য্যশালী ভগবান্ হরি আমাদিগের প্রতি প্রসন্ন হউন ॥ ২৮ ॥

যাঁহার বক্ষঃস্থল হইতে শ্রী, ছায়া হইতে পিতৃগণ, স্তন হইতে ধর্ম্ম, পৃষ্ঠ হইতে অধর্ম্ম, মস্তক হইতে স্বর্গ এবং বিহার হইতে অপ্সরাগণ উৎপন্ন হয়, সেই মহাবিভূতি শালী পরমেশ্বর আমাদিগের প্রতি প্রসন্ন হউন ॥ ২৯ ॥

যাঁহার মুখ হইতে বিপ্র এবং পরম গুহ্য বেদ, ভুজ দ্বয় হইতে ক্ষত্রিয় ও বল, ঊরু হইতে

উর্ব্বো র্বিড়োজোঽঙ্ঘ্রিরবেদ শূদ্রৌ প্রসীদতাং নঃ সমহাবিভূতিঃ ॥ ৩০ ॥
লোভোধরাৎ প্রীতিরুপর্য্যভূদ্দ্যুতির্নস্তঃ পশব্যঃ স্পর্শেন কামঃ।
ভ্রুবোর্যমঃ পক্ষ্মভবস্তু কালঃ প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥ ৩১ ॥
দ্রব্যং বয়ঃ কর্ম্মগুণান্ বিশেষং যদ্যোগমায়া মহিতাং বদন্তি।
যদ্দুর্বিভাব্যং প্রবুধাপবাধং প্রসীদতাং নঃ সমহাবিভূতিঃ ॥ ৩২ ॥
নমোস্তু তস্মা উপশান্ত শক্তয়ে স্বারাজ্য লাভপ্রতিপূরিতাত্মনে।

শ্রীধরস্বামী।

তদ্বৃত্তিমান্ শূদ্রঃ। উর্ব্বোর্বিশোঽঙ্ঘ্রেরভবচ্চ শূদ্র ইতি পাঠঃ সুগমঃ ॥ ৩০ ॥

উপরি উত্তরোষ্ঠাৎ। নস্তঃ নাসিকাতঃ। দ্যুতিঃ কান্তিঃ পশব্যঃ পশূনাং হিতঃ কামঃ স্পর্শেনাভূৎ ॥ ৩১ ॥

দ্রব্যং ভূতানি বয়ঃ কালং বিশেষং লৌকিক প্রপঞ্চঃ যদযস্মাৎ দুর্ব্বিভাব্যং কুতঃ প্রবুধাপবাধং বিদ্বদ্ভিরপোহ্যমানং। প্রবুধাববোধমিতি পাঠে প্রবুদ্ধানাং মায়েত্যববোধো যস্মিন্নিত্যর্থঃ ॥ ৩২ ॥

তদেবং সপ্রপঞ্চমুপবর্ণ্য নিষ্প্রপঞ্চং বর্ণয়ন্ প্রণমতি নমোস্ত্বিতি বৃত্তিভি দর্শনাদিভিঃ। নভস্বান্ বায়ুঃ তস্যেব উতি লীলা যস্য তস্মৈ ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

অধুনা অর্ব্বাক্ সম্বন্ধং তত্র পরিহরন্নৈশ্বর্য্য লীলয়োর্মহিমানমাহ নমোস্ত্বিতি। উপশান্তা নিরুপদ্রবা শক্তি র্যস্য। স্বারাজ্যস্য ত্রিপাদ্বিভূতেঃ স্বধাম্নো লাভেন প্রতি পূরিতা তত্তদংশেন সংভাবিতা আত্মানঃ স্বাংশা যেন। নভস্বানিব বিচিত্র গতিলীলা যস্য তস্মৈ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শুশ্রূষা বৃত্তিঃ। তদ্বৃত্তিমান্ শূদ্রশ্চ। বিশোঽঙ্ঘ্রেরভবচ্চ শূদ্র ইতি চ পাঠঃ ॥ ৩০ ॥

উপরি উত্তরোষ্ঠাৎ নস্তো নাসিকাতোদ্যুতিঃ পশব্যঃ পশূনাং হিতঃ কামঃ স্পর্শেনাভূৎ ॥ ৩১ ॥

দ্রব্যং পৃথিব্যাদি ত্রয়োবিংশতি তত্ত্বং বয়ঃ কালং কর্ম্মচ তদ্ধেতুভূতান্ গুণান্ সত্ত্বাদীন্ যস্য যোগমায়য়ৈব বিহিতান্ সৃষ্টান্ বদন্তি। যদেভ্যঃ পৃথিব্যাদিভ্যো দুর্ব্বিভাব্যং বিশেষং প্রপঞ্চঞ্চ বদন্তি কীদৃশং প্রকৃষ্ট বুধানাং অপবাদং নিষেধঃ প্রাকৃতত্বেনাগ্রহণং যস্য তং। প্রবুধাববোধমিতি পাঠে দুর্ব্বিভাব্যমপি প্রকৃষ্টৈর্ব্বুধৈরেবাববোধ্যমিত্যর্থঃ। তেন যস্য স্বরূপ শক্তি র্বুত্তের্যোগমায়য়া বিভূতিঃ সত্ত্বাদি গুণময়ী মায়া তস্যা বিভূতয়ঃ কাল কর্ম্ম মহদাদি পৃথিব্যন্তানি তত্ত্বানি তেষাং বিভূতিরিদং মায়িকং বিশ্বমেবাস্যাভিরেব গম্যতে ইতি ব্যঞ্জিতং ॥ ৩২ ॥

মায়াতীতং স্বরূপং দুরবগমং কেবলমস্মাভির্মননীয়মেবেত্যাহ নম ইতি। উপশান্তাঃ সংবিদাদ্যা অন্তরঙ্গা শক্তয়ো যস্য তস্মৈ স্বেন স্বরূপ শক্ত্যৈব রাজত ইতি স্বরাট্ তস্য ভাবঃ স্বারাজ্যং তেনৈব লাভেন প্রতি পূরিত আত্মা মনো যস্য তস্মৈ। নুনু

বৈশ্য ও নৈপুণ্য, চরণ হইতে শূদ্র ও শুশ্রূষা উৎপন্ন হইয়াছে, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদিগের প্রতি প্রসন্ন হউন ॥ ৩০ ॥

যাঁহার অধর হইতে লোভ, উত্তরোষ্ঠ হইতে প্রীতি, নাসিকা হইতে কান্তি উৎপন্ন হইয়াছে এবং যাঁহার স্পর্শ দ্বারা পশুদিগের হিতকর কাম উদ্ভূত হয়। অপর ভ্রূদ্বয় হইতে যম ও পক্ষ্ম হইতে কাল জন্মে, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ॥ ৩১ ॥

অপর পঞ্চভূত, কাল, কর্ম্ম, গুণ, লৌকিক প্রপঞ্চ, এই সকলকে জ্ঞানিরা যাঁহার অহিতা যোগমায়া বলিয়া থাকেন, যে হেতু এই সকল দুর্ব্বিভাব্য, কারণ পৃথক্ পৃথক্ বিদ্বজ্জন ঐ সকলের খণ্ডন করিয়া থাকেন, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ॥ ৩২ ॥

অহো! আমরা সেই পরমেশ্বরকে নমস্কার করি, তাঁহার শক্তি উপশান্ত, স্বর্গরাজ্য লাভার্থ তিনি

গুণেষু মায়ারচিতেষু বৃত্তিভি র্নসজ্জমানায় নভস্বদূতয়ে ॥ ৩৩ ॥

স ত্বং নোদর্শয়াত্মানমস্মৎকরণগোচরং। প্রপন্নানাং দিদৃক্ষূণাং সস্মিতং তে মুখাম্বুজং ॥ ৩৪ ॥

তৈস্তৈঃ স্বেচ্ছাভূতৈ রূপৈঃ কালে কালে স্বয়ং বিভো। কর্ম্ম দুর্ব্বিষহং যন্নো ভগবাং স্তৎ করোতিহি ॥৩৫

ক্লেশভূর্য্যল্পসারাণি কর্ম্মাণি বিফলানি বা। দেহিনাং বিষয়ার্ত্তানাং ন তথৈবার্পিতং ত্বয়ি ॥ ৩৬ ॥

নাবমঃ কর্ম্মকল্পোঽপি বিফলায়েশ্বরার্পিতঃ। কল্পতে পুরুষস্যৈব স হ্যাত্মা দয়িতো হিতঃ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

তে সস্মিতং মুখাম্বুজং দিদৃক্ষূণাং নোঽস্মাকং চক্ষুরাদিকরণ গোচরং যথা ভবত্যেবং চাত্মানং দর্শয় ॥ ৩৪ ॥

ভক্তেচ্ছানুবর্ত্তিত্বঞ্চ তব বহুশোদৃষ্টমেবেত্যাহ তৈস্তৈরিতি। যন্নোদুর্ব্বিষহমশক্যং কর্ম্ম তদ্ভগবান্ হি স্বয়মেব করোতি ॥ ৩৫ ॥

নচ বহির্মুখানামিব ত্বদ্ভক্তানামস্মাকং ত্বয্যর্পিতানি পূর্ব্ব পুণ্যানি বিপরীত ফলানি ভবিতুমর্হন্তীত্যাহ ক্লেশো ভূরির্যেষু অল্পং সারং ফলং যেষু তানি তানি যথা বিফলান্যেব সকামানাং কর্ম্মাণি ত্বয্যর্পিতন্তু নৈব তথা ॥ ৩৬ ॥

তত্রাবৈফল্যমুপপাদয়তি অবমঃ অল্পোপি কর্ম্মকল্পঃ কর্ম্মাভাসোঽপি ঈশ্বরার্পিতশ্চেৎ বিফলায় শ্রমায় ন কল্পতে হি যস্মাৎ সএব ঈশ্বরঃ পুরুষস্য আত্মা অতএব দয়িতো হিতশ্চ নহ্যাত্মনি দয়িতে হিতে চার্পিতং নিষ্ফলং স্যাৎ ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

অভীষ্টমাহ স ত্বমিতি। অস্মাকং করণান্যপি গোচরাঃ প্রকাশ্যানি যস্য। তাদৃশমপ্যাত্মানং দর্শয়স্ব স্বয়ং প্রকাশয় ॥ ৩৪ ॥

স্বেষাং ভক্তানামিচ্ছয়া ভূতৈঃ পুষ্টৈরাবির্ভাবিত প্রকাশৈরিত্যর্থঃ ॥ ৩৫। ৩৬। ৩৭। ৩৮। ৩৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তর্হি কথং সৃষ্ট্যাদ্যাসক্তিস্তত্রাহ গুণেষ্বিতি বৃত্তিভির্দর্শনাদিভিঃ নভস্বতো বায়োরিব উতিঃ সৃষ্ট্যাদি লীলা যস্য তস্মৈ ॥ ৩৩ ॥

নন্থু ব্রহ্মপ্রভীপ্সিতং বরং গৃহাণেত্যত আহ স ত্বমিতি। নোঽস্মাকং প্রপন্নানাং অস্মান্ প্রপন্নান্ আত্মানং স্বস্বরূপং দর্শয়। কিং নির্ব্বিশেষং স্বরূপং সবিশেষং বা তত্রাহ। অস্মৎকরণ গোচরং সবিশেষমিত্যর্থঃ। তত্রাপি সস্মিতং মুখাম্বুজং ॥ ৩৪ ॥

ভক্তবাৎসল্যং বহুশঃ স্মরয়াহ স্বেচ্ছাভূতৈঃ স্বভক্তেচ্ছাপুষ্টৈঃ রূপৈ নৃসিংহাদিভিঃ যন্নোদুর্ব্বিষহং কর্ম্ম তৎ স্বয়মেব করোতি ॥৩৫

নচ বহির্মুখানামিব ত্বদ্ভক্তানামস্মাকং ত্বয্যর্পিতানি পূর্ব্ব পুণ্যানি বিপরীত ফলানি ভবিতু মর্হন্তীত্যাহ। ক্লেশোভূরি যেষু অল্পং সারং ফলং যেষু তানি তান্যপি যথা ত্বদ্বিমুখানাং কর্ম্মাণি। বা এবার্থে বিফলান্যেব তথা ত্বয্যর্পিতং ভক্তানাং কর্ম্ম ন ॥ ৩৬

ত্বয্যর্পিতমল্পমপি কর্ম্ম মহদ্ভবতি অনর্পিতং মহদপি ব্যর্থমেব ভবতীত্যাহ নেতি অবমঃ অল্পোপি কর্ম্ম কল্পঃ কর্ম্মাভাসোপি ন বিফলায়। হি যস্মাৎ স ঈশ্বরঃ পুরুষস্যাত্মা দয়িতো হিতশ্চেত্যত স্তদাদরানাদরাবেব কর্ম্ম সাফল্য বৈফল্য হেতূ ইতি ভাবঃ ॥ ৩৭

আত্মাকে পরিপূর্ণ করেন, কিন্তু দর্শনাদি বৃত্তি দ্বারা মায়া বিরচিত গুণ সকলে আসক্ত হন না, তাঁহার লীলা বায়ুর তুল্য, আমরা তাঁহাকে নমস্কার করি ॥ ৩৩ ॥

হে ভগবন্! আমরা শরণাপন্ন হইয়া আপনার সস্মিত বদনারবিন্দ দর্শন করিতে ইচ্ছা করিতেছি, আমাদের চক্ষুরাদি ইন্দ্রিয় গোচর যে রূপে হয় সেই করিয়া আত্ম প্রদর্শন করিতে আজ্ঞা হউক ॥৩৪॥

প্রভো! আপনি যে ভক্তজনের ইচ্ছানুবর্ত্তী হইয়া থাকেন ইহার ভূরি ভূরি প্রমাণ পাইয়াছি, যে যে কর্ম্ম আমাদের অশক্য হয়, আপনি কালে কালে স্বেচ্ছা পূর্ব্বক অবতার গ্রহণ করিয়া তদ্দ্বারা স্বয়ং সেই২ কর্ম্ম সম্পন্ন করিয়া থাকেন ॥ ৩৫ ॥

ভগবন্! যে সকল দেহী সকাম, বিষয়ার্থ আর্ত্ত, তাহাদিগের কর্ম্ম যেমন ভূরি ক্লেশ ও অত্যল্প ফলদায়ক, আপনার ভক্তদিগের আপনাতে অর্পিত কর্ম্ম তদ্রূপ নহে ॥ ৩৬ ॥

ফলতঃ অত্যল্প যে কর্ম্মাভাস, তাহাও পরমেশ্বরে অর্পিত হইলে বিফল হয় না, কারণ ঈশ্বর পুরুষদের আত্মা অতএব দয়িত ও হিত, প্রিয় ও হিতকারি আত্মাতে যাহা অর্পণ করা যায় তাহা কি নিষ্ফল হইতে পারে? ॥ ৩৭ ॥

যথাহি স্কন্ধশাখানাং তরোর্মূলাবসেচনং। এবমারাধনং বিষ্ণোঃ সর্ব্বেষামাত্মনশ্চ হি ॥ ৩৮ ॥

নমস্তুভ্যমনন্তায় দুর্ব্বিতর্ক্যাত্ম কর্ম্মণে। নির্গুণায় গুণেশায় সত্ত্বস্থায়চ সাম্প্রতং ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং অষ্টমস্কন্ধে ব্রহ্মস্তুতিঃ পঞ্চমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

শ্রীধরস্বামী।

অনন্তফলত্বমাহ যথাহি মূলাবসেচনং স্কন্ধানাং শাখানাঞ্চ ভবতি ॥ ৩৮ ॥

এবং সত্যপি ত্বদর্পিত কর্ম্মণাং ভক্তানামস্মাকং যন্নিমিত্তমিদং দুঃখমিতি ত্বমেব বেৎসীত্যাশয়েনাহ। দুর্ব্বিতর্ক্যাণি আত্ম-কর্ম্মাণি স্বভাব চেষ্টিতানি যস্য তস্মৈ ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি অষ্টমে পঞ্চমঃ ॥ * ॥

ষষ্ঠে পুনঃ স্তুতি র্বিষ্ণাবাবির্ভূতে সুরৈঃ কৃতা। তন্মন্ত্রাচ্চাসুরৈঃ সাকমমৃতার্থে মহোদ্যমঃ ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে পঞ্চমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ কর্ম্মাকরণেপি বিষ্ণোরারাধনে সতি সর্ব্বাণি কর্ম্মফলানি ভবন্তি। তদারাধনাভাবে তান্যপি কর্ম্মাণি বিফলান্যেব ভবন্তীত্যেতৎ সদৃষ্টান্তমাহ যথাহীতি ॥ ৩৮ ॥

অস্মদভীপ্সিতং পূরয়িষ্যসি নবেত্যস্তং ন প্রাপ্নুম ইত্যাহ অনন্তায় সর্ব্বজ্ঞানামপ্যস্মাকং ত্বয়ি সার্ব্বজ্ঞ্যং নাস্ত্যেব সংপ্রতি ত্বং করিষ্যমাণং কর্ম্ম অনুমানেনাপি ন বিদ্ম ইত্যাহ দুর্ব্বিতর্ক্যেতি। নন্বু মৎ কৃপামেব হেতূকৃত্য ভক্তানামিন্দ্রাদীনামভীষ্ট সিদ্ধিরনুমীয়তাং তত্র নেত্যাহ নির্গুণায় কৃপয়ৈব গুণজন্যাং সম্পত্তিমনর্থ হেতুং ন দদাসি গুণেশায়েতি কৃপয়ৈব গুণজন্যাং সম্পত্তিং দদাস্যপীতি-তয়ৈব তদ্দ্বয়ানুমান সম্ভবাৎ; তর্হ্যেবং সংশয়ে কথং স্তৌষি তত্রাহ সত্ত্বস্থায় সত্ত্বগুণস্য সংপ্রতি বৃদ্ধিকাল ইতি সাত্ত্বিকান্ দেবান্ বর্দ্ধয়িতু মর্হসীতি এষাঞ্চ শুদ্ধ ভক্ত্যাভাবাৎ বিষয়ভোগ বিচ্ছেদং কর্ত্তুঞ্চ নার্হসীতি নিশ্চয়োপি বর্ত্তত ইতি ভাবঃ ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। অষ্টমে পঞ্চমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

আবির্ভূতে হরৌ ষষ্ঠে ব্রহ্মা তুষ্টাব তং পুনঃ। তন্মন্ত্রণেনামৃতার্থে বলিং দেবাঃ প্রপেদিরে ॥ ০ ॥

যেমন বৃক্ষের মূলে জল সেক করিলেই স্কন্ধ শাখা প্রভৃতি সকল অবয়বের সেচন করা হয়, তেমনি ভগবান্ বিষ্ণুর আরাধনা করিলে সকলের ও আত্মার আরাধনা হইয়া থাকে ॥ ৩৮ ॥

প্রভো! আমরা আপনার ভক্ত যে কোন কর্ম্ম করি, আপনাতেই অর্পণ করিয়া থাকি, আমাদের যে কারণে এই ক্লেশ উপস্থিত হইয়াছে, স্বয়ং তাহা জানিতে পারিয়াছেন, কি নিবেদন করিব। আপনি অনন্ত, নির্গুণ, গুণেশ এবং সত্ত্বস্থ, আপনার স্বভাব ও চেষ্টিত দুর্ব্বিতর্ক্য, আমরা আপনাকে কেবল নমস্কার করি ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি অষ্টমস্কন্ধে পঞ্চম অধ্যায় ॥ * ॥

ষষ্ঠাধ্যায়ে বিষ্ণুর আবির্ভাব হইলে পুনরায় দেবগণ কর্ত্তৃক তদীয় স্তুতি এবং অসুরদিগের সহিত অমৃতোৎপাদনার্থ উদ্যম ॥ ০ ॥

এবং স্তুতঃ সুরগণৈ র্ভগবান্ হরিরীশ্বরঃ। তেষামাবিরভূদ্রাজন্ সহস্রার্কোদয়দ্যুতিঃ ॥ ১ ॥
তেনৈব মহসা সর্ব্বে দেবাঃ প্রতিহতেক্ষণাঃ। নাপশ্যন্ খং দিশঃ ক্ষৌণীমাত্মানঞ্চ কুতোবিভুং ॥২
বিরিঞ্চো ভগবান্ দৃষ্ট্বা সহ সর্ব্বেণ তাং তনুং। স্বচ্ছাং মরকত শ্যামাং কঞ্জগর্ভারুণেক্ষণাং ॥ ৩ ॥
তপ্তহেমাবদাতেন লসৎ কৌশেয় বাসসা। প্রসন্ন চারু সর্ব্বাঙ্গীং সুমুখীং সুন্দরভ্রুবং ॥ ৪ ॥
মহামণিকিরীটেন কেয়ূরাভ্যাঞ্চ ভূষিতাং। কর্ণাভরণ নির্ভাত কপোল শ্রীমুখাম্বুজাং ॥ ৫ ॥
কাঞ্চীকলাপ বলয় হার নূপুর শোভিতাং। কৌস্তুভাভরণাং লক্ষ্মীং বিভ্রতীং বনমালিনীং ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

সহস্রার্কাণামুদয়ে দ্যুতিরিবদ্যুতির্যস্য ॥ ১ ॥
মহসা তেজসা। প্রতিহতানীক্ষণানি চক্ষুংষি যেষাং ॥ ২ ॥
তাং আবির্ভূতাং তনুং বিরিঞ্চো দৃষ্ট্বা তুষ্টাবেতি পঞ্চমেনান্বয়ঃ। কঞ্জগর্ভবদরুণে ঈক্ষণে যস্যাং ॥ ৩ ॥
তপ্তহেমবদবদাতেন পীতেন লসতা কৌশেয়বাসসা যুক্তাং প্রসন্নানি চারূণি সর্ব্বাঙ্গানি যস্যাং। শোভনং মুখং যস্যাং। সুন্দরে ভ্রুবৌ যস্যাং ॥ ৪ ॥
মহান্তো মণয়ো যস্মিন্ তেন কিরীটেন। কর্ণাভরণে কুণ্ডলে তাভ্যাং নির্ভাতৌ কপোলৌ তাভ্যাং শ্রীমুখাম্বুজে যস্যাং ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভ।

বিরিঞ্চ ইতি পঞ্চকং ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিরিঞ্চঃ তুষ্টাবেতি পঞ্চমেনান্বয়ঃ ॥ ১। ২। ৩ ॥
তপ্তহেমবদবদাতেন পীতেন ॥ ৪ ॥
কর্ণাভরণেন নির্ভাতৌ কপোলৌ যত্র তাদৃশং শ্রীমুখমেবাম্বুজং যত্র তাং ॥ ৫। ৬। ৭ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! এই প্রকারে দেবগণ স্তব করিলে ভগবান্ ঈশ্বর হরি তাঁহাদিগের সমক্ষেই আবির্ভূতং হইলেন। সহস্র সূর্য্যোদয়ে যদ্রূপ দীপ্তি হয় সে সময়ে তাঁহার তদ্রূপ দ্যুতি প্রকাশ পাইতে লাগিল ॥ ১ ॥

সেই দ্যুতির দ্বারা সকল দেবতার দৃষ্টি প্রতিহত হইয়া গেল, তাহাতে দেবগণ আকাশ, দিক্, পৃথিবী এবং আপনাদিগকেও দেখিতে পাইলেন না, সেই বিভুকে কোথা হইতে দর্শন করিতে পারিবেন? ॥ ২ ॥

কিয়ৎক্ষণ পরে ব্রহ্মা নিরীক্ষণ করিয়া মহেশের সহিত তাঁহার স্তব আরম্ভ করিলেন। হে রাজন্! ভগবানের সেই তনু স্বচ্ছ এবং মরকত মণির ন্যায় শ্যামবর্ণ, তাহাতে পদ্ম গর্ভের সমান অরুণবর্ণ নেত্র-দ্বয় শোভা পাইতেছিল ॥ ৩ ॥

অপর সেই মূর্ত্তি তপ্ত কাঞ্চনের তুল্য পীতবর্ণ কৌশেয় বসনে আবৃত হইয়াছিল তাঁহার সমস্ত অঙ্গ প্রসন্ন ও মনোহর, বদন সুশোভন এবং ভ্রূ দ্বয় পরম সুন্দর ॥ ৪ ॥

অপিচ মস্তকে মহার্হমণিময় কিরীট, ভুজদ্বয়ে কেয়ূর শোভিত এবং কর্ণদ্বয়ে কুণ্ডলদ্বয় আন্দোলিত হইতেছিল। সেই কুণ্ডল দ্বারা দুইটী কপোল উদ্দীপ্ত হওয়াতে তাহাতেই মুখারবিন্দের অনির্ব্বচনীয় দ্যুতি প্রকাশ পাইতেছিল ॥ ৫ ॥

সুদর্শনাদিভিঃ স্বাস্ত্রৈ র্মূর্ত্তিমদ্ভিরুপাসিতাং । তুষ্টাব দেবপ্রবরঃ সশর্ব্বঃ পুরুষং পরং ॥
সর্ব্বামরগণৈঃ সাকং সর্ব্বাঙ্গৈরবনিঙ্গতৈঃ ॥ ৭ ॥
শ্রীব্রহ্মোবাচ ॥
অজাত জন্ম স্থিতি সংযমায়া গুণায় নির্ব্বাণ সুখার্ণবায় ।
অণোরণিম্নেঽপরিগণ্য ধাম্নে মহানুভাবায় নমোনমস্তে ॥ ৮ ॥

শ্রীধরস্বামী ।

কৌস্তুভ আভরণং কণ্ঠে যস্যাঃ । লক্ষ্মীং বক্ষসি বিভ্রতীং ॥ ৬ ॥
দেবপ্রবরো ব্রহ্মা সর্ব্বাঙ্গৈরবনিঙ্গতৈঃ সাষ্টাঙ্গপ্রণতৈঃ ॥ ৭ ॥
অনাবিরাবিরাসেষং মাভূত্তাভূদিতি ব্রুবন্ । ব্রহ্মা হন্তিপ্রেতি নিত্যস্ববিভূষে ভগবন্তনোঃ । শ্রীমূর্ত্তেরয়মাবির্ভাব এব নস্মদাদি বজ্জন্মাদি তবাস্তীত্যাহ ন জাতা জন্মাদয়ো যস্য কুতঃ অগুণায় অতো নির্ব্বাণ সুখস্য অর্ণবায় অপার মোক্ষসুখরূপায়েত্যর্থঃ । তথাপি অণোরণ্যণিম্নে সূক্ষ্মায় দুর্জ্ঞানত্বাৎ বস্তু তস্তু অপরিগণ্যমিয়ত্তাতীতং ধাম মূর্ত্তি র্যস্য তস্মৈ । নচৈতৎ অসংভাবিতং যতো মহান্ অচিন্ত্যোঽনুভাবো যস্য ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ ।

অজাতেতি স্থিতিরত্র জন্মানন্তরাস্থিত লক্ষণৈব ন নিত্যা তস্যাবিকারিত্বাভাবাৎ নির্ব্বাণস্ত স্বস্ত ব্রহ্মানন্দার্ণবায়েতি ভগবদেনাবির্ভাবস্ত পরম বৈশিষ্ট্যং দর্শিতং ॥ ৮ । ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ন জাতো জন্মস্থিত্যোঃ সংযম উপরমো যস্যেতি কৃষ্ণরামাদ্যবতারাণাং জন্মস্থিত্যোর্নিত্যত্বং স্থিতিরকর্ম্মকা জাতস্য চেতনস্য ন সংভবতীতি কর্ম্মণোপি নিত্যত্বং । অগুণায় প্রাকৃতগুণরহিতায় বিনা হেয়ৈর্গুণাদিভিরিতি সমস্ত কল্যাণ গুণাত্মকোহীতি বৈষ্ণবোক্তেরপ্রাকৃত যাড্গুণ্যবত্বেন ভগবত্ত্বমুক্তং নির্ব্বাণসুখার্ণবায়েতি ব্রহ্মত্বং । অণোরণ্যণিম্নে অতি সূক্ষ্মায়েতি পরমাত্মত্বং । অপরিগণ্যমিয়ত্তাতীতং ধাম মূর্ত্তি র্যস্য তস্মৈ ইতি স্বমূর্ত্তেঃ পরিচ্ছিন্নত্বেপ্যচিন্ত্য শক্ত্যাবিভুত্বকোক্তং ॥ ৮ ॥

অপর কাঞ্চীকলাপ, বলয়, হার, নূপুরে সেই মূর্ত্তি বিশেষ রূপ শোভিতা হইয়াছিল । তিনি কণ্ঠে কৌস্তুভমণি এবং বক্ষঃস্থলে লক্ষ্মী ধারণ করিয়াছিলেন, আর তাঁহার হৃদয় বনমালা দ্বারা সুশোভিত হইয়া রহিয়াছিল ॥ ৬ ॥

অধিকন্তু সুদর্শন প্রভৃতি তদীয় নিজ অস্ত্র সকল মূর্ত্তিমান্ হইয়া চতুর্দ্দিকে উপাসনা করিতেছিল । সে যাহা হউক, ঐ মূর্ত্তি অবলোকন করিয়া দেবশ্রেষ্ঠ ব্রহ্মা আদৌ দেবগণ সহ সাষ্টাঙ্গ প্রণত হইলেন, তাহার পর মহেশের সহিত মিলিত হইয়া স্তব আরম্ভ করিলেন ॥ ৭ ॥

ব্রহ্মা কহিলেন হে ভগবন্! শ্রীমূর্ত্তির এ আবির্ভাব মাত্র, অস্মদাদির ন্যায় আপনার জন্মাদি নাই, কারণ আপনার জন্ম স্থিতি ও সংযম এই তিনই উৎপন্ন হয় না, তাহার হেতু আপনি নির্গুণ, এই কারণে জ্ঞানিগণ আপনাকে নির্ব্বাণ সুখের অর্ণব বলিয়া থাকেন । পরন্তু আপনি ঐ রূপ হইলেও দুর্জ্ঞেয়ত্ব প্রযুক্ত সূক্ষ্ম হইতেও সূক্ষ্ম, বস্তুতঃ আপনার মূর্ত্তির ইয়ত্তা নাই । প্রভো ! আমি যাহা যাহা বলিলাম কিছুই অসম্ভব নহে, যে হেতু আপনার অনুভাব অচিন্ত্য অতএব আপনাকে নমস্কার নমস্কার ॥ ৮ ॥

রূপং তবৈতৎ পুরুষর্ষভেজ্যং শ্রেয়োর্থিভির্বৈদিক তান্ত্রিকেণ।
যোগেন ধাতঃ সহ ন স্ত্রিলোকান্ পশ্যাম্যমুষ্মিন্ নু হ বিশ্বমূর্ত্তৌ ॥ ৯ ॥
ত্বয্যগ্র আসীত্ত্বয়ি মধ্য আসীত্ত্বয্যন্ত আসীদিদমাত্মতন্ত্রে।
ত্বমাদিরন্তো জগতোঽস্য মধ্যং ঘটস্য মৃৎস্নেব পরঃ পরস্মাৎ ॥ ১০ ॥
ত্বং মায়য়াত্মাশ্রয়য়া স্বয়েদং নির্ম্মায় বিশ্বং তদনুপ্রবিষ্টঃ।

শ্রীধরস্বামী।

তন্মূর্ত্তেঃ সনাতনত্বং অপরিমেয়ত্বঞ্চোপপাদয়তি রূপমিতি। হে পুরুষর্ষভ হে ধাতঃ এতত্তব রূপং। বৈদিকেন তান্ত্রিকেণচ যোগেনোপায়েন শ্রেয়োর্থিভিঃ সদা ইজ্যং পূজ্যং অতো নেদমিদানীং অপূর্ব্বং জাতমিতি ভাবঃ। নমু যূয়ং দেবাঃ পূজ্যত্বেন প্রসিদ্ধাঃ সত্যং সর্ব্বেঽপ্যত্রৈবান্তর্ভূতা ইত্যাহ উ অহো হ স্ফুটং অমুষ্মিন্ ত্বয়ি নোঽস্মান্ ত্রিলোকাংশ্চ সহ পশ্যামি তত্র হেতুঃ বিশ্বং মূর্ত্তৌ যস্য অতস্তবৈতদ্রূপং পরিচ্ছিন্নমপি ন ভবতীতি ভাবঃ ॥ ৯ ॥

বিশ্বমূর্ত্তিত্বমেবাহ ত্বয়ীতি ঘটস্য মৃত্তিকা যথা আদিরন্তশ্চ মধ্যঞ্চ পথা ত্বমস্য জগতঃ তত্র হেতুঃ পরস্মাৎ প্রাধানাদপি পরঃ ॥ ১০

মৃত্তিকা দৃষ্টান্তেন পরিণামং প্রাপ্তং বারয়তি ত্বমিতি স্বয়া স্বাধীনয়া অতএব গুণানাং ব্যবায়ে পরিণামেঽপ্যগুণমেব ত্বাং যুক্তাঃ

ক্রমসন্দর্ভঃ।

পরস্মাৎ ক্ষণোপি পরঃ। ব্রহ্মানুভবোত্তর ভাব্যনুভবঃ। তস্মাদুৎকৃষ্টাবির্ভাবশ্চ। উক্তঞ্চ চতুর্থে। যঃ পরং রহসঃ সাক্ষাদিতি। বিষ্ণুপুরাণেচ। স ব্রহ্মপারঃ পরপারভূত ইতি। অক্ষরাৎ পরতঃ পর ইতি শ্রুতেঃ ॥ ১০ ॥

নমু মৃত্তিকা দৃষ্টান্তেন পরঃ পরস্মাদিতি ন সংগচ্ছতে তত্রাহ। ত্বং মায়য়েতি। স্বয়া স্বস্য বহিরঙ্গাংশ রূপয়া। আত্মাশ্রয়য়া স্বাধীনয়া মায়য়া প্রকৃত্যাখ্যয়োপাদান রূপয়া তদুক্তং শ্রীভগবতা। পৃথিবী বায়ুরাকাশ ইত্যাদিনা। তদনুপ্রবিষ্ট ইতি মূর্ত্তেঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্রহ্মাভিদৈপ্রতি নিত্যত্ব বিভূত্ব ভগবত্তনোরিতি কারিকা তন্মূর্ত্তেঃ সনাতনত্বমপরিমেয়ত্বঞ্চোপপাদয়তি রূপমিত্যত্রাবতারিকাচ শ্রীস্বামিপাদানামত্র দৃশ্যা। হে পুরুষর্ষভ এবং তদেবং রূপং বৈদিকেন তান্ত্রিকেণচ যোগেন উপায়েন ইজ্যং সদা পূজ্যমতো নেদানীন্তনমিতি ভাবঃ। নমু যূয়ং দেবাঃ পূজ্যত্বেন প্রসিদ্ধাঃ। সত্যং সর্ব্বেপ্যত্রৈবান্তর্ভূতা ইত্যাহ। উ অহো হস্ফুটং। অমুষ্মিং ত্বয়ি নোঽস্মাং ত্রিলোকাংশ্চ সহ পশ্যামি তত্র হেতুঃ। বিশ্বং মূর্ত্তৌ যস্য অতস্তবৈতদ্রূপং পরিচ্ছিন্নমেবেতি ভাবঃ ॥ ৯ ॥

বিশ্বমূর্ত্তিত্বমেবাহ ত্বয়ীতি ঘটস্য মৃত্তিকা যথা আদিরন্তশ্চ মধ্যঞ্চ। তথা ত্বমস্য জগতঃ মৃত্তিকাদৃষ্টান্তেন প্রসক্তং পরিণামং বারয়তি পরস্মাৎ প্রধানাদপি পরঃ প্রধানমেব বিশ্বরূপেণ পরিণমতি নতু ত্বমিতি ভাবঃ ॥ ১০ ॥

নমু তর্হি প্রধানস্যৈব বিশ্বহেতুত্বমায়াতং নতু মমেতি। তত্রাহ ত্বমিতি মায়য়া স্বয়া স্বশক্ত্যেতি তব ততঃ পরত্বেপি তস্যাস্তচ্ছক্তিত্বাত্ত্বমেবেদং বিশ্বং নির্ম্মায় তত্র বিশ্বস্মিন্নন্নুপ্রবিষ্টো বর্ত্তসে। মায়য়া কীদৃশ্যা আত্মা ত্বমেবাশ্রয়ো যস্যা তয়া ত্বদধীনয়েত্যর্থঃ। অতো গুণব্যয়বায়ে গুণপরিণামভূতে অত্র বিশ্বস্মিন্নেব প্রবিষ্টমপ্যগুণং গুণসঙ্গরহিতং ত্বাং মনসা যুক্তাঃ সমনস্কা জনাঃ পশ্যন্তি যেচ পশ্যন্তি তএব মনীষিণো বিবেকিনঃ তএব বিপশ্চিতঃ শাস্ত্র তাৎপর্য্য বিজ্ঞাঃ যে ন পশ্যন্তি তএবাবিপশ্চিতোঽমনী-

হে পুরুষশ্রেষ্ঠ! হে ধাতঃ! কল্যাণার্থী পুরুষেরা বৈদিক ও তান্ত্রিক উপায় দ্বারা আপনার এই মূর্ত্তির সর্ব্বদা পূজা করিয়া থাকেন। ভগবন্! আমরা দেবতা, পূজ্যত্ব রূপে প্রসিদ্ধ হইয়াছি সত্য, কিন্তু আপনাতে ত্রিভুবন সহিত আমাদের সকলকেই অবলোকন করিতেছি, আপনার এই মূর্ত্তি ব্রহ্মাণ্ডের আধার অতএব আপনকার এই রূপ পরিচ্ছিন্ন নহে ॥ ৯ ॥

ভগবন্! আপনি আত্মতন্ত্র, এই জগৎ অগ্রে আপনাতে ছিল, মধ্যেও আপনাতে রহিয়াছে এবং অন্তেও আপনাতেই থাকিবে। মৃত্তিকা যেমন ঘটের আদি অন্ত ও মধ্য, আপনি তেমনি এই জগতের আদি অন্ত ও মধ্য, কারণ আপনি প্রধান হইতেও পর (শ্রেষ্ঠ) ॥ ১০ ॥

প্রভো! আপনি নিজাশ্রিত স্বাধীন মায়া দ্বারা এই বিশ্বের নির্ম্মাণ করিয়া পশ্চাৎ তাহাতে প্রবিষ্ট

পশ্যন্তি যুক্তা মনসা মনীষিণো গুণব্যবায়েঽপ্যগুণং বিপশ্চিতঃ ॥ ১১ ॥
যথাগ্নিমেধস্যমৃতঞ্চ গোষু ভুব্যন্নমম্বূদ্যমনেচ বৃত্তিং।
যোগৈর্মনুষ্যা অধিযন্তি হি ত্বাং গুণেষু বুদ্ধ্যা কবয়ো বদন্তি ॥ ১২ ॥
তং ত্বাং বয়ং নাথ সমুজ্জিহানং সরোজনাভাতিচিরেপ্সিতার্থং।

শ্রীধরস্বামী।

পশ্যন্তি মনীষিণো বিবেকিনঃ বিপশ্চিতঃ শাস্ত্রজ্ঞাঃ ॥ ১১ ॥

এতদেব সদৃষ্টান্তমাহ যথাগ্নিং কাষ্ঠে মথনেন। অমৃতমাজ্যং গোষু দোহনাদিনা। ভুবি অন্নং ব্রীহ্যাদি কর্ষণাদিনা। অম্বু চ খননেন। উদ্যমনে পুরুষকারে বাণিজ্যাদিনা। বৃত্তিং জীবিকাং। যথা অমূন উদ্যমনে ষটীযন্ত্রাদিনোদ্ধারণে যোগৈরুপায়ৈর্মনুষ্যা অধিযন্তি প্রাপ্নুবন্তি তথা কবয়স্ত্বাং বুদ্ধ্যা গুণেষ্বধিযন্তি-বদন্তিচ ॥ ১২ ॥

হে নাথ সরোজনাভ অতি চিরাদীপ্সিতমর্থং তং যোগৈকপ্রাপ্যং ত্বাং সম্যগুজ্জিহানং আবির্ভবন্তং প্রত্যক্ষতো দৃষ্ট্বা অদ্য বয়ং নির্বৃতিং গতাঃ দবার্ত্তাঃ দাবাগ্নিপীড়িতাঃ ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

পরিচ্ছিন্না পরিচ্ছিন্নতয়াচিন্ত্যাশক্তিময় স্থিতিত্বাদিতি ভাবঃ ॥ ১১। ১২। ১৩। ১৪। ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যিণোঽমনসোঽহঙ্কাশ্চেতি ॥ ১১ ॥

কথং মাং পশ্যন্তীত্যত তদুপায়ং সদৃষ্টান্তমাহ যথেতি মনুষ্যা গুণেষু গুণময়ে জগতি নির্গুণং ত্বাং যোগৈর্ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইতি মদুক্তে র্ভক্তিভেদৈঃ অধিযন্তি প্রাপ্নুবন্তি বুদ্ধ্যা স্বদন্তয়া বদন্তিচ। তয়া সহোক্তি প্রত্যুক্তী কুর্ব্বন্তি এধসি কাষ্ঠে অগ্নিং মন্থনেন যথেতি মন্থনমপি গুরূপদেশেনৈব যথা জানন্তি তথৈব শ্রীগুরূপদিষ্টয়া শ্রবণ কীর্ত্তনাদি ভক্ত্যা মনোমন্থনেন মুহুর্ম্মথিতয়া ত্বাং পশ্যন্তি। যস্য স্বরূপং কবয়ো বিপশ্চিতো গুণেষু দারুষিব জাতবেদসং। মথ্নন্তি মথ্না মনসা দিদৃক্ষব ইতি পঞ্চমোক্তেঃ। সাধু সাহায্য ভূয়স্ত্বে স্বল্পায়াসেনৈবেত্যত্র দৃষ্টান্তঃ। গোষু অমৃতং দুগ্ধং দোহনেন যথেতি বৎ সমুখ সংঘৃষ্টা পীনপ্রস্তুতমিত্যর্থঃ। প্রাচীন ভক্তি বীজ সম্ভাবেতু ভক্তি বাহুল্য প্রাপ্তৈব ঘৎ প্রাপ্তিরিত্যত্র দৃষ্টান্তঃ। ভুবি অন্নং কর্ষণাদিনা যথা প্রাচীন সাধু সঙ্গ বহু ভক্তি সম্ভাবেতু প্রতিবন্ধকাভাবএব ঘৎ প্রাপ্তি রিত্যত্র দৃষ্টান্তঃ। অম্বু জলং খননাত্তদাবরক মৃত্তিকাদি দূরীকরণেন যথেতি লব্ধ ভক্তীনাং তু ভজনমাত্রেণ নিত্যমেব ঘৎ প্রাপ্তিরিত্যত্র দৃষ্টান্তঃ। উদ্যমনে বৃত্তিং নর্ত্তক গায়কাদীনাং প্রতি স্বশিরোদ্যমে নৈব জীবিকাং যথেতি ॥ ১২ ॥

বয়ন্তু কৃতার্থাএবাভূমেত্যাহ তমিতি দ্বা ত্বাং হে সরোজনাভ অতিচিরেপ্সিতং অর্থং পরমার্থ বস্তু রূপং ॥ ১৩ ॥

হইয়াছেন, অতএব শাস্ত্রজ্ঞ বিবেকী যোগীগণ সকলের পরিণামেও আপনাকে অগুণ দর্শন করিয়া থাকেন ॥ ১১ ॥

ভগবন্! যেমন কাষ্ঠ মধ্যে অগ্নি, গাবী মধ্যে ঘৃত, ভূমি মধ্যে অন্ন ও জল এবং পুরুষাকারে জীবিকা বর্ত্তমান আছে, মনুষ্যেরা উপায় দ্বারা ঐ সকল প্রাপ্ত হইয়া থাকে অর্থাৎ মন্থন দ্বারা কাষ্ঠ হইতে অগ্নি, দোহনাদি দ্বারা গবী হইতে ঘৃত, কর্ষণ ও খননাদি দ্বারা পৃথিবী হইতে অন্ন ও বাণিজ্যাদি দ্বারা পুরুষকার হইতে জীবিকা প্রাপ্ত হয়, জ্ঞানিরা বলেন আপনি তেমনি গুণেতে বর্ত্তমান আছেন এবং তাঁহারা বুদ্ধিযোগে আপনাকে তাহা হইতে পাইয়াও থাকেন ॥ ১২ ॥

হে নাথ! হে পদ্মনাভ! আপনি আমাদিগের চিরকালের বাঞ্ছিত অর্থ, আপনি যোগৈক গম্য হইয়াও স্বয়ং আবির্ভূত হইলেন। দাবাগ্নি পীড়িত হস্তিগণ গঙ্গাজল দর্শনে যদ্রূপ সুস্থ হয়, তাহার

দৃষ্ট্বা গতা নির্বৃতিমদ্য সর্ব্বে গজা দবার্ত্তা ইব গাঙ্গমম্ভঃ ॥ ১৩ ॥
স ত্বং বিধৎস্বাখিললোকপালা বয়ং যদর্থাস্তব পাদমূলং।
সমাগতাস্তে বহিরন্তরাত্মন্ কিং বান্যি বিজ্ঞাপ্যমশেষ সাক্ষিণঃ ॥ ১৪ ॥
অহং গিরিত্রশ্চ সুরাদয়ো যে দক্ষাদয়োঽগ্নেরিব কেতবস্তে।
কিম্বা বিদামেষ পৃথগ্বিভাতা বিধৎস্ব শং নো দ্বিজদেবমন্ত্রং ॥ ১৫ ॥
শ্রীশুক উবাচ ॥
এবং বিরিঞ্চাদিভিরীড়িতস্তদ্বিজ্ঞায় তেষাং হৃদয়ং যথৈব।
জগাদ জীমূতগভীরয়া গিরা বদ্ধাঞ্জলীন্ সংবৃত সর্ব্বকারকান্ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

যদ্বিধেয়ং তৎ কথয়েতি চেত্তত্রাহ। হে অন্তরাত্মন্ অশেষ সাক্ষিণস্তে বহিঃ কিং বান্যৈ র্বিজ্ঞাপ্যমস্তি ॥ ১৪ ॥

যুয়মেব কিঞ্চিৎ কুরুতেতি চেত্তত্রাহ অহমিতি। অগ্নেঃ কেতবোবিস্ফুলিঙ্গা ইব তে ত্বত্তোবয়ং পৃথগ্বিভাতাঃ সন্তঃ আত্মনঃ শং শ্রেয়ঃ কিম্বা বিদ্মঃ অতস্ত্বমেব দ্বিজানাং দেবতানাঞ্চ মন্ত্রং বিধৎস্ব ইদং কুরুত ইত্যুপায়মুপদিশেত্যর্থঃ ॥ ১৫ ॥

হৃদয়মিতি মন্ত্র উপদেষ্টব্য ইত্যভিপ্রেতং যথা তথৈব বিজ্ঞায় জগাদ সংবৃতানি নিয়মিতানি সর্ব্বাণি কারণানি ইন্দ্রিয়াণি যৈস্তান্ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদীড়িতং বিজ্ঞায় অবধায় যথা তেষাং হৃদয়ং তথা জগাদ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদ্বিধৎস্ব যদর্থা বয়ং যৎ প্রয়োজনাঃ তদেব স্পষ্টং বিজ্ঞাপয়তেতি চেৎ তত্রাহ। হে অন্তরাত্মন্। অশেষ সাক্ষিণ স্তব বহিঃ কিং জ্ঞাপ্য ॥ ১৪ ॥

নহু যুয়ং সর্ব্বজ্ঞা মাভূৎ। স্ববুদ্ধ্যশ্চাতুর্য্যাবন্তশ্চ ভবথেতি বা অতোঽত্র সঙ্কটে যঃ প্রতীকারঃ সম্ভবতি তং ব্রূত যথা যুস্মদশক্যমপি তং অহং নিষ্পাদয়ামীতি চেৎ তত্রাহ অহমিতি। অগ্নেঃ কেতবো বিস্ফুলিঙ্গা ইব কেতুর্দ্যুতৌ পতাকায়মিতি কোষাৎ তে ত্বত্তোবয়ং পৃথগ্বিভাতাঃ সন্তঃ আত্মনাংশং শ্রেয়ঃ কিং বা বিদ্মঃ ন কিমপি তস্মাত্ত্বমেব নঃ শং বিধৎস্ব দ্বিজানাং মন্ত্রঞ্চ বিধৎস্ব ইদং কুরুতেত্যুপায়মপ্যুপদিশ। অস্মাকং বুদ্ধি চাতুর্য্যাদিকন্ত রসাতলং যাত্বিতি ভাবঃ ॥ ১৫ ॥

তেষাং দেবানাং যথা হৃদয়ং অস্মাকমমরাবতী প্রাপ্তৌ কামপি মন্ত্রণাং ভগবানেব দদাত্বিতি যথা মনোগতং তত্তথৈবেত্যর্থঃ। সংবৃত সর্ব্বকারকান্ নিয়তসর্ব্বেন্দ্রিয়ান্ ॥ ১৬। ১৭। ১৮ ॥

ন্যায় আমরা অদ্য আপনাকে প্রত্যক্ষ নিরীক্ষণ করিয়া পরম নিবৃতি প্রাপ্ত হইলাম ॥ ১৩ ॥

এক্ষণে এই সমস্ত লোকপাল সহ আমরা যাহা মানস করিয়া আপনাদের পাদমূলে সমাগত হইয়াছি, তাহা সম্পন্ন করিতে আজ্ঞা হউক। হে অন্তরাত্মন্! আপনি অশেষ পদার্থের সাক্ষী আপনাকে অন্যে কি বিজ্ঞাপন করিবে? ॥ ১৪ ॥

ভগবন্ আমি, গিরিশ এবং অন্যান্য দেবগণ ও দক্ষাদি প্রজাপতি, আমরা সকলেই অগ্নির স্ফুলিঙ্গের ন্যায় আপনা হইতে পৃথক্ রূপে প্রকাশমান হইয়াছি আপনার শ্রেয়ঃ কি তাহা জানিতে পারিতেছি না, অতএব আপনিই দ্বিজ ও দেবগণের মন্ত্রণা বলুন অর্থাৎ "ইহা কর" বলিয়া আপনিই উপায় উপদেশ দিউন ॥ ১৫ ॥

শুকদেব কহিলেন এ প্রকারে ব্রহ্মাদি দেবগণ স্তব করিতে থাকিলে ভগবান্ তাঁহাদের অভিপ্রায় অবগত হইয়া মেঘ গম্ভীর বাক্যে প্রতিবচন দান করিলেন। হে রাজন্! সে সময় দেবতারা সকল ইন্দ্রিয় নিয়মিত করিয়াছিলেন ॥ ১৬ ॥

এক এবেশ্বরস্তস্মিন্ সুরকার্য্যে সুরেশ্বরঃ । বিহর্ত্তুকামস্তানাহ সমুদ্রোন্মথনাদিভিঃ ॥ ১৭ ॥

শ্রীভগবানুবাচ ॥

হন্ত ব্রহ্মন্নহো শম্ভো হে দেবা মম ভাষিতং । শৃণুতাবহিতাঃ সর্ব্বে শ্রেয়োবঃ স্যাদ্‌যথাসুরাঃ ॥১৮॥

যাত দানব দৈতেয়ৈস্তাবৎ সন্ধির্বিধীয়তাং । কালেনানুগৃহীতৈস্তৈর্যাবদ্বো ভব আত্মনঃ ॥ ১৯ ॥

অরয়োঽপিহি সন্ধেয়াঃ সতি কার্য্যার্থগৌরবে । অহি মূষিকবদ্দেবা হ্যর্থস্য পদবীং গতৈঃ ॥ ২০ ॥

অমৃতোৎপাদনে যত্নঃ ক্রিয়তামবিলম্বিতং । যস্য পীতস্য বৈজন্তু র্মৃত্যু গ্রস্তোঽমরো ভবেৎ ॥২১॥

শ্রীধরস্বামী ।

ঈশ্বরস্যাপি তথৈবাক্তিপ্রেতমিত্যাহ এক এবেশ্বরঃ সমর্থোঽপি ॥ ১৭ ॥

হে সুরাঃ হে দেবাঃ অন্যেচ গন্ধর্ব্বাদয়ঃ ॥ ১৮ ॥　ব আত্মনঃ স্বতো যাবত্তবো বৃদ্ধি র্ভবতি ॥ ১৯ ॥

অর্থস্য প্রয়োজনস্য পদবীং সিদ্ধিং প্রাপ্তৈঃ ততঃ পশ্চাদহি মূষিকবৎ বধ্যঘাতক স্বভাবেন বর্ত্তিতব্যমিতি শেষঃ যথা পেটিকায়াং নিরুদ্ধোঽহি যথা নির্গমদ্বার বিধানার্থং প্রথমং মূষিকেণ সমং সন্ধিং বিধত্তে পশ্চাত্তমেব কদাচিদ্ভক্ষয়তি তথার্থমার্গ প্রবৃত্তৈঃ প্রথমং সন্ধেয়া ইত্যর্থঃ ॥ ২০ ॥

অতস্তৈঃ সহ যৎ কার্য্যং তদাহ অমৃতোৎপাদন ইতি । যস্যামৃতস্য পীতস্য সতঃ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভ ।

নৃপেশ্বর ইতি সম্বন্ধোক্তিঃ ॥ ১৭ । ১৮ । ১৯ ॥

অহিমূষিকবদিতি মহাজনাপ্রবাদো তয়োঃ সম্বাদদর্শনাৎ ॥ ২০ ॥

যস্যেতি যস্মিন্ পীতে সতীত্যর্থঃ ॥ ২১ । ২২ । ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অভবঃ সম্পত্ত্যভাবো যাবৎ সংপত্তৌ তু জাতায়াং বিগ্রহ এব বিধেয় ইতি ভাবঃ ॥ ১৯ ॥

নীতিমুপদিশতি অরয় ইতি । অহি মূষিকেতি দৈবাৎ পেটিকায়াং নিরুদ্ধোঽহি র্যথা নির্গম দ্বার বিধানার্থং প্রথমং মূষিকেণ সমং সন্ধিং বিধত্তে পশ্চাত্তমেব ভুঙ্‌ক্তে এবং স্বার্থ পদবীং গতৈঃ । পশ্চাদেতান্ বধিষ্যাম ইতি ব্যবসায়বদ্ভি র্ভবদ্ভিঃ ॥ ২০ ॥

যস্ত পীতস্য যস্মিন্ পীতে সতি ॥ ২১ ॥

যদিও ভগবান্ একাকীই সেই সুরকার্য্যে সমর্থ ছিলেন তথাচ সমুদ্র মন্থনাদি দ্বারা বিহার করিতে অভিলাষ করিয়া তাঁহাদিগকে বক্ষ্যমাণ বাক্য বলিলেন ॥ ১৭ ॥

ভগবান্ কহিলেন কি খেদের বিষয় ! অহো ব্রহ্মন্ ! অহো শম্ভো ! অহে দেবগণ ! এবং গন্ধর্ব্ব সকল ! তোমরা সকলে অবহিত হইয়া আমার বাক্য শ্রবণ কর । হে সুরসংঘ ! যে প্রকারে তোমা-দের শ্রেয়ঃ হইবে বলিতেছি শুন ॥ ১৮ ॥

দৈত্য দানব সকল শুক্রাচার্য্যের অনুগ্রহ প্রাপ্ত হইয়াছে, তোমরা গিয়া তাহাদের সহিত তাবৎ পর্য্যন্ত সন্ধি কর, যাবৎ তোমাদের আপনা হইতে বৃদ্ধির সম্ভাবনা না হয় ॥ ১৯ ॥

হে দেবগণ ! কার্য্য ও অর্থের গৌরব হইলে অর্থ মার্গ প্রবৃত্ত পুরুষদিগকে কখন সর্প ও মূষিকের ন্যায় অর্থাৎ দৈব বশতঃ পেটিকা মধ্যে নিবদ্ধ সর্প যেমন নির্গম দ্বার বিধানার্থ প্রথমে মূষিকের সহিত সন্ধি বিধান করিয়া পশ্চাৎ ঐ মূষিককে ভক্ষণ করে তদ্বৎ শত্রুর সঙ্গেও সন্ধি করিতে হয় ॥ ২০ ॥

তোমরা দৈত্যদিগের সহিত সন্ধি করিয়া শীঘ্র অমৃত উৎপাদনের নিমিত্ত যত্ন কর । কারণ অমৃত পান করিলে মৃত্যুগ্রস্ত জীবও অমর হয় ॥ ২১ ॥

ক্ষিপ্ত্বা ক্ষীরোদধৌ সর্ব্বা বীরুত্তৃণ লতৌষধীঃ। মন্থানং মন্দরং কৃত্বা নেত্রং কৃত্বাতু বাসুকিং ॥২২॥
সহায়েন ময়া দেবা নির্ম্মথধ্বমতন্দ্রিতাঃ। ক্লেশভাজো ভবিষ্যন্তি দৈত্যা যূয়ং ফলগ্রহাঃ ॥ ২৩ ॥
যূয়ং তদনুমোদধ্বং যদিচ্ছন্ত্যসুরাঃ সুরাঃ। ন সংরম্ভেণ সিদ্ধ্যন্তি সর্ব্বার্থাঃ সান্ত্বয়া যথা ॥ ২৪ ॥
নভেতব্যং কালকূটাদ্বিষাজ্জলধিসম্ভবাৎ। লোভঃ কার্য্যো নবো জাতু রোষঃ কামস্তু বস্তুষু ॥
শ্রীশুক উবাচ ॥
ইতি দেবান্ সমাদিশ্য ভগবান্ পুরুষোত্তমঃ। তেষামন্তর্দ্দধে রাজন্ স্বচ্ছন্দগতিরীশ্বরঃ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

নেত্রং রজ্জুং ॥ ২২ ॥
নতু তর্হি তে ২পামৃতপানেনামৃতাঃ স্যু স্তত্রাহ ক্লেশভাজ ইতি ॥ ২৩ ॥
বলিভিঃ সহকারিভিঃ সাধ্যা অর্থাস্তদনুসরণং বিনা নসিদ্ধ্যন্তীতি কৃত্বা সামাদিকমুপদিশতি যূয়মিতি দ্বাভ্যাং। হে সুরাঃ সংরম্ভেণ সংভ্রমেণ সান্ত্বয়া সামমার্গেণ যথা সিধ্যন্তি ॥ ২৪ ॥
বস্তুষু মথনাদুৎপন্নেষু ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

সংরম্ভেণ ক্রোধেন ॥ ২৪ ॥
লোভো দৃষ্টে বস্তুনি কামস্ত্বদৃষ্টে বস্তুনি ॥ ২৫। ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্ষিপ্ত্বেতি দুগ্ধযোগেন মথিত বীরুধাদি কাথ পরিণাম এবামৃতং ভাতীতি ভাবঃ নেত্রং রজ্জুং ॥ ২২ ॥
সহায়েন ময়েত্যেতৎ ফলমাহ ক্লেশভাজ ইতি। ফলগ্রহাঃ ফলমমৃতং যূয়মেব প্রাপ্স্যথেত্যর্থঃ ॥ ২৩ ॥
হে সুরাঃ সংরম্ভেণ বিগ্রহেণ সান্ত্বয়া সাম্না যথা ॥ ২৪ ॥
তুশ্চার্থে রত্নাদিষু ন লোভঃ তেষেবাসুরৈ র্নীতেষু সৎসু নরোষঃ। স্ত্রীরত্নেষু ন কামশ্চ কার্য্য ইত্যর্থঃ। বস্তুষু মথনাদুৎপন্নেষু ॥
তেষামীশ্বরঃ ॥ ২৫ ॥

যাও, ক্ষীরোদসাগরে গিয়া সমস্ত তৃণ লতা এবং ওষধি ক্ষেপণ কর,পরে মন্দর পর্ব্বতকে মন্থান দণ্ড ও বাসুকিকে রজ্জু করিয়া ॥ ২২ ॥

আমার সাহায্যে অনলস হইয়া মন্থন করিও। হে দেবগণ! যদিও দৈত্যেরা তোমাদের সহিত মিলিত হইয়া সমুদ্র মন্থন করিবে তথাচ তাহারা কেবল ক্লেশভাগীই হইবে, তোমরাই মন্থনের ফল ভোগ করিবা ॥ ২৩ ॥

হে সুরগণ! বলবান্ সহকারির দ্বারা কোন অর্থ সাধন করিতে হইলে তাহাদের অনুসরণ করা আবশ্যক অতএব অসুরেরা যাহা ২ ইচ্ছা করিবে, তোমরা তাহাতেই সম্মত হইও। দেখ! সাম মার্গের দ্বারা যে রূপ অনায়াসে সকল অর্থ সিদ্ধ হয় সংরম্ভে তদ্রূপ হয় না ॥ ২৪ ॥

হে দেবগণ! সমুদ্র মন্থনে কালকূট উৎপন্ন হইবে, তাহাতে ভয় করিও না, আর মন্থন করিতে ২ অন্যান্য যে সকল লোভ্য বস্তু উঠিবে তদর্থ লোভ অথবা ঐ লোভের প্রতিঘাত জন্য ক্রোধও করিও না। শুকদেব কহিলেন হে রাজন্। ভগবান্ পুরুষোত্তম দেবতাদিগকে এই প্রকার আদেশ করিয়া তাহাদিগের সমক্ষেই অন্তর্হিত হইলেন্। তিনি ঈশ্বর তাঁহার গতি স্বেচ্ছাধীন ॥ ২৫ ॥

অথ তস্মৈ ভগবতে নমস্কৃত্য পিতামহঃ। ভবশ্চ জগ্মতুঃ স্বং স্বং ধামোপেয়ুর্বলিং সুরাঃ॥ ২৬॥
দৃষ্ট্বারীনপ্যসংযত্তান্ জাতক্ষোভান্ স্বনায়কান্। ন্যষেধদ্দৈত্যরাট্ শ্লোক্যঃ সন্ধিবিগ্রহকালবিৎ॥ ২৭॥
তে বৈরোচনিমাসীনং গুপ্তঞ্চাসুরযূথপৈঃ। শ্রিয়া পরময়া জুষ্টং জিতাশেষমুপাগমন্॥ ২৮॥
মহেন্দ্রঃ শ্লক্ষ্ণয়া বাচা সান্ত্বয়িত্বা মহামতিঃ। অভ্যভাষত তৎ সর্ব্বং শিক্ষিতং পুরুষোত্তমাৎ॥২৯॥
তত্ত্বরোচত দৈত্যস্য তত্রান্যে যেঽসুরাধিপাঃ। শম্বরোঽরিষ্টনেমিশ্চ যেচ ত্রিপুরবাসিনঃ॥ ৩০॥
ততো দেবাসুরাঃ কৃত্বা সম্বিদং কৃতসৌহৃদাঃ। উদ্যমং পরমং চক্রুরমৃতার্থে পরন্তপঃ॥ ৩১॥

শ্রীধরস্বামী।

সুরাস্তু বলিমুপেয়ুঃ উপজগ্মুঃ॥ ২৬। অসংযত্তানপি দৃষ্ট্বা শ্লোক্যঃ কীর্ত্যর্হঃ॥ ২৭॥
বৈরোচনিং বলিং জিতমশেষং ত্রৈলোক্যং যেন তং॥ ২৮॥
তৎ সর্ব্বং অমৃতোন্মথনাদি॥ ২৯॥
তত্র যেঽন্যে চাসুরাধিপাঃ পৌলোম কালেয়াদয়ঃ শম্বরাদয়শ্চ তেভ্যশ্চারোচত॥ ৩০॥
সম্বিদং সময়ং॥ ৩১॥

ক্রমসন্দর্ভঃ।

অসংযত্তানপ্যরীন্ দৃষ্ট্বা স্বনায়কান্ দৈত্যান্ ন্যষেধৎ। কীদৃশান্ জাতক্ষোভান্ হন্তুমুদ্যতানিত্যর্থঃ॥ ২৭। ২৮। ২৯। ৩০। ৩১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সুরাস্তু বলিমুপেয়ুরুপজগ্মুঃ॥ ২৬॥
অসংযত্তান্ অধৃত কতি চাস্ত্রাদীনপি দৃষ্ট্বা স্বনায়কান্ স্বসেনাপতীন্ জাতক্ষোভান্ হন্তুমুদ্যতান্ শ্লোক্যো যশস্বী॥ ২৭॥
জিতাশেষং সর্ব্বদিগ্বিজয়িনং॥ ২৮। ২৯॥
দৈত্যস্য দৈত্যা যেন্যে তেভ্যশ্চেতি উৎপৎস্যমানমমৃতং দুর্ব্বলানিমাং তিরস্কৃত্য বয়মেব গ্রহীষ্যাম ইত্যন্তিপ্রায়েণারোচত॥৩০॥
সংবিদং সঙ্কেতং সংবাদং বা সংবিদ্যুদ্ধে প্রতিজ্ঞায়ামাচারে নাম্নি তোষণে সংভাষণে ক্রিয়াকারে সঙ্কেত জ্ঞানয়োরপীত্যমরঃ॥৩১॥

সে যাহা হউক, ভগবান্ অন্তর্হিত হইলে লোকপিতামহ ব্রহ্মা ও ভগবান্ ভব ইঁহারা তাঁহাকে নমস্কার করিয়া স্ব ২ স্থানে প্রস্থান করিলেন। পরে দেবতারা সকল সন্ধির নিমিত্ত কৃত সংকল্প হইয়া বলির সদনে যাত্রা করিলেন॥ ২৬॥

দৈত্যরাজ বলি সন্ধি বিগ্রহের কাল ভাল জানিত, সেই কারণে অতিশয় যশস্বী ছিল। অতএব শত্রু পক্ষ দেবগণকে অধৃত কবচাস্ত্রাদি দেখিয়া যদিও স্বীয় সেনাগণ হননার্থ জাত ক্ষোভ হইল তথাচ ঐ বলি নিষেধ করিয়া পাঠাইল॥ ২৭॥

অনন্তর দেবগণ যেখানে বিরোচন নন্দন বলি ত্রৈলোক্য জয় পূর্ব্বক অসুর যূথপগণ কর্ত্তৃক পরিরক্ষিত ও সুন্দরী রমণীতে সেবিত হইয়া অধ্যাসীন ছিল, তথায় আসিয়া উপস্থিত হইলেন॥ ২৮॥

তাঁহাদের মধ্যে মহামতি মহেন্দ্র মনোজ্ঞ বচনে সান্ত্বনা করিয়া বলির নিকট সমুদ্রোন্মথনাদি সেই সমস্ত বিষয়ের প্রস্তাব করিলেন, ভগবান্ পুরুষোত্তম যাহা ২ শিখাইয়া দিয়া ছিলেন॥ ২৯॥

দেবরাজের বচন দৈত্যপতির রুচি কর বোধ হইল এবং সেখানে শম্বর, অরিষ্টনেমি, পৌলোম ও কালেয়াদি তথা ত্রিপুরবাসী যে ২ অসুর যূথপ ছিল তাহাদেরও মনোগত হইল॥ ৩০॥

হে শত্রুনাশন! তদনন্তর দানব ও দেবগণ পরস্পর সৌহৃদ্য করিয়া অমৃত নিমিত্ত শপথ পূর্ব্বক অতিশয় যত্ন করিতে লাগিলেন॥ ৩১॥

ততস্তে মন্দরগিরিমোজসোৎপাট্য দুর্ম্মদাঃ। নদন্ত উদধিং নিন্যুঃ শক্তাঃ পরিঘবাহবঃ।
দূরভারোদ্বহশ্রান্তাঃ শক্র বৈরোচনাদয়ঃ। অপারয়ন্তস্তং বোঢ়ুং বিবশা বিজহুঃ পথি।
নিপতন্ স গিরিস্তত্র বহূনমরদানবান্। চূর্ণয়ামাস মহতা ভারেণ কনকাচলঃ।
তাং স্তথা ভগ্নমনসো ভগ্নবাহূরুকন্ধরান্। বিজ্ঞায় ভগবাংস্তত্র বভূব গরুড়ধ্বজঃ।
গিরিপাতবিনিষ্পিষ্টান্ বিলোক্যামর দানবান্। ঈক্ষয়া জীবয়ামাস নীরুজান্নির্ব্রণান্ যথা।
গিরিঞ্চারোপ্য গরুড়ে হস্তেনৈকেন লীলয়া। আরুহ্য প্রযযাবব্ধিং সুরাসুরগণৈর্বৃতঃ॥ ৩২॥
অবরোপ্য গিরিং স্কন্ধাৎ সুপর্ণঃ পততাং বরঃ। যযৌ জলান্ত উৎসৃজ্য হরিণা স বিসর্জ্জিতঃ॥৩৩॥

শ্রীধরস্বামী।

পরিঘা ইব বাহবো যেষাং ॥ ৩২ ॥
বিসর্জ্জিতঃ প্রস্থাপিতঃ সুপর্ণে তত্র স্থিতে বাসুকেরাগমনাযোগাদিতি ভাবঃ ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

যথা যথাবৎ। নিরুজান্ নির্ব্রণান্ কৃত্বেতি শেষঃ ॥ ৩২। ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পরিঘা ইব বাহবো যেষাং ॥
যতঃ কনকাচলঃ কনক ময়ত্বার চলতীত্যচলঃ। কনকস্য প্রস্তরাদ্যপেক্ষয়াভারাধিক্যাৎ ॥
বভূব আবির্বভূব ॥ ৩২ ॥
বিসর্জ্জিতঃ অন্যত্র প্রস্থাপিতঃ। সুপর্ণে তত্র স্থিতে বাসুকেরাগমনাযোগাদিতি ভাবঃ ॥ ৩৩ ॥

দেব দানবগণ বল দ্বারা মন্দর পর্ব্বত উৎপাটন করিয়া আনিল এবং সিংহনাদ করিতে ২ সেই পর্ব্বতকে ক্ষীর সমুদ্রের দিকে লইয়া চলিল। যদিও ইন্দ্রাদি দেবগণ ও বলি প্রভৃতি দানববর্গ অতিশয় শক্তিমান্ তাঁহাদের বাহু পরিঘ সদৃশ ছিল, তথাচ দূর হইতে গুরুতর ভার উদ্বহন পূর্ব্বক আনয়ন করাতে উভয় পক্ষই অচিরে শ্রান্ত হইয়া পড়িল এবং ঐ গিরি বহন করিতে না পারাতে অবশ হইয়া পথি মধ্যেই পরিত্যাগ করিল। ইন্দ্র ও বলি প্রভৃতি সুর ও অসুরগণ আনিতে ২ পথি মধ্যে পরিত্যাগ করিলে সেই গিরি যখন পতিত হইল তখন স্বীয় গুরুতর ভারে ভূরি ২ অমর ও দানবকে চূর্ণ করিয়া ভূমিশায়ী করিল। দেব ও দানবদিগকে তন্নিমিত্ত ভগ্নবাহু ও ক্ষুণ্ণমনা জানিতে পারিবামাত্র ভগবান্ গরুড়ধ্বজ তৎক্ষণাৎ সেই স্থানে আসিয়া উপস্থিত হইলেন এবং পর্ব্বত পতনে দেব দানবদিগকে নিষ্পিষ্ট নিরীক্ষণ করিয়া ঈক্ষণ দ্বারা সুস্থ করত পুনর্জীবিত করিলেন। তাহার পর অবলীলাক্রমে এক হস্ত দ্বারা সেই পর্ব্বত আপনার বাহন গরুড়ের উপর আরোপণ পূর্ব্বক স্বয়ং তদুপরি আরোহণ করিয়া সমুদ্রের দিকে লইয়া চলিলেন, সুর ও অসুরনিকর চারিদিকে তাঁহাকে বেষ্টন করিয়া গমন করিল ॥ ৩২ ॥

সমুদ্রে সমীপে উপস্থিত হইয়া গরুড় আপনার স্কন্ধ হইতে সেই পর্ব্বত জলের সমীপে অবতরণ করিলে ভগবান্ তাহাকে অন্যত্র পাঠাইয়া দিলেন, তাৎপর্য্য গরুড় যদি সেখানে অবস্থিতি করে তাহা হইলে বাসুকি কোন ক্রমে তথায় আসিতে পারিবে না ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তে নাগরাজমামন্ত্র্য ফলভাগেন বাসুকিং। পরিবীয় গিরৌ তস্মিন্নেত্রমব্ধিং মুদান্বিতাঃ।
আরেভিরে সুরা যত্তা অমৃতার্থে কুরূদ্বহ ॥ ১ ॥
হরিঃ পুরস্তাজ্জগৃহে পূর্ব্বং দেবাস্ততোঽভবন্। তন্নৈচ্ছন্দৈত্যপতয়ো মহাপুরুষচেষ্টিতং।
ন গৃহ্লীমো বয়ং পুচ্ছমহেরঙ্গমমঙ্গলং। স্বাধ্যায় শ্রুত সম্পন্নাঃ প্রখ্যাতা জন্ম কর্ম্মভিঃ।

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইত্যষ্টমে ষষ্ঠঃ ॥ * ॥

সপ্তমে মথনোদ্ভূত বিষভীত্যাখিলৈর্জনৈঃ। স্তুতঃ সন্ কৃপয়া রুদ্রঃ পপৌ বিষমিতীর্য্যতে ॥ ০ ॥
ফল ভাগেন তবাপ্যমৃতে ভাগো ভবিষ্যতীতি সংমন্ত্র্য বাসুকিং নেত্রং গিরৌ পরিবীয় সংবেষ্ট্য অব্ধিং মথিতুমারেভিরে ॥ ১ ॥
বাসুকে মুখং তীব্রং দৈত্যান্ গ্রাহয়িতুমেব পূর্ব্বং হরিঃ পুরস্তাৎ মুখং জগৃহে ততোঽভবন্ মুখং জগৃহুঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য ষষ্ঠোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

ত ইতি সার্দ্ধকং ॥ ১ ॥
তত্ত তস্মিন্নভবন্। তন্মুখ ধারণ রূপং মহাপুরুষ চেষ্টিতং নৈচ্ছন্। তত্রৈবাগকুর্ব্বন্নিত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠোঽয়মষ্টমস্কন্ধে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সপ্তমে কচ্ছপোদ্ভূতিঃ সিন্ধু মন্থোবিষোদ্গমঃ। জনৈঃ স্তুতা শিবেনৈব বিষপানঞ্চ বীর্য্যতে ॥ ০ ॥
নাগরাজং বাসুকিং। তবাপ্যমৃতে ভাগো ভবিষ্যতীতি সংমন্ত্র্য তং গিরৌ পরিবীয় নেত্রং কৃত্বা পরিবেষ্ট্য আরেভিরে মথিতুমিতি শেষঃ ॥ ১ ॥
বাসুকে মুখং তীব্রং দৈত্যান্ গ্রাহয়িতুমেব পূর্ব্বং হরিঃ পুরস্তান্মুখং জগ্রাহ অভবন্ তেচ মুখং জগৃহুরিত্যর্থঃ ॥
মানং গৃহীত্বা বিষ জ্বালয়া যূয়মেব ম্রিয়ধ্বমিত্যভিপ্রায়েণ স্ময়মানঃ ॥ ২ । ৩ । ৪ ॥

॥ * ॥ ইতি অষ্টমে ষষ্ঠ অধ্যায় ॥ * ॥

সপ্তমাধ্যায়ে ক্ষীরোদ মথনে বিষোৎপত্তি হেতু ভীতচিত্ত অখিল লোকের স্তবে ভগবান্ রুদ্র কর্ত্তৃক তৎপান ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে কুরুশ্রেষ্ঠ! "সমুদ্র মন্থনে যে অমৃত উৎপন্ন হইবে তাহাতে তোমারও ভাগ থাকিবে" ইহা বলিয়া সুর ও অসুরগণ বাসুকিকে মন্থান রজ্জু করিয়া মন্দর পর্ব্বতে বেষ্টন করিলেন, পরে সংযত হইয়া অমৃত নিমিত্ত মন্থনে প্রবৃত্ত হইলেন ॥ ১ ॥

বাসুকির মুখ বিষদন্তে অতিশয় তীব্র,একারণ কৌশলে তাহাই অসুরদিগকে গ্রহণ করাইবার মানসে ভগবান্ হরি প্রথমে মন্থান রজ্জুর (বাসুকির) মুখের দিক্ ধারণ করিলেন, অন্যান্য দেবগণও সেই দিকে গেলেন। তদ্দর্শনে দৈত্যপতিরা মনে করিল উহা বুঝি পৌরুষের কর্ম্ম, অতএব তাহারা দেবতা দিগকে মুখের দিক্ ধারণ করিতে দিতে ইচ্ছা করিল না, আপত্তি করিয়া কহিতে লাগিল, আমরা বেদাধ্যয়ন ও শাস্ত্র শ্রবণ সম্পন্ন, জন্ম ও কর্ম্ম দ্বারা সর্ব্বত্র বিখ্যাত,সর্পের পুচ্ছভাগ অমঙ্গল,আমরা উহা গ্রহণ করিব না, ইহা কহিয়া তুষ্ণীভূত হইল। দৈত্যদিগের ঐ সকল কথা শুনিয়া ভগবান হরি মনো-

ইতি তূষ্ণীং স্থিতান্ দৈত্যান্ বিলোক্য পুরুষোত্তমঃ। স্ময়মানো বিসৃজ্যাগ্রং পুচ্ছং জগ্রাহ সামরঃ॥২॥
কৃতস্থানবিভাগাস্ত এবং কশ্যপনন্দনাঃ। মমন্থুঃ পরমং যত্তা অমৃতার্থং পয়োনিধিং।
মথ্যমানেঽর্ণবে সোঽদ্রিরনাধারোহ্যপোবিশৎ। ধ্রিয়মাণোপি বলিভির্গৌরবাৎ পাণ্ডুনন্দন॥ ৩॥
তে সুনির্ব্বিণ্নমনসঃ পরিম্লানমুখশ্রিয়ঃ। আসন্ স্বপৌরুষে নষ্টে দৈবেনাতিবলীয়সা॥ ৪॥
বিলোক্য বিঘ্নেশ বিধিং তদেশ্বরো দুরন্ত বীর্য্যোঽবিতথাভিসন্ধিঃ।
কৃত্বা বপুঃ কাচ্ছপমদ্ভুতং মহৎ প্রবিশ্য তোয়ং গিরিমুজ্জহার হ॥ ৫॥

শ্রীধরস্বামী।

কৃতো ধারণস্থানবিভাগো যৈঃ॥ ৩॥
দৈবেন হেতুনা স্বপৌরুষে নষ্টে সতি॥ ৪॥
বিঘ্নেশস্য বিধানং তেন রচিতং বিঘ্নং অবিতথঃ সত্যোঽভিসন্ধিঃ সংকল্পো যস্য॥ ৫॥

ক্রমসন্দর্ভঃ।

কশ্যপনন্দনা ইতি ষষ্ঠ সপ্তমে মন্বন্তরে দেবানামৈক্যং বোধয়তি। তেন তদ্ভেদেন ইন্দ্রাদি ভেদশ্চ প্রায়িক এবেতি জ্ঞেয়ং। তত্তচ্চ পুণ্যাধিক্য ন্যূনত্বাভ্যাং সমাধেয়ং যথাত্র ষষ্ঠ মন্বন্তরাদৌ জাতানামাকস্মিক ত্রৈলোক্য নাশেন প্রায়োনাশাত্তন্মধ্য জাতানাং সপ্তম মন্বন্তরানুবৃত্তিঃ। যথোক্তং চতুর্থে। প্রাক্ সর্গে প্রলয়ং গতে ইতি। পরমং যথা ভবতি তথা যত্তাঃ কৃতযত্নাঃ॥
অনাধার ইতি তলস্থ মৃত্তিকায়াঃ কর্দ্দমপ্রায়ত্বাৎ। অন্যথা প্রথমমেব মগ্নঃ স্যাৎ॥ ৩। ৪॥
বিঘ্নেশ বিধি শব্দস্য বিঘ্ন বাচিত্ব মাত্রে তাৎপর্য্যং। নতু বিঘ্নেশ রচিতত্বে স্থল জলরুহ শব্দবৎ। তস্যাপি দেবতা স্বেকত্বাৎ॥ ৫। ৬। ৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিঘ্নে ঈষ্টে সমর্থো ভবতীতি বিঘ্নেশো যো বিধিস্তং বিলোক্য অস্মিন্ বিঘ্নে অয়মেব প্রকারো যোগ্য ইতি বিচার্য্য কাচ্ছপং বপুঃ কৃত্বা উজ্জহার উর্দ্ধং প্রতিনীতবান্। কচ্ছপজাতেরেব জলাধঃস্থ বস্তূর্দ্ধানয়নে যোগ্যতা স্বাভাবিকীতি বিমৃশ্যেতি ভাবঃ। অবিতথাভিসন্ধিঃ সত্যসংকল্পঃ॥ ৫॥

মধ্যে হাস্য করিলেন এবং তৎক্ষণাৎ বাসুকির অগ্রকায় পরিত্যাগ পূর্ব্বক অমরগণ সহিত পুচ্ছদেশ ধারণ করিলেন॥ ২॥

হে রাজন্! কশ্যপনন্দন দেবদানবগণ এই প্রকারে স্থান বিভাগ পূর্ব্বক মন্থান রজ্জু ধরিয়া পরম যত্ন সহকারে অমৃত মন্থন আরম্ভ করিল। যদিও মহাবল পরাক্রম সুর ও অসুরগণ কর্তৃক মন্থানদণ্ড মন্দর গিরি ধৃত হইয়াছিল তথাচ মন্থন করিতে করিতে ঐ মন্দর আধার শূন্য হইয়া সাগর সলিলে নিমগ্ন হইল॥ ৩॥

হে রাজন্! বলবান্ দৈব বশতঃ উক্ত প্রকারে স্বীয় স্বীয় পৌরুষের বিনাশ দেখিয়া সেই সুর ও অসুরদিগের অন্তঃকরণ অতিশয় ক্ষুব্ধ হইল এবং বদন অত্যর্থ ম্লান হইয়া গেল॥ ৪॥

ঈশ্বরের বীর্য্য অতি দুরন্ত এবং তাঁহার সঙ্কল্প একান্ত সত্য, তিনি বিঘ্নেশের বিরচিত ঐ বিঘ্ন নিরীক্ষণ করিয়া তৎক্ষণাৎ সুমহৎ অদ্ভুত কচ্ছপ শরীর ধারণ করিলেন এবং সমুদ্র মধ্যে প্রবেশ করিয়া পৃষ্ঠ দ্বারা সম্যক্ প্রকারে সেই গিরি উঠাইয়া তুলিলেন॥ ৫॥

তমুত্থিতং বীক্ষ্য কুলাচলং পুনঃ সমুদ্যতা নির্ম্মথিতুং সুরাসুরাঃ।
দধার পৃষ্ঠেন স লক্ষযোজন প্রস্তারিণা দ্বীপ ইবাপরো মহান্॥ ৬॥
সুরাসুরেন্দ্রৈর্ভুজ বীর্য্যবেপিতং পরিভ্রমন্তং গিরিমঙ্গ পৃষ্ঠতঃ।
বিভ্রত্তদাবর্ত্তনমাদিকচ্ছপো মেনেঽঙ্গ কণ্ডূয়নমপ্রমেয়ঃ॥ ৭॥
তথাঽসুরানাবিশদাসুরেণ রূপেণ তেষাং বলবীর্য্যমীরয়ন্।
উদ্দীপয়ন্ দেবগণাংশ্চ বিষ্ণু র্দৈবেন নাগেন্দ্রমবোধ রূপঃ।
উপর্য্যগেন্দ্রং গিরিরাড়িবান্য আক্রম্য হস্তেন সহস্রবাহুঃ।
তস্থৌ দিবি ব্রহ্ম ভবেন্দ্র মুখ্যৈরভিষ্টুবদ্ভিঃ সুমনোভিবৃষ্টঃ॥ ৮॥

### শ্রীধরস্বামী।

লক্ষযোজনং প্রস্তারো বিস্তারো যস্যাস্তীতি তথাভূতেন পৃষ্ঠেন॥ ৬॥
তস্য গিরেরাবর্ত্তনং ভ্রমণং অঙ্গ কণ্ডূয়নং মেনে॥ ৭॥
আসুরেণ অসুরাকারেণ দৈবেন দেবাকারেণ রূপেণ আবিশৎ॥ ৮॥

### ক্রমসন্দর্ভঃ।

আসুরেণ রাজসেন। দৈবেন সাত্ত্বিকেন শক্তিবিশেষেণ। অবোধস্তু তামসঃ॥
দিবি ব্রহ্ম ভবেন্দ্রমুখ্যৈরিত্যত্র ভবস্ত কৈলাসে দিবিচ। মহেন্দ্রাদীনাং ক্ষীরোদতীরে দিবিচ কায়ব্যূহো জ্ঞেয়ঃ॥ ৮। ৯॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তঞ্চ কুলাচলং স কচ্ছপঃ পৃষ্ঠেন দধার। মহান্ জলাধঃস্থো জম্বূদ্বীপ ইবেত্যর্থঃ॥ ৬॥
পৃষ্ঠোপরি গুরুতর পর্ব্বত পরিভ্রমণেন চ তস্য কষ্টং প্রত্যুত সুখমেবাভূদিত্যাহ সুরেতি॥ ৭॥
কতিপয় ক্ষণানন্তরং তেষাং মন্থনে সামর্থ্যাভাবং বাসুকেশ্চ সংঘর্ষণ পীড়য়া প্রাণত্যাগমিব বিলোক্য কৃপয়া প্রভুরেবং বিদধাবিত্যাহ তথেতি আসুরেণ রাজস্যা শক্ত্যেত্যর্থঃ। ঈরয়ন্ প্রবর্ত্তয়ন্ দৈবেন রূপেণ সাত্ত্বিক্যাশক্ত্যেত্যর্থঃ। অবোধ রূপঃ তামস শক্তিময়ঃ সন্নিত্যর্থঃ অবোধ ইতি মোহেন তস্য পীড়া বোধোনাভূদিতি ভাবঃ॥ ৮॥

কুলাচল মন্দর পুনরায় উত্থিত হইলে দানব ও দেবতাদের মহা মহা হর্ষ হইল, সকলে পুনরায় মন্থনের উদ্যম করিলেন। কূর্ম্মশরীরধারী ভগবান্ হরি আপনার পৃষ্ঠ লক্ষ যোজন বিস্তীর্ণ করিয়াছিলেন, তদ্দ্বারা একটা প্রশস্ত দ্বীপের ন্যায় হইয়া সেই মন্থান দণ্ড মন্দর গিরি ধরিয়া রহিলেন॥ ৬॥

হে রাজন্! সুর ও অসুরেন্দ্রদিগের ভুজবীর্য্যে ঐ গিরি কম্পমান হইয়া সর্ব্বতোভাবে ভ্রমণ করিতে লাগিল, অপ্রেমেয় আদিকূর্ম্ম স্বীয় প্রশস্ত পৃষ্ঠোপরি ধারণ করিয়া তাহার আবর্ত্তনকে আপনার অঙ্গ কণ্ডূয়ন জ্ঞান করিতে লাগিলেন॥ ৭॥

অনন্তর তিনি অসুরাকারে অসুরগণ মধ্যে আবিষ্ট হইয়া তাহাদের বল বীর্য্য বর্দ্ধিত করিয়া দিলেন, আর দেবাকারে দেবগণ মধ্যে প্রবেশ পূর্ব্বক তাঁহাদিগকে উদ্দীপিত করিলেন, অপর অবোধ রূপে নাগেন্দ্রে আবিষ্ট হইয়া তাহাকেও সবল করিলেন। তদনন্তর সহস্র বাহু ধারণ পূর্ব্বক অন্য গিরিবরের ন্যায় কর দ্বারা উপরে মন্দর পর্ব্বত আক্রমণ করিয়া অবস্থিত হইলেন। এই ব্যাপার অবলোকনে সুরলোকে ব্রহ্মা মহেশ্বর ইন্দ্র প্রভৃতি দেববৃন্দ স্তব ও পুষ্প বৃষ্টি করিতে লাগিলেন॥ ৮॥

উপর্য্যধশ্চাত্মনি গোত্রনেত্রয়োঃ পরেণ তে প্রাবিশতা সমেধিতাঃ।
মমন্থুরব্ধিং তরসা মদোৎকটা মহাদ্রিণা ক্ষোভিত নক্রচক্রং ॥ ৯ ॥
অহীন্দ্র সাহস্র কঠোর দৃঙ্মুখ শ্বাসাগ্নি ধূমা হতবর্চ্চসো হসুরাঃ।
পৌলোম কালেয় বলীল্বলাদয়ো দাবাগ্নিদগ্ধাঃ শরলা ইবাভবন্ ॥ ১০ ॥
দেবাংশ্চ তচ্ছ্বাস শিখাহত প্রভান্ ধূম্রাম্বর স্রগ্বর কঞ্চুকাননান্।
সমভ্যবর্ষন্ ভগবদ্বশা ঘনা ববুঃ সমুদ্রোর্ম্ম্যুপগূঢ় বায়বঃ ॥ ১১ ॥
নির্ম্মথ্যমানাদুদধেরভূদ্বিষং মহোল্বণং হালাহলাহ্বমগ্রতঃ।

শ্রীধরস্বামী।

আত্মনি দেবদৈত্যমধ্যে গোত্রে দার্ঢ্য রূপেণ নেত্রে অবোধ রূপেণ। পরেণ হরিণা। ক্ষোভিতং নক্রাণাং চক্রং সমূহো যস্মিন্ ॥ ৯ ॥

দৃশশ্চ মুখানিচ শ্বাসাশ্চ অহীন্দ্রস্য সাহস্রমপরিমিতাঃ কঠোরা যে দৃগাদয়ঃ তেভ্যো নির্গতাভ্যামগ্নি ধূমাভ্যামাহতং বর্চ্চো যেষাং তে শরলা দ্রুমবিশেষাঃ ॥ ১০ ॥

দেবাংস্তু ভগবদ্বশা ঘনাঃ সমভ্যবর্ষন্ সমুদ্রোর্ম্মিভি রুপগূঢ়া বায়বশ্চ শীতলা ববুঃ বাস্তিস্ম কথং ভূতান্ তস্য অহীন্দ্রস্য শ্বাসশিখাদিভির্হৃতা প্রভা যেষাং। ধূম্রাণাম্বরাদীনি যেষাং ॥ ১১ ॥

হালাহলমিত্যাহ্বা নাম যস্য সংভ্রান্তা মীনা উদ্ভ্রান্তা মকরাদয়শ্চ যস্মিন্। তিম্যাদিভিরাকুলাচ্চ ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

অহীন্দ্র সাহস্রাঃ সহস্র সংখ্যয়ৈব পরিবৃত্তাঃ নতু শতাদি সংখ্যয়া ॥ ১০ । ১১ ॥

মথ্যমান ইত্যাদি সটীকং পদ্যদ্বয়ং বিণীতং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ততশ্চ মন্দর মূর্দ্ধ মুচ্ছলন্তং বীক্ষ্য যৎ কৃতবাং স্তদাহ উপরীতি ব্রহ্মাদি মুখৈর্ব্বিষ্ণুপার্ষদৈরিত্যর্থঃ। যদ্বা ইন্দ্রাদীনাং ক্ষীরোদতীরে দ্বিবিচ কায়ব্যূহো জ্ঞেয়ঃ ॥

তদেবং উপরি সহস্র বাহুরূপেণ আত্মনি দৈত্যদেব সমূহে আসুরদৈব রূপেণ গোত্রে দার্ঢ্য রূপেণ নেত্রে অবোধ রূপেণ প্রবিশতা পরেণ হরিণা ॥ ৯ । ১০ ॥

আসন্ন্যাগেব হতবর্চ্চসঃ শরলা দ্রুমভেদাঃ ॥ ১১ ॥

দেবাংশ্চ দূরবর্ত্তিন স্তুং পুচ্ছধারিণোপি সুধা ন জায়েতেতি মন্থনাদিক্যাদসার ভাগে নিঃসৃত এব সুধোদ্গম সম্ভবাদিতি

হে রাজন্! ভগবান্ হরি উপরে নীচে এবং আত্মাতে অর্থাৎ দেব দানব মধ্যে, তথা পর্ব্বতেও মন্থান রজ্জু বাসুকিতে আবিষ্ট হইলে মদোৎকটদেব ও দানবগণ সমেধিত হইয়া মহাদ্রি মন্দর দ্বারা বেগে এ প্রকার মন্থন আরম্ভ করিলেন যে ক্ষণকাল মধ্যে সাগরস্থ নক্র চক্র ক্ষুভিত হইল ॥ ৯ ॥

পরন্তু বাসুকির সহস্র সংখ্যক কঠোর বদন ও নিশ্বাস হইতে অগ্নি ও ধূম নির্গত হওয়াতে তদ্দ্বারা পৌলোম, কালেয়, বলি, ইল্বল প্রভৃতি অসুরদিগের তেজঃ পরাহত হইল, অতএব তাহারা আশু দাবাগ্নি দগ্ধ শরল দ্রুমের ন্যায় নিষ্প্রভ হইয়া পড়িল ॥ ১০ ॥

দেবতারাও বাসুকির শ্বাসাগ্নি শিখায় হতপ্রভ হইতেছিলেন এবং তাহাদিগের আনন ও ভূষণ কঞ্চুকাদি ধূম্রবর্ণ হইতেছিল কিন্তু ভগবানের বশবর্ত্তি জলধর পটল তাঁহাদের উপরে বর্ষণ এবং সমুদ্র তরঙ্গ সঙ্গত সুশীতল বায়ু বীজন করিতে লাগিল, সুতরাং তাঁহাদিগকে অসুরদিগের তুল্য দেখাইল না ॥ ১১

সে যাহা হউক, ঐ প্রকারে সমুদ্র মথ্যমান হইতে থাকিলে তত্রস্থ মৎস্য, মকর, কচ্ছপ, সর্প

সংভ্রান্তমীনোন্মকরাহি কচ্ছপাত্তিমিদ্বিপগ্রাহতিমিঙ্গিলাকুলাৎ ॥ ১২ ॥
তদুগ্রবেগং দিশিদিশ্যুপর্য্যধো বিসর্পদুৎসর্পদসহ্যমপ্রতি।
ভীতাঃ প্রজা দুদ্রুবুরঙ্গসেশ্বরা অরক্ষ্যমাণাঃ শরণং সদাশিবং ॥ ১৩ ॥
বিলোক্য তং দেববরং ত্রিলোক্যা ভবায় দেব্যাভিমতং মুনীনাং।
আসীনমদ্রাবপবর্গহেতোস্তপো জুষাণং স্তুতিভিঃ প্রণেমুঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

তদ্বিষং অপ্রতি অপ্রতিমং প্রতিক্রিয়া শূন্যমিতি বা কৃতঃ উগ্রো বেগো যস্য তদেবাহ দিশি দিশীতি। যদ্বা উগ্রা বেগা রোমাঞ্চ মোহাদয়ো যস্মাৎ অতএবাসহ্যং বিলোক্য ভীতাঃ অনোন কেনাপ্যরক্ষ্যমাণাঃ সদাশিবং শরণং দুদ্রুবুঃ জগ্মুঃ। ॥ ১৩ ॥
ত্রিলোক্যা উদ্ভবায় দেব্যা সহ অদ্রৌ কৈলাসে আসীনং তথাপি মুনীনামভিমতঃ তেষামেবাপবর্গায় তপোজুষাণং ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভ।

দিশি দিশীতি শনৈঃ শনৈরেবেতি জ্ঞেয়ং। শীঘ্রত্বে ঝটিতি সৃষ্টিনাশাপত্তেঃ প্রজাশ্চাত্র দেবাসুরাএব। সাধারণানাং সমুদ্রবৃন্দ লঙ্ঘনাদ্যশক্তেঃ। তত্রাপি ঝটিতি। উর্দ্ধস্থিত তদ্যূহানাং তত্রস্থ শিব প্রভাবেনৈব তথাস্থিতি র্জ্ঞেয়া। অধঃ স্থিতানান্ত তন্নিরগমনং। বিষাগ্নিনা ঝটিত্যূর্দ্ধ ব্যাপ্তেঃ সংভ্রমেণ তত্তদস্ফূর্ত্তেশ্চ। অরক্ষ্যমাণাঃ শ্রীশিবমহিমদর্শনার্থং শ্রীভগবত উদাসীনী ভাবাৎ ॥ ১৩। ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভাবঃ। কনকঃ পরিধিঃ কনকবর্ণং পরিধানং যস্য সঃ বিদ্যুন্মকর কুণ্ডলঃ। মথ্না মথন সাধনেন মন্দরগিরিণা প্রতিগিরিঃ কনক গিরে র্যস্য প্রতিযোগীত্র নীলগিরিরিত্যর্থঃ ॥
বিষমভূদিতি বীজদাদিমূ বিষস্যামৃতস্যচ সত্বাৎ মথনে সতি প্রথমং বিষভাগঃ পৃথক্‌কৃতয়া উত্থিত ইতি জ্ঞেয়ং। হালহলাহ্ব মিতি হালাহলং হালহলং তথৈবচ হলাহলমিতি দ্বিরূপকোষঃ। সংভ্রান্তাঃ কেয়ং বিপত্তিরাগতেতি আবিগ্না মীনাদয়ো যস্মিং স্তস্মাৎ উন্মকর উৎকৃষ্টোমকরঃ। তিমি তিমিঙ্গিলৌ মৎস্যভেদৌ ॥ ১২ ॥
দিশি দিশি বিসর্পৎ উপরি উপসর্পৎ অধোঽবসর্পচ্চেতি শেষোজ্ঞেয়ঃ সর্পণঞ্চ শনৈঃ শনৈরেবেতি জ্ঞেয়ং। শীঘ্রত্বে ঝটিতি সৃষ্টিনাশাপত্তেঃ। প্রজাশ্চাত্র দেবাসুরাএব সাধারণানাং ঝটিতি সমুদ্রলঙ্ঘনাদ্যশক্তেঃ। অপ্রতি অপ্রতিমং প্রতিক্রিয়া শূন্যমিতি বা বিলোক্যেতি শেষঃ। অরক্ষ্যমাণা ইতি তদানীং ভগবতা তদপেক্ষণং স্বভক্তশ্রেষ্ঠায় চন্দ্রার্দ্ধমৌলয়ে তাদৃশ কীর্ত্তি প্রদানার্থ মিতি জ্ঞেয়ং ॥ ১৩ ॥
ভবায় ভূত্যৈ সংপত্ত্যর্থমিতি যাবৎ। অদ্রৌ কৈলাসে। মুনীনামপবর্গহেতোস্তপোজুষাণং ॥ ১৪ ॥

প্রভৃতি সাতিশয় সম্ভ্রান্ত এবং তিমি, জলহস্তী, নক্র ও তিমিঙ্গিল কুল ব্যাকুল হইল। তাহার পরে তাহা হইতে প্রথমে হালাহল নামে মহোল্বণ বিষ উত্থিত হইল ॥ ১২ ॥

সেই হালাহল অপ্রতিম, অর্থাৎ তাহার প্রতিক্রিয়া হইতে পারিত না, যে হেতু অত্যুগ্র বেগে প্রত্যেক্ দিকে উপরে ও নীচে বিসর্পণ ও উৎসর্পণ শীল হইতেছিল অতএব নিতান্ত অসহ্য। ঐ হালাহল অবলোকন করিয়া প্রজাসহ প্রজাপতিগণ অন্য কাহাকেও রক্ষক দেখিতে না পাওয়াতে সদাশিবের শরণাপন্ন হইলেন ॥ ১৩ ॥

তৎকালে দেবদেব সদাশিব ত্রৈলোক্যের উদ্ভবার্থ ভগবতীর সহিত কৈলাস পর্ব্বতে অধ্যাসীন ছিলেন এবং মুনিদিগের অপবর্গের কারণ তাঁহাদিগের অভিমত তপস্যা আচরণ করিতেছিলেন। প্রজাপতিগণ সমীপে গিয়া স্তুতি সহ প্রণাম করিলেন ॥ ১৪ ॥

শ্রীপ্রজাপতয় ঊচুঃ ॥

দেবদেব মহাদেব ভূতাত্মন্ ভূতভাবন। ত্রাহি নঃ শরণাপন্নাংস্ত্রৈলোক্যদহনাদ্বিষাৎ।
ত্বমেব সর্ব্ব জগত ঈশ্বরো বন্ধমোক্ষয়োঃ। তং ত্বামর্চ্চন্তি কুশলাঃ প্রপন্নার্ত্তিহরং গুরুং ॥১৫ ॥
গুণময্যা স্বশক্ত্যাস্য স্বর্গস্থিত্যপ্যয়ান্ বিভো। ধৎসে যদা স্বদৃক্ ভূমন্ ব্রহ্ম বিষ্ণু শিবাভিধাং ॥১৬ ॥
ত্বং ব্রহ্ম পরমং গুহ্যং সদসদ্ভাব ভাবনং। নানাশক্তিভিরাভাতস্ত্বমাত্মা জগদীশ্বরঃ ॥ ১৭ ॥

---

শ্রীধরস্বামী।

নির্গুণং সগুণঞ্চৈব শিবং হরিপরাক্রমৈঃ। স্তবস্তু প্রজেশানা নামান্যন্তান্তরং তয়োঃ ॥ ১৫ ॥

নন্বেবং ভূতোবিষ্ণুরিতি প্রসিদ্ধং তত্রাহ গুণময্যেতি। অস্য জগতো যদা সর্গাদীন্ ধৎসে তদা হে ভূমন্ স্বদৃক্ স্বতঃ সিদ্ধ জ্ঞানস্ত্বং ব্রহ্মাদি সংজ্ঞাং ধৎসে ॥ ১৬ ॥

তত্র হেতুঃ ত্বং ব্রহ্মেতি সদসতো ভাবান্ দেবতির্য্যগাদি রূপান্ ভাবয়তীতি তথা সূক্ষ্মস্ত ত্বদ্ব্যতিরিক্তং নাস্তীত্যাহঃ আত্মৈব ত্বং নানা শক্তিভির্জ্জগদ্রূপেণাভাতঃ যস্মাদীশ্বরঃ ॥ ১৭ ॥

---

ক্রমসন্দর্ভঃ।

নির্গুণমিত্যাদি টীকাপদ্যে হরিপরাক্রমৈরিত্যনেন হরেরেব মূলত্বমায়াতং। অতএব যত্তদন্তরমস্তি তদপি স্তুতি তাৎপর্য্যায়ামনাস্তেত্যায়াতি। স্তুতিশ্চ মহিম্না স্তূয়মানাহি দেবা বীর্য্যেণ বর্দ্ধন্তে ইতি বৈদিক ন্যায়েন কালকূটনাশনার্থং। শ্রীহরের্ম্মূলত্বন্তু স্বয়ং শ্রীশিবেনৈব বক্ষ্যতে। পুংসঃ স্বরূপয়তো তত্রে সর্ব্বাত্মা প্রীয়তে হরিঃ। প্রীতে হরৌ ভগবতি প্রীয়েহং স চরাচর ইতি। তথা নবমে। বয়ং ন তাত প্রভবাম ভূম্নি যস্মিন্ পরেঽন্যেপ্যজজীবকোশাঃ। ভবন্তি কালে ন ভবন্তি হীদৃশাঃ সহস্রশো যত্র বয়ং ভ্রমাম ইতি। এতে বয়ং যস্য বশে মহাত্মনঃ স্থিতাঃ শকুন্তা ইব সূত্রযন্ত্রিতাঃ ইত্যাদি ॥ ১৫। ১৬। ১৭ ॥

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে মহাদেব ত্রাহি ত্রায়স্ব নহু মহাদেবো ন ত্রায়তে কিন্তু সংহরতি সংহারাবতারত্বাৎ তত্রাহঃ। ভূতাত্মন্ ভূতানি চেতয়সি হে ভূতভাবন ভূতানি পালয়স্যেব ॥

নহু ভূতভাবনো বিষ্ণুরেব তং শরণং যাতেতি তত্রাহঃ। ত্বমেকঃ নহীশ্বরা বহবো ভবত্যতস্ত্বং বিষ্ণুশ্চৈক এব মায়া গুণ স্পর্শাস্পর্শাভ্যামেব ভেদ ইতি ভাবঃ ॥ ১৫ ॥

পুরুষরূপেণ স্তুবন্তি গুণময্যেতি যদা স্বর্গাদীন্ ধৎসে তদা ব্রহ্মাদি সংজ্ঞাং ধৎসে ॥ ১৬ ॥

নির্ব্বিশেষ স্বরূপত্বেন স্তুবন্তি ত্বং ব্রহ্মেতি। ব্রহ্মত্বেন স্তুবন্তি সদসদ্ভাবান্ উৎকৃষ্ট নিকৃষ্ট স্বভাবান্ দেবতির্য্যগাদীন্ ভাবয়সি সৃজসি বিষ্ণুত্বেন স্তুবন্তি নানেতি ॥ ১৭ ॥

---

প্রজাপতিগণ কহিলেন হে দেবদেব! হে মহাদেব! হে ভূতাত্মন্! আমরা আপনার শরণাপন্ন হইলাম। সমুদ্রোত্থিত দুঃসহ বিষ ত্রিলোক দগ্ধ করে, ইহা হইতে আমাদিগকে রক্ষা করুন। প্রভো! এক আপনিই সকল জগতের বন্ধন ও মোচনের ঈশ্বর, নিপুণ জ্ঞানিগণ আপনারই অর্চ্চনা করিয়া থাকেন, আপনি পরম গুরু এবং শরণাগত জনের আর্ত্তিহারী ॥ ১৫ ॥

বিভো! আপনি গুণময়ী স্বীয় শক্তি দ্বারা যখন এই জগতের সৃষ্টি স্থিতি প্রলয় করিতেছেন, তখন হে ভূমন্! আপনার জ্ঞান স্বতঃ সিদ্ধ, আপনিই ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই তিন সংজ্ঞা ধারণ করেন ॥১৬॥

আপনিই পরম গুহ্য ব্রহ্ম, আপনা হইতেই দেবতির্য্যগাদি সৎ ও অসৎ পদার্থ সকল প্রকাশ পায়। ফলতঃ আপনা ব্যতীত অন্য সূক্ষ্ম বস্তু নাই, আত্মরূপী আপনিই নানা শক্তি দ্বারা জগৎ রূপে পরিণত হইয়াছেন, অতএব আপনিই ঈশ্বর ॥ ১৭ ॥

ত্বং শব্দযোনি র্জগদাদিরাত্মা প্রাণেন্দ্রিয় দ্রব্য গুণঃ স্বভাবঃ।
কাল ক্রতুঃ সত্য মৃতঞ্চ ধর্ম্ম স্ত্বয্যক্ষরং যৎ ত্রিবৃদা মনন্তি ॥ ১৮ ॥
অগ্নি র্মুখন্তে ঽখিল দেবতাত্মা ক্ষিতিং বিদু র্লোকভবাঙ্ঘ্রি পঙ্কজং।
কালং গতিন্তেঽখিল দেবতাত্মনো দিশশ্চ কর্ণৌ রসনং জলেশং ॥ ১৯ ॥
নাভির্নভস্তে শ্বসনং নভস্বান্ সূর্য্যশ্চ চক্ষূংষি জলং স্ম রেতঃ।
পরাবরাত্মাশ্রয়ণং তবাত্মা সোমো মনোদ্যৌ র্ভগবন্ শিরস্তে ॥ ২০ ॥
কুক্ষিঃ সমুদ্রা গিরয়োঽস্থিসংঘা রোমাণি সর্ব্বৌষধি বীরুধস্তে।

শ্রীধরস্বামী।

স্বতঃ সিদ্ধ জ্ঞানস্বরূপপাদয়ন্তঃ জগদাত্মনা আত্মান প্রকার মাহুঃ ত্বং শব্দস্য বেদস্য যোনিঃ অতঃ স্বতঃসিদ্ধজ্ঞান ত্বং জগদাদি র্মহত্তত্বং আত্মা চাহঙ্কারঃ কথং ভূতঃ প্রাণেন্দ্রিয় দ্রব্যাণাং কারণভূতা গুণা যস্য রাজসাদি ত্রিবিধ ইত্যর্থঃ স্বভাবাদয়শ্চ ত্বমেব ক্রতুঃ সঙ্কল্পঃ সত্যমৃতঞ্চ ইতি যোধর্ম্মঃ স ত্বং মহদাদি রূপত্বে হেতুঃ ত্রিবৃৎ ত্রিগুণাত্মকং যদক্ষরং প্রধানং ত্বয়ি ত্বদাশ্রয়ং তদা-মনন্তি। যদ্বা এবং ভূতে ত্বয়ি ত্রিবৃদক্ষরং প্রণবং প্রকাশকমাহুরিত্যর্থঃ ॥ ১৮ ॥
অখিল দেবতাত্মা অগ্নিঃ সর্ব্বদেবতেতি শ্রুতেঃ। সোঽগ্নিস্তে মুখং হে লোকভব দ্বিতীয়ান্তেষু বিদুরিত্যস্য সম্বন্ধঃ ॥ ১৯ ॥
পরেঽবরেচ যে আত্মনো জীবা স্তেষামাশ্রয়ণমাশ্রয়ঃ তবাত্মাহঙ্কারঃ ॥ ২০ ॥
ত্রয়ীময়াত্মন্ বেদত্রয় মূর্ত্তেঃ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ঋতঞ্চ সুনৃতাবাণী সত্যঞ্চ সমদর্শনং ॥ ১৮ ॥ গতিং চেষ্টাং ॥ ১৯ । ২০ । ২১ । ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্ব্ব বাচক বাচ্যত্বেন স্তুবন্তি ত্বং নিখিল শব্দানাং যোনিরকারাদি বর্ণ সংঘঃ। প্রাণশ্চ ইন্দ্রিয়াণিচ দ্রব্যাণি পৃথিব্যাদীনিচ তৈঃ সহ গুণঃ সত্বাদিশ্চ ত্বং ত্রিবৃদক্ষরং যৎ প্রণব সংজ্ঞং তত্ত্বমেব আমনন্তি। ত্বদ্বাচকমিতি নিশ্চিন্বন্তীত্যর্থঃ ॥ ১৮ ॥
সমষ্টি রূপত্বেন স্তুবন্তি অগ্নিরিতি পঞ্চভিঃ। অখিল দেবতাত্মা অগ্নিঃ সর্ব্বদেবতা ইতি শ্রুতেঃ। হে লোকভব ॥ ১৯ ॥
পরেষামবরেষামাত্মনামুৎকৃষ্ট নিকৃষ্ট জীবানামাশ্রয়ণমাশ্রয় স্তবাত্মা অহঙ্কারঃ ॥ ২০ ॥
ত্রয়ীময়াত্মন্ বেদত্রয় মূর্ত্তে ॥ ২১ ॥

ভগবন্! আপনি বেদের যোনি, অর্থাৎ আপনা হইতে বেদ সকল উৎপন্ন হইয়াছে, অতএব আপনার জ্ঞান স্বতঃসিদ্ধ, আপনি জগতের আদি অর্থাৎ মহত্তত্ব এবং যাহার গুণ প্রাণ ইন্দ্রিয় ও দ্রব্যের কারণী ভূত, সেই রাজসাদি ত্রিবিধ অহঙ্কারও আপনি, অপর, আপনিই স্বভাব, কাল ও সঙ্কল্প এবং সত্য ও ঋত এই যে ধর্ম্ম, তাহাও আপনি, যে হেতু ত্রিগুণাত্মক যে প্রধান, জ্ঞানিগণ আপনাকে তাহার আশ্রয় বলিয়া থাকেন ॥ ১৮ ॥

হে লোকভাবন! আপনি সমস্ত দেবতা স্বরূপ, অগ্নি আপনার মুখ, ক্ষিতি আপনার পাদপদ্ম, কাল আপনার গমন, দিক্ সকল আপনার কর্ণ, বরুণ আপনার রসনা ॥ ১৯ ॥

আকাশ আপনার নাভি, বায়ু আপনার নিশ্বাস, সূর্য্য আপনার চক্ষুঃ, জল আপনার শুক্র। জ্ঞানিরা আপনার অহঙ্কারকে পর ও অপর জীব সকলের আশ্রয় বলিয়া থাকেন। অপর হে ভগবন্! চন্দ্র আপনার মনঃ, স্বর্গ আপনার মস্তক ॥ ২০ ॥

প্রভো! বেদত্রয় আপনার মূর্ত্তি, সমুদ্র সকল আপনার কুক্ষি, পর্ব্বত সংঘ আপনার অস্থি, সর্ব্ব

ছন্দাংসি সাক্ষাত্তব সপ্ত ধাতব স্ত্রয়ীময়াত্মন্ হৃদয়ং সধর্ম্মঃ ॥ ২১ ॥
মুখানি পঞ্চোপনিষদস্তবেশ যৈস্ত্রিংশদষ্টোত্তর মন্ত্রবর্গঃ।
যত্তচ্ছিবাখ্যং পরমাত্মতত্ত্বং দেব স্বয়ং জ্যোতিরবস্থিতিস্তে ॥ ২২ ॥
ছায়া ত্বধর্ম্মোর্ম্মিষু যৈ র্বিসর্গো নেত্রত্রয়ং সত্ত্ব রজস্তমাংসি।
সাংখ্যাত্মনঃ শাস্ত্রকৃতস্তবেক্ষা ছন্দোময়ো দেব ঋষিঃ পুরাণঃ ॥ ২৩ ॥
ন তে গিরিত্রাখিললোকপাল বিরিঞ্চ বৈকুণ্ঠ সুরেন্দ্রগম্যং।

শ্রীধরস্বামী।

পঞ্চোপনিষদঃ তৎ পুরুষাঽঘোর সদ্যোজাত বামদেবেশান রূপা মন্ত্রাঃ। যৈর্মুখৈরষ্টোত্তর ত্রিংশন্মন্ত্রাণাং বর্গঃ তেষামেব মন্ত্রাণাং পদচ্ছেদেন অষ্টোত্তরত্রিংশৎ কলাত্মকা মন্ত্রা ইত্যর্থঃ। অবস্থিতি রূপরতাবস্থা॥ ২২ ॥

অধর্ম্মস্যোর্ম্মিষু দম্ভলোভাদিষু যৈরূর্ম্মিভির্বিসর্গঃ প্রতিসর্গঃ সংহারঃ। যদ্বা যৈঃ সত্ত্বাদিভির্বিবিধঃ সর্গঃ তানি নেত্রত্রয়ং হে দেব ছন্দোময় ঋষির্ব্বেদঃ স তবেক্ষা ঈক্ষণং সাক্ষাত্মনুরিতি পাঠে মনুর্ব্বেদ তমেবাহ ছন্দোময় ইতি ॥ ২৩ ॥

হে গিরিত্র তে পরং জ্যোতিঃ অখিলানাং লোকপালাদীনাং গম্যং ন ভবতি কুতঃ যত্র রজ আদি নাস্তি কিং তৎ জ্যোতির্নিরস্তভেদং ব্রহ্ম ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

অধর্ম্মোর্ম্মিষু তে তব ছায়া প্রকাশাভাবঃ ॥ ২৩ ॥
নতে ইতি। যচ্ছিবস্য জ্যোতিঃ। পরমাত্মলক্ষণং তত্র স্থিতং তৎ সম্যগ্ জ্ঞানে তস্যাপ্যক্ষমতা যুক্তৈবেতি বা ব্যাখ্যেয়ং।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পঞ্চোপনিষদঃ তৎ পুরুষাঘোর সদ্যোজাত বামদেবেশান রূপা মন্ত্রাঃ। যৈর্মুখৈরষ্টোত্তর ত্রিংশন্মন্ত্রাণাং বর্গঃ। তেষামেব মন্ত্রাণাং পদচ্ছেদেন অষ্টোত্তর ত্রিংশৎ কলাত্মকা মন্ত্রা ইত্যর্থঃ। যত্তব পরমাত্মতত্ত্বং পরমাত্মা তচ্ছিবাখ্যং শিব এব পরং স্বয়ং জ্যোতিঃ স্বপ্রকাশোদেবো বিষ্ণুরবস্থিতিরাশ্রয়ঃ ॥ ২২ ॥

অধর্ম্মস্য উর্ম্মিষু উর্ম্ময়ঃ দম্ভাদ্যাঃ ছায়া ইত্যর্থঃ। যৈঃ সত্ত্বাদিভির্বিবিধঃ সর্গস্তানি নেত্রত্রয়ং হে দেব ছন্দোময় ঋষি র্বেদ স্তবেক্ষা ঈক্ষণং সাক্ষাত্মনুরিতি পাঠেপি মনুর্ব্বেদঃ ॥ ২৩ ॥

হে গিরিত্র তে তব জ্যোতি র্যৎপরং ব্রহ্ম তৎ অখিল লোকপালাদীনাং গম্যং ন ভবতি। অত্র বৈকুণ্ঠস্য বিষ্ণোঃ স্বরূপমেব যদাপি পরং ব্রহ্ম তদপি তস্য স্বস্বরূপস্য স্বাগম্যত্বং নাপকর্ষঃ খপুষ্প জ্ঞানং সার্ব্বজ্ঞ্যং ন নিহন্তীতি ন্যায়াৎ। যদ্বা গিরিত্রাদি সুরে-

প্রকার ওষধি ও লতা আপনার গাত্ররোম, বেদ সকল আপনার সাক্ষাৎ সপ্তধাতু এবং প্রসিদ্ধ ধর্ম্ম আপনার হৃদয় ॥ ২১ ॥

হে ঈশ! পঞ্চ উপনিষদ্ অর্থাৎ তৎপুরুষ, অঘোর, সদ্যোজাত, বামদেব, ঈশান এই পঞ্চমন্ত্র আপনার মুখ। ঐ মুখ হইতে অষ্টত্রিংশৎ মন্ত্রবর্গ হয় অর্থাৎ প্রথমোল্লিখিত পঞ্চমন্ত্রের পদচ্ছেদে অষ্টত্রিংশৎ কলাত্মক মন্ত্র হয়। সে যাহা হউক হে দেব! শিব নামে প্রসিদ্ধ যে পরমাত্ম তত্ত্ব তাহা আপনি, আপনার উপরতাবস্থা স্বয়ং জ্যোতিঃ ॥ ২২ ॥

ভগবন্! আপনার ছায়া অধর্ম্মের সেই উর্ম্মিতে অর্থাৎ দম্ভ লোভাদিতে বর্ত্তমান, যাহার দ্বারা সংহার হইয়া থাকে। আর সত্ত্ব রজঃ ও তম এই তিন গুণ আপনার তিন নেত্র। প্রভো! আপনি শাস্ত্রকারী, সাংখ্য জ্ঞান আপনার আত্মা। হে দেব! ছন্দোময় পুরাণ ঋষি অর্থাৎ বেদ আপনার ঈক্ষণ ॥ ২৩ ॥

হে গিরিত্র! আপনার পরম জ্যোতিঃ অখিল লোকপাল, ব্রহ্মা, বিষ্ণু এবং সুরেন্দ্রের গম্য নহে।

জ্যোতিঃ পরং যত্র রজস্তমশ্চ সত্বং ন যদ্ ব্রহ্ম নিরস্তভেদং ॥ ২৪ ॥
কামাধ্বর ত্রিপুর কালগরাদ্যনেক ভূতদ্রুহঃ ক্ষপয়তঃ স্তুতয়ে ন তত্তে।
যস্ত্বন্তকাল ইদমাত্মকৃতং স্বনেত্রবহ্নিস্ফুলিঙ্গশিখয়া ভসিতং ন বেদ ॥ ২৫ ॥
যে ত্বাত্মরামগুরুভির্হৃদি চিন্তিতাঙ্ঘ্রি দ্বন্দ্বং চরন্তমুময়া তপসাভিতপ্তং।

শ্রীধরস্বামী।

কামশ্চ অধ্বরশ্চ দক্ষযজ্ঞ ত্রিপুরাদয়শ্চ যে অনেক ভূতদ্রুহস্তান্ ক্ষপয়তঃ সংহরত স্তে তৎ কর্ম স্তুতয়ে ন ভবতি অত্যল্পমেত দিত্যর্থঃ। গরভক্ষণস্যাপ্যবশ্যত্তাবিত্বাৎ সিদ্ধবন্নির্দ্দেশঃ। স্তুত্যেহলং ন ভবতীত্যত্র হেতুঃ যস্তু ভবান্ স্বনেত্রবহ্নিবিস্ফুলিঙ্গস্য শিখয়া ইদং জগৎ ভসিতং ভস্মসাজ্জাতং ন বেদ নালোচয়ত্যপি ॥ ২৫ ॥

এবং নিত্যং পরানুগ্রহ ব্যগ্রং ত্বাং যে নিন্দন্তি তেহতি মূর্খা ইত্যাহঃ যেচ ত্বা ত্বাং উময়া সহ চরন্তং তস্যাং নিতরাং রক্তং কামিনং কথয়ন্তে প্রলপন্তি তথা শ্মশানে চরন্তং উগ্রং ক্রূরং পরুষঞ্চ হিংস্রং কথয়ন্তে। কথংভূতং আত্মারামাশ্চতে গুরবো বিশ্ব হিতোপদেষ্টারশ্চ তৈর্হৃদি চিন্তিতমঙ্ঘ্রিদ্বন্দ্বং যস্য তথা ভূতমপি তপসাভিতপ্তমপি তে নূনং তব উতি মবিদন্নিতিকাকুঃ।

ক্রমসন্দর্ভঃ।

তদুক্তং ত্বাপত্রয় এব তে ন যযুরন্তমনন্ত তয়া ত্বমপীতি ॥ ২৪ । ২৫ ॥

যেত্বিতি। অয়মর্থঃ। যে ত্বা ত্বাং উগ্রত্বেন পরুষবচনত্বেন শ্মশান নিরতত্বেন চ প্রতীয়মানমপি হ্যতলজ্জাঃ তাত্ত্বসংকোচাঃ সন্তঃ কথয়ন্তে শ্লাঘন্তে তএব উতিং তেন তেন মায়াকৃতেন স্বসম্বরণময়ীং লীলামবিদুঃ ন জ্ঞাতবন্তঃ। কথ শ্লাঘায়াং বিদ সম্বরণে ইতি ধাতুদ্বয়মত্রোপজীব্যত ইতি ভাবঃ। মায়াপিহিতদৃষ্টীনাস্তু মিথঃ ভাসীত্যভিপ্রেত্য তমন্যথা বিশিংষন্তি। আত্মা রামেতি। ভাগবত পরম হংসানাং গুরুত্বেন পরমাদর বিষয়মিত্যর্থঃ। তথা উময়া তন্নাম্না বিখ্যাত তপস্যায়া দেব্যা সহচরন্তং। তপা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জ্যোত্তানি সম্বোধনপদান্তেব ব্যাখ্যেয়ানি ॥ ২৪ ॥

নচ সাম্প্রতিকং বিষসোপশমনং ত্বয়া দুষ্করমিত্যাহঃ। কামেতি কামাদয়ো যে অনেকভূতদ্রুহ স্তান্ ক্ষপয়তঃ সংহরত স্তব তৎ বিষোপশমনং কর্ম স্তুতয়ে ন ভবতি অত্যল্পত্বাৎ অধ্বরো দক্ষযজ্ঞঃ। কালো গরশ্চ দৈত্যবিশেষঃ আসীৎ কিম্বা অস্যৈবা বশ্যসংহার্য্যত্বেন সিদ্ধবন্নির্দ্দেশঃ। ভসিতং নবেদেতি কদা জগদিদং ভস্মীকৃতমিত্যপি ন বেদ। নানুসন্ধত্তে। তস্যৈতদ্বিষ-মাত্র সংহারঃ কিয়ানিতি ভাবঃ ॥ ২৫ ॥

তব মাহাত্ম্যং বহির্দৃশিভির্দুর্গমমিত্যাহঃ। যেত্বিতি উময়া সহ চরন্তং রমমাণমপি তপসা অভিতপ্তং নতু কামেন ব্যাপ্তং অতএবাত্মারামাণাং গুরুভিরপি ধ্যাতাঙ্ঘ্রিং তথাভূতমপি ত্বামুগ্রং পরুষং কথয়ন্তে বিপরীত লক্ষণয়া শ্লাঘন্তে যে নিন্দন্তি তে নূনং তবোতিং অবিদন্নিতি কাকুঃ ত্বল্লীলাং নৈব জানন্তীতি কামক্রোধাদ্যনাচারময়ী স্তবেয়ং চেষ্টা লোকোপহাসিকা লীলৈবেত্যর্থঃ।

ঐ জ্যোতিতে রজঃ অথবা তমঃ কিম্বা সত্ব কিছুই নাই, তাহা নিরস্ত ভেদ পর ব্রহ্ম স্বরূপ ॥ ২৪ ॥

ভগবন্! আপনি কন্দর্প, দক্ষযজ্ঞ, ত্রিপুর, কালকূট প্রভৃতি বিবিধ ভূতদ্রোহির বিনাশ করিয়াছেন সত্য, কিন্তু সে সকল কর্ম্ম আপনার স্তুত্যর্থ হইতে পারে না, আপনার পক্ষে ঐ ঐ কার্য্য অত্যন্ত ক্ষুদ্র, যে হেতু প্রলয় কালে নিজ নেত্রানলের স্ফুলিঙ্গ দ্বারা প্রত্যক্ষ পরিদৃশ্যমান এই প্রকাণ্ড ব্রহ্মাণ্ড যে ভস্মসাৎ হইয়া যায় তাহা আপনি আলোচনাও করেন না ॥ ২৫ ॥

ভগবন্! আত্মারাম ও বিশ্বের হিতোপদেশক জ্ঞানিগণ স্ব স্ব হৃদয় মধ্যে আপনার চরণদ্বয় ধ্যান করিয়া থাকেন। আপনি এ প্রকার এবং সদা তপস্যায় অভিনিবিষ্ট। যে সকল ব্যক্তি উমার সহিত ভ্রমণ করিতে দেখিয়া তাঁহার প্রতি নিতান্ত আসক্ত জ্ঞানে আপনাকে কামি বলে এবং শ্মশানে বেড়া-ইতে দেখিয়া আপনাকে পরুষ ও হিংস্র বলিয়া প্রলাপ করে তাহারা কি আপনকার লীলা জানে?

কথন্তু উগ্রপরুষং নিরতং শ্মশানে তে নূনমূতিমবিদং স্তব হাতলজ্জাঃ ॥ ২৬ ॥
তত্তস্য তে সদসতোঃ পরতঃ পরস্য নাঞ্জঃ স্বরূপগমনে প্রভবন্তি ভূম্নঃ।
ব্রহ্মাদয়ঃ কিমুত সংস্তবনে বয়ন্তু তৎসর্গ সর্গ বিষয়া অপি শক্তিমাত্রং ॥ ২৭ ॥
এতৎ পরং প্রপশ্যামো ন পরন্তে মহেশ্বর। মৃড়নায়হি লোকস্য ব্যক্তিস্তে ব্যক্তকর্ম্মণঃ ॥
শ্রীশুক উবাচ ॥
তদ্বীক্ষ্য ব্যসনং তাসাং কৃপয়া ভৃশপীড়িতঃ। সর্ব্বভূতসুহৃদ্দেব ইদমাহ সতিং প্রিয়াং ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

ত্বল্লীলাং নৈব বিছুরিত্যর্থঃ। অতো হাতলজ্জাঃ ত্যক্তলজ্জাঃ কথমাত্মারামৈঃ সেবিতচরণযুগলস্য কামিত্বসম্ভবঃ। কথং বা তপসান্বিতপুংস শান্তস্যোগ্রত্বং পরুষত্বং বা সম্ভবতীতি অবিচার্য্যৈবং প্রলাপাদিত্যর্থঃ ॥ ২৬ ॥

আস্তাং তাবন্নিন্দকানাং বার্ত্তা মহান্তোঽপি তব তত্ত্বং ন জানন্তীত্যাহঃ। তত্তস্মাৎ তব স্বরূপস্য গমনে জ্ঞানে ব্রহ্মাদয়োঽপি ন সমর্থাঃ সংস্তবনে তু কুতঃ শক্তাঃ স্যুঃ তত্র বয়ঞ্চ কথং প্রভবামঃ যতস্তেষাং সর্গেঽপ্যত্যন্তার্ব্বাচীনা তথাপি যদেতৎ স্তবনং তদাত্মশক্তিপরিমিতমাত্রমিত্যর্থঃ ॥ ২৭ ॥

তদেবাহঃ এতৎ পরমিতি ন পরং রূপং তথাপি তদ্দর্শনাদেব কৃতার্থা বয়মিত্যাহঃ মৃড়নায়হীতি ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বয়মপি তপসা পরম জ্ঞান প্রভাবেন অতি সর্ব্বতোভাবেন তপ্তমৈশ্বর্য্যং যস্য তাদৃশমিতি। তপ ঐশ্বর্য্য ইতি ধাতুরূপজীব্যঃ ইতি ॥ ২৬। ২৭ ॥

মৃড়নায়েতি মৃড় সুখে ॥ ২৮। ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হাতলজ্জা ত্যক্তত্রপাঃ স্বয়ং কামক্রোধাদিভিশ্চর্ব্ব্যমাণা স্বামাত্মারামশিখামণি ধ্যাতাঙ্ঘ্রিং নিন্দিতুং কিং লজ্জামপি ন প্রাপ্নুবন্তীত্যর্থঃ ॥ ২৬ ॥

তেষাং কা কথা ব্রহ্মাদয়োপি স্তে তত্ত্বং নজানন্তীত্যাহঃ। তদিতি তস্মাৎ ষতঃ সর্গো যেষাং তেষাং মরীচ্যাদীনাং সৃষ্টি বিষয়াঃ শক্তিমাত্রং শক্ত্যনুরূপমেব স্তুমঃ। নতু যথোচিতং ॥ ২৭ ॥

মৃড়নায়েতি বিষং সংহৃত্য শীঘ্রং লোকসুখং নিষ্পাদয়েতি ধ্বনিঃ ॥ ২৮। ২৯। ৩০ ॥

আমি নিশ্চয় বলিতে পারি তাহারা কিছুই জানে না, এই কারণে নির্লজ্জ হইয়া বিচার না করিয়া ঐ রূপ প্রলাপ করে। অহো! যাঁহার চরণ আত্মারাম লোকেরা সেবা করেন তাঁহার কি কামিত্ব সম্ভবে? যিনি তপস্যায় রত, তিনি শান্ত মূর্ত্তিই হইতে পারেন, তাঁহার হিংস্রত্ব অথবা উগ্রত্ব কি প্রকারে হইবে? ॥ ২৬ ॥

অতএব হে দেব! সৎ ও অসৎ হইতে ভিন্ন এবং পরম পুরুষ যে আপনি আপনার যথার্থ স্বরূপ জানিতে ব্রহ্মাদি দেবগণও সমর্থ নহেন, ইহাতে তাঁহারা আপনার স্তব করিতে কি প্রকারে শক্ত হইবেন? প্রভো! আমরা ঐ ব্রহ্মাদির সৃষ্টিমধ্যে অত্যন্ত অর্ব্বাচীন, আমরাই বা কি প্রকারে আপনার স্তবে প্রভু হইব? তথাপি এই যে স্তুতি করিলাম ইহা আত্মশক্তির পরিমাণ মাত্র ॥ ২৭ ॥

হে মহেশ্বর! যদিও আমরা আপনার এই রূপ ব্যতীত অন্য যে শ্রেষ্ঠ রূপ, তাহা দেখিতে পাইলাম না, তথাপি এতদ্দর্শনেই কৃতার্থতা লাভ হইল, যে হেতু আপনি অব্যক্ত কর্ম্মা, আপনার এই রূপে আবির্ভাব লোকের রক্ষণার্থ মাত্র।

শুকদেব কহিলেন ভগবান্ শঙ্কর সর্ব্ব প্রাণির সুহৃৎ, প্রজাদিগের দুঃখ দর্শনে করুণা বশতঃ অত্যন্ত দুঃখিত হইলেন অতএব নিকটস্থ প্রিয়া সতীকে সম্বোধিয়া বলিলেন ॥ ২৮ ॥

অহো বত ভবান্যেতৎ প্রজানাং পশ্য বৈশসং। ক্ষীরোদমথনোদ্ভূতাৎ কালকূটাদুপস্থিতং ॥ ২৯ ॥
আসাং প্রাণপরীপ্সূনাং বিধেয়মভয়ং হি মে। এতাবান্ হি প্রভোরর্থো যদ্দীনপরিপালনং।
প্রাণৈশ্চ প্রাণিনঃ পান্তি সাধবঃ ক্ষণভঙ্গুরৈঃ ॥ ৩০ ॥
বদ্ধবৈরেষু ভূতেষু মোহিতেষাত্মমায়য়া। পুংসঃ কৃপয়তো ভদ্রে সর্ব্বাত্মা প্রীয়তে হরিঃ ॥ ৩১ ॥
প্রীতে হরৌ ভগবতি প্রীয়ে২হং সচরাচরঃ। তস্মাদিদং গরং ভুঞ্জে প্রজানাং স্বস্তিরস্তু মে ॥৩২॥
এবমামন্ত্র্য ভগবান্ ভবানীং বিশ্বভাবনঃ। তদ্বিষয়ং জগ্ধুমারেভে প্রভাবজ্ঞান্বমোদত ॥ ৩৩ ॥
ততঃ করতলী কৃত্য ব্যাপি হালাহলং বিষং। অভক্ষয়ন্ মহাদেবঃ কৃপয়া ভূতভাবনঃ ॥ ৩৪ ॥

---

শ্রীধরস্বামী।

মৎ প্রভাবমবিচার্য্য বিষপানে প্রবৃত্তং মাং কথঞ্চিদিয়ং প্রিয়া বারয়েদিতি শঙ্কয়া তামনুজ্ঞাপয়ন্নাহ অহো বতেতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। বৈশসং দুঃখং ॥ ২৯ ॥

প্রাণপরীপ্সূনাং প্রাণরক্ষণেচ্ছূনাং মে ময়া প্রভোঃ সমর্থস্য অর্থঃ কার্য্যং ॥ ৩০ ॥

কিঞ্চ বদ্ধবৈরেষু পরস্পরং জিঘাংসৎসু কৃপয়তঃ কৃপাং কুর্ব্বতঃ পুংসঃ ॥ ৩১ ॥

মে মত্তঃ স্বস্তিঃ শোভনা সত্তা সুখেন জীবিতমিত্যর্থঃ ॥ ৩২ ॥

জগ্ধুং অত্তুং ॥ ৩৩ ॥

করতলীকৃত্য করতল পরিমিতমাত্রং কৃত্বা ॥ ৩৪ ॥

---

ক্রমসন্দর্ভঃ।

আসামিতি সার্দ্ধকং ॥ ৩০। ৩১। ৩২। ৩৩ ॥

ব্যাপি ব্যাপ্তিশীলং বিষং ॥ ৩৪ ॥

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নম্বমীষু সাংসারিক জীবেষু পরস্পর বদ্ধবৈরেষু আত্মারামাণাং ভবাদৃশামুপেক্ষণমেবোচিতং তত্রাহ বদ্ধেতি ॥ ৩১ ॥

মে মত্তঃ স্বস্তি শোভনা সত্তা ॥ ৩২। ৩৩ ॥

ব্যাপি তাবদ্দেশ ব্যাপকমপি করতলমাত্র পরিমিতীকৃতা ॥ ৩৪ ॥

---

অহো দেখ দেখ! ক্ষীরোদ মথনে উত্থিত কালকূট হইতে প্রজা পুঞ্জের কি রূপ দুঃখ উপস্থিত হইয়াছে! ॥ ২৯ ॥

যাহা হউক, এই সকল প্রজা, প্রাণ রক্ষণ বাসনায় কাতর হইতেছে, ইহাদিগকে অভয় দেওয়া আমার কর্ত্তব্য, যে হেতু দীনজনকে পালন করাই সমর্থ ব্যক্তির কর্ম্ম। অতএব সাধু ব্যক্তিরা ক্ষণভঙ্গুর ভাবিয়া আপনাদের প্রাণ দ্বারাও অন্যকে রক্ষা করিয়া থাকেন ॥ ৩০ ॥

ভদ্রে! যে সকল ব্যক্তি পরমাত্মার মায়ায় মুগ্ধ হইয়া পরস্পর বৈরবন্ধন পূর্ব্বক হিংসা করে তাহাদের প্রতি যে পুরুষ দয়া করেন তাঁহার প্রতি সর্ব্বাত্মা হরি প্রীত হন ॥ ৩১ ॥

হে দেবি! ভগবান্ হরি প্রীত হইলে চরাচর সহিত আমিও প্রীতি প্রাপ্ত হইয়া থাকি। অতএব আমি এই বিষ ভক্ষণ করি, আমা হইতে প্রজা পুঞ্জের সুখে জীবন ধারণ হউক ॥ ৩২ ॥

হে রাজন্! ভবানীকে এই প্রকার কহিয়া ভগবান্ বৃষবাহন সেই বিষ ভোজনের উপক্রম করিলেন। ভগবতী তাঁহার প্রভাব অবগত ছিলেন, সুতরাং ঐ ব্যাপারে আমোদ করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

তদনন্তর করুণা হেতু ভূতভাবন মহাদেব সকল দিকে ব্যাপনশীল সেই হালাহল গ্রহণ পূর্ব্বক করতল মাত্র পরিমিত করিয়া খাইয়া ফেলিলেন ॥ ৩৪ ॥

তস্যাপি দর্শয়ামাস স্ববীর্য্যং জলকল্মষঃ। যচ্চকার গলে নীলং তচ্চ সাধোর্বিভূষণং ॥

তপ্যন্তে লোকতাপেন সাধবঃ প্রায়শোজনাঃ। পরমারাধনং তদ্ধি পুরুষস্যাখিলাত্মনঃ।

নিশম্য কর্ম্ম তচ্ছম্ভোর্দেবদেবস্য মীঢুষঃ। প্রজা দাক্ষায়ণী ব্রহ্মা বৈকুণ্ঠশ্চ শশংসিরে ॥ ৩৫ ॥

প্রস্কন্নং পিবতঃ পাণের্যৎ কিঞ্চিজ্জগৃহুঃ স্ম তৎ। বৃশ্চিকাহি বিষৌষধ্যো দন্দশূকাশ্চ যে পরে ॥৩৬

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং অষ্টমস্কন্ধে সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

শ্রীধরস্বামী।

জলকল্মষঃ জলদোষো বিষং। যস্মাৎ তং গলে নীলং চকার। সাধোঃ কৃপালোঃ ॥ ৩৫ ॥

প্রস্কন্নং গলিতং অপরেচ যে সবিষাস্তেপি জগৃহুঃ অনেন বিষস্য তীব্রতোক্তা ॥ ৩৬ ॥

॥ * ॥ ইত্যষ্টমে সপ্তমঃ ॥ * ॥

অষ্টমে মথ্যমানেঽব্ধৌ লক্ষ্ম্যা বিষ্ণৌ বৃতেঽসুরৈঃ। ধন্বন্তরে হৃতে সোমে মোহিন্যাত্তৈব ঈর্য্যতে ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

তস্যাপীতি তত্রাপীত্যর্থঃ। গলে নীলমিত্যলুক্ সমাসঃ। নন্বিদমসম্ভবং তত্রাহ তচ্চেতি। কৃপয়া স্বাভীষ্টং তদ্বিভূষণত্বেন স্তুতবতঃ। স্বস্যৈব তাদৃশীচ্ছেতি ভাবঃ ॥

লোকতাপেন তপ্যন্তে তত্তাপমঙ্গী কুর্ব্বন্তীত্যর্থঃ। সাধবঃ সাধারণা অপি কিমুত স ইত্যর্থঃ ॥ ৩৫। ৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে সপ্তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জলকল্মষো বিষং তস্যাপি তস্মিন্নপি ॥ ৩৫ ॥

পিবত স্তস্য পাণেঃ সকাশাৎ যৎ প্রস্কন্নং ক্ষরিতং যেঽপরে খ শৃগালাদ্যা স্তেচ জগৃহুঃ ॥ ৬৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। অষ্টমে সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মথনোদ্ভূত রত্নানাং লক্ষ্ম্যা বিষ্ণৌ বৃতেঽমৃতে। উত্থিতেঽথ কৃতে দৈত্যৈ র্মোহিন্যা বৃত্তমষ্টমে ॥ ০ ॥

কিন্তু সেই কালকূট মহাদেবকেও আপনার পরাক্রম প্রদর্শন করাইল যে হেতু তাহাতে শঙ্করের কণ্ঠদেশ তৎক্ষণাৎ নীলবর্ণ হইল, পরন্তু তাহা করুণাময় ঈশ্বরের ভূষণ স্বরূপ হইয়াছে ॥ ৩৫ ॥

হে রাজন্! প্রায়শই সাধু পুরুষেরা অন্যের সন্তাপে সন্তপ্ত হইয়া থাকেন। সে যাহা হউক, দেব-দেব শম্ভুর ঐ আশ্চর্য্য কার্য্যের কথা শুনিয়া প্রজাগণ, দাক্ষায়ণী, ব্রহ্মা এবং বৈকুণ্ঠ, সকলেই প্রসংশা করিলেন ॥ ৩৬ ॥

হে মহারাজ! সেই হালাহল পানকালে মহাদেবের করতল হইতে যৎ কিঞ্চিৎ যাহা গলিয়া পড়িয়াছিল তাহাই বৃশ্চিক, সর্প, বিষময় ওষধি তথা অন্যান্য দন্দশূকগণ গ্রহণ করিয়াছিল,সেই কারণে ঐ সকল তীব্র হইয়াছে, ইহাতে সেই কালকূট কি প্রকার তীব্র, স্বয়ং বিবেচনা করিতে পার ॥ ৩৭ ॥

॥ * ॥ অষ্টমে সপ্তম অধ্যায় ॥ * ॥

অষ্টমাধ্যায়ে সমুদ্র মথনে উত্থিতা লক্ষ্মীর বিষ্ণুকে বরণ এবং ধন্বন্তরি সহ অমৃত উত্থান হইলে অসুরেরা বল পূর্ব্বক হরণ করায় ভগবান্ বিষ্ণুর মোহিনী রূপ ধারণ ॥ ০ ॥

পীতে গরে বৃষাঙ্কেণ প্রীতাস্তেঽমরদানবাঃ। মমন্থুস্তরসা সিন্ধুং হবির্দ্ধানী ততোঽভবৎ ॥ ১ ॥
তামগ্নিহোত্রীমৃষয়ো জগৃহুর্ব্রহ্মবাদিনঃ। যজ্ঞস্য দেবযানস্য মেধ্যায় হবিষে নৃপ ॥ ২ ॥
তত উচ্চৈঃশ্রবা নাম হয়োভূচ্চন্দ্রপাণ্ডরঃ। তস্মিন্ বলিঃ স্পৃহাঞ্চক্রে নেন্দ্র ঈশ্বরশিক্ষয়া ॥ ৩ ॥
ততো ঐরাবতো নাম বারণেন্দ্রো বিনির্গতঃ। দন্তৈশ্চতুর্ভিঃ শ্বেতাদ্রের্হরন্ ভগবতো মহিং।
ঐরাবণাদয়স্ত্বষ্টৌ দিগ্‌গজা অভবংস্ততঃ। অভ্রমুপ্রভৃতয়োঽষ্টৌচ করিণ্য স্ত্বভবন্নৃপ।
কৌস্তুভাখ্যমভূদ্রত্নং পদ্মরাগোমহোদধেঃ। তস্মিন্মণৌ স্পৃহাঞ্চক্রে বক্ষোঽলঙ্করণে হরিঃ।
ততোঽভবৎ পারিজাতঃ সুরলোকবিভূষণং। পূরয়ত্যর্থিনো যোর্থৈঃ শশ্বদ্ভুবি যথা ভবান্ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

হবির্দ্ধানী সুরভিঃ ॥ ১ ॥
দেবযানস্য ব্রহ্মলোকমার্গপ্রাপকস্য যজ্ঞস্য সম্বন্ধিনে হবিষে ॥ ২ ॥
ঈশ্বরশিক্ষয়া প্রাগেব কৃতয়া ॥ ৩ ॥
ভগবতো যঃ শ্বেতাদ্রিঃ কৈলাসঃ তস্য মহিং মহিমানং দন্তৈঃ শিখরতুল্যৈ হরন্ চন্দ্রবৎ পাণ্ডর ইত্যনুষঙ্গঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ঐরাবণাদয়স্ত্বষ্ট দিগ্‌গজা অভবংস্ততঃ। অভ্রমু প্রমুখা অষ্টৌ করিণ্যস্ত্বভবন্নৃপ। কৌস্তুভাখ্যমভূদ্রত্নং পদ্মরাগো মহোদধেঃ। তস্মিন্ মণৌ স্পৃহাঞ্চক্রে বক্ষোঽলঙ্করণে হরিরিতি কচিৎ পাঠঃ। ততোঽভবৎ পারিজাত ইতি ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্তী।

হবির্ধানী সুরভিঃ ॥ ১ ॥
দেবযানস্য ব্রহ্মলোকমার্গপ্রাপকস্য ॥ ২ ॥
ঈশ্বরশিক্ষয়া দৈত্যানাং মানোবর্দ্ধনার্থে প্রাগেব কৃতয়া ॥ ৩ ॥
ভগবতঃ শম্ভোর্যঃ শ্বেতাদ্রিঃ কৈলাসস্তস্য মহিং মহিমানং দন্তৈঃ শিখরতুল্যৈ হরন্ ॥ ৪ ॥

শুকদেব কহিলেন ভগবান্ বৃষধ্বজ কালকূট পান করিলে দেব ও দানবগণ সাতিশয় প্রীত হইয়া পুনরায় মহাবেগে মন্থন আরম্ভ করিলেন, তাহাতে সুরভি গাভী উত্থিতা হইল ॥ ১ ॥

ব্রহ্মবাদী ঋষিগণ ব্রহ্মলোকপ্রাপক যজ্ঞের হবির্নিমিত্ত ঐ সুরভি গ্রহণ করিলেন ॥ ২ ॥

তাহার পর উচ্চৈঃশ্রবা নামে চন্দ্রবৎ পাণ্ডর অশ্ব উত্থিত হইল। দৈত্যরাজ বলি তদর্থ স্পৃহা করিলে ঈশ্বরের শিক্ষায় দেবরাজ ইন্দ্র তাহার প্রতি অভিলাষ করিলেন না ॥ ৩ ॥

তাহার পর ঐরাবত নামক বারণেন্দ্র বিনির্গত হইল, ঐ হস্তির পর্ব্বতশিখর তুল্য চারি দন্ত। সে স্বয়ং চন্দ্র তুল্য পাণ্ডর এবং আত্মবৎ পাণ্ডুবর্ণ বদন চতুষ্টয় দ্বারা কৈলাসের মহিমা হরণ করিতেছিল। হে রাজন্! তাহার পর ঐরাবতাদি অষ্ট দিগ্ হস্তী এবং অভ্রমু প্রভৃতি অষ্ট দিগ্ হস্তিনী উত্থিত হইল। তদনন্তর মহোদধি হইতে কৌস্তুভ নামে মহামণি উত্থিত হইল। ভগবান্ হরি তদীয় দ্যুতি দর্শন করিয়া তাহার দ্বারা আপনার বক্ষঃস্থল অলঙ্কৃত করিতে মনস্থ করিলেন। তাহার পর পারিজাত বৃক্ষ উৎপন্ন হইল, ঐ তরু সুরলোকের ভূষণ। হে রাজন্! তুমি যেমন অর্থ দ্বারা অর্থিগণের কামনা পূর্ণ কর, তেমনি ঐ তরু নিরন্তর যাবতীয় অর্থ দ্বারা অর্থিদিগের প্রার্থনা পূর্ণ করিয়া থাকে ॥ ৪ ॥

ততশ্চাপ্সরসো জাতা নিষ্ককণ্ঠ্যঃ সুবাসসঃ। রমণ্যঃ স্বর্গিণাং বল্গু গতিলীলাবলোকনৈঃ ॥ ৫ ॥
ততশ্চাবিরভূৎ সাক্ষাচ্ছ্রীরমা ভগবৎপরা। রঞ্জয়ন্তী দিশঃ কান্ত্যা বিদ্যুৎ সৌদামনী যথা ॥ ৬ ॥
তস্যাং চক্রুঃ স্পৃহাং সর্ব্বে সসুরাসুরমানবাঃ। রূপৌদার্য্য বয়োবর্ণমহিমাক্ষিপ্তচেতসঃ ॥ ৭ ॥
তস্যা আসনমানিন্যে মহেন্দ্রো মহদদ্ভুতং। মূর্ত্তিমত্যঃ সরিচ্ছ্রেষ্ঠা হেমকুম্ভৈর্জলং শুচিঃ ॥ ৮ ॥

### শ্রীধরস্বামী।

বল্গুভির্গত্যাদিভিঃ স্বর্গিণাং রতিকর্ত্র্যঃ ॥ ৫ ॥

সুদামা পর্ব্বত স্তেনৈকস্তাং দিশি জাতা সৌদামনী স্ফটিকাদিময়গিরি শৃঙ্গেষধিকং বিস্ফুরন্তী বিদ্যুদিব কান্ত্যা দিশোরঞ্জয়ন্তী শ্রীঃ সম্পৎ সাক্ষাৎ মূর্ত্তিধারিণী সতী সৈব ভগবৎ পরা রমা আবিরভূদিত্যর্থঃ ॥ ৬ ॥

তস্যা রূপাদি মহিম্না আক্ষিপ্তং চেতোযেষাং ॥ ৭ ॥

ভগবদ্বক্ষসি স্থিতয়া শ্রিয়া বিলোকিতানাং দেবতানাং যথা পূর্ব্বং সর্ব্বসম্পৎ প্রাপ্তিমসুরাণাঞ্চ তদ্বিপর্য্যয়ং বক্ষ্যৎ অভিষেকাদি মহোৎসব পূর্ব্বকং ব্রহ্মাদি পরিহারেণ ভগবৎ প্রাপ্তি প্রকারমাহ তস্যা আসনমিত্যাদিনা অথাসীদ্বারুণীত্যতঃ প্রাক্তনেন গ্রন্থেন ॥ ৮

### ক্রমসন্দর্ভঃ।

চক্রুঃ স্পৃহামিতি সম্পদধিষ্ঠাতৃত্ব জ্ঞানেন তদধিষ্ঠানাস্মহা সম্পল্লাভঃ স্যাদিত্যেবমেব মত্বা নান্যথা। তেহি প্রায়ো মহাভক্তাঃ অতএবাগ্রে সর্ব্বেষাং নিজ নিজোপায়নাদিময় ভক্তিরেব বর্ণনীয়া। আক্ষিপ্তচিত্তত্বং বিস্ময়েনৈবেতি জ্ঞেয়ং ॥ ৭। ৮। ৯ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গত্যাদিভিঃ রমণ্যঃ রময়িত্র্যঃ ॥ ৫ ॥

শ্রীঃ সম্পত্তিঃ সাক্ষান্মূর্ত্তিমতীত্যর্থঃ। রমা হরিং রময়ন্তী হরেঃ প্রেয়সী রূপাচ প্রাদুর্ভূতা কীদৃশী ভগবতী চাসৌ পরা পূর্ব্বস্যাঃ সকাশাৎ শ্রেষ্ঠেতি পূর্ব্বস্যা এতদ্বিভূতি রূপত্বমিতি ভাবঃ পূর্ব্বা যথা বিদ্যুৎ উত্তরা যথা সৌদামনী স্ফটিকময় সুদাম পর্ব্বত ভবত্বাৎ পূর্ব্বস্যাঃ সকাশাদধিককান্তিমতী কান্তেতি সম্পত্তি পক্ষে কমিরিচ্ছার্থকোধাতুঃ। অভিলাষেণেত্যর্থঃ। দিশ স্তস্যা দিগ্বর্ত্তিনো জনান্ রঞ্জয়ন্তী সম্পত্তি রস্মাকং ভূয়াদিতি রাগবতীঃ কুর্ব্বতী পক্ষে দিশঃ পূর্ব্বাদ্যাঃ কান্ত্যা স্বরোচিষা রঞ্জয়ন্তী ॥ ৬

তস্যাং পূর্ব্বস্যাং সম্পদ্রূপায়ামেব স্পৃহাং নতূত্তরস্যাং। তস্যাঃ শ্রিয়স্ত্রিজগতো জনকো জনন্যা ইতি বক্ষ্যমাণবাক্যেন তস্যা জগজ্জননীত্ব জ্ঞাপনাৎ কিঞ্চ তস্যা অপি রূপাদীনাং মহিনা মহিম্না মা আক্ষিপ্তানি নৈবাসক্তানি চেতাংসি যেষাং তে। যতস্তে তস্যাঃ সকাশা দ্রাজ্যভোগাদি প্রেপ্সব ইতি ভাবঃ ॥ ৭ ॥

তস্যাশ্চেতি চকারাৎ হরিপ্রেয়সী রূপায়াশ্চ ॥ ৮ ॥

সে যাহা হউক, তৎপরে অপ্সরা সকল উদ্ভূতা হইল। তাহাদের কণ্ঠদেশে নিষ্ক, পরিধান শোভন বসন। তাহারা মনোহর গমন ও লীলাবলোকন দ্বারা স্বর্গবাসিদিগের রতি জন্মাইতেছিল ॥৫॥

হে রাজন্! তাহার পর শ্রী সাক্ষাৎ মূর্ত্তিধারিণী হইয়া আবির্ভূতা হইলেন তিনিই ভগবৎপরা রমা, উদ্ভূতা হইয়া স্ফটিকাদি মণিময় গিরিশৃঙ্গে উদ্যোতিনী বিদ্যুতের কান্তি দ্বারা দিক্ সকল রঞ্জিত করিতে লাগিলেন ॥ ৬ ॥

তাঁহার রূপ, ঔদার্য্য, বয়স, বর্ণ, মহিমা দর্শনে সুর অসুর মানব সকলেরই অন্তঃকরণ আকৃষ্ট হইল, সুতরাং সকলেই তাঁহাকে প্রাপ্ত হইবার অভিলাষ করিলেন ॥ ৭ ॥

ভগবৎ প্রিয়া রমাদেবীকে অবলোকন করিবামাত্র দেবরাজ ইন্দ্র অভিষেক মানসে ব্যস্ত হইয়া তাঁহার নিমিত্ত অদ্ভুত আসন আনয়ন করিলেন। প্রধান প্রধান নদী সকল মূর্ত্তিমতী হইয়া স্বর্ণ কলস দ্বারা পবিত্র জল আহরণ করিল ॥ ৮ ॥

আভিষেচনিকা ভূমিরাহরৎ সকলৌষধীঃ। গাবঃ পঞ্চ পবিত্রাণি বসন্তো মধুমাধবং ॥ ৯ ॥
ঋষয়ঃ কল্পয়াঞ্চক্রুরাভিষেকং যথা বিধি। জগুর্ভদ্রাণি গন্ধর্ব্বা নটাশ্চ ননৃতুর্জগুঃ ॥ ১০ ॥
মেঘা মৃদঙ্গপণব মুরজানকগোমুখান্। ব্যনাদয়ন্ শঙ্খবেণু বীণা স্তুমুল নিঃস্বনান্।
ততোঽভিষিষিচুর্দেবীং শ্রিয়ং পদ্মকরাং সতীং। দিগিভাঃ পূর্ণকলসৈঃ সূক্তবাক্যৈ র্দ্বিজেরিতৈঃ।
সমুদ্রঃ পীতকৌশেয়ে বাসসী সমুপাহরৎ। বরুণঃ স্রজং বৈজয়ন্তীং মধুনা মত্তষট্পদাং।
ভূষণানি বিচিত্রাণি বিশ্বকর্ম্মা প্রজাপতিঃ। হারং সরস্বতী পদ্মমজো নাগাশ্চ কুণ্ডলে।
ততঃ কৃতস্বস্ত্যয়নোৎপলস্রজং নদদ্দ্বিরেফাং পরিগৃহ্য পাণিনা।
চচাল বক্তুং স্বকপোল কুণ্ডলং সব্রীড়হাসং দধতী সুশোভনং।

শ্রীধরস্বামী।

আভিষেচনিকা অভিষেকোচিতাঃ। পঞ্চ পবিত্রাণি পঞ্চগব্যানি মধুমাধবৌ চৈত্র বৈশাখ ভবং ফল পুষ্পাদি। মধুমাধবমিতি পাঠে দ্বন্দ্বৈক্যে সএবার্থঃ। মধুমাসোদ্ভবং মধ্বিতি বা ॥ ৯ ॥

আভিষেকং অভিষেকোচিতং বিধিং নট্যঃ নটানাং স্ত্রিয়ঃ ॥ ১০ ॥

শঙ্খবেণুবীণাশ্চ ব্যনাদয়ন্ তুমুলো নিস্বনো যেষাং তান্ মৃদঙ্গাদীন্ ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

মেঘা বসন্ত বত্তদধিষ্ঠাতৃ দেবাঃ ॥

নাট্য ইতি নটসোয়মিত্যর্থে। নট্য ইতি পাঠশ্চেন্নর্ত্তক্য ইত্যেব ব্যাখ্যায়েত ॥ ১০। ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অভিষেচনিকা অভিষেকোচিতাঃ পঞ্চ পবিত্রাণি পঞ্চগব্যানি মধুমাধবৌ চৈত্রবৈশাখভবং পুষ্পফলাদি। মধুমাধবমিতি পাঠে মধুমাসোদ্ভবং মধু ॥ ৯। ১০ ॥

শ্রিয়মিতি সম্পদ্রূপাং দেবীমিতি দিব্ক্রীড়ায়াং ভোগৈশ্বর্য্য বিতরণেন ক্রীড়ন্তীং পদ্মকরামিতি হরিপ্রেয়সী রূপাং সতীং পতিব্রতাং ॥

পীতকৌশেয়ে ইতি অভিষেকানন্তরং পীতবস্ত্রস্যৈব বিহিতত্বাৎ ॥

উভয় রূপা যা এব তস্যাঃ শ্রীভগবানেবাশ্রয় ইত্যাহ তত ইতি। কৃতমনাদিত এব স্বস্তি সর্ব্বকাল মঙ্গলং নারায়ণ বক্ষ এবায়ন মাস্পদং যস্যাঃ সা স্বপ্রতিচ্ছবিরূপা গুণময়ীব স্থিরাঃ সম্পদো ব্রহ্মাদিভ্যো দদানাপি স্বয়ং গুণাতীতা চিন্ময় সম্পদ্রূপা লক্ষীঃ শ্রীঃ

অভিষেচনোচিতা ভূমি সমুদায় ওষধী আনয়ন করিয়া দিল। আর গাভী সকল পঞ্চগব্য তথা বসন্ত ঋতু চৈত্র বৈশাখোদ্ভব ফল পুষ্প আনয়ন করিল ॥ ৯ ॥

পরে ঋষিগণ যথাশাস্ত্র অভিষেকের উপযুক্ত বিধি কল্পনা করিলেন, তদনন্তর গন্ধর্ব্বগণ সুস্বরে সঙ্গীত আরম্ভ করিল এবং নটী সকল নৃত্য করিতে লাগিল ॥ ১০ ॥

আর মেঘ সমূহ মৃদঙ্গ ও পণব মুরজ আণক এবং গোমুখ প্রভৃতি যে সকল বাদ্যের তুমুল ধ্বনি, তৎসমুদায় তথা শঙ্খ বেণু বীনা প্রভৃতি নিনাদিত করিতে আরম্ভ করিল। হে রাজন্! তৎপরেই দিগ্‌গজ সকল পূর্ণকলস এবং বিপ্রবর্গের উচ্চারিত বেদমন্ত্র দ্বারা পদ্মহস্তা সেই শ্রীর অভিষেক সম্পাদন করিল। সমুদ্র তাঁহার পরিধানার্থ পীতবর্ণ দুই খানি কৌশেয় বসন, বরুণ মত্তমধুকর গুঞ্জিত বৈজয়ন্তী মালা, প্রজাপতি বিশ্বকর্ম্মা বিবিধ বিচিত্র ভূষণ, সরস্বতী হার ব্রহ্মা পদ্ম এবং নাগ সকল কুণ্ডল আনিয়া উপহার দিলেন। এই রূপে কৃত স্বস্ত্যয়না লক্ষ্মীদেবী স্বীয় হস্ত দ্বারা ভৃঙ্গ নাদিত উৎপলমাল্য গ্রহণ করিয়া চলিবার উপক্রম করিলেন। তাঁহার বদন কপোলস্থ কুণ্ডল দ্বয়ে এবং সলজ্জ

স্তনদ্বয়ং চাতিকৃশোদরী সমং নিরন্তরং চন্দন কুঙ্কুমোক্ষিতং।
ততস্ততোনূপুরবল্গু শিঞ্জিতৈ র্বিসর্পতী হেমলতেব সা বভৌ॥ ১১॥
বিলোকয়ন্তী নিরবদ্যমাত্মনঃ পদং ধ্রুবং চাব্যভিচারি সদ্গুণং।
গন্ধর্ব্ব সিদ্ধাসুর যক্ষ চারণ ত্রৈপিষ্টপেয়াদিষু নান্ববিন্দত॥ ১২॥
নূনং তপোযস্য ন মন্যুনির্জয়ো জ্ঞানং কচিত্তত্র ন সঙ্গবর্জিতং।

শ্রীধরস্বামী।

পদং আশ্রয়ং ধ্রুবং নিত্যং অব্যভিচারিণো নিত্যাঃ সত্তোগুণা যস্মিন্ তৎ নান্ববিন্দত কচিৎ কস্যচিৎ দোষস্য সম্ভাবাৎ॥ ১২॥

তদেবাহ নূনমিতি ত্রিভিঃ। মন্যুনির্জয়ো নাস্তি দুর্ব্বাসঃ প্রভৃতিষু শুক্রশুক্রাদিষু সঙ্গবর্জিতং জ্ঞানং নাস্তি। মহত্ত্বেঽপি

ক্রমসন্দর্ভঃ।

অন্যশিক্ষার্থং প্রিয়শ্চরিতমাহ বিলোকয়ন্তীতি॥ ১২॥

অন্যেষাং স্বস্বগুণত্বেতি দোষমিশ্রতা মাহ। নূনমিত্যাদি ত্রয়েণ। অত্র তপ আদিভিরপি ন সাম্যং বিবক্ষিতং। অসাম্য প্রসিদ্ধেঃ। যথোক্তং। ইমে চান্যেচ ভগবন্নিত্যা যজ্ঞেত্যাদৌ প্রার্থ্যা মহত্ত্বমিচ্ছন্তিরিতি। কিন্ত্বন্যদীয় তপ আদি লেশানাং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নারায়ণমেকমেবাশ্রিত্য সদা বর্ত্ততে। তথৈবানাদি তত্রৈব কমপি গুণং নোপাধীকৃত্য স্বভাবত এব তস্মিন্ প্রেমবতী তৎ সর্ব্বেন্দ্রিয় সুখ সম্পাদয়িত্রী প্রেয়সী রূপাপি বর্ত্তত ইত্যর্থঃ। তদপি দ্বিবিধৈব লক্ষ্মীঃ সমুদ্রং জনকীকৃত্য প্রাদুর্ভূতা পুনরেকী ভূতা সতী স্বনিত্য প্রিয়ং শ্রীনারায়ণং স্বয়ং বরীতুং চচাল॥

ততস্তদনন্তরং ততস্তত্র মহাসদসি বিসর্পন্তী হেমলতা জঙ্গমা স্বর্ণবল্লীব॥ ১১॥

কিঞ্চ তয়োরেকী ভূতয়ো র্লক্ষ্ম্যোর্ম্মধ্যে যা সংপদ্রূপা সা লোকে স্বপ্রেয়সো ভগবতঃ সর্ব্বত এবোৎকর্ষং খ্যাপয়িতুং তত্র নিত্য নিরুপাধি প্রেমবত্যপি অন্যত্র গুণদোষ বিবেচন পূর্ব্বক মন্যন্ত্যাঃ স্বয়ম্বরায়া ইব স্বস্যাপি তত্রৈব গুণোৎকর্ষোপাধিকং স্বয়ং বরণং দর্শয়ামাসেত্যাহ বিলোকয়ন্তীতি গন্ধর্ব্বাদিষু আত্মনঃ স্বস্য পদমাস্পদং জনং কমপি নান্ববিন্দৎ কীদৃশং নিরবদ্যং নির্দ্দোষং অথচ অব্যভিচারিণঃ সদেব স্থায়িনঃ সন্তঃ কল্যাণত্বাৎ শ্রেষ্ঠা গুণা যত্র তৎ ধ্রুবং নিত্যং॥ ১২॥

তত্র তত্র বরণ ব্যবসায়ানুদ্ভবে সদোষ প্রাকৃত গুণবত্ত্বমেব হেতুরিতি সম্পদ্রূপা লক্ষ্মীঃ স্বগতমাহ নূনমিতি ত্রিভিঃ তস্য দুর্ব্বাসঃ প্রভৃতে র্মন্যুনির্জয়ো নেতি তপসো বৈয়র্থ্যং। জ্ঞানং কচিদ্বৃহস্পত্যাদিষু সঙ্গবর্জ্জিতং নেতি জ্ঞানস্য বৈয়র্থ্যং। মহান্ ব্রহ্মা

হাস্যে অতিশয় শোভন, আর স্তনদ্বয় চন্দন ও কুঙ্কুমে অভিষিক্ত হইয়াছিল। সেই কৃশোদরী রমা মনোহর নূপুর নিনাদ করিতে করিতে ইতস্ততঃ পাদ বিক্ষেপ আরম্ভ করিলে চঞ্চলা হেমলতার ন্যায় তাঁহার চমৎকার শোভা হইল॥ ১১॥

হে রাজন্! তৎপরে তিনি আপনার নিরবদ্য আশ্রয় নিমিত্ত চতুর্দ্দিকে নিরীক্ষণ করিতে লাগিলেন কিন্তু যাহাতে নিত্য সদ্গুণ সকল বিরাজমান এতাদৃশ আশ্রয় কি গন্ধর্ব্ব, সিদ্ধ, অসুর, যক্ষ, চারণ, কি স্বর্গবাসি দেবগণ এ সকলের মধ্যে কাহাকেও দেখিতে পাইলেন না, সকলেরই একটা না একটা দোষ প্রকাশ পাইতে লাগিল॥ ১২॥

ফলতঃ তিনি বিবেচনা করিয়া দেখিলেন কোন কোন ব্যক্তির (দুর্ব্বাসা প্রভৃতির) তপস্যা আছে সত্য, কিন্তু ক্রোধ জয় নাই, কোন কোন ব্যক্তিতে (গুরুশুক্রাদিতে) জ্ঞান আছে কিন্তু সঙ্গ পরিত্যাগ দৃষ্ট হয় না, কোন কোন ব্যক্তি (ব্রহ্ম সোমাদি) মহান্ বটেন, কিন্তু কাম জয়ী নহেন, আর যে

কশ্চিন্মহাংস্তত্র নকাম নির্জ্জয়ঃ স ঈশ্বরঃ কিং পরতো ব্যপাশ্রয়ঃ ॥ ১৩ ॥
ধর্ম্মঃ কচিত্তত্র ন ভূতসৌহৃদং ত্যাগঃ কচিত্তত্র ন মুক্তিকারণং।
বীর্য্যং ন পুংসোঽস্ত্যজবেগ নিষ্কৃতং নহি দ্বিতীয়ো গুণসঙ্গবর্জ্জিতঃ ॥ ১৪ ॥
কচিচ্চিরায়ুর্নহি শীল মঙ্গলং কচিত্তদপ্যস্তি ন বেদ্যমায়ুষঃ।

শ্রীধরস্বামী।

ব্রহ্ম সোমাদৌ ন কাম নির্জ্জয়ঃ পরতো ব্যপাশ্রয়ঃ পরাপেক্ষ ইন্দ্রাদিঃ স কিং ঈশ্বরঃ ॥ ১৩ ॥

ন ভূতসৌহৃদং পরশুরামাদিষু ন মুক্তিকারণং ত্যাগঃ শিবিপ্রভৃতিষু। পুংসঃ কার্ত্তবীর্য্যাদের্বীর্য্যমস্তি অজবেগনিষ্কৃতং কালবেগেন পরিহৃতন্তু ন ভবতি। গুণসঙ্গবর্জ্জিতঃ সনকাদিঃ দ্বিতীয়ঃ সমচরো নহি সমাধিনিষ্ঠত্বাৎ ॥ ১৪ ॥

চিরায়ুষ্যপি মার্কণ্ডেয়াদৌ শীলং মঙ্গলং নাস্তি ইন্দ্রিয়দমনশীলত্বাৎ। কচিত্তদপ্যস্তি হিরণ্যকশিপুপ্রভৃতৌ আয়ুষঃ স্থৈর্য্যং ন বেদ্যং দুর্জ্ঞানং ভগবদ্দ্বেষিণোঽকস্মাদেব মৃত্যু সম্ভবাৎ। যত্র কুত্রচ শ্রীরুদ্রে মার্কণ্ডেয়াদি যদিন্দ্রিয় দমনাদ্যভাবাৎ শীলং মঙ্গল-

ক্রমসন্দর্ভঃ।

সত্তামপি দোষান্তরোপরক্তত্বমিত্যেবমত্যন্তাসাম্যমেব বিবক্ষিতং পরতো ব্যপাশ্রয় ইতি গুণসাম্যমপি প্রত্যাখ্যাতং ॥ ১৩ ॥

অজবেগেতি যতস্তেষাং তত্তদগুণত্বমপি মায়াগুণকৃতমেব নতু তদতীত তদগুণত্বমিতি পরামৃশতি নহীতি। হি যস্মাৎ দ্বিতীয়ঃ শ্রীমুকুন্দাদন্যঃ। অনেন সনকাদয় আত্মারামা অপি পরিহৃতাঃ। তেষাং সমদমাদি গুণানাং মায়িকত্বাৎ। তথা শিবোঽপি পরিহৃতঃ। শিবঃ শক্তিযুতঃ শশ্বত্ত্রিলিঙ্গো গুণসংবৃত ইতি। হরির্হি নির্গুণঃ সাক্ষাদিত্যাদ্যুক্তেঃ। যদ্বা। যোবা কশ্চিদ্গুণসঙ্গবর্জ্জিতোঽস্তি সোঽপি দ্বিতীয়ো মুকুন্দস্য তুল্য গুণো ন ভবতীত্যর্থঃ ॥ ১৪ ॥

অথ প্রকারান্তরেণ শিবং পরিহর্ত্তুমুপক্রমতে। কচিদিতি। চিরায়ুশ্চিরজীবিতা। শীলমঙ্গল শব্দেনাত্র ভোগ উচ্যতে। ইন্দ্রিয় দমন শীলত্বাদিতি টীকায়াং হেতুন্যাসাৎ। অভোগিনোঽমঙ্গল স্বভাবত্বেন লোকে নামাগ্রহণ দর্শনাচ্চ। যদ্বা। কচিৎ ময়দানবাদৌ চিরজীবিতাস্তি। শীলে স্বভাবে মঙ্গলং মাঙ্গল্যং নাস্তীত্যর্থঃ। অসুরস্বভাবত্বাদেব। কচিৎ বলি প্রভৃতৌ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নকাম নির্জ্জয় ইতি মহত্ত্বস্য বৈয়র্থ্যং। যঃ পরতঃ শত্রুভ্যো হেতো র্ব্যপাশ্রয়ঃ ব্যপগতাস্পদো বারং বারং ভবতি স কিং ইন্দ্রাদিরীশ্বরো ভবতি নৈবেত্যর্থঃ ॥ ১৩ ॥

কচিৎ কর্ম্মিষু শুক্রাদিষু ধর্ম্মঃ কর্ম্মিত্বাদসুর পুরোহিতত্বাচ্চ ন ভূতসৌহৃদমিতি ধর্ম্মস্য বৈয়র্থ্যং। ত্যাগো অন্নাদি দানং দক্ষাদিষু তদ্দানস্য মুক্তি কারণত্বাভাবাদ্বৈয়র্থ্যং। বীর্য্যং বলং পুংসঃ শুম্ভনিশুম্ভাদেঃ। অজবেগনিষ্কৃতং কালবেগ পরিহৃতং ন ভবতীতি বলস্য বৈফল্যং। গুণসঙ্গবর্জ্জিতঃ প্রাকৃতাপ্রাকৃত বিষয়া সক্তিমাত্ররহিতঃ সনকাদি র্ন দ্বিতীয়োনহ্যগন্ন স্তত্র যদ্ প্রাকৃত সৌরূপ্য সৌরভ্যাদের্বৈফল্যাপত্তেঃ ॥ ১৪ ॥

কচিদ্বলি প্রভৃতিষু চিরমায়ুঃ কিন্তু শীলমঙ্গলানি ন তত্র আসুর স্বভাবেন শীলাভাবঃ। ইন্দ্রশত্রুকত্বেন মঙ্গলাভাবশ্চ কচিন্মনু পুত্র পৌত্রাদিষু তৎ শীলমঙ্গলং কিন্ত্বায়ুষো ন বেদ্যং নজ্ঞানং মনুষ্য জাতিত্বেনাচিরায়ুষ্টাৎ। যত্র কুত্রচিচ্চ উভয়

সকল ব্যক্তি ( ইন্দ্রাদি ) তাঁহারা পরাপেক্ষী, তাঁহারা কি ঈশ্বর ? ॥ ১৩ ॥

অপর কোন কোন ব্যক্তিতে ( পরশুরামাদিতে ) ধর্ম্ম আছে সত্য, কিন্তু সর্ব্বপ্রাণির প্রতি দয়া নাই, কোন ২ রাজার ( শিবি প্রভৃতির ) ত্যাগ আছে কিন্তু মোক্ষার্থ ত্যাগ নাই, কোন ২ পুরুষের ( কার্ত্তবীর্য্যার্জ্জুনাদির ) বীর্য্য আছে কিন্তু তাহা কালবেগে পরিহৃত নহে, যাঁহারা ( সনকাদি ) গুণসঙ্গ বর্জ্জিত তাঁহারা সমাধি নিষ্ঠ, সুতরাং আমার সহচর হইতে পারেন না ॥ ১৪ ॥

কোন কোন ব্যক্তি ( মার্কণ্ডেয়াদি ) চিরজীবী সত্য, কিন্তু তাঁহাদের মঙ্গল শীল নাই, কোন কোন ব্যক্তিতে ( হিরণ্যকশিপু প্রভৃতিতে ) মঙ্গল শীল আছে কিন্তু তাহাদের আয়ুঃ স্থৈর্য্য দুর্জ্ঞেয়, যদিও এক

যত্রোভয়ং কুত্রচ সোপ্যমঙ্গলঃ সুমঙ্গলঃ কশ্চন কাঙ্ক্ষতে হি মাং ॥ ১৫ ॥
এবং বিমৃষ্যাব্যভিচারিসদ্গুণৈর্বরং নিজৈকাশ্রয়তা গুণাশ্রয়ং।

শ্রীধরস্বামী।

ক্বাপি নিশ্চয়শ্চেত্যুভয়মস্তি নচান্যঃ পূর্ব্বোক্তঃ কশ্চিদ্দোষঃ তথাপি সোপ্যমঙ্গলঃ শ্মশানবাসাদ্য মঙ্গল চেষ্টিতঃ। শ্রীমুকুন্দং লক্ষীকৃত্যাহ কশ্চেতি। কশ্চিৎ সুমঙ্গলঃ নিরবদ্যঃ সতু মাং নহি কাঙ্ক্ষতে আত্মারামত্বাৎ ॥ ১৫ ॥

এবং বিমৃষ্য রমা নিরপেক্ষমপি মুকুন্দমেব বরং বব্রে তৎ কিং অব্যভিচারিভিঃ সদ্ভি ধর্ম্ম জ্ঞানাদিভিগুণৈ নিজৈকাশ্রয়তয়াচ নৈরপেক্ষ্যেণ বরং সর্ব্বোত্তমং। তত্র হেতুঃ অগুণাশ্রয়ং প্রকৃতিগুণাতীতং। আশ্রয়তেতি পাঠান্তরেঽপ্যয়মেবার্থঃ। অতএব

ক্রমসন্দর্ভঃ।

শীলমঙ্গলমপ্যস্তি। কিন্ত্বায়ুর্যোবেদ্যাং বেদনং নাস্তি। মরণানিশ্চয়াৎ। যত্র শিবে মঙ্গল স্বভাবো নিত্যত্বাচ্চায়ুর্বোবেদ্যত্বং চেত্যুভয়মপ্যস্তি সোপ্যমঙ্গলঃ। বহিঃ শ্মশানবাসাদ্যমঙ্গল চেষ্টিতঃ। শ্রীমুকুন্দং লক্ষীকৃত্যাহ যঃ কশ্চন কোপি তত্তদ্গুণাতি ক্রমণানন্ত গুণত্বাত্তদ্দোষ হীনত্বাচ্চ সুমঙ্গলঃ। অতিশয়েন সর্ব্বেষাং মঙ্গল নিধান রূপঃ সতু মাং স্বরূপেণ পরমানন্দ রূপাং শক্ত্যাচ সর্ব্ব গুণ সম্পত্তিদায়িনীমপি ন হি কাঙ্ক্ষতি। সএব স্বরূপ গুণ সম্পত্তিভিঃ পূর্ণ ইত্যর্থঃ। অথচ প্রেমবশোসৌ প্রেমবতীং মাং কথং নাকাঙ্ক্ষেদিত্যভিপ্রেত্য শ্লেষেণ কশ্চন কোপি সুমঙ্গলোঽসৌ হি নিশ্চিতং মাং কাঙ্ক্ষতীত্যপি ভাবিতং। ইদমত্র তত্বং। পরমানন্দ রূপে তস্মিন্ গুণাদি সম্পল্লক্ষণানন্ত শক্তি বৃত্তিকা স্বরূপ শক্তি র্দ্বিধা বিরাজতে। তদন্তরেঽনভিব্যক্ত নিজ মূর্ত্তিত্বেন তদ্বহিরপ্যভিব্যক্ত লক্ষ্ম্যাখ্য মূর্ত্তিত্বেন। ইয়ঞ্চ মূর্ত্তিমতী সর্ব্বগুণসম্পদধিষ্ঠাত্রী ভবতি। ততঃ স্বস্মিন্ পরমানন্দত্বস্ত সর্ব্ব গুণ সম্পত্তেশ্চ স্বরূপ সিদ্ধ পরম পূর্ণত্বাৎ। উভয়থাপি ন তাং পৃথগ্ভূয় স্থিতাং মূর্ত্তিমতীমপেক্ষ্যতে যথা খন্যঃ। কিন্তু ভক্তবশতা স্বভাবেন তাং প্রেমবতীমপেক্ষ্যত এবেতি ॥ ১৫ ॥

প্রকরণং নিগময়তি। এবমিতি। মুকুন্দং বরং বব্রে ইত্যন্বয়ঃ। তং বিশিনষ্টি। অব্যভিচারিভিঃ সদ্ভির্নির্দ্দোষৈশ্চ গুণৈর্বরং সর্ব্বোত্তমং নিজৈকাশ্রয়তয়া অন্য নিরপেক্ষত্বেনৈবচ গুণাশ্রয়ং। স্বরূপ সিদ্ধ তত্তদ্গুণমিত্যর্থঃ। অতএব তেষাং গুণানাং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সৌশীল্য বিপদ ভাবত্বং চিরায়ুষ্টং চ সচ মহাদেবঃ অমঙ্গলঃ শ্মশানবাসাদ্যমঙ্গলচেষ্টিতঃ। ভগবন্তং লক্ষ্যীকৃত্যাহ শোভনানি মঙ্গলান্যেব যত্রেতি পূর্ব্বোক্তানাং দোষাণাং স্বরূপতত্রবামঙ্গলত্বাৎ গুণানাঞ্চ প্রাকৃতানাং নশ্বরত্বেন কল্যাণবত্ত্বাভাবাৎ তে গুণা দোষাশ্চ নৈব সুমঙ্গলা ইতি ভাবঃ। কিঞ্চ পূর্ব্ব পূর্ব্ববদস্মিন্নপোকোদোষোঽস্তীতি ব্যাজ স্তুত্যা দোষমাহ নকাঙ্ক্ষতে মাং নাপেক্ষত ইতি নিরপেক্ষত্ব লক্ষণঃ সর্ব্ব বিলক্ষণো মহাগুণোঽত্রৈব দৃষ্ট ইতি ভাবঃ ॥ ১৫ ॥

এবং বিমৃশ্য রমা নিরপেক্ষমপি মুকুন্দং এব বরং বব্রে। নন্বু সতাং নাপেক্ষতে চেৎ সাপি তং নাপেক্ষতাং তত্রাহ সর্ব্বৈরণিমাদিভিগুণৈরপেক্ষিতং অয়ম্ভাবঃ তস্যা যথা যং স্বয়ং নিরপেক্ষোপি স্বমপেক্ষমাণা অণিমাদি সিদ্ধীর্নাপেক্ষতে তথা মামপি

ব্যক্তিতে ( রুদ্রে ) শীল মঙ্গল ও আয়ুঃ স্থৈর্য্য উভয় আছে, কোন দোষ নাই, তথাচ তিনি স্বয়ং অমঙ্গল, তাঁহার সদাই শ্মশান বাসাদি অমঙ্গল চেষ্টা। লক্ষ্মী এই রূপ বিচার করিয়া পরে মুকুন্দকে লক্ষ্য করিয়া বলিলেন এখানে কোন ব্যক্তি সর্ব্বতো ভাবে সুমঙ্গল আছেন কিন্তু তিনি আত্মারাম একারণ আমাকে অভিলাষ করেন না ॥ ১৫ ॥

হে রাজন্! রমা ঐ প্রকার বিচার করিয়া দেখিলেন ভগবান্ মুকুন্দ অব্যভিচারি ধর্ম্ম জ্ঞানাদি সদ্গুণশালী এবং আপনার নিত্য আশ্রয়, অতএব সর্ব্বাপেক্ষা উত্তম বলিয়া নিশ্চয় হওয়াতে যদিও তিনি চাহিলেন না, তথাচ তাঁহাকেই বরণ করিতে বাসনা করিলেন। অধিকন্তু ভগবান্ মুকুন্দ প্রাকৃত গুণাতীত, বিশেষতঃ অণিমাদি গুণ সকল তাঁহাকে আশ্রয় করিয়া রহিয়াছিল, ইহা দেখিয়াও তাঁহাকে বরণ করিতে লক্ষ্মীর দৃঢ় প্রতিজ্ঞা হইল অর্থাৎ লক্ষ্মী মনে করিলেন "যদিও ভগবান্ স্বয়ং

বব্রে বরং সর্ব্বগুণৈরপেক্ষিতং রমা মুকুন্দং নিরপেক্ষমীপ্সিতং ॥ ১৬ ॥
তস্যাংসদেশ উশতীং নবকঞ্জমালাং মাদ্যন্মধুব্রতবরূথগিরোপঘুষ্টাং।
তস্থৌ নিধায় নিকটে তদুরঃ স্বধাম সব্রীড়হাসবিকসন্নয়নেন যাতা ॥ ১৭ ॥
তস্যাঃ শ্রিয়স্ত্রিজগতো জনকো জনন্যা বক্ষো নিবাসমকরোৎ পরমং বিভূতেঃ।

শ্রীধরস্বামী।

স্বস্য ঈপ্সিতং। কিঞ্চ সর্ব্বৈর্গুণৈঃ রণিমাদিভিরপেক্ষিতং বৃতং। অয়ম্ভাবঃ যদ্যপি স্বয়মাত্মারামত্বেন অন্য নিরপেক্ষঃ তথাপ্যা-শ্রিতা অণিমাদি সিদ্ধীর্যথা নোপেক্ষতে তথা মামপি নোপেক্ষেত তাবতৈবচ তৎ সেবয়া ২হং কৃতার্থা স্যাং কিমন্যৈঃ প্রাকৃতৈ-রিতি তমেব বৃতবতীতি ॥ ১৬ ॥

তদেবাহ তস্যাংসদেশে কমনীয়াং নবকঞ্জমালাং নিধায় তদনুগ্রহং প্রতীক্ষমাণাং তূষ্ণীং তস্য নিকটে তস্থৌ কথম্ভূতাং মালাং মাদ্যন্তো যে মধুব্রতা স্তেষাং বরূথস্য গিরা উপঘুষ্টাং নাদিতাং। কথম্ভূতা শ্রীঃ সব্রীড়হাসেন বিকসৎ যন্নয়নং তেন তস্য উরঃ স্বধাম যাতা সতী বক্ষঃ প্রতীক্ষমাণা তস্থাবিত্যর্থঃ ॥ ১৭ ॥

ভগবানপি ত্রৈলোক্যাভিবৃদ্ধয়ে স্ববক্ষ স্তস্যাঃ স্থানং দদাবিত্যাহ তস্যা ইতি বিশিষ্টা ভূতয়ো বিভবা যস্যাস্তস্যা স্ত্রিজগতো-

ক্রমসন্দর্ভঃ।

প্রকৃতি সম্বন্ধিত্বমপি খণ্ডিতং। স্বতঃ পরমানন্দ ঘন রূপত্বাৎ সর্ব্বগুণৈরপেক্ষিতং স্বয়ং নিরপেক্ষং। অতএব নিজাভীপ্সিতমিতি। যথা। এবং বিমৃশ্য বব্রে। বিমর্শনমেবানুবদতি। অব্যভিচারীতি। নিরপেক্ষোপ্যপ্রাকৃতা ব্যভিচার সদ্গুণাস্তত্বকবৎসল তয়া মামঙ্গী করিষ্যতে বেতি ভাবঃ। ননু যোগ্য এবায়ং তস্য মহতো মহাগুণঃ ভবত্যাস্ত্বযোগ্যায়াস্তদ্বরণং ন যোগ্যং। তত্রাহ। সর্ব্বৈর্গুণৈঃ প্রাকৃতৈরপ্যপেক্ষিতং। মায়াংশ ভূতাভি স্তত্তদধিষ্ঠাতৃদেবীভিঃ। স্বসমৃদ্ধয়ে সমাশ্রিয়তে হসৌ কিমুত ময়েত্যর্থঃ ॥১৬।১৭

শ্রীভগবানপি তাদৃশ তদ্ভক্ত্যনুভবেন জাতানুরাগস্তৎ পরমাশ্রয়ং স্ববক্ষ এব তস্যৈ স্থানমদাৎ সাপি তং নিজ পরমাশ্রয়ং প্রাপ্য

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নোপেক্ষিষ্যতে যতোহয়ং নিরপেক্ষো যথা তথা নিরপেক্ষশ্চেত্তত্র এতৎ সেবয়ৈব কৃতার্থী ভূয়াসং কিমন্যৈঃ প্রাকৃতৈরিতি। অতএবাব্যভিচারিণো ব্যভিচারিত্বাদেব নিত্যাঃ সন্তঃ শ্রেষ্ঠা যে গুণা ঐশ্বর্য্যাদয়স্তৈর্বরং শ্রেষ্ঠং। অগুণাশ্রয়ং প্রকৃতি গুণাতীতং নিজস্য স্বস্য একাশ্রয়তয়া বব্রে ॥ ১৬ ॥

উশতীং কমনীয়াং মালাং নিধায় তূষ্ণীং তস্য নিকটে প্রথমং তস্থৌ। ততস্তদভিপ্রায়মভিলক্ষ্য তস্য উরোবক্ষঃ স্বীয়ং ধাম সমস্ত দ্রষ্টৃলোকা লক্ষ্যতয়ৈব যাতা ॥ ১৭ ॥

দ্বিবিধায়া লক্ষ্ম্যা স্তত্র বাসং ব্যবস্থয়ৈবাহ। তস্যাঃ প্রসিদ্ধায়া হরেঃ প্রেয়সীরূপায়া স্ত্রিজগতো জনন্যা বক্ষএব নিবাসমক-

আত্মারাম এ প্রযুক্ত অন্য নিরপেক্ষ, তথাপি ইহাঁকে এই যে সকল অণিমাদি সিদ্ধি আশ্রয় করিয়াছে এ সকলকে ইনি উপেক্ষা করিতেছেন না, আমিও ইহাঁকে আশ্রয় করিলে তেমনি আমাকেও উপেক্ষা করিবেন না, তাহাতে আমি ইহাঁর সেবা করিয়া কৃতার্থ হইতে পারিব, অন্য প্রাকৃত দেবাদিতে কি হইবে” এই বিবেচনা করিয়া নারায়ণকেই বরণ করিলেন ॥ ১৬ ॥

আপনার করে যে কমনীয় কমল মালা ছিল, যাহা মত্ত মধুকর সমূহের গুঞ্জনে নিনাদিত হইতে-ছিল, রমা আদৌ তাহা ভগবানের স্কন্ধদেশে অর্পণ করিয়া তদীয় অনুগ্রহ প্রতীক্ষা করত তূষ্ণীম্ভূত হইয়া অদূরে দাঁড়াইলেন। কিন্তু তাঁহার ভাব দর্শনে বোধ হইল সলজ্জ হাস্যে বিকাসমান নয়ন যোগে যেন ভগবানের বক্ষঃস্থল যাহা নিজধাম, তাহা প্রাপ্ত হইয়াছেন, ফলেও তিনি সতৃষ্ণ নয়নে নিরীক্ষণ করত ভগবানের বক্ষঃস্থল প্রতীক্ষা করিতেছিলেন ॥ ১৭ ॥

সে যাহা হউক, পরে অচিরেই ভগবান্ আপনার উরঃস্থলকে ত্রিজগজ্জননী বিশিষ্ট বিভবশালিনী

শ্রিঃ স্বাঃ প্রজাঃ সকরুণেন নিরীক্ষণেন যত্র স্থিতৈধয়ত সাধিপতিং স্ত্রিলোকান্।
শঙ্খ তূর্য্য মৃদঙ্গানাং বাদিত্রাণাং পৃথক্ স্বনঃ। দেবানুগানাং সস্ত্রীণাং নৃত্যতাং গায়তামভূৎ ॥১৮॥
ব্রহ্মরুদ্রাঙ্গিরোমুখ্যাঃ সর্ব্বে বিশ্বসৃজো বিভুং। ঈড়িরে বিতথৈর্ম্মন্ত্রৈস্তল্লিঙ্গৈঃ পুষ্পবর্ষিণঃ।
শ্রিয়াবলোকিতা দেবাঃ সপ্রজাপতয়ঃ প্রজাঃ। শীলাদিগুণসম্পন্না লেভিরে নির্বৃতিং পরাং॥
নিঃসত্ত্বা লোলুপা রাজন্ নিরুদ্যোগাগতত্রপাঃ। যদাচোপেক্ষিতা লক্ষ্ম্যা বভূবু দৈ্ত্যদানবাঃ॥১৯॥
অথাসীদ্বারুণী দেবী কন্যা কমললোচনা। অসুরা জগৃহুস্তাং বৈ হরেরনুমতেন তে।
অথোদধের্ম্মথ্যমানাৎ কাশ্যপৈরমৃতার্থিভিঃ। উদতিষ্ঠন্ মহারাজ পুরুষঃ পরমাদ্ভুতঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

জনন্যা শ্রিয়ঃ পরমং সুস্থিরং ঐশ্বর্য্যং অবর্দ্ধয়ৎ ॥ ১৮ ॥
তল্লিঙ্গৈঃ বিষ্ণুপ্রতিপাদকৈঃ। অবিতথৈ র্যথার্থৈঃ ॥ ১৯ ॥
বারুণী বরুণদৈবত্যং যদনং তন্ময়ী সুরা ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

সমৃদ্ধা সর্ব্বান্ সমবর্দ্ধয়ামাসেত্যাহ তস্যাঃ শ্রিয় ইতি ॥ ১৮ ॥
যদা লক্ষ্ম্যোপেক্ষিতা স্তদা নিঃসত্ত্বাদয়ো বভূবুরিত্যন্বয়ঃ ॥ ১৯ ॥
বারুণী তন্নাম্ন্যাঃ সুরায়া অধিষ্ঠাত্রী ॥
অথেতি সার্দ্ধত্রিকং ॥ ২০। ২১। ২২। ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রোৎ। তথৈব বিভূতেঃ সম্পদ্রূপায়া অপি বক্ষঃ পরমং শ্রেষ্ঠং সার্ব্বকালিকঞ্চ নিবাসং অকরোৎ তেন ব্রহ্মেন্দ্রাদ্যাঃ খলু বিভূতি রূপায়া অসার্ব্বদিকাঃ গৌণাশ্চ নিবাসাঃ স্যুরিতি ধ্বনিতং। এতদেব স্পষ্টয়তি শ্রীঃ সম্পদ্রূপা যত্র বক্ষসি স্থিতাএব স্বাঃ প্রজা ব্রহ্মেন্দ্রাদ্যা ঐশ্বর্য্যত অবর্দ্ধয়তেতি ব্রহ্মেন্দ্রাদিষু সম্পদ্রূপায়া বিভূতয়ঃ স্থিতা ইতি ব্যঞ্জিতং। প্রজা এবাহ সাধিপতীনিতি ॥১৮।১৯॥
বারুণী বরুণ দৈবতং যদনং তন্ময়ী সুরা ॥ ২০। ২১। ২২ ॥

সেই শ্রীর স্থিরতর বাস স্থল করিয়া দিলেন। হে রাজন্! ভগবানের বক্ষঃস্থলে স্থান প্রাপ্ত হইয়া লক্ষ্মী সকরুণ নিরীক্ষণ দ্বারা স্বীয় প্রজা ও লোকপাল সহ ত্রিলোককে বর্দ্ধিত করিতে লাগিলেন। তদবলোকনে দেবতাদের অনুচরগণ সস্ত্রীক হইয়া নৃত্য গীত আরম্ভ করিল এবং শঙ্খ তূর্য্য মৃদঙ্গ প্রভৃতি বাদ্য সকলের পৃথক্ পৃথক্ নিস্বন হইল ॥ ১৮ ॥

আর ব্রহ্মা রুদ্র অঙ্গিরা প্রভৃতি সমস্ত বিশ্ব স্রষ্টৃগণ পুষ্প বর্ষণ করিতে করিতে বিষ্ণুপ্রতিপাদক যথার্থ মন্ত্র উচ্চারণ করিয়া ভগবানের স্তব আরম্ভ করিলেন। দেবগণ এবং প্রজাপতি সহ প্রজাপুঞ্জ লক্ষ্মী কর্ত্তৃক অবলোকিত হওয়াতে শীলাদি গুণ সম্পন্ন হইলেন এবং তাঁহাদের সকলেরই যেন পরম নির্বৃতি লাভ হইল। কিন্তু লোলুপ দৈত্য ও দানবগণ লক্ষ্মী কর্ত্তৃক উপেক্ষিত হওয়াতে নিঃসত্ত্ব ও নিরুদ্যম হইতে লাগিল ॥ ১৯ ॥

তদনন্তর কমললোচনা কুমারী রূপে বারুণী দেবী অর্থাৎ অন্নময়ী সুরা সেই সমুদ্র হইতে উত্থিত হইল। ভগবান্ হরির অনুমতিক্রমে অসুরেরা ঐ কন্যা গ্রহণ করিল। তাহার পর দৈত্যবর্গ অমৃতার্থী হইয়া পুনরায় মন্থন করিতে লাগিল। হে মহারাজ! তাহাতে পরম আশ্চর্য্য একটী পুরুষ উত্থিত হইলেন ॥ ২০ ॥

দীর্ঘ পীবর দোর্দণ্ডঃ কম্বুগ্রীবোঽরুণেক্ষণঃ। শ্যামলস্তরুণঃ স্রগ্বী সর্ব্বাভরণভূষিতঃ॥
পীতবাসা মহোরস্কঃ সুমৃষ্টমণিকুণ্ডলঃ ॥ ২১ ॥
স্নিগ্ধ কুঞ্চিতকেশান্ত সুভগঃ সিংহবিক্রমঃ। অমৃতাপূর্ণকলসং বিভ্রদ্বলয়ভূষিতঃ।
স বৈ ভগবতঃ সাক্ষাদ্বিষ্ণোরংশাংশসম্ভবঃ ॥ ২২ ॥
ধন্বন্তরিরিতিখ্যাত আয়ুর্ব্বেদ দৃগিজ্যভাক্ ॥ ২৩ ॥
তমালোক্যাসুরাঃ সর্ব্বে কলসং চামৃতাভৃতং। লিপ্সন্তঃ সর্ব্ববস্তূনি কলসং তরসা হরন্ ॥
নীয়মানে সুরৈস্তস্মিন্ কলসে ঽমৃতভাজনে। বিষণ্ণমানসা দেবা হরিংশরণমাযযুঃ ॥ ২৪ ॥
ইতি তদ্দৈন্যমালোক্য ভগবান্ ভৃত্যকামকৃৎ। মাখিদ্যতমিথোঽর্থং বঃ সাধয়িষ্যে স্বমায়য়া ॥২৫॥

শ্রীধরস্বামী।

দীর্ঘৌ পীবরৌ দোর্দ্দণ্ডৌ যস্য কম্বুগ্রীবঃ শঙ্খনাভিরিব ত্রিরেখা সুবৃত্তা গ্রীবা যস্য ॥ ২১ ॥
স্নিগ্ধঃ কুঞ্চিতঃ কেশানামন্তোঽপি যস্য ॥ ২২ ॥
ইজ্যভাক্ যজ্ঞভোক্তা ॥ ২৩ ॥
অমৃতেনাভৃতং পরিপূর্ণং ॥ ২৪ ॥
মিথোদৈত্যানাং পরস্পরং কলহোৎপাদনেন যোগমায়য়াচ মোহিত্বা বোঽর্থং সাধয়িষ্যামি অতো মাখিদ্যতেতি আহেতি শেষঃ ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

সর্ব্ববস্তূনি লিপ্সন্ত ইতি অমৃতে পীতে বলাদি প্রাপ্ত সর্ব্বাণ্যেব বস্তূনি প্রাপ্তানি স্যুরিত্যভিপ্রায়াৎ ॥ ২৪ । ২৫ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইজ্যভাক্ যজ্ঞভাগভোক্তা ॥ ২৩ ॥
অমৃতেনাভৃতং পূর্ণং ॥ ২৪ । ২৫ ॥

তাঁহার বাহুদ্বয় দীর্ঘ অথচ পীবর, গ্রীবা শঙ্খ নাভির ন্যায় তিনটী রেখায় অঙ্কিত এবং সুন্দর রূপ বৃত্ত। তিনি শ্যামবর্ণ মাল্য এবং বহুবিধ ভূষণে ভূষিত। তাঁহার পরিধান পীত বসন, বক্ষঃস্থল সুপ্রশস্ত, কর্ণ মণিকুণ্ডলে অলঙ্কৃত ॥ ২১ ॥

তাঁহার কেশ অতিশয় চমৎকার, প্রান্তভাগ পর্য্যন্ত সুস্নিগ্ধ ও কুঞ্চিত দৃষ্ট হইতেছিল, তদীয় বিক্রম সিংহের তুল্য। তিনি বলয়ালঙ্কৃত হইয়া অমৃত পূর্ণ কলস ধারণ করিতেছিলেন। হে রাজন্! সেই পুরুষ অন্য ব্যক্তি নহেন, সাক্ষাৎ ভগবান্ বিষ্ণুর অংশ হইতে সম্ভূত ॥ ২২ ॥

ধন্বন্তরি এই নামে বিখ্যাত আয়ুর্ব্বেদের পারদর্শী এবং যজ্ঞভাগ ভোক্তা ॥ ২৩ ॥

সেই পুরুষের হস্তে অমৃত পূর্ণ কলস অবলোকন করিয়া অসুরগণ সমস্ত লাভ বাসনায় বল পূর্ব্বক তাহা হরণ করিয়া লইল। অমৃতভাজন কলস লইয়া অসুরেরা পলায়ন পরায়ণ হইলে দেবগণ বিষণ্ণমনা হইয়া ভগবান্ হরির শরণাপন্ন হইলেন ॥ ২৪ ॥

ভৃত্যবর্গের কামনা পূরক ভগবান্ দেবতাদিগের ঐ রূপ দৈন্য দর্শন করিয়া সান্ত্বনা করত বলিলেন, হে দেবগণ দৈত্যদিগের মধ্যে পরস্পর কলহ উৎপাদন করিয়া আমি যোগমায়া দ্বারা তোমাদের অর্থ সাধন করিব, খিন্ন হইও না ॥ ২৫ ॥

মিথঃ কলিরভূত্তেষাং তদর্থে তর্ষচেতসাং। অহং পূর্ব্বমহং পূর্ব্বং ন ত্বং ন ত্বমিতি প্রভো ॥ ২৬ ॥
দেবাঃ স্বভাগমর্হন্তি যে তুল্যায়াসহেতবঃ। সত্রযাগ ইবৈতস্মিন্নেষ ধর্ম্মঃ সনাতনঃ।
ইতি স্বান্ প্রত্যষেধন্ বৈ দৈতেয়া জাতমৎসরাঃ। দুর্ব্বলাঃ প্রবলা রাজন্ গৃহীতকলসান্মুহুঃ ॥
এতস্মিন্নন্তরে বিষ্ণুঃ সর্ব্বোপায়বিদীশ্বরঃ। যোষিদ্রূপমনির্দ্দেশ্যং দধার পরমাদ্ভুতং ॥ ২৭ ॥
প্রেক্ষণীয়োৎপলশ্যামং সর্ব্বাবয়ব সুন্দরং। সমান কর্ণাভরণং সুকপোলোন্নসাননং ॥
নবযৌবন নির্ব্বৃত্ত স্তনভার কৃশোদরং। মুখামোদানুরক্তালিঝঙ্কারোদ্বিগ্নলোচনং ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

তদেবাহ মিথ ইতি। তর্ষঃ কামঃ তদ্যুক্তানি চেতাংসি যেষাং ইত্যেবং সমবলানাং কলিরভূৎ ॥ ২৬ ॥
দুর্ব্বলানাং ত্বাক্রোশ প্রকারমাহ দেবা ইতি দ্বাভ্যাং। যে দেবাস্তুল্যেনায়াসেন হেতবঃ সাধকাঃ তুল্য আয়াসো হেতুশ্চ যেষা-মিত্যেষাং ইতি বা। সত্রযাগে যথা সর্ব্বেষাং সমং ফলং তদ্বৎ তথাপি শ্রুতিঃ ঋদ্ধি কামাঃ সত্রমাসীরন্নিতি যে যজমানা স্তে ঋত্বিজ ইতি চ ॥ ২৭ ॥
তদ্রূপং বর্ণয়তি পঙ্ক্তিঃ। প্রেক্ষণীয়মুৎপলমিব শ্যামং সর্ব্বাবয়বেষু সুন্দরং সমানয়োঃ কর্ণয়োরাভরণে যস্মিন্ সুকপোলঞ্চ তৎ উৎকৃষ্ট নাসিকঞ্চাননং যস্মিন্ ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

এতস্মিন্নিতি ষট্কং। উদ্দীপয়ন্ মুহুরিতি ঈশ্বর ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ২৭ ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মিথোরহঃ অন্যালক্ষিতং যথাস্যাত্তথা মিথোঽন্যোন্যং রহস্তপীত্যমরঃ তর্ষচেতসাং মনোরথ যুক্ত মনসাং তত্র সমবলাঃ পরস্পর-মাহুঃ। অহং পূর্ব্বং গ্রহীষ্যামি কুলীনত্বাৎ। ন ত্বং রে প্রাপ্তুমর্হসি তুচ্ছকুল ইতি বীপ্সয়া ॥ ২৬ ॥
দুর্ব্বলানাস্ত্বাক্রোশ প্রকারমাহ দ্বাভ্যাং। যে দেবা তুল্যোনায়াসেন মন্থন শ্রমেণ হেতবঃ। অমৃত সাধকাঃ সত্রযাগে যথা সর্ব্বেষাং সমং ফলং তদ্বৎ তথাচ শ্রুতিঃ। ঋদ্ধিকামাঃ সত্রমাসীরন্নিতি যে যজমানাস্তে ঋত্বিজ ইতিচ অনির্দ্দেশ্যং নির্দ্দেষ্টুং বর্ণয়িতুম-শক্যং ॥ ২৭ ॥
নবযৌবনেন হেতুনা নিঃশেষেণ বৃত্তৌ বর্ত্তুলৌ যৌ স্তনৌ তয়োর্ভারেণৈব কৃশমুদরং যস্য তৎ ॥ ২৮ ॥

হে রাজন্! তাহার পরেই দৈত্যদিগের মধ্যে পরস্পর কলহ উপস্থিত হইল, অমৃত নিমিত্ত সক-লেই অভিলাষুক হইয়া বলিতে লাগিল আমি অগ্রে আমি অগ্রে, তুমি নহ তুমি নহ ॥ ২৬ ॥

আর যে সকল দানব বল প্রকাশ করিতে পারিল না, তাহারা জাতমৎসর হইয়া এই বলিয়া কলসহারি বলবান্ দৈত্যদিগকে বারম্বার বারণ করিতে লাগিল, সুরগণও এই অমৃত সাধনে সমান আয়াস করিয়াছেন, অতএব সত্রযাগে যেরূপ সকলের অংশ হয় তেমনি, এ বিষয়ে দেবতারাও স্বীয় অংশ পাইতে পারেন, যাহার যে ভাগ প্রাপ্য, তাহাকে তাহা দেওয়াই সনাতন ধর্ম্ম। হে রাজন্! এই সময়ে সকল উপায়জ্ঞ ভগবান্ বিষ্ণু পরম আশ্চর্য্য অনির্ব্বচনীয় যোষিদ্রূপ ধারণ করিলেন ॥ ২৭ ॥

ঐ রূপ দর্শনীয় উৎপল তুল্য শ্যামবর্ণ, সকল অবয়ব সুন্দর, কর্ণদ্বয় সমান ও মনোহর আভরণে ভূষিত, বদনে সুকোমল কপোলদ্বয় এবং সুন্দর নাসিকা। অপর নবযৌবন বশতঃ যে স্তন ভার হই-য়াছিল তাহাতে উদর অতিশয় কৃশ হইয়াছিল। হে রাজন্! তদীয় আননের সৌরভে ভ্রমর নিকর অনুরক্ত হইয়া ঝঙ্কার করিতেছিল, তাহাতে লোচন দ্বয় যেন সচকিত হইয়া রহিয়াছিল ॥ ২৮ ॥

বিভ্রৎস্বকেশভারেণ মালামুৎফুল্লমল্লিকাং । সুগ্রীবকণ্ঠাভরণং সুভুজাঙ্গদভূষিতং ॥ ২৯ ॥

বিরজাম্বর সংবীত নিতম্বদ্বীপশোভয়া । কাঞ্চ্যা প্রবিলসদ্বল্গু চলচ্চরণনূপুরং ॥ ৩০ ॥

সব্রীড়স্মিত বিক্ষিপ্ত ভ্রূবিলাসাবলোকনৈঃ । দৈত্যযূথপচেতঃসু কামমুদ্দীপয়ন্মুহুঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং অষ্টমস্কন্ধে অমৃতমথনে ভগবন্মায়োপলম্ভনোঽষ্টমোধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তেঽন্যোঽন্যতোঽসুরাঃ পাত্রং হরন্তস্ত্যক্তসৌহৃদাঃ । ক্ষিপন্তোদস্যুধর্ম্মাণ আয়ান্তীং দদৃশুঃ স্ত্রিয়ং ॥১॥

শ্রীধরস্বামী ।

সুষ্ঠু গ্রীবা যস্মিন্ কণ্ঠে আভরণং যস্মিন্ তচ্চ তচ্চ । শোভনা গ্রীবা যেন তৎ কণ্ঠাভরণং যস্মিন্নিতি বা । সুভুজয়োরঙ্গদাভ্যাং ভূষিতং ॥ ২৯ ॥

বিরজাম্বরেণ সংবীতো নিতম্ব এব দ্বীপঃ বিশালত্বাৎ তত্র শোভা যস্যাঃ তয়া কাঞ্চ্যা প্রকর্ষেণ বিলসদ্বল্গু যথা ভবত্যেবং চলতোশ্চরণয়োর্ নূপুরে যস্মিন্ ॥ ৩০ ॥

স ব্রীড়েন স্মিতেন সহ বিক্ষিপ্তা কম্পিতা যা ভ্রূ তস্যা বিলাসেন সহ যান্যবলোকনানি তৈর্দৈত্যযূথপানাং মুহুর্মুহুশ্চেতঃসু কামমুদ্দীপয়ৎ ॥ ৩১ ॥

॥ * ॥ ইত্যষ্টমেঽষ্টমঃ ॥ * ॥

নবমে মোহিতৈর্দৈত্যৈরপি তেঽমৃতভাজনে । তদ্বঞ্চনেন দেবেভ্যোঽমৃতং দত্তং তয়েৰ্য্যতে ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য অষ্টমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

নূনমিতি তৈঃ । তত্র কিং পদস্য সন্দেহ বাচিত্বেনোভয়কোটি স্পর্শিত্বাদুভয়ত্র সম্বন্ধঃ ॥ ১ । ২ । ৩ । ৪ । ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

স্বকেশভারেণ সহ ॥ ২৯ ॥

বিরজাম্বরসম্বীতে নিতম্ব রূপে দ্বীপে শোভা যত তয়া কাঞ্চ্যা । প্রবিলসৎ বল্গু চলতোশ্চরণয়োর্ নূপুরে যত্র তৎ ॥ ৩০ ॥

সব্রীড়েন স্মিতেন সহ বিশেষতঃ ক্ষিপ্তা চালিতা যা ভ্রূ তস্যা বিলাসেন সহ যান্যবলোকানি তৈঃ ॥৩১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং । অষ্টমস্যাষ্টমোধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মোহিতা বঞ্চিতা দৈত্যাঃ পায়িতাস্ত্বমৃতং সুরাঃ । মোহিন্যানবমে রাহোশ্চক্রেণ ছেদ উচ্যতে ॥ ১ । ২ ॥

অপিচ কেশ কলাপে উৎফুল্ল মল্লিকার মালা, সুশ্রী গ্রীবায় মনোহর কণ্ঠ ভূষণ, আর ভুজদ্বয়ে অঙ্গদ শোভা পাইতেছিল ॥ ২৯ ॥

তদীয় নিতম্ব রূপ দ্বীপ নির্ম্মল বসনে আচ্ছাদিত তাহাতে কমনীয় কাঞ্চী, আর চলনশীল চরণ দ্বয়ে নূপুর রহিয়াছিল ॥ ৩০ ॥

হে রাজন্! সেই কামিনী সলজ্জ হাস্য সহ যে ভ্রূভঙ্গি করিতেছিলেন, তাহার বিলাস সম্বলিত অবলোকন দ্বারা মুহুর্মুহুঃ দৈত্য যূথপদিগের চিত্তে কামোদ্দীপন হইতে লাগিল ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি অষ্টমে অষ্টম ॥ * ॥

নবমাধ্যায়ে মোহিত দানবগণ কর্ত্তৃক মোহিনী অমৃত পাত্রার্পণ এবং দানবদিগকে বঞ্চনা করিয়া মোহিনীর দেবতাদিগকে অমৃত দান ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! অসুরেরা পরস্পর সৌহৃদ্য পরিত্যাগ পূর্ব্বক তাহা ক্ষেপণ করিতে করিতে দেখিতে পাইল একটী যুবতী স্ত্রী নিকটে আসিতেছে ॥ ১ ॥

অহোরূপমহোধাম অহো অস্যা নবং বয়ঃ। ইতি তে তামভিদ্রুত্য প্রপচ্ছুর্জাত হৃচ্ছয়াঃ ॥ ২ ॥

কা ত্বং কঞ্জপলাশাক্ষি কুতো বা কিং চিকীর্ষসি। কস্যাসি বদ বামোরু মথতীব মনাংসিনঃ ॥ ৩ ॥

ন বয়ং ত্বামরৈর্দৈত্যৈঃ সিদ্ধ গন্ধর্ব্বচারণৈঃ। নাস্পৃষ্টপূর্ব্বাং জানীমো লোকেশৈশ্চ কুতোনৃভিঃ ॥ ৪ ॥

নূনং ত্বং বিধিনা সুভ্রূ প্রেষিতাসি শরীরিণাং। সর্ব্বেন্দ্রিয় মনঃ প্রীতিং বিধাতুং সঘৃণেন কিং ॥

সা ত্বং নঃ স্পর্দ্ধমানানামেক বস্তুনি ভামিনি। জ্ঞাতীনাং বদ্ধবৈরাণাং শং বিধৎস্ব সুমধ্যমে ॥ ৫ ॥

বয়ং কশ্যপদায়াদা ভ্রাতরঃ কৃতপৌরুষাঃ। বিভজস্ব যথান্যায়ং নৈব ভেদো যথা ভবেৎ ॥

শ্রীধরস্বামী।

অহো রূপং সৌন্দর্য্যং ধামদ্যুতিরিতি বদন্তঃ কাত্বমিত্যাদি পপ্রচ্ছুঃ ॥ ২ ॥

মথ্নতীব ক্ষোভয়ন্তীব ॥ ৩ ॥

কস্যাসীত্যযুক্তমস্মাভিঃ যতস্ত্বং ন কেনচিদ্ভুক্তপূর্ব্বা ইত্যাহুঃ নেতি দ্বাভ্যাং ত্বা ত্বাং। অমরাদিভিরস্পৃষ্টপূর্ব্বাং ন জানীম ইতি অপিতু জানীম এব ॥ ৪ ॥

অস্মাকমিদং ত্বদ্দর্শনন্তু ঈশ্বরেণৈব সম্পাদিতমিত্যাহুঃ নূনমিতি। সর্ব্বেন্দ্রিয়াণাঞ্চ মনসশ্চ প্রীতিং বিধাতুং সঘৃণেন কিং প্রেষিতাসি কিম্বা যদৃচ্ছয়ৈবাগতাসি নৈবং নূনং প্রেষিতৈবেত্যর্থঃ ॥ ৫ ॥

ভেদো বিগ্রহো যথা ন ভবেৎ তথা ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র তস্যাঃ ক্রোধাবিষ্কার মালক্ষ্য তয়া মোহিতত্বেন বিশ্রব্ধ্য চ প্রস্তাবান্তরং লক্ষীকৃত্যাহুঃ সা ত্বং ন ইতি ॥ ৫। ৬। ৭।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কস্যাসি কস্য কন্যাসি ॥ ৩ ॥

অমরাদিভিরস্পৃষ্ট পূর্ব্বা বয়ং নজানীম ইতি ন অপিতু জানীম এবেতি ত্বে নব্যমত্র স্বয়ম্বরার্থ মত্রায়াতাসীতি বুদ্ধ্যত ইতি ভাবঃ ॥ ৪

কিমস্মাকং তদভিপ্রায় বুভুৎসয়া তদ্দর্শনাদিনৈব তাবদ্বয়ং কৃতার্থা অভূমেত্যাহুঃ। নূনমিতি ॥

কিঞ্চ ত্বয়া স্বাভিপ্রেতং পশ্চাদ্বিধেয়ং সংপ্রত্যস্মদভিপ্রায়ং সফলী কুর্ব্বিত্যাহুঃ সাত্বমিতি দ্বাভ্যাং ॥ ৫ ॥

বিভজস্ব অমৃতমিতি শেষঃ ॥

কশ্যপস্য দায়াদাঃ পুত্রা ইতি পিতামস্মাকমৃষির্য়ং কথমেবং কামিনোহভূবয়িতি তান্ মোহয়িতুং পরীহাসো ব্যঞ্জিতঃ। সত্যং বয়ং স্ত্রী জাতিমাত্রেণৈব ভাবৈকপদীকর্ত্তুমশক্যাঃ ভবত্যাঃ পরম শুদ্ধ স্বরূপয়াতু স্বপাবিত্রেণৈব বয়ং বিজিতা বর্ত্তামহে ইতি

দর্শন মাত্রেই কামাতুর হইয়া বলিতে লাগিল অহো কি মনোহর রূপ! কি চমৎকার কান্তি! কি সুন্দর নবীন বয়স! ॥ ২ ॥

এই প্রকারে কহিতে কহিতে নিকটে গিয়া জিজ্ঞাসিল হে পদ্মপলাশাক্ষি! তুমি কে, কোথা হইতে আসিতেছ, কি করিতে ইচ্ছা কর, তুমি কাহার কন্যা বল? হে বামোরু! তোমাকে দেখিয়া আমাদের মনঃ অতিশয় ক্ষুব্ধ হইতে লাগিল ॥ ৩ ॥

হে সুন্দরি! আমরা নিশ্চয় জানিলাম, দেব, দানব, সিদ্ধ, গন্ধর্ব্ব চারণ, অথবা লোকপাল কেহই তোমাকে পূর্ব্বে স্পর্শ করে নাই ইহাতে মনুষ্যেরা যে স্পর্শ করিবে সম্ভাবনা কি? ॥ ৪ ॥

সে যাহা হউক, হে সুভ্রু! আমরা জিজ্ঞাসা করি শরীরিদিগের সকল ইন্দ্রিয় ও অন্তঃকরণের প্রীতি জন্মাইবার নিমিত্ত বিধাতা কি সদয় হইয়া তোমাকে পাঠাইয়া দিলেন? না আপনিই যদৃচ্ছাক্রমে আসিতেছ? আমাদের বোধ হয় বিধাতাই প্রেরণ করিয়াছেন ॥ ৫ ॥

হে ভামিনি! আমরা এই সকল জ্ঞাতি, এক বস্তুতে অভিলাষী হইয়া পরস্পর বিবাদ করত বদ্ধবৈর হইয়াছি, তুমি আমাদিগের বিবাদ ভঞ্জন করিয়া দিয়া কল্যাণ বিধান কর। আমরা কশ্যপের

যদযদ্ধাস্যতি লোকে ঽস্মিন্ সংপরেতং ধরাদিকং।
তস্য ত্যাগে নিমিত্তং কিং বিপ্রস্তুষ্যেন্নতেন চেৎ ॥ ৫ ॥
শ্রেয়ঃ কুর্ব্বন্তি ভূতানাং সাধবো দুস্ত্যজাসুভিঃ। দধ্যঙ্ শিবিপ্রভৃতয়ঃ কোবিকল্পো ধরাদিষু ॥৬॥
যৈরিয়ং বুভুজে ব্রহ্মন্ দৈত্যেন্দ্রৈরনিবৃত্তিভিঃ। তেষাং কালোঽগ্রসীল্লোকান্নযশোঽধিগতং ভুবি ॥৭

### শ্রীধরস্বামী।

কিঞ্চ যদযদ্ধরাদিকং স্বস্থং সর্ব্বং সংপরেতং পুরুষং হাস্যতি ত্যক্ষ্যত্যেব তৎ কিমিতি জীবতৈব স্বয়ং নদেয়মিতি ভাবঃ। তথাপি তাবদ্বৃত্তি সঙ্কট পরিহারার্থমর্দ্ধং দীয়তামিতি চেত্তত্রাহ তস্যেতি। বিপ্রশ্চেত্তেনার্থেন দত্তেনাপি ন তুষ্যেৎ তর্হি তস্যার্থস্য ত্যাগে দানে কিং নিমিত্তং ন কিঞ্চিৎ যাচিতাদল্পস্য দানে বিপ্রস্যাসন্তোষাদ্দানং ব্যর্থমেব স্যাৎ অতস্তদ্যাচিতং সর্ব্বং দেয়ং ন কিঞ্চিদিতি ভাবঃ ॥ ৫ ॥

তর্হি নদেয়মেবেতি চেত্তত্রাহ শ্রেয় ইতি। দুস্ত্যজৈরসুভিরপি কো বিকল্পো বিচারঃ ॥ ৬ ॥

যৈ দৈত্যেন্দ্রৈ র্যুদ্ধেঽনিবৃত্তিভিঃ ইয়ং ভূ র্বুভুজে উপভুক্তা তেষামিহ লোকান্ পরলোকাংশ্চ ভোগানিতি বা কালোঽগ্রসীৎ সংহৃতবান্ নতু ভুবি তৈরধিগতং প্রাপ্তং যশোঽগ্রসীৎ কীর্ত্তিরেব সাধ্যানান্যদিতি ভাবঃ ॥ ৭ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যদযদ্ধনাদিকং কর্তৃ সংপরেতং মৃতং হাস্যতি ত্যক্ষ্যত্যেব তেন স্বদাজ্ঞয়া কিঞ্চিন্মাত্রেণ দত্তেন বিপ্রশ্চেন্নতুষ্যতি তর্হি তস্য তাবন্মাত্রস্য ত্যাগে কিং নিমিত্তং কিং ফলং। অতঃ সর্ব্বমেব বিত্তমেতৎ শ্রীত্যর্থং ময়া দাতব্যএবেতি ভাবঃ। অত্র স্বেষ্টদেবং বিষ্ণুং জ্ঞাত্বাপি প্রবৃদ্ধ তত্ত্বো্থ সংভ্রম প্রণতিস্তুত্যাদ্যকরণং শুক্রাচার্য্যাসুরাণাঞ্চ দুঃখাভাবার্থমেব জ্ঞেয়ং অতএব বিপ্রশব্দ প্রয়োগো ভাবগোপনার্থ এব জ্ঞেয়ঃ ॥ ৫ ॥

যৎ সর্ব্বস্বমেব দিৎসসীত্যত্রার্থে পূর্ব্বাচারঃ প্রদর্শ্যতামিতি চেত্তত্রাহ শ্রেয় ইতি। ভূতানামপি শ্রেয়ঃ। কিমুত স্বগৃহ মাগতস্য বিষ্ণোঃ। অসুভিরত্যল্পৈরপি। ধরাদিষু মমতাস্পদেষু কোবিকল্পোদাস্যে ন বা দাস্যে ইত্যাদ্যাত্মকঃ। অপিতু নৈব বিকল্পঃ কিন্তু দাতামেবেতি নিশ্চয় এবেতি ভাবঃ ॥ ৬ ॥

স্বকৃত্যাদিক মনপেক্ষ্য নশ্বর ভোগার্থমেব ন দাতব্যমিতি মতস্ত নাস্মাকমভিমতমিত্যাহ যৈরিতি যুদ্ধেঽনিবৃত্তিভিঃ। ইয়ং ভূঃ তেষাং লোকান্ ঐহিকান্ পারত্রিকাংশ্চ কালোঽগ্রসীৎ নাশয়াঞ্চকার লোকান্ লোকোত্থ ভোগানিতি বা। নতু ভুবি তৈরধিগতং প্রাপ্তং যশোঽগ্রসীৎ। অতঃ কীর্ত্তিরেব সাধ্যা নান্যদিতি ভাবোপি শুক্রাদ্যানুরোধেনৈব জ্ঞাপিতঃ। বস্তুত স্তস্য কীর্ত্ত্যাদ্যপেক্ষাপি মনসি নাস্তি শুদ্ধভক্তত্বাদিতি ভাবঃ ॥ ৭ ॥

আর ইহলোকে পৃথিব্যাদি যে কিছু দৃষ্ট হয়, এ সকল মৃত পুরুষকে অবশ্যই ত্যাগ করিবে, তবে জীবিত থাকিয়া স্বয়ং কেন দান না করি। যদি বলেন সমুদায় দিলে বৃত্তি সঙ্কট হইবে তৎপরিহারার্থ অর্দ্ধেক দাও, তাহাতে বক্তব্য এই, অর্দ্ধ দত্ত হইলে তদ্দ্বারা যদি ব্রাহ্মণের সন্তোষ না হয় তবে দানের ফল কি হইল? ফলতঃ যাচিত অপেক্ষা অল্প দিলে এ ব্রাহ্মণকুমারের সন্তোষ হইবে না, তাহাতে আমার দান ব্যর্থ হইবে, অতএব ইহাঁর প্রার্থিত সকল দেওয়াই আমার উচিত ॥ ৫ ॥

গুরো! দধ্যঞ্চ শিবি প্রভৃতি সাধু পুরুষেরা দুস্ত্যজ প্রাণ দিয়া প্রাণিদিগের উপকার করিয়াছেন, ইহাতে ভূমি প্রভৃতি সামান্য বিষয়ে বিচার কি? ॥ ৬ ॥

যুদ্ধে অপরাঙ্মুখ যে সকল দৈত্যেন্দ্রে এই পৃথিবী ভোগ করিয়াছিলেন, করাল কাল তাঁহাদের ইহলোক ও পরলোক উভয়ই সংহার করিয়াছে, কিন্তু তাঁহারা এই অবনীতলে যে যশঃ উপার্জন করেন তাহা কালগ্রস্ত হয় নাই, অতএব যশঃ সাধন করাই বিধেয় ॥ ৭ ॥

সুলভা যুধি বিপ্রর্ষে হ্যনুবৃত্তাস্তনুত্যজঃ। ন তথা তীর্থ আয়াতে শ্রদ্ধয়া যে ধনত্যজঃ॥ ৮॥
মনস্বিনঃ কারুণিকস্য শোভনং যদর্থিকামোপনয়েন দুর্গতিঃ।
কুতঃ পুন র্ব্রহ্মবিদাং ভবাদৃশাং ততো বটোরস্য দদামি বাঞ্ছিতং॥ ৯॥
যজন্তি যজ্ঞং ক্রতুভির্যমাদৃতা ভবন্ত আম্নায়বিধানকোবিদাঃ।
স এষ বিষ্ণুর্ব্বরদোঽস্তু বা পরো দাস্যাম্যমুষ্মৈ ক্ষিতিমীপ্সিতাং মুনে॥
যদ্যপ্যসাবধর্ম্মেণ মাং বধ্নীয়াদনাগসং। তথাপ্যেনং নহিংসিষ্যে ভীতং ব্রহ্মতনুং রিপুং॥ ১০॥

শ্রীধরস্বামী।

দেহত্যাগাদপি ধনত্যাগে কীর্ত্তি র্ভবতীত্যাহ সুলভা ইতি। তনুং ত্যজন্তীতি তথা তীর্থে পাত্রেঽত্যো দুষ্করো ধনত্যাগ এব ময়া কার্য্য ইতি ভাবঃ॥ ৮॥

তর্হি নির্দ্ধনত্বেন দৈন্যং স্যাদিতি চেত্তত্রাহ মনস্বিন ইতি। যাদৃশ তাদৃশানামপ্যর্থিনাং কামোপনয়েন কামপূরণেন দুর্গতি দৈন্যমিতি যত্তচ্ছোভনং তদ্রমেব ভবাদৃশানান্তু কামোপনয়েন দুর্গতিঃ শোভনমিতি কিং পুনর্ব্বক্তব্যমিত্যর্থঃ॥ ৯॥

নমু নায়ং বটুঃ কিন্তু বিষ্ণু স্তব শত্রুরিত্যুক্তং তর্হি সুতরামেব দাস্যামীত্যাহ যজন্তীতি। পরঃ শত্রুর্ব্বা অস্তু॥ ১০॥

ক্রমসন্দর্ভঃ।

তর্হি যুদ্ধেনৈব প্রাণাস্ত্যাজ্যতাং তত্রাহ সুলভেতি। যদ্যপি ধনাদাপেক্ষয়া প্রাণা অন্তরঙ্গা স্তথাপি মোহাৎ সর্ব্ব এব ধনাদে-রেবান্তরঙ্গত্বং মনান্ত ইতি ভাবঃ॥ ৮। ৯॥

গুরুমনুজ্ঞাপনার্থমেব সন্তোষয়ন্নাহযদীতি যাভ্যাং। বাস্তবার্থস্তু তৈর্দর্শিতঃ শিরসি পদার্পণ প্রার্থনান্তরমেবহি তাদৃশী ভক্তির্জ্জাতেতি ভক্তিরসাভাসত্বে সমাধানঞ্চ॥ ১০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ যুদ্ধে নিবৃত্তিরহিতেভ্যোপি দানে নিবৃত্তিরহিতাঃ অধিকযশস্বিন ইত্যাহ সুলভা ইতি তীর্থে সংপ্রদানে। অত তনুত্যাগাদপি ধনত্যাগো দুষ্করঃ সএব ময়া কর্ত্তব্য ইতি ভাবঃ॥ ৮॥

নমু তর্হি তব দারিদ্র্যং ভবিষ্যতীতি তত্রাহ। মনস্বিনো দানবীরস্য শোভনমেতদেব যৎ অর্থিনাং যাচকানাং যাদৃশ তাদৃশানামপি কামোপনয়েন কামপূরণেন দুর্গতি র্দারিদ্র্যং দরিদ্রা দুর্গতাবিত্তি দুর্গতিদারিদ্রয়ো স্তুল্যার্থত্বাৎ ভবাদৃশানাং তু কামোপনয়েন দুর্গতিঃ শোভনমিতি কিং পুনর্ব্বক্তব্যমিত্যর্থঃ॥ ৯॥

নমু নায়ং বটুঃ কিন্তু বিষ্ণু স্তব শত্রু রিত্যুক্তং। তর্হি সুতরামেব দাস্যামীত্যাহ যজন্তীতি পরঃ শত্রুর্ব্বাস্তু॥

ভীতমিতি বিষ্ণুত্বেপি ব্রাহ্মণ তনুত্ব হেতুকং ভয়মস্যাবশ্যং ভাবীতি ভাবঃ॥ ১০॥

হে দ্বেবর্ষে! দেহ ত্যাগ অপেক্ষাও ধনত্যাগে অধিক যশঃ সম্ভাবনা আছে, যে হেতু যুদ্ধে দেহত্যাগী পুরুষ যেমন সুলভ অর্থাৎ অনেক দেখিতে পাওয়া যায়, সৎপাত্র উপস্থিত হইলে শ্রদ্ধাপূর্ব্বক ধনত্যাগ করে এমত লোক তদ্রূপ সুলভ নহে॥ ৮॥

ভগবন্! সামান্য অর্থির অভিলাষ পুরণেও যদি দৈন্য হয় তাহাও সদয় মনস্বি পুরুষের শ্রেয়ঃ, ইহাতে আপনার সদৃশ ব্রহ্মজ্ঞ ব্রাহ্মণের অভিলাষ পূরণে আমার দৈন্য হইলে তাহা শ্রেয়ঃ বলিয়া গণ্য না হইবার বিষয় কি? অতএব আমি অবশ্যই এই বটুর বাঞ্ছিত দান করিব॥ ৯॥

মুনে! আপনারা বেদ বিদ্যায় দক্ষ, আপনারা আদর পূর্ব্বক যাগ যজ্ঞ দ্বারা যাঁহার অর্চ্চনা করিয়া থাকেন এই বটু সেই বিষ্ণুই হউন, অথবা আমার শত্রুই হউন, ইহাঁর প্রার্থিত ভূমি প্রদান করিব। আমি অনপরাধ, যদ্যপি ইনি অধর্ম্ম করিয়া আমাকে বন্ধন করেন তথাপি আমি এই ভীত ব্রাহ্মণ রূপি রিপুর হিংসা করিব না॥ ১০॥

এষ বা উত্তমঃশ্লোকো নজিহাসতি যদ্যশঃ। হত্বা মৈনাং হরেদ্যুদ্ধে শয়ীত নিহতোময়া ॥ ১১ ॥

শ্রীশুক উবাচ ॥

এবমশ্রদ্ধিতং শিষ্যমনাদেশকরং গুরুঃ। শশাপ দৈবপ্রহিতঃ সত্যসন্ধং মনস্বিনং ॥

দৃঢ়ং পণ্ডিতমান্যজ্ঞঃ স্তব্ধোঽস্যস্মদুপেক্ষয়া। মচ্ছাসনাতিগোযস্ত্বমচিরাদ্ভ্রশ্যসে শ্রিয়ঃ ॥

এবং শপ্তঃ স্বগুরুণা সত্যান্ন চলিতো মহান্। বামনায় দদাবেতামর্চ্চিত্বোদকপূর্ব্বকং ॥ ১২ ॥

বিন্ধ্যাবলিস্তদাগত্য পত্নী জালকমালিনী। আনিন্যে কলসং হৈমমবনেজন্যপাংভৃতং ॥

শ্রীধরস্বামী।

যদ্যদি যশো নজিহাসতি তর্হি যুদ্ধে মাং হত্বা এনাং ভূমিং হরেৎ শয়ীত বা সম্যক্ জ্ঞাতঃ সন্ মম চিত্তে শয়ীতেতি বাস্তবোঽর্থঃ ॥ ১১

অশ্রদ্ধিতং অজাতশ্রদ্ধং ॥ ১২ ॥

জালকং মুক্তাভরণ বিশেষ স্তম্মালাবতী। অবনেজনীনামপাং কলসং ভৃতং পূর্ণং ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভীতত্বমেব দর্শয়তি এষ ইতি ॥ ১১ । ১২ ॥

গুণত্রয়যুক্ত আত্মা যত্র তদিতি গুণত্রয় সম্বলিতং যথাস্যাত্তথা বর্দ্ধত ইত্যর্থঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

এষ বৈ নিশ্চিত মুত্তমঃশ্লোকএব যদযস্মাৎ স্বযশো ন জিহাসতি অতো ভূমির্ন দাতব্যেতি ময়োক্তে যাচ্ঞা ভঙ্গপরাভব মসহমানেনানেন তর্হি যুদ্ধং দেহীতি প্রার্থিতে ময়িচোমিত্যুক্তবতি সতি যুদ্ধে মাং হত্বা এনাং ভূমিং হরেদেব। নন্বু মহাবীরাৎ ত্বত্তোঽস্য পরাভবোপি সংভবেদিতি চেত্তত্রাহ। শয়িতেতি ময়া নিহতো যুদ্ধে শয়ীতেতি কাকুঃ নৈব শয়ীত বিষ্ণোরবধ্যত্বাদিতি ভাবঃ। যদ্বা মেত্যস্যাবৃত্ত্যা অস্মদর্থে নিষেধার্থেচ বর্ত্তনাদ্বিনাপি কাক্বা সঙ্গতিঃ ॥ ১১ ॥

অশ্রদ্ধা সংজাতাঽস্যেত্যশ্রদ্ধিতং। দৈবেন ভগবৎ প্রেম সুখ প্রতিকূল প্রাচীনাপরাধোত্থেনাভাগ্যেন প্রেরিতবুদ্ধিঃ সত্য প্রতিজ্ঞং উত্তম মনস্কং ॥

পণ্ডিতমানী পণ্ডিতানাং মাননীয়ঃ ন বিদ্যতে জ্ঞো যস্মাৎ সঃ। অস্মদুপেক্ষয়া অস্মৎ কর্ত্তৃকয়া উপেক্ষয়াপি স্তব্ধঃ। তয়া ভাবাদনম্রঃ। মচ্ছাসনমতিক্রম্য গচ্ছসি বিষ্ণুমিতি ভাবঃ। তস্মাৎ ন চিরাপি শ্রিয়ো ভ্রশ্যসে। ভগবদ্দত্তাং নিত্যাং সম্পদং প্রাপ্স্যসীত্যেবং বাস্তবোঽর্থঃ ॥

এনাং ভূমিং উদকদানপূর্ব্বকং ॥ ১২ ॥

পরম লজ্জাবত্যপ্যর্গাংপশ্যাপি রাজ্ঞী ভর্ত্তৃভক্তিনিষ্ঠামবগম্যানন্দাশ্রু স্তিমিতা হর্ষোত্থং চাপল্যং নিহ্নোতুমশক্নুবন্তী দাসীর

ইনি যদি উত্তমঃশ্লোক ভগবান্ হয়েন এবং আপনার যশঃ ত্যাগ করিতে বাঞ্ছা না করেন, যুদ্ধে আমাকে বধ করিয়া এই ভূমি হরণ করিবেন, অথবা আমা কর্ত্তৃক নিহত হইয়া ভূমিশায়ী হইবেন ॥ ১১ ॥

শুকদেব কহিলেন আপনার শিষ্য বলি এই প্রকারে অশ্রদ্ধ হইয়া আদেশ পালনে পরাঙ্মুখ হইলে দৈবপ্রেরিতের ন্যায় হইয়া শুক্রাচার্য্য ক্রোধ পূর্ব্বক সত্য প্রতিজ্ঞ ঐ অসুর শ্রেষ্ঠকে এই বলিয়া শাপ দিলেন অরে তুই অজ্ঞ, পণ্ডিতমানী হইয়াছিস্ অচিরে শ্রীভ্রষ্ট হইবি। হে রাজন্! মহাত্মা বলি স্বীয় গুরু কর্ত্তৃক ঐ রূপ অভিশপ্ত হইয়াও আপনার সত্য হইতে বিচলিত হইলেন না, বামনকে অর্চ্চনা করিয়া উদক স্পর্শ পূর্ব্বক ভূমি দান করিলেন ॥ ১২ ॥

তদনন্তর বলিপত্নী বিন্ধ্যাবলী মুক্তাভরণ ও মাল্যে অলঙ্কৃতা হইয়া একটী জলপূর্ণ কলস আনিয়া নিকটে স্থাপন করিলেন, যজ্ঞকারী বলি সেই জল দিয়া পরম হর্ষে স্বয়ং ঐ বামনের চরণ যুগল প্রক্ষালন

যজমানঃ স্বয়ং তস্য শ্রীমৎপাদযুগং মুদা। অবনিজ্যাবহন্মূর্দ্ধ্নি তদপো বিশ্বপাবনীঃ ॥
তদাসুরেন্দ্রং দিবি দেবতাগণা গন্ধর্ব্ব বিদ্যাধর সিদ্ধচারণাঃ।
তৎ কর্ম্ম সর্ব্বেঽপি গৃণন্ত আর্জ্জবং প্রসূনবর্ষৈ র্ববৃষু র্মুদান্বিতাঃ।
নেদুর্মুহুর্দুন্দুভয়ঃ সহস্রশো গন্ধর্ব্ব কিংপুরুষ কিন্নরা জগুঃ।
মনস্বিনানেন কৃতং সুদুষ্করং বিদ্বানদাদ্যদ্রিপবে জগত্রয়ং ॥ ১৩ ॥
তদ্বামনং রূপমবর্দ্ধতাদ্ভুতং হরেরনন্তস্য গুণত্রয়াত্মকং।
ভূঃ খং দিশোদ্যৌর্ব্বিবরা পয়োধয় স্তির্য্যঙ্‌ নৃদেবা ঋষয়ো যদাসত ॥ ১৪ ॥
কায়ে বলিস্তস্য মহাবিভূতেঃ সহর্ত্বিগাচার্য্য সদস্য এতৎ।
দদর্শ বিশ্বং ত্রিগুণং গুণাত্মকে ভূতেন্দ্রিয়ার্থাশয় জীবযুক্তং ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

অবর্দ্ধত বাঞ্ছাতঃ প্রতিগৃহ্যতামিতি বলিনা পূর্ব্বমুক্তত্বাৎ গুণত্রয়মাত্মনি যস্য তৎ। অতএব ভূঃ খমিত্যাদয়ো যদ্যস্মিন্ আসত স্থিতাস্তৎ ॥ ১৪ ॥

ঋত্বিগাদি সহিতো বলিস্তস্য হরেঃ কায়ে এতদ্বিশ্বং দদর্শ ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

গুণা ঐশ্বর্য্যাদয়ঃ ষট্‌ তদাত্মকৈঃ ॥ ১৪ । ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পানপেক্ষমাণা কলসং বহন্তী বহির্নিশ্চক্রামেত্যাহ বিন্ধ্যাবলিরিতি। জালকং মল্লিকাদ্যপককোরক ইতি কেচিৎ। সপুষ্পাতি কোমল ফলমিত্যন্যে। ক্ষারকো জালকং ক্লীব ইত্যমরঃ। জালকং মুক্তাভরণ বিশেষ ইতি স্বামিচরণাঃ। অবনেজনীনামপাং কলসং ভৃতং পূর্ণং ॥

তৎ তস্য কর্ম্ম আর্জ্জবমকৌটিল্যঞ্চ গৃণন্তঃ স্তুবন্তঃ ॥ ১৩ ॥

অবর্দ্ধতঃ বাঞ্ছাতঃ প্রতিগৃহ্যতামিতি বলিনা পূর্ব্বমুক্তত্বাৎ। গুণত্রয়ং মরা তৎকার্য্যঞ্চ আত্মনি সর্ব্বাধিষ্ঠানত্বাৎ স্বস্মিন্নেব যস্য তৎ। অতএব ভূঃ খং ইত্যাদয়ো যদ্যস্মিন্ আসত স্থিতবন্তঃ ॥ ১৪ ॥

গুণানাং আত্মকে উত্তমাধিষ্ঠাতরি ভূতানিচ ইন্দ্রিয়াণিচ অর্থাঃ শব্দাদয়শ্চ আশয়োঽন্তঃকরণানিচ জীবাংশ্চ তৈর্যুক্তং ॥ ১৫ ॥

করিয়া দিলেন, পরে বিশ্বের পবিত্রকারি সেই জল নিজ মস্তকে ধারণ করিলেন। হে রাজন্। এই সময়ে স্বর্গে দেবগণ এবং গন্ধর্ব্ব সিদ্ধ বিদ্যাধর ও চারণ প্রভৃতি সকলেই বলির ঐ কর্ম্মের প্রশংসা করত পরম হর্ষে তাঁহার উপরে পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন। আর সহস্র সহস্র দুন্দুভি মুহুর্মুহুঃ বাদিত হইতে লাগিল। অপর গন্ধর্ব্ব, কিম্পুরুষ এবং কিন্নরেরা এই বলিয়া গান আরম্ভ করিল, মনস্বী বলি অতি দুষ্কর কর্ম্ম করিলেন, যে হেতু জানিয়া শুনিয়াও আপনার রিপুকে ত্রিভুবন দান করিলেন ॥ ১৩ ॥

হে রাজন্! বলি অগ্রে "যাহা বাঞ্ছা হয় গ্রহণ করুন" এই কথা বলাতে, তদনন্তর হরির ঐ বামন রূপ অদ্ভুত রূপে বর্দ্ধিত হইল। ঐ মূর্ত্তির আত্মায় গুণত্রয় থাকাতে পৃথিবী, আকাশ, দিক্, স্বর্গ, বিবর, সমুদ্র, পশু, পক্ষী, দেব এবং ঋষি সমুদায় তাহাতে অবস্থিত ছিল ॥ ১৪ ॥

ঋত্বিক্ আচার্য্য সদস্যাদি সহিত অসুররাজ বলি মহৈশ্বর্য্যশালি হরির ত্রিগুণাত্মক কলেবরে পঞ্চভূত, ইন্দ্রিয়বর্গ, বিষয় ( গন্ধাদি ) জীব সম্বলিত ত্রিগুণ বিশ্ব দেখিতে পাইলেন ॥ ১৫ ॥

রসামচষ্টাঙ্ঘ্রি তলেঽথ পাদয়োর্ম্মহীং মহীধ্রান্ পুরুষস্য জঙ্ঘয়োঃ ।
পতত্রিণোজানুনি বিশ্বমূর্ত্তে রূর্ব্বোর্গণং মারুতমিন্দ্রসেনঃ ॥ ১৬ ॥
সন্ধ্যাং বিভোর্ব্বাসসি গুহ্য ঐক্ষৎ প্রজাপতীন্ জঘনে আত্মমুখ্যান্ ।
নাভ্যাং নভঃ কুক্ষিষু সপ্তসিন্ধূনুরুক্রমস্যোরসি ঋক্ষমালাং ॥ ১৭ ॥
হৃদ্যঙ্গ ধর্ম্মং স্তনয়োর্ মুরারে ঋর্তঞ্চ সত্যঞ্চ মনস্যথেন্দুং ।
শ্রিয়ঞ্চ বক্ষস্যরবিন্দহস্তাং কণ্ঠেচ সামানি সমস্তরেফান্ ॥ ১৮ ॥
ইন্দ্রপ্রধানানমরান্ ভুজেষু তৎকর্ণয়োঃ ককুভো দ্যৌশ্চ মূর্দ্ধ্নি ।
কেশেষু মেঘান্ শ্বসনং নাসিকায়ামক্ষ্ণোশ্চ সূর্য্যং বদনেচ বহ্নিং ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী ।

তদেব প্রপঞ্চয়তি রসামিতি পাদোনৈঃ সপ্তভিঃ । মারুতং গণং বায়ুসংঘং । ইন্দ্রস্য সেনৈব সেনা যস্য সঃ ইন্দ্রপদে স্থিতত্বাৎ ॥ ১৬ ॥

ঐক্ষৎ ঐক্ষত আত্মা স্বয়ং বলির্মুখ্যো যেষাং তান্ অসুরান্ ঋক্ষমালাং নক্ষত্রপঙ্ক্তিং ॥ ১৭ ॥

অঙ্গ হে রাজন্ সমস্তান্ রেফাংশ্চ শব্দান্ ॥ ১৮ ॥

দ্যৌশ্চ দ্যাঞ্চ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ ।

ইন্দ্রসেন ইতি নূনং বলের্নামৈব । স ইন্দ্রসেনো ভগবৎ পদাম্বুজমিতি শ্রীদশমাৎ ॥ ১৬ । ১৭ ॥

হৃদ্যমিতি পঞ্চকং । তত্র অধর এবেত্যস্যাদেবকারঃ সর্ব্বত্র যোজ্যঃ । অধর প্রকাশাপ্রকাশয়োর্লোভালোভাবগমাত্তস্মিন্ লোভস্বং । ছায়াসু তৎপ্রকাশ প্রতিকূলেষু ভাবেষু হসিতে কৌতুক বিশেষে । তদাশ্রিতৈব সেতি ভাবঃ ॥১৮।১৯।২০।২১।২২।২৩ ২৪।২৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

তদেব প্রপঞ্চয়তি রসামিতি পাদোনৈঃ সপ্তভিঃ । রসাং ভূতলং মহীং ভূতলোপরিস্থান্ নগর গৃহহট্ট বৃক্ষাদীনিত্যর্থঃ । মহীধ্রান্ তদুপরি গতান্ পর্ব্বতানিত্যর্থঃ । পতত্রিণ তদুপরিচরান্ পক্ষিণঃ । মারুতং গণং বায়ু সঙ্ঘং । ইন্দ্রস্য সেনৈব সেনা যস্য সঃ ॥ ১৬ ॥

আত্মমুখ্যান্ বলিপ্রধানানসুরান্ । ভূতলরক্ষিতোপি বলিঃ স্বেষাং তজ্জঘনাধিষ্ঠানত্বাৎ জঘন এবৈক্ষত ইত্যর্থঃ । এব মগ্রেপি জ্ঞেয়ঃ ॥ ১৭ ॥

ঋতং প্রিয়বাক্যং সমস্তান্ রেফান্ রেফোপলক্ষিতানকারাদি সর্ব্ববর্ণান্ ॥ ১৮ ॥ দ্যৌশ্চ দ্যাং ॥ ১৯ ॥

অর্থাৎ ইন্দ্রসেনাই যাঁহার সেনা, সেই বলি, বিশ্বমূর্ত্তি হরির পদতলে রসাতল, চরণদ্বয়ে ধরণী, জঙ্ঘাদ্বয়ে পর্ব্বত, জানুদেশে পক্ষি এবং ঊরুদ্বয়ে মরুদ্গণ নিরীক্ষণ করিলেন ॥ ১৬ ॥

অপর সেই বিভুর বসনে সন্ধ্যা, গুহ্য দেশে প্রজাপতি, জঘনে আপনি যাহাদের প্রধান তাদৃশ বহুতর অসুর, নাভিস্থলে আকাশ, কুক্ষিদেশে সপ্ত সাগর এবং উরঃস্থলে নক্ষত্র শ্রেণি বিরাজমান দর্শন করিলেন ॥ ১৭ ॥

অপর ধীরবর বলি সেই মুরারির হৃদয়ে ধর্ম্ম, স্তনদ্বয়ে ঋত ও সত্য, মনোমধ্যে চন্দ্র, বক্ষঃস্থলে পদ্মহস্তা পদ্মা, কণ্ঠদেশে সামবেদ ও সমস্ত শব্দ ॥ ১৮ ॥

বাহু সকলে ইন্দ্রাদি দেবগণ, কর্ণদ্বয়ে দিক্ সকল, মস্তকে স্বর্গ, কেশে মেঘ, নাসিকায় অনিল, চক্ষুর্দ্বয়ে সূর্য্য, বদনে বহ্নি ॥ ১৯ ॥

বাণ্যাঞ্চ ছন্দাংসি রসে জলেশং ভ্রুবো র্নিষেধঞ্চ বিধিঞ্চ পক্ষ্মসু।
অহশ্চ রাত্রিশ্চ পরস্য পুংসো মন্যুং ললাটেঽধর এব লোভং ॥ ২০ ॥
স্পর্শেচ কামং নৃপ রেতসাম্ভঃ পৃষ্ঠে ত্বধর্ম্মং ক্রমণেষু যজ্ঞং।
ছায়াসু মৃত্যুং হসিতেচ মায়াং তনূরুহেষ্বোষধি জাতয়শ্চ ॥ ২১ ॥
নদীশ্চ নাড়ীষু শিলা নখেষু বুদ্ধাবজং দেবগণানৃষীংশ্চ।
প্রাণেষু গাত্রে স্থির জঙ্গমানি সর্ব্বাণি ভূতানি দদর্শ বীরঃ ॥ ২২ ॥
সর্ব্বাত্মনীদং ভুবনং নিরীক্ষ্য সর্ব্বেঽসুরাঃ কশ্মলমাপুরঙ্গ।
সুদর্শনঞ্চক্রমসহ্যতেজো ধনুশ্চ শার্ঙ্গং স্তনয়িত্নুঘোষং ॥ ২৩ ॥
পর্জ্জন্যঘোষো জলজঃ পাঞ্চজন্যঃ কৌমোদকী বিষ্ণুগদা তরস্বিনী।
বিদ্যাধরোঽসিঃ শতচন্দ্রযুক্তস্তূণোত্তমাবক্ষয়সায়কৌচ।
সুনন্দমুখ্যা উপতস্থুরীশং পার্ষদমুখ্যাঃ সহলোকপালাঃ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

রসে রসেন ॥ ২০ ॥
রেতসা রেতসি। ক্রমণেষু পদন্যাসেষু। ওষধিজাতীশ্চ ॥ ২১ ॥
প্রাণেষু ইন্দ্রিয়েষু ॥ ২২ ॥
সর্ব্বাত্মনীত্যাদি বাক্যাত্তরং সুদর্শনমিত্যাদীনামীশমুপতস্থু রিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২৩ ॥
বিদ্যাধরসংজ্ঞোঽসিঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রসে রসনে পক্ষ্মসু পক্ষ্মোন্মীলন নিমীলনয়োঃ ॥ ২০ ॥
রেতসা রেতসি। ক্রমণেষু পাদবিন্যাসেষু। ওষধিজাতীশ্চ ॥ ২১ ॥
প্রাণেম্বিন্দ্রিয়েষু ॥ ২২ । ২৩ ॥
তদেব প্রত্যক্ষীভূয় সুদর্শনাদয়ঃ ঈশমুপতস্থুরিতি বাভ্যামন্বয়ঃ। বিদ্যাধরসংজ্ঞোঽসিঃ। শতচন্দ্রং ফলকং তদ্যুক্তঃ পার্ষদেষু মুখ্যাঃ সুনন্দ মুখ্যা ইতি তেষ্বপি সুনন্দো মুখ্য ইত্যর্থঃ ॥ ২৪ ॥

বাক্যে চতুর্ব্বেদ, রসনায় বরুণ, ভ্রূদ্বয়ে নিষেধ ও বিধি, চক্ষুর দুই পক্ষ্মে দিবা ও রাত্রি, ললাটে মন্যু, অধরে লোভ ॥ ২০ ॥

স্পর্শে কাম, শুক্রে জল, পৃষ্ঠে অধর্ম্ম, পদন্যাসে যজ্ঞ, ছায়ায় মৃত্যু, হাস্যে মায়া, লোম সকলে ওষধিজাতি ॥ ২১ ॥

নাড়ীসকলে নদী, নখ সমূহে শিলা, বুদ্ধিতে ব্রহ্মা, ইন্দ্রিয় সকলে দেবতা ও ঋষিগণ এবং গাত্রে স্থাবর জঙ্গম সমস্ত ভূত দেখিতে পাইলেন ॥ ২২ ॥

হে রাজন্‌! সর্ব্বাত্মা বামনের দেহে উক্তরূপে ত্রিভুবন নিরীক্ষণ করিয়া সমুদায় অসুর চেতনা শূন্য হইয়া পড়িল। পরন্তু অসহ্য তেজঃ সুদর্শন চক্র, মেঘবৎ গম্ভীর ধ্বনিযুক্ত শার্ঙ্গধনু ॥ ২৩ ॥

পর্জন্য তুল্য শব্দায়মান পাঞ্চজন্য, কৌমোদকী গদা, বিদ্যাধর নামক শতচন্দ্রযুক্ত অসি, উত্তম তূণদ্বয় এবং অক্ষয় শায়ক, এই সকলের ঈশ্বর সেই ঈশকে বেষ্টন করিয়া সুনন্দ প্রভৃতি প্রধান প্রধান পার্ষদগণ লোকপালদিগের সহিত স্তব করিতে লাগিলেন ॥ ২৪ ॥

স্ফুরৎ কিরীটাঙ্গদ মীন কুণ্ডলঃ শ্রীবৎস রত্নোত্তমমেখলাম্বরৈঃ।
মধুব্রতস্রগ্বনমালয়াবৃতো ররাজ রাজন্ ভগবানুরুক্রমঃ॥ ২৫॥
ক্ষিতিং পদৈকেন বলের্বিচক্রমে নভঃ শরীরেণ দিশশ্চ বাহুভিঃ॥ ২৬॥
পদং দ্বিতীয়ং ক্রমতস্ত্রিবিষ্টপং নবৈ তৃতীয়ায় তদীয়মণ্বপি।
উরুক্রমস্যাঙ্ঘ্রিরুপর্য্যুপর্য্যথো মহর্জনাভ্যাং তপসঃ পরং গতঃ॥ ২৭॥

॥ *॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে বিশ্বরূপ দর্শনং বিংশোঽধ্যায়ঃ ॥ *॥ ২০ ॥ *॥

### শ্রীধরস্বামী।

মীনকুণ্ডলে মকরকুণ্ডলে। স্ফুরন্তি কিরীটাদীনি যস্য সঃ। মধুব্রতানাং স্রজো যস্যাং তয়া বনমালয়া শ্রীবৎসাদিভিশ্চাবৃতো ব্যাপ্তঃ॥ ২৫॥ উরুক্রমত্বমেবাহ ক্ষিতিমিতি॥ ২৬॥

দ্বিতীয়ং পদং ক্রমতঃ বিক্ষিপতঃ ত্রিপিষ্টপং তদীয়ং কিঞ্চিন্মাত্রং জাতং তৃতীয়ায় তু ন কিঞ্চিদপি তত্র হেতুঃ উরুক্রমস্যাঙ্ঘ্রিঃ ত্রিপিষ্টপাদুপর্য্যুপরি গচ্ছন্ মহর্জনাভ্যাং তপসশ্চ পরং সত্যলোকং গতঃ॥ ২৭॥

॥ *॥ ইতি অষ্টমে বিংশঃ ॥ *॥

### ক্রমসন্দর্ভঃ।

একেন দক্ষিণেন পদা নিক্ষিপ্যমাণ চরণেন॥ ২৬॥

দ্বিতীয়ং বামচরণং বিক্ষিপতস্তস্য ত্রিপিষ্টপং তদীয়ং তৎপদ সম্বন্ধি সৎ অণু যৎকিঞ্চিদেব জাতং। তৃতীয়ায় পুনর্বিক্ষিপ্যমাণ বামচরণায়তু অণ্বপি নাবশিষ্টমিত্যর্থঃ। শরীরাদিভির্ন্ত আদি ব্যাপ্তিশ্চ ভিক্ষিত ত্রিপদমাত্র ভূমেরপি তস্য নাস্ত্যাযা। তাব দ্ভূমাবুর্দ্ধাবস্থিতৈরপ্যপেক্ষিতত্বাৎ॥ ২৭॥

॥ *॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য বিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ *॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কুণ্ডল ইত্যস্যং পৃথক্ পদং। মধু ব্রতানাং স্রক্ মালাকার সমূহো যত্র তথা ভূতয়া বনমালয়া বৃতো ব্যাপ্তঃ॥ ২৫॥

উরুক্রমত্বমেবাহ ক্ষিতিমিতি দ্বিতীয়ং বামপদং ক্রমমাণস্য তস্য ত্রিপিষ্টপং তদীয়ং প্রাপ্তমেবাভূদিতি শেষঃ তৃতীয়ায় তৃতীয় পদন্যাসার্থং অণ্বপি অণুমাত্রমপি নাবশিষ্টমিত্যর্থঃ। অত্র ত্রিপদমাত্র ভূমেঃ প্রতিগৃহীতত্বেপি ভুজাদ্যঙ্গৈর্ন্ত অঙ্ঘ্রি ব্যাপ্তিশ্চ নাস্ত্যাযা তাবদ্ভূমাবূর্দ্ধাবস্থিতৈরপ্যপেক্ষিতত্বাদিতি সন্দর্ভঃ। নভ আদীনামপি পদদ্বয়ান্তর্ভূতত্বাৎ পদদ্বয়েনৈব ব্যাপ্তি রুচ্যত ইত্যপরৈঃ॥ ২৬॥ দ্বিতীয়ং পদং কিয়ৎ প্রবৃদ্ধমভূদিত্যপেক্ষায়ামাহ মহর্জনাভ্যাং সকাশাৎ পরং সত্যলোকং গতঃ। তদীয়োনখস্তু কটাহং বিভেদেতি কেচিৎ। অষ্টাবরণানি ভিত্ত্বা বিরজাজলে প্রবিষ্ট ইত্যন্যে॥ ২৭॥

॥ *॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। বিংশোঽধ্যায়োঽষ্টমে স্কন্ধে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ *॥

আর ভগবান্ কিরীট, অঙ্গদ এবং মকরাকার কুণ্ডলে অলঙ্কৃত তথা রত্নোত্তম শ্রীবৎস, মেখলা এবং অম্বরে শোভিত ও ভ্রমর নিকরান্বিত বনমালায় ব্যাপ্ত হইয়া সাতিশয় দীপ্তি শীল হইলেন॥ ২৫॥

তদনন্তর তাঁহার এক পদে বলির সকল ভূমি, শরীরে আকাশ এবং বাহুদ্বয়ে দিক্ সকল আক্রান্ত হইল॥ ২৬॥

হে রাজন্! সেই ভগবান্ যৎকালে দ্বিতীয় পদ ক্ষেপণ করিলেন তখন স্বর্গ তাহার নিমিত্ত কিঞ্চিন্মাত্র স্থান হইল, কিন্তু সেই উরুক্রমের তৃতীয় চরণ ন্যাসার্থ কিছুই স্থান রহিল না, অতএব ঐ চরণ স্বর্গের উপরে গমন করত মহর্লোক জন লোক এবং তপো লোকের উপরি সত্যলোকে গিয়া উপনীত হইল॥ ২৭॥

॥ *॥ ইতি অষ্টমে বিংশ ॥ *॥

শ্রীশুক উবাচ ॥

সত্যং সমীক্ষ্যাব্জভবো নখেন্দুভির্হতঃ স্বধাম দ্যুতিরাবৃতোঽভ্যগাৎ।
মরীচিমিশ্রা ঋষয়ো বৃহদ্ব্রতাঃ সনন্দনাদ্যা নরদেব যোগিনঃ ॥ ১ ॥
বেদোপবেদা নিয়মা যমান্বিতা স্তর্কেতিহাসাঙ্গ পুরাণসংহিতাঃ।
যে চাপরে যোগসমীরদীপিতজ্ঞানাগ্নিনা রন্ধিতকর্ম্মকল্মষাঃ ॥ ২ ॥
ববন্দিরে যৎ স্মরণানুভাবতঃ স্বায়ম্ভুবং ধাম গতা অকর্ম্মকং ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

একবিংশে পদাপূর্ত্তিমিষেণ বলিবন্ধনং। বিষ্ণুনা কৃতমুৎকর্ষং তস্য খ্যাপয়িতুং জনে ॥ ০ ॥

উরুক্রমস্যাঙ্ঘ্রিস্তপসঃ পরং গত ইত্যুক্তং ততঃ কিং বৃত্তং তদাহ সত্যং সত্যলোকং প্রাপ্তং তমঙ্ঘ্রিং সমীক্ষ্য অব্জভবোঽভ্যগাৎ। তথা মরীচিমিশ্রাদয়শ্চ ইতি দ্বয়োরন্বয়ঃ। কথংভূতোঽব্জভবঃ হরেরঙ্ঘ্রের্নখা এব ইন্দবস্তৈর্হতা স্বধাম্নো দ্যুতির্যস্য সঃ স্বয়ঞ্চ তৈরাবৃতঃ ছন্নঃ। হে নরদেব। বৃহদ্ব্রতা যোগিনশ্চ ॥ ১ ॥

অঙ্গানি শিক্ষাদীনি পুরাণানি সংহিতাশ্চ যোগএব সমীরস্তেন দীপিতং জ্ঞানমেবাগ্নিস্তেন রন্ধিতং দগ্ধং কর্ম্ম কল্মষং কর্ম্মমলং যেষাং ॥ ২ ॥

তেচ সর্ব্বে তমঙ্ঘ্রিং ববন্দিরে। যস্যাঙ্ঘ্রেঃ স্মরণানুভাবতঃ অকর্ম্মকং কর্ম্মভিরপ্রাপ্যং ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

সত্যমিতি সার্দ্ধত্রয়কং। সংহিতা ব্রহ্মসংহিতাদ্যাঃ। অকর্ম্মকং কর্ম্মবন্ধরহিতং যথাস্যাত্তথা গতাঃ অনন্তরং ব্রহ্মণা সহ মোক্ষাৎ ॥ ১। ২। ৩। ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আনন্দ চরণং দত্ত্বা দৈত্যান্ দুঃখামবারয়ৎ। বলিস্তং প্রভুং বন্দেঽকবিংশেঽর্থকোবিদঃ ॥ ০ ॥

অঙ্ঘ্রিঃ সত্যলোকং গত ইত্যুক্তং ততঃ কিং বৃত্তমিত্যত আহ সত্যমিতি নখা এব ইন্দবস্তৈঃ সহ সত্যং সত্যলোকং সমীক্ষ্যাব্জভবো ব্রহ্মা অভ্যগাৎ মরীচ্যাদয়শ্চাভ্যগুঃ। ববন্দিরে অব্জভবশ্চ ববন্দে ইত্যুভয়েষামুভয়োরুভয়ক্রিয়ান্বয়ঃ। কীদৃশঃ নখেন্দুভির্হতা স্তিরস্কৃতাঃ স্বধামদ্যুতয়ো যস্য সঃ স্বয়ঞ্চ তৈরাবৃতশ্ছন্ন ইতি নখেন্দুভিরিত্যস্য ত্রিরপ্যন্বয়ঃ। তর্কো ন্যায়শাস্ত্রং ইতিহাসো ভারতাদিঃ। অঙ্গানি শিক্ষাদীনি পুরাণানি ব্রাহ্মাদীনি। সংহিতা ব্রহ্মসংহিতাদ্যাঃ। অকর্ম্মকং ন বিদ্যন্তে কর্ম্মাণি নিকৃষ্টকর্ম্মাণি গতিসাধনেন যস্য তৎ ॥ ১। ২। ৩ ॥

এক বিংশতি অধ্যায়ে বলির উৎকর্ষ খ্যাপনার্থ তদীয় পদ পূরণচ্ছলে বিষ্ণু কর্ত্তৃক বলির বন্ধন ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে নরদেব! ভগবান্ উরুক্রমের দ্বিতীয় চরণ সত্যলোক গত হইল দেখিয়া পদ্মযোনি ব্রহ্মা, তথা মরীচি প্রভৃতি বৃহৎ বৃহৎ ব্রতধারী ঋষি এবং সনন্দনাদি যোগিগণ তাঁহার নিকট গমন করিলেন। রাজন্! তদীয় নখচন্দ্রের চন্দ্রিকায় ব্রহ্মার স্বীয় দ্যুতি হত হইল এবং স্বয়ং তাহাতে আবৃত হইলেন ॥ ১ ॥

সে যাহা হউক, তদনন্তর বেদ উপবেদ, নিয়ম, যম, তর্ক, ইতিহাস, শিক্ষাদি বেদাঙ্গ, পুরাণ, সংহিতা, তথা যে সকল ব্যক্তির যোগরূপ সমীরণে জ্ঞানাগ্নি উদ্দীপিত ও তদ্দ্বারা কর্ম্ম মল ভস্মীভূত হইয়াছিল, তাঁহারাও গমন করিলেন ॥ ২ ॥

হে ভারত! ঐ সকল ব্যক্তি ভগবৎ পদারবিন্দের স্মরণানুভাবে স্বায়ম্ভুব ধাম প্রাপ্ত হইলেন অতএব সকলেই ঐ পাদপদ্মের বন্দনা করিতে লাগিলেন। ঐ চরণ অতিশয় দুর্লভ, কর্ম্ম সকল দ্বারাও প্রাপ্য হয় না ॥ ৩ ॥

অথাঙ্ঘ্রয়ে প্রোন্নমিতায় বিষ্ণোরুপাহরৎ পদ্মভবোঽর্হণোদকং।
সমর্চ্য ভক্ত্যাভ্যগৃণাচ্ছুচিশ্রবা যন্নাভিপঙ্কেরুহসম্ভবঃ স্বয়ং॥ ৪॥
ধাতুঃ কমণ্ডলুজলং তদুরুক্রমস্য পাদাবনেজন পবিত্রতয়া নরেন্দ্র।
স্বর্ধুন্যভূন্নভসি সা পততী নিমার্ষ্টি লোকত্রয়ং ভগবতো বিশদেবকীর্ত্তিঃ॥ ৫॥
ব্রহ্মাদয়ো লোকনাথাঃ স্বনাথায় সমাদৃতাঃ। সানুগা বলিমাজহ্রুঃ সংক্ষিপ্তাত্মবিভূতয়ে।
তোয়ৈঃ সমর্হণৈঃ স্রগ্ভির্দ্দিব্য গন্ধানুলেপনৈঃ। ধূপৈর্দীপৈঃ সুরভিভির্লাজাক্ষত ফলোৎকরৈঃ।
স্তবনৈর্জয় শব্দৈশ্চ তদ্বীর্য্যমহিমাঙ্কিতৈঃ। নৃত্য বাদিত্র গীতৈশ্চ শঙ্খ দুন্দুভিনিঃস্বনৈঃ।
জাম্ববানৃক্ষরাজস্তু ভেরীশব্দৈর্ম্মনোজবঃ। বিজয়ং দিক্ষু সর্ব্বাসু মহোৎসবমঘোষয়ৎ॥ ৬॥

শ্রীধরস্বামী।

বিষ্ণোরঙ্ঘ্রয়ে স্বয়ং যস্য নাভিপঙ্কেরুহসম্ভবঃ তস্য বিষ্ণোরঙ্ঘ্রিং সমর্চ্য॥ ৪॥

লোকত্রয়ং নিমার্ষ্টি পবিত্রয়তি॥ ৫॥

সংক্ষিপ্তা উপসংহৃতা আত্মবিভূতিঃ স্ববিস্তারো যেন তস্মৈ। যথা পূর্ব্বং বামনরূপেণ স্থিতায়েত্যর্থঃ॥ ৬॥

ক্রমসন্দর্ভঃ।

ধাতুরিতি পঞ্চমস্কন্ধে বামপাদাঙ্গুষ্ঠ নখনির্ভিন্নোর্দ্ধাণ্ডকটাহ বহিঃস্থ জলনির্ঝর এব গঙ্গেয়ং জাতা সাচ সহস্রযুগক্রমেণৈব সুমেরুপৃষ্ঠমবততারেত্যুক্তং। তত্রেদং প্রতিপদ্যামহে। যথাধুনা গঙ্গাবির্ভবতি তথাস্মদাপীতি শ্রূয়তে। বর্ণ্যতেহি পুরাণান্তরে। বারুণি যজ্ঞে বলিযজ্ঞবৎ শ্রীবামনাগমনাদিকং। এবমেব ধুন্ধুচ্ছলনং। তস্মাৎ পূর্ব্বং তথা ব্যবহারঃ। সংপ্রতিত্বেবমেবেতি স্থিতে সতীদেহ ত্যাগানন্তরং কৈলাসে গঙ্গাবর্ণনং সম্ভবতীতি। বিশদা শুভ্রা॥ ৫॥ ব্রহ্মাদয় ইতি ত্রিকং॥ ৬। ৭। ৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অভ্যগৃণাৎ তুষ্টাব॥ ৪॥

কমণ্ডলুজলং পাদাবনেজনেন পবিত্রং ভূত্বা গঙ্গা অভূৎ। পঞ্চমস্কন্ধে তু সুমেরু বর্ণনে বামপাদাঙ্গুষ্ঠনখনির্ভিন্নোর্দ্ধাণ্ড কটাহ বহির্জলধারৈব গঙ্গা। কচিত্তু সাক্ষান্নারায়ণএব দ্রবরূপেণ গঙ্গেত্যতো জলত্রিতয়মেব মিলিতং। গঙ্গাভূদিতি জ্ঞেয়ং। পততী পতন্তী নিমার্ষ্টি পবিত্রয়তি॥ ৫॥

সংক্ষিপ্তাত্মবিভূতয়ে ত্রিবিক্রম স্বরূপ মন্তর্দ্ধাপ্য বামন স্বরূপেণৈব স্থিতায়েত্যর্থঃ। তদৈব ব্রহ্মাদয় স্তত্রৈবাগত্য তোয়াদিভিঃ পাদ্যাদিভির্বলিং পূজাং আজহ্রুরুপকল্পয়ামাসুঃ॥ ৬॥ ৭॥

তদনন্তর পদ্মযোনি ব্রহ্মা স্বয়ং যাঁহার নাভিকমল হইতে উৎপন্ন হইয়াছিলেন সেই বিষ্ণুর উন্নমিত চরণে অর্হণোদক নিবেদন করিলেন এবং ভক্তিপূর্ব্বক অর্চ্চনা করিয়া স্তব করিতে লাগিলেন॥ ৪॥

হে নরেন্দ্র! ব্রহ্মার কমণ্ডলু জল ঐ উরুক্রমের পাদ প্রক্ষালনে পূত হইয়া স্বর্ণদী হইয়াছিলেন, তাহা অদ্যাপি ভগবানের অমলকীর্ত্তি স্বরূপ হইয়া আকাশে পতিত হওত ত্রিভুবন পবিত্র করিতেছেন॥ ৫॥

যাহা হউক, তদনন্তর ব্রহ্মাদি লোকপাল সকল অনুচর সহিত আদৃত হইয়া আপনাদের নাথ সেই বিষ্ণু, যিনি স্বীয় বিস্তার সংহার করিয়া বামন রূপ হইয়াছিলেন, তাঁহার নিমিত্ত পূজোপহার আহরণ করিলেন। অর্থাৎ শীতল জল, সুন্দর মাল্য, সুরভি চন্দন ও অনুলেপন, সুবাসিত ধূপ ও দীপ এবং লাজ (খৈ) আতপ তণ্ডুল তথা ফলরাশি দ্বারা অর্চ্চনা করিয়া স্তব এবং তদীয় বীর্য্য ও মহিমার জয় ধ্বনি, অধিকন্তু নৃত্য গীত বাদ্য তথা শঙ্খ দুন্দুভি নিনাদ এই সকল দ্বারা উৎসব করিলেন। পরে ঋক্ষরাজ জাম্ববান্ ভেরী ধ্বনি করিয়া সকল দিকে ঐ বিজয় মহোৎসব ঘোষণা দিতে লাগিলেন॥ ৬॥

মহীং সর্ব্বাং হৃতাং দৃষ্ট্বা ত্রিপদব্যাজযাচ্ঞয়া। ঊচুঃ স্বভর্ত্তুরসুরা দীক্ষিতস্যাত্যমর্ষিতাঃ ॥ ৭ ॥
নবা অয়ং ব্রহ্মবন্ধুর্ব্বিষ্ণুর্মায়াবিনাম্বরঃ। দ্বিজরূপপ্রতিচ্ছন্নো দেবকার্য্যং চিকীর্ষতি।
অনেন যাচমানেন শত্রুণা বটুরূপিণা। সর্ব্বস্বং নোহৃতং ভর্ত্তুর্ন্যস্তদণ্ডস্য বর্হিষি।
সত্যব্রতস্য সততং দীক্ষিতস্য বিশেষতঃ। নানৃতং ভাষিতং শক্যং ব্রহ্মণ্যস্য দয়াবতঃ ॥ ৮ ॥
তস্মাদস্য বধো ধর্ম্মো ভর্ত্তুঃ শুশ্রূষণঞ্চ নঃ। ইত্যায়ুধানি জগৃহুর্ব্বলেরনুচরাসুরাঃ।
তে সর্ব্বে বামনং হন্তুং শূলপট্টিশপাণয়ঃ। অনিচ্ছতো বলে রাজন্ প্রাদ্রবন্ জাতমন্যবঃ।
তানভিদ্রবতো দৃষ্ট্বা দিতিজানীকপান্নৃপ। প্রহস্যানুচরা বিষ্ণোঃ প্রত্যষেধন্নুদায়ুধাঃ।
নন্দঃ সুনন্দোঽথ জয়ো বিজয়ঃ প্রবলোবলঃ। কুমুদঃ কুমুদাক্ষশ্চ বিষ্বক্সেনঃ পতত্রিরাট্।
জয়ন্তঃ শ্রুতদেবশ্চ পুষ্পদন্তোঽথ সাত্বতঃ। সর্ব্বে নাগাযুতপ্রাণাশ্চমূন্তে জঘ্নুরাসুরীঃ।

শ্রীধরস্বামী।

ত্রিপদবিষয়া যা ব্যাজযাচ্ঞা কপটযাচ্ঞা তয়া স্বভর্ত্তুর্বলের্ম্মহীং হৃতাং দৃষ্ট্বা ঊচুঃ ॥ ৭ ॥
কিমূচু স্তদাহ নবা ইতি সার্দ্ধৈস্ত্রিভিঃ ॥ ৮ ॥
অনুচরাশ্চ তেঽসুরাশ্চ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

নন্দ ইত্যাদি যুগ্মকং। এষামকস্মাদাবির্ভাবেন নিত্যভগবৎ পার্শ্ববর্ত্তিত্বং বোধয়তি। গুপ্ততয়া ব্যবস্থানাৎ। জয় বিজয়াবিমৌ বৈকুণ্ঠান্তর সম্বন্ধিনৌ। নাগা অত্র বৈকুণ্ঠস্থা এব জ্ঞেয়াঃ। অন্বস্মরন্ অনুস্মারয়ন্ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

বর্হিষি যজ্ঞে ॥ ৮ ॥
জয় বিজয় ইতি ভগবতো ব্রহ্মণ্যস্য ভক্তানামপরাধবিভীষিকায়াশ্চ প্রদর্শনার্থমেবানয়োঃ প্রকাশাবেব বৈকুণ্ঠাদধঃ পেততু

হে রাজন্! এ দিকে অসুরেরা ত্রিপাদ ভূমি বিষয়ক কপট যাচ্ঞা দ্বারা আপনাদের প্রভু যজ্ঞ-দীক্ষিত বলির সমুদায় পৃথ্বী অপহৃত হইতে দেখিয়া মহাক্রোধে বলিতে লাগিল ॥ ৭ ॥

অহে! এ ব্রহ্মবন্ধু বিষ্ণু নহে, এ প্রধান মায়াবী, এই দুষ্ট দ্বিজরূপে প্রতিচ্ছন্ন হইয়া দেবকার্য্য করিতে অভিলাষ করিয়াছে। বটুরূপী এই শত্রু, ভিক্ষুক হইয়া আমাদের স্বামির সর্ব্বস্ব অপহরণ করিল। আমাদের প্রভু সতত সত্যব্রত বিশেষতঃ সম্প্রতি যজ্ঞে দীক্ষিত হইয়াছেন, তিনি ব্রাহ্মণ হিতৈষী এবং দয়াবান্, কখনই মিথ্যা বলিতে পারিবেন না ॥ ৮ ॥

অতএব ইহাঁর প্রাণবধ করাই ধর্ম্ম, তাহাতে আমাদের স্বামির শুশ্রূষা করা হইবে। এই প্রকার বলিয়া বলির অনুচরগণ অস্ত্র শস্ত্র গ্রহণ করিল এবং শূল ও পট্টিশ হস্তে লইয়া বামনের বধার্থ মহাক্রোধে ধাবমান হইল। কিন্তু অসুরবর বলি এ সকল কিছুই ইচ্ছা করেন নাই। সে যাহা হউক ঐ সকল দৈত্যসেনাপতিদিগকে ধাবমান হইয়া আসিতে দেখিয়া বিষ্ণুর অনুচরগণ হাস্য করিলেন এবং স্ব স্ব অস্ত্র উদ্যত করিয়া বাধা দিতে লাগিলেন। রাজন্! নন্দ, সুনন্দ, জয়, বিজয়, প্রবল, কুমুদ, কুমুদাক্ষ, বিষ্বক্সেন, গরুড়, জয়ন্ত, শ্রুতদেব, পুষ্পদন্ত এবং সাত্বত, এই সকল ব্যক্তি বিষ্ণুর অনুচর ইহাদের সকলেরই অযুত মত্ত হস্তির তুল্য বল, ইহারা সকলেই বেগে ঐ সকল অসুর সেনা বিনাশ করিতে আরম্ভ করিয়াছিলেন। বলি দেখিলেন মহাপুরুষের অনুচরগণ কর্ত্তৃক স্বীয় সেনা সকলই

হন্যমানান্ স্বকান্ দৃষ্ট্বা পুরুষানুচরৈর্ব্বলিঃ । বারয়ামাস সংরব্ধান্ কাব্যশাপমনুস্মরন্ ॥ ৯ ॥
হে বিপ্রচিত্তে হে রাহো হে নেমে শ্রূয়তাং বচঃ । মাযুধ্যত নিবর্ত্তধ্বং ন নঃ কালোঽয়মর্থকৃৎ ॥১০
যঃ প্রভুঃ সর্ব্বভূতানাং সুখদুঃখোপপত্তয়ে । তং নাতিবর্ত্তিতুং দৈত্যাঃ পৌরুষৈরীশ্বরঃ পুমান্ ।
যোনোভবায় প্রাগাসীদভবায় দিবৌকসাং । সএব ভগবানদ্য বর্ত্ততে তদ্বিপর্য্যয়ং ।
বলেন সচিবৈর্বুদ্ধ্যা দুর্গমন্ত্রৌষধাদিভিঃ । সামাদিভিরুপায়ৈশ্চ কালং নাত্যেতি বৈ জনঃ ॥১১॥
ভবদ্ভির্নির্জ্জিতা হ্যেতে বহুশোঽনুচরা হরেঃ । দৈবেনর্দ্ধৈস্তএবাদ্য যুধি জিত্বা নদন্তি নঃ ॥ ১২ ॥
এতান্ বয়ং বিজেষ্যামো যদি দৈবং প্রসীদতি । তস্মাৎ কালং প্রতীক্ষধ্বং যোনোঽর্থত্বায় কল্পতে ।

শ্রীধরস্বামী ।

অর্থকৃৎ অনুকূলঃ ॥ ১০ ॥

পৌরুষৈস্তমতিবর্ত্তিতুং পুমানীশ্বরঃ সমর্থো ন ভবতি ॥ ১১ ॥

হরেরনুচরা দেবাঃ দৈবেন ঋদ্ধৈঃ সমৃদ্ধৈর্ভবদ্ভিঃ ॥ ১২ ॥

অর্থত্বায় আনুকূল্যায় ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

হে বিপ্রচিত্ত ইত্যাদি বাক্যান্যপি তৎ সান্ত্বনতাৎপর্য্যাণ্যেব নতু পরমার্থবিচারতাৎপর্য্যাণি । অতএবৈতান্ বিজেষ্যাম ইত্যুক্তং ॥ ১০ ॥

তদ্বিপর্য্যয়ং যথাস্যাত্তথা ॥ ১১ ॥

দৈবেন দৈবাত্মকেন কালেন ॥ ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ত্রিতি তৃতীয়ে বৈকুণ্ঠবর্ণনএব ব্যাখ্যাতং । নাগা হস্তিনস্তেচ লোকালোকোপরিবর্ত্তিনো ভগবদ্বিভূতি রূপা বৈকুণ্ঠবর্ত্তিনো বা জ্ঞেয়াঃ ॥ ৯ । ১০ ॥

কালং কালরূপিণং প্রভুং ॥ ১১ ॥

এবং তত্ত্বোপদেশ মগৃহ্নত স্তমোগ্রস্তান্ সুরানালক্ষ্য প্রোৎসাহনেন দৈত্যানুকূলনয়োপদেশেন নিবর্ত্তয়িতুমাহ ভবদ্ভিরিতি । দৈবেন ঋদ্ধৈঃ সমৃদ্ধৈর্ভবদ্ভিঃ ॥ ১২ ॥

অর্থত্বায় অর্থসাধকত্বায় ॥

নিহত হয়, অতএব শুক্রাচার্য্যের শাপ অনুস্মরণ পূর্ব্বক আপনার অনীকিনীগণকে নিবারণ করিলেন ॥৯

এবং এই কহিলেন অহে বিপ্রচিত্তে! অহে রাহু! অহে নেমি! আমার কথা শুন, আর যুদ্ধ করিও না, ক্ষান্ত হও, এই কাল এক্ষণে আমাদের পক্ষে অনুকূল নহেন ॥ ১০ ॥

যিনি সকল প্রাণির সুখ দুঃখ প্রদানে প্রভু, হে দৈত্যগণ! পৌরুষ দ্বারা তাঁহাকে অতিক্রমণ করিতে কখন পুরুষ সমর্থ হইতে পারে না। অহে! যে ভগবান্ পূর্ব্বে আমাদিগের মঙ্গলার্থ ও দেবতাদের অমঙ্গলার্থ উদযুক্ত ছিলেন, সেই ভগবান্ এখন তাহার বিপরীত হইয়া উঠিয়াছেন। আরও বলি শুন, অমাত্য, বল, বুদ্ধি, দুর্গ, মন্ত্র, ঔষধাদি ও সামাদি উপায় কিছুতেই লোকে কাল অতিক্রমণ করিতে সমর্থ নহে ॥ ১১ ॥

এই সকল হরির অনুচরগণকে তোমরা বারম্বার পরাজিত করিয়াছ সত্য, কিন্তু ইহাঁরা এখন দৈব কর্ত্তৃক সমৃদ্ধ হইয়াছেন অতএব আমাদিগকে যুদ্ধে জয় করিয়া গর্জ্জন করিতেছেন ॥ ১২ ॥

আমাদিগের প্রতি আবার যখন দৈব প্রসন্ন হইবেন তখন পুনরায় আমরাও ইহাদিগকে জয় করিব

শ্রীশুক উবাচ ॥

পত্যুর্নিগদিতং শ্রুত্বা দৈত্য দানব যূথপাঃ। রসাং নির্ব্বিবিশূ রাজন্ বিষ্ণুপার্ষদ তাড়িতাঃ ॥ ১৩॥

অথ তার্ক্ষসুতো জ্ঞাত্বা বিরাট্ প্রভুশ্চিকীর্ষিতং। ববন্ধ বারুণৈঃ পাশৈর্ব্বলিং সুত্যেহহনি ক্রতৌ ॥১৪

হাহাকারো মহানাসীদ্রোদস্যোঃ সর্ব্বতো দিশং। নিগৃহ্যমাণেহসুরপতৌ বিষ্ণুনা প্রভবিষ্ণুনা।

তং বদ্ধং বারুণৈঃ পাশৈর্ভগবানাহ বামনঃ। নষ্টশ্রিয়ং স্থিরপ্রজ্ঞমুদারযশসং নৃপ।

পদানি ত্রীণি দত্তানি ভূমের্ম্মহ্যং ত্বয়াসুর। দ্বাভ্যাং ক্রান্তা মহীসর্ব্বা তৃতীয়মুপকল্পয় ॥ ১৫ ॥

যাবত্তপত্যসৌগোভির্যাবদিন্দুঃ সহোড়ুভিঃ। যাবদ্বর্ষতিপর্জ্জন্য স্তাবতী ভূরিয়ং তব ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

বিসু পক্ষিসু রাজত ইতি বিরাট্ প্রভোশ্চিকীর্ষিতং জ্ঞাত্বা অয়মর্থঃ অস্য সর্ব্বস্বাপহারেণ মমেত্যভিমানং সংত্যাজ্য ইদানীং দেহ স্বীকারেণ অহঙ্কারমপি ত্যাজয়িত্বা পরমানুগ্রহং কর্ত্তুমিচ্ছতি নচানেন তুল্যঃ অন্যঃ কোপি সত্যসন্ধোহস্তীতি তদ্যশঃ প্রখ্যাপনার্থং কিঞ্চিৎ যাতয়িতুমপীচ্ছতীতি প্রভোরভিপ্রায়ং জ্ঞাত্বা তং ববন্ধেতি। সুত্যেহহনি সোমাভিসবদিনে ॥ ১৪ ॥

রোদস্যোর্দ্যাবা পৃথিব্যোঃ ॥ ১৫ ॥ অসৌ সূর্য্যঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রসাং রসাতলং ॥ ১৩ ॥

বিসু পক্ষিসু রাজত ইতি বিরাট্। প্রভোশ্চিকীর্ষিতং জ্ঞাত্বেতি অস্য মমতাস্পদং সর্ব্বমঙ্গীকৃত্য অহন্তাস্পদমপ্যঙ্গীকর্ত্তুমিচ্ছতি মৎপ্রভুঃ প্রতিদানাসামর্থ্যমভিদ্যোত্যাস্য ঋণী ভবন্ দ্বারপালো বুভূষতি অস্য ভক্তাধীনত্বং ভক্তস্যচ সর্ব্বোৎকর্ষং লোকেষু খ্যাপয়িতুমস্তো দণ্ডেনাপানশ্বরমস্য ধৈর্য্যং দর্শয়ামি সর্ব্বলোকানিতি ববন্ধ সুত্যেহহনি সোমাভিসবদিনে ॥ ১৪ ॥

রোদস্যোর্দ্যাবাপৃথিব্যোঃ। ভ্রষ্টশ্রিয়ং বিগত সম্পৎকং। তদপি স্থিরপ্রজ্ঞং অক্ষুব্ধধিয়ং। যত উদার যশসং সংপত্তেরপচয়েহপি যশসোহপ্যপচয়ং প্রাপ্তুমিত্যর্থঃ ॥

মহী ত্বৎ স্বামিকং স্থানং ॥ ১৫ ॥

অসৌ সূর্য্যঃ। তনোস্তমঃ। স্বং ত্বদীয়ং ধনং। আত্মনা স্বরূপেণৈব ন চ ত্রিবিক্রমত্বমস্মদীয়ং স্বরূপমিতি ভাবঃ। পদৈকেন ময়াক্রান্তমিতি পূর্ব্বতো লোকালোকাৎ পশ্চিমতোলোকালোকঃ একেনৈব পদা ময়াক্রান্ত ইত্যর্থঃ ॥ ১৬ ॥

অতএব যে কাল আমাদের আনুকূল্য করিবেন এক্ষণে কেবল সেই কালের প্রতীক্ষা করহ। শুকদেব কহিলেন হে রাজন্! দৈত্যদানব যূথপতিগণ আপনাদের অধিপতি বলির ঐ রূপ বাক্য শ্রবণ করিয়া বিষ্ণুপার্ষদগণের তাড়না ভয়ে রসাতলে প্রবেশ করিতে উদ্যত হইল ॥ ১৩ ॥

অনন্তর তার্ক্ষতনয় পক্ষিরাজ গরুড় ভগবানের অভিপ্রায় অবগত হইয়া যজ্ঞীয় সোমাভিসবের দিবস বারুণ পাশ দ্বারা বলিকে বন্ধন করিলেন ॥ ১৪ ॥

হে রাজন্! প্রভবিষ্ণু ভগবান্ বিষ্ণু এই প্রকারে বলির নিগ্রহে প্রবৃত্তহইলে স্বর্গ ও পৃথিবীর সকল দিকে অতিশয় হাহাকার ধ্বনি উঠিল। ঐ রূপে বারুণ পাশে বদ্ধ হইয়া বলি শ্রীভ্রষ্ট হইলে স্থিরপ্রজ্ঞ ও মহাযশাঃ সেই মহাত্মাকে ভগবান্ বামন বলিতে লাগিলেন অহে অসুরবর। তুমি আমাকে তিন পদ ভূমি দান করিয়াছ, আমার দুই পদে সমুদায় পৃথ্বী আক্রান্ত হইল তৃতীয়পদ ভূমি কোথায় আছে দাও ॥ ১৫ ॥

রাজন্! দিবাকর কর দ্বারা যত দূর পর্য্যন্ত উত্তাপ দেন, যত দূর পর্য্যন্ত নিশানাথ নক্ষত্রগণ সহ প্রভা বিস্তার করেন, যাবৎ পর্য্যন্ত মেঘ সকল বর্ষণ করে, তাবৎ পরিমিতা এই ভূমি তোমার ॥ ১৬ ॥

পদৈকেন ময়াক্রান্তো ভূর্লোকঃ খং দিশস্তনোঃ। স্বর্লোকস্তে দ্বিতীয়েন পশ্যতস্তে স্বমাত্মনা ॥ ১৭
প্রতিশ্রুতমদাতুস্তে নিরয়ে বাস ইষ্যতে। বিশ ত্বং নিরয়ং তস্মাদ্গুরুণা চানুমোদিতঃ ॥ ১৮ ॥
বৃথা মনোরথস্তস্য দূরঃ স্বর্গঃ পতত্যধঃ। যো বিপ্রায় প্রতিশ্রুত্য নতদর্পয়তে শ্রুতং ॥ ১৯ ॥
বিপ্রলব্ধোদদামীতি ত্বয়াহং চাঢ্যমানিনা। তদ্ব্যলীকফলং ভুঙ্ক্ষ্ব নিরয়ং কতিচিৎসমাঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

ময়া আত্মনেত্যন্বয়ঃ ব্যাপিনেত্যর্থঃ খঞ্চ দিশশ্চ তনোস্তন্বা তে স্বং সর্বস্বং ॥ ১৭ ॥

গুরুণা শুক্রেণানুমোদিতঃ সন্ ॥ ১৮ ॥

এবমুক্ত্বাপি নিরয়পরিহারার্থং স্বর্গসুখপরিহারার্থঞ্চ মনোরথং কুর্বন্তং প্রত্যাহ বৃথেতি। যঃ প্রতিশ্রুতস্যাদানেন যাচকং বিপ্রলম্ভতে তস্য মনোরথো বৃথৈব স্বর্গস্তস্য দূরএব স চাধঃ পতত্যেব ॥ ১৯ ॥

ত্বয়া চাহং বিপ্রলব্ধ স্তস্মাদ্ব্যলীক ফলং অনৃতস্য ফলং নিরয়ং ভুঙ্ক্ষ্বেত্যর্থঃ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বমিতি ভূর্লোকাদৌ সর্বত্র যোজ্যং ॥ ১৭ ॥

নিরয়ে পাতাল ইত্যর্থঃ। অধোগমন সাম্যাৎ। পূর্বোক্তমেব সামান্য নিরূপণেন দ্রঢ়য়তি বৃথেতি যুগ্মকেন। তত্র প্রতিশ্রুতস্যাদানেন যোঽর্থিনং বিপ্রলম্ভতে ইতি পদ্যার্দ্ধং কচিন্নাস্তি। কিন্তু স্বামিসম্মতমিতি লক্ষ্যতে চ ইত্যর্থঃ ইত্যস্য বৈয়র্থ্যাৎ ॥১৮।১৯।২০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তর্হি ময়া কিং কর্তব্যমিতিচেৎ নিরয়ে বাসঃ ক্রিয়তামিতি তস্য ধীরত্বং নিরুপাধি ভক্তিনিষ্ঠাং চ লোকে খ্যাপয়িতুং প্রত্যু-মাহ। প্রতীতি নিরয়ে নরকে গুরুণা অনুমোদিত ইতি কিমহং যুক্তং ব্রবীম্যযুক্তং বেতি তত্র স্বগুরুং বিশ্বাসং শুক্রাচার্য্যমেব পৃচ্ছেতি ভাবঃ। বস্তুতস্তু ভক্তাভাসস্যাপি নরকাসম্ভবাৎ প্রতিশ্রুতমদাতুরপি তে নিরয়ে নরকনিলয়য়োরৈক্যাৎ নিলয়ে মদীয়ে বৈকুণ্ঠে এব বাস ইষ্যতে উচিতো ভবতি যদ্যপি তদপি সংপ্রতি নিলয়ং ময়া দীয়মানং সুতলাখ্যং মদীয় স্থান বিশেষং বিশ তদধিকারান্তে এব বৈকুণ্ঠে ত্বাং বাসয়িষ্যামীতি ভাবঃ। গুরুণা শুক্রেণেতি যদ্যপি ত্বং স্বগুরুং তং মদ্বিমুখং ত্যক্তা সংপ্রত্যাবমত্যসে তদপি মদ্বিষয়ক স্নেহ ভরেণৈব লুপ্ত বিবেকো মমাতিপ্রিয়এব ময়াবগতঃ। অতস্তেন সহৈব বিশেত্যর্থঃ ॥ ১৮ ॥

বৃথেতি প্রকটার্থঃ। স্পষ্টঃ। অগ্রিম ভগবদ্বাক্য তৎ ফল দৃষ্ট্যা বস্তুর্থশ্চৈবং ব্যাখ্যায়তে। তস্য প্রসিদ্ধ মস্তকস্য ভবত ইন্দ্র পদ মধ্যাস্যামিতি মনোরথো বৃথৈব যত স্ততো বৈকুণ্ঠস্থাৎ মৎকাশাৎ দূরঃ স্বর্গোঽধঃ পততি। সংপ্রত্যপি ভবান্ সুতলং প্রস্থাপ্য মানোপি স্বর্গাদূর্দ্ধমধিরোহসি সুতলভোগস্য স্বর্গেঽপ্যবিদ্যমানত্বাদিতি ভাবঃ। যোভবান্ স্বদেহাত্ম সর্বস্বসমর্পণাৎ প্রতিশ্রুতস্য আসমন্তাৎ প্রকারতো দানেন মামর্থিনং পুরুষার্থ চতুষ্টয়বন্তমপি বিশেষতঃ প্রকর্ষেণ লম্ভতে ত্বদীয় দ্বারপালো ভূত্বা স্থাস্যামীতি ভাবঃ ॥ ১৯ ॥

ততঃ কিমিতি চেৎ শ্রূয়তামিত্যাহ বিপ্রলব্ধ ইতি। আঢ্যোভ্যঃ শক্রাদিভ্যোঽপি মানিনা লোকৈর্দীয়মান সংমানবতা ত্বয়াহং

আমি এক পদে সমুদায় ভূর্লোক আক্রমণ করিয়াছি, আমার শরীর দ্বারা আকাশ ও দিক্ সকল ব্যাপ্ত হইয়াছে, দেখ না তোমার সমক্ষেই দ্বিতীয় পদে স্বর্লোক আক্রান্ত হইল, এই রূপে আমি তোমার সর্ব্বস্ব আক্রমণ করিলাম ॥ ১৭ ॥

কিন্তু ইহাতেও তোমার অঙ্গীকার পূর্ণ হইল না, প্রতিশ্রুতের অপ্রদান জন্য তোমার নরক বাস উচিত হয়, অতএব নিজ গুরু শুক্রাচার্য্যের অনুমতি লইয়া নিরয়ে প্রবেশ কর ॥ ১৮ ॥

যে ব্যক্তি ব্রাহ্মণের নিকট প্রতিশ্রুত হইয়া না দেয় প্রত্যুত যাচকের প্রতি প্রতারণা করে,তাহার মনোরথ বৃথা, তাহার স্বর্গ অতিদূর সে অধঃ পতিত হয় ॥ ১৯ ॥

তুমি আঢ্যম্মন্য হইয়া "দিতেছি" বলিয়া আমাকে দিলে না, বঞ্চনা করিলে, এই অনৃতের ফল

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং অষ্টমস্কন্ধে বলিনিগ্রহ একবিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২১ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

এবং বিপ্রকৃতো রাজন্ বলির্ভগবতাসুরঃ। ভিদ্যমানোঽপ্যভিন্নাত্মা প্রত্যাহাবিক্লবং বচঃ ॥ ১ ॥

শ্রীবলিরুবাচ ॥

যদ্যুত্তমঃশ্লোক ভবান্মমেরিতং বচোব্যলীকং সুরবর্য্য মন্যতে।

---

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইত্যষ্টমে একবিংশঃ ॥ * ॥

দ্বাবিংশেতু প্রসন্নঃ সন্ প্রস্থাপ্য সুতলং বলিং। দত্বা বরান্ হরির্ন্যূনং মত্বা তদ্দ্বারপোঽভবৎ। সমর্পিত তনুর্বিত্ত নির্ম্মলাচল ভক্তিতঃ। ছলিতো বলিনা নূনং স্বমেবার্পয়দচ্যুতঃ ॥ ০ ॥

বিপ্রকৃতঃ অপকৃতঃ ভিদ্যমানঃ সত্যাচ্চাল্যমানঃ ॥ ১ ॥

হে উত্তমঃশ্লোকেতি কটাক্ষঃ মম বচঃ ঈরিতং প্রতিশ্রুতং ন তাবদ্ব্যলীকং ত্বয়া কপটেন বামনতয়া ভিক্ষিত্বা রূপান্তরস্যাবিষ্কৃত-

---

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে ক্রমসন্দর্ভে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত একবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যতো বিশেষতঃ প্রকর্ষেণ লব্ধঃ তত্তস্মাৎ ইতি দদামি। ব্যলীকং বিগতালীকং ময়া দীয়মানত্বাৎ পরম সত্যং ফলং যত্র তৎ নিলয়ং সুতল সমৃদ্ধি সম্পদং কতিচিৎ সমাঃ সংবৎসরান্ ব্যাপ্য ভুঙ্ক্ষ্ব ততোঽষ্টমে মন্বন্তরে ত্বামিন্দ্রপদং প্রাপয্য স্বধাম বৈকুণ্ঠমেব নেষ্যে ইতি ভাবঃ ॥ ২০ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একবিংশোঽষ্টমে স্কন্ধে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বলি প্রহ্লাদয়োর্ব্বিন্ধ্যাবলি পদ্মজয়োরপি। সূক্তির্বরানদাদস্মৈ দ্বাবিংশে করুণাম্বুধিঃ। ববন্ধ কপটী যস্তাবলিং নিয়ঘমীশ্বরঃ। অত্ত তদ্দ্বারি তৎপ্রেমপাশৈ র্বদ্ধঃ সদাবসৎ ॥ ০ ॥

এবমনেন প্রকারেণ বিপ্রকৃতো লোকদৃষ্ট্যাপকৃতঃ। ভিদ্যমানঃ সত্যাচ্চাপল্যমানঃ ॥ ১ ॥

উত্তমঃশ্লোকেতি স্বপ্রভৌ নর্ম্মোক্তিঃ। স্বস্য বামনস্য ত্রিভিঃ পদৈঃ পরিমিতাং ভূমিং ভিক্ষিত্বা স্বরূপান্তরস্য ত্রিবিক্রম্য ত্রিভিঃ পদৈঃ প্রতিগ্রহীতুং প্রযতমানস্য নির্লোভস্য বিপ্রবটোস্তব নিস্পৃহত্বং ব্যক্তীভূতমিত্যেতাং কীর্ত্তিসুধামেব নিরপায়ং পায়ং পায়মেব ভক্তাবয়মানন্দমত্তা ভবাম যদহো লক্ষ্মীকান্তোপি মাং তাবদতিরল্পমপি ভূমিং ভিক্ষসে। তত্রাপি ছলেনাধিক জিঘৃক্ষা তত্রাপি বটুবেশত্বেন বটু জনানাং কপটময় স্পৃহা মশান্তিমপ্রাপ্তা। কোপং দাতরি দণ্ডঞ্চ স্বাভাবিকং ধর্ম্মমভিব্যজ্য তেষাং বিড়ম্বনং

---

স্বরূপ কতিপয় বৎসর নরক ভোগ কর ॥ ২০ ॥

॥ * ॥ ইতি অষ্টমে একবিংশতি ॥ * ॥

দ্বাবিংশতি অধ্যায়ে সুতলে প্রস্থাপনানন্তর ন্যূনতা বোধে বলির প্রতি বরদান পূর্ব্বক ভগবানের তদ্দ্বারপালতা স্বীকার ॥ * ॥

শুকদেব কহিলেন হে রাজন্! এই প্রকারে ভগবান্ কর্ত্তৃক অপকৃত হইয়া অসুরবর বলি যদিও সত্য হইতে চালিত হইতেছিলেন তথাচ অবিচলিত চিত্তে বক্ষ্যমাণ অবিক্লব বচন প্রয়োগ করিলেন ॥ ১

বলি বলিলেন হে উত্তমঃশ্লোক। হে দেবশ্রেষ্ঠ! আমার কথিত বাক্য অসত্য নহে, আপনিই অগ্রে কপটতা পূর্ব্বক বামন রূপে ভিক্ষা করিয়া এক্ষণে রূপান্তর প্রকাশ করিতেছেন। যাহা হউক ঐ প্রকারেও যদি আপনি আমার কথা মিথ্যা বলিয়া মানেন তথাপি আমি নিজ অঙ্গীকার পূর্ণ করি-

করোম্যৃতং তন্ন ভবেৎপ্রলম্ভনং পদং তৃতীয়ং কুরু শীর্ষ্ণি মে নিজং ॥ ২ ॥

বিভেমি নাহং নিরয়াৎ পদচ্যুতো নপাশবন্ধাদ্ব্যসনাদ্দুরত্যয়াৎ।

নৈবার্থ কৃচ্ছ্রাদ্ভবতোবিনিগ্রহাদসাধুবাদাদ্ভৃশমুদ্বিজে যথা ॥ ৩ ॥

পুংসাং শ্লাঘ্যতমং মন্যে দণ্ডমর্হত্তমার্পিতং। যং ন মাতা পিতা ভ্রাতা সুহৃদশ্চাদিশন্তিহি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

স্যাৎ এবমপি যদি ভবান্ ব্যলীকং মনাতে তথাপি ঋতমেবাহং করোমি মদুক্তং প্রলম্ভনং ন ভবতু মে শীর্ষ্ণি নিজং তৃতীয়ং পদং কুরু নচ স্বাভ্যাং বিশ্বং ক্রান্তবতো মে তব শিরঃ পদপর্য্যন্তং নভবতীতি মনোযথাঃ। বিত্তেন চেৎ পদদ্বয়ং জাতং তর্হি ইদমধিকমেব স্যাৎ বিত্তাদপি বিত্তবতোঽধিকত্বাদিতি ভাবঃ ॥ ২ ॥

নমুচ আপদর্থে ধনং রক্ষেদ্দারান্রক্ষেদ্ধনৈরপি। আত্মানং সততং রক্ষেদ্দারৈরপি ধনৈরপি ইত্যাদি বচনাদাত্মত্রপরিহারায় সর্ব্বস্বং ত্যজ্যতে ত্বন্তু কুতোঽভীতঃ সন্ আত্মানং সমর্পয়সি অত আহ বিভেমীতি অসাধুবাদাদপকীর্ত্তেঃ যথা অহং ভৃশমুদ্বিজে তথা নিরয়াদিভ্যো ন বিভেমি ॥ ৩ ॥

নমু ময়া কৃত নিগ্রহাত্তব অপকীর্ত্তি র্জাতৈব নৈবেত্যাহ পুংসামিতি অর্হত্তমৈ রর্পিতং যং দণ্ডং মাত্রাদয়ো নহ্যাদিশন্তি নৈবা-

ক্রমসন্দর্ভঃ।

শফরী রূপং দধারেতি তেনৈব রূপেণ হয়গ্রীবং হত্বা স্বায়ম্ভুব মন্বন্তরারম্ভে বেদানহরদিত্যগ্রিমোক্তে জ্ঞেয়ং। তেন মৎস্য রূপং বিনা বেদাহরণাসম্ভবাৎ ব্রহ্মাদি স্বভক্ত হিতার্থং মৎস্য রূপং দধারেতি প্রথমো মৎস্যাবতার উক্তঃ ॥ ৭ ॥

পুনরপি মৎস্যঃ সত্যব্রতাভিধ নিজ ভক্তানুগ্রহার্থমবতীর্ণ ইত্যাহ তত্র মৎস্য স্বরূপে সৈবেবে ভক্তিমানিতি শেষঃ ॥ ৮ ॥

মহাকল্প ইতি দৈনন্দিন কল্পোহপ্যয়ং মহাকল্প শব্দেনোক্তঃ স্বাদাত্বিক সত্যব্রত মনোরাদর বিশেষার্থ ইতি সন্দর্ভঃ এতৎ মহা-

অতীত কল্পের অবসানে যখন ব্রহ্মার নিদ্রোৎপন্ন নৈমিত্তিক লয় হয়, তৎকালে ভূরাদি লোক সকল সাগর সলিলে নিমগ্ন হইয়াছিল ॥ ৫ ॥

ব্রহ্মা কাল বশতঃ নিদ্রাগত হইয়া শয়ান হইয়াছিলেন, সেই সময়ে তাঁহার মুখ হইতে বেদ সকল নিঃসৃত হওয়াতে দানবেন্দ্র হয়গ্রীব নিকটে নিঃসৃত সেই সকল বেদ হরণ করে ॥ ৬ ॥

হে রাজন্! দানববর হয়গ্রীবের ঐ কর্ম্ম ভগবান্ হরির জ্ঞান গোচর হইলে, তিনি ঐ দৈত্যের দমন মানসে তৎক্ষণাৎ শফরী রূপ ( মৎস্য মূর্ত্তি ) ধারণ করিলেন ॥ ৭ ॥

সেই সময়ে সত্যব্রত নামে নারায়ণপরায়ণ কোন রাজর্ষি সলিলোপরি উপবেশন পূর্ব্বক তপস্যা করিতেন ॥ ৮ ॥

সেই রাজর্ষি এই মহাকল্পে বিবস্বত সুত হইয়া শ্রাদ্ধদেব নামে বিখ্যাত এবং ভগবান্ হরি কর্ত্তৃক

একদা কৃতমালায়াং কুর্ব্বতো জলতর্পণং। তস্যাঞ্জল্যুদকে কাচিচ্ছফর্য্যেকাভ্যপদ্যত ॥
সত্যব্রতোঽঞ্জলিগতাং সহতোয়েন ভারত। উৎসসর্জ্জ নদীতোয়ে শফরীং দ্রবিড়েশ্বরঃ ॥
তমাহ সাতিকরুণং মহাকারুণিকং নৃপং। যাদোভ্যো জ্ঞাতিঘাতিভ্যো দীনাং মাং দীনবৎসল ॥
কথং বিসৃজসে রাজন্ ভীতামস্মিন্ সরিজ্জলে। তমাত্মনোঽনুগ্রহার্থং প্রীত্যা মৎস্যবপুর্ধরং ॥
অজানন্ রক্ষণার্থায় শফর্য্যাঃ স মনোদধে। তস্যা দীনতরং বাক্যমাশ্রুত্য স মহীপতিঃ ॥
কলসাপ্সু নিধায়ৈনাং দয়ালুর্নিন্য আশ্রমং। সা তু তত্রৈক রাত্রেণ বর্দ্ধমানা কমণ্ডলৌ ॥
অলব্ধ্বাত্মাবকাশম্বা ইদমাহ মহীপতিং ॥ ১০ ॥
নাহং কমণ্ডলাবস্মিন্ কৃচ্ছ্রং বস্তুমথোৎসহে। কল্পয়ৌকঃ সুবিপুলং যত্রাহং নিবসে সুখং ॥ ১১ ॥
স এনাং তত আদায় ন্যধাদৌদঞ্চনোদকে। তত্র ক্ষিপ্তা মুহূর্ত্তেন হস্তত্রয়মবর্দ্ধত ॥

শ্রীধরস্বামী।

কৃতমালায়াং নদ্যাং ॥ ১০ ॥
যত্রাহং সুখং নিবসামি তদোকঃ স্থানং কল্পয় ॥ ১১ ॥
ঔদঞ্চনোদকে মণিকচ্ছে জলে ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

কল্পান্তর্গতে এব ব্রহ্মদিনে স বিবস্বত্তনয়ো মনুর্নাম্না জাতঃ ॥ ৯ ॥
তং প্রসিদ্ধং শ্রেষ্ঠদেবং বিষ্ণুমেব মৎস্য বপুর্ধরং অজানন্ ॥ ১০। ১১ ॥
ঔদঞ্চনোদকে কুণ্ডজলে ॥

মনুত্বে অভিষিক্ত হইয়াছেন ॥ ৯ ॥

সে যাহা হউক, একদা উক্ত রাজর্ষি সত্যব্রত কৃতমালা নদীতে স্নান করিয়া তর্পণ করিতেছিলেন, ইতিমধ্যে তাঁহার অঞ্জলিস্থ উদকে একটী শফরী দৃষ্ট হইল। হে ভারত! তদ্দর্শনে দয়াবিষ্ট দ্রবিড়-রাজ সত্যব্রত অঞ্জলিস্থ সলিলসহ সেই শফরীকে নদী তোয়ে পরিত্যাগ করিতে উদ্যত হইলেন, সত্য-ব্রতের করুণা দেখিয়া সেই শফরী সকরুণ বচনে বলিতে লাগিল। মহারাজ! আপনি দীনবৎসল আমি অতি দীনা, সরিৎ সলিল মধ্যে ভূরি ভূরি জ্ঞাতিঘাতী জলজন্তু আছে, তাহাদের হস্তে আমাকে কি প্রকারে বিসর্জন করিতেছেন? মহারাজ! আমি ভীতা হইয়া শরণাপন্ন হইতেছি আমাকে রক্ষা করুন। রাজর্ষি সত্যব্রত যদিও জানিতেন না যে তাঁহার আপনার প্রতি অনুগ্রহ বিতরণার্থ ভগবান্ স্বয়ং ঐ মৎস্য বপুঃ ধারণ করিয়াছেন, তথাচ প্রীতি পূর্ব্বক সেই শফরীর রক্ষণার্থ মনঃস্থির করিলেন। দীনতর বচন শ্রবণ করিবামাত্র রাজর্ষির দয়া জন্মিল, তৎক্ষণাৎ একটী জলপূর্ণ কলসে স্থাপন পূর্ব্বক সেই শফরীকে আশ্রমে লইয়া আসিলেন। হে রাজন্ পরীক্ষিৎ! কলসে থাকিয়া সেই শফরী এক রাত্রি মধ্যে এতাদৃশ বর্দ্ধিত হইল যে তন্মধ্যে আর তদীয় শরীরের স্থান হইল না। অতএব আপন অবকাশার্থ সেই রাজর্ষিকে কহিতে লাগিল ॥ ১০ ॥

রাজন্! এই কমণ্ডলু মধ্যে আমার শরীর সম্বরণ হয় না, ইহাতে আর কষ্টে বাস করিতে পারি না, যাহাতে সুখে অবস্থিতি হয় এমত স্থান নির্দ্দিষ্ট করিয়া দিতে আজ্ঞা হউক ॥ ১১ ॥

সত্যব্রত এতৎ শ্রবণে সেই মৎস্যকে কলস হইতে উত্তোলন পূর্ব্বক মণিকচ্ছ (জালা) জলে নিক্ষেপ করিলেন। হে রাজন্! তন্মধ্যে প্রক্ষিপ্ত হইবা মাত্র মুহূর্ত্ত মধ্যে সেই শফরী তিন হস্ত বর্দ্ধিত

নম এতদলং রাজন্ সুখং বস্তুমুদঞ্চনং । পৃথু দেহি পদং মহ্যং যত্ত্বাহং শরণং গতা ॥
তত আদায় সা রাজ্ঞা ক্ষিপ্তা রাজন্ সরোবরে । তদাবৃত্যাত্মনা সোঽয়ং মহামীনোঽন্ববর্দ্ধত ॥ ১২
নৈতন্মে স্বস্তয়ে রাজন্নুদকং সলিলৌকসঃ । নিধেহি রক্ষাযোগেন হ্রদে মামবিদাসিনি ॥ ১৩ ॥
ইত্যুক্তঃ সোঽনয়ন্মৎস্যং তত্র তত্রাবিদাসিনি । জলাশয়ে সম্মিতং তং সমুদ্রে প্রাক্ষিপজ্ঝষং ॥
ক্ষিপ্যমাণস্তমাহেদমিহ মাং মকরাদয়ঃ । অদন্ত্যতিবলা বীর মাং নেহোৎস্রষ্টুমর্হসি ॥
এবং বিমোহিতস্তেন বদতা বল্গু ভারতীং । তমাহ কো ভবানস্মান্মৎস্যরূপেণ মোহয়ন্ ॥ ১৪ ॥
নৈবং বীর্য্যো জলচরো দৃষ্টোঽস্মাভিঃ শ্রুতোঽপি বা । যো ভবান্ যোজনশতমহ্নাভিব্যানশে সরঃ ॥

শ্রীধরস্বামী ।

রক্ষাযোগেন উপায়েন যথা মহাহ্রদ প্রাপ্তেরর্কাক্ জলং বিনা ন শুষ্যেয়ং তেনোপায়েন নিধেহি অবিদাসিনি অনুপক্ষয়ে ॥ ১৩
সম্মিতং তজ্জলাশয় পরিমিতং সন্তং ॥ ১৪ ॥ অভিব্যানশে অভিতো ব্যাপ্তবান্ ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ ।

তদিতি তস্য মৎস্যাবতারস্য মাধুর্য্যাপি মৎস্যস্য জ্ঞানং তস্মাদেব বিমোহিতত্বাৎ ॥ ১৩।১৪।১৫।১৬।১৬ ১৭ ১৮।১৯।২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

তৎ সরোবরং আত্মনা দেহেন আবৃত্য ॥ ১২ ॥
রক্ষাযোগেন জলং বিনা যথা ন ম্রিয়তে তথোপায়েনেত্যর্থঃ । অবিদাসিনি অপক্ষয়শূন্যে ॥ ১৩ ॥
তত্র জলাশয়েষ্বসম্মিত সমাপ্তমিত্যর্থঃ ॥ ১৪ ॥ অহ্না একেনৈব ব্যানশে ব্যাপ্তবান্ ॥ ১৫ ॥

হইল । অতএব পুনরায় রাজর্ষিকে সম্বোধিয়া সবিনয় বচনে বলিল, রাজন্ ! এই মণিকচ্ছোদকেও আমার সুখ বাস হইতে পারিবে না, অনুগ্রহ করিয়া আমাকে বিস্তীর্ণ কোন স্থানে স্থাপন করিতে আজ্ঞা হউক, আমি আপনকার শরণাগত । তদনন্তর ঐ রাজর্ষি সেই মণিকচ্ছ হইতে উত্তোলন করিয়া তাহাকে সরোবরে ক্ষেপণ করিলেন । কিন্তু প্রক্ষিপ্ত হইবামাত্র সেই শফরী স্বীয় শরীর দ্বারা সরোবর আবৃত করত মহামীন রূপে বর্দ্ধিত হইল ॥ ১২ ॥

অতএব সে রাজর্ষি সত্যব্রতকে পুনরায় নিবেদন করিল মহারাজ ! আমি সলিলবাসী, এই সরোবরের জল আমার মঙ্গলার্থ হইবে এমত বোধ হয় না, মহাহ্রদ প্রাপ্তির পূর্ব্বে বিনা জলে যাহাতে আমি বিনষ্ট না হই সেই প্রকার উপায় বিধান করিয়া আমাকে কোন হ্রদে স্থাপন করুন । হ্রদ সকল স্বভাবতঃ গভীর নীর, তাহার জল আশু ক্ষীণ হয় না ॥ ১৩ ॥

হে রাজন্ ! সেই মৎস্য ঐ প্রকার কহাতে সত্যব্রত তাহাকে লইয়া অপক্ষয় শূন্য অগাধ জলাশয়ে ক্ষেপণ করিলেন । কিন্তু এক দিনের মধ্যেই বর্দ্ধিত হইয়া সেই মীন সেই জলাশয় পরিমিত হইল । এই রূপে সত্যব্রত রাজর্ষি জলাশয়েও ঐ মৎস্যের শরীর সম্পোষ্য হইতে না দেখিয়া যখন সাগর মধ্যে প্রক্ষেপ করিতে যান্ তখন সেই মীন দীন ভাবে পুনরায় কহিতে লাগিল রাজন্ ! এখানে অতিবল মকরাদি জল জন্তু আছে, তাহারা আমাকে খাইয়া ফেলিবে, অতএব এ স্থানে আমাকে পরিত্যাগ করিবেন না । মৎস্যের ঐ রূপ বল্গু বচনে রাজর্ষি সত্যব্রত অতিশয় মোহিত হইলেন, অনন্তর তাহার তথ্য পরিজ্ঞান বাসনায় জিজ্ঞাসা করিলেন আপনি কে ? মৎস্য রূপে আমাদিগকে মোহিত করিতেছেন কেন ? ॥ ১৪ ॥

আমরা কস্মিন্ কালেও এবম্বিধ জলচর দর্শন অথবা শ্রবণ করি নাই, আপনি একদিনের মধ্যে স্বীয়

নূনং ত্বং ভগবান্ সাক্ষাদ্ধরি র্নারায়ণোঽব্যয়ঃ। অনুগ্রহায় ভূতানাং ধৎসে রূপং জলৌকসাং ॥১৫
নমস্তে পুরুষশ্রেষ্ঠ স্থিত্যুপত্ত্যপ্যয়েশ্বরঃ। ভক্তানাং নঃ প্রপন্নানাং মুখ্যোহ্যাত্মগতির্বিভো ॥
সর্ব্বে লীলাবতারাস্তে ভূতানাং ভূতিহেতবঃ। জ্ঞাতুমিচ্ছাম্যদো রূপং যদর্থং ভবতা ধৃতং ॥ ১৬ ॥
নতেঽরবিন্দাক্ষ পদোপসর্পণং মৃষা ভবেৎ সর্ব্বসুহৃৎপ্রিয়াত্মনঃ।
যথেতরেষাং পৃথগাত্মতাং সতামদীদৃশো যদ্বপুরদ্ভুতং হি নঃ ॥ ১৭ ॥
ইতি ব্রুবাণং নৃপতিং জগৎপতিঃ সত্যব্রতং মৎস্যবপুর্যুগক্ষয়ে।
বিহর্ত্তুকামঃ প্রলয়ার্ণবেঽব্রবীচ্চিকীর্ষিতমেকান্তজনপ্রিয়ঃ প্রভুঃ ॥ ১৮ ॥
শ্রীভগবানুবাচ ॥

শ্রীধরস্বামী।

মুখ্যঃ সত্য আত্মাচ গতিশ্চাশ্রয়ঃ ॥ ১৬ ॥

হে অরবিন্দাক্ষ পৃথগাত্মনাং দেহাদ্যভিমানিনাং সতামিতরেষাং পদোপসর্পণং যথা মৃষা ভবেৎ তথা সর্ব্ব সুহৃৎ প্রিয়াত্মন স্তব পদোপসর্পণং মৃষা ন ভবেৎ যদ্যস্মাৎ নোঽভক্তানামীদৃশং অদ্ভুতং বপুরদীদৃশঃ দর্শিতবানসি পৃথগাত্মনোঽসতামিতি পাঠে পৃথগাত্মনো ভেদদর্শিনঃ পুংসঃ অসতাং পরিচ্ছিন্নানাং পদোপসর্পণং যথা মৃষেত্যর্থঃ ॥ ১৭ ॥

একান্তজনা ভক্তাঃ প্রিয়া যস্ত ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মনাং গতির্যস্মাৎ স মুখ্যঃ প্রভুরিত্যর্থঃ ॥ ১৬ ॥

ইতরেষাং দেবেন্দ্রাদীনাং পৃথগাত্মনাং আত্মনঃ পৃথগ্দেহএব আত্মা যেষাং দেহাধ্যাসবতামিত্যর্থঃ। তব তু নাস্তি দেহাধ্যাসঃ দেহাত্মনোঃ পার্থক্যাভাবাদিতি ভাবঃ। যদ্যস্মান্নোঽস্মাকং সতাং স্বভক্তানাং নিস্তারার্থং অদ্ভুতমীদৃশং বপুরদীদৃশঃ দর্শিতবান্। পৃথগাত্মনোঽসতামিতি পাঠে পৃথগাত্মনঃ পুংসঃ অসতাং পদোপসর্পণং যথামৃষেত্যর্থঃ ॥ ১৭। ১৮। ১৯। ২০ ॥

কলেবর বর্দ্ধিত করিয়া শত যোজন জলাশয় ব্যাপ্ত করিলেন, আমার নিশ্চয় বোধ হইতেছে আপনি ভগবান্ নারায়ণ অব্যয় হরি প্রাণিদিগের প্রতি অনুগ্রহার্থ জলচর রূপ ধারণ করিয়াছেন ॥ ১৫ ॥

হে পুরুষশ্রেষ্ঠ! আপনাকে নমস্কার করি, আপনি সৃষ্টি স্থিতি প্রলয়ের অধীশ্বর। প্রভো! আমরা আপনকার ভক্ত এবং শরণাগত, আপনি আমাদের আত্মা ও আশ্রয়। ভগবন্! আপনকার সকল লীলাবতারই প্রাণিদের ভূতির হেতু সত্য, তথাচ সম্প্রতি যদর্থ এই রূপ ধারণ করিলেন অবগত হইতে বাসনা করি ॥ ১৬ ॥

হে অরবিন্দলোচন! দেহাদ্যভিমানি অন্য ব্যক্তিদের উপাসনা যদ্রূপ ব্যর্থ হয় সর্ব্ব সুহৃৎ ও প্রিয় আত্মা আপনকার পদোপ সর্পণ তদ্রূপ ব্যর্থ হয় না, যেহেতু আমরা কেবল আপনকার ভক্ত তথাচ আপনি ঈদৃশ অনির্ব্বচনীয় দয়া প্রকাশিয়া আমাদিগকে এই অদ্ভুত মূর্ত্তি দর্শন করাইলেন ॥ ১৭ ॥

হে রাজন্! নৃপবর সত্যব্রত এই প্রকার বিবিধ বাক্য প্রয়োগ করিতে লাগিলে যুগান্তসময়ে প্রলয়ার্ণবে বিহার কামনায় মৎস্যরূপধারী সেই জগৎপতি আপনার চিকীর্ষিত বলিলেন, কারণ একান্ত ভক্তজন তাঁহার অতিশয় প্রিয়পাত্র ॥ ১৮ ॥

সপ্তমেঽদ্য তনাদূর্দ্ধমহন্যেতদরিন্দম। নিমঙ্ক্ষ্যত্যপ্যয়াম্ভোধৌ ত্রৈলোক্যং ভূর্ভুবাদিকং ॥ ১৯ ॥
ত্রিলোক্যাং লীয়মানায়াং সংবর্ত্তাম্ভসি বৈ তদা। উপস্থাস্যতি নৌঃ কাচিদ্বিশালা ত্বাং ময়েরিতা ॥ ২০
ত্বং তাবদোষধীঃ সর্ব্বা বীজান্যুচ্চাবচানিচ। সপ্তর্ষিভিঃ পরিবৃতঃ সর্ব্বসত্ত্বোপবৃংহিতঃ ॥ ২১ ॥
আরুহ্য বৃহতীং নাবং বিচরিষ্যস্যবিক্লবঃ। একার্ণবে নিরালোকে ঋষীণামেব বর্চ্চসা।
দোধূয়মানাং তাং নাবং সমীরেণ বলীয়সা। উপস্থিতস্য মে শৃঙ্গে নিবধ্নীহি মহাহিনা।

শ্রীধরস্বামী।

অপ্যয়াম্ভোধৌ প্রলয়ার্ণবে ভূর্ভুব আদিকমিত্যর্থঃ ॥ ১৯ ॥

সম্বর্ত্তাম্ভসি প্রলয়োদকে ত্বামুপস্থাস্যতি প্রাপ্স্যতি ॥ ২০ ॥

ওষধীরাদায়েতি শেষঃ ॥ ২১ ॥

ঋষীণামেব অবলোকেন বিচরিষ্যসি ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

ত্বমিতি যুগ্মকং। সর্ব্ব সত্ত্বৈশ্চাত্ত্বৈঃ সৃষ্ট্যপেক্ষিতৈরুপবৃংহিতঃ ॥ ২১ । ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ওষধীরাদায়েতি শেষঃ। সত্ত্বৈঃ সত্ত্বৈঃ মুখ্য মুখ্য প্রাণিভিঃ স পরিকর মনু কশ্যপাদিভিরুপবৃংহিতঃ বর্দ্ধিতমহত্ত্বঃ সন্ ঋষীণাং বর্চ্চসা তেজসৈব বিচরিষ্যসি ॥ ২১ ॥

মে মৎস্য রূপস্যোত্তাণঃ। মহাহিনা বাসুকিনা ॥

ব্রাহ্মী নিশেতি যদ্যপ্যয়ং ব্রহ্মদিনগত চাক্ষুষমন্বন্তরমধ্যএব ভগবদিচ্ছয়ৈবাকস্মিকপ্রলয়োঽভূৎ। তদপি ত্রৈলোক্য মজ্জনাৎ দৈনন্দিন প্রলয় সাম্যাদ্ব্রহ্মা। ভগবৎ ক্রীড়েচ্ছা সত্যাস্তঃ স্মৃত্যা নির্ব্যাকুলো ব্রহ্মাপিকঞ্চিৎকালঃ সুষ্বাপ তদনুসারেণৈব গৌণ্যা-বৃত্ত্যা ব্রাহ্মী নিশেত্যুক্তমিতি ভাগবতামৃত ব্যাখ্যানুসারী সন্দর্ভঃ। তচ্চ ভাগবতামৃতং যথা মধ্যে মন্বন্তরস্যৈব মুনেঃ শাপান্মনুং প্রতি। প্রলয়োঽসৌ বভূবেতি পুরাণে ক্বচিদীর্য্যতে। অয়মাকস্মিকোজাতশ্চাক্ষুষস্যান্তরে মনোঃ। প্রলয়ঃ পদ্মনাভস্য লীলয়েবেতি কুত্রচিদিতি। কিঞ্চ দক্ষস্য মানস কায়িক প্রজাসৃষ্টীনাঞ্চানুপপত্তেরেব প্রলয়োঽয়মবশ্যমস্তব্য এব যদুক্তং চতুর্থে। চাক্ষুষেঽন্তরে প্রাপ্তে প্রাক্ সর্গে কালবিপ্লুতে। যঃ সসর্জ্জ প্রজা ইষ্টাঃ স দক্ষঃ কালচোদিত ইতি প্রলয়স্য চাক্ষুর্ম্মিধামপি নানুপপত্তিঃ। অস্য ক্ষুদ্রস্য প্রলয়স্য নৈমিত্তিকএবান্তর্ভাবাৎ। অতএব পৃথিব্যুদ্ধরণে হিরণ্যাক্ষবধাবপি শ্রীবরাহদেবেন চাক্ষুষ প্রলয়ান্তএব স্বায়ম্ভুব মন্বন্তরা-রম্ভে পৃথিব্যুদ্ধরণে হিরণ্যাক্ষ সংভবাভাবাৎ। যদুক্তং তত্রৈব উত্তানপাদ বংশ্যানাং তনয়স্য প্রচেতসাং। দক্ষস্যৈব দিতিঃ পুত্রী হিরণ্যাক্ষোদিতেঃ সুতঃ। কল্পারম্ভে তদা নাস্তি সুতোৎপত্তির্মনোরপি। ক্বাসৌ প্রাচেতসো দক্ষঃ ক দিতিঃ ক দিতেঃ সুতঃ। অতঃ কালদ্বয়োদ্ভূতং শ্রীবরাহস্য চেষ্টিতং। একত্রৈবাহ মৈত্রেয়ঃ ক্ষত্তুঃ প্রশ্নানুসারত ইতি। এবমিহাপি কালদ্বয়োদ্ভূতং মৎস্য

ভগবান্ কহিলেন হে অরবিন্দম! অদ্যতন দিবসের পর সপ্তম দিবসে প্রলয়ার্ণবে ভূর্ভুবাদি ত্রৈলোক্য নিমগ্ন হইবে ॥ ১৯ ॥

হে রাজন্! যখন প্রলয়োদকে ত্রিলোকী প্লাবিত হইতে আরম্ভ হইবে সেই সময় আমার প্রেরিত এক খান বৃহৎ তরণী তোমার নিকট আসিয়া উপস্থিত হইবে ॥ ২০ ॥

তুমি দেখিবা মাত্র সর্ব্বপ্রকার ওষধি এবং ক্ষুদ্র ও মহৎ সমুদায় গ্রহণ পূর্ব্বক সপ্তর্ষিগণে পরিবৃত ও সর্ব্ব প্রাণি সমন্বিত হইয়া ॥ ২১ ॥

সেই নৌকায় শীঘ্র আরোহণ করিও, তদ্যোগে অকাতরে ভ্রমণ করিয়া বেড়াইতে পারিবে। রাজন্! একার্ণব হইলে আলোক শূন্য হইবে সত্য, কিন্তু তুমি ঋষিদিগের তেজোদ্বারা ভ্রমণ করিতে সমর্থ হইবে। তদনন্তর প্রবল পবনে যখন সেই তরী কম্পিত হইবে তখন আমি সমীপে গিয়া উপ-

অহং ত্বামৃষিভিঃ সার্দ্ধং সহ নাবমুদন্বতি। বিকর্ষন্ বিচরিষ্যামি যাবদ্ব্রাহ্মী নিশা প্রভো ॥ ২২ ॥
মদীয়ং মহিমানঞ্চ পরব্রহ্মেতি শব্দিতং। বেৎস্যস্যনুগৃহীতং মে সংপ্রশ্নৈর্বিবৃতং হৃদি।
ইত্থমাদিশ্য রাজানং হরিরন্তরধীয়ত। সোঽন্ববৈক্ষত তং কালং যং হৃষীকেশ আদিশৎ।
আস্তীর্য্য দর্ভান্ প্রাক্কূলান্ রাজর্ষিঃ প্রাগুদঙ্মুখঃ। নিষসাদ হরেঃ পাদৌ চিন্তয়ন্ মৎস্যরূপিণঃ।

শ্রীধরস্বামী।

মে ময়ানুগৃহীতং প্রসাদীকৃতং হৃদি অপরোক্ষং বেৎস্যসি ত্বয়া কৃতৈঃ সংপ্রশ্নৈর্ময়া বিবৃতং সন্তং ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

মদীয়মিতি মহিমানমৈশ্বর্য্যং। বিভূতিনির্ব্বিশেষমিতি যাবৎ। মহৈব সম্যক্ প্রকাশত্বাৎ। অতএব মে ময়া অনুগৃহীতং অনুগ্রহেণ প্রকাশিতং। যদ্যপি মদনুভবান্তর্ভূত এব ব্রহ্মানুভব ইত্যতো নাস্তি যতঃ পৃথগনুভবাপেক্ষা তথাপি ভক্তি প্রকাশিত সাক্ষান্মদনুভবে তদান্তরানুভবো ন স্ফুটো ভবতি। যদি তদীয় স্ফুটতায়াং তবেচ্ছা কথঞ্চিদ্বর্ত্তেত তদা সাপি ভবেদিতি ভাবঃ। প্রসঙ্গমিদমেকাদশে বিশিষ্য দর্শয়িষ্যতি ॥

প্রাক্কূলান্ প্রাচীনাগ্রান্ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চেষ্টিতং স্পষ্টমবিবিচ্য খণ্ডেকীকৃত্যৈবাহ। শ্রীমম্মুনীন্দ্রঃ বস্তু তস্য আসীদতীতকল্পান্তে ইত্যাদিনোক্তা যা শফরী বেদানয়নার্থা-সাঙ্গ্যা সত্যব্রতাঞ্জলি গতা তু চাক্ষুষ মন্বন্তরীয়া অন্যৈবেতি জ্ঞেয়ং। শ্রীশুকস্তু চাক্ষুষীয় মৎস্যমেবাবতারগণ মধ্যে গণিতবান্। তথাহি রূপং স জগৃহে মাৎস্যং চাক্ষুষোদধিসংপ্লবে। নাব্যারোপ্যমহীময্যামপাদ্বৈবস্বতং মনুমিতি শ্রীস্বামিচরণাস্তু অত্রেদং চিন্ত্যমিত্যাক্ত্বা এবমাক্ষেপয় ইতি। সোহসাবস্মিন্মহাকল্পে ইতি চোক্তে বয়ং মহাপ্রলয়শ্চেন্ন মহাপ্রলয়ে পৃথিব্যাদীনামবশেষাসংভবাৎ। যাবদ্ব্রাহ্মী নিশেত্যুক্তেরয়ং দৈনন্দিন এবেতি চেন্ন। সাম্বর্ত্তকৈরনাবৃষ্ট্যাদিভিস্তিনা অকস্মাদেব সপ্তমেঽহনি ত্রৈলোক্যং নিমঙ্ক্ষ্য-তীতি মৎস্যোক্তেরনুপপত্তেঃ। তস্মাৎ সত্যব্রতস্য জ্ঞানাদ্যুপদেশার্থমাবির্ভূতো ভগবান্ বৈরাগ্যার্থং মায়য়ৈব মার্কণ্ডেয়মিব তং প্রলয়ং দর্শয়ামাসেত্যাহুঃ ॥ ২২ ॥

অথ প্রকৃতমনুসরামঃ কিঞ্চাত্মারামগণ সঙ্গিন স্তব হৃদি ব্রহ্মানুভূষা জাগর্ত্তি সাপি মৎকৃপয়ৈব সফলা ভবিষ্যতীত্যাহ মদীয়মিতি শব্দিতং ব্রহ্ম শব্দ সঙ্কেতিতং মদীয়ং মহিমানং মহতো মম যো মহিমা একো ধর্ম্ম স্তং মহৈব ব্যাপকং নির্বিশেষং স্বরূপং বেৎস্যসি অনুভবিষ্যসি মে ময়া অনুগৃহীতুং তুভ্যং প্রসাদী কৃত্য দত্তমিত্যর্থঃ। ব্রহ্ম স্বরূপস্য মদীয়ত্বেন ময়া দত্তং শক্যত্বাদেব তদর্থং তব পৃথক্ জ্ঞানাদি প্রয়াসেনালমিতি ভাবঃ। কেন প্রকারেণানুগৃহীষ্যসীত্যত আহ সংপ্রশ্নৈ স্ত্বয়া কৃতৈ স্তৎ প্রত্যুত্তরত্বেন তব হৃদি হৃদয়ে বিবৃতং বিস্তৃতীকৃত্য মহৈবানির্দ্দিষ্টামপি তৎ বলাৎগ্রাহিতমিত্যর্থঃ। বিষয় গ্রাহণাশং জীবেভ্যো যথা বুদ্ধীন্দ্রিয়াদি সৃষ্ট্বা দত্তবানস্মি তথৈব ব্রহ্ম স্বরূপ গ্রাহণাশমপি কিমপি স্বসামর্থ্যং তুভ্যং কৃপয়া দাস্যামীতি ভাবঃ ॥

প্রাগুত্তরয়োরন্তরালে মুখং যস্য সঃ ॥ ২৩ ॥

স্থিত হইব, বৃহৎ সর্প রূপ রজ্জু দ্বারা আমার শৃঙ্গে সেই তরী বন্ধন করিও। যাবৎ ব্রহ্ম সম্বন্ধিনী রজনী থাকিবে তাবৎ পর্য্যন্ত আমি তোমাকে সেই তরী ও ঋষিগণ সহিত প্রলয়ার্ণবে আকর্ষণ করিয়া বেড়াইব ॥ ২২ ॥

রাজন্! পরমব্রহ্ম পদবাচ্য যে আমার মহিমা, তৎকালে তোমার প্রশ্নে আমি তাহা বিবৃত করিব, তুমি আমার প্রসাদলব্ধ সেই মহিমা আপনার হৃদয়ে অবগত হইতে পারিবে। ভগবান্ হরি এই প্রকারে সত্যব্রত রাজর্ষিকে আদেশ করিয়া সেই স্থানেই অন্তর্দ্ধান হইলেন। তদনন্তর ঐ রাজর্ষি অবহিত হইয়া সেই কালের প্রতীক্ষা করিতে লাগিলেন, ভগবান্ যাহা আদেশ করিয়া গেলেন অর্থাৎ সত্যব্রত রাজা মৎস্যরূপি হরির চরণ স্মরণ করত কুশাস্তরণ পূর্ব্বক উদঙ্মুখে উপবিষ্ট হইলেন। কিয়ৎকাল পরে দৃশ্য হইল, সমুদ্রনীর তীর অতিক্রমণ করিয়া সর্ব্বতোভাবে পৃথিবী প্লাবিত করত

ততঃ সমুদ্র উদ্বেলঃ সর্ব্বতঃ প্লাবয়ন্মহীং। বর্দ্ধমানো মহামেঘৈর্বর্ষদ্ভিঃ সমদৃশ্যত।
ধ্যায়ন্ ভগবদাদেশং দদৃশে নাবমাগতাং। তামারুরোহ বিপ্রেন্দ্রৈরাদায়ৌষধি বীরুধঃ।
তমূচুর্মুনয়ঃ প্রীতা রাজন্ ধ্যায়স্ব কেশবং। স বৈ নঃ সঙ্কটাদস্মাদবিতা শং বিধাস্যতি।
সোঽনুধ্যাত স্ততো রাজ্ঞা প্রাদুরাসীন্মহার্ণবে। একশৃঙ্গধরোমৎস্যো হৈমো নিযুতযোজনঃ ॥২৩॥
নিবধ্য নাবং তচ্ছৃঙ্গে যথোক্তো হরিণা পুরা। বরত্রেণাহিনা তুষ্টস্তুষ্টাব মধুসূদনং ॥ ২৪ ॥
শ্রীরাজোবাচ ॥
অনাদ্য বিদ্যোপহতাত্ম সংবিদ স্তন্মূল সংসার পরিশ্রমাতুরাঃ।

শ্রীধরস্বামী।

বরত্রেণ ডোরকরূপেণ ॥ ২৪ ॥

সাগরং তারয়ন্তং ত্বং তরিষ্যন্ ভবসাগরং। সত্যব্রতো শুকস্থেন তুষ্টাব হরিমষ্টভিঃ। অত্রেদং চিন্ত্যং কিময়ং মহাপ্রলয়ো দৈনন্দিনোবেতি তত্র তাবন্নাদ্যোলয় ইতি যোঽসাবস্মিন্ মহাকল্প ইতি চোক্তে মহাপ্রলয় ইতি প্রাপ্তং নেতি ক্রমঃ মহাপ্রলয়ে পৃথিব্যাদীনামবশেষাসম্ভবাৎ যাবদ্ব্রাহ্মী নিশেত্যাদ্যুক্তি বিরোধাচ্চ অতো দৈনন্দিন ইতি যুক্তং নচৈতদপি সঙ্গচ্ছতে সম্বর্ত্তকের নাবৃষ্ট্যাদিভির্ব্বিনা অকস্মাদেব সপ্তমেঽহনি ত্রৈলোক্যং নিমজ্জ্যতীতি মৎস্যোক্তেরনুপপত্তেঃ যচ্চোক্তং প্রথমস্কন্ধে রূপং স জগৃহে

ক্রমসন্দর্ভঃ।

ততঃ সমুদ্রেতি চাক্ষুষ মন্বন্তরান্তেচ খাণ্ডিক প্রলয়োয়ং। যথোক্তং। রূপং স জগৃহে মাৎস্যং চাক্ষুষান্তরসংপ্লব ইতি। প্রতি মন্বন্তরান্তমপি তত্তদ্বর্ণনাং তত্র প্রমাণানি তত্রৈব দর্শিতানি। কিন্তুস্য প্রলয়স্য দৈবেন ষষ্ঠ মন্বন্তর মধ্যএব নির্ভর জাতত্বাৎ ন তদন্তে পূর্ব্বজাতত্ব মিত্যেব বিশেষঃ। স চায়ং মন্বন্তর প্রলয়ো নৈমিত্তিক বিশেষ এবেতি নচ প্রলয়স্য চতুর্বিধত্ব হানিঃ। তদেব মন্বন্তর প্রলয়ে ত্রৈলোক্য মজ্জনাদ্দৈনন্দিন সাম্যেন তস্যাপি কিঞ্চিৎ কালং স্থাপনে। তদনুসারেণ সৌপ্যাদ্যা ব্রাহ্মী নিশেত্যুক্ত মিতি। সতি পুরাণান্তরেণোপচিতে শ্রীভাগবতমতে কল্পনান্তরং ন কৃতং ॥ ২৩। ২৪ ॥

অনাদ্যবিদ্যা তন্মায়া ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

বরত্রেণ ডোরক রূপেণ ॥ ২৪ ॥

অনাদির্যা অবিদ্যা তয়া উপহতা আবৃতা আত্ম সংবিৎ যেষাং তে। অতএবাবিদ্যা মূলৈঃ সংসার পরিশ্রমৈরাতুরাঃ। ইহ সংসারে ভ্রমন্তএব যদৃচ্ছয়া যাদৃচ্ছিক্যা ভক্তকৃপয়েত্যর্থঃ। উপস্থতা আশ্রিতাঃ যং আপ্নুয়ুঃ স ভবান্ গ্রন্থিং ভিন্দ্যাদিত্যুত্তরেণা•

বর্দ্ধিত হইল এবং ভয়ঙ্কর মেঘ সমূহ অজস্র বর্ষণশীল হইয়া উঠিল, রাজর্ষি সত্যব্রত ভগবানের আদেশ চিন্তা করিতে ২ দেখিতে পাইলেন একখান নৌকা নিকটে আসিয়া উপস্থিত হইল। মৎস্য মূর্ত্তি ভগবানের নিদেশ স্মরণ করিয়া তিনি সর্ব্ব প্রকারে ওষধি ও লতাদি গ্রহণ পূর্ব্বক সপ্তর্ষি সহ সেই তরীতে আরোহণ করিলেন। নৌকারূঢ় হইলে মুনিগণ ঐ রাজর্ষিকে সম্বোধন করিয়া বলিলেন রাজন্। ভগবান্ কেশবের ধ্যান কর, তিনি আমাদিগকে এই শঙ্কট হইতে রক্ষা করিয়া কল্যাণ বিধান করিবেন। হে ভারত! সত্যব্রত কর্ত্তৃক অনুধ্যাত হইবামাত্র এক শৃঙ্গধারী, নিযুত যোজন পরিমিত কলেবর, একটী স্বর্ণময় মৎস্য তৎক্ষনাৎ মহার্ণবে প্রাদুর্ভূত হইল ॥ ২৩ ॥

সত্যব্রত নরপতি ভগবানের পূর্ব্ব কথিতানুসারে অহিডোর দ্বারা সেই মৎস্যের শৃঙ্গে নৌকা বন্ধন করিলেন এবং তুষ্ট হইয়া মধুসূদনের স্তব করিতে প্রবৃত্ত হইলেন ॥ ২৪ ॥

সত্যব্রত রাজা কহিলেন ভগবন্! যে সকল ব্যক্তির আত্ম সম্বিৎ অনাদি বিদ্যায় আবৃত, অতএব

যদৃচ্ছয়েহোপসৃতা যমাপ্নুয়ু র্বিমুক্তিদো নঃ পরমোগুরু র্ভবান্ ॥ ২৫ ॥
জনোবুধোঽয়ং নিজকর্ম্মবন্ধনঃ সুখেচ্ছয়া কর্ম্ম সমীহতে সুখং।
যৎ সেবয়া তাং বিধুনোত্যসম্মতিং গ্রন্থিং সভিন্দ্যাদ্ধৃদয়ং স নো গুরুঃ ॥ ২৬ ॥
যৎসেবয়াগ্নেরিব রুদ্ররোদনং পুমান্ বিজহ্যান্মলমাত্মন স্তমঃ।

শ্রীধরস্বামী।

মাৎস্যং চাক্ষুষমন্বন্তর সংপ্লবে। নাবারোপণ্য মহীমযামযাদিবৈবস্বতং মনুমিতি তদপি তদা দুর্ঘটং নহি প্রলয়দ্বয়েঽপি মহীময্যাং নাব্যারোহঃ সম্ভবতি নচ চাক্ষুষান্তরে প্রলয়োঽস্তি তথাচ সতি সপ্তমোমনু র্বৈবস্বত ইত্যাপি দুর্ঘটং স্যাৎ ত্বং তাবদোষধীঃ সর্ব্বা ইত্যাদি নির্দ্দেশোঽপি ন সঙ্গচ্ছতে নহি তদা ওষধ্যাদীনাং সত্ত্বানাং চাবশেষঃ সম্ভবতি তস্মাদন্যথা বর্ণ্যতে নৈবায়ং বাস্তবঃ কোঽপি প্রলয়ঃ কিন্তু সত্যব্রতস্য জ্ঞানোপদেশায়াবির্ভূতো ভগবান্ বৈরাগ্যার্থমকস্মাৎ প্রলয়মিব দর্শয়ামাস যথাস্মিন্নেব বৈবস্বত মন্বন্তরে মার্কণ্ডেয়ায় দর্শিতবান্ তদপেক্ষয়ৈব মহাকল্পেঽস্মিন্নিতি বিশেষণং সঙ্গচ্ছতে তথাচ ততঃ সমুদ্র উদ্বেলঃ সর্ব্বতঃ সমদৃশ্যতেতি তত্রৈব তথা দর্শনমুক্তং ইত্যেষা দিক্ প্রস্তুতং স্তোত্রং ব্যাখ্যাস্যামঃ তত্র নানা যোনিষু সংসরতঃ স্বস্য ভগবৎ কৃপয়ৈব তৎ প্রাপ্তিং দৃষ্ট্বা মুক্তয়ে তমেব প্রার্থয়তে হনাদিনাঽবিদ্যা তয়োপহতা আবৃতা আত্মসংবিৎ যেষাং তে অতএবাবিদ্যামূলৈঃ সংসার পরিশ্রমৈরাতুরা ইহ সংসারে যদৃচ্ছয়া যদনুগ্রহাদেব উপসৃতা আশ্রিতাঃ সন্তো যং প্রাপ্নুয়ুঃ স ভগবানেব সাক্ষান্নোগুরুঃ সন্ গ্রন্থিং ভিন্দ্যাদিত্যুত্তরে ণান্বয়ঃ ॥ ২৫ ॥

নন্থ বৈরাগ্যং বিনা কুতোমুক্তিঃ তর্হি তস্য ত্বৎ সেবৈকফলত্বাৎ সেবামাদিশেত্যাশয়েনাহ অবুধোঽয়ং জনঃ অসুখং যথা ভবতি তথা কর্ম্ম সমীহতে তাং সুখেচ্ছাং নো হৃদয়রূপং গ্রন্থিং স ভিন্দ্যাৎ যতঃ সএব পরমোগুরুঃ ॥ ২৬ ॥

নন্থ যজ্ঞদানাদিভিঃ সত্ত্ব শুদ্ধিং বিনা কথং গ্রন্থির্ভেদ্যঃ স্যাৎ তত্রাহ যস্য সেবয়ৈব পুমানাত্মনো মনসোমলং তমো বিজহ্যাৎ এব হীনমলঃ নিজং বর্ণং স্বরূপং ভজেৎ স ঈশোনো গুরুর্ভূয়াৎ যতঃ সএব গুরোরপি পরমোগুরুঃ। মলহীনে দৃষ্টান্তঃ রুদ্ররোদনং

ক্রমসন্দর্ভঃ।

গুরোরপি পরমো গুরুরিতি। সাক্ষাত্ত্বৎ প্রাপ্তৌ নান্যোঽন্যোঽস্য ইতি ভাবঃ ॥ ২৬। ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন্বয়ঃ। পরমোগুরুরিতি মদ্বিষয়ক যাদৃচ্ছিক কৃপাবন্তো ভক্ত্যুপদেশকাঃ সপ্তর্ষয়ো মে গুরব স্তেষামপি ভক্ত্যুপদেশকত্বং মৎ পরম গুরুরিত্যর্থঃ। যথা ত্বমবতীর্ণা কদাচিৎ কেষাঞ্চিৎ গুরুঃ কেষাঞ্চিৎ পরম গুরুশ্চ ভবসীতি কশ্চিদবতারএব সূচিতঃ। প্রতিশ্লোকমেব গুরুপদ প্রয়োগাদবসীয়তে ॥ ২৫ ॥

নচ ত্বাং বিনা প্রকারান্তরেণ নিস্তার ইত্যাহ জনোজীবঃ ন বিদ্যতে বস্তুতঃ সুখং যত্র তৎ। তাং সুখেচ্ছাং। হৃদয়ং হৃদয়স্থং গ্রন্থিমজ্ঞানং স ভিন্দ্যাৎ ॥ ২৬ ॥

নচ জ্ঞানেনৈবাজ্ঞানং নশ্যেদিতি বাচ্যমিত্যাহ যস্য সেবয়ৈব পুমান্ জীবঃ আত্মনঃ স্বস্য তমোঽজ্ঞান রূপং মলং বিজহ্যাৎ যথা রুদ্ররোদনং রজতং স্বর্ণঞ্চ। যদরোদীত্তদ্রুদ্রস্য রুদ্রত্বং যদশ্রু অশীর্য্যত তদ্রজতং হিরণ্যমভবদিতি শ্রুতেঃ। তৎ খল্বগ্নেঃ সম্পর্কা-

যাহারা অবিদ্যা মূল সংসার পরিশ্রমে আতুর, তাহারাও এই সংসারে যাঁহার অনুগ্রহ হেতু আশ্রিত হইয়া যাঁহাকে প্রাপ্ত হন্ আপনি সেই প্রভু, আমাদের মুক্তিপ্রদ পরম গুরু ॥ ২৫ ॥

ভগবন্! এই জন নিতান্ত অবোধ, নিজ কর্ম্মই ইহার বন্ধন হইয়াছে, এ সুখেচ্ছায় অসুর রূপে কর্ম্ম চেষ্টা করিয়া বেড়ায়, পরন্তু যাঁহার সেবায় সেই সুখেচ্ছা বিসর্জন করিতে পারা যায়, তিনি আমাদের পরম গুরু ॥ ২৬ ॥

অহো! রজত যদ্রূপ অগ্নি সেবা দ্বারা আপনার মলিনতা পরিত্যাগ পূর্ব্বক নিজরূপ ভজনা করে তদ্বৎ যাঁহার সেবায় পুরুষ অন্তঃকরণের মলরূপ তমঃ পরিত্যাগ করেন এবং হীন মল হইয়া নিজ বর্ণ

ভজেত বর্ণং নিজমেষ সোঽব্যয়ো ভূয়াৎ স ঈশঃ পরমোগুরোর্গুরুঃ ॥ ২৭ ॥
নযৎ প্রসাদাযুতভাগলেশমন্যেচ দেবা গুরবোজনাঃ স্বয়ং।
কর্ত্তুং সমেতাঃ প্রভবন্তি পুংসস্তমীশ্বরং ত্বাং শরণং প্রপদ্যে ॥ ২৮ ॥
অচক্ষুরন্ধস্য যথাগ্রণীঃ কৃতস্তথা জনস্যাবিদুষোঽবুধো গুরুঃ।
ত্বমর্কদৃক্ সর্ব্ব দৃশাং সমীক্ষণো বৃতো গুরুর্ন স্বগতিং বুভুৎসতাং ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

রজস্তং যদয়োঽদীৎ তজ্জন্যস্য রুদ্রবং যদশ্চ অবশীর্য্যত তদ্রজতং হিরণ্যমভবদিতি শ্রুতেঃ। তদযথা অগ্নেঃ সম্পর্কান্মলং জহাতি স্বং বর্ণঞ্চ ভজতে নতু ক্ষালনাদিভিস্তথা ন যজ্ঞাদিভির্ম্মলত্যাগঃ কিন্তু ত্বৎ সেবয়ৈব তেষাস্তু সেবাঙ্গত্বমেবেতি ভাবঃ ॥ ২৭ ॥

পরমেশ্বরত্বং পরম গুরুত্বঞ্চ প্রপঞ্চয়ন্নাহ যৎ প্রসাদস্যাযুতভাগঃ তস্য লেশমপ্যন্যে দেবাদয়ঃ সর্ব্বে সমেতা অপি স্বয়ং তস্মিন্ নিরপেক্ষাঃ সন্তঃ কর্ত্তুং ন প্রভবন্তি ॥ ২৮ ॥

তদেব দৃষ্টান্তেন স্পষ্টয়ন্নাহ অচক্ষুরিতি। অবিদুষো জনস্য অবুধোঽবিদ্বান্ গুরু স্তথৈব অর্ক প্রকাশবৎ স্বতএব দৃক্ জ্ঞানং যস্য সঃ অর্কদৃক্ অতঃ সর্ব্বদৃশাং সর্ব্বেন্দ্রিয়াণাং সমীক্ষণঃ প্রকাশকঃ অতএব স্বগতিং বোদ্ধুমিচ্ছদ্ভিঃ নোঽস্মাভি র্গুরুর্বৃতোঽসি ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

অন্যেতু স্বতন্ত্রং মত্যাস্ত্বতীবাকিঞ্চিৎকরা ইত্যাহ ন যদিতি ॥ ২৮ ॥

প্রাগ্জন্মনি গুরুপ্রাপ্তভক্তে স্তস্য ক্ষিতীশিতুঃ সংস্কারাস্তজ্জতঃ শ্রীশংস্তবতঃ সোঽয়মাশয়ঃ। স্বয়ং চাবিশ্য। কশ্চিদ্বা ভবানেব গুরুর্ভবেৎ। অতো ভগবন্তমাসাদ্য স্তবন্তং গুরুমর্থয়ে। তত্র ত্বমর্কদৃক্ স্বদত্তিজ্ঞানাং সর্ব্বেষামপি শ্রেষ্ঠ ইত্যর্থঃ ॥২৯।৩০।৩১।৩২।৩৩

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যেন মলং জহাতি স্বং রূপং স্বরূপঞ্চ ভজেৎ নতু ক্ষালনাদিভি স্তথা জ্ঞানাদিভির্মলত্যাগ ইত্যর্থঃ ॥ ২৭ ॥

অতস্ত্বাং বিহায় ঝটিতি প্রসাদা অপি দেবাদয়ো নৈব সেব্যা ইত্যাহ নেতি যৎ প্রসাদস্যাযুতভাগ স্তস্য লেশমাত্রমপ্যন্যে দেবা গুরবঃ পিত্রাদয়ঃ জনাঃ সুখদিৎসবো নৃপাদয়শ্চ সর্ব্বে সমেতা অপি স্বয়ং তন্নিরপেক্ষাঃ সন্তঃ কর্ত্তুং ন প্রভবন্তি ॥ ২৮ ॥

যতস্ত্বৎ সেবয়া বিনা পুমান ন মলং বিজহ্যাদিত্যুক্ত মতস্ত্বৎসেবানুপদেষ্টা গুরুরপি নসেব্য ইত্যাহ অচক্ষুরিতি। অবিদুষো জনস্যাবুধোঽপণ্ডিতঃ পণ্ডিতো বন্ধমোক্ষবিদিতি মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ইতি ত্বদুক্তে ভক্ত্যুপদেষ্টৈব বুধঃ সএব গুরুরন্যস্ত্বনর্থহেতু রিত্যর্থঃ। অতএব নোঽস্মাকং স্বগতিং ভক্তিং বুভুৎসতাং গুরোর্বৃতো যঃ সতু ত্বমেব সাক্ষাদিত্যর্থঃ। অর্কদৃক্ অর্ক ইব দৃশ্য ইত্যর্থঃ। সর্ব্বদৃশাং সর্ব্বনেত্রাণাং সর্ব্বেন্দ্রিয়াণাং সর্ব্বজ্ঞানানাঞ্চ সমীক্ষণঃ প্রকাশক ইতি পক্ষত্রয়ে দ্রষ্টব্যং ॥ ২৯ ॥

অর্থাৎ স্বরূপ ভজনা করিয়া থাকেন, সেই অব্যয় ঈশ্বর আমাদের গুরু হউন, যে হেতু তিনি গুরুরও পরমগুরু ॥ ২৭ ॥

অহো! অন্যান্য দেব, গুরু এবং মহাজন সকলে স্বয়ং সমেত হইয়াও যে পুরুষের প্রসাদের অযুত ভাগের কণামাত্র পরিমিত প্রসন্নতাও করিতে সমর্থ হন্ না, ভগবন্! আপনি সেই ঈশ্বর আমি আপনকার শরণাপন্ন হইলাম ॥ ২৮ ॥

প্রভো! অন্ধজনে যেমন অচক্ষুঃ জনকে আপনার অগ্রণী করে তাহার ন্যায়, অবিদ্বান্ ব্যক্তিই অবোধ ব্যক্তিকে গুরু বলিয়া বরণ করিয়া থাকে, আমরা তদ্রূপ নহি, আপনকার গতি অবগত হইতে ইচ্ছা করি, অতএব আপনাকেই গুরু রূপে বরণ করিলাম, আপনকার জ্ঞান অর্ক প্রকাশবৎ স্বতঃ সিদ্ধ এবং আপনি সকল ইন্দ্রিয়ের প্রকাশক ॥ ২৯ ॥

জনো জনস্যাদিশতেঽসতীং গতিং যয়া প্রপদ্যেত দুরত্যয়ং তমঃ।
ত্বং ত্বব্যয়ং জ্ঞানমমোঘমঞ্জসা প্রপদ্যতে যেন জনো নিজং পদং ॥ ৩০ ॥
ত্বং সর্ব্বলোকস্য সুহৃৎ প্রিয়েশ্বরোহ্যাত্মা গুরু র্জ্ঞানমভীষ্টসিদ্ধিঃ।
তথাপি লোকো নভবন্তমন্ধধীর্জানাতি সন্তং হৃদি বদ্ধকামঃ ॥ ৩১ ॥
তং ত্বামহং দেববরং বরেণ্যং প্রপদ্য ঈশং প্রতিবোধনায়।
ছিন্ধ্যর্থদীপৈ র্ভগবন্ বচোভিগ্রর্ন্থীন্ হৃদয্যান্ বিবৃণু স্বমোকঃ ॥ ৩২ ॥
শ্রীশুক উবাচ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ প্রাকৃতো গুরুরনর্থহেতুরেবেত্যাহ জন ইতি। আদিশতে উপদিশতি অসতীং গতিং অর্থ কামাদি মতিং তমঃ সংসারঃ ॥ ৩০ ॥

ননু তর্হি সর্ব্বোঽপি লোকো মামেব কিং নোপসরতি অজ্ঞানাদিত্যাহ ত্বমিতি। প্রিয়শ্চাসাবীশ্বরশ্চ ॥ ৩১ ॥

অহন্তু ত্বামেব শরণং যামীত্যাহ তং ত্বামিতি। প্রতিবোধনায় অর্থদীপৈঃ পরমার্থ প্রকাশকৈঃ হৃদয়ে ভবান্ গ্রন্থীন্ অহঙ্কারাদীন্ স্বমোকঃ স্বং রূপং বিবৃণু প্রকাশয় ॥ ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ।

শ্রীমৎস্য দেবস্য সময় দ্বয়েঽবতারং পুনর্দ্দর্শয়তি। অতীতেতি দ্বাভ্যাং ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দৃষ্টান্ত বাঞ্ছিতমর্থং স্পষ্টমাহ। জন ইতি আদিশতে উপদিশতি অতঃ প্রাকৃতো গুরুরনর্থ হেতু র্দূরে পরিহরণীয় ইত্যর্থঃ। ত্বন্তু গুরুরূপাবতীর্ণঃ। অব্যয়ং জ্ঞান ভক্ত্যুত্থং জ্ঞানমেব উপদিশসি নতু কেবলং বিদ্যাময়ং যৎফলমুৎপাদ্য বেতীত্যর্থঃ। নিজং পদং ত্বচ্চরণারবিন্দং বৈকুণ্ঠং বা ॥ ৩০ ॥

নন্বেবং গুরুভূতং মাং কিমিতি সর্ব্বে ন প্রপদ্যন্তে দুর্বুদ্ধিত্বাদিত্যাহ ত্বমিতি সুহৃদাদি রূপ ইত্যন্যো। সুহৃদাদয়ো বস্তুতঃ সুহৃদাদয়োনৈব ভবন্তীত্যর্থঃ। যদ্বা সুহৃৎ সখ্যভাববিষয়ঃ প্রিয়ঃ কান্তভাববিষয়ঃ ঈশ্বরঃ দাস্যভাববিষয়ঃ। আত্মা শান্তভাব বিষয়ঃ। গুরুর্দাস্য বিশেষ বিষয়ঃ। যদ্বা অগুরুঃ সুতাদিরিতি বাৎসল্য ভাববিষয়ঃ। জ্ঞানং ভাব শূন্যানাং কেবল মোক্ষপ্রদঃ। অভীষ্ট সিদ্ধিঃ সকামানাং সর্ব্ব কামপ্রদ ইতি। সন্তং সাধুরূপং ত্বাং অন্ধধী রসাধু র্যতো হৃদি নিবদ্ধ দুর্বাসনঃ ॥ ৩১ ॥

অহন্তু ত্বন্তক কৃপাসিদ্ধজনবিগতান্ধ্যস্ত্বামেব গতিং পশ্যামীত্যাহ। তমিতি প্রতিবোধনায় সংসার শয্যায়াং নিদ্রাণং মাং কৃপয়া প্রতিবোধয়েত্যর্থঃ। অর্থদীপৈঃ পরমার্থপ্রকাশকৈঃ হৃদয়ভবান্ গ্রন্থীন্ স্বমোকো বৈকুণ্ঠং বিবৃণু তৎপ্রাপকবর্ত্ম ব্রূহি ॥ ৩২ ॥

ভগবন্! প্রাকৃত গুরু কেবল অনর্থের হেতু, তাঁহারা লোককে অর্থ কামাদির মতি উপদেশ করেন তাহাতে লোকে দুরত্যয় সংসার প্রাপ্ত হয়, আপনি তদ্রূপ নহেন, আপনি অব্যয় ও অব্যর্থ জ্ঞানই যথার্থত উপদেশ দিয়া থাকেন, তাহাতে লোক সকল নিজপদ প্রাপ্ত হয় ॥ ৩০ ॥

হে দেব! যদিও আপনি সকল লোকেরই সুহৃৎ, প্রিয়, ঈশ্বর, আত্মা গুরু এবং জ্ঞান ও অভীষ্ট সিদ্ধি স্বরূপ, তথাপি অনেকে অন্ধ বুদ্ধি ও কামবদ্ধ হওয়াতে স্বীয় হৃদয়স্থ আপনাকেও জানিতে পারে না ॥ ৩১ ॥

কিন্তু আমি আত্ম প্রবোধার্থ আপনকার শরণাপন্ন হইলাম। আপনি দেববর, বরেণ্য এবং ঈশ্বর। ভগবন্! পরমার্থ প্রকাশক বাক্য সকল দ্বারা আমার হৃদয়োৎপন্ন অহঙ্কারাদি গ্রন্থি ছেদন করুন এবং আত্ম স্বরূপ প্রকাশ করিয়া দিতে আজ্ঞা হউক ॥ ৩২ ॥

ইত্যুক্তবন্তং নৃপতিং ভগবানাদি পূরুষঃ। মৎস্য রূপী মহাম্ভোধৌ বিহরংস্তত্ত্বমব্রবীৎ।
পুরাণসংহিতাং দিব্যাং সাংখ্যযোগক্রিয়াবতীং। সত্যব্রতস্য রাজর্ষে রাত্মগুহ্যমশেষতঃ।
অশ্রৌষীদৃষিভিঃ সাকমাত্মতত্ত্বমসংশয়ং। নাব্যাসীনো ভগবতা প্রোক্তং ব্রহ্ম সনাতনং॥ ৩৩॥
অতীতপ্রলয়াপায় উত্থিতায় সবেধসে। হত্বাঽসুরং হয়গ্রীবং বেদান্ প্রত্যাহরদ্ধরিঃ।
'সতু সত্যব্রতো রাজা জ্ঞান বিজ্ঞান সংযুতঃ। বিষ্ণোঃ প্রসাদাৎ কল্পেঽস্মিন্নাসীদ্বৈবস্বতো মনুঃ।
সত্যব্রতস্য রাজর্ষে র্মায়ামৎস্যস্য শার্ঙ্গিণঃ। সংবাদং মহদাখ্যানং শ্রুত্বা মুচ্যেত কিল্বিষাৎ॥৩৪॥
অবতারো হরের্যোঽয়ং কীর্ত্তয়েদন্বহং নরঃ। সংকল্পাস্তস্য সিদ্ধ্যন্তি স যাতি পরমাং গতিং॥৩৫॥
প্রলয়পয়সি ধাতুঃ সুপ্তশক্তের্মুখেভ্যঃ শ্রুতিগণমপনীতং প্রত্যুপাদায় হত্বা।

শ্রীধরস্বামী।

নৃপতিং প্রতি পুরাণসংহিতাং মৎস্যপুরাণং অশেষতোঽব্রবীদিত্যন্বয়ঃ॥ ৩৩॥
অতীতঃ পূর্ব্বো যঃ প্রলয় স্তস্যাপায়েঽবসানে॥ ৩৪॥ যোঽয়ং হরেরবতারস্তং যঃ কীর্ত্তয়েৎ॥ ৩৫॥
সত্যব্রতানাং সত্যব্রতস্য ঋষীণাঞ্চ ছত্রিণো গচ্ছন্তীতিবল্লিঙ্গসমবায়াদ্বহুবচনং। জিহ্মমীনং মায়ামৎস্যং॥ ৩৬॥

ক্রমসন্দর্ভঃ।

ষষ্ঠে মন্বন্তরে বিষ্ণোঃ প্রসাদং লব্ধ্বা সপ্তমে বৈবস্বতোমনুরাসীদিত্যর্থঃ॥ মায়া কৃপা॥ ৩৪। ৩৫॥
জিহ্মেষু কুটিল হৃদয়েষু সামান্য মীনতয়া প্রকাশমানং। নাহং প্রকাশঃ সর্ব্বস্যেত্যাদেঃ। বিরাড়বিদ্বামিত্যাদেশ্চ॥ ৩৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

পুরাণসংহিতাং মৎস্যপুরাণং॥ ৩৩॥
মৎস্যাবতারদ্বয়স্য সমম্বয়ং প্রয়োজনদ্বয়ঞ্চাহ। অতীত প্রলয়স্য অপায়ে স্বায়ম্ভুব মন্বন্তরারম্ভে ইত্যর্থঃ॥ ৫৪॥
তুভিয়োপক্রমে সত্যব্রতস্য চাক্ষুষ মন্বন্তর মধ্য ইতি শেষোবোধ্যঃ। চাক্ষুষোদধিসংপ্লবে অপাদ্বৈবস্বতং মনুমিতি বাক্যানুরোধাৎ বিষ্ণোর্মৎস্য রূপস্য প্রসাদাৎ জ্ঞান বিজ্ঞান সংযুত ইতি চাক্ষুষীয় মৎস্যাবতারস্য প্রয়োজনমুক্তং॥ ৩৪। ৩৫॥
সমাসেন প্রয়োজনদ্বয়ং পুনঃ স্পষ্টমাহ প্রলয়েতি দিতিজমসুরং রূঢ়িযোগমপহরতীতি ন্যায়াৎ সত্যব্রতানামিতি গৌরবেণ

শুকদেব কহিলেন হে রাজন্! সত্যব্রত রাজর্ষি এই প্রকার স্তব করিলে মৎস্য রূপী ভগবান্ আদিপুরুষ প্রলয় মহাসাগরে বিহার করিতে করিতে সেই রাজর্ষিকে তত্ত্ব উপদেশ করিয়াছিলেন এবং সাংখ্যযোগ ও ক্রিয়া বিশিষ্ট দিব্য পুরাণসংহিতা অর্থাৎ মৎস্যপুরাণ তথা অতিগোপ্য আত্মতত্ত্ব অশেষ রূপে ব্যাখ্যা করিয়া বলিয়াছিলেন। সত্যব্রত রাজর্ষি ঋষিগণ সহিত নৌকায় বসিয়া ব্রহ্মা ও ভগবানের কথিত সেই সমস্ত আত্মতত্ত্ব বিশেষতঃ সনাতন ধর্ম্ম বিষয়ক কথা শ্রবণ করেন তাহাতে তাঁহাদের সংশয়মাত্র জন্মে নাই॥ ৩৩॥

হে রাজন্। পূর্ব্ব প্রলয়ের অবসানে ব্রহ্মা উত্থিত হইলে সেই মৎস্য রূপী হরি হয়গ্রীব দানবের প্রাণ সংহার করিয়া ব্রহ্মাকে পুনরায় বেদ সকল প্রত্যর্পণ করেন, আর উল্লিখিত সত্যব্রত রাজা ভগবানের প্রসাদে জ্ঞান ও বিজ্ঞান সম্পন্ন হইয়া এই কল্পে বৈবস্বত মনু হইয়াছেন। রাজন্! সত্যব্রত রাজর্ষির এবং মায়া মৎস্য রূপি ভগবান্ বিষ্ণুর সম্বাদ ঘটিত এই মহৎ আখ্যান শ্রবণ করিলে লোকে কলুষ হইতে মুক্ত হয়॥ ৩৪॥

ভগবান্ হরির এই যে অবতার যে মানব ইহা প্রত্যহ কীর্ত্তন করেন তাঁহার সংকল্প সিদ্ধি হয় এবং তিনি পরমাগতি প্রাপ্ত হয়েন॥ ৩৫॥

অহো! প্রলয় পয়োধি জলে সুখসুপ্ত অতএব শক্তি শূন্য বিধাতার বদন হইতে বিনির্গত বেদ

দিতিজমকথয়দেযাব্রহ্ম সত্যব্রতানাং তমহমখিলহেতুং জিহ্মমীনং নতোঽস্মি ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে মৎস্যাবতার চরিতং চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৪ ॥ * ॥

॥ * ॥ সমাপ্তশ্চায়মষ্টমস্কন্ধঃ ॥ * ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি অষ্টমে চতুর্ব্বিংশঃ ॥ * ॥

॥ * ॥ সমাপ্তেয়ং শ্রীমদষ্টমস্কন্ধভাবার্থ দীপিকেতি ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বহুবচনং। জিহ্মমীনং কুটিলাকারং মীনং যস্য শৃঙ্গে নৌ নির্বদ্ধা সতু মীনঃ কুটিলাকার আড়িসংজ্ঞঃ প্রসিদ্ধএব লোকে ইতি তথোক্তং ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। অষ্টমস্য চতুর্ব্বিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ন মে বিরক্তি র্ন চ ভক্তি গন্ধঃ পাণ্ডিত্যলেশো ন নবা স্ববৃত্তং। তরঙ্গলোলাং স্বধিয়ং নিরোদ্ধুং জালং স্বজামেষ ন হস্ত টীকাং। অষ্টমস্কন্ধ টীকেয়ং শ্রীরাধায়াঃ সরস্তটে। ফাল্গুনে শুক্ল পক্ষীয় ষষ্ঠ্যাং পূর্ণা ব্যরাজত। শ্রীরাধাকুণ্ডায়নমঃ শ্রীকৃষ্ণকুণ্ডায় নমঃ। শ্রীমদ্গোবর্দ্ধনায় নমঃ শ্রীগুরবে নমঃ ॥ * ॥

সকল যে দানব হরণ করে, যিনি মৎস্য রূপী হইয়া তাহাকে সংহার করত সেই সমস্ত বেদ সত্যব্রত ও সপ্তর্ষিদিগকে কহিয়াছিলেন, সেই অখিল কারণ মায়ামৎস্য ভগবান্‌কে প্রণাম করি ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি অষ্টমে চতুর্ব্বিংশ ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায় অষ্টমস্কন্ধ সমাপ্ত ॥ * ॥

EDW... Sanskrit... HARA...

EDW... Sans... HARA... No. ........ Date ........

# শ্রীমদ্ভাগবতম্

মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন প্রণীতম্।

শ্রীশ্রীপূজ্যপাদ শ্রীধরস্বামিকৃত ভাবার্থদীপিকা টীকা

শ্রীশ্রীপূজ্যপাদ জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভ

শ্রীশ্রীযুক্ত বিশ্বনাথ চক্রবর্ত্তিকৃত সারার্থদর্শিনী টীকা সমেতং

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদসমেতঞ্চ

ত্রিপুরাধীশ্বর শ্রীমন্মহারাজ বীরচন্দ্র বর্ম্মমাণিক্যস্য

সম্পূর্ণ সাহায্যেন মূল্যং বিনা বিতরিতব্যং।

নবমস্কন্ধঃ।

মুর্শিদাবাদ;

বহরম্পুর,—রাধারমণযন্ত্রে

শ্রীরামনারায়ণ বিদ্যারত্নেন প্রকাশিতং

মুদ্রিতঞ্চ।

সন১২৯৩, ফাল্গুন।

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ।

# শ্রীমদ্ভাগবতম্।

## নবমস্কন্ধঃ।

প্রথমোঽধ্যায়ঃ।

### শ্রীরাজোবাচ ॥

**মন্বন্তরাণি সর্ব্বাণি ত্বয়োক্তানি শ্রুতানি মে। বীর্য্যাণ্যনন্তবীর্য্যস্য হরেস্তত্র কৃতানিচ।**

শ্রীধরস্বামী।

ওঁ নমঃ কৃষ্ণায় ॥

গুণা যং গুণভাবাপ্তা গৃণন্তে করুণানিধিং। তমহং শরণং যামি পরমানন্দমাধবং। ত্রিগুণাষ্টভিরধ্যায়ৈর্বৈবস্বত সুতো বয়ঃ। নবমে কৃষ্ণসংকীর্ত্তিপ্রসঙ্গায় বিতন্যতে। এবমুক্তোঽষ্টমস্কন্ধে সদ্ধর্মঃ সত্ত্বশোধকঃ। কর্ত্তৃপালক সংজ্ঞাদি মন্বাদীনাং নিরূপণৈঃ। সধর্ম শুদ্ধ সত্ত্বানামধুনাংশ সংকথা। সূর্য্য সোমান্বয়াখ্যানৈ রমুনা সম্প্রোচ্যতে। তত্রচ ত্রয়োদশভিঃ সূর্য্য-বংশোঽত্রবর্ণ্যতে। একাদশাভিরধ্যায়ৈঃ সোমবংশস্ততঃ পরৈঃ। তত্রতু প্রথমেঽধ্যায়ে বৈবস্বত সুতান্বয়ে। সোমবংশ প্রবেশোক্ত্যৈ সুদ্যুম্ন স্ত্রীত্বমুচ্যতে ॥ ০ ॥

উক্তানুবাদ পূর্ব্বকং বৈবস্বত মনোর্ব্বংশং পৃচ্ছতি মন্বন্তরাণীতি পঞ্চভিঃ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ওঁ নমঃ শ্রীকৃষ্ণায় ॥

অথ নবমস্কন্ধস্য ক্রমসন্দর্ভঃ। নবমক্রমসন্দর্ভে সন্দর্ভাণাং সমাপ্তিতঃ। ক্রিয়তে যন্নিদেশেন সমেঽননা গতের্গতিঃ ॥ ০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রীগোকুলানন্দো জয়তি ॥

প্রণম্য শ্রীগুরুং ভূয়ঃ শ্রীকৃষ্ণং করুণার্ণবং। লোকনাথং জগচ্চক্ষুঃ শ্রীশুকং তমুপাশ্রয়ে। গোপরামাজনপ্রাণপ্রেয়সেঽতি প্রভূষ্ণবে। তদীয় প্রিয়দাস্যায় মাং মদীয়মহং দদে। উক্তা সদ্ধর্ম্মশীলানুবর্ত্তিনাং কথ্যতে কথা। নবমে ভক্তি বিজ্ঞান বৈরাগ্য শান্তিদিৎসয়া। অম্বরীষাদিভিরিব ভাব্যং ভক্তৈর্জিকাক্ষৈঃ। বিষয়াভিনিবিষ্টোপি বিরক্তঃ স্যাদ্যযাতিবৎ। ইত্যেবমর্থ যুক্তাস্তে সূর্য্যসোমান্বয়ান্বিতাঃ। স্বনাদ্যৈব পুনস্তোপি স্বাচারৈর্লোকশিক্ষকাঃ। অত্র ত্রয়োদশাধ্যায়াঃ সূর্য্যবংশ নিরূপকাঃ। একাদিকাদশ স্যুস্তে সোমবংশাভিধায়িকাঃ। তদেবং নবমস্কন্ধো রাজতে ত্রিগুণাষ্টভিঃ। অধ্যায়ৈর্বিবিধাশ্চর্য্যকথঃ কৃষ্ণকথা-রথঃ। তত্রতু প্রথমেঽধ্যায়ে সুদ্যুম্নোমৃগয়াং গতঃ। স্ত্রীভূয়াথ বুধাৎ পুত্রং পুরূরবসমাপ্তবান্ ॥ ০ ॥

মৎস্যদেব প্রসাদাৎ সত্যব্রতস্য ভক্তশ্রেষ্ঠস্য মন্বন্তরং শ্রুত্বা তদ্বংশ্যানামপি বৈষ্ণবত্বমভিপ্রেত্য তৎকথাস্ব জাতশ্রদ্ধঃ পৃচ্ছতি মোপাবিতি চতুর্ভিঃ। অতীত কল্পান্তে অতীত মন্বন্তরান্তে ॥ ১ ॥

**নবমস্কন্ধে চতুর্বিংশতি অধ্যায়, প্রথমাদি ত্রয়োদশ অধ্যায়ে সূর্য্যবংশ বর্ণন, শেষ একাদশ অধ্যায়ে চন্দ্রবংশের কীর্ত্তন, তন্মধ্যে প্রথমাধ্যায়ে বৈবস্বত মনুর বংশে চন্দ্রবংশের প্রবেশ কথন প্রসঙ্গে সুদ্যুম্নের স্ত্রীত্ব প্রাপ্তি ॥ ০ ॥**

**শুকদেবকে সম্বোধন করিয়া রাজা পরীক্ষিৎ পুনরায় জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! মন্বন্তর সকলের বিবরণ এবং তত্তৎ মন্বন্তরে অনন্তবীর্য্য ভগবান্ হরি যে সমস্ত বীর্য্য প্রকাশ করেন তৎসমুদায় অনুগ্রহ**

যোঽসৌ সত্যব্রতো নাম রাজর্ষির্দ্রবিড়েশ্বরঃ। জ্ঞানং যোঽতীতকল্পান্তে লেভে পুরুষসেবয়া।
স বৈ বিবস্বতঃ পুত্রো মনুরাসীদিতি শ্রুতং। ত্বত্তস্তস্য সুতাঃ প্রোক্তা ইক্ষ্বাকু প্রমুখা নৃপাঃ।
তেষাং বংশং পৃথগ্ ব্রহ্মন্ বংশানুচরিতানিচ। কীর্ত্তয়স্ব মহাভাগ নিত্যং শুশ্রূষতাং হি নঃ।
যে ভূতা যে ভবিষ্যাশ্চ ভবন্ত্যদ্যতনাশ্চ যে। তেষাং নঃ পুণ্যকীর্ত্তীনাং সর্ব্বেষাং বদ বিক্রমান্।

শ্রীসূত উবাচ ॥

এবং পরীক্ষিতা রাজ্ঞা সদসি ব্রহ্মবাদিনাং। পৃষ্টঃ প্রোবাচ ভগবান্ শুকঃ পরম ধর্ম্মবিৎ।

শ্রীশুক উবাচ ॥

শ্রূয়তাং মানবোবংশঃ প্রাচুর্য্যেণ পরন্তপ। ন শক্যতে বিস্তরতো বক্তুং বর্ষশতৈরপি ॥ ১ ॥
পরাবরেষাং ভূতানামাত্মা যঃ পুরুষঃ পরঃ। স এবাসীদিদং বিশ্বং কল্পান্তেঽন্যন্নকিঞ্চন।
তস্য নাভেঃ সমভবৎ পদ্মকোষোহিরণ্ময়ঃ। তস্মিন্ যজ্ঞে মহারাজ স্বয়ম্ভুশ্চতুরাননঃ।
মরীচির্মনসস্তস্য জজ্ঞে তস্যাপি কশ্যপঃ। দাক্ষায়ণ্যাং ততোঽদিত্যাং বিবস্বানভবৎ সুতঃ।
ততো মনুঃ শ্রাদ্ধদেবঃ সংজ্ঞায়ামাস ভারত। শ্রদ্ধায়াং জনয়ামাস দশ পুত্রান্ স আত্মবান্ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

অনুক্তং বংশং বক্তুং পূর্ব্বোক্তমেব তাবদ্বংশং তৎ প্রবর্ত্তকং শ্রীনারায়ণ মারভ্যাহ স্মারয়তি পরাবরেষামিতি পঞ্চভিঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

যোসাবিতি টিকঃ ॥ ১। ২ ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কথাসৌষ্ঠবার্থং তত্র মানবং বংশং সৃষ্টিমারভ্যৈব প্রবৃত্তয়া পূর্ব্বমুক্তয়ৈব কথয়া সহ গুম্ফন্নাহ পরাবরেষামিতি পঞ্চভিঃ ॥ ২। ৩ ॥

করিয়া বলিলেন শ্রবণ করিলাম। হে যোগিন্! দ্রবিড়াধিপতি সত্যব্রত নামা যে রাজর্ষি অতীত কল্পের অবসানে ভগবানের সেবা করিয়া জ্ঞান লাভ করেন, তিনি বিবস্বতসুত মনু হইয়াছিলেন তাহাও শ্রুত হইল। অপর সেই বৈবস্বত মনুর তনয় যে ইক্ষ্বাকু প্রভৃতি রাজগণ তাহাও আপনি কহিয়াছেন। হে মহাভাগ! ঐ সকল রাজার পৃথক্ পৃথক্ বংশ ও বংশানু চরিত শ্রবণ করিতে আমার নিত্যই অভিলাষ হয়, অনুগ্রহ পূর্ব্বক কীর্ত্তন করুন। হে মহাভাগ! ঐ বংশে যে সকল ব্যক্তি হইয়া গিয়াছেন যাঁহারা পরে হইবেন, যাঁহারা সম্প্রতি বর্ত্তমান আছেন পুণ্যকীর্ত্তি সেই সকল মানবের বিক্রমও যথাবৎ বলিতে আজ্ঞা হউক।

সূত কহিলেন ব্রহ্মবাদি ব্রাহ্মণদিগের সভামধ্যে রাজা পরীক্ষিৎ কর্ত্তৃক এই প্রকার জিজ্ঞাসিত হইয়া পরম ধর্ম্মজ্ঞ শুকদেব বলিতে আরম্ভ করিলেন।

শুকদেব কহিলেন হে শত্রুনাশন! প্রচুর রূপে মনুবংশের বিবরণ শ্রবণ কর, কিন্তু বহু শত বৎসরেও তাহার বিস্তারিত বৃত্তান্ত বলিতে পারা যাইবে না ॥ ১ ॥

হে রাজন্! যে পরম পুরুষ পর ও অবর ভূত সকলের আত্মা, অগ্রে কেবল তিনিই ছিলেন, কল্পান্তে তদ্ব্যতীত বিশ্ব অথবা অন্য কিছুই ছিল না। সেই পরম পুরুষের নাভি হইতে একটী হিরণ্ময় পদ্মকোষ উদ্গত হয়, হে মহারাজ! তাহাতে চতুর্মুখ ব্রহ্মা উৎপন্ন হয়েন। ঐ ব্রহ্মার মনঃ হইতে মরীচির জন্ম হয়। তাঁহার পুত্র কশ্যপ, ঐ কশ্যপের পত্নী দক্ষকন্যা অদিতি, তাঁহার গর্ভে কশ্যপের ঔরসে বিবস্বান্ জন্ম গ্রহণ করেন। সেই বিবস্বান্ হইতে সংজ্ঞার গর্ভে শ্রাদ্ধদেব মনু উৎপন্ন হয়েন। ঐ শ্রাদ্ধদেবের ভার্য্যা শ্রদ্ধা, তাঁহার গর্ভে ঐ মহাত্মা দশটী পুত্র উৎপন্ন করিয়াছিলেন ॥ ২ ॥

ইক্ষ্বাকু নৃগ শর্য্যাতি দিষ্ট ধৃষ্ট করূষকান্। নরিষ্যন্তং পৃষধ্রঞ্চ নভগঞ্চ কবিং বিভুঃ ॥ ৩ ॥
অপ্রজস্য মনোঃ পূর্ব্বং বশিষ্ঠো ভগবান্ কিল। মিত্রাবরুণয়োরিষ্টিং প্রজার্থমকরোদ্বিভুঃ ॥ ৪ ॥
তত্র শ্রদ্ধা মনোঃ পত্নী হোতারং সমযাচত। দুহিত্রর্থমুপাগম্য প্রণিপত্য পয়োব্রতা ॥ ৫ ॥
প্রেষিতোঽধ্বর্য্যুণা হোতা ব্যচরৎ তৎ সমাহিতঃ। গৃহীতে হবিষি বাচা বষট্কারং গৃণন্ দ্বিজঃ।
হোতুস্তদ্ব্যভিচারেণ কন্যেলা নাম সাভবৎ। তাং বিলোক্য মনুঃ প্রাহ নাতিতুষ্টমনা গুরুং ॥ ৬ ॥
ভগবন্ কিমিদং জাতং কর্ম্ম বো ব্রহ্মবাদিনাং। বিপর্য্যয়মহোকষ্টং মৈবং স্যাদ্ ব্রহ্ম বিক্রিয়া।

শ্রীধরস্বামী।

নাভাগঞ্চেতি পাঠে নভগ এব নাভাগঃ ॥ ৩ ॥

সূর্য্যপৌত্রস্য সুদ্যুম্নস্য স্ত্রীত্বে সতি বুধাৎ পুরূরবঃ প্রভৃতি সোমবংশ সঞ্চারং বক্তুং সপ্রস্তাবমিলোপাখ্যানমাহ অপ্রজস্য মনোঃ পূর্ব্বমিত্যাদিনা যাবদধ্যায় সমাপ্তি। পূর্ব্বমিক্ষ্বাকু প্রভৃতীনামুৎপত্তেঃ প্রাক্ ॥ ৪ ॥

দুহিত্রর্থং মম কন্যা যথা ভবেৎ তথা যজেতি হোতারং সম্যক্ অযাচত পয় এব ব্রতমাহারো নিয়তো যস্য সঃ ॥ ৫ ॥

অধ্বর্য্যুণা হোতর্যজেতি প্রেষিতো হোতা তেন গৃহীতে হবিষি সতি তৎ তয়া প্রার্থিতং ধ্যায়ন্ ব্যচরৎ অযজৎ। পাঠান্তরে তৎ অধ্যায়ং বাচা বষট্কারং গৃণন্ বষড়িতি উচ্চারয়ন্ ॥ ৬ ॥

ব্রহ্মবিক্রিয়া মন্ত্রান্যথাত্বং ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পূর্ব্বং ইক্ষ্বাকু প্রভৃতিপুত্রোৎপত্তেঃ প্রাক্ ॥ ৪ ॥

দুহিত্রর্থং মম কন্যা যথা ভবেত্তথা যজেতি ॥ ৫ ॥

অধ্বর্য্যুণা হে হোত র্যজেতি প্রেষিতঃ। হোতা হবিষি গৃহীতে সতি তৎ রাজ্ঞী প্রার্থিতং ধ্যায়ন্ ব্যচরৎ। বষট্কারং গৃণন্ বষড়িত্যুচ্চারয়ন্। অধ্যায়দ্বদিতি বাচেতি পাঠে বাচা বষট্কারং গৃণন্ তৎ রাজ্ঞী প্রার্থিতং অধ্যায়ৎ ॥

ইলেতি রাজ্ঞৈব হর্ষেণ তৎক্ষণএব নাম কৃতমিত্যবসীয়তে। নাতীতাপ্রজত্বাপগমাৎ সামান্যতো হর্ষোৎপত্তেঃ ॥ ৬ ॥

ব্রহ্মবিক্রিয়া মন্ত্রান্যথাত্বং ॥ ৭ ॥

তাহাদের নাম যথা ইক্ষ্বাকু, নৃগ, শর্য্যাতি, দিষ্ট, ধৃষ্ট, করূষ, নরিষ্যন্ত, পৃষধ্র, নভগ এবং কবি ॥ ৩ ॥

হে রাজন্! ইক্ষ্বাকু প্রভৃতির উৎপত্তির পূর্ব্বে মনু অনপত্য ছিলেন, অতএব মহর্ষি বশিষ্ঠ তাঁহার সন্তানার্থ মিত্রাবরুণের যজ্ঞ করেন ॥ ৪ ॥

মনুর পত্নী শ্রদ্ধা, সেই যজ্ঞে পয়োমাত্র পান পূর্ব্বক নিয়ম পরা হইয়া হোতার নিকট গমন করিয়াছিলেন এবং প্রণাম করিয়া এই প্রার্থনা করেন, যে প্রকারে আমার কন্যা হয় তদ্রূপ করিয়া আপনারা হোম করুন ॥ ৫ ॥

শ্রদ্ধার অভ্যর্থনায় "অহে যাগ কর" এই রূপে অধ্বর্য্যু কর্ত্তৃক প্রেষিত হইয়া হোতা হবি গৃহীত হইলে মনোমধ্যে ঐ রূপ ধ্যান এবং মুখে বষট্ এই শব্দ উচ্চারণ করত মনুপত্নীর প্রার্থিত সাধন করিলেন। হে রাজন্! হোতার এই প্রকার আচরণ হেতু মনুর ইলা নামে একটী কন্যা জন্মিল, মনু পুত্রার্থী ছিলেন পুত্রীলাভে তাঁহার সন্তোষ জন্মিল না, অসন্তুষ্ট মনে গুরুকে [বশিষ্ঠকে] কহিলেন ॥৬॥

ভগবন্! আপনারা ব্রহ্মবাদী, আপনাদের এ কি বিপরীত কর্ম্ম হইল? অহো! কি কষ্ট, এ প্রকারে মন্ত্রের অন্যথা হওয়া উচিত হয় না। আপনারা ব্রহ্মজ্ঞ এবং যোগী, তপোঽগ্নিতে আপনা-

যূয়ং ব্রহ্মবিদোযুক্তা স্তপসা দগ্ধকিল্বিষাঃ। কুতঃ সঙ্কল্পবৈষম্যমনৃতং বিবুধেষ্বিব ॥ ৭ ॥
নিশম্য তদ্বচস্তস্য ভগবান্ প্রপিতামহঃ। হোতুর্ব্যতিক্রমং জ্ঞাত্বা বভাষে রবিনন্দনং।
এতৎ সংকল্পবৈষম্যং হোতুস্তে ব্যভিচারতঃ। তথাপি সাধয়িষ্যেতে সুপ্রজস্ত্বং স্বতেজসা।
এবং ব্যবসিতো রাজন্ ভগবান্ স মহাযশাঃ। অস্তৌষীদাদিপুরুষমিলায়াঃ পুংস্ত্বকাম্যয়া।
তস্মৈ কামবরং তুষ্টো ভগবান্ হরিরীশ্বরঃ। দদাবিলা ভবত্তেন সুদ্যুম্নঃ পুরুষর্ষভঃ।
স একদা মহারাজ বিচরন্ মৃগয়াং বনে। বৃতঃ কতিপয়ামাত্যৈরশ্বমারুহ্য সৈন্ধবং।
প্রগৃহ্য রুচিরং চাপং শরাংশ্চ পরমাদ্ভুতান্। দংশিতোঽনুমৃগান্ বীরো জগাম দিশমুত্তরাং।
সুকুমারবনং মেরোরধস্তাৎ প্রবিবেশহ। যত্রাস্তে ভগবান্ শর্ব্বো রমমাণঃ সহোমযা।
তস্মিন্ প্রবিষ্ট এবাসৌ সুদ্যুম্নঃ পরবীরহা। অপশ্যৎ স্ত্রিয়মাত্মানমশ্বঞ্চ বড়বাং নৃপ।
তথা তদনুগাঃ সর্ব্বে আত্মলিঙ্গ বিপর্য্যয়ং। দৃষ্ট্বা বিমনসোঽভুবন্ বীক্ষমাণাঃ পরস্পরং।
শ্রীরাজোবাচ ॥
কথমেবং গুণোদেশঃ কেন বা ভগবন্ কৃতঃ। প্রশ্নমেনং সমাচক্ষ্ব পরং কৌতূহলং হি নঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

প্রপিতামহো বশিষ্ঠঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

প্রপিতামহো বশিষ্ঠঃ ॥ ৮ ॥ বিগত স্তিমিরস্তাভাসঃ প্রত্যয়োপি যাসু তাঃ ॥ ৯। ১০ ॥

দের অশেষ কলুষ দগ্ধ হইয়াছে, দেবগণে অনৃতের ন্যায় আপনাসকলে এরূপ সংকল্প বৈষম্য কি রূপে হইল? ॥ ৭ ॥

হে রাজন্! মনুর ঐ সকল বাক্য শুনিয়া মহর্ষি বশিষ্ঠ হোতার ব্যতিক্রম বুঝিতে পারিলেন, পরে মনুকে কহিলেন বৎস! যদিও তোমার হোতারা অন্যথাচরণ করিয়াছেন তথাচ আমি তোমার সৎপুত্রত্ব সাধন করিব। হে রাজন্। বশিষ্ঠ এই প্রকার বলিয়া মনুকন্যা ইলার পুংস্ত্ব কামনায় ভগবান্ আদি পুরুষের স্তব করিতে লাগিলেন। বশিষ্ঠের স্তবে অচিরেই ভগবানের সন্তোষ জন্মিল, তুষ্ট হইয়া ভগবান্ হরি, তাঁহার কামানানুরূপ বর দিলেন, তাহাতে মনুকন্যা ইলা সুদ্যুম্ন নামে শ্রেষ্ঠ পুরুষ হইলেন। হে মহারাজ! ঐ সুদ্যুম্ন এক দিবস সিন্ধুদেশোৎপন্ন অশ্বে আরোহণ পূর্ব্বক কতিপয় অমাত্যে পরিবৃত হইয়া মৃগয়ার্থ বনে ভ্রমণ করিতে লাগিলেন। তাঁহার হস্তে মনোহর ধনু এবং বিচিত্র শর সকল ছিল, আর তিনি গাত্রে দৃঢ়তর বর্ম্ম নিবদ্ধ করিয়াছিলেন, অতএব নির্ভয়ে মৃগগণের পশ্চাৎ ২ গমন করত উত্তর দিকে উপনীত হইলেন। ঐ দিকে সুমেরু পর্ব্বতের নিম্ন ভাগে সুকুমার বন আছে, তথায় ভগবান্ শর্ব্ব সর্ব্বদা উমার সহিত ক্রীড়া কৌতুকে বাস করিতেছেন। শত্রুন্তপ সুদ্যুম্ন অনুচরগণ সহিত সেই কাননে প্রবেশ করিলেন। হে মহারাজ! সেই অরণ্য মধ্যে প্রবিষ্ট হইবা মাত্র সুদ্যুম্ন আপনাকে স্ত্রী রূপি এবং স্বীয় ঘোটককে ঘোটকী মূর্ত্তি দেখিতে পাইলেন। আর তাঁহার সহচর পুরুষ সকলও অকস্মাৎ স্ব স্ব লিঙ্গের বিপর্য্যয় অবলোকন করিয়া পরস্পরকে নিরীক্ষণ করত বিস্ময়াকুল হইল ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ভগবান্! ঐ স্থান ঐ রূপ গুণযুক্ত কেন হয় এবং কোন ব্যক্তিই বা ঐ স্থানকে তদ্রূপ করিয়াছিলেন? ঐ বিষয়ে আমার পরম কৌতূহল জন্মিল, আমার প্রশ্নের

শ্রীশুক উবাচ ॥

একদা গিরিশং দ্রষ্টুমৃষয় স্তত্র সুব্রতাঃ। দিশো বিতিমিরাভাসাঃ কুর্ব্বন্তঃ সমুপাগমন্।
তান্ বিলোক্যাম্বিকা দেবী বিবাসা ব্রীড়িতা ভৃশং। ভর্ত্তুরঙ্কাৎ সমুত্থায় নীবীমাশ্বথপর্য্যধাৎ ॥৯॥
ঋষয়োঽপি তয়োর্বীক্ষ্য প্রসঙ্গং রমমাণয়োঃ। নিবৃত্তাঃ প্রযযুস্তস্মাৎ নরনারায়ণাশ্রমং।
তদিদং ভগবানাহ প্রিয়ায়াঃ প্রিয়কাম্যয়া। স্থানং যঃ প্রবিশেদেতৎ স বৈ যোষিদ্ভবেদিতি।
তত ঊর্দ্ধং বনং তদ্বৈ পুরুষা বর্জ্জয়ন্তিহি ॥ ১০ ॥
সাচানুচর সংযুক্তা বিচচার বনাদ্বনং। অথ তামাশ্রমাভ্যাসে চরন্তীং প্রমদোত্তমাং।
স্ত্রীভিঃ পরিবৃতাং বীক্ষ্য চকমে ভগবান্ বুধঃ। সাপি তং চকমে সুভ্রূঃ সোমরাজসুতং পতিং।
স তস্যাং জনয়ামাস পুরূরবসমাত্মজং। এবং স্ত্রীত্বমনু প্রাপ্তঃ সুদ্যুম্নোমানবো নৃপ।
সস্মার স কুলাচার্য্যং বশিষ্ঠমিতি শুশ্রুম ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

বিগতং তিমিরং আভাসঃ প্রকাশশ্চাঘস্ত যাসু তথা ভূতা দিশঃ কুর্ব্বন্তঃ ॥ ৯ ॥
প্রসঙ্গং রত্যভিনিবেশং স্ত্রীপ্রসঙ্গকলুষিত মনসঃ সন্তঃ তৎ প্রসঙ্গ শূন্যং নরনারায়ণাশ্রমং প্রযযুঃ ॥ ১০ ॥
প্রসঙ্গিকমুক্ত্বা প্রস্তুতমনুবর্ণয়তি সাচেতি অনুচরী সংযুক্তেতি বক্তব্যে ভূত পূর্ব্বগত্যা পুংস্বনির্দ্দেশঃ ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ঋষয়োপীতি। তত্র লজ্জিত মনসোঽন্যত্রাপি তদাশঙ্কা নিতরাং তৎপ্রসঙ্গ শূন্যং নরনারায়ণাশ্রমং যযুঃ ॥ ১০। ১১। ১২। ১৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রাসঙ্গিকমুক্ত্বা প্রস্তুতমাহ সা চেতি। অনুচরী সংযুক্তেতি বক্তব্যে ভূতপূর্ব্বগত্যা পুংস্বনির্দ্দেশঃ ॥ ১১ ॥

ব্যাখ্যা করিতে আজ্ঞা হউক ॥ ৮ ॥

শুকদেব কহিলেন রাজন্! একদা সুব্রত ঋষিগণ ভগবান্ গিরিশের দর্শন বাসনায় স্ব স্ব প্রভাব দ্বারা দিক্ সকলকে বিতিমির ও অন্যপ্রভা শূন্য করত ঐ কাননে গমন করিয়াছিলেন। তৎকালে ভগবতী অম্বিকা দেবী বিবসনা ছিলেন, অতএব মুনিদিগকে অবলোকন করিয়া সাতিশয় লজ্জিতা হইলেন এবং ব্যস্ত সমস্ত পতির ক্রোড় হইতে উত্থান পূর্ব্বক সত্বর কটিবসন পরিধান করিলেন ॥ ৯ ॥

হরগৌরীর ক্রীড়াভিনিবেশ দর্শন করিয়া সেই সকল ঋষিরও মানস স্ত্রীপ্রসঙ্গে কলুষিত হইল, তাঁহারাও তৎক্ষণাৎ তথা হইতে নিবৃত্ত হইয়া নরনারায়ণাশ্রমে গমন করিলেন। তাহার পর ভগবান্ শিব প্রেয়সীর প্রিয় কামনায় সান্ত্বনা করত বলিলেন অতঃপর যে পুরুষ এ স্থানে প্রবেশ করিবে সে তৎক্ষণাৎ যোষিৎ হইবে। হে রাজন্! তদবধি পুরুষ মাত্রে ঐ অরণ্য পরিত্যাগ করিয়াছিল, কেহ সে দিকেও যাইত না ॥ ১০ ॥

সে যাহা হউক, রাজা সুদ্যুম্ন অনুচরগণ সহ ঐ বন প্রবেশানন্তর স্ত্রী রূপ প্রাপ্ত হইয়া বনে বনে ভ্রমণ আরম্ভ করিলেন। এক দিন ভগবান্ বুধ তাঁহাকে স্ত্রীগণে পরিবৃত হইয়া আশ্রম সমীপে ভ্রমণ করিতে দেখিতে পাইলেন। দর্শন করিবা মাত্র বুধের কামোদ্ভব হইল এবং সেই সুদ্যুম্ন, যিনি মনোহর প্রমদা রূপিণী হইয়াছিলেন, তিনিও সোমরাজ তনয়কে নয়নগোচর করিয়া পতি করিতে অভিলাষিণী হইলেন অতএব বুধ পরিগ্রহ করিয়া তাঁহার গর্ব্ভে পুরূরবা নামে একটী পুত্র উৎপন্ন করিলেন ॥

স তস্য তাং দশাং দৃষ্ট্বা কৃপয়া ভৃশপীড়িতঃ। সুদ্যুম্নস্যাশয়ন্ পুংস্ত্বমুপাধাবত শঙ্করং।
তুষ্টস্তস্মৈ স ভগবানৃষয়ে প্রিয়মাবহন্। স্বাঞ্চ বাচমৃতাং কুর্ব্বন্নিদমাহ বিশাম্পতে।
মাসং পুমান্ স ভবিতা মাসং স্ত্রী তব গোত্রজঃ। ইত্থং ব্যবস্থয়া কামং সুদ্যুম্নোঽবতু মেদিনীং ॥১২
আচার্য্যানুগ্রহাৎ কামং লব্ধ্বা পুংস্ত্বং ব্যবস্থয়া। পালয়ামাস জগতীং নাভ্যনন্দন্ স্ম তং প্রজাঃ।
তস্যোৎকলোগয়োরাজন্ বিমলশ্চ ত্রয়ঃ সুতাঃ। দক্ষিণাপথরাজানো বভূবুর্ধর্ম্মবৎসলাঃ।
ততঃ পরিণতে কালে প্রতিষ্ঠানপতিঃ প্রভুঃ। পুরূরবস উৎসৃজ্য গাং পুত্রায় গতোবনং ॥ ১৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে ইলোপাখ্যানং প্রথমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১ ॥ * ॥

শ্রীধরস্বামী।

আশয়ন্ ইচ্ছন্ ॥ ১২ ॥
নাভ্যনন্দন্ স্ত্রীত্বে লজ্জয়া মাসং মাসং নিলীয়াবস্থানাৎ ॥ ১৩ ॥

॥ * ॥ ইতি নবমে প্রথমঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত ক্রমসন্দর্ভে নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত প্রথমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আশয়ন্ ইচ্ছন্ ॥ প্রিয়মাবহন্ প্রীতিং দদানঃ ॥ ১২ ॥
নাভ্যনন্দন্ স্ত্রীত্বে সতি মাসং নিলীয়াবস্থানাৎ ॥ তস্য সুদ্যুম্নস্য ॥
প্রতিষ্ঠানস্য পতিরিতি তত্রৈব তস্য রাজধানী। গাং উৎসৃজ্য পৃথ্বীং দত্বা ॥ ১৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমে প্রথমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

হে রাজন্! শ্রুত আছে মনুপুত্র সুদ্যুম্ন ঐ প্রকারে স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া আপনাদের কুলাচার্য্য মহর্ষি বশিষ্ঠকে স্মরণ করিয়াছিলেন ॥ ১১ ॥

তাহাতে সেই মহর্ষি তাঁহার সমীপে গমন করিয়া কৃপায় অতিশয় পীড়িত হয়েন এবং তাঁহার পুনরায় পুংস্ত্ব ইচ্ছা করিয়া শঙ্কর সন্নিধানে গমন পূর্ব্বক স্তব স্তুতি করেন। হে নরনাথ! বশিষ্ঠের স্তবে ভগবান্ ভব পরিতুষ্ট হইয়া তাঁহার প্রিয় এবং আপনার বাক্য সত্য করিবার নিমিত্ত এই কহেন, তোমার গোত্রজ সুদ্যুম্ন এক মাস পুরুষ ও এক মাস স্ত্রী হইবে। এই প্রকার ব্যবস্থায় ঐ রাজকুমার পৃথিবী পালন করিবে ॥ ১২ ॥

হে রাজন্! ঐ প্রকারে কুলাচার্য্য বশিষ্ঠের অনুগ্রহে যদিও সুদ্যুম্ন পুনরায় পুংস্ত্ব লাভ করিয়া ব্যবস্থাক্রমে পৃথিবী পালন করিয়াছিলেন তথাচ মাস মাস স্ত্রীত্ব হওয়াতে লজ্জা প্রযুক্ত গোপনে লুকাইত থাকিতে বাধ্য হইতেন, সুতরাং প্রজাপুঞ্জ তাঁহার প্রতি সন্তুষ্ট হয় নাই। সে যাহা হউক ঐ সুদ্যুম্নের তিন পুত্র ছিল, উৎকল, গয় এবং বিমল। তাহারা তিন জনেই ধর্ম্ম পরায়ণ এবং দক্ষিণা পথ দেশের রাজা হয়েন। প্রতিষ্ঠানাধিপতি সুদ্যুম্ন কিয়ৎ কালানন্তর জীবন কাল পরিণত দেখিয়া আপনার আত্মজ পুরূরবার হস্তে রাজ্য সমর্পণ পূর্ব্বক বনপ্রস্থান করেন ॥ ১৩ ॥

॥ * ॥ ইতি নবমে প্রথম ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

এবং গতেঽথ সুদ্যুম্নে মনুর্বৈবস্বতঃ সুতে। পুত্রকামস্তপস্তেপে যমুনায়াং শতং সমাঃ ॥ ১ ॥

ততো যজন্মনুর্দেবমপত্যার্থং হরিং প্রভুং। ইক্ষ্বাকু পূর্ব্বজান্ পুত্রান্ লেভে স্ব সদৃশান্ দশ ॥ ২ ॥

পৃষধ্রস্তু মনোঃ পুত্রো গোপালো গুরুণা কৃতঃ। পালয়ামাস গা যত্তো রাত্র্যাং বীরাসনব্রতঃ ॥৩॥

একদা প্রাবিশদ্গোষ্ঠং শার্দ্দূলো নিশি বর্ষতি। শয়ানা গাব উত্থায় ভীতাস্তা বভ্রমুর্ব্রজে ॥

একাং জগ্রাহ বলবান্ সা চুক্রোশ ভয়াতুরা। তস্যাস্তু ক্রন্দিতং শ্রুত্বা পৃষধ্রোঽনু সসারহ ॥ ৪ ॥

খড়্গমাদায় তরসা প্রলীনোড়ুগণে নিশি। অজানন্নচ্ছিনোদ্বভ্রোঃ শিরঃ শার্দ্দূলশঙ্কয়া ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

দ্বিতীয়ে মনুপুত্রাণাং স্বাবপুত্রো বিরাগতঃ। করূষকাদি পঞ্চানাং বংশানাহ লঘুক্রমাৎ ॥ ১ ॥

ইক্ষ্বাকুঃ পূর্ব্বজো যেষাং তান্ ॥ ২ ॥

তত্র পৃষধ্রস্য বংশো নাভবদিতি সহেতুকমাহ পৃষধ্রস্ত্বিত্যাদিনা। কবিঃ কনীয়ানিত্যন্তঃ প্রাক্তনেন গ্রন্থেন। খড়্গপাণেঃ সতস্থিতো জাগরণং বীরাসনং তদেব ব্রতং যস্য যত্তঃ অবহিতঃ সন্ গাঃ পালয়ামাস ॥ ৩ ॥

শার্দ্দূলো ব্যাঘ্রঃ ॥ ৪ ॥ প্রলীনা উড়ুগণা যস্মিন্ সময়ে বভ্রোঃ কপিলায়া গোঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

পৃষধ্রো গুরুণা ত্যক্তোপ্যাপপারঃ তমত্যজন্। লঘুকন্যাম্নোর্বংশ বর্ণনঞ্চ দ্বিতীয়তঃ ॥ ১। ২ ॥

তত্র পৃষধ্রস্য বংশোনাভূদিতি সহেতুকমাহ পৃষধ্র ইত্যাদিনা। খড়্গপাণেঃ সতস্থিতো জাগরনং বীরাসনং তদেব ব্রতং যস্য সঃ যত্তঃ সাবধানঃ ॥ ৩। ৪ ॥

নিশি রাত্রৌ তত্রাপি মেঘাবৃতত্বাৎ প্রলীনে নক্ষত্রগণে সতি অতএবাজানন্ ব্যাঘ্রশঙ্কয়া বভ্রোঃ কপিলায়া গোঃ ॥ ৫ ॥

দ্বিতীয়াধ্যায়ে করূষাদি পঞ্চ মনু পুত্রের বংশ বিবরণ ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! সুদ্যুম্ন উক্ত রূপ অবস্থাপন্ন হইয়া বন গমন করিলে বৈবস্বত মনু পুত্র কামনা করিয়া শত বৎসর যাবৎ যমুনায় তপস্যা করিয়াছিলেন ॥ ১ ॥

তাহার পর সন্তানার্থ ভগবান্ হরির যজ্ঞ করেন,তাহাতে তাঁহার আত্মসমান দশটী পুত্র লাভ হইয়াছিল। সেই দশ পুত্রের মধ্যে ইক্ষ্বাকু জ্যেষ্ঠ ॥ ২ ॥

হে রাজন্! মনুর পৃষধ্র নামে যে পুত্র হইয়াছিল, তাহাকে গুরু গোপালক করিয়াছিলেন অতএব সেই তনয় বীরাসন ( খড়্গ হস্ত হইয়া রজনী জাগরণ ) রূপ ব্রত অবলম্বন পূর্ব্বক নিশাভাগে অবহিত হইয়া গো সকলের রক্ষণাবেক্ষণ করিতেন ॥ ৩ ॥

এক দিন রাত্রিতে বারি বর্ষণ হইতেছিল সেই সময় একটা ব্যাঘ্র আসিয়া গোষ্ঠমধ্যে প্রবিষ্ট হইল। তাহাতে শয়ান গো সকল ভীত হইয়া গোষ্ঠ মধ্যে ইতস্ততঃ ধাবিত হইতে লাগিল। যে শার্দ্দূল গোষ্ঠে প্রবিষ্ট হইল,সে অতিশয় বলবান্, একটা গাভীকে বলে গ্রহণ করিয়া পলায়ন পর হওয়াতে সেই ধেনু ভয়াতুরা হইয়া কাতরে আর্ত্তনাদ আরম্ভ করিল। ধেনুর চীৎকার ধ্বনি শ্রবণে পৃষধ্র সেই শার্দ্দূলের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইলেন ॥ ৪ ॥

একে অন্ধকারময় রজনী তাহাতে আবার মেঘাবৃত হওয়াতে নক্ষত্রগণ বিলীন হইয়াছিল, বিশেষ দর্শন না হওয়াতে পৃষধ্র খড়্গ গ্রহণ পূর্ব্বক সমীপে উপস্থিত হইয়া ব্যাঘ্র মনে করিয়া অজ্ঞানতঃ একটী গাভীর মস্তক ছেদন করিয়া ফেলিলেন ॥ ৫ ॥

ব্যাঘ্রোঽপি বৃক্ণশ্রবণো নিস্ত্রিংশাগ্রাহতস্ততঃ। নিশ্চক্রাম ভৃশং ভীতো রক্তং পথি সমুৎসৃজন্ ॥৬
মন্যমানো হতং ব্যাঘ্রং পৃষধ্রঃ পরবীরহা। অদ্রাক্ষীৎ স্বহতাং বভ্রুং ব্যুষ্টায়াং নিশি দুঃখিতঃ ॥৭॥
তং শশাপ কুলাচার্য্যঃ কৃতাগসমকামতঃ। নক্ষত্রবন্ধুঃ শূদ্রস্ত্বং কর্ম্মণা ভবিতাঽমুনা।
এবং শপ্তস্তু গুরুণা প্রত্যগৃহ্ণাৎ কৃতাঞ্জলিঃ। অধারয়ৎ ব্রতং বীর ঊর্দ্ধরেতা মুনিপ্রিয়ং ॥
বাসুদেবে ভগবতি সর্ব্বাত্মনি পরেঽমলে। একান্তিত্বং গতো ভক্ত্যা সর্ব্বভূত সুহৃৎসমঃ ॥
বিমুক্তসঙ্গঃ শান্তাত্মা সংযতাক্ষোঽপরিগ্রহঃ। যদৃচ্ছয়োপপন্নেন কল্পয়ন্ বৃত্তিমাত্মনঃ।

শ্রীধরস্বামী।

গাঃ কামতো ন জঘানেতি খ্যাপয়িতুং বৃক্ণ শ্রবণ ইত্যাদ্যুক্তং ॥

ব্যুষ্টায়াং প্রভাতায়াং ॥ ৭ ॥

ক্ষত্রবন্ধুরপি ত্বং ন ভবিতা অপিতু শূদ্রো ভবিতেতি ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তেনাত্যন্ত সংমিশ্রত্বাদেব সহসা তত্ত্বং নির্ণেতুং ন শক্ত ইত্যাহ ব্যাঘ্রোঽপীতি ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬ ॥

তস্য চানুতাপো জাত ইত্যাহ মন্যমান ইতি ॥ ৭ ॥

ততশ্চ তস্য স্বল্প প্রায়শ্চিত্তার্হস্যাপি পাতিত্যে গোদয়ামাত্র গুরোঃ। শাপএব কারণমিত্যাহ তমিতি ত্রিকং ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বৃক্ণশ্রবণঃ ছিন্নকর্ণঃ যতো নিস্ত্রিংশস্যাগ্রেণ আহতঃ ॥ ৬ ॥

ব্যুষ্টায়াং প্রভাতায়াং নিশি ॥ ৭ ॥

অকামতোঽনিচ্ছাতোঽপি কৃতাপরাধং তং শশাপ। নতু কৃপয়া প্রায়শ্চিত্তমুপদিদেশ অতিকোপেন বিচারাপগমাদিতি ভাবঃ। যতঃ কুলাচার্য্যঃ কুলপৌরোহিত্যস্য তমোবহুলত্বাৎ। কথং বিগর্হং নু করোম্যধীশ্বরাঃ পৌরোধসং হৃষ্যতি যেন দুর্ম্মতিরিতি বিশ্বরূপোক্তেঃ শাপমাহ ক্ষত্রবন্ধুরপি ত্বং ন ভবিতা অপি তু শূদ্র এব ॥

কৃতাঞ্জলিঃ সন্ শাপং মহাপ্রসাদমিব প্রত্যগৃহ্ণাদিতি। গুরুভক্তিলক্ষণং নতু মমাপরাধস্য মহৎ কিমিতি বৃথা শপসীতি প্রত্যুবাচেতি ভাবঃ। তেন পরিত্যক্তোঽপি গুরৌ ভক্তিমান্ নিষ্প্রত্যূহং নিস্তরতীতি প্রাকরণিকঃ সিদ্ধান্তোদ্যোতিতঃ। মুনিপ্রিয়ং ব্রতং ব্রহ্মচর্য্যং ॥

তাঁহার খড়্গ প্রহারে ব্যাঘ্রেরও কর্ণ ছিন্ন হইল, সে সাতিশয় ভীত হইয়া পথে পথে শোণিত নিঃসৃত করত নিষ্ক্রান্ত হইয়া পলাইল ॥ ৬ ॥

শত্রুনাশন পৃষধ্র মনে করিয়াছিলেন ব্যাঘ্র নিহত হইয়াছে কিন্তু রজনী প্রভাতা হইলে দেখিলেন কপিলা নিহত হইয়াছে অতএব যৎপরোনাস্তি দুঃখিত হইলেন ॥ ৭ ॥

হে রাজন্! যদিও রাজকুমার পৃষধ্রের ঐ অপরাধ অজ্ঞান কৃত, তথাচ কুলাচার্য্য ধেনুশোকে ব্যাকুল হইয়া তাঁহাকে এই বলিয়া শাপ দিলেন, অরে পাপিষ্ঠ! তুই ক্ষত্রবন্ধুও হইতে পারিবি না, এই কর্ম্ম জন্য শূদ্র হইবি। আচার্য্য এই প্রকারে অভিশাপ দিলে পৃষধ্র কৃতাঞ্জলি হইয়া তাহাই স্বীকার করিলেন, পরে ঊর্দ্ধরেতা হইয়া মুনিদের প্রিয়ব্রত ধারণ করিলেন। তদনন্তর সর্ব্বাত্মা নির্ম্মল পরম পুরুষ ভগবান্ বাসুদেবে ভক্তি করত একান্তিত্ব প্রাপ্ত ও সর্ব্বভূতের সুহৃদ্ এবং সর্ব্বত্র সমদর্শী হইলেন। তাঁহার সঙ্গত্যাগ, আত্মা শান্ত এবং চক্ষুর্দ্বয় সংযত হইল। পরিগ্রহ শূন্য হইয়া যদৃচ্ছা লব্ধ দ্রব্যে আপনার বৃত্তি করিতে লাগিলেন এবং পরমাত্মায় আত্ম সমাধান পূর্ব্বক জ্ঞান তৃপ্ত হইয়া জড় অন্ধ অথবা বধিরের

আত্মন্যাত্মানমাধায় জ্ঞানতৃপ্তঃ সমাহিতঃ। বিচচার মহীমেতাং জড়ান্ধ বধিরাকৃতিঃ ॥ ৮ ॥

এবং বৃত্তো বনং গত্বা দৃষ্ট্বা দাবাগ্নিমুত্থিতং। তেনোপযুক্তকরণো ব্রহ্ম প্রাপ পরং মুনিঃ ॥ ৯ ॥

কবিঃ কনীয়ান্ বিষয়েষু নিস্পৃহো বিসৃজ্য রাজ্যং সহ বন্ধুভির্ব্বনং।
নিবেশ্য চিত্তে পুরুষং স্বরোচিষং বিবেশ কৈশোরবয়াঃ পরং গতঃ ॥

করূষান্মানবাদাসন্ কারূষাঃ ক্ষত্রজাতয়ঃ। উত্তরাপথগোপ্তারো ব্রহ্মণ্যা ধর্ম্মবৎসলাঃ ॥ ১০ ॥

ধৃষ্টাদ্ধার্ষ্টমভূৎ ক্ষত্রং ব্রহ্মভূয়ং গতং ক্ষিতৌ ॥ ১১ ॥

নৃগস্য বংশঃ সুমতির্ভূতজ্যোতি স্ততো বসুঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

উপযুক্তকরণঃ দগ্ধদেহঃ ॥ ৯ ॥

কবেরপি বংশো না ভবদিত্যাহ কবিরিতি। বন্ধুভিঃ সহ রাজ্যং বিসৃজ্য ॥ ১০ ॥

ব্রহ্মভূয়ং ব্রাহ্মণত্বং ॥ ১১ ॥

নৃগস্য বংশঃ পুত্রঃ সুমতিঃ ততো ভূতজ্যোতিস্ততোবসুঃ ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

তথাপি তস্য মৌনীন মেবানুবৃত্তমিত্যাহ এবমিতি ॥ ৮ ॥

বাসুদেব ভক্তাশ্রয়ত্বেপি মুক্তিমাহ এবং বৃত্ত ইতি ।৯।১০।১১।১২।১৩।১৪।১৫।১৬।১৭।১৮।১৯।২০।২১।২২।২৩।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মনি মনসি আত্মানং ভগবন্তং। জ্ঞানে তৃপ্তঃ কিন্তু ভক্তাবতৃপ্ত ইতি ভাবঃ ॥ ৮ ॥

উপযুক্তকরণো দগ্ধদেহঃ পরং ব্রহ্ম শ্রীকৃষ্ণং ॥ ৯ ॥

কবেরপি বংশোনাভবদিত্যাহ কবিরিতি। বন্ধুভিঃ সহিতমেব রাজ্যং বিসৃজ্য বনং বিবেশ ॥ ১০ ॥

ব্রহ্মভূয়ং ব্রাহ্মণত্বং বংশঃ পুত্রঃ ॥ ১১ । ১২ ॥

আকারে পৃথিবী পরিভ্রমণ করিতে আরম্ভ করিলেন ॥ ৮ ॥

হে রাজন্! পৃষধ্র ঐ প্রকার আচার ব্যবহার সমন্বিত হইয়া বন গমন পূর্ব্বক দেখিলেন অগ্রে দাবাগ্নি উত্থিত হইয়া রহিয়াছে অতএব সেই অগ্নিতে প্রবেশ পুরঃসর কলেবর ভস্মসাৎ করিয়া পর ব্রহ্ম প্রাপ্ত হইলেন ॥ ৯ ॥

হে ভারত! মনুর কনিষ্ঠ পুত্র কবি বিষয়ে নিঃস্পৃহ হইয়া বন্ধু বান্ধব সহ রাজ্য বিসর্জ্জন করেন, পরে অন্তঃকরণ মধ্যে পরম পুরুষকে ধারণ পূর্ব্বক কৈশোর বয়সেই অরণ্য প্রবেশ করিয়াছিলেন, সুতরাং তাঁহার বংশ হয় নাই। পরন্তু মনুর করূষ নামে যে পুত্র ছিল তাহা হইতে কারূষ এই আখ্যায় বিখ্যাত ক্ষত্রিয় জাতি উৎপন্ন হয়। তাহারা ব্রহ্মনিষ্ঠ, ধর্ম্মরক্ষক এবং উত্তরাপথ দেশের গোপ্তা ॥ ১০ ॥

এই রূপ ধৃষ্ট নামক মনুতনয় হইতে ধার্ষ্ট বলিয়া প্রসিদ্ধ ক্ষত্রিয় জাতি উৎপন্ন হয়, তাহারা অবনীমণ্ডলে ব্রাহ্মণত্ব প্রাপ্ত হইয়াছে ॥ ১১ ॥

হে রাজন্! নৃগ নামক যে মনুতনয় তাঁহার পুত্র সুমতি, তাহার সন্তান ভূতজ্যোতিঃ, তাহার পুত্র বসু ॥ ১২ ॥

বসোঃ প্রতীকস্তৎ পুত্র ওঘবানোঘবৎ পিতা। কন্যা চোঘবতীনাম সুদর্শন উবাহ তাং ॥ ১৩ ॥
চিত্রসেনো নরিষ্যন্তাদৃক্ষস্তস্য সুতোঽভবৎ। তস্য মীঢ্বাং স্তুতঃ পূর্ণ ইন্দ্রসেনস্তু তৎ সুতঃ ॥
বীতিহোত্রস্ত্বিন্দ্রসেনাত্তস্য সত্যশ্রবা অভূৎ। উরুশ্রবাঃ সুতস্তস্য দেবদত্ত স্তুতোঽভবৎ ॥ ১৪ ॥
ততোঽগ্নিবেশ্যো ভগবানগ্নিঃ স্বয়মভূৎ সুতঃ। কানীন ইতি বিখ্যাতো জাতুকর্ণো মহানৃষিঃ ॥
ততো ব্রহ্মকুলং জাতমাগ্নিবেশ্যায়নং নৃপ। নরিষ্যন্তান্বয়ঃ প্রোক্তো দিষ্টবংশমতঃ শৃণু ॥ ১৫ ॥
নাভাগো দিষ্টপুত্রোঽন্যঃ কর্ম্মণা বৈশ্যতাং গতঃ। ভলন্দনঃ সুতস্তস্য বৎসপ্রীতির্ভলন্দনাৎ ॥
বৎসপ্রীতেঃ সুতঃ প্রাংশু স্তৎ সুতং প্রমতিং বিদুঃ। খনিত্রঃ প্রমতেস্তস্মাচ্চাক্ষুষোঽথ বিবিংশতিঃ॥
বিবিংশতেঃ সুতোরম্ভঃ খনীনেত্রোঽস্য ধার্ম্মিকঃ। করন্ধমো মহারাজ তস্যাসীদাত্মজো নৃপঃ ॥১৬॥

শ্রীধরস্বামী।

ওঘবতঃ পিতা তৎ পুত্রোঽপ্যোঘবানেবেত্যর্থঃ ॥ ১৩ ॥
তদেবং ত্রিভিঃ শ্লোকৈঃ করূষ ধৃষ্ট নৃগানাং ত্রয়াণাং বংশা উক্তাঃ। নরিষ্যন্তস্য বংশমাহ চিত্রসেন ইতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। তত ইত্যাদেরর্দ্ধাধিক্যং স্যাত্তত্রানন্বয়ো তত ইত্যাদি পদং ব্যাখ্যেয়ং যত্রতু ন্যূনত্বং তত্র পূর্ব্বস্য পরস্য বা অনুষঙ্গাদিভির্ব্যাখ্যেয়ং ॥ ১৪ ॥
অগ্নিবেশ্য এব কানীন ইতি জাতূকর্ণ ইতি চ ব্যাখ্যাতঃ ॥ ১৫ ॥
দিষ্টস্য পুত্রো নাভাগো বক্ষ্যমাণান্নাভাগাদন্য ইতি ভ্রান্তি বারণার্থমনুবাদ মাত্রং ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ওঘবতঃ পিতেতি তৎ পুত্রোঽপ্যোঘবানিত্যর্থঃ ॥ ১৪ ॥
অগ্নিবেশ্য এব কানীন ইতি জাতূকর্ণ ইতি চ খ্যাতঃ ॥ ১৫ ॥
অন্য ইতি ভ্রান্তি বারণার্থং বক্ষ্যমাণান্নাভাগাদ্ভিন্ন ইত্যর্থঃ ॥ ১৬ ॥

বসুর সন্তান প্রতীক, তাহার পুত্র ওঘবান্। ঐ ওঘবানেরও ওঘবান্ নামে এক তনয় ও ওঘবতী নাম্নী এক তনয়া জন্মে, সুদর্শন রাজা ঐ কন্যার পাণি গ্রহণ করেন ॥ ১৩ ॥

হে রাজন্! নরিষ্যন্ত নামে যে মনুপুত্র তাঁহার পুত্র চিত্রসেন, চিত্রসেনের পুত্র ঋক্ষ, ঋক্ষের তনয় মীঢ্বান্, তাহা হইতে পূর্ণ উৎপন্ন হয়েন। সেই পূর্ণের সন্তান ইন্দ্রসেন, তাহার পুত্র বীতিহোত্র, তাহা হইতে সত্যশ্রবা জন্ম গ্রহণ করেন। ঐ সত্যশ্রবার সন্তান উরুশ্রবা, তাহা হইতে দেবদত্তের উদ্ভব হয় ॥ ১৪ ॥

দেবদত্তের তনয় অগ্নিবেশ্য, ভগবান্ অগ্নি স্বয়ং তাঁহার পুত্র রূপে উৎপন্ন হয়েন। ঐ অগ্নিবেশ্যই কানীন ও জাতূকর্ণ নামে বিখ্যাত মহান্ ঋষি হইয়াছিলেন এবং তাঁহা হইতেই অগ্নিবেশ্যায়ন নামে প্রসিদ্ধ ব্রহ্মকুল উৎপন্ন হইয়াছে। হে নৃপ! নরিষ্যন্তের বংশ বর্ণিত হইল, অতঃপর দিষ্ট বংশ বলি শ্রবণ কর ॥ ১৫ ॥

দিষ্টের পুত্র নাভাগ, পরে যে নাভাগের কথা বলিব সে নাভাগ নহেন, ইনি অন্য, কর্ম্মদ্বারা বৈশ্যতা প্রাপ্ত হইয়াছিলেন। ইহার তনয় ভলন্দন, ভলন্দন হইতে বৎসপ্রীতির উৎপত্তি হয়। বৎসপ্রীতির পুত্র প্রাংশু, তাহার পুত্র প্রমিতি। প্রমিতির তনয় খনিত্র, তাহা হইতে চাক্ষুষ জন্ম গ্রহণ করেন। চাক্ষুষের তনয় বিবিংশতি, তাহার পুত্র রম্ভ। রম্ভের নন্দন খনীনেত্র, যিনি পরম ধার্ম্মিক ছিলেন। ঐ খনীনেত্রের আত্মজ করন্ধম রাজা ॥ ১৬ ॥

তস্যাবিক্ষিৎ সুতো যস্য মরুত্তশ্চক্রবর্ত্ত্যভূৎ। সংবর্ত্তোঽযাজয়দ্যং বৈ মহাযোগ্যঙ্গিরঃ সুতঃ ॥১৭
মরুত্তস্য যথা যজ্ঞো ন তথান্যোঽস্তি কশ্চন। সর্ব্বং হিরণ্ময়ং ত্বাসীদ্ যৎ কিঞ্চাস্য শোভনং ॥১৮
অমাদ্যদিন্দ্রঃ সোমেন দক্ষিণাভির্দ্বিজাতয়ঃ। মরুতঃ পরিবেষ্টারো বিশ্বেদেবাঃ সভাসদঃ।
মরুত্তস্য দমঃ পুত্রস্তস্যাসীদ্রাজবর্দ্ধনঃ। সুধৃতিস্তৎ সুতো জজ্ঞে সৌধৃতেয়ো নরঃ সুতঃ।
তৎ সুতঃ কেবল স্তস্মাৎ ধুন্ধুমান্ বেগবাং স্ততঃ। বুধস্তস্যা ভবদ্যস্য তৃণবিন্দুর্মহীপতিঃ ॥ ১৯ ॥
তং ভেজেঽলম্বুষাদেবী ভজনীয় গুণালয়ং। বরাপ্সরা যতঃ পুত্রাঃ কন্যা চেলবিলাভবৎ।
যস্যামুৎপাদয়ামাস বিশ্রবা ধনদং সুতং। প্রাদায় বিদ্যাং পরমামৃষি র্যোগেশ্বরঃ পিতুঃ ॥ ২০ ॥
বিশালঃ শূন্যবন্ধুশ্চ ধূম্রকেতুশ্চ তৎসুতাঃ। বিশালো বংশকৃদ্রাজা বৈশালীং নির্ম্মমে পুরীং ॥২১॥

শ্রীধরস্বামী ।

অঙ্গিরসঃ সুতো মহাযোগী সম্বর্ত্তো যমযাজয়ৎ স মরুত্তঃ ॥ ১৭ ॥
অস্য যৎ কিঞ্চিৎ পাত্রাদিকমস্তি তত্তু সর্ব্বং হিরণ্ময়ং শোভনমাসীৎ ॥ ১৮ ॥
অমাদ্যৎ অহৃষ্যৎ ॥ ১৯ ॥
যতো যস্যাং তৃণবিন্দোঃ পুত্রা অভবন্ ॥ ২০ ॥
তানেবাহ বিশাল ইতি। তস্য তৃণবিন্দোঃ সুতাঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অস্য যৎ কিঞ্চ কিঞ্চিৎ পাত্রাদিকমস্তি আসীৎ। তৎ সর্ব্বং হিরণ্ময়ং শোভমানমাসীৎ ॥ ১৭ । ১৮ ॥
দ্বিজাতয়ো বিপ্রা অপি অমাদ্যন্ অহৃষ্যন্ ॥ ১৯ ॥
যতঃ যস্যাং তৃণবিন্দোঃ পুত্রা বিশালাদ্যাঃ ॥
পিতুঃ সকাশাৎ বিদ্যাং প্রাদায় প্রাপ্য ॥ ২০ । ২১ ॥

করন্ধমের পুত্র অবিক্ষিৎ, তাহার পুত্র মরুত্ত, যিনি চক্রবর্ত্তী হয়েন এবং অঙ্গিরার পুত্র মহাযোগী সম্বর্ত্ত যাঁহাকে যজ্ঞ করাইয়াছিলেন ॥ ১৭ ॥

ঐ মরুত্তের যজ্ঞ যদ্রূপ প্রসিদ্ধ, অন্য কিছুই তদ্রূপ নহে। তাঁহার যজ্ঞপাত্রাদি যে কিছু সমুদায় হিরণ্ময় ও সুশোভন ছিল ॥ ১৮ ॥

মরুত্তের যজ্ঞে সোমরস পান করিয়া ইন্দ্র হর্ষিত হইতেন, প্রচুর দক্ষিণা লাভে বিপ্রবর্গের আহ্লাদ জন্মিত। অপর সেই যজ্ঞে মরুদ্গণ পরিবেষ্টা ও বিশ্বদেবগণ সভাসদ হইয়াছিলেন। সে যাহা হউক, ঐ মরুত্তের তনয় দম, তাহার পুত্র রাজবর্দ্ধন, তৎসুত সুধৃতি, সুধৃতির তনয় নর, তাহার পুত্র কেবল, তাহা হইতে ধুন্ধুমান্ উৎপন্ন হয়েন। ধুন্ধুমানের তনয় বেগবান্, তাহার পুত্র বুধ, তাহার সন্তান তৃণবিন্দু রাজা ॥ ১৯ ॥

ঐ রাজা ভজনীয় ভূরি ভূরি গুণে বিভূষিত ছিলেন, শ্রেষ্ঠা অপ্সরা অলম্বুষা দেবী সেইগুণে মোহিত হইয়া তাঁহার সহিত সঙ্গতা হন। অতএব অলম্বুষা অপ্সরায় তৃণবিন্দুর কতিপয় পুত্র ও ইলবিলা নামে এক কন্যা উৎপন্ন হয়। হে রাজন্! যোগীশ্বর বিশ্রবা ঋষি পিতৃ সকাশাৎ পরম বিদ্যা প্রাপ্ত হইয়া ঐ ইলবিলার গর্ত্তে কুবেরকে উৎপন্ন করেন ॥ ২০ ॥

সে যাহা হউক, অতঃপর তৃণবিন্দুর পুত্রদিগের বিবরণ বলি, শুন। বিশাল, শূন্যবন্ধু এবং ধূম্রকেতু এই তিন জন তৃণবিন্দুর তনয়। তন্মধ্যে বিশালই বংশকারী রাজা হয়েন এবং তাঁহা হইতে বৈশালী পুরী নির্ম্মিতা হয় ॥ ২১ ॥

হেমচন্দ্রঃ সুতস্তস্য ধূম্রাক্ষস্তস্য চাত্মজঃ। তৎপুত্রাৎ সংযমাদাসীৎ কৃশাশ্বঃ সহদেবজঃ।
কৃশাশ্বাৎ সোমদত্তোঽভূদ্যোঽশ্বমেধৈরিড়স্পতিং। ইষ্ট্বা পুরুষমাপাগ্র্যাং গতিং যোগেশ্বরাশ্রিতাং।
সৌমদত্তিস্তু সুমতি স্তৎ পুত্রো জনমেজয়ঃ ॥ ২২ ॥
এতে বৈশালভূপালা স্তৃণবিন্দোর্যশোধরাঃ ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ২ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥
শর্য্যাতি র্মানবোরাজা ব্রহ্মিষ্ঠঃ সংবভূবহ। যোবা অঙ্গিরসাং সত্রে দ্বিতীয়মহরূচিবান্ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

সহদেবজঃ দেবজেন সহিতঃ। সহ দৈবত ইতি পাঠে নামান্তর মাত্রং অর্থস্তু সএব ॥ ২২ ॥
বৈশাল ভূপালাঃ বিশালস্যান্বয়ে জাতাঃ ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি নবমে দ্বিতীয়ঃ ॥ * ॥

তৃতীয়ে মনুপুত্রস্য শর্য্যাতেঃ কীর্ত্ত্যতেঽন্বয়ঃ। যত্র সৌকন্যমাখ্যানং রৈবতস্য মহাদ্ভুতং ॥ ০ ॥
ব্রহ্মিষ্ঠঃ বেদার্থ তত্ত্বজ্ঞঃ তদেবাহ যো বা ইতি। দ্বিতীয়মহঃ দ্বিতীয়েঽহ্নি ক্রিয়মাণং কর্ম্ম উচিবান্ উবাচ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বিতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥
সকন্যা ত্রৈস্তৈব নিরোধোঽভূন্নতূপদ্রবান্তরমিত্যত্র কারণং প্রাগুক্তনিজাশ্রম মালিন্যাহানেচ্ছা যা জাতা তামনু স্বতৈত্যব কন্যেচ্ছায়া মুনিকৃতঃ ক্ষুদ্রোপদ্রব বিশেষ ইতি জ্ঞেয়ঃ ॥ ১ । ২ । ৩ । ৪ । ৫ । ৬ । ৭ । ৮ । ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ । ১৪ । ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্য তৃণবিন্দোঃ সুতাঃ ॥ ২২ । ২৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বিতীয়োনবমস্যাভূৎ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

শর্য্যাতেশ্মনুপুত্রস্য সুকন্যা চ্যবনঃ পতিঃ। লেভে তৃতীয়ে শর্য্যাতি বংশ্যা শ্রীরেবতী বলং ॥ ০ ॥
ব্রহ্মিষ্ঠঃ বেদার্থ তত্ত্বজ্ঞঃ তদেবাহ যো বা ইতি দ্বিতীয়মহঃ দ্বিতীয়েঽহ্নি ক্রিয়মাণং কর্ম্ম উচিবান্ তত্র ব্যবস্থামূবাচ ॥ ১ । ২ ।

ঐ বিশালের সুত হেমচন্দ্র,তাহার তনয় ধূম্রাক্ষ, তৎ পুত্র সংযম। ঐ সংযম হইতে দেবল ও কৃশাশ্ব এই দুই পুত্র উৎপন্ন হয়। তন্মধ্যে কৃশাশ্বের সুত সোমদত্ত, যিনি বহু বহু অশ্বমেধ যজ্ঞ দ্বারা যজ্ঞপতি পরম পুরুষের অর্চ্চনা করিয়া যোগেশ্বরদিগের আশ্রিত অগ্র্যা গতি প্রাপ্ত হইয়াছিলেন। সোমদত্তের সুত সুমতি, তাহার পুত্র জনমেজয় ॥ ২২ ॥

হে রাজন্! বিশালবংশে এই সকল নৃপতি জন্ম গ্রহণ করেন, ইহাঁরা তৃণবিন্দু রাজার যশোধর ছিলেন ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি নবমে দ্বিতীয় ॥ * ॥

তৃতীয়াধ্যায়ে সৌকন্যাখ্যান ও রৈবতাখ্যান সমেত মনুতনয় শর্য্যাতির বংশ কীর্ত্তন ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! মনুপুত্র শর্য্যাতি অতিশয় ব্রহ্মিষ্ঠ অর্থাৎ বেদার্থ তত্ত্বজ্ঞ রাজা হয়েন। তিনি অঙ্গিরাদিগের সত্রে দ্বিতীয় দিবসের কর্ত্তব্য কর্ম্ম উপদেশ করেন ॥ ১ ॥

সুকন্যা নাম তস্যাসীৎ কন্যা কমললোচনা। তয়া সার্দ্ধং বনগতোহ্যগমচ্চ্যবনাশ্রমং।
সা সখীভিঃ পরিবৃতা বিচিন্বন্ত্যঙ্ঘ্রিপান্ বনে। বল্মীকরন্ধ্রে দদৃশে খদ্যোতে ইব জ্যোতিষী।
তে দৈবচোদিতা বালা জ্যোতিষী কণ্টকেন বৈ। অবিধ্যন্মুগ্ধভাবেন সুস্রাবাসৃক্ ততোবহিঃ।
শকৃন্মূত্র নিরোধোঽভূৎ সৈনিকানাঞ্চ তৎক্ষণাৎ। রাজর্ষিস্তমুপালক্ষ্য পুরুষান্ বিস্মিতোঽব্রবীৎ॥২
অপ্যভদ্রং নযুষ্মাভির্ভার্গবস্য বিচেষ্টিতং। ব্যক্তং কেনাপি ন স্তস্য কৃতমাশ্রম দূষণং।
সুকন্যা প্রাহ পিতরং ভীতা কিঞ্চিৎ কৃতং ময়া। দ্বে জ্যোতিষী অজানন্ত্যা নির্ভিন্নে কণ্টকেন বৈ।
দুহিতুস্তদ্বচঃ শ্রুত্বা শর্যাতি র্জাত সাধ্বসঃ। মুনিং প্রসাদয়ামাস বল্মীকান্তর্হিতং শনৈঃ॥ ৩॥
তদভিপ্রায়মাজ্ঞায় প্রাদাৎ দুহিতরং মুনেঃ। কৃচ্ছান্মুক্তস্তমামন্ত্র্য পুরং প্রায়াৎ সমাহিতঃ।

শ্রীধরস্বামী।

তস্য বংশমুক্তানবর্হি রানর্ত্ত ইত্যাদিনা বক্ষ্যতি। আদৌ তাবৎ কন্যা বৃত্তান্তমাহ সুকন্যা নামেত্যাদিনা॥ ২॥
ভার্গবস্য চ্যবনস্য অভদ্রং অপরাধঃ॥ ৩॥
মুগ্ধেয়ং মম কন্যা ক্ষন্তব্যং ত্বয়েত্যুচ্যমানে কতিবর্ষাণ্যস্যা বিবাহঃ কৃতো ন বেত্যাদি বাক্যৈস্তদভিপ্রায়ং জ্ঞাত্বা তস্মৈ তাং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

বিচেষ্টিতং কৃতং নোঽস্মাকং মধ্যে কেনাপি বা ন কৃতং॥ ৩॥
মুগ্ধেয়ং মম কন্যা ক্ষম্যতামিত্যুচ্যমানে কীদৃশী তে কন্যা তস্যা বিবাহোঽভূন্ন বেতি বক্তুস্তস্যাভিপ্রায়ং জ্ঞাত্বা তস্মৈ মুনয়ে দুহিতরং প্রাদাৎ॥ ৪॥

ঐ রাজার সুকন্যা নামে একটী কমললোচনা কন্যা হইয়াছিল। একদা তাহাকে সমভিব্যাহারে লইয়া অরণ্য প্রবেশানন্তর চ্যবন মুনির আশ্রমে গমন করিয়াছিলেন, সেই বনে তাঁহার তনয়া সখীগণে পরিবৃতা হইয়া ভ্রমণ করত বৃক্ষ হইতে ফল পত্রাদি চয়ন করিতে করিতে এক স্থানে বল্মীক মৃত্তিকার ছিদ্র মধ্যে খদ্যোতের ন্যায় দুইটী জ্যোতিঃ দেখিতে পান। তদবলোকনে রাজকন্যা সুকন্যার সাতিশয় কৌতূহল জন্মে। দৈব প্রেরিতের ন্যায় হইয়া তৎক্ষণাৎ একটা কণ্টক গ্রহণ পূর্ব্বক মুগ্ধতা প্রযুক্ত তদ্দারা উহা বিদ্ধ করেন। হে রাজন্! বিদ্ধ হইবামাত্র সেই বল্মীক ছিদ্র হইতে অবিশ্রান্ত রুধির নির্গত হইতে লাগিল এবং তৎক্ষণাৎ শর্যাতির সমভিব্যাহারি সৈন্যসামন্তের মল মূত্র নিরুদ্ধ হইল। রাজর্ষি শর্যাতি তদ্দর্শনে বিস্মিত হইয়া আপনার পুরুষদিগকে জিজ্ঞাসা করিলেন॥ ২॥

তোমরা কি কেহ মহর্ষি চাবনের কোন প্রকার অপরাধ করিয়াছ? স্পষ্ট বোধ হইতেছে আমাদের মধ্যে কোন ব্যক্তি মহর্ষির আশ্রম দূষিত করিয়া থাকিবে। সুকন্যা এতৎশ্রবণে ভীতা হইয়া নিবেদন করিলেন পিতঃ! আমি কিছু করিয়াছি, না জানিয়া একটা কণ্টক দিয়া দুইটী জ্যোতিঃ পদার্থ বিদ্ধ করিয়াছি। তনয়ার এই কথায় শর্যাতির সাতিশয় সাধ্বস জন্মিল, বল্মীক মধ্যে মুনি অন্তর্হিত হইয়াছিলেন, তন্নিকটে গমন করিয়া বিবিধ স্তুতি নতি দ্বারা ক্রমে প্রসন্ন করিলেন॥ ৩॥

অনন্তর মুনির অভিপ্রায় অবগত হইয়া আপনার ঐ দুহিতাটী তাঁহাকে সম্প্রদান করিলেন। হে রাজন্! শর্যাতি এই প্রকারে বিপদ্ হইতে মুক্ত হইয়া মুনিবর চ্যবন সহ সম্ভাষণ করণানন্তর সমাহিত চিত্তে স্বীয় ভবনে প্রত্যাগমন করিলেন। এ দিকে পরম কোপন চ্যবন পতি হওয়াতে চিত্তজ্ঞা

সুকন্যা চ্যবনং প্রাপ্য পতিং পরম কোপনং। প্রীণয়ামাস চিত্তজ্ঞা অপ্রমত্তানু বৃত্তিভিঃ ॥ ৪ ॥
কস্যচিত্ত্বথ কালস্য নাসত্যাবাশ্রমাগতৌ। তৌ পূজয়িত্বা প্রোবাচ বয়োমে দত্তমীশ্বরৌ ॥ ৫ ॥
গ্রহং গ্রহীষ্যে সোমস্য যজ্ঞে বামপ্যসোমপোঃ। ক্রিয়তাং মে বয়ো রূপং প্রমদানাং যদীপ্সিতং॥ ৬
বাঢ়মিত্যূচতুর্বিপ্রমভিনন্দ্য ভিষকৃতমৌ। নিমজ্জতাং ভবানস্মিন্ হ্রদে সিদ্ধ বিনির্ম্মিতে ॥ ৭ ॥
ইত্যুক্তো জরয়া গ্রস্তদেহো ধমনি সন্ততঃ। হ্রদং প্রবেশিতোঽশ্বিভ্যাং বলীপলিতবিগ্রহঃ।
পুরুষাস্ত্রয় উত্তস্থুরপীব্যা বনিতাঃ প্রিয়াঃ। পদ্মস্রজঃ কুণ্ডলিন স্তুল্য রূপা সুবাসসঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

দুহিতরং প্রাদাৎ ॥ ৪ ॥

হে ঈশ্বরৌ স্বৈর্বৈদ্যৌ যুবাং মহ্যং বয়স্তারুণ্যং দত্তং সম্পাদয়তং ॥ ৫ ॥

অসোমপোঃ সোমপান রহিতয়োরপি বাং যুবয়োঃ সোমস্য গ্রহং সোমপূর্ণ পাত্রং গ্রহীষ্যে দাস্যামি যুবাং সোমেন যক্ষ্যে ইত্যর্থঃ। ঐন্দ্রবায়বং গ্রহং গৃহ্লাতীত্যাদিষু দ্রব্য দেবতা সম্বন্ধানুপপত্ত্যা গৃহ্লাতের্যাগপর্য্যবসায়িত্বাৎ ॥ ৬ ॥

বাঢ়মিত্যভিনন্দ্য ভবানস্মিন্নিমজ্জতামিত্যূচতুঃ ॥ ৭ ॥

হ্রদং প্রবেশিতঃ তাবপি তমপি বৃদ্ধং গৃহীত্বা প্রবিষ্টাবিত্যর্থঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কস্যচিৎ কস্মিংশ্চিৎ প্রোবাচ চ্যবনঃ। হে ঈশ্বরৌ যৌবন দানে সমর্থৌ ॥ ৫ ॥

সোমস্য গ্রহং সোম পূর্ণপাত্রং গ্রহীষ্যে যুবাং সোমেন যক্ষ্যে ইত্যর্থঃ ॥ ৬। ৭ ॥

অশ্বিভ্যাং প্রবেশিত ইতি তমতি বৃদ্ধং গৃহীত্বা তাবপি প্রবিষ্টাবিত্যর্থঃ ॥

অপীব্যা অতি সুন্দরাঃ ॥ ৮ ॥

সুকন্যা অপ্রমত্তা হইয়া সদা চিত্তানুবৃত্তি দ্বারা তাঁহার প্রীতি উৎপাদনে প্রবৃত্তা হইলেন ॥ ৪ ॥

কিয়ৎকালানন্তর এক দিন অশ্বিনীকুমার দ্বয় ঐ আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন, মুনিবর চ্যবন যথাবিধি তাঁহাদের অর্চ্চনা করিয়া কহিলেন তোমরা দুই জন স্বর্বৈদ্য আমার তারুণ্য সম্পাদন করিয়া দাও দেখি ॥ ৫ ॥

প্রমদাগণের অভিলষিত যে বয়স ও রূপ তাহা আমার করিয়া দাও, তোমরা সোমপান রহিত, কখন সোম রস পান কর নাই, আমি সোমযাগ করিয়া তোমাদিগকে সোমপূর্ণ পাত্র প্রদান করিব॥৬

বিপ্রবর চ্যবনের ঐ বচনে স্বর্বৈদ্য অশ্বিনীকুমার দ্বয় "তাহাই করিতেছি" বলিয়া আনন্দ প্রকাশ পূর্ব্বক বলিলেন তবে সিদ্ধ বিনির্ম্মিত এই হ্রদে অবগাহন করিবেন চলুন ॥ ৭ ॥

হে রাজন্। এই প্রকার উক্ত হইয়া জরাজীর্ণ ও শিরা ব্যাপ্ত কলেবর এবং বলী পলিত গাত্র ঐ মহর্ষি সেই দুই স্বর্বৈদ্যের সমভিব্যাহারে হ্রদে প্রবেশিত হইলেন অর্থাৎ অশ্বিনীকুমারেরা তাঁহাকে লইয়া হ্রদে প্রবিষ্ট হইলেন। কিয়ৎক্ষণ পরে সেই হ্রদ হইতে অতুল রমণীপ্রিয় তিনটী পুরুষ উত্থিত হইলেন। তিন জনেরই গলায় পদ্ম মালা, কর্ণে কণক কুণ্ডল এবং তিন জনেই সুরূপ ও শোভন বসন পরিয়াছিলেন ॥ ৮ ॥

তাংনিরীক্ষ্য বরারোহা সরূপান্ সূর্য্যবর্চ্চসঃ। অজানতী পতিং সাধ্বী অশ্বিনৌ শরণং যযৌ।
দর্শয়িত্বা পতিং তস্যৈ পাতিব্রত্যেন তোষিতৌ। ঋষিমামন্ত্র্য যযতু র্বিমানেন ত্রিপিষ্টপং।
যক্ষ্যমাণোঽথ শর্য্যাতি শ্চ্যবনস্যাশ্রমং গতঃ। দদর্শ দুহিতুঃ পার্শ্বে পুরুষং সূর্য্যবর্চ্চসং।
রাজা দুহিতরং প্রাহ কৃতপাদাভিবন্দনাং। আশিষশ্চাপ্রযুঞ্জানো নাতিপ্রীতিমনা ইব ॥ ৯ ॥
চিকীর্ষিতং তে কিমিদং পতিস্ত্বয়া প্রলম্ভিতো লোকনমস্কৃতো মুনিঃ।
যত্ত্বং জরাগ্রস্তমসত্যসম্মতং বিহায় জারং ভজসেঽমুমধ্বগং ॥ ১০ ॥
কথং মতিস্তেঽবগতান্যথা সতাং কুলপ্রসূতে কুলদূষণন্ত্বিদং।

শ্রীধরস্বামী।

অশ্বিনৌ শরণং যযৌ যুবাং পৃথক্ স্থিত্বা মৎপতিং দর্শয়তমিতি প্রার্থয়ামাস ॥ ৯ ॥
প্রলম্ভিতো বঞ্চিতঃ হে অসতি অসম্মতমনভীষ্টং ॥ ১০ ॥
হে সতাং কুলপ্রসূতে তে মতিরন্যথা তদ্বিপর্য্যয়েণ কথমবগতা অবসন্না অধ্যবসিতেতি বা তদেবাহ কুলদূষণমিত্যাদি ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অস্মাসু মধ্যে স্বপতিং পরিচিত্য গৃহাণেতি তৈরুক্তে যুষ্মাসু মধ্যে যাবশ্বিনৌ তৌ মাং কৃপয়তাং মৎপতিং জ্ঞাপয়তামিত্যশ্বিনৌ শরণং যযৌ ॥ ৯ ॥
প্রলম্ভিতো বঞ্চিতঃ যত্ত্বং জরাগ্রস্তং পতিং বিহায় অসত্যসংমতং অমুং জারং ভজসে ॥ ১০ ॥
হে সতাং কুলপ্রসূতে কথং তব মতিরন্যথা ভূতা সতী অবগতা অধঃপতিতা। অপত্রপা অতি নির্লজ্জা তমো নরকং।

তিন জনকেই সূর্য্য তুল্য তেজস্বী ও সমান রূপ অবলোকন করিয়া পতিব্রতা সুকন্যার বিস্ময় জন্মিল, তন্মধ্যে কে আপনার পতি, জানিতে পারিলেন না, অতএব অশ্বিনীকুমার দ্বয়ের শরণাপন্না হইলেন অর্থাৎ আপনারা পৃথক্ করিয়া আমার পতিকে দেখাইয়া দিউন, এই প্রার্থনা করিলেন। বরারোহা সুকন্যার পাতিব্রত্যে অশ্বিনীকুমারদিগের পরিতোষ জন্মিল, আপনারা পৃথক্ হইয়া তাঁহার পতিকে দেখাইয়া দিলেন। তদনন্তর ঋষির সহিত সম্ভাষণ পূর্ব্বক বিমানযোগে স্বর্গপুরে গমন করিলেন। হে রাজন্! কিয়ৎকাল পরে শর্য্যাতি রাজা যজ্ঞ করিবার নিমিত্ত চ্যবনের আশ্রমে গিয়া দেখিলেন কন্যার পার্শ্বে সূর্য্য তুল্য তেজস্বী এক পুরুষ বসিয়া রহিয়াছেন। সুকন্যা পিতাকে দেখিয়া ব্যস্ত সমস্ত হইয়া গাত্রোত্থান পূর্ব্বক পাদ বন্দনা করিলে শর্য্যাতি আশীর্ব্বাদ করিলেন না, কিন্তু জরাজীর্ণ চ্যবন হস্তে কন্যা সম্প্রদান করিয়া যান, তিনি আশ্রমে নাই তৎপরিবর্ত্তে সুরূপ অন্য এক জন যুবা পুরুষ কন্যার নিকট বসিয়া রহিয়াছেন, ইহা দেখিয়া আশঙ্কা উপস্থিত হওয়াতে তাঁহার মনঃ অতিশয় প্রীত হইল না, অসন্তুষ্ট চিত্তে দুহিতাকে বলিলেন ॥ ৯ ॥

এ কি করিতে বাসনা করিয়াছ? আঃ অসতি! তোমার পতি লোকনমস্কৃত, তাঁহাকে বঞ্চনা করিয়াছ? তিনি জরাগ্রস্ত বলিয়া বুঝি তাঁহাতে প্রীতা হও নাই, তাহাতেই এই পথিককে উপপতি বলিয়া ভজিতেছ? অরে কুলকলঙ্কিনি! তুই অতি অসৎকুলোৎপন্না ঈদৃশী বুদ্ধি করিতে কি রূপে সাহস করিলি, হা! আমার কুল দূষিত করিলি! নির্লজ্জা হইয়া জার পুষিতে ছিস্, পিতার ও পতির কুলকে একবারে অধঃপাতে দিয়াছিস্? ॥ ১০ ॥

পিতার ঐ সকল কথা শুনিয়া শুচিস্মিতা সুকন্যার বিস্ময় জন্মিল, পরে সবিনয় বচনে নিবেদন

বিভর্ষি জারং যদপত্রপা কুলং পিতুশ্চ ভর্ত্তুশ্চ নয়স্যধস্তমঃ।
এবং ব্রুবাণং পিতরং স্ময়মানা শুচিস্মিতা। উবাচ তাত জামাতা তবৈষ ভৃগুনন্দনঃ।
শশংস পিত্রে তৎ সর্ব্বং বয়োরূপাভিলম্ভনং। বিস্মিতঃ পরমপ্রীত স্তনয়াং পরিষস্বজে।
সোমেন যাজয়ন্ বীরং গ্রহং সোমস্য চাগ্রহীৎ। অসোমপোরপ্যশ্বিনোশ্চ্যবনঃ স্বেন তেজসা ॥১১
হন্তুং তমাদদে বজ্রং সদ্যোমন্যুরমর্ষিতঃ। সবজ্রং স্তম্ভয়ামাস ভুজমিন্দ্রস্য ভার্গবঃ।
অন্বজানংস্ততঃ সর্ব্বে গ্রহং সোমস্য চাশ্বিনোঃ। ভিষজাবিতি যৎ পূর্ব্বং সোমাহুত্যা বহিষ্কৃতৌ।
উত্তানবর্হিরানর্ত্তো ভূরিষেণ ইতি ত্রয়ঃ। শর্যাতেরভবন্ পুত্রা আনর্ত্তাদ্রেবতোঽভবৎ ॥ ১২ ॥
সোঽন্তঃ সমুদ্রে নগরীং বিনির্ম্মায় কুশস্থলীং। আস্থিতোঽভুঙ্‌ক্ত বিষয়ানানর্ত্তাদীনরিন্দম ॥১৩॥
তস্য পুত্রশতং যজ্ঞে ককুদ্মি জ্যেষ্ঠমুত্তমং ॥ ১৪ ॥
ককুদ্মী রেবতীং কন্যাং স্বামাদায় বিভুঙ্গতঃ। পুত্র্যা বরং পরিপ্রষ্টুং ব্রহ্মলোকমপাবৃতং ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

সদ্যস্তৎক্ষণমেব মন্যুর্যস্য স ইন্দ্রঃ ॥ ১২ ॥
বিষয়ান্ দেশান্ অভুঙ্‌ক্ত অপালয়ৎ ॥ ১৩ ॥
ককুদ্মী জ্যেষ্ঠো যস্মিন্ তৎ ॥ ১৪ ॥ বিভুং ব্রহ্মাণং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্ময়েন সাধ্বীত্ব গর্ব্বেণ মানশ্চিত্তসমুন্নতি র্যস্যাঃ সা।
সোমেন সোমসংজ্ঞকযজ্ঞেন বীরং শর্যাতিং ॥ ১১ ॥
সদ্যোমন্যুরবিচারাত্তৎক্ষণ জাতকোপঃ ॥ ১২ । ১৩ । ১৪ ॥
বিভুং ব্রহ্মাণং অপাবৃতং রজস্তমোগুণাবরণ শূন্যং ॥ ১৫ ॥

করিলেন পিতঃ! ইনি তোমার জামতা সেই ভৃগুনন্দন চ্যবন। পরে তাঁহার যে রূপে রূপ যৌবন লাভ হয় তৎসমুদায় পিতার নিকট বর্ণন করিলেন, তৎশ্রবণে শর্যাতি বিস্মিত ও প্রীত হইয়া তনয়াকে আলিঙ্গন করিলেন। হে রাজন্! তদনন্তর মহর্ষি চ্যবন শর্যাতিকে সোম যাগ করাইয়া, যদিও অশ্বিনীকুমারেরা সোমপ নহেন, তথাচ আপনার তেজে তাঁহাদিগকে সোম পাত্র প্রদান করিলেন ॥ ১১ ॥

ইন্দ্রের সদ্যঃ ক্রোধ হইত। তিনি তদবলোকনে ক্রুদ্ধ হইয়া চ্যবনের বিনাশার্থ বজ্র গ্রহণ করিয়াছিলেন, কিন্তু ভৃগুনন্দন স্বীয় ব্রহ্ম তেজে দেবরাজের বজ্র সহিত হস্ত স্তম্ভিত করিয়া দেন। অতএব যদিও পূর্ব্বে ভিষক্ বলিয়া অশ্বিনীকুমারদ্বয় সোম যাগে বহিষ্কৃত ছিলেন তথাচ তদবধি সকল দেবতা তাঁহাদিগকে যজ্ঞে সোম দিতে সম্মত হইয়াছেন। সে যাহা হউক, ঐ শর্যাতির তিন পুত্র উত্তানবর্হি, আনর্ত্ত এবং ভূরিসেন। তন্মধ্যে আনর্ত্তের রেবত নামে এক পুত্র হয় ॥ ১২ ॥

হে অরিন্দম! ঐ রেবত সাগরাভ্যন্তরে কুশস্থলী নামে এক নগরী নির্ম্মাণ করিয়া তাহাতে অবস্থিতি পূর্ব্বক আনর্ত্তাদি দেশ পালন করিয়াছিলেন ॥ ১৩ ॥

তাঁহার এক শত পুত্র জন্মে, তাহাদের মধ্যে ককুদ্মী জ্যেষ্ঠ ও সর্ব্বোত্তম ॥ ১৪ ॥

ঐ ককুদ্মী রেবতী নাম্নী স্বীয় তনয়াকে সমভিব্যাহারে লইয়া বর ( পাত্র ) অন্বেষণার্থ ব্রহ্মলোকে ব্রহ্মার নিকট গিয়াছিলেন ॥ ১৫ ॥

আবর্ত্তমানে গান্ধর্ব্বে স্থিতোলব্ধক্ষণঃ ক্ষণং। তদন্তে আদ্যমানম্য স্বাভিপ্রায়ং ন্যবেদয়ৎ ॥ ১৬ ॥
তৎ শ্রুত্বা ভগবান্ ব্রহ্মা প্রহস্য তমুবাচহ। অহো রাজন্ নিরুদ্ধাস্তে কালেন হৃদি যে কৃতাঃ।
তৎ পুত্র পৌত্র নপ্তৄণাং গোত্রাণিচ ন শৃণ্মহে ॥ ১৭ ॥
কালোঽভিযাতস্ত্রি নব চতুর্য্যুগ বিকল্পিতঃ ॥ ১৮ ॥
তদ্গচ্ছ দেবদেবাংশো বলদেবো মহাবলঃ। কন্যারত্নমিদং রাজন্ নররত্নায় দেহি ভোঃ ॥ ১৯ ॥
ভুবো ভারাবতারায় ভগবান্ ভূতভাবনঃ। অবতীর্ণো নিজাংশেন পুণ্যশ্রবণকীর্ত্তনঃ ॥ ২০ ॥
ইত্যাদিষ্টোঽভিবন্দ্যাজং নৃপঃ স্বপুরমাগতঃ। ত্যক্তং পুণ্যজনত্রাসাৎ ভ্রাতৃভি র্দিক্ষ্ববস্থিতৈঃ।
সুতাং দত্ত্বানবদ্যাঙ্গীং বলায় বলশালিনে ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

নলব্ধঃ ক্ষণোঽবসরো যেন। আদ্যং ব্রহ্মাণং ॥ ১৬ ॥
তে ত্বয়া হৃদি কৃতাঃ সর্ব্বে কালেন নিরুদ্ধাঃ সংহৃতাঃ ॥ ১৭ ॥
ত্রিনব সপ্তবিংশতি চতুর্য্যুগানি তৈর্ব্বিকল্পিতো বিভক্তঃ ॥ ১৮ ॥
যো দেবদেবস্যাংশোঽস্তি তস্মৈ নররত্নায় দেহি ॥ ১৯ ॥ তদেবাহ ভুব ইতি ॥ ২০ ॥
পুণ্যজনত্রাসাৎ যক্ষভয়াৎ পূর্ব্বমেব চিরং তস্তাতৃভিস্ত্যক্তং ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

আবর্ত্তেতাত্র ক্ষণমিতি তস্য পশ্চাদেব তস্য তত্র গমনাৎ ॥ ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন লব্ধঃ ক্ষণোঽবসরো যেন সঃ। তদন্তে গান্ধর্ব্ব সমাপ্তৌ আদ্যং ব্রহ্মাণং ॥ ১৬ ॥
হৃদি যে কৃতা জামাত্রর্থং মনসি বিচারিতাঃ। নিরুদ্ধাঃ সংহৃতাঃ ॥ ১৭ ॥
ত্রিনবসপ্তবিংশতি চতুর্যুগানি তৈর্ব্বিশেষতঃ কল্পিতোগণিতঃ ॥ ১৮। ১৯। ২০ ॥
ত্যক্তমিত্যাদি প্রাক্তন বৃত্তান্তঃ ॥ ২১ ॥

সে সময় গন্ধর্ব্বগণ তথায় সঙ্গীত আলাপ করিতেছিল, অতএব অবসর না পাওয়াতে ককুদ্মী ক্ষণকাল অপেক্ষা করিলেন, পরে অবকাশ পাইয়া প্রণাম পূর্ব্বক আপনার অভিপ্রায় নিবেদন করিলেন ॥ ১৬
তৎশ্রবণে ব্রহ্মা হাস্য বদনে বলিতে লাগিলেন্ হে রাজন্! তুমি যে যে ব্যক্তিকে মনস্থ করিয়াছ এখন তাহাদের পুত্র পৌত্র ও নপ্তৃদিগের গোত্র নামও শুনিতে পাইবা না ॥ ১৭ ॥
ফলতঃ সপ্ত বিংশতি চতুর্য্যুগে বিভক্ত কাল অতীত হইয়া গেল ॥ ১৮ ॥
অতএব গমন কর, দেবদেবের অংশ মহাবল যে বলদেব আছেন, সেই নররত্নকে আপনার কন্যারত্ন প্রদান কর ॥ ১৯ ॥
রাজন্! যাঁহার শ্রবণ কীর্ত্তনে পুণ্য হয় সেই ভূতভাবন ভগবান্ ভূমির ভারাবতরণার্থ নিজাংশে অবতীর্ণ হইয়াছেন ॥ ২০ ॥
ঐ প্রকার আদেশ প্রাপ্ত হইয়া ককুদ্মী বলশালি বলদেবকে আপনার কন্যা সম্প্রদান করিলেন, পরে ব্রহ্মাকে অভিবাদন করিয়া আপনার পুরে প্রত্যাগত হইলেন। তাঁহার ভ্রাতৃগণ যক্ষ ভয়ে ঐ পুরী পরিত্যাগ করিয়া দিক্ সকলে পলায়ন পরায়ণ হইয়াছিল ॥ ২১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে তৃতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

নাভাগো নভগাপত্যং যং ততং ভ্রাতরঃ কবিং। যবিষ্ঠং ব্যভজন্ দায়ং ব্রহ্মচারিণমাগতং ॥ ১ ॥

ভ্রাতরোঽভাঙ্‌ক্ত কিং মহ্যং ভজাম পিতরং তব। কিং ম আর্য্যাস্ততাভাঙ্ক্ষ্‌র্মাপুত্রক তদাদৃথাঃ ॥ ২

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি নবমে তৃতীয়ঃ ॥ * ॥

চতুর্থে মনুপুত্রস্য নভগস্য কথোচ্যতে। তৎ সূনোশ্চাম্বরীষস্য কৃত্যা প্রতিহতা যতঃ ॥ ০ ॥

নভগস্য বংশমাহ নভগস্যাপত্যং নাভাগঃ নাভাগাদম্বরীষো মহাভাগবতোঽভূদিতি বক্ষ্যন্ তদ্ধেতুত্বেন বংশ প্রবর্ত্তকস্য নভগস্য নিষ্কপটং চরিতং তেন চ রুদ্র প্রসাদমাহ যং ততমিত্যাদিনা। ব্রহ্মচারিণং বহুকালং গুরুকুলে বসন্তং নৈষ্ঠিকোঽয়মিতি মত্বা বিভাগ সময়ে তস্মৈ ভাগমপ্রকল্প্যৈব ভ্রাতরঃ সর্ব্বং দায়ং বিভজ্য গৃহীত্বা পশ্চাদ্গুরুকুলাদাগতং যং ভাগার্থিনং কবিং বিদ্বাংসং যবিষ্ঠং প্রতি ততং তাতং পিতরং দায়ং ব্যভজন্নিত্যর্থঃ ॥ ১ ॥

এতদেব প্রশ্নোত্তরাভ্যাং দর্শয়তি তত্র নভগঃ পৃচ্ছতি ভো ভ্রাতরঃ মহ্যং কিং অভাঙ্‌ক্ত ব্যভজত কং ভাগং মদর্থং যূয়ং প্রকল্পিতবন্তঃ ভ্রাতর আহুঃ তদা বিস্মৃতমস্মাভিঃ ইদানীন্তু তব পিতরং ভজাম বিভজাম ত্বং পিতরং গৃহাণেত্যর্থঃ সচ পিতরং আহ তত

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে তৃতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়োনবমস্যায়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

চতুর্থে নভগাখ্যানমম্বরীষ কথা তথা। দুর্ব্বাসসো জটোৎক্ষেপ স্তাপশ্চক্রেণ চোচ্যতে ॥ ০ ॥

মনুপুত্রস্য নভগস্যাপত্যং নাভাগঃ। যং গুরুকুলাদধীত্য আগতং কবিং বিদ্বাংসং যবিষ্ঠমনুজং ভাগার্থিনং প্রতি ততং তাতমেব দায়ং ব্যভজন্ দদুঃ নতু পৈতৃকং কিমপি ধনং তদা গমনাৎ পূর্ব্বমেব স নৈষ্ঠিকোঽভূন্নাগমিষ্যতীতি মত্বা সর্ব্ব ধনস্য স্বৈর্ব্বিভজ্য গৃহীতত্বাদিত্যর্থঃ ॥ ১ ॥

তৎ কথামেব প্রশ্নোত্তরাভ্যামাহ তত্র নাভাগঃ পৃচ্ছতি হে ভ্রাতরঃ মহ্যং কিং অভাঙ্‌ক্ত ব্যভজত কং ভাগং মদর্থং যূয়ং প্রকল্পিতবন্তঃ। ভ্রাতর আহুঃ তদানীং তব বৈরাগ্যং শ্রুত্বা ভাগো ন প্রকল্পিতঃ ইদানীং তু তব পিতরমেব ভজামঃ। ত্বদ্ভাগত্বেন পিতরং প্রকল্পয়ামঃ ত্বং সর্ব্বধনোপার্জ্জকং পিতরং গৃহাণেত্যর্থঃ। ততশ্চ স পিতরমাগত্যাহ হে তত তাত আর্য্যা জ্যেষ্ঠা মম ভাগং

॥ * ॥ ইতি নবমে তৃতীয় ॥ * ॥

চতুর্থ অধ্যায়ে মনুপুত্র নাভাগের এবং তৎ তনয় অম্বরীষের কথা ॥ ০ ॥

শুকদেব কহিলেন নভগের সন্তান নাভাগ, তিনি বহুকাল গুরুকুলে বাস করাতে নৈষ্ঠিক ব্রহ্মচারি অনুমান করিয়া ভ্রাতারা বিভাগ সময়ে তাঁহার নিমিত্ত পিতৃধনের অংশ স্থাপন করে নাই, পরে ব্রহ্মচর্য্য সমাপন করিয়া গুরুকুল হইতে প্রত্যাগত হইলে ভ্রাতৃগণ পিতাকেই দায় বলিয়া তাহার অংশ নির্দ্দিষ্ট করিয়া দেয় ॥ ১ ॥

অর্থাৎ নাভাগ আসিয়া জিজ্ঞাসা করিলেন হে ভ্রাতৃগণ! তোমরা আমার নিমিত্ত কি ভাগ নির্দ্দিষ্ট করিয়া রাখিয়াছ? ভ্রাতারা উত্তর দেয় আমরা তোমার নিমিত্ত পিতাকেই অংশ স্বরূপ করিয়া রাখিয়াছি, অতএব তুমি পিতাকে গ্রহণ কর। তৎ শ্রবণে নাভাগ পিতৃ সন্নিধানে গমন করিয়া কহিলেন

ইমে অঙ্গিরসঃ সত্রমাসতেঽদ্য সুমেধসঃ । ষষ্ঠং ষষ্ঠমুপেত্যাহঃ কবে মুহ্যন্তি কর্ম্মণি ॥ ৩ ॥
তাং স্ত্বং শংসয় সূক্তে দ্বে বৈশ্বদেবে মহাত্মনঃ । তে স্বর্যন্তো ধনং সত্রপরিশেষিতমাত্মনঃ ।
দাস্যন্তি তেঽথ তানর্চ্ছ তথা স কৃতবান্ যথা । তস্মৈ দত্ত্বা যযুঃ স্বর্গং তে সত্রপরিশেষণং ॥ ৪ ॥

শ্রীধরস্বামী ।

হে তাত আর্য্যাঃ জ্যেষ্ঠাঃ মম ত্বামভাক্ষুঃ ভাগং চক্রুঃ মদীয়ো ভাগস্ত্বমিত্যর্থঃ । কিং ম ইতি পাঠে হে তাত কিমিদং মমাভাক্ষুঃ ভজাম পিতরং ভবেত্যুক্তবন্তঃ । আর্য্যাস্ত্বাং মহ্যং কিমর্থং দত্তবিত্যর্থঃ পিতা আহ হে পুত্রক তৈরুক্তং মাদৃথাঃ প্রতারণমাত্রং তৈঃ কৃতং তস্মিন্নাদরং মাকার্ষী নহহং দায় ইব ভোগসাধন ইত্যর্থঃ ॥ ২ ॥

তথাপি তৈর্ভাগত্বেন দত্তোঽহং তব জীবনোপায়ং উপদেক্ষ্যামীত্যাহ ইম ইতি সপাদাভ্যাং দ্বাভ্যাং অভিপ্লবঃ ষড়হো ভবতি পৃষ্ঠাঃ ষড়হো ভবতীতি বিহিতেষু ষড়হেষু আবর্ত্তমানেষু ষষ্ঠং ষষ্ঠমহঃ কর্ম্মোপেত্য প্রাপ্য কর্ম্মণি তদনুষ্ঠানে সুমেধসোঽপি তে সূক্ত বিশেষাজ্ঞানেন মুহ্যন্তি । কবে হে বিদ্বন্ ॥ ৩ ॥

তান্ মহাত্মনোপি ইদমিত্থং রৌদ্রমিতিচ যে যজ্ঞে দক্ষিণায়েতিচ ত্বং বৈশ্বদেবে দ্বে সূক্তে শংশয় পাঠয় ততঃ কর্ম্মণি সমাপ্তে সতি তে স্বর্যন্তঃ স্বর্গং গচ্ছন্তঃ স্ব সত্রে পরিশেষিতমবশিষ্টমাত্মনো ধনং তে তুভ্যং দাস্যন্তি অগ তস্মাত্তানর্চ্ছ গচ্ছেতি তথেত্যাদি শুকবাক্যং যথাবৎ কৃতবান্ সত্রপরিশেষণং সত্রাবশিষ্টং ধনং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ত্বামভাক্ষুঃ । মদীয়ো ভাগস্ত্বমভূরিত্যর্থঃ । কিং মমার্য্যাস্তাভাক্ষুরিতি পাঠে হে তাত কিমিদং মমাভাক্ষুঃ ভজাম পিতরং ভবেত্যুক্তবন্তঃ । আর্য্যাস্ত্বাং মহ্যং কিমর্থং দত্তবিত্যর্থঃ । পিতা আহ । হে পুত্রক মদনুকম্প্য এনো তৈরুক্তং তৎ মা আদৃথাঃ নহহং দায় ইব ভোগ সাধনমিত্যর্থঃ ॥ ২ ॥

সরল বুদ্ধিনা ময়া ন পুন স্তেষাং পার্শ্বং গন্তব্যমিতি চেৎ তর্হি স্নেহেন তব জীবনোপায় মহমেবোপদেক্ষ্যামীত্যাহ ইমে ইতি সপদাভ্যাং দ্বাভ্যাং । অভিপ্লবঃ ষড়হো ভবতীতি বিহিতেষু ষড়হেষ্বাবর্ত্তমানেষু ষষ্ঠং ষষ্ঠমহঃ কর্ম্মোপেত্য প্রাপ্য কর্ম্মণি তদনুষ্ঠানে সুমেধসোপি সূক্তবিশেষাজ্ঞানেন মুহ্যন্তি । হে কবে বিদ্বন্ ॥ ৩ ॥

তান্ মহাত্মনোপি ইদমিত্থং রৌদ্রমিতিচ যে যজ্ঞেন দক্ষিণয়েতি চ ত্বং বৈশ্বদেবে দ্বে সূক্তে শংসয় পাঠয় । ততশ্চ তে স্বর্যন্তঃ স্বর্গং গচ্ছন্তঃ তথেতি শুকবাক্যং ॥ ৪ ॥

পিতঃ ! আমার জ্যেষ্ঠগণ আপনাকে কি নিমিত্ত আমার ভাগ স্থির করিয়া দিলেন ? পিতা কহিলেন, বৎস ! তাহাদের কথায় প্রত্যয় করিও না, তাহারা তোমাকে প্রতারণা করিয়াছে, আমি দায় তুল্য ভোগ্য বস্তু নহি ॥ ২ ॥

পরন্তু তোমার ভ্রাতারা আমাকে তোমার অংশ রূপে নিরূপণ করিয়াছে, অতএব আমি তোমার জীবনোপায় বলিয়া দি, হে বিদ্বন্ ! অঙ্গিরস মুনিগণ সত্র কার্য্যে ব্যাপৃত হইয়াছেন, তাঁহারা যদিও সুবুদ্ধি, তথাচ বিহিত ষড়হ যাগ উপস্থিত হওয়াতে প্রত্যেক ষষ্ঠ দিবসে কর্ম্ম প্রাপ্ত হইয়া সূক্ত বিশেষে জ্ঞানাভাব প্রযুক্ত তদনুষ্ঠানে মুগ্ধ হইতেছেন ॥ ৩ ॥

তুমি গিয়া সেই মহাত্মাদিগকে বৈশ্যদেব সম্বন্ধীয় দুইটী সূক্ত পাঠ করাও । কর্ম্ম সমাপ্ত হইলে যখন তাঁহারা স্বর্গে গমন করিবেন তখন সত্রের অবশিষ্ট ধন অবশ্য তোমাকে দিয়া যাইবেন, বিলম্ব করিও না এখনি তাহাদিগের নিকট গমন কর । হে রাজন্ ! এই প্রকার উক্ত হইয়া নাভাগ তদ্রূপই করিলেন এবং সেই সকল অঙ্গিরসও আপনাদের সত্রাবশিষ্ট ধন তাঁহাকে প্রদান করিয়া স্বর্গে গমন করিলেন ॥ ৪ ॥

তং কশ্চিৎ স্বীকরিষ্যন্তং পুরুষঃ কৃষ্ণদর্শনঃ। উবাচোত্তরতোঽভ্যেত্য মমেদং বাস্তুকং বসু ॥ ৫ ॥
মমেদমৃষিভির্দ্দত্তমিতি তর্হি স্ম মানবঃ। স্যান্নৌ তে পিতরি প্রশ্নঃ পৃষ্টবান্ পিতরং যথা ॥ ৬ ॥
যজ্ঞবাস্তুগতং সর্ব্বমুচ্ছিষ্টমৃষয়ঃ ক্বচিৎ। চক্রুর্হি ভাগং রুদ্রায় স দেবঃ সর্ব্বমর্হতি।
নাভাগস্তং প্রণম্যাহ তবেশ কিল বাস্তুকং। ইত্যাহ মে পিতা ব্রহ্মন্ শিরসা ত্বং প্রসাদয়ে ॥ ৭ ॥
যত্তে পিতাবদদ্ধর্ম্মং ত্বঞ্চ সত্যং প্রভাষসে। দদামি তে মন্ত্রদৃশো জ্ঞানং ব্রহ্ম সনাতনং।

শ্রীধরস্বামী।

পুরুষঃ শ্রীরুদ্রঃ দৃশ্যত ইতি দর্শনং শরীরং কৃষ্ণং দর্শনং যস্য সঃ। বাস্তুকং যজ্ঞভূমিগতং বসুধনং মমেত্যুবাচ ॥ ৫ ॥

তর্হি স্ম তদৈব মমেদমিতি মানবো নাভাগ উবাচ। পুনশ্চ শ্রীরুদ্র উবাচ নৌ আবয়োরস্মিন্ বিবাদে তব পিতরি প্রশ্নঃ স্যাদিতি পৃষ্টবান্ ইতি শুকোক্তিঃ ॥ ৬ ॥

পৃষ্টস্তু মনোর্ব্বাক্যং যজ্ঞবাস্তুগতমিতি উচ্ছিষ্টং উর্ব্বরিতং ক্বচিদিতি দক্ষাধ্বরে উচ্ছেষণভাগো বৈ রুদ্র ইতি শ্রুতেঃ কিঞ্চ স দেব ঈশ্বরঃ সর্ব্বমেবার্হতি কিং পুনর্যজ্ঞাবশিষ্টমিত্যর্থঃ ॥ ৭ ॥

শ্রীরুদ্র আহ যত্ত ইতি ইদং চাখ্যানং শ্রুতিপ্রসিদ্ধং তথাচ বহ্বৃচ ব্রাহ্মণং নাভাগেন দিষ্টং শংসতি নাভাগেন দিষ্টবৈ মানবং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পুরুষঃ শ্রীরুদ্রঃ কৃষ্ণদর্শনঃ শ্যামবর্ণঃ। যদ্বা স্ফূর্ত্তি প্রাপ্তং কৃষ্ণং সদা পশ্যতী সঃ বাস্তুকং যজ্ঞবাস্তুগতং ॥ ৫ ॥

তর্হি তদৈব মমেদমিতি মানবো নাভাগ উবাচ। নৌ আবয়োরস্মিন্ বিবাদে তে পিতরি প্রশ্নঃ স্যাৎ পৃষ্টবানিতি শুকোক্তিঃ ॥৬॥

পিতা উবাচ। যজ্ঞেতি ক্বচিদিতি দক্ষাধ্বরে উচ্ছেষণভাগো বৈ রুদ্র ইতি শ্রুতেশ্চ। কিঞ্চ সদেব ঈশ্বরঃ সর্ব্বমপ্যর্হতি কিং পুনর্যজ্ঞাবশিষ্টমিত্যর্থঃ ॥

শিরসা প্রণম্য ॥ ৭ ॥

রুদ্র উবাচ। যত্তে ইতি। ইদং ব্যাখ্যানং শ্রুতিপ্রসিদ্ধং। তথাচ বহ্বৃচব্রাহ্মণং। নাভাগে দিষ্টং শংসতীত্যাদি ॥ ৮ ॥

কিন্তু নাভাগ যখন সেই ধন স্বীকার করিতে উদ্যত হন, তৎকালীন কৃষ্ণবর্ণ কলেবর কোন পুরুষ উত্তর দিক্ হইতে আসিয়া কহিলেন যজ্ঞ ভূমিগত এ সকল ধন আমার ॥ ৫ ॥

ইহাতে নাভাগ কহিলেন সে কি? আমার যে এ ধন, এইমাত্র ঋষিরা আমাকে দিয়া গেলেন। তাঁহার এই কথায় সেই পুরুষ বলিলেন বিবাদ কর কেন? তোমার পিতার নিকট গিয়া জিজ্ঞাসা কর। সেই পুরুষের এই কথায় নাভাগ জনক সন্নিধানে গমন পূর্ব্বক যথাবৎ জিজ্ঞাসা করিলেন ॥ ৬ ॥

তাহাতে তাঁহার পিতা ( মনু ) কহিলেন বৎস! দক্ষযজ্ঞে যে সমস্ত বস্তু উর্ব্বরিত হইয়াছিল, ঋষিরা যজ্ঞভূমিগত তৎসমুদায় ভগবান্ রুদ্রের ভাগ বলিয়া নির্দ্দিষ্ট করিয়াছিলেন, অধিকন্তু সেই ঈশ্বর সকলই পাইবার যোগ্য, ইহাতে যজ্ঞাবশিষ্টের কথা কি? এতৎ শ্রবণে নাভাগ সেই পুরুষের ( রুদ্রের ) নিকট প্রত্যাগমন করিয়া প্রণতি পূর্ব্বক বলিলেন হে ঈশ! যজ্ঞভূমিগত এ সমস্ত ধন আপনকার সত্ত্বাস্পদী ভূত, এ কথা আমার পিতা বলিলেন। অতএব প্রসন্ন হইয়া আমার অপরাধ ক্ষমা করুন, আমি মস্তক দ্বারা প্রণাম করিতেছি ॥ ৭ ॥

নাভাগের বিনয়ে তুষ্ট হইয়া রুদ্র কহিলেন যে হেতু তোমার পিতা ধর্ম্ম বাক্য বলিয়াছেন এবং তুমিও ধর্ম্ম বাক্য বলিতেছ, সেই হেতু তুমি মন্ত্রদর্শী, তোমাকে জ্ঞানরূপ সনাতন ব্রহ্ম প্রদান করি।

গৃহাণ দ্রবিণং দত্তং মৎসত্র পরিশেষিতং। ইত্যুক্ত্বান্তর্হিতো রুদ্রো ভগবান্ ধর্ম্মবৎসলঃ ॥ ৮ ॥
য এতৎ সংস্মরেৎ প্রাতঃ সায়ঞ্চ সুসমাহিতঃ। কবির্ভবতি মন্ত্রজ্ঞো গতিঞ্চৈব তথাত্মনঃ ॥ ৯ ॥
নাভাগাদম্বরীষোঽভূন্মহাভাগবতঃ কৃতী। নাস্পৃশদ্ব্রহ্মশাপোঽপি যং ন প্রতিহতঃ ক্বচিৎ ॥ ১০ ॥
শ্রীরাজোবাচ ॥
ভগবন্ শ্রোতুমিচ্ছামি রাজর্ষে স্তস্য ধীমতঃ। ন প্রাভূদ্‌যত্র নির্ম্মুক্তো ব্রহ্মদণ্ডো দুরত্যয়ঃ ॥ ১১ ॥
শ্রীশুক উবাচ ॥
অম্বরীষো মহাভাগঃ সপ্তদ্বীপবতীং মহীং। অব্যয়াঞ্চ শ্রিয়ং লব্ধ্বা বিভবঞ্চাতুলং ভুবি ॥ ১২ ॥
মেনেতি দুর্ল্লভং পুংসাং সর্ব্বং তৎ স্বপ্নসংস্তুতং। বিদ্বান্ বিভবনির্ব্বাণং তমো বিশতি যৎ পুমান্ ॥১৩॥

শ্রীধরস্বামী।

ব্রহ্মচর্য্যং বসন্তং ভ্রাতরো নিরভজন্ সোঽব্রবীদিত্যাদি ॥ ৮ ॥
অস্যাখ্যানস্য স্মরণে ফলমাহ য এতদিতি। আত্মনোগতিঞ্চ প্রাপ্নোতীতি শেষঃ ॥ ৯ ॥
ক্বচিদপি ন প্রতিহতো ব্রহ্মশাপোঽপি ব্রাহ্মণেন নির্ম্মিতঃ কৃত্যানলোপি যং নাস্পৃশৎ অতোঽসৌ মহাভাগবতঃ কৃতী পুণ্যবান্ ॥ ১০ ॥
তস্য শ্রোতুমিচ্ছামি চরিতমিতি শেষঃ ব্রহ্মদণ্ডঃ কৃত্যানলঃ ন প্রাভূৎ ন সমর্থো বভূব ॥ ১১ ॥
শ্রিয়ং সম্পদং বিভবমৈশ্বর্য্যং অতুলং নিরুপমং ॥ ১২ ॥
পুংসামতিদুর্ল্লভমপি তৎ সর্ব্বং স্বপ্নবৎ সংস্তুতং নিরূপিতং অনুপাদেয়ং মেনে তত্র হেতুঃ বিভবস্য নির্ব্বাণং নাশং বিদ্বান্ যৎ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

গতিঞ্চ প্রাপ্নোতীতি শেষঃ ॥ ৯ ॥
যো ব্রহ্মশাপঃ ক্বচিদপি ন প্রতিহতঃ অমোঘত্বাৎ সোঽত্র স্বামসৌ দহত্বিতি বাগস্ত্র সহিত কৃত্যানলপ্রক্ষেপ রূপোজ্ঞেয়ঃ ॥ ১০ ॥
শ্রোতুং চরিতমিতি শেষঃ ॥ ১১। ১২ ॥
পুংসামতিদুর্ল্লভং বিভবঞ্চ লব্ধ্বা তৎ সর্ব্বং স্বপ্নে সংস্তুতমিব মেনে। যতো বিভবস্য নির্ব্বাণং নাশং বিদ্বান্। যৎ যতো

আর সত্রাবশিষ্ট এই যে ধন, ইহাও তোমাকে দিলাম, তুমি গ্রহণ কর। হে রাজন্! ধর্ম্মবৎসল ভগবান্ রুদ্র এই প্রকার কহিয়া অন্তর্দ্ধান হইলেন ॥ ৮ ॥

যে ব্যক্তি সুন্দর রূপ সমাহিত হইয়া সায়ং ও প্রাতঃকালে এই উপাখ্যান স্মরণ করিবেন তিনি এতৎ প্রভাবে বিদ্বান্ ও মন্ত্রজ্ঞ হইয়া অভিলষিত অর্থ প্রাপ্ত হইবেন ॥ ৯ ॥

সে যাহা হউক নাভাগ হইতে অম্বরীষের উৎপত্তি হয়। যে ব্রহ্মশাপ কুত্রাপি প্রতিহত হয় না তাহাও, অর্থাৎ ব্রহ্ম কর্ত্তৃক নির্ম্মিত কৃত্যারূপ অনলও তাঁহাকে স্পর্শ করিতে পারে নাই, অতএব তিনি মহাভাগবত ও অতিশয় পুণ্যবান্ ॥ ১০ ॥

রাজা পরীক্ষিৎ কহিলেন ভগবন্! ধীমান্ রাজর্ষি অম্বরীষের চরিত্র শ্রবণ করিতে ইচ্ছা করি। কি আশ্চর্য্য! ব্রহ্ম নির্ম্মিত কৃত্যানল অতিশয় দুরত্যয়, তাহাও তাঁহাকে পরাভব করিতে সমর্থ হয় নাই! ॥ ১১ ॥

শুকদেব কহিলেন মহাভাগ অম্বরীষ রাজা সপ্তদ্বীপ পৃথিবী, অক্ষয় সম্পদ এবং ভূতলের অতুল ঐশ্বর্য্য লাভ করিয়া ॥ ১২ ॥

যদিও ঐ সমস্ত পদার্থ পুরুষদিগের অতিশয় দুর্ল্লভ, তথাচ স্বপ্নবৎ অনুপাদেয় বোধ করিতে লাগি-

বাসুদেবে ভগবতি তদ্ভক্তেষু চ সাধুষু। প্রাপ্তোভাবং পরং বিশ্বং যেনেদং লোষ্ট্রবৎ স্মৃতং ॥ ১৪ ॥

স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়োর্ব্বচাংসি বৈকুণ্ঠগুণানুবর্ণনে।

করৌ হরের্ম্মন্দির মার্জ্জনাদিষু শ্রুতিঞ্চকারাচ্যুতসৎকথোদয়ে ॥ ১৫ ॥

মুকুন্দলিঙ্গালয় দর্শনে দৃশৌ তদ্ভৃত্যগাত্রস্পর্শেঽঙ্গ সঙ্গমং।

শ্রীধরস্বামী।

যেন বিভবেন তন্নাশেন বা পুমান্ তমোবিশতি মোহে নিমজ্জতি ॥ ১৩ ॥

নন্বেবং জানস্তোঽপি বিভবৈষিণো দৃশ্যন্তে তত্রাহ বাসুদেব ইতি। ভাবং ভক্তিং প্রাপ্তঃ যেন ভাবেনেদং বিশ্বং লোষ্ট্রবদতি তুচ্ছং স্মৃতং ॥ ১৪ ॥

ভক্তিমেব সর্ব্বেন্দ্রিয়াণাং ভগবৎ পরত্বকথনেন প্রপঞ্চয়তি স বা ইতি ত্রিভিঃ। শ্রুতিং শ্রোত্রং অচ্যুতস্য সৎ কথানামুদয়ে শ্রবণে চকারেত্যস্য সর্ব্বত্রান্বয়ঃ ॥ ১৫ ॥

মুকুন্দস্য লিঙ্গানামালয়ানি স্থানানি তেষাং দর্শনে দৃশৌ নেত্রে শ্রীমত্যা স্তুলস্যা স্তৎপাদসরোজেন যং সৌরভং তস্মিন্ তদ-

ক্রমসন্দর্ভঃ।

স বৈ ইতি ত্রিকং। দাস্যে নিমিত্তে সাক্ষাত্তদ্দাস ভাব প্রাপ্ত্যর্থমেব কামমভিলাষং চকার। নতু তদ্ব্যতিরেকেণ তেনৈব বা কাম কাময়া বিষয়ভোগেচ্ছয়া চকারেত্যর্থঃ। কথং তত্রাহ যেনৈব প্রকারেণ উত্তমঃশ্লোকজনা যে প্রহ্লাদাদয় স্তদাশ্রয়া। তদানাবায়া ভগবদ্বিষয়া রতিঃ সা ভবেৎ ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিভবাসক্তঃ ॥ ১৩ ॥

যেন পরম ভাবেন প্রেম্না ইদং বিশ্বং লোষ্ট্রবৎ পরামৃষ্টং ভবেৎ ॥ ১৪ ॥

তস্য প্রেম্নঃ সাধনং ভক্তিযোগমাহ স বা ইতি ত্রিভিঃ। মন আদীনাং চকারেত্যনেনান্বয়ঃ রাজ্যে স্বপুরুষানিব মন আদিনী যাগ্যপি স যত্র যত্র ন্যযুঙ্ক্ত তত্র তত্রৈব তানি তদাজ্ঞাং শিরসা নিধায়ৈবাসন্নিতি অসাধারণং তস্য রাজ্ঞঃ সাম্রাজ্যমিতি ভাবঃ। শ্রুতিং শ্রোত্রং অচ্যুতস্য বিষ্ণোঃ সতাং তদ্ভক্তানাঞ্চ কথোদয়ে কথোৎকর্ষে নতু জ্ঞান কর্ম্মাদ্যুৎকর্ষে ইত্যর্থঃ। মুকুন্দস্য লিঙ্গানাং প্রতিমানাঞ্চ আলয়ানাং মন্দিরাণাঞ্চ মথুরাদি নিত্য ধামাঞ্চ বৈষ্ণবানাঞ্চ দর্শনে। শ্রীমত্যা স্তুলস্যা স্তৎপাদ সরোজ সম্পর্কেণ যৎ সৌরভং তস্মিন্ ভগবচ্চরণার্পিত তুলসী গন্ধে ইত্যর্থঃ। তদর্পিতে মহাপ্রসাদান্নে রসনাং জিহ্বাং হরেঃ ক্ষেত্রং মথুরাদি পদমন্ত্রাপি তন্মন্দিরাদি। তদনুসর্পণে তত্র তত্র পুনঃ পুনর্গমনে। হৃষীকেশস্য পদয়োশ্চরণয়োঃ পদানাং ভক্তানাঞ্চাপি বন্দনে। কামমভিলাষং দাস্যে হরেরহং দাসো ভূয়াসমিত্যেবং নতু কথং কাময়া বিষয় ভোগেচ্ছায়াং সপ্তম্যর্থে তৃতীয়া কথঞ্চকার। উত্তমঃশ্লোকজনাঃ প্রহ্লাদাদয় আশ্রয়ো যস্যাস্তথাভূতা নিষ্ঠামেব রতির্যথা যেন প্রকারেণ স্যাদভবদ্বা তথা চকারেত্যেতৎ স বৈ মন ইত্যাদিষু সর্ব্বত্রৈবান্বিতং জ্ঞেয়ং ॥ ১৫। ১৬। ১৭ ॥

লেন, কারণ বিভবের বিনাশজ্ঞ পুরুষও বিভব অথবা তন্নাশে মোহমগ্ন হইয়া থাকেন ॥ ১৩ ॥

অপর ঐ রাজা ভগবান্ বাসুদেবে এবং তদ্ভক্ত সাধু সকলে সেই পরম ভাব ( ভক্তি ) প্রাপ্ত হইয়াছিলেন, যাহাতে এই বিশ্ব লোষ্ট্রবৎ তুচ্ছ বোধ হয় ॥ ১৪ ॥

অধিকন্তু তিনি শ্রীকৃষ্ণপদারবিন্দে মনঃ সমর্পণ করিয়াছিলেন, বৈকণ্ঠগুণানুবর্ণনে বাক্য সকলকে নিয়োগ করিয়াছিলেন, হরিমন্দির মার্জনাদিতে করদ্বয়কে ব্যাপৃত রাখিয়াছিলেন এবং অচ্যুতের সৎকথা শ্রবণে শ্রবণেন্দ্রিয়কে নিযুক্ত করিয়াছিলেন ॥ ১৫ ॥

অপর নয়নদ্বয়কে মুকুন্দ লিঙ্গ সকলের আলয় অবলোকনে, অঙ্গসঙ্গকে ভগবদ্ভৃত্যজনের গাত্র

ঘ্রাণঞ্চ তৎপাদসরোজসৌরভে শ্রীমত্তুলস্যা রসনাং তদর্পিতে ॥ ১৬ ॥
পাদৌ হরেঃ ক্ষেত্রপদানুসর্পণে শিরোহৃষীকেশ পদাভিবন্দনে।
কামঞ্চ দাস্যে নতু কামকাম্যয়া যথোত্তমঃশ্লোকজনাশ্রয়া রতিঃ ॥ ১৭ ॥
এবং সদাকর্ম্ম কলাপমাত্মনঃ পরেঽধিযজ্ঞে ভগবত্যধোক্ষজে।
সর্ব্বাত্ম ভাবং বিদধন্মহীমিমাং তন্নিষ্ঠ বিপ্রাভিহিতঃ শশাস হ ॥ ১৮ ॥
ঈজেঽশ্বমেধৈরধিযজ্ঞমীশ্বরং মহাবিভূত্যোপচিতাঙ্গ দক্ষিণৈঃ।

শ্রীধরস্বামী।

র্পিতে তন্নিবেদিতান্নাদৌ ॥ ১৬ ॥

কামঃ স্রক্ চন্দনাদি সেবাং দাস্যে নিমিত্তে তৎ প্রসাদ স্বীকারায় নতু কাম কাময়া বিষয়েচ্ছয়া কথঞ্চকার উত্তমঃশ্লোক জনাশ্রয়া রতির্যথা ভবেত্তথা অনেনচ ভক্তেষু পরং ভাবং প্রাপ্ত ইত্যেতৎ স্ফুটীকৃতং ॥ ১৭ ॥

সর্ব্বত্রাত্মেতি ভাবো ভাবনা যস্মিন্ তং আত্মনঃ স্বস্য কর্ম্মণাং কলাপং সমূহং ভগবতি বিদধৎ সমর্পয়ন্ তন্নিষ্ঠৈ র্ভাগবতৈস্তৈর্ব্বিপ্রৈরভিহিতঃ শিক্ষিতঃ সন্ মহীং শশাস পালয়ামাস অনেনাধিকৃত ধর্ম্মোপি যথাবদ্দর্শিতঃ ॥ ১৮ ॥

কিঞ্চ যজ্ঞাধিষ্ঠাতারমীশ্বরং অশ্বমেধৈরীজে আরাধয়ামাস মহাবিভূত্যা উপচিতানি অঙ্গানি দক্ষিণাশ্চ যেষু তৈর্ব্বশিষ্ঠাদিভি

ক্রমসন্দর্ভঃ।

এবং পূর্ব্বোক্ত প্রকারেণাত্ম কর্তৃকং কর্ম্মকলাপং পরে ভগবতি বিদধৎ। কীদৃশং তং সর্ব্বাত্মনা ভাবো ভক্তির্যত্র তাদৃশং ॥১৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্য তাদৃশ সাম্রাজ্য সম্পত্তাবপি ভক্ত্যাবেশস্য প্রতিদিনার্পণঞ্চ নাভূদিত্যাহ এবমিতি সদা প্রতিদিনমেব আত্মনঃ স্বস্য এবং কর্ম্মকলাপং স্মরণ কীর্ত্তন মন্দির মার্জ্জনাদিকং বিদধৎ স্বয়মেব কুর্ব্বন্ মহীং শশাস কর্ম্ম কলাপং কীদৃশং অধোক্ষজে কৃষ্ণে সর্ব্বেণ শ্রোত্রাদীন্দ্রিয়বৃত্তি সহিতেনৈবাত্মনা মনসা ভাবোরতি র্যস্তং অধিযজ্ঞে তপো জ্ঞানাদিভ্যোঽপ্যধিকোযজ্ঞঃ পূজা যস্য তস্মিন্ হরিভক্তিনিষ্ঠ ব্রাহ্মণেন অভিহিতঃ ত্বমষ্টাবেব যামান্ নির্ব্বিক্ষেপমেব সর্ব্বাত্মনা হরিং ভজ রাজ্যকর্ম্মণি স্বনিযুক্তৈর্যোগ্যপুরুষৈরেব মহীং শাধি চেতি শিক্ষিতঃ সন্নিত্যর্থঃ ॥ ১৮ ॥

তথৈব রাজ্যাধিকারোচিতাশ্বমেধাদি যজ্ঞকরণঞ্চ আদিভরতবন্নিরভিমানস্য তস্য প্রতিনিধি দ্বারৈবেত্যাহ। ঈজে ইতি মহাসম্পত্ত্যৈব হেতুনা উপচিতানি সম্যগেব নির্ব্যূঢ়ানি অঙ্গানি দক্ষিণাশ্চ যেষু তৈঃ বশিষ্ঠাদি স্বপ্রতিনিধিভিস্তৈস্তৈর্ব্বিস্তৃতৈঃ। ধন্বনি ধন্বদেশে সরস্বতীং সরস্বত্যাং অভিস্রোতঃ স্রোতোঽভিমুখমভিলক্ষ্যাতে ন স্বয়ন্তু ততোবিদূরে স্বরাজধান্যাং নির্ব্বিক্ষেপং

স্পর্শে, ঘ্রাণেন্দ্রিয়কে ভগবৎ পাদপদ্ম সংযোগে তুলসীর যে সৌরভ তদ্গ্রহণে এবং রসনাকে ভগবানের প্রতি নিবেদিত অন্নাদি আস্বাদনে তৎপর করিয়াছিলেন ॥ ১৬ ॥

আর তাঁহার চরণদ্বয় ভগবৎক্ষেত্রপদানুসর্পণে এবং তাঁহার মস্তক হৃষীকেশ পাদাভিবন্দনে নিযুক্ত হইয়াছিল। অপিচ তিনি কাম অর্থাৎ স্রক্ চন্দনাদি বিষয় সেবাকে ভগবজ্জনাশ্রয়া রতি যে রূপে হয় সেই রূপ করিয়া ভগবদ্দাস্যে তৎপর করিয়াছিলেন, তাহাও ভগবৎ প্রসাদ স্বীকারার্থ মাত্র হইয়াছিল, বিষয়েচ্ছায় হয় নাই ॥ ১৭ ॥

এই প্রকারে আপনার যাবতীয় ক্রিয়া কলাপ, যাহাতে সর্ব্বত্রই আত্মা এই রূপ ভাবনা ছিল, সমুদায় যজ্ঞপতি ভগবান্ অধোক্ষজে সমর্পণ পূর্ব্বক ভগবন্নিষ্ঠ বিপ্রগণের উপদেশানুসারে রাজ্যপালন করিতেন ॥ ১৮ ॥

অপর বহু ২ অশ্বমেধ যজ্ঞ দ্বারা যজ্ঞাধিপতির আরাধনায় সতত রত থাকিতেন। সেই সকল যজ্ঞের অঙ্গ ও দক্ষিণা মহৎ ঐশ্বর্য্যে উপচিত এবং তৎ সমস্ত যজ্ঞ বশিষ্ঠ, অসিত, গৌতম প্রভৃতি

তটে র্বশিষ্ঠাসিত গোতমাদিভির্ধন্বন্যভিস্রোতমসৌ সরস্বতীং ॥ ১৯ ॥
যস্য ক্রতুষু গীর্ব্বাণৈঃ সদস্যা ঋত্বিজো জনাঃ। তুল্য রূপাশ্চানিমিষা ব্যদৃশ্যন্ত সুবাসসঃ ॥ ২০ ॥
স্বর্গো ন প্রার্থিতো যস্য মনুজৈরমরপ্রিয়ঃ। শৃণ্বদ্ভিরুপগায়দ্ভিরুত্তমঃশ্লোকচেষ্টিতং ॥ ২১ ॥
সম্বর্দ্ধয়ন্তি যৎ কামাঃ স্বারাজ্যে পরিভাবিতাঃ। দুর্ল্লভানাপি সিদ্ধানাং মুকুন্দং হৃদি পশ্যতঃ ॥২২

শ্রীধরস্বামী।

হেতুভূতৈর্ব্বিস্তৃতৈঃ। ধন্বনি ধন্বদেশে নিরুদকে সরস্বতীমভিস্রোতং তস্যাঃ প্রতিলোমং ॥ ১৯ ॥

কিঞ্চ যস্য ক্রতুষু সদস্যাদয়ো গীর্ব্বাণৈঃ সহ ভূষণাদিভিস্তুল্য রূপা ব্যদৃশ্যন্ত স ইত্থমিতি চতুর্থেনান্বয়ঃ। নচ দেবানাং নিমেষা ভাবাদ্বৈলক্ষণ্যং যতোঽনিমিষাশ্চ ব্যদৃশ্যন্ত ন নিমিষন্তীতি তথা আশ্চর্য্যদর্শনৌৎসুক্যেন তেষাং নিমেষোপরমাদিতি ভাবঃ ॥২০॥

যস্য যদীয়ৈর্ম্মনুজৈরপি স্বর্গোঽপি ন প্রার্থিতঃ তস্য তু কা বার্ত্তা ॥ ২১ ॥

আস্তাং তাবৎ স্বর্গ প্রার্থনশঙ্কাপি যদ্বতো মুকুন্দং হৃদি পশ্যত স্তান্ কামান্ বিষয়ান্ সম্বর্দ্ধয়ন্তি হর্ষয়ন্তি। কথং ভূতাঃ স্বারাজ্যেন স্বরূপ সুখেন পরিভাবিতাঃ অতিশায়িতাঃ অতএব সিদ্ধানামপি দুর্ল্লভাঃ যান্ ইতি পাঠে যান্ মনুজান্ স্বারাজ্য পরিভাবিতানিত্যপি পাঠে মনুজানাং বিশেষণং। যমিতি পাঠে যং অম্বরীষং। পশ্যতামিতি পাঠে সিদ্ধানাং বিশেষণং ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

নমু কথং স বৈ মন ইত্যাদৌ সতি যজ্ঞ ক্রিয়াস্তাদেকাত্মত্বাদিত্যাশঙ্ক্যাহ বশিষ্ঠাদিভি স্তৈরিতি। বশিষ্ঠাদি দ্বারা কৃতৈরিত্যর্থঃ। সরস্বতীমিতি কর্ম্মমার্গে তস্যাদরোদর্শিতঃ। অভিস্রোতমিতি ক্রমাত্তত্তীর্থ ক্রমেণেতি ভাবঃ। ধন্বনীতি ধন্বদেশান্তর্গতেষপি তত্তীর্থেষিত্যর্থঃ। এতেন তত্রাপি পুণ্যত্বং জ্ঞাপিতং ॥ ১৯। ২০ ॥

সমর্দ্ধয়ন্তীত্যত্র স্বারাজ্যমিন্দ্রপদতুল্যতা ॥ ২১। ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পরিচর্য্যাং কুর্ব্বন্নেবাতিষ্ঠদিতি ব্যঞ্জিতং ॥ ১৯ ॥ গীর্ব্বাণৈঃ সহ তুল্য রূপাঃ নচানিমিষত্বেন দেবানাং বৈলক্ষণ্যং বাচ্যং। যতো মনুষ্যা অপি অদ্ভুত যজ্ঞ দর্শনাদনিমিষা ব্যদৃশ্যন্ত দৃষ্টাঃ ॥ ২০ ॥

যস্য মনুজৈ র্যৎপাল্যমান লোকৈঃ স্বর্গো ন প্রার্থিতঃ কিং স্বর্গীয় ভোগাদধিকভোগ প্রাপ্ত্যানেত্যাহ শৃণ্বদ্ভিরিত্যাদি ॥ ২১ ॥

কিঞ্চ স্বর্গীয় ভোগাদধিকে ভোগে স্বতঃ সিদ্ধেপি যদীয়া মনুজা স্তত্র নাসজ্জন্তেত্যাহ সমর্দ্ধয়ন্তি ইতি যান্ মনুজান্ কামা ভোগান্ সমর্দ্ধয়ন্তি ন হর্ষেণ বর্দ্ধয়ন্তি শুধু বৃদ্ধৌ কীদৃশাঃ স্বারাজ্যমিন্দ্র পদতুল্যং সুখং তেন পরিসর্ব্বতো ভাবেন বাসিতাঃ। যদ্বা স্বারাজ্যেন স্বরূপ সুখেন মুক্ত্যানন্দেন বাসিতা যুক্তা অতএব সিদ্ধানামপি দুর্ল্লভাঃ। তত্র হেতু গর্ভং মনুজান্ বিশিনষ্টি মুকুন্দমিত্যাদিনা। অম্বরীষ প্রসঙ্গাদিতি ভাবঃ। যদিতি পাঠে যদযস্মান্মুকুন্দং হৃদি পশ্যতঃ পরিভাবিতানিতি পাঠে মনুজ বিশেষণং। যমিতি পাঠে যং অম্বরীষং ॥ ২২ ॥

মহর্ষির কারণে বিস্তৃত হইত। হে রাজন্! ধন্বদেশে যে খানে সরস্বতীর প্রতিলোম স্রোতঃ তথায় অম্বরীষ রাজা ঐ সকল যজ্ঞ করিয়াছিলেন ॥ ১৯ ॥

তাঁহার যজ্ঞে সদস্য ও ঋত্বিক্ প্রভৃতি বসন এবং ভূষণাদি দ্বারা দেবতাদের সহিত তুল্য রূপ দৃষ্ট হইতেন। আশ্চর্য্য দর্শনৌৎসুক্য প্রযুক্ত সেই সকল সদস্যাদির নিমেষ পর্য্যন্ত উপরত হইয়া যাইত সুতরাং তাঁহারা সর্ব্বতোভাবে দেবগণের সমান হইতেন ॥ ২০ ॥

আর রাজর্ষি অম্বরীষের লোকেরাও সুরপ্রিয় স্বর্গ প্রার্থনা করিত না, কেবল ভগবচ্চরিত্র শ্রবণ ও কীর্ত্তনে রত থাকিত, ইহাতে তাঁহার কথা বক্তব্য কি? ॥ ২১ ॥

ফলতঃ যে ব্যক্তি স্বীয় হৃদয় মধ্যে ভগবান্ মুকুন্দকে দর্শন করেন স্বরূপ সুখ দ্বারা আতিশয্য অতএব সিদ্ধগণের দুর্ল্লভ যে সমস্ত বিষয়, সে সকলও তাঁহার হর্ষ জন্মাইতে সমর্থ হয় না ॥ ২২ ॥

স ইত্থং ভক্তিযোগেন তপো যুক্তেন পার্থিবঃ। স্বধর্ম্মেণ হরিং প্রীণন্ সর্ব্বান্ কামান্ শনৈর্জহৌ।
গৃহেষু দারেষু সুতেষু বন্ধুষু দ্বিপোত্তমস্যন্দনবাজিবস্তুষু।
অক্ষয্যরত্নাভরণাম্বরাদিষ্বনন্তকোষেষ্বকরোদসন্মতিং ॥ ২৩ ॥
তস্মা অদাদ্ধরিশ্চক্রং প্রত্যনীক ভয়াবহং। একান্তভক্তিভাবেন প্রীতো ভক্তাভিরক্ষণং ॥ ২৪ ॥
আরিরাধয়িষুঃ কৃষ্ণং মহিষ্যা তুল্যশীলয়া। যুক্তঃ সম্বৎসরং বীরো দধার দ্বাদশীব্রতং ॥ ২৫ ॥
ব্রতান্তে কার্ত্তিকে মাসি ত্রিরাত্রং সমুপোষিতঃ। স্নাতঃ কদাচিৎ কালিন্দ্যাং হরিং মধুবনেঽর্চ্চয়ৎ।
মহাভিষেকবিধিনা সর্ব্বোপস্কর সম্পদা। অভিষিচ্যাম্বরাকল্পৈর্গন্ধমাল্যার্হণাদিভিঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

এবং শ্রীভগবদারাধন পরস্য তস্য কামাত্যাপেক্ষা নৈব চিত্রমিত্যুপসংহরতি স ইত্থমিতি দ্বাভ্যাং ॥ ২৩ ॥
নম্বেবং ভূতোঽসৌ কথং প্রতিপক্ষান্ জয়েত্তত্রাহ তস্মা ইতি ॥ ২৪ ॥
তদেবং তস্য বৈরাগ্যাদিকং শ্রীহরিভক্তিশ্চোক্ত্বা ব্রহ্মদণ্ডো যত্র ন প্রাভূদিতি যদুক্তং তদেব দ্বাদশী ব্রতনিষ্ঠাং কথয়ন্নাহ আরিরাধয়িষুরিত্যাদিনা যাবদধ্যায় সমাপ্তি ॥ ২৫ ॥ অর্চ্চয়ৎ অড়াগমাভাব আর্ষত্বাৎ ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তপোঽত্র দ্বাদশীব্রতাদি ॥ গৃহাদিষু ভগবৎ সেবানুপযোগিষ্বিতি জ্ঞেয়ং ॥ ২৩ । ২৪ ॥
দ্বাদশীব্রতং। অভীষ্ট বিশেষ সিদ্ধ্যর্থং তদ্বিশেষং ॥২৫।২৬।২৭।২৮।২৯।৩০।৩১।৩২।৩৩।৩৪।৩৫।৩৬।৩৭।৩৮।৩৯।৪০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মন্দির মার্জ্জন জল কলস বহন বৈষ্ণব শুশ্রূষণাদিনা শরীরকষ্টঃ ভোগত্যাগশ্চ তপ স্তদ্যুক্তেন স্বধর্ম্মেণেতি ভক্তিযোগেনেত্যস্য বিশেষণং চকারাভাবাদম্বরীষস্য শুদ্ধ ভক্তত্বাচ্চ। একান্ত ভক্তিভাবেনেত্যগ্রিমোক্তেশ্চ ॥ ২৩ ॥
নম্বেবম্ভূতোঽসৌ কথং প্রতিপক্ষান্ জয়েত্তত্রাহ তস্মা ইতি। প্রীত ইতি তস্যৈকান্তিক ভক্তৌ বিক্ষেপাভাবার্থমিত্যর্থঃ ॥ ২৪ ॥
তস্যৈকাদশীব্রত নিষ্ঠয়া দর্শিতয়ৈব সর্ব্বভক্তি নিষ্ঠাং জ্ঞাপয়ন্নাহ আরিরাধয়িষু রিত্যাদি ॥ ২৫ ॥
তস্য স্বায়ুঃ পর্য্যান্তমেকাদশীব্রতনিষ্ঠত্বেপি সংবৎসরমাত্রং তু মথুরায়ামেবৈকাদশীব্রতং কর্ত্তব্যমিত্যভিলাষ আসীদত স্তৎপূর্ত্তৌ সত্যাং ব্রতান্ত ইতি দশমীদ্বাদশ্যোর্ব্বিহিতেতর ভোজনাভাবেন একাদশ্যাং নিরাহারত্বেন ত্রিরাত্রমুপোষিতঃ ॥ ২৬ । ২৭ ॥

সে যাহা হউক, অম্বরীষ রাজা উক্ত প্রকার ভক্তিযোগ ও তপস্যা যুক্ত স্বধর্ম্ম দ্বারা ভগবান্ হরির প্রীতি উৎপাদন করত ক্রমে ২ সমস্ত অভিলাষ পরিত্যাগ করেন। আর তাঁহার কলত্র, পুত্র, মিত্র, গৃহ, গজ, বাজি ও স্যন্দনাদিতে তথা অক্ষয্য রত্ন, বসন, ভূষণাদি অনন্ত কোষে উপেক্ষা জন্মিয়াছিল ॥ ২৩ ॥

হে রাজন্! যদিও অম্বরীষ রাজর্ষি ঐ প্রকার হইয়াছিলেন তথাচ প্রতিপক্ষ জয়ে অসমর্থ হয়েন নাই, ভগবান্ হরি তদীয় ভক্তিভাবে প্রীত হইয়া যাহা হইতে বিপক্ষ সেনার ভয় এবং ভক্তজনের সর্ব্বতোভাবে রক্ষা হয় সেই চক্র তাঁহাকে প্রদান করিয়াছিলেন ॥ ২৪ ॥

হে রাজন্! উল্লিখিত অম্বরীষ রাজা ভগবান্ শ্রীকৃষ্ণের আরাধনা বাসনায় স্বীয় মহিষী, যাঁহার শীলতা আপনার সমান ছিল, তাঁহার সহিত মিলিত হইয়া সম্বৎসর যাবৎ দ্বাদশী ব্রত ধারণ করিয়াছিলেন ॥ ২৫ ॥

একদা ব্রতাবসানে কার্ত্তিক মাসে ত্রিরাত্র উপবাসানন্তর স্নান করিয়া কালিন্দী-তটে মধুবনে ভগবান্ হরির অর্চ্চনা করিতে প্রবৃত্ত হইলেন। মহাভিষেকের বিধান ক্রমে সর্ব্ব প্রকার উপচার দিয়া অভিষেক করিয়া পরে বসন ভূষণ গন্ধমাল্যাদি দ্বারা ॥ ২৬ ॥

তদ্গতান্তর ভাবেন পূজয়ামাস কেশবং। ব্রাহ্মণাংশ্চ মহাভাগান্ সিদ্ধার্থানপি ভক্তিতঃ ॥ ২৭ ॥
গবাং রুক্মবিষাণীনাং রূপ্যাঙ্ঘ্রীণাং সুবাসসাং। পয়ঃ শীলবয়ো রূপ বৎসোপস্কর সম্পদাং।
প্রাহিণোৎ সাধুবিপ্রেভ্যো গৃহেষু ন্যর্ব্বুদানি ষট্। ভোজয়িত্বা দ্বিজানগ্রে স্বাদ্বন্নং গুণবত্তমং।
লব্ধ কামৈরনুজ্ঞাতঃ পারণায়োপচক্রমে ॥ ২৮ ॥
তস্য তর্হ্যতিথিঃ সাক্ষাদ্দুর্ব্বাসা ভগবানভূৎ ॥ ২৯ ॥
তমানর্চ্চাতিথিং ভূপঃ প্রত্যুত্থানাসনার্হণৈঃ। যযাচেঽভ্যবহারায় পাদমূলমুপাগতঃ ॥ ৩০ ॥
প্রতিনন্দ্য সতাং যাচ্ঞাং কর্ত্তুমাবশ্যকং গতঃ। নিমমজ্জ বৃহদ্ধ্যায়ন্ কালিন্দীসলিলে শুচৌ।
মুহূর্ত্তার্দ্ধাবশিষ্টায়াং দ্বাদশ্যাং পারণং প্রতি। চিন্তয়ামাস ধর্ম্মজ্ঞো দ্বিজৈস্তদ্ধর্ম্মসঙ্কটে ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

ব্রাহ্মণাংশ্চ পূজয়ামাস সিদ্ধার্থান্ আপ্তকামান্ পূজানপেক্ষানপি ॥ ২৭ ॥
রূপ্যাঙ্ঘ্রীণাং রূপ্যখুরাণাং পয়ঃ শীলাদি সম্পদো যাসাং তাসাং ন্যর্ব্বুদানি ষট্ ষষ্টিকোটীঃ ॥ ২৮ ॥
তর্হি তদৈব দুর্ব্বাসা অতিথিঃ সাক্ষাৎ প্রত্যক্ষোঽভূৎ ॥ ২৯ ॥
আনর্চ্চ অর্চ্চিতবান্ অভ্যবহারায় ভোজনায় ॥ ৩০ ॥
আবশ্যকং নৈয়মিকং মাধ্যাহ্নিকং কর্ম্ম কর্ত্তুং গতঃ বৃহদ্ব্রহ্ম ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্ব্বৈষামুপস্করাণাং সর্ব্বৌষধাদীনাং সম্পদ্যত তেন। আকল্পৈর্ব্বিভূষণৈঃ। তদ্গতান্তর ভাবেন তদেক মনস্কেন ॥
ষট্ ন্যর্ব্বুদানি ষষ্টিকোটীঃ ॥ ২৮। ২৯। ৩০ ॥ বৃহৎ ব্রহ্ম ॥ ৩১ ॥

একাগ্র মনে ভগবান্ কেশবের পূজা করিলেন, তদনন্তর যে সকল বিপ্র আপ্ত কাম, অতএব পূজানপেক্ষ, ভক্তিভাবে তাঁহাদিগেরও অর্চ্চনা করিলেন ॥ ২৭ ॥

পরে যে সকল গাভীর শৃঙ্গ স্বর্ণ মণ্ডিত ও খুর রৌপ্যময়, গাত্রে শোভন বসন এবং দুগ্ধবত্তা, সুশীলতা, বয়স, রূপ, তথা বৎসাদি সম্পদ্ উৎকৃষ্ট, তাদৃশ ষট্ ষষ্টি কোটি গাভী সাধু বিপ্রদিগকে দক্ষিণা দিলেন। সর্ব্বশেষে ব্রাহ্মণদিগকে বিবিধ ব্যঞ্জনোপেত সুস্বাদু অন্ন ভোজন করাইয়া তাহাদের নিকট অনুমতি গ্রহণ পূর্ব্বক স্বয়ং পারণের উপক্রম করিলেন ॥ ২৮ ॥

হে রাজন্! রাজা অম্বরীষ পারণ করিতে যান্ এমন সময়ে দুর্ব্বাসা ঋষি অতিথি রূপে তদীয় আলয়ে আসিয়া উপস্থিত হইলেন ॥ ২৯ ॥

তাঁহাকে দেখিয়া রাজা পারণোদ্যম পরিত্যাগ পূর্ব্বক তৎক্ষণাৎ প্রত্যুত্থান অভিবাদন ও অর্চ্চনা দ্বারা যথোচিত সৎকার করিলেন। পরে বিনীত ভাবে চরণ সন্নিধানে দণ্ডায়মান হইয়া ভোজনার্থ অভ্যর্থনা করিতে লাগিলেন ॥ ৩০ ॥

রাজার প্রার্থনায় দুর্ব্বাসা উল্লাস প্রকাশ করিয়া সম্মত হইলেন, কিন্তু এখনও নিয়মিত মাধ্যাহ্নিক ক্রিয়া কলাপ সমাপন হয় নাই বলিয়া অগ্রে তাহা সম্পন্ন করিতে নদীতটে গেলেন, তদনন্তর ব্রহ্ম চিন্তা করিতে ২ কালিন্দীর পাবন জলে নিমগ্ন হইলেন। হে রাজন্! দুর্ব্বাসা মুনি মধ্যাহ্নিকী ক্রিয়া করিতে গেলে পর অনেক ক্ষণ অতীত হইল, তথাচ তাঁহার প্রত্যাগমন হইল না। এ দিকে দ্বাদশী অর্দ্ধ মুহূর্ত্ত মাত্র অবশিষ্ট, তন্মধ্যে পারণ না করিলে ব্রতবৈগুণ্য হয় ধর্ম্মজ্ঞ অম্বরীষ ধর্ম্ম সঙ্কটে পতিত হইয়া ব্রহ্মণদিগের সহিত বিবেচনা করিতে লাগিলেন ॥ ৩১ ॥

ব্রাহ্মণাতিক্রমে দোষো দ্বাদশ্যাং যদপারণে । যৎকৃত্বা সাধু মে ভূয়াদধর্ম্মো বা ন মাং স্পৃশেৎ ॥৩২

অম্ভসা কেবলেনাথ করিষ্যে ব্রতপারণং । আহুরব্ভক্ষণং বিপ্রা হ্যশিতং নাশিতঞ্চ তৎ ॥ ৩৩ ॥

ইত্যপঃ প্রাশ্য রাজর্ষিশ্চিন্তয়ন্ মনসাচ্যুতং । প্রত্যচষ্ট কুরুশ্রেষ্ঠ দ্বিজাগমনমেব সঃ ।

দুর্ব্বাসা যমুনাকূলাৎ কৃতাবশ্যক আগতঃ । রাজ্ঞাভিনন্দিতস্তস্য বুবুধে চেষ্টিতং ধিয়া ॥ ৩৪ ॥

মন্যুনা প্রচলদ্গাত্রো ভ্রুকুটী কুটিলাননঃ । বুভুক্ষিতশ্চ সুতরাং কৃতাঞ্জলিমভাষত ।

অহো অস্য নৃশংসস্য শ্রিয়োমত্তস্য পশ্যত । ধর্ম্মব্যতিকরং বিষ্ণোরভক্তস্যেশমানিনঃ ।

শ্রীধরস্বামী ।

ধর্ম্মসঙ্কটমেবাহ দ্বাভ্যাং ব্রাহ্মণাতিক্রমে দোষঃ অধর্ম্মঃ দ্বাদশ্যামপারণেঽপি দোষঃ ব্রতবৈগুণ্যং যৎ কৃত্বা যস্মিন্ কৃতে ॥ ৩২ ॥

এবং দ্বিজৈঃ সহ বিচার্য্য নিশ্চিনোতি অম্ভসেতি ব্রতস্য পারণং সমাপ্তিঃ তদশিতং আহুঃ অশিতং নেতি চাহুঃ শ্রুতিশ্চ আপোঽশ্নাতি তন্নৈবাশিতং ভবতি নৈবানশিতমিতি ॥ ৩৩ ॥

প্রত্যচষ্ট প্রতৈক্ষত ॥ ৩৪ ॥

প্রচলৎ কম্পমানং গাত্রং যস্য ভ্রুকুটীভ্যাং কুটিলমাননং যস্য ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

যদ্যস্মাৎ ব্রাহ্মণাতিক্রমে দ্বাদশ্যামপারণেচ দোষঃ তস্মাদস্মিন্ ধর্ম্ম সঙ্কটে যৎ কৃত্বেত্যাদি ভূয়াৎ ভবেৎ ॥ ৩২ ॥

ততশ্চ বিপ্রাংস্তূষ্ণীং স্থিতান্ সমাধাতুমশক্নুবতোঽবেক্ষ্য স্বয়মেব বিচার্য্য স নিশ্চয়মাহ অম্ভসেতি হে বিপ্রা তৎ অশিত মিতি দ্বাদশ্যা অনতিক্রমঃ নাশিতমিতি ব্রাহ্মণস্যাপ্যনতিক্রম ইতি। অত্র শ্রুতিশ্চ। অপোঽশ্নাতি তন্নৈবাশিতং নৈবানশিত মিতি ॥ ৩৩ ॥

প্রত্যচষ্ট প্রতৈক্ষত ॥ ৩৪ ॥

বস্তুতশ্চ নৃভিঃ সর্ব্বলোকৈঃ শংসঃ স্তুতির্যস্য । শ্রিয়াপি উন্মত্তস্য মত্তং মদস্তস্মাদুত্তীর্ণস্য নবিদ্যতে ভক্তো যস্মাত্তস্য ঈশে স্বেষ্ট-দেবে মানিনঃ দ্বাদশ্যনতিক্রমাদাদরবতঃ । ঈশৈরস্মাদৃশৈরপি মাননীয়স্যেতি বা ধর্ম্মস্য ব্যতিক্রমং বিপর্য্যয়ং অনতিক্রমং পশ্যত ॥

রাজা কহিলেন ব্রাহ্মণাতিক্রমে যদ্রূপ অধর্ম্ম, দ্বাদশীতে পারণ না করিলেও তদ্রূপ ব্রতবৈগুণ্য দোষ সম্ভাবনা, আমি এখন কি করি, কি করিলে আমার পক্ষে শ্রেয়ঃ হয় এবং অধর্ম্ম আমাকে স্পর্শ করিতে না পারে ॥ ৩২ ॥

ব্রাহ্মণদিগের সহিত এই প্রকার বিচার করিয়া শেষে এই নিশ্চয় করিলেন জল মাত্র পান করিয়া ব্রত সমাপন করি, যে হেতু জলমাত্র ভক্ষণকে বিপ্রগণ ভোজন ও অভোজন দুই বলিয়াছেন ॥ ৩৩ ॥

হে কুরুশ্রেষ্ঠ ! রাজর্ষি অম্বরীষ এই প্রকার বিবেচনানন্তর মনোমধ্যে ভগবান্ অচ্যুতকে স্মরণ করিয়া জলপান করিবামাত্র দ্বিজাগমন দেখিতে পাইলেন, অর্থাৎ তাহার পরেই দুর্ব্বাসা ঋষি আবশ্যক কর্ম্ম সমাপন পূর্ব্বক যমুনার কূল হইতে আসিয়া উপস্থিত হইলেন, যদিও রাজা তাঁহাকে দেখিয়া আনন্দ প্রকাশ করিলেন এবং কৃতাঞ্জলি হইয়া সম্মুখে দণ্ডায়মান হইলেন, তথাচ তদীয় আচরণ দুর্ব্বাসার জ্ঞান যোগে বোধগম্য হইল ॥ ৩৪ ॥

অতএব কোপে কম্পিত কলেবর এবং ভ্রূকুটী কুটিলানন হইয়া কহিতে লাগিলেন অহো ! এ ব্যক্তি কি নৃশংস, ধন সম্পত্তির মদে অতিশয় মত্ত হইয়াছে, এ আর এখন বিষ্ণুভক্ত নহে, আপনাকে ঈশ্বর বলিয়া মানে, ইহার ধর্ম্ম ব্যতিক্রম দেখ । আমি ইহার আশ্রমে অতিথি আসিয়াছি, এ আপনি

যোগামতিথিমায়াতমাতিথ্যেন নিমন্ত্র্য চ। অদত্ত্বা ভুক্তবাংস্তস্য সদ্যস্তে দর্শয়ে ফলং।
এবং ব্রুবাণ উৎকৃত্য জটাং রোষ প্রদীপিতঃ। তয়া স নির্ম্মমে তস্মৈ কৃত্যাং কালানলোপমাং।
তামাপতন্তীং জ্বলতীমসিহস্তাং পদা ভুবং। বেপয়ন্তীং সমুদ্বীক্ষ্য নচচাল পদান্নৃপঃ ॥ ৩৫ ॥
প্রদিষ্টং ভৃত্যরক্ষায়াং পুরুষেণ মহাত্মনা। দদাহ কৃত্যাং তাং চক্রং ক্রুদ্ধাহিমিব পাবকঃ ॥৩৬॥
তদাভিদ্রবদুদ্বীক্ষ্য স্বপ্রয়াসঞ্চ নিষ্ফলং। দুর্ব্বাসা দুদ্রুবে ভীতো দিক্ষু প্রাণপরীপ্সয়া ॥ ৩৭ ॥
তমন্বধাবদ্ভগবদ্রথাঙ্গং দাবাগ্নিরুদ্ধূত শিখোযথাহিং।

শ্রীধরস্বামী।

ক্রুদ্ধমহিং পাবকো দাবাগ্নিরিব ॥ ৩৬ ॥
নিষ্ফলমুদ্বীক্ষ্য ॥ ৩৭ ॥
অনুসক্তং পৃষ্ঠতঃ সংসক্তং মেরোর্গুহাং বিবিক্ষুরধাবৎ ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

অস্তীতি অদঃ পচাদ্যচ্ অদত্ত্বেন ভুক্তবত্ত্বেনাপি ন ভুক্তবান্ তস্য দ্বাদশীব্রাহ্মণয়োরনতিক্রমস্য ফলং মদসোঢজটানলস্য বৈষর্ণ্যং। মহাতেজীয়সোপি মম চক্রানলদহ্যমানত্বং ত্বদন্ততঃ কুতোপ্যনিস্তারং ব্রহ্মণ্যেনাপি ভগবতা ব্রহ্মবাদিনোপি মম তিরস্কারাদিকং দর্শয়ামি ॥
তস্মৈ তং হন্তুং ॥
পদান্নচচালেতি ব্রহ্মতেজসঃ প্রতিকর্ত্তুং সমর্থত্বং সর্ব্বথা সহনার্হত্বঞ্চ বিজ্ঞাবোতি ভাবঃ ॥ ৩৫ ॥
চক্রং কর্ত্তৃ কৃত্যাং দদাহ নম্ন কিং রাজ্ঞা স্বরক্ষার্থং নিবেদিতঃ সন্দদাহ নহি নহি প্রাক্ অম্বরীষস্য ভজন প্রারম্ভ দশামারভ্যৈব কাপি স্বাপকারিলোকেপ্যনপকরণ স্বভাবং তস্যালক্ষ্য পুরুষেণ ভক্তবৎসলেনৈব ভগবতাদিষ্টং হে চক্র যদাস্য প্রাণসঙ্কটমাপতত্তি তদা ত্বমেব স্বয়মেবাস্যাভিরক্ষার্থং কুর্ব্বীত্যাদিষ্টং পাবকোদাবাগ্নিঃ ॥ ৩৬ ॥
তচ্চক্রং কৃত্যাং দগ্ধ্বাপি অভি অভিমুখং স্বমপি দগ্ধং দ্রবৎ ধাবৎ বীক্ষ্য ॥ ৩৭ ॥
অনুষক্তং পৃষ্ঠতঃ সংলগ্নমিবেত্যর্থঃ ॥ ৩৮ ॥

আতিথ্য করণার্থ আমাকে নিমন্ত্রণ করিয়াছে, কিন্তু আমার ভোজন না হইতে হইতে স্বেচ্ছাক্রমে স্বয়ং ভোজন করিয়া বসিয়া রহিয়াছে। যাহা হউক, সদ্যই ইহার ফল দেখাইতে হইল, এই প্রকার বলিতে বলিতে রোষ প্রদীপিত হইয়া মস্তক হইতে একগাছ জটা উৎপাটন পূর্ব্বক তাহাতে রাজার নিমিত্ত কালানল তুল্য একটা কৃত্যা নির্ম্মাণ করিলেন। হে রাজন্! সেই কৃত্যা খড়্গ হস্তা হইয়া পদ দ্বারা পৃথিবী কাম্পিত করত জ্বলিতে জ্বলিতে আসিতে লাগিল। অম্বরীষ সমক্ষে নিরীক্ষণ করিয়াও স্বস্থান হইতে চলিত হইলেন না ॥ ৩৫ ॥

হে রাজন্! অম্বরীষ রাজা বিষ্ণুপরায়ণ ছিলেন, পরম পুরুষ ভগবান্ বিষ্ণু ভৃত্যরক্ষার্থ স্বীয় চক্রের প্রতি আদেশ করাতে সেই চক্র নিজ তেজে, যেমন দাবানল অরণ্যস্থ সরোষ সর্পকে দগ্ধ করে তাহার ন্যায় ঐ কৃত্যাকে দগ্ধ করিয়া ফেলিল ॥ ৩৬ ॥

অনন্তর দুর্ব্বাসা দেখিলেন আপনার প্রয়াস নিষ্ফল হইল এবং ঐ চক্র শেষে তাঁহারই অভিমুখে ধাবনোন্মুখ হইল, অতএব ভীত হইয়া প্রাণ পরিরক্ষণ বাসনায় কান্দিশীক হওত সকল দিকে দৌড়িতে লাগিলেন ॥ ৩৭ ॥

হে রাজন্! শিখাযুক্ত উদ্ধূত দাবানল যদ্রূপ বনস্থ সর্পের অনুসরণ করে তাহার ন্যায় ভগবানের

তথানুষক্তং মুনিরীক্ষমাণো গুহাং বিবিক্ষুঃ প্রসসার মেরোঃ ॥
দিশো নভঃ ক্ষ্মাং বিবরান্ সমুদ্রান্ লোকান্ সপালাং স্ত্রিদিবং গতঃ সঃ।
যতো যতো ধাবতি তত্র তত্র সুদর্শনং দুষ্প্রসহং দদর্শ ॥ ৩৮ ॥
অলব্ধনাথঃ স যদা কুতশ্চিৎ সন্ত্রস্তচিত্তোঽরণমেষমাণঃ।
দেবং বিরিঞ্চং সমগাদ্বিধাতস্ত্রাহ্যাত্মযোনেঽজিততেজসো মাং ॥ ৩৯ ॥
শ্রীব্রহ্মোবাচ ॥
স্থানং মদীয়ং সহ বিশ্বমেতৎ ক্রীড়াবসানে দ্বিপরার্দ্ধসংজ্ঞে।
ভ্রূভঙ্গমাত্রেণ হি সংদিধক্ষোঃ কালাত্মনো যস্য তিরোভবিষ্যৎ ॥ ৪০ ॥
অহং ভবো দক্ষ ভৃগু প্রধানাঃ প্রজেশ ভূতেশ সুরেশ মুখ্যাঃ।
সর্ব্বে বয়ং যন্নিয়মং প্রপন্না মূর্দ্ধ্ন্যর্পিতং লোকহিতং বহামঃ।
প্রত্যাখ্যাতো বিরিঞ্চেন বিষ্ণুচক্রোপতাপিতঃ। দুর্ব্বাসাঃ শরণং যাতঃ শর্ব্বং কৈলাসবাসিনং ॥ ৪১

শ্রীধরস্বামী।

অরণমেষমাণঃ শরণমিচ্ছন্ অজিততেজসঃ হরেশ্চক্রাৎ ॥ ৩৯ ॥
এতৎ সর্ব্বং যস্য ভ্রূভঙ্গমাত্রেণ তিরোহিতো ভবিষ্যতি কদা ক্রীড়ায়া অবসানে তদপি কদা দ্বিপরার্দ্ধ সংজ্ঞে কালে ॥ ৪০ ॥
অতো বয়ং সর্ব্বে যস্য নিয়মমাজ্ঞাং প্রপন্নাঃ প্রাপ্তাঃ সন্তো লোকহিতং যথা ভবত্যেবং তং নিয়মং মূর্দ্ধ্ন্যর্পিতং বহামঃ অতস্তদ্ভক্তদ্রোহিণং ত্বাং রক্ষিতুং ন সমর্থোঽহমিতি শেষঃ যত্তদোর্নিত্য সম্বন্ধাৎ ॥ ৪১ ॥

ক্রমসন্দর্ভঃ।

সর্ব্বে বয়মিতি স্বস্য গুণাবতারত্বেপ্যাবেশাবতারত্বমেব মন্যতে ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অরণং শরণং এষমাণঃ অন্বিষ্যন্ ॥ ৩৯ ॥ দ্বিপরার্দ্ধ সংজ্ঞে কালে যস্য কালাত্মনঃ কালরূপং যৎ স্বরূপং তস্মাৎ ॥ ৪০ ॥
প্রপন্না বয়ং লোকহিতং যথাস্যাত্তথা যন্নিয়মং যদাজ্ঞাং বহামঃ। অতস্তদ্ভক্তদ্রোহিণং ত্বাং রক্ষিতুং ন সমর্থোঽহমিতি শেষঃ। যত্তদোর্নিত্যসম্বন্ধাৎ ॥ ৪১ ॥

রথাঙ্গ ( চক্র ) পলায়মান ঐ ঋষির পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইল। মুনি আপনার পৃষ্ঠ দিকে তাহাকে তদ্রূপে ধাবমান দেখিয়া সুমেরু গহ্বরে প্রবেশ বাসনায় মহাবেগে দৌড়িতে লাগিলেন। দৌড়িতে ২ দিক্, আকাশ, ভূমি, বিবর, সাগর এবং লোকপাল সহ লোক সকলে তথা স্বর্গে গমন করিলেন কিন্তু যেখানে যান্ সেই ২ স্থানেই দুষ্প্রধর্ষ সুদর্শন দর্শন গোচর হয় ॥ ৩৮ ॥

এই প্রকারে শরণ অন্বেষণ করিতে করিতে সর্ব্বত্র ভ্রমণ করিয়াও যখন কুত্রাপি আপনার পরিত্রায়ক প্রাপ্ত হইলেন না তখন সন্ত্রস্ত চিত্ত হইয়া ব্রহ্মার নিকট গমন করিলেন এবং কাতরতা প্রকাশ পুরঃসর কহিতে লাগিলেন ভগবন্ আত্মযোনে! দুঃসহ হরিচক্র হইতে আমাকে রক্ষা করুন ॥ ৩৯ ॥

ব্রহ্মা কহিলেন পরার্দ্ধদ্বয় সংজ্ঞককালে ক্রীড়ার অবসানে কাল স্বরূপ যে বিষ্ণু সমুদায় দগ্ধ করিতে বাসনা করিলে ভ্রূভঙ্গ মাত্রে ব্রহ্মাণ্ড সমেত আমার এই স্থান তিরোহিত হইবে ॥ ৪০ ॥

অপর আমি ( ব্রহ্মা ) ভব, দক্ষ, ভৃগু প্রভৃতি এবং প্রজেশ, ভূতেশ সুরেশ ইত্যাদি অমর নিকরে যাঁহার আজ্ঞা প্রাপ্ত হইয়া যে রূপে লোকহিত হয় তদ্রূপে স্ব স্ব মস্তক দ্বারা নিয়ম সকল বহন করিতেছি, তুমি তাঁহার ভক্তদ্রোহী, তোমাকে রক্ষা করিতে আমার সামর্থ্য নাই ॥ ৪১ ॥

শ্রীশঙ্কর উবাচ ॥

বয়ং ন তাত প্রভবাম ভূম্নি যস্মিন্ পরেঽন্যে প্যজজীবকোশাঃ।
ভবন্তি কালে নভবন্তি হীদৃশাঃ সহস্রশো যত্র বয়ং ভ্রমামঃ ॥ ৪২ ॥
অহং সনৎকুমারশ্চ নারদো ভগবানজঃ। কপিলোপান্তরতমো দেবলো ধর্ম্ম আসুরিঃ ॥ ৪৩ ॥
মরীচি প্রমুখাশ্চান্যে সিদ্ধেশাঃ পারদর্শনাঃ। বিদাম ন বয়ং সর্ব্বে যন্মায়াং মায়য়া বৃতাঃ।
তস্য বিশ্বেশ্বরস্যেদং শস্ত্রং ভুর্ব্বিষহং হি নঃ। তমেব শরণং যাহি হরিস্তে শং বিধাস্যতি।
ততো নিরাশো দুর্ব্বাসাঃ পদং ভগবতো যযৌ। বৈকুণ্ঠাখ্যং যদধ্যাস্তে শ্রীনিবাসঃ শ্রিয়া সহ ॥৪৪

শ্রীধরস্বামী।

শ্রীরুদ্রোপি প্রত্যাচষ্টে বয়মিতি চতুর্ভিঃ। ভূম্নি মহতি মহত্ত্বমেবাহ যস্মিন্ পরে পরমেশ্বরে অজা ব্রহ্মাণঃ তে এব জীবা স্তেষাং কোশা উপাধিভূতা ব্রহ্মাণ্ড বিগ্রহা ঈদৃশা দৃশ্যমান ব্রহ্মাণ্ড প্রমাণাঃ অন্যেপি ভবন্তি জায়ন্তে নশ্যন্তিচ যত্র যেষু ব্রহ্মাণ্ডেষু লোকেশাভিমানিনো বয়ং ভ্রমামঃ ॥ ৪২ ॥

নমু সর্ব্বজ্ঞস্য তব ভ্রমঃ কুতস্তত্রাহ অহমিতি ॥ ৪৩ ॥

পারদর্শনাঃ সর্ব্বজ্ঞা অপি যস্য মায়াং ন বিদ্মঃ ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

বয়ং নেতি চতুষ্কং তস্যেত্যাদি পূর্ব্ববৎ ॥ ৪২। ৪৩। ৪৪। ৪৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্মিন্ পরমেশ্বরে অজা ব্রহ্মাণএব জীবাস্তেষাং কোষা উপাধিভূতাঃ ব্রহ্মাণ্ডানি অন্যেপি ভবন্তি জায়ন্তে। নশ্যন্তিচ যত্র যেষু ব্রহ্মাণ্ডেষু লোকেশাভিমানিনোবয়ং ভ্রমামঃ ॥ ৪২ ॥

নমু সর্ব্বজ্ঞস্য তব কুতোভ্রম স্তত্রাহ অহমিতি পারদর্শিনঃ সর্ব্বজ্ঞা অপি যস্য মায়াং ন বিদ্মঃ ॥ ৪৩ ॥

নিরাশ ইতি শিবশিব মধুক্ষ তেজস্বিত্বাভিমানো রসাতলং গতঃ অন্যেনাপি ব্রহ্মাদিনা কেনাপ্যহং নত্রাতঃ। মদিষ্টদেবঃ শম্ভুর্ম্মাং রক্ষিষ্যতীত্যাশা আসীৎ সাপি ব্যর্থা বভূব। সম্প্রতি যস্য ভক্তেন এতাং দুরবস্থামহং প্রাপিত স্তস্যৈব বিষ্ণোঃ সন্নিধিৰ্ম্মম স্বপ্রাণ রক্ষার্থং গন্তব্যোবভূব ধিঙ্মে লজ্জাং প্রাণাংশ্চেতি নির্ব্বেদো ধ্বনিতঃ ॥ ৪৪ ॥

হে রাজন্! দুর্ব্বাসা এইরূপে ব্রহ্মার নিকট প্রত্যাখ্যাত হইয়া কৈলাস শিখরে গমন করিলেন এবং বিষ্ণুচক্রে অত্যর্থ তাপিত হওয়াতে কাতরতা প্রকাশ করত তত্রস্থ ভগবান্ শঙ্করের শরণাপন্ন হইলেন।

শঙ্কর কহিলেন হে তাত! সেই মহান্ পরমেশ্বরের সমীপে আমাদের প্রভুত্ব চলিবে না, তাঁহাতে ব্রহ্মাদি রূপ জীব সকলের উপাধি ভূত ব্রহ্মাণ্ড বিগ্রহ এবং ঐ প্রকার দৃশ্যমান ব্রহ্মাণ্ড প্রমাণ অন্যান্য পদার্থ সকল কল্পিত হইয়াছে, যাহাতে লোকপালাভিমানী আমরা সহস্র ২ বার ভ্রান্ত হইয়া থাকি ॥৪২

বৎস! আমি ( শঙ্কর ) সনৎকুমার, নারদ, ভগবান্ ব্রহ্মা, কপিল, ( যাঁহার আন্তরিক তমঃ অপগত হইয়াছে ) এমত ব্যাসদেব, দেবল, ধর্ম্ম, আসুরি ॥ ৪৩ ॥

এবং মরীচি প্রভৃতি অন্যান্য সিদ্ধেশগণ আমরা সর্ব্বজ্ঞ হইয়াও যাঁহার মায়া জানিতে পারি নাই, প্রত্যুত স্বয়ং তদীয় মায়ায় আবৃত হইয়া রহিয়াছি সেই বিশ্বেশ্বরের এই শস্ত্র ( চক্র ) সুতরাং আমাদিগের সর্ব্বতোভাবে দুর্ব্বিসহ, অতএব তুমি তাঁহারই নিকট গিয়া শরণাপন্ন হও, তিনিই তোমার কল্যাণ বিধান করিবেন। হে রাজন্! দুর্ব্বাসা এই প্রকারে শঙ্করের নিকটেও নিরাশ হইয়া ভগবদ্ধাম বৈকুণ্ঠে গমন করিলেন, যেখানে ভগবান্ শ্রীনিবাস শ্রীর সহিত বিরাজ করিতেছিলেন ॥ ৪৪ ॥

সংদহ্যমানোঽজিতশস্ত্রবহ্নিনা তৎ পাদমূলে পতিতঃ সবেপথুঃ ।
আহাচ্যুতানন্ত সদীপ্সিত প্রভো কৃতাগসং মাঽব হি বিশ্বভাবন ॥ ৪৫ ॥
অজানতা তে পরমানুভাবং কৃতং ময়াঘং ভবতঃ প্রিয়াণাং ।
বিধেহি তস্যাপচিতিং বিধাত র্মুচ্যেত যন্নাম্ন্যুদিতে নারকোঽপি ।
শ্রীভগবানুবাচ ॥
অহং ভক্তপরাধীনো হ্যস্বতন্ত্র ইব দ্বিজ । সাধুভির্গ্রস্তহৃদয়োভক্তৈ র্ভক্তজনপ্রিয়ঃ ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী ।

হে সদামীপ্সিত মা মাং অব পাহি ॥ ৪৫ ॥

অপরাধং নিবেদয়ন্ প্রার্থয়তে অজানতেতি । অঘং দুঃখং অপচিতিং নিষ্কৃতিং মদ্ভক্তদ্রোহে নিষ্কৃতিং ন পশ্যামীতি চেত্তত্রাহ যস্য তব নাম্নি কীর্ত্তিতে নরকস্থোপি মুচ্যেত তস্য তব কিমশক্যমিতি ভাবঃ ॥ ৪৬ ।

ক্রমসন্দর্ভঃ ।

নারকো নরকস্থোপি । কিং পুনস্তবাগ্রতএব শরণাগত ইত্যর্থঃ । যথোক্তং নারসিংহে । যথা যথা হরের্নাম কীর্ত্তয়ন্তিস্ম নারকাঃ । তথা তথা হরৌ ভক্তিমুদ্বহন্তোদিবং যযুরিতি ॥

আত্মনঃ সর্ব্বথা ভক্তবশত্বং স্থাপয়তি ষড্ভিঃ তত্র তৎ প্রতিজানীতে অহমিতি । সাধুভিঃ প্রোজ্ঝিত কৈতবঃ মোক্ষ পর্য্যন্ত কামনারহিতৈরিত্যর্থঃ । ভক্তানাং যে জনাস্তেপি প্রিয়া যস্য তমিতি কৈমুত্যং দর্শিতং ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

মা মাং অব পাহি ॥ ৪৫ ॥

অঘমপরাধঃ অপচিতিং নিষ্কৃতিং ॥

যথা মদধীনত্বেনাস্বাতন্ত্র্যাৎ ব্রহ্ম রুদ্রাদয়স্ত্বাং ত্রাতুং নাশকন্ বস্তুবৈবাহমপি পরাধীনত্বাং ত্রাতুং ন শক্নোমীত্যাহ অহমিতি নমু ত্বং স্বয়মেব ভক্তপরাধিনী ভবসি নতু ভক্তৈস্ত্বং পরাধিনী কর্ত্তুমিষ্টোঽতস্ত্বং স্বতন্ত্র এবাসি । সত্যং স্বতন্ত্রোপ্যহং স্বেচ্ছয়ৈব ভক্ত পরতন্ত্রী ভবামীতি স্বস্বভাবস্য প্রায়োহৃত্তাজত্বাদিব শব্দঃ । এতাদৃশ মদ্দুঃখ দর্শনেপি তব করুণানোদয়তে ইতি চেৎ সত্যং করুণা খলু যস্য ধর্ম্ম স্তন্মনএব মম নাস্তীত্যাহ । সাধুভির্ম্মোক্ষ পর্য্যন্ত কামনা শূন্যত্বাদুত্তমৈর্ভক্তৈর্গ্রস্তমাত্ম বশীকৃতং হৃদয়ং যস্য সঃ । দিৎসিতং মোক্ষাদিকং তেষামরোচকত্বাদযোগ্যমলক্ষ্য ময়া স্বহৃদয়মেব বলাদ্দত্তং তৈরপি তদ্গৃহীত্বা স্বহৃদয়েনৈকীকৃত্য সাদরং স্থাপিতমিতি ধ্বনিঃ । অতএব তেষামনুকম্প্যোএব মমানুকম্পেতি ভক্তকৃপানুগামিনী ভগবৎ কৃপেতি সর্ব্বলোক প্রসিদ্ধি স্ত্বয়া জ্ঞায়তএবেত্যনুধ্বনিঃ । ভক্তানাং জনা অপি প্রিয়া যস্য কিমুত তে ইতি হে দ্বিজ বিপ্রবটো ইদমপি ন কিমপি পরামৃশসীতি ভাবঃ ॥৪৬

ঐ ঋষি ভগবৎ পাদমূলে পতিত হইয়া কম্পিত কলেবরে বলিলেন হে অচ্যুত! হে অনন্ত! হে সাধুজনের অভীতিপ্রদ! প্রভো! আমি মহৎ অপরাধ করিয়াছি, হে বিশ্বভাবন! আমাকে রক্ষা করুন ॥ ৪৫ ॥

প্রভো! আপনকার পরম অনুভাব না জানিয়া আপনকার প্রিয় ব্যক্তিদের অনিষ্ট করিয়াছি। হে বিধাতঃ! আমার এই অপরাধের নিষ্কৃতি বিধান করিতে আজ্ঞা হউক। হে ভগবন্! আপনকার ভক্তদ্রোহির নিষ্কৃতি নাই এমত বলিতে পারিবেন না, যাঁহার নাম মাত্র কীর্ত্তনে নরকস্থ ব্যক্তিও মুক্তি পায় তাঁহার অসাধ্য কি?।

এই সমস্ত শ্রবণে ভগবান্ কহিলেন অহে দ্বিজ! আমি ভক্তপরাধীন, সুতরাং অস্বতন্ত্রের তুল্য, ভক্তজন আমার প্রিয় এ প্রযুক্ত সাধু ভক্তেরা আমার হৃদয় গ্রাস করিয়াছে ॥ ৪৬ ॥

নাহমাত্মানমাশাসে মদ্ভক্তৈঃ সাধুভির্ব্বিনা। শ্রিয়ঞ্চাত্যন্তিকীং ব্রহ্মন্ যেষাং গতিরহং পরা ॥৪৭

যে দারাগার পুত্রাপ্ত প্রাণান্ বিত্তমিমং পরং। হিত্বা মাং শরণং যাতাঃ কথং তাংস্ত্যক্তুমুৎসহে।

ময়ি নির্ব্বদ্ধ হৃদয়াঃ সাধবঃ সমদর্শনাঃ। বশে কুর্ব্বন্তি মাং ভক্ত্যা সংস্ত্রিয়ঃ সৎপতিং যথা ॥৪৮॥

মৎসেবয়া প্রতীতং তে সালোক্যাদি চতুষ্টয়ং। নেচ্ছন্তি সেবয়া পূর্ণাঃ কুতোঽন্যৎ কালবিপ্লুতং।

শ্রীধরস্বামী।

ন আশাসে ন স্পৃহয়ামি ॥ ৪৭ ॥

ইমং পরঞ্চ লোকং হিত্বা ॥ ৪৮ ॥

প্রতীতং প্রাপ্তমপি ॥ ৪৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদেব স্থাপয়তি পঞ্চভিঃ। তত্র স্বানুভবমেব প্রমাণয়ন্ স্বরূপানন্দানুভবস্য ভক্ত ভাবনানন্দানুভবাদৌণত্বং দর্শয়তি। তেন চ ভক্তভাবস্যাহ্লাদিনী সার ত্বমভিপ্রৈতি। নাহমিতি ॥ ৪৭ ॥

তেষু কারুণ্যেপি কারণং দর্শয়ন্। অন্যথা স্বস্মিন্ কৃতঘ্নত্বাপাতং যোজয়তি। যে দারেতি পরং সালোক্যাদি প্রাপ্তি পর্য্যন্তং তদ্দুস্ত্যজং দৃষ্টান্তেন চ স্থাপয়তি। ময়ীতি যতো ময়ি নির্ব্বদ্ধ হৃদয়াঃ। অতঃ সাধবঃ প্রোজ্ঝিতকৈতবাঃ অতএব সমদর্শনাঃ। অন্যত্র রাগদ্বেষ রহিতাশ্চ ॥ ৪৮ ॥

তদেবাতিশয়েন দর্শয়তি মৎসেবয়েতি কুতোঽন্যদিতি সালোক্যাদীনাং কালেনাবিপ্লুতত্বং দর্শিতং ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভক্তাস্তে কিয়ৎ প্রীতি বিষয়া ইতিচেৎ শৃণুত ত্বমিত্যাহ নাহমিতি যত্র আরমণাদহমাত্মারাম ইতি প্রসিদ্ধ স্তমাত্মানমপি ভক্তৈর্ব্বিনা নাশাসে ন কাঙ্ক্ষে ইতি মৎ স্বরূপ ভূতানন্দাদপি মদ্ভক্ত স্বরূপানন্দোঽভিস্পৃহণীয় ইতি দ্বয়োরপি চিদ্রূপত্বেপি ভক্ত-বর্ত্তিন্যা ভক্তেরনুগ্রহাখ্য চিদ্বৃত্তি বিপাক রূপায়াঃ সর্ব্বচিৎ সারভূতত্বাম্মানন্দ স্বরূপস্যাপ্যানন্দকত্বাদাকর্ষকত্বাচ্চ। শ্রিয়ং ষড়ৈ-শ্বর্য্য সম্পত্তিং আত্যন্তিকীং নিত্যামপি যৈর্ব্বিনা বন্ধ্যামিব বেদ্মীতি ভাবঃ। যেষাং ভক্তানামহমেব গতিরেক উপাদেয় ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

ভো ব্রহ্মণ্যদেব ব্রাহ্মণং মাং নোপেক্ষস্বেতি চেৎ সত্যং তর্হি কিং ভক্তানুপেক্ষে ভক্তাপকারকস্য তব রক্ষণেন স্বতএব ভক্তা-স্ত্যক্তা ভবেযুস্তত্র নোপপদ্যত এবেত্যাহ যে ইতি ভক্তাঃ খলু তে মদর্থং পরম প্রেমাস্পদ ভূতাজ দারাদ্যাসক্তি মত্যাজন ব্রাহ্মণত্ব-মদর্থং কিমত্যজন্ত্বক্তাতি ভাবঃ। নচাম্বরীষেণ ন কিমপি ত্যক্তমিতি বক্তব্যং। যদা ত্বয়া অম্বরীষ বধার্থং কৃত্যা বিনিযুক্তা তদা তেন স্বদেহ রক্ষাপেক্ষয়া পদমাত্রমপি নাতিক্রান্তং ত্বয়া ত্বাত্মারামেণ মহাবিরক্তেন স্বদেহ রক্ষার্থং জগদেব পরিক্রাম্যতা ব্রহ্ম রুদ্রাদয়োপি প্রার্থিতাঃ এতেনৈব তস্য তব চ মূল্যং জানীহি কিমধিকং ত্বমবুধোবোধয়িতব্য ইতি ॥

যুষ্মাভির্ব্রহ্মবাদিভিরপ্যহং দুর্জ্জ্ঞেয় এব তৈস্তু বশীকৃত এবাহ ময়ীত্যাহ ময়ীতি যথ্যেব হৃদয়স্য নির্ব্বদ্ধ্যাৎ সাধবঃ নিষ্কামাঃ সমদর্শনাঃ স্বস্য পরেষাঞ্চ দুঃখাদিকং সমং পশ্যন্তঃ ॥ ৪৮ ॥

তেষাং নিষ্কামত্বস্য পরম কাষ্ঠামাহ মৎসেবয়েতি প্রতীতং স্বতঃ প্রাপ্তমপি কুতোঽন্যদিতি সালোক্যাদীনাং কালেনাবিপ্লুত

হে মুনিবর! যে সকল মানবদের আমিই পরা গতি, সেই সমস্ত সাধু ভক্তজন ব্যতীত আমি আপনার আত্মাকে এবং আত্যন্তিকী শ্রীকেও ভাল বাসি না। ৪৭ ॥

ফলতঃ যে সকল ব্যক্তি পুত্র, কলত্র, গৃহ, স্বজন, ধন, প্রাণ এবং ইহলোক ও পরলোক সমুদায় পরিত্যাগ করিয়া আমার শরণাপন্ন, আমি তাহাদিগকে পরিত্যাগ করিতে কি প্রকারে উৎসাহী হইতে পারি? অহে! সর্ব্বত্র সমদর্শী সাধু পুরুষেরা আমার প্রতি স্ব স্ব হৃদয় বন্ধন করিয়া, যেমন সাধ্বী স্ত্রী সৎপতিকে বশীভূত করে তাহার ন্যায় আমাকে স্ব স্ব বশতাপন্ন করিয়াছে ॥ ৪৮ ॥

অপর তাহারা আমার সেবা দ্বারা সালোক্যাদি পদার্থ চতুষ্টয় উপস্থিত হইলেও তাহা গ্রহণ

সাধবো হৃদয়ং মহ্যং সাধূনাং হৃদয়ন্ত্বহং। মদন্যত্তে ন জানন্তি নাহং তেভ্যো মনাগপি ॥ ৪৯ ॥
অয়ং হ্যাত্মাভিচারস্তে যতস্তং যাহি মা চিরং। সাধুষু প্রহিতং তেজঃ প্রহর্ত্তুঃ কুরুতেঽশিবং ॥৫০॥
তপো বিদ্যাচ বিপ্রাণাং নিঃশ্রেয়স করে উভে। তে এব দুর্ব্বিনীতস্য কল্পেতে কর্ত্তুরন্যথা।
ব্রহ্মংস্তদ্গচ্ছ ভদ্রং তে নাভাগতনয়ং নৃপং। ক্ষমাপয় মহাভাগং ততঃ শান্তির্ভবিষ্যতি ॥ ৫১ ॥

শ্রীধরস্বামী।

আত্মন এবৈবাভিচারো হিংসা যতোঽভূৎ তমেব যাহি। অশিবং অনর্থং ॥ ৫০ ॥
তপোবিদ্যা সম্পন্নস্য মম কথমনর্থঃ সমপদ্যতেতি বিস্ময়ং নাকার্ষীরিত্যাহ তপ ইতি ॥ ৫১ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদেবং পরস্পর হৃদয়স্য তাদাত্ম্যমাহ সাধব ইতি ॥ ৪৯ । ৫০ । ৫১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্বং দর্শয়তি কালবিপ্ল তত্ত্বং পারমেষ্ঠ্যাদি ॥
কিঞ্চ মাং সন্তোষয়তে তুভ্যং সমুচিতং ফলং দিৎসন্নপি যন্ন দদামি এতামেব মে পরাং ব্রহ্মণ্যতামবেহীত্যাহ সাধব ইতি মহ্যং মম অম্বরীষং জ্বালয়িতুমিচ্ছং ত্বং মদ্ধৃদয়মেব জ্বালয়িতুং প্রবৃত্তোঽভূরিত্যর্থঃ। তর্হি ত্বদপরাধ এবায়ং চেত্ত্বচ্চরণে পতামি প্রসীদেত্যত আহ সাধূনাং হৃদয়ন্ত্বহং সাধু হৃদয় প্রসাদে সত্যেব মৎপ্রসাদ ইত্যতো যাহি তমম্বরীষমেব প্রসাদয়েতি ভাবঃ। নন্বম্বরীষো মাং নিমন্ত্র্যাভোজয়িত্বা এব ভুক্তবানত স্তদ্দোষং কিং নপশ্যসীতি তত্রাহ। মদন্যত্তে ন জানন্তীতি মচ্চিকীর্ষিত মেবাম্বরীষেণ কৃতমিতি ভাবঃ। তর্হি ত্বামেবাহং পৃচ্ছামি ব্রূহি। ব্রাহ্মণদ্বাদশ্যোর্মধ্যে কতরো ধর্ম্ম ইতি চেৎ যাহি তমম্বরীষমেব পৃচ্ছ সএব ত্বাং ধর্ম্মশাস্ত্র তত্ত্বানভিজ্ঞং বোধয়িষ্যতি মাত্র লজ্জাং কামপি কার্ষী স্তাদৃশোনাহ মপি বিজ্ঞ ইত্যাহ নাহং তেভ্যঃ সকাশাৎ মনাগপি অধিকং জানামীত্যর্থঃ। তেন প্রাক্তোপানীয়স্যাশিতত্বানশিতত্বয়ো স্তুল্য দর্শনাৎ দ্বাদশী ব্রাহ্মণয়ো স্তুল্য এবাদরঃ কৃতো মদ্ভক্তেনাম্বরীষেণ ত্বমনভিজ্ঞ স্তন্নাজ্ঞাসী রিতি ধ্বনিঃ। দুর্ব্বাসাস্তু কল দর্শনেন দ্বাদশ্যাএব ভক্তিত্বাৎ সর্ব্বধর্ম্মাধিক্যং নির্দ্ধারয়ন্নম্বরীষং কিমপি না পৃষ্টবানিত্যমুধ্বনিঃ ॥ ৪৯ ॥
কিঞ্চ তদপি তব নিস্তারোপায়ং স্পষ্টমেব ব্রবীমি শৃণ্বিত্যাহ অয়মিতি যস্য বধার্থং ত্বয়া অভিচারঃ কৃতঃ তমম্বরীষমেব যাহি সএব কৃপালুত্বাং ত্রায়তে নান্য ইতি ভাবঃ। নচাম্বরীষং ত্বং স্বক্ষুঃথদং মন্যেথা ইত্যাহ। সাধুষ্বিতি ॥ ৫০ ॥
তপোবিদ্যা সম্পন্নস্য মম কুতস্তরামম্বরীষাৎ ক্ষত্রিয়াৎ পরিত্রাণং যুজ্যতে ইতি চেদপাত্রস্য তব তপোবিদ্যে নৈব ত্বং প্রত্যুত বিপরীতে এবেত্যাহ তপ ইতি। দুর্ব্বিনীতস্য কর্ত্তু স্তদাশ্রয়স্য অন্যথা কল্পেতে বিপরীত ফলে ভবতঃ ॥ ৫১ ॥

করিতে ইচ্ছা করে না, সেবাতেই পরিতৃপ্ত হইয়া থাকে, ইহাতে কালনাশ্য অন্য বস্তুতে তাহাদের অভিলাষ হইবে সম্ভাবনা কি? অপর যে সকল পুরুষ আমাতে স্ব স্ব হৃদয় অর্পণ করিয়া থাকে, আমি তাহাদিগের হৃদয় অবগত আছি, তাহারা আমা ব্যতীত অন্য কাহাকেও জানে না আমিও তাহাদের ব্যতীত কিছু জানি না ॥ ৪৯ ॥

অতএব হে বিপ্র! তোমার আপনার এই হিংসা যাঁহা হইতে জন্মিয়াছে, তাঁহারই নিকট যাও, বিলম্ব করিও না। মুনে! তোমার কি জ্ঞাত নাই, সাধুজনের প্রতি যে তেজঃ প্রহিত হয় তাহাতে প্রহর্ত্তারই অনিষ্ট ঘটিয়া থাকে ॥ ৫০ ॥

ব্রাহ্মণদিগের তপস্যা ও বিদ্যা এই উভয় নিশ্রেয়ঃকর সত্য, কিন্তু দুর্ব্বিনীত কর্ত্তার পক্ষে তদ্দ্বয়ই বিপরীত ফল জন্মাইয়া দেয়। পরন্তু এক্ষণে আপনকার তপো বিদ্যা মনে করিয়া এই অনর্থ ঘটনায় বিস্ময় প্রকাশ করা অকর্ত্তব্য। এখন মহাভাগ নাভাগতনয় অম্বরীষ সমীপে গমন কর, তোমার মঙ্গল হউক, সেই ক্ষৌণীপতিকে ক্ষমা করাইতে যত্ন পাও, তাহা হইলে উপস্থিত উৎপাতের শান্তি হইবে ॥ ৫১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধেঽম্বরীষ চরিতে চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

এবং ভগবতাদিষ্টো দুর্ব্বাসাশ্চক্র তাপিতঃ। অম্বরীষমুপাবৃত্য তৎপাদৌ দুঃখিতোঽগ্রহীৎ ॥১

তস্য সোদ্যমমাবীক্ষ্য পাদস্পর্শ বিলজ্জিতঃ। অস্তাবীত্তদ্ধরেরস্ত্রং কৃপয়া পীড়িতো ভৃশং ॥ ২ ॥

ত্বমগ্নি র্ভগবান্ সূর্য্য স্ত্বং সোমোজ্যোতিষাং পতিঃ। ত্বমাপস্ত্বং ক্ষিতির্ব্ব্যোম বায়ুর্ম্মাত্রেন্দ্রিয়াণিচ ॥৩

সুদর্শন নমস্তভ্যং সহস্রারাচ্যুতপ্রিয়। সর্ব্বাস্ত্রঘাতিন্ বিপ্রায় স্বস্তি ভূয়া ইড়স্পতে ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি নবমে চতুর্থঃ ॥ * ॥

পঞ্চমে বিষ্ণুচক্রস্য প্রসাদ্য প্রাণসঙ্কটাৎ। দুর্ব্বাসা রক্ষিতস্তেন যথা তদ্বর্ণ্যতে ॥ ১ ॥

স উদ্যমমিতি চ্ছেদঃ সুলোপঃ পাদপূরণার্থঃ ॥ ২ ॥

জ্যোতিষাং নক্ষত্রাণাং পতিঃ সোমঃ ত্বং মাত্রাণি ইন্দ্রিয়াণিচ। ত্বচ্ছক্ত্যৈবাগ্ন্যাদয়ঃ স্ব স্ব কার্য্যং কুর্ব্বন্তীত্যর্থঃ ॥ ৩ ॥

সহস্রং আরা যস্য হে সহস্রার স্বস্তি শরণং ভূয়া ইড়স্পতে পৃথিবীপতে ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

তস্যেতি তৈঃ। তত্র সুলোপঃ পাদপূরণ ইত্যস্য ভাবঃ সোঽচিলোপে চেৎ পাদপূরণমিতি ষষ্ঠাধ্যায় প্রথম পাদগতং সূত্রেণেত্যর্থঃ। অন্যথালোপঃ সাকল্যস্যেতি তৎ স্থানীয়স্য যস্য লোপে ত্রিপাদী গতত্বাৎ পূর্ব্বত্রাসিদ্ধমিতি ন্যায়েন সন্ধি র্নস্যাৎ ॥১।২।৩।৪।৫।৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমস্য চতুর্থোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পাদৌ স্পৃশন্ মুনিশ্চক্রং প্রসাদৈবাবিতঃ স্তবন্। ভোজিতশ্চাম্বরীষেণ পঞ্চমেঽস্তে বনং গতঃ ॥ ১ ॥

তস্য দুর্ব্বাসসঃ সোঽম্বরীষঃ উদ্যমং স্তবাদ্যর্থ মুদ্যমং সাচিলোপেচেৎ পাদপূরণ মিতি সলোপে সন্ধিঃ ॥ ২। ৩ ॥

হে সহস্রধার হে ইড়স্পতে পৃথ্বীপতে ॥ ৪ ॥

॥ * ॥ ইতি নবমে চতুর্থ ॥ * ॥

পঞ্চম অধ্যায়ে বিষ্ণুচক্রকে প্রসন্ন করিয়া অম্বরীষ কর্ত্তৃক প্রাণ সঙ্কট হইতে দুর্ব্বাসার রক্ষণ ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! চক্রাগ্নি তাপিত দুর্ব্বাসা ভগবানের ঐ প্রকার আদেশে তৎক্ষণাৎ অম্বরীষ সন্নিধানে আগমন করিলেন এবং দুঃখিত হইয়া তদীয় চরণ গ্রহণ করিতে উদ্যত হইলেন ॥১॥

ব্রাহ্মণে পাদস্পর্শ করাতে রাজর্ষি অম্বরীষ সাতিশয় লজ্জিত হইলেন এবং তাঁহার কাতরতা দর্শনে অতীব পীড়িত হইয়া ভগবচ্চক্রের স্তব আরম্ভ করিলেন ॥ ২ ॥

যথা হে সুদর্শন! তুমি অগ্নি, তুমিই ভগবান্ সূর্য্য, তুমিই নক্ষত্র সকলের পতি চন্দ্র, তুমিই জল, তুমিই ভূমি, তুমিই আকাশ, তুমিই বায়ু, তুমিই তন্মাত্র সকল, তুমিই ইন্দ্রিয় চয় অর্থাৎ তোমার শক্তি দ্বারাই অগ্নি প্রভৃতি স্ব স্ব কার্য্য করিতেছে ॥ ৩ ॥

অতএব তোমাকে নমস্কার করি। হে অচ্যুতপ্রিয়! তোমার সহস্র আরা ( আল ) হে সর্ব্বাস্ত্রঘাতিন্! হে পৃথ্বীপতে! এই বিপ্রবরকে রক্ষা কর ॥ ৪ ॥

ত্বং ধর্ম্মস্ত্বমৃতং সত্যং ত্বং যজ্ঞোঽখিলযজ্ঞভুক্। ত্বং লোকপালঃ সর্ব্বাত্মা ত্বং তেজঃ পৌরুষং পরং ॥৫॥
নমঃ সুনাভাখিলধর্ম্মসেতবে হ্যধর্ম্মশীলাসুরধূমকেতবে।
ত্রৈলোক্যগোপায় বিশুদ্ধ বর্চ্চসে মনোজবায়াদ্ভুতকর্ম্মণে গৃণে ॥ ৬ ॥
ত্বত্তেজসা ধর্ম্মময়েন সংহৃতং তমঃ প্রকাশশ্চ দৃশো মহাত্মনাং।
দুরত্যয়স্তে মহিমা গিরাংপতে ত্বদ্রূপমেতৎ সদসৎ পরাবরং ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

ব্রাহ্মণরক্ষণং তব যুক্তমেবেত্যাহ ত্বং ধর্ম্ম ইতি। ন চ ভবেয়মতিস্তুতিরিত্যাহ পৌরুষঃ পুরুষস্য পরং তেজঃ সামর্থ্যং ত্বং। অয়ম্ভাবঃ স ঐক্ষতেত্যাদি শ্রুতি প্রসিদ্ধং ভগবতঃ শোভনং দর্শনং সুদর্শনং তত এবচ সর্ব্বং জাতং অতএব ত্বং সর্ব্বাত্মেতি ॥ ৫ ॥

হে সুনাভ অদ্ভুতকর্ম্মাণং ত্বাং কঃ স্তোতুং সমর্থঃ অতস্ত্বাং কেবলং নমো গৃণে ইত্যন্বয়ঃ। অদ্ভুতকর্ম্মত্বমেবাহ অখিলানাং ধর্ম্মাণাং সেতবে মর্য্যাদা রূপায় অতএব অধর্ম্মশীলানামসুরাণাং ধূমকেতবে দাহকায় ত্রৈলোক্যং গোপায়তীতি তথা তস্মৈ বিশুদ্ধং অত্যুজ্জ্বলং বর্চ্চ স্তেজো যস্য তস্মৈ ॥ ৬ ॥

তদেব প্রপঞ্চয়তি ত্বত্তেজসেতি দ্বাভ্যাং। সূর্য্যাদেঃ প্রকাশশ্চ ত্বয়ৈব রূপাত্তে প্রকাশ্যত ইতি ত্বদ্রূপং ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

ধর্ম্মময়েন তত্তেজসা দৃশস্তমঃ সংহৃতং। মহাত্মনাং সূর্য্যাদীনাং প্রকাশশ্চ ত্বত্তেজসৈব ভবতি। অতএব তব মহিমা দুরত্যয়ঃ। যত এতৎ সদসদপি ত্বদ্রূপং ত্বং প্রকাশ্যমেব ॥ ৭। ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ঋতঞ্চ সুনৃতাবাণী সত্যঞ্চ সমদর্শনং। পৌরুষং বৈষ্ণবং তেজঃ ॥ ৫ ॥

তর্হি ভক্তি ধর্ম্ম সেতুপালায় তুভ্যং ক্রুদ্ধমেতমধার্ম্মিকং বিপ্রমবশ্যমহং তাপয়ামীত্যত আহ। অধর্ম্ম শীলা যে অসুরা স্তেষাং ধূমকেতবে ইতি ধর্ম্মশীলা অসুরা অধর্ম্মশীলা বিপ্রাশ্চ ব্যাবৃত্তাঃ। হে সুনাভ তুভ্যং নমো গৃণে স্তোতুং সামর্থ্যাভাবাদিতি ভাবঃ ॥ ৬ ॥

নন্থ তেজস্বিমানিনোঽস্য বিপ্রস্য চিকিৎসা অবশ্য কর্ত্তব্যেত্যত আহ। ত্বত্তেজসা ত্বত্তেজোবিভূতি রূপেণ সূর্য্যাদিনা দৃশঃ সর্ব্ব চক্ষুষ তথা মহাত্মনাং দৃশো জ্ঞানস্য চ প্রকাশ ত্বত্তেজসৈব ভবতি। ত্বদ্রূপ মেতত্তৈব পরমেশ্বরস্যায়মীশ্বরঃ স্বতঃ জোঽন্যস্মিন্ তেজস্বিনি দর্শয়েদিতি ভাবঃ ॥ ৭ ॥

হে সুদর্শন! ব্রাহ্মণ রক্ষণ তোমারই উপযুক্ত কর্ম্ম, যে হেতু তুমি সাক্ষাৎ ধর্ম্ম। অপর হে অমৃত! তুমি সত্য, তুমি যজ্ঞমূর্ত্তি এবং অখিল যজ্ঞভোক্তা। অধিকন্তু তুমি লোকপাল ও ঈশ্বরের পরম সামর্থ্য। হে চক্র! তোমার নাম সুদর্শন, তাহার অর্থ ভগবানের শোভন দর্শন, ভগবদ্দর্শন হইতে সমুদায় উৎপন্ন হইয়াছে অতএব তুমি সর্ব্বাত্মা ॥ ৫ ॥

অপর হে সুনাভ! তুমি অদ্ভুতকর্ম্মা, যে হেতু অখিল ধর্ম্মের সেতু স্বরূপ, অতএব তুমিই অধর্ম্ম রত অসুরদিগের ধূমকেতু অর্থাৎ দাহক। অপিচ তুমি ত্রৈলোক্যের রক্ষক, তোমার তেজঃ পুঞ্জ অত্যুজ্জ্বল তুমি মনের তুল্য বেগবান্, তোমার স্তব করিতে কে সমর্থ হইবে? অতএব আমি তোমার প্রতি কেবল নমঃ শব্দ প্রয়োগ করিতেছি ॥ ৬ ॥

হে সুদর্শন! তোমার ধর্ম্মময় তেজঃ দ্বারা অন্ধকার সংহৃত এবং মহাত্মাদিগের দৃষ্টি প্রকাশিত হইয়াছে। হে গীষ্পতে! তোমার মহিমা দুরত্যয়, সৎ অসৎ, পর অপর ইত্যাদি সমস্ত পদার্থ তোমারই স্বরূপ, কারণ সূর্য্যাদির প্রকাশও তোমা হইতেই হইয়া থাকে ॥ ৭ ॥

যদা বিসৃষ্টস্ত্বমনঞ্জনেন বৈ বলং প্রবিষ্টোঽজিত দৈত্য দানবং।
বাহূদরোর্ব্বঙ্ঘ্রি শিরোধরাণি বৃশ্চন্নজস্রং প্রধনে বিরাজসে ॥ ৮ ॥
স ত্বং জগত্ত্রাণ খল প্রহাণয়ে নিরূপিতঃ সর্ব্বসহো গদাভৃতা।
বিপ্রস্যচাস্মৎকুল দৈবহেতবে বিধেহি ভদ্রং তদনুগ্রহোহি নঃ ॥ ৯ ॥
যদ্যস্তি দত্তমিষ্টং বা স্বধর্ম্মোবা স্বনুষ্ঠিতঃ। কুলং নো বিপ্রদৈবঞ্চেৎ দ্বিজো ভবতু বিজ্বরঃ ॥
যদি নো ভগবান্ প্রীত একঃ সর্ব্বগুণাশ্রয়ঃ। সর্ব্বভূতাত্ম ভাবেন দ্বিজো ভবতু বিজ্বরঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

হে অজিত অনঞ্জনেন হরিণা যদা বিসৃষ্ট স্ত্বং তদা দৈত্যদানবানাং বলং প্রবিষ্টঃ সন্ তেষাং বাহ্বাদীন্ ভিন্দন্ বিরাজসে। প্রবিষ্টোর্জ্জিত দৈত্যদানবমিতিপাঠে উর্জ্জিতা দৈত্যদানবা যস্মিন্ তদ্বলং পূর্ব্বপদে সন্ধিরার্ষঃ ॥ ৮ ॥

কিঞ্চ ত্বয়া ভগবন্নিযুক্তেন খলানামেব দণ্ডঃ কার্য্যঃ সাধবস্তু রক্ষণীয়া অতো বিপ্ররক্ষণেনাস্মান্ অনুগৃহাণেত্যাহ সত্বমিতি। হে জগত্ত্রাণ স এবং ভূতস্ত্বং খলানামেব প্রহরণার্থং নিরূপিতো নিযুক্তঃ অতোঽস্মৎ কুলস্য দৈবহেতবে ভাগ্যলাভায় বিপ্রস্য ভদ্রং বিধেহি তদেব নোঽনুগ্রহঃ ॥ ৯ ॥

সর্ব্ব সুকৃতার্পণেন বিপ্ররক্ষাং প্রার্থয়তে যদ্যস্তীতি দ্বাভ্যাং। বিপ্রোদৈবং দেবতা যস্মিন্ তৎ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রহাণয়ে প্রকৃষ্টহানার্থং ॥ ৯ ॥

তত্র ভগবৎ প্রীতিমাত্রার্থ যদ্যৎ কৃতং তত্তু বুদ্ধিং পরীক্ষ্যতে। দ্বিজ ইতি। দ্বিজস্য বিজ্বরীভাবং কুর্ব্বীথা ইত্যর্থঃ। অন্যথায়ং মহানত্যয়ঃ স্যাদিতি ভাবঃ ॥ ১০। ১১। ১২। ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ননু তদপানেন সহ বিহর্ত্তুকামোঽস্মীতি চেন্মৈবং ত্বদাসুর সংগ্রাম এব বিহাররঙ্গভূমিরিত্যাহ। যদেতি অনঞ্জনেন শ্রীহরিণা হে অজিত প্রবিষ্টোর্জ্জিতদৈত্য দানব মিতি পাঠে উর্জ্জিতা দৈত্যদানবা যত্র তদ্বলং সন্ধিরার্ষঃ। বৃশ্চন্ ছিন্দন্ প্রধনে সংগ্রামে ।৮

নন্বহং ত্বদ্বিদ্বেষি সংহারায় ভগবতা নিযুক্ত স্তত্র ন কেবলমেবমেবেত্যাহ। হে জগত্ত্রাণ খলানাং প্রহাণয়ে সংহারায় সর্ব্বসহঃ সর্ব্ব বল স্বরূপঃ। যদ্বা বাৎসল্যাৎ সর্ব্বমপাপরাধমস্মাকং সহসে ইতি সর্ব্বসহঃ। অস্য বিপ্রস্যাপরাধঃ ক্ষম্যতামিতি ভাবঃ। নচাস্য মদ্বিদ্বেষিত্বমিত্যাহ। অস্মৎ কুলস্য দৈবহেতবে ভাগ্যলাভায় বিপ্রস্য ভদ্রং বিধেহি ॥ ৯ ॥

তদপি বিপ্র মত্যজচ্চক্রমালক্ষ্য শপথং কুর্ব্বন্নাহ। যদ্যস্তীতি বিপ্রদৈবং বিপ্রদেবতাকং ॥

তং শপথমমানয়চ্চক্রমালোক্যাসাধারণং শপথমাহ যদীতি সর্ব্বেষু ভূতেষু আত্মন ইব যোভাব স্তেন যদি প্রীতঃ ॥ ১০ ॥

হে অজিত! অনঞ্জন ভগবান্ কর্ত্তৃক যখন তুমি বিমুক্ত হও তখন দৈত্য দানব মধ্যে প্রবিষ্ট হইয়া তাহাদিগের বাহু, উদর, ঊরু, চরণ এবং কন্দর নির্ভিন্ন করত সমরাঙ্গনে বিরাজ করিয়া থাক ॥ ৮ ॥

হে জগত্ত্রাণ! তুমি এবম্ভূত গুণ সম্পন্ন, ভগবান্ গদাধর খল ব্যক্তিদিগের প্রহরণার্থ তোমাকে নিযুক্ত করিয়াছেন, অতএব আমাদিগের কুলের সৌভাগ্য নিমিত্ত এই বিপন্ন ব্রাহ্মণের মঙ্গল বিধান কর। ইহা করিলেই আমাদের প্রতি মহান্ অনুগ্রহ বিস্তার হইবে ॥ ৯ ॥

হে সুদর্শন! যদি আমার কোন দান অথবা যজ্ঞ জন্য সুকৃত থাকে, যদি আমি স্বধর্ম্মের সুন্দর রূপ অনুষ্ঠান করিয়া থাকি, আর আমাদের কুলদেবতা যদি বিপ্র হন, প্রার্থনা করি তৎ প্রভাবে এই দ্বিজ আশু বিজ্বর হউন। অপিচ অদ্বিতীয় এবং ভূতের প্রতি আত্মভাব হেতু সর্ব্ব গুণাশ্রয় ভগবান্ আমাদের প্রতি যদি প্রীত থাকেন তবে তাঁহার প্রসাদে এই দ্বিজ বিজ্বর হউন ॥ ১০ ॥

শ্রীশুক উবাচ ॥

ইতি সংস্তুবতো রাজ্ঞো বিষ্ণুচক্রং সুদর্শনং। অশাম্যৎ সর্ব্বতো বিপ্রং প্রদহদ্রাজযাচ্ঞয়া ॥

সমুক্তোঽস্ত্রাগ্নি তাপেন দুর্ব্বাসাঃ স্বস্তিমাং স্ততঃ। প্রশশংস তমুর্ব্বীশং যুঞ্জানঃ পরমাশিষঃ ॥

দুর্ব্বাসা উবাচ ॥

অহো অনন্তদাসানাং মহত্ত্বং দৃষ্টমদ্য মে। কৃতাগসোঽপি যদ্রাজন্ মঙ্গলানি সমীহসে ॥

দুষ্করঃ কোনু সাধূনাং দুস্ত্যজো বা মহাত্মনাং। যৈঃ সংগৃহীতো ভগবান্ সাত্বতামৃষভো হরিঃ ॥

যন্নামশ্রুতিমাত্রেণ পুমান্ ভবতি নির্ম্মলঃ। তস্য তীর্থপদঃ কিম্বা দাসানামবশিষ্যতে ॥

রাজন্নমুগৃহীতোঽহং ত্বয়াতি করুণাত্মনা। মদঘং পৃষ্ঠতঃ কৃত্বা প্রাণা যন্মেঽভিরক্ষিতাঃ ॥ ১১ ॥

রাজা তমকৃতাহারঃ প্রত্যাগমন কাঙ্ক্ষয়া। চরণাবুপসংগৃহ্য প্রসাদ্য সমভোজয়ৎ।

সোঽশিত্বাদৃতমানীতমাতিথ্যং সার্ব্বকামিকং। তৃপ্তাত্মা নৃপতিং প্রাহ ভুজ্যতামিতি সাদরং ॥১২॥

শ্রীধরস্বামী।

স্বাজ্ঞ স্তুতৈষ্যৈব যাচ্ঞয়া ॥ ১১ ॥

রাজেত্যাদি শ্লোকদ্বয়ং শুকোক্তিঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

বিপ্রং সর্ব্বতঃ প্রদহদপ্যশামাৎ ॥

কৃতাগসোঽপি স্বদমঙ্গল মীহমানস্যাপীত্যর্থঃ ॥

দুষ্করোঽনুগ্রহঃ দুস্ত্যাজ্যোঽপরাধঃ। সংগৃহীত ইতি যথাস্বৈধনানি সংগৃহ্যন্তে তথেত্যর্থঃ। হরিঃ সংগৃহীতোপি তদীয়কে তশ্চোরয়তীত্যর্থঃ ॥ ১১ ॥

সদুর্ব্বাসা আদৃতং যথাস্যাত্তথা আনীত মাতিথ্যর্থমন্নাদিকং ॥ ১২ ॥

শুকদেব কহিলেন হে রাজন্। রাজর্ষি অম্বরীষ উক্ত প্রকারে স্তব করিতে থাকিলে ভগবানের সুদর্শন চক্র যাহা বিপ্রবর দুর্ব্বাসাকে দগ্ধ করিতেছিল, ঐ রাজার যাচ্ঞাতেই প্রশান্ত হইল। অতএব দুর্ব্বাসা অস্ত্রাগ্নি তাপ হইতে পরিত্রাণ পাইয়া কল্যাণবান্ হইলেন। তদনন্তর ঐ মুনি দুর্ব্বাসার প্রতি আশীর্ব্বাদ প্রয়োগ করিয়া ভূরি ভূরি প্রশংসা করিতে লাগিলেন। দুর্ব্বাসা কহিলেন, অহো! অনন্ত দাসদিগের অদ্ভুত মহত্ত্ব অদ্য আমার দৃষ্টিগোচর হইল। হে রাজন্! আমি কৃতাপরাধ, তথাপি তুমি আমার কল্যাণ চেষ্টা করিলে। অথবা যে সকল ব্যক্তি সাত্বতপতি ভগবান্ হরিকে সংগ্রহ করিয়াছেন সেই সকল মহাত্মা সাধু পুরুষের দুষ্কর অথবা দুস্ত্যজ কি আছে? যাঁহার নাম শ্রবণ মাত্রে পুরুষ নির্ম্মল হয় তীর্থপাদ সেই ভগবানের দাসদিগের কোন্ কার্য্যই বা অবশিষ্ট থাকে?। যাহা হউক, হে রাজন্! তুমি অতি করুণাত্মা আমার প্রতি সুমহৎ অনুগ্রহ প্রকাশ হইল, যে হেতু আমার অপরাধের প্রতি দৃষ্টিপাত না করিয়া প্রাণ রক্ষা করিলে ॥ ১১ ॥

অনন্তর রাজা অম্বরীষ আহার না করিয়া প্রত্যাগমন আকাঙ্ক্ষায় দুর্ব্বাসার চরণ ধারণ করিলেন এবং বারম্বার নমস্ক্রিয়া দ্বারা তাঁহাকে প্রসন্ন করিয়া ভোজন করাইলেন, সাদরে সমানীত সর্ব্বাভিলাষ সম্পাদক আতিথ্য স্বীকারে মহর্ষি দুর্ব্বাসার সাতিশয় পরিতোষ হইল, আহারানন্তর আদর পূর্ব্বক আহ্বান করিয়া রাজাকে বলিলেন মহারাজ! তুমিও আহার কর ॥ ১২ ॥

প্রীতোঽস্ম্যনুগৃহীতোঽস্মি তব ভাগবতস্য বৈ। দর্শনস্পর্শনালাপৈ রাতিথ্যেনাত্মমেধসা ॥ ১৩ ॥
কর্ম্মাবদাতমেতত্তে গায়ন্তি স্বস্ত্রিয়োমুহুঃ। কীর্ত্তিং পরম পুণ্যাঞ্চ কীর্ত্তয়িষ্যতি ভূরিয়ং ॥
শ্রীশুক উবাচ ॥
এবং সংকীর্ত্ত্য রাজানং দুর্ব্বাসাঃ পরিতোষিতঃ। যযৌ বিহায়সামন্ত্র্য ব্রহ্মলোকমহৈতুকং ॥ ১৪ ॥
সংবৎসরোঽত্যগাত্তাবদ্যাবতা নাগতো গতঃ। মুনি স্তদ্দর্শনাকাঙ্ক্ষী রাজাব্ভক্ষো বভূব হ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

প্রীতোঽস্মীতি শ্লোকদ্বয়ং পুনশ্চ বিপ্রোক্তিঃ। আত্মনি মেধা যেনাতিথ্যেন ॥ ১৩ ॥
ভূরিয়ং তত্রস্থো জনঃ কীর্ত্তয়িষ্যতি ॥ ১৪ ॥
তস্য ধৈর্য্যাতিশয়মাহ গতো মুনির্যাবতা নাগতঃ তাবৎ সংবৎসরোঽতিক্রান্ত ইতি ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অহৈতুকমিতি। ন বিদ্যন্তে হৈতুকাঃ শুষ্কতর্কনিষ্ঠবেদবহির্ম্মুখাঃ যত্র তমিত্যর্থঃ ॥ ১৪ ॥
অব্ভক্ষঃ পূর্ব্বমপ্ মাত্র ভক্ষিতবান্ রাজা তদ্দর্শনাকাঙ্ক্ষএব বভূব নতু তাবন্মাত্রমপি ভক্ষিতবানিত্যর্থঃ। দ্বিজোপযোগাদিতি পবিত্রমিতি দ্বিজানাং ভগবৎ প্রধানানামুপযোগেন শ্রীভগবতঃ প্রীত্যতিশয়াৎ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তব দর্শনাদিভিঃ কর্ত্তৃভিরনুগৃহীতঃ অতএব প্রীতঃ। অস্মীতি বর্ত্তমাননির্দ্দেশাৎ পূর্ব্বস্বদর্শনাদিভির্নৈবানুগৃহীতোঽহম প্রীত এবাভূবং যতস্বাং নিরাগসমপি অসহিতুং মহাক্রোধান্ধঃ কৃত্যামসৃক্ষং। তেন ভক্তকর্ম্মকাণ্ডোব তদ্বিষয়কভক্ত্যাখ্যানোব দর্শনাদীনি যদি স্যু স্তদৈব তানি তপদি জ্ঞানি বিপ্রানপ্যনুগৃহ্ণন্তি নান্যথেত্যত্রাহমেব দৃষ্টান্ত ইতি সিদ্ধান্তো ধ্বনিতঃ। তথা আত্মমেধসা আত্মনো মম মেধসা ঈদৃশ্যা বুদ্ধ্যা যদাম্বরীষ বচন গ্রহণ প্রতিপাদনীয়ং মে বুদ্ধির্ভবিষ্যৎ তদা কথমতরিষ্যং তেন চক্র দত্ত মহাতাপোপি মম পরমোপকারকঃ সংসারতারক ভক্তি মার্গজ্ঞাপকোঽভূদিতি ভাবঃ ॥ ১৩ ॥
অবদাতং শুদ্ধং ॥
ব্রহ্মলোকমিতি তত্রত্যা ব্রহ্মাদ্যুত্তবিনঃ স্বযূন্ প্রতি স্বীয় স্বাস্থ্যং হরে র্ভক্তবশ্যতাং ভক্তানাং ভক্তেশ্চ মহাপ্রভাবং বক্তুমিতি ভাবঃ নবিদ্যন্তে হৈতুকাঃ শুষ্ক তর্ক নিষ্ঠা যত্র তং ॥ ১৪ ॥
গতো মুনির্যাবতা কালেন নাগতঃ তাবৎ তাবতা সংবৎসরঃ অত্যগাৎ নিষ্ক্রান্তঃ ॥ ১৫ ॥

হে রাজন্! তুমি পরম ভাগবত, আমি তোমা কর্ত্তৃক অনুগৃহীত হইলাম, তোমার এই দর্শনে, এই আলাপে এবং যাহাতে আত্মার মেধা হয়, তদ্রূপ এই আতিথ্যে তোমার প্রতি আমার যৎপরোনাস্তি প্রীতি জন্মিল ॥ ১৩ ॥

স্বর্গবাসি সুরাঙ্গনা সকল তোমার এই নির্ম্মল কর্ম্ম সর্ব্বদাই গান করিবেন আর পৃথিবীস্থ মানব কুল সতত তোমার পবিত্র কীর্ত্তি কীর্ত্তন করিবে।

শুকদেব কহিলেন হে রাজন্ পরীক্ষিৎ। মহর্ষি দুর্ব্বাসা পরিতুষ্ট চিত্তে এই প্রকার কহিয়া রাজর্ষি অম্বরীষের সহিত সম্ভাষণানন্তর আকাশ পথে ব্রহ্মলোকে গমন করেন ॥ ১৪ ॥

কিন্তু তিনি গমন করিয়া যাবৎ পর্য্যন্ত না আসিয়াছিলেন তাবৎ পর্য্যন্ত সম্বৎসর কাল অতিক্রান্ত হইলেও রাজা অম্বরীষ তাঁহার দর্শনাকাঙ্ক্ষায় জল মাত্রাহারী হইয়াছিলেন ॥ ১৫ ॥

গতেহথ দুর্ব্বাসসি সোঽম্বরীষো দ্বিজোপযোগাতিপবিত্রমাহরৎ।
ঋষের্বিমোক্ষং ব্যসনঞ্চ বীক্ষ্য মেনে স্ববীর্য্যঞ্চ পরানুভাবং॥ ১৬॥
এবং বিধানেক গুণঃ স রাজা পরাত্মনি ব্রহ্মণি বাসুদেবে।
ক্রিয়াকলাপৈঃ সমুবাহ ভক্তিং যয়া বিরিঞ্চ্যান্নিরয়াংশ্চকার॥
শ্রীশুক উবাচ॥
অথাম্বরীষস্তনয়েষু রাজ্যং সমানশীলেষু বিসৃজ্য ধীরঃ।
বনং বিবেশাত্মনি বাসুদেবে মনোদধদ্ধ্বস্ত গুণপ্রবাহঃ॥
ইত্যেতৎ পুণ্যমাখ্যানমম্বরীষস্য ভূপতেঃ। সংকীর্ত্তয়ন্ননুধ্যায়ন্ ভক্তো ভগবতো ভবেৎ॥
অম্বরীষস্য চরিতং যে শৃণ্বন্তি মহাত্মনঃ। মুক্তিং প্রযান্তি তে সর্ব্বে ভক্ত্যা বিষ্ণোঃ প্রসাদতঃ॥১৭

শ্রীধরস্বামী।

দ্বিজযোপযোগেন ভোজনেন অতি পবিত্রমাহরৎ বুভুজে স্ববীর্য্যঞ্চ ধৈর্য্যাদি লক্ষণং পরানুভাবং শ্রীভগবতঃ প্রভাবং মেনে॥১৬
এবংবিধা অনেক গুণা যস্য সঃ বিরিঞ্চ্য পদ সহিতান্ ভোগান্ নিরয় প্রায়ান্ অপশ্যদিত্যর্থঃ॥ ১৭॥

ক্রমসন্দর্ভঃ।

তাদৃশোপদ্রবান্তরমাশঙ্ক্য পুনস্য যোগ্যতাং দৃষ্ট্বা চ তত্র স্থিতিং বিহায় বনে মানস সেবায়ামেব মনশ্চকারেত্যাহ অথেতি॥১৬।১৭

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্বিজস্য উপযোগেন অতিপবিত্রঃ আহরৎ আহারং কৃতবান্। স্ববীর্য্যঞ্চ ধৈর্য্যাদি লক্ষণং পরস্য ভগবত এবানুভাবং প্রভাবং নতু স্বস্য॥ ১৬॥
পরাত্মনীতি পরমাত্মা ব্রহ্ম ভগবানিত্যেকতত্বো যো বাসুদেব স্তস্মিন্। ক্রিয়াকলাপৈর্মন্দির মার্জ্জনাদ্যৈ র্যয়া ভক্ত্যা আবিরিঞ্চ্যাৎ ভোগান্ নরকতুল্যান্॥
মনোদধৎ মনোধাতুং বনং বিবেশ। ননু স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো রিত্যুক্তের্গার্হস্থ্যেপি সংপূর্ণং মনোভগবত্যাসীদেব সত্যং ভক্তাবনুরাগিণঃ খলু মহাধনগৃধ্নোর্ব্বণিজ ইব স্বভাবো ভবেৎ। কোটীশ্বরোপি বণেগাত্মানমল্প ধনং মন্যমানো ধনমুপার্জ্জয়িতুং যথা সমুদ্রান্তমপি গচ্ছতি তথৈব ভক্তোপি ভক্তিমুপার্জ্জয়িতুমিতি॥ ১৭॥

তদনন্তর সেই ঋষি প্রত্যাগত হইলে ঐ রাজা ব্রাহ্মণভোজন দ্বারা পবিত্রিত ভোজ্য ভোজন করিলেন এবং ঋষির ব্যসন ও পরিত্রাণের বিষয় স্মরণ করিয়া আপনার ধৈর্য্যাদি রূপ বীর্য্য ও ভগবানের প্রভাব মান্য করিতে লাগিলেন॥ ১৬॥

হে ভারত! অম্বরীষ নরপতির এবম্বিধ গুণ, তিনি ক্রিয়া কলাপ দ্বারা পরমাত্মা ভগবান্ বাসুদেবের প্রতি পরম ভক্তি প্রদর্শন করিতেন। সেই ভক্তির প্রভাবে ব্রহ্মপদ সহিত সর্ব্ব প্রকার ভোগ তাঁহার সমক্ষে নিরয় প্রায় বোধ হইত।

শুকদেব কহিলেন তদনন্তর ঐ ধীর অম্বরীষ আপনার তুল্য শীলবান্ তনয়ের প্রতি রাজ্যভার সমর্পণ করিয়া বন প্রবেশ করিলেন। তিনি ভগবান্ বাসুদেবের প্রতি আত্ম মনঃ ধারণ করাতে তদীয় গুণ প্রবাহ বিধ্বস্ত হইয়া গেল। হে রাজন্! অম্বরীষ ভূপতির এই পবিত্র উপাখ্যান যে ব্যক্তি কীর্ত্তন এবং সতত ধ্যান করেন তিনি ভগবদ্ভক্ত ভাগবত হইবেন। অপর যে সকল মানব ভক্তি পূর্ব্বক মহাত্মা অম্বরীষের চরিত্র শ্রবণ করিবেন তাঁহারা সকলেই ভগবান্ বিষ্ণুর প্রসাদে অনায়াসে মুক্তি পদ প্রাপ্ত হইতে পারিবেন॥ ১৭॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধেঽম্বরীষো-পাখ্যানং পঞ্চমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৫ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

বিরূপঃ কেতুমান্ শম্ভুরম্বরীষ সুতাস্ত্রয়ঃ। বিরূপাৎ পৃষদশ্বোঽভূৎ তৎপুত্রস্তু রথীতরঃ ॥ ১ ॥

রথীতরস্যাপ্রজস্য ভার্য্যায়াং তন্তবেঽর্থিতঃ। অঙ্গিরা জনয়ামাস ব্রহ্মবর্চ্চস্বিনঃ সুতান্ ॥ ২ ॥

এতে ক্ষেত্রপ্রসূতা বৈ পুন স্ত্বাঙ্গিরসাঃ স্মৃতাঃ। রথীতরাণাং প্রবরাঃ ক্ষেত্রোপেতা দ্বিজাতয়ঃ ॥৩

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি নবমে পঞ্চমঃ ॥ * ॥

ষষ্ঠারম্ভেঽম্বরীষস্য বংশমুক্ত্বা ততঃ পরং। ষষ্ঠাদ্যৈর্ভৈবধ্যায়ৈ রিক্ষ্বাকোর্বংশ উচ্যতে। তত্র ষষ্ঠে শশাদাদির্মান্ধাত্রন্তো নিরূ-প্যতে। প্রসঙ্গাৎ সৌভরে রাখ্যা মান্ধাতৃতনয়াপতেঃ ॥ ১ ॥

তন্তবে সন্তানার্থং ॥ ২ ॥

যে অঙ্গিরসা জনিতা এতে রথীতরস্য ক্ষেত্রে প্রসূতত্বেন রথীতর গোত্রাঃ সন্তঃ অঙ্গিরসো বীর্য্যেণ প্রসূতত্বাদাঙ্গিরসাশ্চ পুনরপি রথীতরাণাং অন্যেষাং জাতানাং প্রবরা মুখ্যাঃ স্মৃতাঃ। যতঃ ক্ষেত্রোপেতা ব্রাহ্মণা ইত্যর্থঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য পঞ্চমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমে পঞ্চমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ষষ্ঠে শশাদেন্দ্রবাহ যুবনাশ্ব কথোচ্যতে। মান্ধাতুশ্চ চরিত্রঞ্চ সৌভর্য্যাখ্যানমদ্ভুতং ॥ ১ ॥

তন্তবে সন্তানার্থং ॥ ২ ॥

রথীতরস্য ক্ষেত্রে ভার্য্যায়াং প্রসূতত্বাদঙ্গিরসো বীর্য্যজাতত্বাৎ এতে রথীতর প্রবর পুত্রত্বেন প্রসিদ্ধাঃ ক্ষেত্রোপেতা দ্বিজাতয়ো বিপ্রাঃ। দ্বে জাতী যেষাং তে ইত্যর্থসংজ্ঞা ॥ ৩ ॥

॥ * ॥ ইতি নবমে পঞ্চম ॥ * ॥

ষষ্ঠাধ্যায়ে অম্বরীষ বংশ, শশাদ অবধি মান্ধাতৃ পর্য্যন্তের বৃত্তান্ত এবং প্রসঙ্গতঃ মান্ধাতৃ তনয়াপতি সৌভরির উপাখ্যান ॥ ০ ॥

শুকদেব কহিলেন অম্বরীষের তিন পুত্র বিরূপ, কেতুমান্ এবং শম্ভু। তন্মধ্যে বিরূপের তনয় পৃষদশ্ব, তাহার সন্তান রথীতর ॥ ১ ॥

রথীতরের পুত্র বা কন্যা কিছুই হয় নাই, তিনি অপ্রজ ছিলেন, এ কারণ তাঁহার প্রার্থনানুসারে সন্তানার্থ অর্থিত হইয়া মহর্ষি অঙ্গিরা তদীয় ভার্য্যায় ব্রহ্মবর্চ্চস্বি কতিপয় সন্তান উৎপন্ন করিয়া দেন ॥২

হে রাজন্! অঙ্গিরা হইতে যে সকল সন্তান জন্মিয়াছিল তাহারা রথীতরের ক্ষেত্রে প্রসূত হওয়াতে যদিও রথীতর গোত্র হইয়াছিল তথাচ অঙ্গিরার ঔরসে উৎপত্তি নিমিত্ত আঙ্গিরস বলিয়াও বিখ্যাত হয়, অধিকন্তু যে হেতু তাহারা ক্ষেত্রোপেত ব্রাহ্মণ একারণ অন্যান্য রথীতর সন্তানদিগের মধ্যে মুখ্য ছিল ॥৩

ক্ষুবতস্তু মনোর্জজ্ঞে ইক্ষ্বাকু র্ঘ্রাণতঃ সুতঃ। তস্য পুত্রশত জ্যেষ্ঠা বিকুক্ষি নিমি দণ্ডকাঃ ॥ ৪ ॥
তেষাং পুরস্তাদভবন্নার্য্যাবর্ত্তে নৃপা নৃপ। পঞ্চবিংশতিঃ পশ্চাচ্চ ত্রয়োমধ্যেঽপরেঽন্যতঃ ॥ ৫ ॥
স একদাষ্টকাশ্রাদ্ধে ইক্ষ্বাকুঃ সুতমাদিশৎ। মাংসমানীয়তাং মেধ্যং বিকুক্ষে গচ্ছ মাচিরং ॥ ৬ ॥
তথেতি স বনং গত্বা মৃগান্‌ হত্বা ক্রিয়াহর্ণান্‌। শ্রান্তো বুভুক্ষিতো বীরঃ শশঞ্চাদদপস্মৃতিঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তদেবং মনোর্দশস্ব পুত্রেষু পৃষধ্রশ্চ কবিশ্চ বিরক্তত্বান্ন বংশ প্রবর্ত্তকৌ। করূষাদীনাঞ্চ সপ্তানাং বংশাস্তারতম্য ক্রমেণোক্তাঃ ইদানীমতি বিস্তৃতমিক্ষ্বাকোর্বংশমাহ ক্ষুবস্ত ইত্যাদিনা যাবৎ সোমবংশপর্য্যাবঃ। ক্ষুতং কুর্ব্বতো মনোর্ঘ্রাণতো জজ্ঞে। শ্রদ্ধায়াং জনয়ামাস দশপুত্রানিতি তু পূর্ব্বোক্তং বাহুল্যাভিপ্রায়েণেতি দ্রষ্টব্যং। পুত্রাণাং শতে জ্যেষ্ঠাঃ ॥ ৪ ॥

আর্য্যাবর্ত্তঃ পুণ্যভূমির্মধ্যং বিন্ধ্যহিমাগয়োঃ। তস্মিন্‌ পুরস্তাৎ সমুদ্রপর্য্যন্তং মণ্ডল বিভাগেন পঞ্চবিংশতি নৃপা অভবন্‌। হে নৃপ তথৈব পশ্চাচ্চ পঞ্চবিংশতিঃ। মধ্যেতু জ্যেষ্ঠাস্ত্রয়ঃ। অপরেতু অন্যতঃ অন্যতোঽত্র দক্ষিণোত্তরাদিষু ॥ ৫ ॥

বিকুক্ষিরেব শশাদ ইতি বিশ্রুত ইতি বক্ষ্যতি। তত্র হেতু মাহ স একদা ইতি চতুর্ভিঃ ॥ ৬ ॥

ক্রিয়াহর্ণান্‌ শ্রাদ্ধার্হান্‌ আদৎ অভক্ষয়ৎ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মনোর্জ্যেষ্ঠ পুত্রস্যাতিবিস্তৃত মিক্ষ্বাকোর্বংশমাহ ক্ষুবত স্তিত্যাদিনা। ক্ষুতং কুর্ব্বতো মনোর্ঘ্রাণতো জজ্ঞে শ্রদ্ধায়াং জনয়ামাস দশপুত্রানিতি তু বাহুল্যাভিপ্রায়েণেতি স্বামিচরণাঃ ॥ ৪ ॥

আর্য্যাবর্ত্তঃ পুণ্যভূমির্মধ্যং বিন্ধ্যহিমাগয়োঃ। তস্মিন্‌ পুরস্তাৎ সমুদ্র পর্য্যন্তঃ পৃথক্‌ পৃথঙ্মণ্ডলেষু পঞ্চবিংশতি নৃপা অভবন্‌। পশ্চাচ্চ তথৈব পঞ্চবিংশতিঃ। মধ্যে জ্যেষ্ঠাস্ত্রয়ঃ। অপরেতু অন্যতঃ অন্যত্র দক্ষিণোত্তরাদিষু ॥ ৫ ॥

বিকুক্ষিঃ শশাদ সংজ্ঞোঽভূত্তত্র হেতুমাহ স ইতি চতুর্ভিঃ ॥ ৬। ৭ ॥

হে রাজন্‌! মনুর দশ সন্তানের মধ্যে পৃষধ্র ও কবি সংসারে বিরক্ত হইয়াছিলেন, এ কারণ তাঁহাদের বংশ হয় নাই, করূষাদি সপ্ত তনয়ের বংশ কথিত হইয়াছে। ইক্ষ্বাকুর বংশ অতিশয় বিস্তীর্ণ, এ প্রযুক্ত অগ্রে না বলিয়া এক্ষণে বলা যাইতেছে যথা ক্ষুত করিতে করিতে মনুর ঘ্রাণ হইতে ইক্ষ্বাকুর জন্ম হয়; ঐ ইক্ষ্বাকুর এক শত সন্তান, তন্মধ্যে বিকুক্ষি নিমি, দণ্ডক প্রভৃতি শ্রেষ্ঠ ॥ ৪ ॥

সেই শত পুত্রের মধ্যে পঞ্চবিংশতি জন বিন্ধ্য ও হিমালয় পর্ব্বতের মধ্যবর্ত্তি আর্য্যাবর্ত্ত সম্মুখে সমুদ্র পর্য্যন্ত এক এক মণ্ডলে রাজা হয়েন। সেই রূপ পশ্চাতেও পঞ্চবিংশতি জন এক এক মণ্ডলে ভূপাল হন্‌। কিন্তু মধ্যস্থলে জ্যেষ্ঠ তিন জন, আর দক্ষিণ উত্তরাদি অন্যান্য ভাগে অন্যান্য পুত্রেরা রাজপদাভিষিক্ত হইয়াছিলেন ॥ ৫ ॥

সে যাহা হউক, এক দিবস ইক্ষ্বাকু রাজা অষ্টকা শ্রাদ্ধ করিবার নিমিত্ত বিকুক্ষিকে আহ্বান করিয়া কহিলেন বৎস! শীঘ্র বনে গিয়া শ্রাদ্ধার্থ পবিত্র মাংস আহরণ কর ॥ ৬ ॥

বিকুক্ষি "তাহাই করিতেছি" বলিয়া তৎক্ষণাৎ বন গমন পূর্ব্বক শ্রাদ্ধার্হ বহুতর মৃগ বধ করিলেন। তদনন্তর শ্রান্ত ও ক্ষুধার্ত্ত হওয়াতে বিস্মৃতি ক্রমে হত পশুর মধ্য হইতে একটা শশক লইয়া ভক্ষণ করিলেন ॥ ৭ ॥

শেষং নিবেদয়ামাস পিত্রে তেনচ তদ্গুরুঃ। চোদিতঃ প্রোক্ষণায়াহ দুষ্টমেতদকর্ম্মকং ॥ ৮ ॥
জ্ঞাত্বা পুত্রস্য তৎ কর্ম্ম গুরুণাভিহিতং নৃপঃ। দেশান্নিঃসারয়ামাস সুতং ত্যক্তবিধিং রুষা ॥ ৯ ॥
সতু বিপ্রেণ সংবাদং জ্ঞাপকেন সমাচরন্ ॥ ১০ ॥
ত্যক্ত্বা কলেবরং যোগী সতেনাবাপ যৎপরং ॥ ১১ ॥
পিতর্য্যুপরতেঽভ্যেত্য বিকুক্ষিঃ পৃথিবীমিমাং। শাসদীজে হরিং যজ্ঞৈঃ শশাদ ইতি বিশ্রুতঃ ॥১২
পুরঞ্জয়স্তস্য সুত ইন্দ্রবাহ ইতীরিতঃ। ককুৎস্থ ইতি চাপ্যুক্তঃ শৃণু নামানি কর্ম্মভিঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

তদ্গুরুর্বশিষ্ঠঃ প্রোক্ষণায় শ্রাদ্ধোচিত সংস্কারায় ॥ ৮ ॥
ত্যক্তোবিধিঃ সদাচারো যেন তং ॥ ৯ ॥
সতু ইক্ষ্বাকুঃ জ্ঞাপকেন বশিষ্ঠেন ॥ ১০ ॥
রাজ্যভোগেন বিরক্তো যোগী সন্ তেন যোগেন কলেবরং ত্যক্ত্বা স যৎ পরং তত্ত্বং তদবাপ ॥ ১১ ॥
শাসৎ পালয়ন্ হরিমীজে ॥ ১২ ॥
দৈত্যপুরস্য জয়াৎ পুরঞ্জয়ঃ। ইন্দ্রোবাহোঽস্যেতীন্দ্রবাহঃ। ককুদি স্থিতত্বাৎ ককুৎস্থ ইতিচ শশাদ সুতস্য ত্রীণি নামানি

ক্রমসন্দর্ভঃ।

সমাচরন্ বভূবেতি শেষঃ। সমাচরদিতি পাঠেতু দ্বিতীয়ং স ইতি পদং সার্থকমেব। ক্বচিচ্চ টীকা পাঠঃ। স যৎপরং তত্ত্বং তদবাপেতি ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯। ১০। ১১ ॥
ঈজে হরি মিতি যজন প্রভাবেনৈব পিতৃত্যাগদোষং চাতিক্রান্তবানিতি জ্ঞেয়ং ॥১২।১৩।১৪।১৫।১৬।১৭।১৮।১৯।২০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদ্গুরুর্বশিষ্ঠঃ দুষ্টমিত্যগ্রভাগস্য বিকুক্ষিণা ভুক্তত্বাৎ। ৮। ৯ ॥
সতু ইক্ষ্বাকুঃ জ্ঞাপকেন জ্ঞানদায়িনা বশিষ্ঠেন ॥ ১০ ॥
শাসৎ পালয়ন্ সন্ ॥ ১১। ১২ ॥
দৈত্যপুরস্য জয়াৎ পুরঞ্জয়ঃ। ইন্দ্রোবাহোঽস্যেতি ইন্দ্রবাহঃ। ককুদি স্থিতত্বাৎ ককুৎস্থ ইতি। কর্ম্মভিরিতি তৈঃ কর্ম্মভি

পরে অবশিষ্ট মাংস লইয়া পিতৃ সমীপে আগমন পূর্ব্বক সমুদায় নিবেদন করিলেন। ইক্ষ্বাকু সেই মাংসের শ্রাদ্ধোচিত সংস্কারার্থ কুলপুরোহিত বশিষ্ঠদেবকে নিযুক্ত করিলে সেই মুনি বলিলেন এ মাংস দূষিত হইয়াছে, ইহা কর্ম্মার্হ হইবে না ॥ ৮ ॥

তদনন্তর মহর্ষি বশিষ্ঠ তাহার বিবরণ বর্ণন করিলে রাজা পুত্রের কর্ম্ম অবগত হইয়া রোষ বশতঃ তাহাকে দেশ হইতে নিঃসারিত করিয়া দিলেন, কারণ শ্রাদ্ধীয় মাংসের অগ্রভাগ গ্রহণ করাতে তাহার সদাচার পরিত্যক্ত হইয়াছিল ॥ ৯ ॥

তাহার পর ইক্ষ্বাকু বশিষ্ঠের সহিত আত্ম জ্ঞান বিষয়ক আলোচনায় প্রবৃত্ত হয়েন ॥ ১০ ॥

পরিশেষে রাজ্যভোগে বিরক্ত হইয়া যোগী হইলেন এবং যোগ দ্বারা কলেবর পরিত্যাগ পূর্ব্বক যাহা পরম তত্ত্ব তাহা প্রাপ্ত হইলেন ॥ ১১ ॥

পিতা উপরত হইলে বিকুক্ষি স্বদেশ প্রত্যাগমন করিয়াছিলেন এবং শশাদ এই নামে বিখ্যাত হইয়া পৈতৃক রাজ্য গ্রহণ পূর্ব্বক পালন ও বিবিধ যজ্ঞ দ্বারা ভগবান্ হরির আরাধনা করেন ॥ ১২ ॥

শশাদের পুত্র পুরঞ্জয়। ঐ পুত্র ইন্দ্রবাহ নামেও কথিত এবং ককুৎস্থ বলিয়াও উক্ত হইয়া থাকে।

কৃতান্ত আসীৎ সমরো দেবানাং সহ দানবৈঃ। পার্ষ্ণিগ্রাহো বৃতো বীরো দেবৈর্দৈত্যপরাজিতৈঃ ॥১৪

বচনাদ্দেবদেবস্য বিষ্ণোর্বিশ্বাত্মনঃ প্রভোঃ। বাহনত্বে বৃতস্তস্য বভূবেন্দ্রো মহাবৃষঃ ॥

স সন্নদ্ধো ধনুর্দিব্যমাদায় বিশিখান্ শিতান্। স্তূয়মানস্তমারুহ্য যুযুৎসুঃ ককুদি স্থিতঃ ॥

তেজসাপ্যায়িতো বিষ্ণোঃ পুরুষস্য মহাত্মনঃ। প্রতীচ্যাং দিশি দৈত্যানাং ন্যরুণৎ ত্রিদশৈঃ পুরং ॥১৫

তৈস্তস্য চাভূৎ প্রধনং তুমুলং লোমহর্ষণং। যমায় ভল্লৈরনয়দ্দৈত্যানভিযযুর্মৃধে ॥ ১৬ ॥

তস্যেষু পাতাভিমুখং যুগান্তাগ্নিমিবোল্বণং। বিসৃজ্য দুদ্রুবুর্দৈত্যা হন্যমানাঃ স্বমালয়ং ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

তৎকর্ম্ম নিমিত্তানি ॥ ১৩ ॥

তানি ব্যাচক্ষাণ আহ কৃতান্ত ইতি সপ্তভিঃ। কৃতং বিশ্বমন্তয়তীতি তথা পার্ষ্ণিগ্রাহঃ সহায়ঃ ॥ ১৪ ॥

ইন্দ্রো যদি মম বাহনং স্যাৎ তর্হি দৈত্যান্ হনিষ্যামীতি তেন বাহনত্বেন বৃতঃ সন্নিন্দ্রো লজ্জয়া তদনঙ্গী কুর্ব্বন্ বিষ্ণোর্ব্বচনাৎ তস্য-বাহনত্বায় মহাবৃষো বভূবেত্যর্থঃ ॥ ১৫ ॥

যেঽভিমুখং যযুস্তান্ যমং দর্শয়িতুং সদেহানেব ভল্লৈরনয়দিত্যর্থঃ ॥ ১৬ ॥

তচ্চ দৃষ্ট্বাস্তেচ দুদ্রুবুঃ। স্বমালয়ং পাতালং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রীণি নামানি তানি শৃণ্বিত্যর্থঃ ॥ ১৩ ॥

কৃতন্ত বিশ্বস্যান্তোনাশো যস্মাত্তাদৃশঃ সমর আসীৎ তত্র দেবৈঃ পার্ষ্ণিগ্রাহো বৃতঃ ॥ ১৪ ॥

ইন্দ্রো যদি মম বাহনং স্যাত্তদা দৈত্যান্ হনিষ্যামীতি তেন বাহনত্বেন বৃতঃ সন্নিন্দ্রো লজ্জয়া তদনঙ্গীকুর্ব্বন্ বিষ্ণোর্ব্বচনাৎ তস্য বাহনং মহাবৃষোবভূবেত্যর্থঃ ॥ স পুরঞ্জয়ঃ বৃষং সমারুহ্যেন্দ্রবাহঃ ককুদিস্থিত ইতি ককুৎস্থশ্চাভূৎ ॥

ত্রিদশৈঃ সহিতঃ পুরং ন্যরুণৎ ॥ ১৫ ॥ যমায় অনয়ৎ যমং মৃত্যুং প্রাপয়ামাস গত্যর্থ কর্ম্মণীতি চতুর্থী ॥ ১৬ ॥

দৈত্যাবশিষ্টা আলয়ং পাতালং ॥ ১৭ ॥

যে যে কর্ম্ম দ্বারা তাহার ঐ ঐ নাম হয় বলিতেছি শ্রবণ কর ॥ ১৩ ॥

পূর্ব্বে যৎকালে দানবদিগের সহিত দেবগণের বিশ্ববিনাশন সমর হইয়াছিল, সে সময় দেবতারা দৈত্যগণ কর্ত্তৃক পরাজিত হইয়া ঐ বীরকে আপনাদের সহায় করেন ॥ ১৪ ॥

তিনি, "ইন্দ্র যদি আমার বাহন হন তবে আমি দৈত্যদিগকে বধ করিব" ইহা বলিয়া ইন্দ্রকে বাহনত্বে বরণ করিয়াছিলেন। ইন্দ্র প্রথমতঃ লজ্জা বশতঃ অস্বীকার করেন, পরে বিশ্বাত্মা দেবদেব বিষ্ণুর বাক্যে স্বীকার করিয়া পুরঞ্জয়ের বাহন হইবার নিমিত্ত মহাবৃষভ হয়েন। এই রূপে ইন্দ্রবাহন হওয়াতে পুরঞ্জয়ের ইন্দ্রবাহ এই দ্বিতীয় নাম হয়। তদনন্তর পুরঞ্জয় বর্ম্ম সন্নদ্ধ করিয়া দিব্য ধনুঃ তথা ভূরি ভূরি শাণিত শর গ্রহণ পূর্ব্বক সেই বৃষভের ককুদোপরি আরোহণ করিয়া অবস্থিত হন, তদ্দর্শনে দেবগণ তাঁহার স্তব আরম্ভ করেন। পরে পুরঞ্জয় মহাত্মা পরম পুরুষ বিষ্ণুর তেজে বর্দ্ধিত হইয়া দেবতাদের দ্বার পশ্চিম দিকে দৈত্যদিগের পুরী নিরুদ্ধ করিলেন ॥ ১৫ ॥

তদনন্তর দানবগণের সহিত তাঁহার তুমুল সংগ্রাম হইল। যে সকল দৈত্য সমরে তাঁহার সম্মুখীন হইল, তিনি তাহাদিগকে যম সন্দর্শনার্থ প্রেরণ করিতে লাগিলেন ॥ ১৬ ॥

তদ্দর্শনে অবশিষ্ট দৈত্যগণ খিদ্যমান হইয়া অত্যুল্বণ প্রলয়ানল তুল্য তদীয় বাণপাতাভিমুখ পরিহার পূর্ব্বক স্ব স্ব আলয় পাতালে পলায়ন পরায়ণ হইল ॥ ১৭ ॥

জিত্বা পুরং ধনং সর্ব্বং সস্ত্রীকং বজ্রপাণয়ে। প্রত্যযচ্ছৎ স রাজর্ষিরিতি নামভিরাহৃতঃ॥
পুরঞ্জয়স্য পুত্রোঽভূদনেনাস্তৎ সুতঃ পৃথুঃ। বিশ্বগন্ধিস্ততশ্চন্দ্রো যুবনাশ্বস্তু তৎ সুতঃ॥ ১৮॥
শ্রাবস্তস্তৎসুতো যেন শ্রাবস্তী নির্ম্মমে পুরী। বৃহদশ্বস্তু শ্রাবস্তিস্ততঃ কুবলয়াশ্বকঃ॥ ১৯॥
যঃ প্রিয়ার্থমুতঙ্কস্য ধুন্ধুনামাসুরং বলী। সুতানামেকবিংশত্যা সহস্রৈরহনদ্বৃতঃ॥ ২০॥
ধুন্ধুমার ইতিখ্যাত স্তৎ সুতা স্তেচ জজ্বলুঃ। ধুন্ধোর্মুখাগ্নিনা সর্ব্বে ত্রয় এবাবশেষিতাঃ॥
দৃঢ়াশ্বঃ কপিলাশ্বশ্চ ভদ্রাশ্ব ইতি ভারত। দৃঢ়াশ্বপুত্রোহর্য্যশ্বো নিকুম্ভ স্তৎ সুতঃ স্মৃতঃ॥ ২১॥
বহুলাশ্বো নিকুম্ভস্য কৃশাশ্বোঽথাস্য সেনজিৎ। যুবনাশ্বোঽভবৎ তস্য সোঽনপত্যো বনং গতঃ॥২২॥

শ্রীধরস্বামী।

ইতোহৈতঃ কর্ম্মভিঃ পুরঞ্জয়াদি নামভিরাহৃতঃ ব্যাহৃতঃ। আহুত ইতি পাঠান্তরে আহূত ইত্যর্থঃ॥ ১৮॥
শ্রাবস্তি শ্রাবস্তস্য সুতঃ॥ ১৯॥
কুবলয়াশ্ব এব ধুন্ধুমার ইতি খ্যাতঃ। তত্র কারণমাহ য ইতি। সুতানামেক বিংশত্যা সহস্রৈ বৃতঃ সন্ হতবান্॥ ২০॥
ধুন্ধুমার ইতি চেতি চকারস্যান্বয়ঃ॥ ২১॥
অথ তস্মান্নিকুম্ভাৎ কৃশাশ্বঃ॥ ২২॥

ক্রমসন্দর্ভঃ।

দৃঢ়াশ্ব ইতি নিকুম্ভস্য বহর্ণাশ্বঃ কৃশাশ্বশ্চেত্যর্থঃ॥ ২১। ২২। ২৩। ২৪। ২৫। ২৬। ২৭। ২৮। ২৯। ৩০। ৩১। ৩২। ৩৩। ৩৪। ৩৫। ৩৬। ৩৭। ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২। ৪৩। ৪৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

জিত্বা পুরমিতি পুরঞ্জয়ঃ স বজ্রপাণিঃ প্রত্যযচ্ছৎ পুন স্তস্য রাজ্ঞে রাজর্ষয়ে দদৌ। অতএব স রাজর্ষিঃ নামভিঃ পুরঞ্জয়াদিভিরাহৃতঃ ব্যাহৃতঃ। আহুত ইতি পাঠে আহূত ইত্যর্থঃ॥ ১৮। ১৯॥
সুতানামেকবিংশত্যা সহস্রৈর্যুক্তঃ সন্নহনৎ॥ ২০। ২১। ২২। ২৩॥

অতএব অঙ্গনাগণ সহ সমস্ত ধন ও পুর জয় করিয়া সেই রাজর্ষি দেবরাজ ইন্দ্রকে প্রদান করিলেন। ঐ সকল কর্ম্ম দ্বারা তদবধি তিনি পুরঞ্জয়াদি নামে ব্যাহৃত হইতেন। হে রাজন্ পরীক্ষিৎ! উল্লিখিত পুরঞ্জয়ের পুত্র অনেনাঃ। তাহার সন্তান পৃথু। তাহা হইতে বিশ্বগন্ধি জন্ম গ্রহণ করেন। তাহার তনয় চন্দ্র। চন্দ্রের পুত্র যুবনাশ্ব॥ ১৮॥

যুবনাশ্বের সুত শ্রাবস্ত,যিনি শ্রাবস্তী পুরী নির্ম্মাণ করেন। ঐ শ্রাবস্তের সন্তান বৃহদশ্ব,তাহার পুত্র কুবলয়াশ্ব॥ ১৯॥

এই মহাবল রাজা ঋষিবর উতঙ্কের প্রিয়ার্থ আপনার এক বিংশতি সহস্র পুত্রে পরিবৃত হইয়া ধুন্ধু নামা অসুর বরকে সংহার করেন॥ ২০॥

অতএব ধুন্ধুমার বলিয়া বিখ্যাত হইয়াছিলেন। কিন্তু তাঁহার পুত্রগণ ধুন্ধুর মুখাগ্নি দ্বারা সকলেই জ্বলিয়া ভস্মসাৎ হইয়া গিয়াছিল,কেবল তিন জন মাত্র অবশিষ্ট ছিল অর্থাৎ দৃঢ়াশ্ব,কপিলাশ্ব ও ভদ্রাশ্ব এই তিন জন জীবিত থাকেন। তন্মধ্যে দৃঢ়াশ্বের পুত্র হর্য্যশ্ব, তাহার তনয় নিকুম্ভ॥ ২১॥

নিকুম্ভের পুত্র বহুলাশ্ব, তাহা হইতে কৃশাশ্ব উৎপন্ন হয়েন। সেই কৃশাশ্বের তনয় সেনজিৎ, তাহার পুত্র যুবনাশ্ব ঐ ব্যক্তি অনপত্য হইয়া অরণ্য গমন করেন॥ ২২॥

ভার্য্যা শতেন নির্ব্বিণ্ণ ঋষয়োঽস্য কৃপালবঃ। ইষ্টিং স্ম বর্ত্তয়াঞ্চক্রুরৈন্দ্রীং তে সুসমাহিতাঃ ॥২৩॥
রাজা তদযজ্ঞ সদনং প্রবিষ্টো নিশি তর্ষিতঃ। দৃষ্ট্বা শয়ানান্ বিপ্রাং স্তান্ পপৌ মন্ত্রজলং স্বয়ং ॥২৪॥
উত্থিতাস্তে নিশম্যাথ ব্যুদকং কলসং প্রভো। পপ্রচ্ছুঃ কস্য কর্ম্মেদং পীতং পুংসবনং জলং ॥২৫॥
রাজ্ঞা পীতং বিদিত্বা বৈ ঈশ্বরপ্রহিতেন তে। ঈশ্বরায় নমশ্চক্রু রহো দৈববলং বলং ॥
ততঃ কাল উপাবৃত্তে কুক্ষিং নির্ভিদ্য দক্ষিণং। যুবনাশ্বস্য তনয় শ্চক্রবর্ত্তী জজানহ ॥ ২৬ ॥
কং ধাস্যতি কুমারোঽয়ং স্তন্যে রোরূয়তে ভৃশং। মান্ধাতা বৎস মারোদীরিতীন্দ্রো দেশিনীমদাৎ ॥২৭

শ্রীধরস্বামী।

ভার্য্যাণাং শতেন সহ অস্য পুত্রার্থং ইন্দ্রদৈবত্যামিষ্টিং প্রবর্ত্তয়ামাসুঃ শ্বেতাশ্চর্য্যে ॥ ২৩ ॥
তদেবাহ রাজেতি ষড়্ভিঃ। তর্ষিত তৃষিতঃ সন্ জলার্থং প্রবিষ্টো মন্ত্রাভি মন্ত্রিতং জলং পত্ন্যৈ দেয়ং স্বয়ং পপৌ ॥ ২৪ ॥
ব্যুদকং নিরুদকং। পুংসবনং পুত্রোৎপত্তিকারণং ॥ ২৫ ॥
অহো দৈববলমেব মুখ্যং বলং পুরুষবলন্তু ন কিঞ্চিদিতি বদন্ত ঈশ্বরায় নমস্কারং চক্রুঃ ॥ ২৬ ॥
অয়ং কং ধাস্যতি পাস্যতীতি দুঃখিতৈ র্বিপ্রৈরুক্তে সতি তস্যামিষ্টায়ামারাধিত ইন্দ্রোমাং ধাতা পাতা হে বৎস মারোদীরিতি ব্রুবন্ দেশিনীং তর্জনীমদাদিত্যর্থঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

তর্ষিতঃ তৃষার্ত্তঃ মন্ত্রাদিভির্মন্ত্রিতং পত্ন্যৈ দেয়ং স্বয়ং পপৌ ॥ ২৪ । ২৫ ॥
দৈববলমেব বলমিতি বদন্তঃ ॥ ২৬ ॥
অয়ং কং দাস্যতি পাস্যতীতি বিপ্রৈরুক্তে সতি তস্যামিষ্ট্যামারাধিতঃ ইন্দ্রোমান্ধাতা পাতা হে বৎস মারোদীরিতি ব্রুবন্ দেশিনীং তর্জ্জনীমদাৎ ॥ ২৭ । ২৮ । ২৯ । ৩০ । ৩১ ॥

তাঁহার একশত ভার্য্যা ছিল, তনয়াভাবে বনে গিয়াও সেই শত বনিতা সহিত তিনি সর্ব্বদা বিষণ্ণ ভাবে থাকিতেন। তদ্দর্শনে অরণ্যবাসী ঋষিগণ তাঁহার প্রতি দয়ালু হন্ এবং সন্তানার্থ সমাহিত চিত্তে ইন্দ্রদৈবত্য যজ্ঞ প্রবর্ত্ত করান ॥ ২৩ ॥

হে রাজন্! আশ্চর্য্য কথা শ্রবণ কর। যজ্ঞ প্রবর্ত্তমান হইলে এক দিন যুবনাশ্ব নিশাভাগে তৃষিত হইয়া জলার্থ যজ্ঞ সদনে প্রবেশ করিলেন এবং ঋত্বিক্ বিপ্রগণ শয়ান থাকাতে তথায় পত্নীকে দিবার নিমিত্ত মন্ত্রাভিমন্ত্রিত যে জল, ছিল পিপাসা পীড়ায় তাহাই পান করিলেন ॥ ২৪ ॥

পুরোহিতেরা নিদ্রোত্থিত হইয়া দেখিলেন কলসে জল নাই, অতএব বিস্মিত হইয়া জিজ্ঞাসা করিলেন এ কর্ম্ম কাহার? পুত্রোৎপত্তিকারক জল কে পান করিয়া গেল? ॥ ২৫ ॥

অনন্তর যখন বিদিত হইল ঈশ্বর প্রহিত হইয়া রাজা ঐ জল স্বয়ং পান করিয়াছেন, তখন "অহো দৈববলই মুখ্য বল, পুরুষের বল কোন কার্য্যের নহে" এই বাক্য উচ্চারণ করত ঈশ্বরকে বারম্বার নমস্কার করিতে লাগিলেন। অনন্তর সময় পূর্ণ হইলে যুবনাশ্বের দক্ষিণ কুক্ষি নির্ভেদ করিয়া চক্রবর্ত্তি লক্ষণাক্রান্ত একটী তনয় উৎপন্ন হইল ॥ ২৬ ॥

তদ্দর্শনে বিপ্রগণ দুঃখিত হইয়া যখন এই বলিয়া চীৎকার করিতে লাগিলেন, হা! এই কুমার স্তন্যার্থ রোদন করিতেছে, কি পান করিবে? তখন দেবরাজ ইন্দ্র (বৎস! রোদন করিও না, মাং ধাতা অর্থাৎ আমাকে পান করিবে) বলিয়া আপনার তর্জ্জনী প্রদান করিলেন। ঐ কারণে মান্ধাতা নাম হয় ॥ ২৭ ॥

ন মমার পিতা তস্য বিপ্রদেব প্রসাদতঃ। যুবনাশ্বোঽথ তত্রৈব তপসা সিদ্ধিমন্বগাৎ ॥ ২৮ ॥
ত্রসদস্যুরিতীন্দ্রোঽঙ্গ বিদধে নাম যস্য বৈ। যস্মাৎ ত্রসন্তি হ্যুদ্বিগ্না দস্যবো রাবণাদয়ঃ ॥ ২৯ ॥
যৌবনাশ্বোঽথ মান্ধাতা চক্রবর্ত্ত্যবনীং প্রভুঃ। সপ্তদ্বীপবতীমেকঃ শশাসাচ্যুততেজসা ॥ ৩০ ॥
ঈজে চ যজ্ঞং ক্রতুভিরাত্মবিদ্ভূরিদক্ষিণৈঃ। সর্ব্বদেবময়ং দেবং সর্ব্বাত্মকমতীন্দ্রিয়ং ॥
দ্রব্যং মন্ত্রোবিধির্যজ্ঞো যজমানস্তথর্ত্বিজঃ। ধর্ম্মো দেশশ্চ কালশ্চ সর্ব্বমেতদ্যদাত্মকং ॥ ৩১ ॥
যাবৎ সূর্য্য উদেতিস্ম যাবচ্চ প্রতিতিষ্ঠতি। তৎ সর্ব্বং যৌবনাশ্বস্য মান্ধাতুঃ ক্ষেত্রমুচ্যতে ॥
শশবিন্দোর্দুহিতরি বিন্দুমত্যামধান্নৃপঃ। পুরুকুৎসমম্বরীষং মুচুকুন্দঞ্চ যোগিনং ॥ ৩২ ॥
তেষাং স্বসারঃ পঞ্চাশৎ সৌভরিং বব্রিরে পতিং ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

তস্য পিতা যুবনাশ্বো ভিন্নকুক্ষিরপি ন মমার কিন্তু কালান্তরে তপসা সিদ্ধিমন্বগাৎ ॥ ২৮ ॥

মান্ধাতুর্ম্মহিমানমাহ ত্রসদস্যুরিতি ষড়্‌ভিঃ। অঙ্গ হে রাজন্ যস্মান্মান্ধাতুর্দ্দস্যব উদ্বিগ্নাঃ কম্পিতাঃ সন্তঃ ত্রসন্তি অত ইন্দ্রো যস্য ত্রসদস্যুরিতি নাম বিদধে স মান্ধাতা অবনীমেকঃ শশাসেত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২৯ ॥

অচ্যুতস্য তেজসা। অপ্রচ্যুতেন তেজসেতি বা ॥ ৩০ ॥

আত্মবিদপি স যজ্ঞং বিষ্ণুং ঈজে তমেব বিশিনষ্টি সর্ব্বদেবময়মিতি সার্দ্ধেন ॥ ৩১ ॥

প্রতিতিষ্ঠতি অস্তং গচ্ছতি ॥ ৩২ ॥

প্রসঙ্গাৎ সৌভরেশ্চরিতমাহ তেষামিতি যাবৎ সমাপ্তি। তেষাং স্বসারঃ মান্ধাতুঃ কন্যাঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রতিতিষ্ঠতি অস্তং গচ্ছতি ॥ ৩২ । ৩৩ ॥

মান্ধাতার পিতা যুবনাশ্ব, দেব ব্রাহ্মণের প্রসাদে মৃত্যুগ্রস্ত হয়েন নাই, তপস্যা দ্বারা সেই স্থানেই কালান্তরে সিদ্ধি প্রাপ্ত হইয়াছিলেন ॥ ২৮ ॥

সে যাহা হউক, রাবণাদি দস্যুগণ ঐ মান্ধাতার প্রতাপে কম্পিত হইয়া সন্ত্রস্ত হইয়াছিল, ইহাতে ইন্দ্র তাঁহার অন্য এক নাম ত্রসদস্যু রাখেন ॥ ২৯ ॥

হে রাজন্! তদনন্তর যুবনাশ্ব তনয় মান্ধাতা সম্রাট্ হইয়া ভগবান্ অচ্যুতের তেজে একাকী সপ্ত দ্বীপা পৃথিবী শাসন করেন ॥ ৩০ ॥

এবং আত্মজ্ঞ হইয়াও ভূরি ভূরি দক্ষিণা দিয়া বহু বহু যজ্ঞ করত তদ্দ্বারা যজ্ঞরূপি সর্ব্বদেবময় সর্ব্বাত্মক অতীন্দ্রিয় সেই দেবের অর্চ্চনা করেন, দ্রব্য, মন্ত্র, বিধি, যজ্ঞ, যজমান, ঋত্বিক্, ধর্ম্মোপদেশ এবং কাল এই সমস্ত যাঁহার স্বরূপ ॥ ৩১ ॥

হে রাজন্! যত দূর পর্য্যন্ত সূর্য্য উদিত হন এবং যাবৎ পর্য্যন্ত অস্ত হইয়া থাকেন তত দূর পর্য্যন্ত সমুদায় স্থান যুবনাশ্বপুত্র মান্ধাতার ক্ষেত্র বলিয়া কথিত হইয়া থাকে। সে যাহা হউক, ঐ রাজা শশবিন্দুর দুহিতা ইন্দুমতীর গর্ব্ভে পুরুকুৎস, অম্বরীষ এবং যোগি মুচুকুন্দ এই তিনটী তনয় উৎপন্ন করেন ॥ ৩২ ॥

ঐ তিন তনয়ের পঞ্চাশৎ ভগিনী অর্থাৎ মান্ধাতার পুত্র ত্রয় ব্যতীত পঞ্চাশটী কন্যা হইয়াছিল। তাহারা সকলেই সৌভরিকে পতিত্বে বরণ করে ॥ ৩৩ ॥

যমুনান্তর্জলে মগ্নস্তপ্যমানঃ পরং তপঃ। নির্বৃতিং মীনরাজস্য দৃষ্ট্বা মৈথুনধর্ম্মিণঃ॥ ৩৪॥
জাতস্পৃহো নৃপং বিপ্রঃ কন্যামেকামযাচত। সোঽপ্যাহ গৃহ্যতাং ব্রহ্মন্ কামং কন্যা স্বয়ম্বরে॥ ৩৫
স বিচিন্ত্যাপ্রিয়ং স্ত্রীণাং জরঠোঽহমসম্মতঃ। বলীপলিত এজৎক ইত্যহং প্রত্যুদাহৃতঃ॥ ৩৬॥
সাধয়িষ্যে তথাত্মানং সুরস্ত্রীণামভীপ্সিতং। কিং পুনর্মনুজেন্দ্রাণামিতি ব্যবসিতঃ প্রভুঃ॥ ৩৭॥
মুনিঃ প্রবেশিতঃ ক্ষত্ত্রা কন্যান্তঃপুরমৃদ্ধিমৎ। বৃতঃ স রাজকন্যাভিরেকঃ পঞ্চাশতা বরঃ॥
তাসাং কলিরভূদ্ভূয়াংস্তদর্থেঽপোহ্য সৌহৃদং। মমানুরূপো নায়ং ব ইতি তদ্গতচেতসাং॥ ৩৮॥

শ্রীধরস্বামী।

নমু মহা তাপসস্য তস্য কুতো বিবাহ প্রসঙ্গঃ কথম্বা জরা জর্জ্জরিতং রাজকন্যা বব্রিরে তদাহ যমুনান্তর্জলে ইতি ষড়্ভিঃ॥ ৩৪॥
নৃপং মান্ধাতারং। সোঽপি মান্ধাতা স্বয়ম্বরে কামং গৃহ্যতামিত্যাহ॥ ৩৫॥
স বিপ্রঃ স্ত্রীণামপ্রিয়ং মাং বিচিন্ত্যানেনাহং প্রত্যাখ্যাতোঽস্মি আত্মানং তথা সাধয়িষ্যামীতি ব্যবসিতঃ নিশ্চিতবানিতি ষয়োঃ-রন্বয়ঃ। অপ্রিয়ত্বে হেতুঃ জরঠো বৃদ্ধঃ বলীভির্যুক্তঃ। পলিতশ্চ এজৎকঃ কম্পমানশিরাঃ তাপসত্বাদিনা চাসম্মতোঽহমিতি মত্বা॥ ৩৬॥
তথেত্যস্য প্রপঞ্চঃ সুরস্ত্রীণামভীপ্সিতং কিং পুন র্মনুজেন্দ্রাণাং যাঃ স্ত্রিয়স্তাসামিতি॥ ৩৭॥
ততঃ কিং বৃত্তঃ তদাহ মুনিরিতি দ্বাভ্যাং। ক্ষত্ত্রা প্রতীহারেণ। পঞ্চাশতাপি রাজকন্যাভিঃ স এক এব বরো বৃতঃ॥ ৩৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু মহাতপস্বিনা সৌভরিণা কথং তা বৃঢ়াঃ কথং বা জরাজর্জ্জরিতং তা রাজকন্যা বব্রিরে তত্রাহ। যমুনেতি। ততো জলাদুত্থায় মথুরামাগত্য নৃপং মান্ধাতারং॥ ৩৪। ৩৫॥
এজৎকঃ কম্পমানশিরাঃ প্রত্যুদাহৃতঃ প্রত্যাখ্যাতঃ ইতি ব্যবসিত নিশ্চিতবান্॥ ৩৬ ৩৭। ৩৮॥

. হে রাজন্! যমুনার জল মধ্যে নিমগ্ন হইয়া তপস্যা করিতে করিতে একদা মীনরাজের মৈথুন জন্য সুখজাত সন্দর্শন করেন॥ ৩৪॥

তাহাতে ঐ বিষয়ে তাঁহার সাতিশয় অনুরাগ জন্মে, অতএব জল হইতে উত্থান পূর্ব্বক মথুরা গমন করিয়া মান্ধাতার সন্নিধানে পত্ন্যর্থ একটী কন্যা যাচ্ঞা করিয়াছিলেন। মান্ধাতা তাঁহার প্রার্থনায় এই কথা বলিয়াছিলেন ব্রহ্মন্! আমার কন্যা স্বয়ম্বরা হইবে, যাহাকে ইচ্ছা হয় গ্রহণ করিবেন॥ ৩৫॥

সৌভরি তৎ শ্রবণে মনে করিলেন আমি জরাজীর্ণ হইয়াছি ও আমার কেশ পলিত এবং বয়ঃক্রমের আতিশয্য প্রযুক্ত আমার মস্তক সতত কম্পমান। অপর আমি তাপস, এই বলিয়া বুঝি ইহাঁর সম্মত হইলাম না, তাহাতেই ইনি আমাকে স্ত্রীদিগের অপ্রিয় বিবেচনা করিয়া ছলক্রমে নিরাকৃত করিলেন॥ ৩৬॥

যাহা হউক, আমি আপনাকে সেই প্রকার করিতে চেষ্টা করি যাহাতে মনুজেন্দ্রদিগের রমণীগণের কথা কি? সুর স্ত্রীগণেরও অভীপ্সিত হইতে পারি, এই বলিয়া তদর্থ কৃতনিশ্চয় হইলেন॥ ৩৭॥

অনন্তর তপঃ প্রভাবে তাঁহার তদ্রূপ রূপ হইল। একদা রাজপুরীর প্রতিহারী তাঁহাকে রাজকন্যাদিগের সমৃদ্ধিশালি অন্তঃপুরে লইয়া গেল, তাহাতে পঞ্চাশৎ রাজকন্যাই তাঁহাকে বর রূপে বরণ করিল। হে রাজন্! মান্ধাতার তনয়াদিগের পূর্ব্বে পরস্পর অতিশয় প্রণয় ছিল কিন্তু সৌভরির সহিত পরিণীতা হইবার নিমিত্ত তাহারা তদ্গত চিত্তা হইয়া পরস্পর বলিতে লাগিল ইনি আমারই অনুরূপ বর, তোমাদিগের নহেন, সুতরাং তদর্থ তাহাদিগের সুমহৎ কলহ উপস্থিত হইয়াছিল॥ ৩৮॥

সবহ্বৃচ স্তাভিরপারণীয় তপঃ শ্রিয়ানর্ঘ্য পরিচ্ছদেষু।
গৃহেষু নানোপবনামলাম্ভঃ সরঃসু সৌগন্ধিককাননেষু ॥ ৩৯ ॥
মহার্হ শয্যাসন বস্ত্র ভূষণ স্নানানুলেপাভ্যবহারমাল্যকৈঃ।
স্বলঙ্কৃতস্ত্রীপুরুষেষু নিত্যদা রেমেঽনুগায়দ্দ্বিজভৃঙ্গবন্দিষু ॥ ৪০ ॥
যদ্গার্হস্থ্যন্তু সংবীক্ষ্য সপ্তদ্বীপবতীপতিঃ। বিস্মিতঃ স্তম্ভমজহাৎ সার্ব্বভৌমশ্রিয়ান্বিতঃ ॥ ৪১ ॥
এবং গৃহেষ্বভিরতো বিষয়ান্ বিবিধৈঃ সুখৈঃ। সেবমানো নচাতুষ্যদাজ্যস্তোকৈরিবানলঃ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

তস্য গার্হস্থ্যং বর্ণয়তি স ইতি চতুর্ভিঃ। বহ্বৃচ ইতি মন্ত্র সামর্থ্যমুক্তং। তাভিঃ সহ রেমে ইত্যুত্তরেণান্বয়ঃ। ক রেমে অপারণীয়ং দুরন্তং যত্তপঃ তস্য শ্রিয়া সমৃদ্ধ্যা অনর্ঘ্যাঃ পরিচ্ছদা যেষু তেষু গৃহেষু। তথা নানা বিধেষু উপবনেষুচ অমলানি অম্ভাংসি যেষাং তেষু সরঃসুচ কীদৃশেষু সৌগন্ধিকানাং কহ্লারাণাং কাননানি স্তোমা যেষু ॥ ৩৯ ॥
কীদৃশেষু গৃহাদিষু স্বলঙ্কৃতাঃ স্ত্রিয়ঃ পুরুষাশ্চ যেষু। অনুগায়ন্তো দ্বিজাশ্চ পক্ষিণঃ ভৃঙ্গাশ্চ বন্দিনশ্চ যেষু কীদৃশঃ মহার্হ শয্যাদিভিরুপলক্ষিতঃ সন্ ॥ ৪০ ॥
স্তম্ভং গর্ব্বং ॥ ৪১ ॥
আজ্যস্তোকৈর্ঘৃতবিন্দুভিঃ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বহ্বৃচ ইত্যেতাদৃশ সংপত্তি সৃষ্টৌ মন্ত্র সামর্থ্যমেব কারণমিতি ভাবঃ। অপারণীয়মনৈারশক্যং যত্তপঃ তস্য শ্রিয়া সমৃদ্ধ্যা সৃষ্টেষু গৃহেষু গৃহোপলক্ষিতেষু বিবিধপুরেষু। মহার্হ শয্যাদিভিরুপলক্ষিতোঽরেমে ॥ ৩৯। ৪০ ॥
স্তম্ভং গর্ব্বং ॥ ৪১ ॥
আজ্যস্তোকৈর্ব্বিন্দুভিঃ ॥ ৪২ ॥

সে যাহা হউক, সৌভরি মন্ত্র সামর্থ্য সম্পন্ন ছিলেন। তাঁহার দুরন্ত তপঃ প্রভাবে তৎক্ষণাৎ প্রত্যেক ভবনে অমূল্য পরিচ্ছদ প্রস্তুত হইল এবং নানাবিধ বন উপবন সুশোভিত ও সরোবর সকল সৌগন্ধি কহ্লার কাননে সুসজ্জিত হইয়া উঠিল ॥ ৩৯ ॥

অধিকন্তু যাবতীয় গৃহে দাস দাসী সকল সুন্দর রূপ অলঙ্কৃত এবং সর্ব্বত্র পক্ষী ভ্রমর ও বন্দিগণ মধুরস্বরে গান আরম্ভ করিল। তিনি মহামূল্য শয্যা, আসন, বসন, ভূষণ, স্নান ও অনুলেপনাদি সম্পন্ন হইয়া সকল ভবন ও উপবনাদি সেই সমস্ত বনিতা সহিত অহরহ বিহার করিতে লাগিলেন ॥ ৪০ ॥

হে রাজন্! সৌভরির গার্হস্থ্য ধর্ম্ম অবলোকন করিয়া সপ্তদ্বীপ পৃথিবীর অধিপতি মান্ধাতার সুমহৎ বিস্ময় জন্মিল। তিনি সাম্রাজ্য সম্পত্তি সম্পন্ন বলিয়া যে গর্ব্ব করিতেন তাহা পরিত্যাগ করিতে হইল ॥ ৪১ ॥

পরন্তু সৌভরি ঐ প্রকারে গৃহাশ্রমে অভিরত হইয়া যদিও বিবিধ সুখে বিষয় ভোগ করিতে লাগিলেন, তথাচ ঘৃতবিন্দুপাতে যদ্রূপ বহ্নির পরিতৃপ্তি হয় না, তাহার ন্যায় কিছুতেই তাঁহার তৃপ্তি বোধ হইল না ॥ ৪২ ॥

স কদাচিদুপাসীন আত্মাপহ্নবমাত্মনঃ। দদর্শ বহ্বৃচাচার্য্যো মীনসঙ্গসমুত্থিতঃ ॥ ৪৩ ॥

অহো ইমং পশ্যত মে বিনাশং তপস্বিনঃ সচ্চরিতব্রতস্য।

অন্তর্জলে বারিচরপ্রসঙ্গাৎ প্রচ্যাবিতং ব্রহ্মচিরং ধৃতং যৎ ॥ ৪৪ ॥

সঙ্গং ত্যজেত মিথুনব্রতিনাং মুমুক্ষুঃ সর্ব্বাত্মনা ন বিসৃজেদ্বহিরিন্দ্রিয়াণি।

একশ্চরন্ রহসি চিত্তমনন্ত ঈশে যুঞ্জীত তদ্ব্রতিষু সাধুষু চেৎ প্রসঙ্গঃ ॥ ৪৫ ॥

একস্তপস্ব্যহমথাম্ভসি মৎস্যসঙ্গাৎ পঞ্চাশদাসমুত পঞ্চসহস্রসর্গঃ।

শ্রীধরস্বামী।

ইদানীং তস্যানুতাপ পূর্ব্বকং বানপ্রস্থাশ্রমমাহ স কদাচিদিতি সপ্তভিঃ। আত্মনো মনসো হেতোরাত্মনোঽপহ্নবং তপোহানিং দদর্শ ॥ ৪৩ ॥

সংশ্চাসৌ চরিত ব্রতশ্চ যোঽহং তস্য ব্রহ্ম তপঃ ॥ ৪৪ ॥

মিথুনব্রতিনাং দাম্পত্য ধর্ম্মবতাং চেদ্যদি প্রসঙ্গ স্তর্হি তদ্ব্রতিষু ঈশ্বরার্থ ধর্ম্ম পরেষ্বেব কার্য্য ইতি শেষঃ ॥ ৪৫ ॥

সঙ্গাজ্জাতং দোষং প্রপঞ্চয়তি এক ইতি। পঞ্চাশতা ভার্য্যাভিঃ সম্বন্ধং পঞ্চাশৎ আসং অভূবমিত্যর্থঃ। ততশ্চ সুতৈঃ

ক্রমসন্দর্ভঃ।

কদা তাদৃশঃ সন্ চিত্তং যুঞ্জীত তত্রাহ তদ্ব্রতিষ্বিতি ॥ ৪৫। ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং তস্য গরুড়াপরাধস্য গৃহাবেশ প্রাপকস্য ভোগান্তে পুনর্ব্বিবেকোদয়মাহ স ইতি সপ্তভিঃ। আত্মনঃ স্বস্মাদেব হেতোরাত্মন আত্মানন্দস্য অপহ্নবং বঞ্চনং। মীনসঙ্গসমুত্থিতমিতি মীনসঙ্গস্য কারণং তু মীনরক্ষার্থং গরুড়নিবারণ রূপোঽপরাধ এব জ্ঞেয়ঃ ॥ ৪৩ ॥ ব্রহ্ম তপঃ ॥ ৪ ॥

তস্মাদন্যোঽপ্যাদৃশো মাভবত্বিতি স নির্ব্বেদমাহ সঙ্গমিতি দ্বাভ্যাং। বহিরিন্দ্রিয়াণি নবিসৃজেদিত্যন্তরিন্দ্রিয়াণি ন বিসৃজেদিতি বিধাতুমশক্তেঃ। অশক্যানুষ্ঠানকস্য বিধেরপ্রামাণ্যাদিতি ভাবঃ। তদ্ব্রতিষু অনন্ত ভক্তিনিষ্ঠেষু সাধুষু যদি প্রকৃষ্টঃ সঙ্গঃ স্যাদিতি মমতু তদভাবাদেব গরুড়ে দোষ দর্শন জনিতো মিথুন ব্রতিনো মীনস্য সঙ্গোঽভূদিতি ভাবঃ। চেৎপ্রসঙ্গ ইত্যত্র নঞ অধ্যাহার্য্যঃ ॥ ৪৫ ॥

সঙ্গাজ্জাতং দোষং প্রপঞ্চয়তি এক ইতি পঞ্চশত্যা ভার্য্যাভিঃ সম্বন্ধাৎ পঞ্চাশদাসং ততশ্চ সুতৈঃ পঞ্চসহস্র সর্গ আসমিতি

কোন সময়ে বহ্বৃচাচার্য্য ঐ সৌভরি নির্জ্জনে উপবিষ্ট হইয়া আপনার বিষয়ে চিন্তা করিতে লাগিলেন, তাহাতে মৎস্য সংসর্গ বশতঃ আপনার যে তপস্যার হানি হইয়াছে তাহা জ্ঞান গোচর হইল ॥ ৪৩ ॥

অতএব আক্ষেপ প্রকাশ পুরঃসর আপনা আপনি বলিতে লাগিলেন অহো! আমি সাধুচরিত ব্রত এবং তপস্বী ছিলাম, আমার এই বিনাশ দর্শন কর, জল মধ্যে জলচর সঙ্গে থাকাতে চির কালের উপার্জ্জিত তপস্যা রত্ন বিনষ্ট করিয়া ফেলিয়াছি ॥ ৪৪ ॥

মুমুক্ষু পুরুষের কর্ত্তব্য দাম্পত্য ধর্ম্মবান্ ব্যক্তিদিগের সংসর্গ পরিত্যাগ করেন, অপর ইন্দ্রিয় সকলের বহিঃ প্রসর সর্ব্ব প্রযত্নে নিবারণ করাও তাঁহার আবশ্যক। আর একাকী নির্জ্জনে ভ্রমণ করত অনন্ত পার পরমেশ্বরে চিত্তযোগ করা কর্ত্তব্য। যদি কদাচিৎ প্রসঙ্গ উপস্থিত হয় ঈশ্বরার্থ ধর্ম্ম পর সাধুর সঙ্গেই তাহা করা উচিত ॥ ৪৫ ॥

আমি একাকী জল মধ্যে তপস্যা করিতেছিলাম, তথায় মৎস্য সংসর্গ বশতঃ দার পরিগ্রহ করিতে আমার বাসনা হয়, তাহাতে পঞ্চাশৎ সংখ্যক হইয়াছিলাম, তদনন্তর সেই পঞ্চাশৎ বনিতার প্রত্যেকে

নান্তং ব্রজাম্যুভয় কৃত্য মনোরথানাং মায়াগুণৈ হৃতমতি র্বিষয়ে হ্বর্থভাবঃ ॥ ৪৬ ॥

এবং বসন্ গৃহে কালং বিরক্তোন্যাসমাস্থিতঃ। বনং জগামানুযযু স্তৎপত্ন্যঃ পতিদেবতাঃ ॥

তত্র তপ্ত্বা তপস্তাব্রমাত্ম দর্শনমাত্মবিৎ। সহৈবাগ্নিভিরাত্মানং যুযোজ পরমাত্মনি ॥ ৪৭ ॥

তাঃ স্বপত্যু র্মহারাজ নিরীক্ষ্যাধ্যাত্মিকীং গতিং। অন্বীয়ুস্তৎ প্রভাবেন শাস্তমগ্নিমিবার্চ্চিষঃ ॥ ৪৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসক্যাং নবমস্কন্ধে সৌভর্য্যু-পাখ্যানং ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

শ্রীধরস্বামী।

পঞ্চ সহস্র সর্গ আসং প্রত্যেকং তাসু পুত্রশত রূপেণোৎপত্তেঃ। উভয় কৃত্যানি ঐহিক পারত্রিকাণি কর্ম্মাণি তদ্বিষয়ানাং মনোরথানাং অর্থভাবঃ পুরুষার্থ বুদ্ধিমান্ ॥ ৪৬ ॥

ন্যাসোঽত্র সঙ্গত্যাগ এব বানপ্রস্থধর্ম্ম ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

আধ্যাত্মিকীং গতিং ব্রহ্ম নিলয়ং ॥ ৪৮ ॥

॥ * ॥ ইতি নবমে ষষ্ঠঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

সহৈবাগ্নিভি রিতি আত্মাগ্নীয়ং সর্ব্বমেব তদনুগতত্বেন বিভাব্যোৎক্রান্তবানিত্যর্থঃ ॥ ৪৭। ৪৮ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে ষষ্ঠোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রত্যেকং তাসু পুত্র শত রূপেণোৎপত্তেঃ। উভয় কৃত্যানি ঐহিক পারত্রিকাণি কর্ম্মাণি তদ্বিষয়াণাং মনোরথানাং অর্থভাবঃ পুরুষার্থ বুদ্ধিঃ ॥ ৪৬ ॥

ন্যাসং সঙ্গ ত্যাগ রূপং বানপ্রস্থ ধর্ম্মমিত্যর্থঃ ॥

সহৈবাগ্নিভিরিত্যাগ্নিভিঃ সহৈব দেহং ত্যক্তবেতি শেষঃ ॥ ৪৭ ॥

অন্বীয়ুরনুসৃতাঃ ॥ ৪৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠোঽয়ং নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পুত্র শত রূপে উৎপন্ন হইয়া পঞ্চ সহস্র হইয়াছি, তথাচ ঐহিক পারত্রিক কার্য্য বিষয়ক মনোরথ সকলের অন্তঃ প্রাপ্ত হইতেছি না, কারণ মায়া গুণে আমার বুদ্ধি অপহৃতা হইয়াছে তজ্জন্যই বিষয়েতেই পুরুষার্থ জ্ঞান করিতেছি ॥ ৪৬ ॥

হে রাজন্! সৌভরি এই প্রকারে গ্রহাশ্রমে বাস করিতে করিতে বিরক্ত হয়েন, পরে সঙ্গত্যাগার্থ বানপ্রস্থ ধর্ম্ম অবলম্বন করিয়া বনে প্রস্থান করিলেন। তাঁহার পত্নীগণ পতি পরায়ণা ছিল, তাহারাও তাঁহার অনুগামিনী হইল। আত্মজ্ঞ ঐ মুনি যাহাতে আত্ম সাক্ষাৎকার হয় তাদৃশ তীব্র তপস্যা করিয়া অগ্নিত্রয় সহিত আত্মাকে পরমাত্মায় যোগ করিলেন ॥ ৪৭ ॥

হে মহারাজ! আপনাদিগের পতির ঐ রূপ আধ্যাত্মিক গতি অর্থাৎ পরব্রহ্মে বিলয় অবলোকন করিয়া তাঁহার পত্নী সকল, যেমন অগ্নি শিখা নির্ব্বাণ প্রাপ্ত অনলের সঙ্গে যায়, তাহার ন্যায়, তদীয় প্রভাবে তাঁহার সহগামিনী হইল ॥ ৪৮ ॥

॥ * ॥ ইতি নবমস্কন্ধে ষষ্ঠ অধ্যায় ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

মান্ধাতুঃ পুত্ত্রপ্রবরো যোঽম্বরীষঃ প্রকীর্ত্তিতঃ। পিতামহেন প্রবৃতো যুবনাশ্বস্তু তৎসুতঃ॥ হারীতস্তস্য পুত্ত্রোঽভূন্মান্ধাতৃপ্রবরা ইমে ॥ ১ ॥

নর্ম্মদা ভ্রাতৃভির্দত্তা পুরুকুৎসায় যোরগৈঃ। তয়া রসাতলং নীতো ভুজগেন্দ্রপ্রযুক্তয়া ॥ ২ ॥

গন্ধর্ব্বানবধীত্তত্র বধ্যান্ বৈ বিষ্ণুশক্তিধৃক্। নাগাল্লব্ধ বরঃ সর্পাদভয়ং স্মরতামিদং ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

মান্ধাতৃবংশঃ প্রোক্তঃ সপ্তমে যত্র গীয়তে। পুরুকুৎসস্য চাখ্যানং হরিশ্চন্দ্রস্য চোত্তমং ॥ ০ ॥

পুত্ত্রপ্রবরঃ পুত্রশ্রেষ্ঠঃ। স পিতামহেন যুবনাশ্বেন প্রবৃতঃ পুত্রত্বেন স্বীকৃতঃ অতএব তস্য মান্ধাতৃপ্রবর্গাত্বং। তৎসুতঃ অম্বরীষস্য সুতঃ। ইমে যুবনাশ্বাম্বরীষ হারীতাঃ মান্ধাতৃগোত্রস্য প্রবরাঃ অবান্তর বিশেষ প্রবর্ত্তকাঃ। যদ্বা যুবনাশ্ব বিশেষণং পিতামহেন মান্ধাত্রা সহ আর্ষেয় প্রবরত্বেন প্রবৃতঃ। মান্ধাতা প্রবরো যেষাং ত ইমে অম্বরীষ যুবনাশ্ব হারীতাঃ। যথাহাশ্বলায়নঃ। হরিত কুৎস পিঙ্গদর্ভ ভৈক্ষ্য গবানামাঙ্গিরসাম্বরীষযৌবনাশ্বাশ্চেতি মান্ধাতারং হেকে ব্রুবতে অবস্তীত্যাঙ্গিরসং মান্ধাত্রম্বরীষ যৌবনাশ্বাশ্চেতি ॥ ১ ॥

পুরুকুৎসস্য বংশং কথয়িষ্যন্নাদৌ তস্য বিবাহং প্রস্তাবয়ন্নাহ। উরগৈ র্ভ্রাতৃভির্যা দত্তা নর্ম্মদা তয়া ॥ ২ ॥

বধ্যান্ বধার্হান্ সচ পুরুকুৎসো নাগাল্লব্ধ বরোঽভূৎ বরমাহ ইদং নর্ম্মদায়া রসাতল নয়নাদিকং স্মরতাং সর্পাদভয়মিতি ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

মান্ধাতুরিতি সার্দ্ধকং। পিতামহেন প্রবৃতো যৌবনাশ্বস্তু তৎ সুত ইত্যেব পাঠঃ। দৃশ্যতেচায়ং গৌড় বিদেহেষু। অর্থস্তু তস্তাম্বরীষস্য সুতো যৌবনাশ্বঃ। অয়মপি মান্ধাতৃ সনামেত্যর্থঃ। বিষ্ণুপুরাণেতু যুবনাশ্ব ইতি নাম। যথা। গর্ভশ্চ যুবনাশ্বস্যোদরেঽভবৎ। ততো মান্ধাতা ভবৎ। ইতি পূর্ব্ব মুক্ত্বা তত্রৈব গদ্যান্তরেণাহ। অম্বরীষ মান্ধাতৃতনয়স্য যুবনাশ্বঃ পুত্ত্রোঽভূৎ তস্মাদ্ধরিতঃ যতোঽঙ্গিরসা হারীত ইতি। টীকায়াং মর্থান্তরে আর্ষেয় প্রবরেণ প্রবৃত ইতি ঋষিভিঃ স্বগোত্রত্বেন বৃত ইত্যর্থঃ। তেন সহ তস্যাম্বরীষস্য সুতোহারীতঃ যুবনাশ্বেন প্রবৃত ইতি ॥ ১। ২। ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সপ্তমেতু হরিশ্চন্দ্রো মান্ধাত্রম্বয় সম্ভবঃ। বরুণং বঞ্চয়ন্ পুত্ত্রমেধেণাদীক্ষে নৃমেধতঃ ॥ ০ ॥

পিতামহেন যুবনাশ্বেন প্রবৃতঃ পুত্রত্বেন স্বীকৃতঃ। তৎসুতঃ অম্বরীষপুত্ত্রো যৌবনাশ্বঃ। ইমে অম্বরীষ যুবনাশ্ব হারীতাঃ মান্ধাতৃ প্রবরাঃ মান্ধাতৈব প্রবরো যেষাং তে ॥ ১ ॥

মান্ধাতৃ পুত্রস্য পুরুকুৎসস্য বংশং বদন্ প্রথমং তস্য বিবাহমাহ। নর্ম্মদা খলু যা উরগৈর্দ্দত্তা তয়া স পুরুকুৎসো রসাতলং নীতঃ ॥ ২ ॥ বধার্হান্ অবধীৎ। ইদং রসাতল নয়নাদিকং স্মরতাং জনানাং সর্পাদভয়ং স্যাৎ ॥ ৩ ॥

সপ্তমাধ্যায়ে মান্ধাতার বংশ বৃত্তান্ত প্রসঙ্গে পুরুকুৎস তথা হরিশ্চন্দ্রের উপাখ্যান ॥ ০ ॥

শুকদেব কহিলেম অম্বরীষ বলিয়া বিখ্যাত সর্ব্বশ্রেষ্ঠ মান্ধাতৃ তনয় স্বীয় পিতামহ যুবনাশ্ব কর্ত্তৃক পুত্র রূপে পরিগৃহীত হওয়াতে মান্ধাতা অপেক্ষা শ্রেষ্ঠ ছিলেন। সেই অম্বরীষের পুত্র যুবনাশ্ব। তাঁহার তনয় হারীত। ইহারা অর্থাৎ অম্বরীষ,যুবনাশ্ব এবং হারীত এই তিন ব্যক্তি মান্ধাতৃগোত্রের প্রধান ॥১॥

হে রাজন্! উরগগণ আপনাদের ভগিনী যে নর্ম্মদাকে পুরুকুৎস হস্তে সম্প্রদান করেন, ভুজগেন্দ্রের নিয়োগে সেই নর্ম্মদা কর্ত্তৃক পুরুকুৎস রসাতলে নীত হইয়া ॥ ১ ॥

বিষ্ণুশক্তি ধারণ পূর্ব্বক বধার্হ বহু বহু গন্ধর্ব্বকে নিহত করেন এবং আপনি নাগরাজ সকাশাৎ অনুত্তম বর প্রাপ্ত হন্ সেই বর এই, নর্ম্মদার এই সমস্ত রসাতল নয়নাদি ব্যাপার যে সকল ব্যক্তি স্মরণ করিবে তাহাদিগের সর্প ভয় থাকিবে না ॥ ৩ ॥

ত্রসদস্যুঃ পৌরকুৎসো যোঽনরণ্যস্য দেহকৃৎ। হর্য্যশ্ব স্তৎসুত স্তস্মাৎ প্রারুণোঽথ ত্রিবন্ধনঃ ॥৪

তস্য সত্যব্রতঃ পুত্র স্ত্রিশঙ্কুরিতি বিশ্রুতঃ। প্রাপ্তশ্চাণ্ডালতাং শাপাদ্গুরোঃ কৌশিকতেজসা ॥৫

সশরীরো গতঃ স্বর্গমদ্যাপি দিবি দৃশ্যতে। পাতিতোঽবাক্‌ শিরা দেবৈস্তেনৈব স্তম্ভিতো বলাৎ ॥৬॥

ত্রৈশঙ্কবো হরিশ্চন্দ্রো বিশ্বামিত্র বশিষ্ঠয়োঃ। যন্নিমিত্তমভূদ্যুদ্ধং পক্ষিণোর্ব্বহু বার্ষিকং ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

দেহকৃৎ পিতা ত্রসদস্যোঃ সুতোঽনরণ্য ইত্যর্থঃ ॥ ৪ ॥

ত্রয়ঃ শঙ্কব ইব দুঃখ হেতবো দোষা যস্যাসৌ ত্রিশঙ্কুঃ। তদুক্তং হরিবংশে পিতুশ্চাপরিতোষেণ গুরোর্দ্দোগ্ধ্রী বধেনচ। অপ্রোক্ষিতোপযোগাচ্চ ত্রিবিধস্তে ব্যতিক্রম ইতি পরিণীয়মান বিপ্রকন্যাহরণাৎ ক্রুদ্ধস্য গুরোঃ পিতুঃ শাপাৎ। কৌশিকস্য বিশ্বামিত্রস্য তেজসা প্রভাবেন ॥ ৫ ॥

তেনৈব কৌশিকেন ॥ ৬ ॥

পক্ষিণোঃ আড়ীবকয়োঃ সতোঃ। বিশ্বামিত্রো রাজসূয়দক্ষিণাচ্ছলেন হরিশ্চন্দ্রং সর্ব্বস্বমপহৃত্য যাতয়ামাস। তৎশ্রুত্বা কুপিতো বশিষ্ঠো বিশ্বামিত্র ত্বং আড়ীভবেতি শশাপ। সোঽপি ত্বং বকোভবেতি বশিষ্ঠং শশাপ তয়োশ্চ যুদ্ধ মভূদিতি প্রসিদ্ধং ॥৭

ক্রমসন্দর্ভঃ।

ত্রসদস্যুরিতি অয়মপি মান্ধাতৃ সনামেত্যর্থঃ ॥ ৪ ।৫ । ৬ । ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দেহকৃৎ পিতা ত্রসদস্যোস্সুতোঽনরণ্য ইত্যর্থঃ ॥ ৪ ॥

ত্রয়ঃ শঙ্কব ইব দুঃখ হেতবোদোষা যস্য স ত্রিশঙ্কুঃ। তদুক্তং হরিবংশে পিতুশ্চাপরিতোষেণ গুরোর্দ্দোগ্ধ্রী বধেনচ। অপ্রোক্ষিতোপযোগাচ্চ ত্রিবিধস্তে ব্যতিক্রম ইতি। পরিণীয়মানবিপ্রকন্যাহরণাৎ ক্রুদ্ধস্য গুরোঃ পিতুঃ শাপাৎ। কৌশিকস্য বিশ্বামিত্রস্য তেজসা ॥ ৫ ॥ তেনৈব বিশ্বামিত্রেণৈব স্তম্ভিতোনাধঃ পপাত ॥ ৬ ॥

পক্ষিণোরিতি বিশ্বামিত্রো রাজসূয় দক্ষিণাচ্ছলেন হরিশ্চন্দ্রস্য সর্ব্বস্বমপজহার তচ্ছ্রুত্বা কুপিতোবশিষ্ঠো বিশ্বামিত্রং ত্বমাড়ী ভবেতি

সে যাহা হউক, পুরুকুৎসের পুত্র ত্রসদস্যু, তাহার তনয় অনরণ্য, তৎ সুত হর্য্যশ্ব, তাহা হইতে প্রারুণ জন্ম গ্রহণ করেন, তৎপুত্র ত্রিবন্ধন ॥ ৪ ॥

ত্রিবন্ধনের সন্তান সত্যব্রত যিনি ত্রিশঙ্কু অর্থাৎ পিতার অসন্তোষোৎপাদন, গুরুর দুগ্ধবতী ধেনু বধ করণ এবং অপ্রোক্ষিত মাংসসেবন, দুঃখ হেতু এই তিনটী দোষ থাকাতে ঐ নামে বিখ্যাত হইয়াছিলেন।

পিতা ক্রুদ্ধ হইয়া অভিশাপ দেন তাহাতে তিনি চণ্ডালত্ব প্রাপ্ত হইয়াছিলেন, কিন্তু পরে বিশ্বামিত্র মুনির প্রভাবে ॥ ৫ ॥

সশরীরে স্বর্গ গমন করেন, অতএব অদ্যাবধি আকাশস্থ হইয়া আছেন, দেবতারা তাঁহাকে অবাক্‌ শিরা করিয়া স্বর্গ হইতে ফেলিয়া দিবার উপক্রম করিয়াছিলেন, মহর্ষি বিশ্বমিত্র স্বীয় বলে স্তম্ভিত করিয়া রাখিয়াছেন ॥ ৬ ॥

সে যাহা হউক, ত্রিশঙ্কুর পুত্র হরিশ্চন্দ্র, যাঁহার নিমিত্ত বিশ্বামিত্র ও বশিষ্ঠের পরস্পর শাপে পক্ষী অর্থাৎ আড়ী ও বক হইয়া বহু বৎসর যাবৎ ঘোরতর যুদ্ধ হইয়াছিল। উক্ত বিষয়ের ইতিহাস এই। বিশ্বামিত্র মুনি রাজসূয় যজ্ঞ করাইয়া তাহার দক্ষিণাচ্ছলে সর্ব্বস্ব অপহরণ পূর্ব্বক হরিশ্চন্দ্রকে যাতনা দেন, তৎশ্রবণে মহর্ষি বশিষ্ঠ ক্রোধাবিষ্ট হইয়া বিশ্বামিত্র সন্নিধানে গিয়া এই শাপ দেন, অন্যায়াচরণ হেতু তুমি আড়ী পক্ষী হও, বিশ্বামিত্রও তুমি বক হও বলিয়া প্রতি শাপ দেন, পরে সেই আড়ী ও

সোঽনপত্যো বিষণ্ণাত্মা নারদস্যোপদেশতঃ । বরুণং শরণং যাতঃ পুত্রো মে জায়তাং প্রভো ॥
যদি বীরো মহারাজ তেনৈব ত্বাং যজে ইতি ॥ ৮ ॥
তথেতি বরুণেনাস্য পুত্রোজাতস্তু রোহিতঃ । জাতঃ সুতো হ্যনেনাঙ্গ মাং যজস্বেতি সোঽব্রবীৎ ॥৯॥
যদাপশু নির্দ্দশঃ স্যাদথমেধ্যো ভবেদিতি । নির্দ্দশেচ স আগত্য যজস্বেত্যাহ সোঽব্রবীৎ ॥
দন্তাঃ পশোর্যজ্জায়েরন্নথ মেধ্যো ভবেদিতি । দন্তা জাতা যজস্বেতি স প্রত্যাহাথ সোঽব্রবীৎ ॥

শ্রীধরস্বামী ।

হরিশ্চন্দ্রো হ বৈধস ঐক্ষাকবো রাজা অপুত্র আস্তে ইত্যাদি শ্রুতে প্রসিদ্ধং হরিশ্চন্দ্রস্য চরিতমাহ সোঽনপত্য ইত্যাদিনা যাবৎ সমাপ্তি । কথং শরণং যাত স্তদাহ পুত্রো মে জায়তাং । যদি বীরঃ পুত্রোমে জায়েত তর্হি তেনৈব পুরুষ পশুনা ত্বাং যজে যক্ষ্যামীতি ভাষয়া ॥ ৮ ॥

তথেত্যুক্তবতা বরুণেন নিমিত্তেনাস্য রোহিতো নাম পুত্রোজাতঃ জাতে পুত্রে স বরুণো জাতঃ সুতো মামনেন যজস্বেত্যব্রবীৎ ॥ ৯ ॥

যদা পশু নির্দ্দশঃ নির্গত দশ দিবসঃ স্যাৎ ইত্যত্র স রাজা অব্রবীদিত্যনুষঙ্গঃ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ ।

শ্রীভগবদ্দেবতত্বৈব শ্রীভাগবত এব সমঞ্জসত্বং বোধয়িতুং হরিশ্চন্দ্রস্য চরিতমাহ । সোঽনপত্য ইত্যাদিনা । এবমন্যত্রাপি জ্ঞেয়ং । তত্র স ইতি যুগ্মকং ॥ ৮ । ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬ । ১৭ । ১৮ । ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

শশাপ । সোপি ত্বং বকোভবেতি শশাপ তত স্তয়োর্যুদ্ধমভূৎ ॥ ৭ ॥ স হরিশ্চন্দ্রঃ ॥ ৮ ॥

তথেতি বরং দদতা বরুণেন হেতুনা । ততশ্চ স বরুণঃ জাত ইত্যাদি অব্রবীৎ । ততশ্চ রাজা পুত্রস্নেহাৎ তং বঞ্চয়ন্ যদেত্যাদি অব্রবীৎ নির্দ্দশঃ নির্গতদশদিবসঃ স্যাৎ ॥ ৯ । ১০ ॥

বকের পরস্পর যুদ্ধ হইয়াছিল ॥ ৭ ॥

ঐ হরিশ্চন্দ্র প্রথমে অনপত্য ছিলেন, পুত্রার্থ সর্ব্বদা বিমগ্ন থাকিতেন । একদা দেবর্ষি নারদের উপদেশে জলাধিপতি বরুণের শরণাপন্ন হইয়া এই প্রার্থনা করিলেন, হে দেব ! আমার একটী পুত্র হউক, বর দিউন । প্রভো ! যদি আমার বীর তনয় উৎপন্ন হয়, সেই পুরুষ পশু দ্বারা আমি আপনকার যজ্ঞ করিব ॥ ৮ ॥

বরুণ তথাস্তু বলিলে তাঁহারই কারণে হরিশ্চন্দ্রের রোহিত নামে একটী পুত্র জন্মিল । সন্তানোৎপত্তি হইলে বরুণ তন্নিকটে আগমন পূর্ব্বক বলিলেন রাজন্ ! তোমার ত পুত্র জন্মিয়াছে অঙ্গীকারানুসারে এখন ইহার দ্বারা আমার যজ্ঞ কর ॥ ৯ ॥

হরিশ্চন্দ্র কহিলেন হে দেব ! দশ দিন বয়ঃক্রম অতীত না হইলে পশুরা পূত ও যজ্ঞার্হ হয় না, দশ দিবস গত হউক যজ্ঞ করিব । দশ দিবস অতিক্রান্ত হইবামাত্র বরুণ পুনরায় আসিয়া বলিলেন রাজন্ ! যাগ কর, রাজা কহিলেন দন্ত জন্মিলেই পশু পবিত্র হয় । অনন্তর দন্ত জন্মিলে বরুণ আসিয়া কহিলেন রাজন্ ! তোমার পুত্রের দন্ত জন্মিয়াছে এখন যাগ কর । এতৎ শ্রবণে হরিশ্চন্দ্র কহিলেন ইহার এই দন্ত সকল যখন পতিত হইবে তখন এ পশু মেধ্য হইবে । কিয়দ্দিন পরে রোহিতের দন্ত নিপতিত হইল অতএব বরুণ হরিশ্চন্দ্র সন্নিধানে পুনরায় আগমন করিয়া কহিলেন রাজন্ ! পশুর দন্ত সকল পতিত হইয়াছে এখন আমার যাগ কর । হরিশ্চন্দ্র কহিলেন দন্ত ভগ্ন হইয়া পুনশ্চ না জন্মিলে

যদা পতন্ত্যস্য দন্তা অথ মেধ্যো ভবেদিতি। পশোর্দ্দন্তা পতিতা যজস্বেত্যাহ সোঽব্রবীৎ ॥
যদা পশোঃ পুনর্দন্তা জায়ন্তেঽথ পশুঃ শুচিঃ। পুনর্জাতা যজস্বেতি স প্রত্যাহাথ সোঽব্রবীৎ ॥১০॥
সান্নাহিকো যদা রাজন্ রাজন্যোঽথ পশুঃ শুচিঃ ॥ ১১ ॥
ইতি পুত্রানুরাগেণ স্নেহ যন্ত্রিত চেতসা। কালং বঞ্চয়তা তং তমুক্তোদেবস্তমৈক্ষত ॥ ১২ ॥
রোহিতস্তদভিজ্ঞায় পিতুঃ কর্ম্ম চিকীর্ষিতং। প্রাণপ্রেপ্সুর্ধনুষ্পাণিররণ্যং প্রত্যপদ্যত ॥ ১৩ ॥
পিতরং বরুণগ্রস্তং শ্রুত্বা জাতমহোদরং। রোহিতো গ্রামমেয়ায় তমিন্দ্রঃ প্রত্যষেধত ॥ ১৪ ॥
ভূমেঃ পর্য্যটনং পুণ্যং তীর্থক্ষেত্র নিষেবণৈঃ। রোহিতায়াদিশচ্ছক্রঃ সোঽপ্যরণ্যে বসৎ সমাঃ ॥১৫

শ্রীধরস্বামী।

রাজন্ হে বরুণ রাজন্যঃ পশুঃ যদা সান্নাহিকঃ কবচবন্ধার্হঃ সংগ্রামে সমর্থঃ অথ তদা শুচিঃ ॥ ১১ ॥
ইত্যেবং তং তং কালং বঞ্চয়তা রাজ্ঞা উক্তঃ প্রার্থিতো দেবো বরুণ স্তং তং কালং প্রতৈক্ষতেত্যর্থঃ ॥ ১২ ॥
চিকীর্ষিতং আত্মনা পশুনা বরুণযজনং ॥ ১৩ ॥
ততশ্চ কুপিতেন বরুণেন গ্রস্তং অতএব জাতং মহদুদরং যস্য তং পিতরং শ্রুত্বা ॥ ১৪ ॥
সমাং বৎসরং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রাজন্ হে বরুণ রাজন্যঃ পশুঃ সন্নাহিকঃ কবচবন্ধার্হঃ স্যাত্তদা শুচিঃ ॥ ১১ ॥
তং তং কালং বঞ্চয়তা উক্তঃ প্রার্থিতো বরুণ স্তং তং কালং প্রতৈক্ষতেত্যন্বয়ঃ ॥ ১২ । ১৩ । । ১৪ ॥
সমাং বর্ষং ॥ ১৫ ॥

পশু পূত হয় না। এ কথায় বরুণ স্বস্থানে প্রতিনিবৃত্ত হইলেন এবং কিয়দ্দিন পরে পুনরায় আসিয়া বলিলেন তোমার তনয়ের দন্ত দ্বিতীয়বার জন্মিয়াছে এখন যজ্ঞ কর, ইহাতে হরিশ্চন্দ্র এই প্রতিবচন দিলেন ॥ ১০ ॥

হে বরুণদেব! ক্ষত্রিয় পশু যখন কবচ বন্ধনার্হ হয় তখন শুচি হইয়া থাকে। আমার পুত্র এখনও তদ্যোগ্য হয় নাই ॥ ১১ ॥

হে কৌরব্য! রাজা হরিশ্চন্দ্রের চিত্ত স্নেহে যন্ত্রিত হইয়াছিল, তিনি পুত্রানুরাগ বশতঃ ঐপ্রকারে অঙ্গীকৃত তত্তৎকাল ক্ষেপণ করত যে ২ কাল বলিতে থাকিলেন বরুণদেব সেই সেই কালেরই প্রতীক্ষা করিতে লাগিলেন ॥ ১২ ॥

ইতিমধ্যে রোহিত পিতার অভিপ্রায় অর্থাৎ আপনাকে পশু করিয়া বরুণদেবের যাগ করণেচ্ছা অবগত হইলেন, অতএব তিনি প্রাণ রক্ষণ বাসনায় ধনুর্গ্রহণ পুরঃসর অরণ্য প্রস্থান করিলেন ॥ ১৩ ॥

ইহাতে বরুণের অতিশয় কোপ জন্মিল, ক্রুদ্ধ হইয়া হরিশ্চন্দ্রকে আক্রমণ করিলেন, সেই কারণে হরিশ্চন্দ্রের উদর অতি বৃহৎ হইল। অনন্তর রোহিত শুনিলেন পিতা বরুণ কর্ত্তৃক গ্রস্ত হইয়াছেন, অতএব গ্রামে প্রত্যাগমনের উদ্যম করিলেন, কিন্তু ইন্দ্র তাঁহার নিকটে আসিয়া নিষেধ করিলেন ॥১৪॥

এবং কহিলেন তীর্থক্ষেত্র নিষেবণ পুরঃসর পৃথিবী পর্য্যটন অতিশয় পুণ্য জনক, তুমি তাহাই করহ। তাহাতে রোহিত সম্বৎসর কাল অরণ্যে বাস করিলেন ॥ ১৫ ॥

এবং দ্বিতীয়ে তৃতীয়ে চতুর্থে পঞ্চমে তথা। অভ্যেত্যাভ্যেত্য স্থবিরো বিপ্রোভূত্বাহ বিত্রহা ॥
ষষ্ঠং সম্বৎসরং তত্র চরিত্বা রোহিতঃ পুরীং। উপব্রজন্নজীগর্ত্তাদক্রীণান্মধ্যমং সুতং ॥
শুনঃশেফং পশুং পিত্রে প্রদায় সমবন্দত ॥ ১৬ ॥
ততঃ পুরুষমেধেন হরিশ্চন্দ্রো মহাযশাঃ। মুক্তোদরোঽযজদ্দেবান্ বরুণাদীন্মহৎ কথঃ ॥ ১৭ ॥
বিশ্বামিত্রো ভবত্তস্মিন্ হোতা চাধ্বর্য্যুরাত্মবান্। যমদগ্নিরভূদ্ব্রহ্মা বশিষ্ঠোঽয়াস্যঃ সামগঃ ॥ ১৮ ॥
তস্মৈ তুষ্টো দদাবিন্দ্রঃ শাতকৌম্ভময়ং রথং। শুনঃশেফস্য মাহাত্ম্যমুপরিষ্টাৎ প্রবক্ষ্যতে ॥ ১৯ ॥
সত্যং সারং ধৃতিং দৃষ্ট্বা সভার্য্যস্য স ভূপতেঃ। বিশ্বামিত্রো ভৃশং প্রীতো দদাববিহতাং গতিং ॥ ২০

শ্রীধরস্বামী।

দ্বিতীয়ে তৃতীয়েচ বর্ষে বৃত্রহা অভ্যেত্য তথৈব তং প্রতিষেধন্ কিঞ্চিৎ কিঞ্চিদাহ ॥ ১৬ ॥
বরুণেন মুক্তমুদরং যস্য। মহৎসু কথা যস্য সঃ ॥ ১৭ ॥
আত্মবান্ যমদগ্নি রধ্বর্য্যুরভূৎ অয়াস্যোমুনিঃ সামগ উদ্গাতাভূদিত্যর্থঃ ॥ ১৮ ॥
উপরিষ্টাৎ বিশ্বামিত্র সুতাখ্যানপ্রসঙ্গে ॥ ১৯ ॥
অবিহতাং গতিং জ্ঞানং ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

তাদৃশস্য চাত্যন্তবৈদিককর্ম্মপরত্বং চেৎ কথং চিদ্ব্রহ্ম কৈবল্যমেব স্যাৎ। নতু ভগবৎ সম্বন্ধ ইত্যাহ। সত্যসার মিত্যাদি ॥ ২০। ২১। ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং দ্বিতীয়েঽপি বর্ষে পুনঃ রূপয়ৈবাগতং তং বৃত্রহা পুনঃ প্রতিষেধন তথৈবাহ ॥ ১৬ ॥
মহৎসু কথা যস্য সঃ ॥ ১৭ ॥
আয়স্যোমুনিঃ সামগ উদ্গাতাভূদিত্যর্থঃ ॥ ১৮ ॥
উপরিষ্টাৎ বিশ্বামিত্র সুতাখ্যান কথাপ্রসঙ্গে ॥ ১৯ ॥
গতিং জ্ঞানং ॥ ২০ ॥

এই রূপে দ্বিতীয় তৃতীয় চতুর্থ তথা পঞ্চম বৎসরে যখন যখন রোহিত প্রত্যাগমনের উদ্যোগ করেন সেই সেই সময়েই ইন্দ্র বিপ্ররূপ ধারণ করিয়া তাঁহার নিকট আসিয়া ঐ প্রকার বলেন অতএব রোহিত ষষ্ঠ সম্বৎ সর পর্য্যন্ত অরণ্যে ভ্রমণ করিয়াছিলেন, তদনন্তর প্রত্যাগমন করত যখন পুরী সমীপে আসিলেন তখন অজী গর্ত্তের নিকট হইতে তদীয় মধ্যম পুত্র শুনঃশেফকে ক্রয় করিয়া আনিলেন এবং পিতাকে দিয়া প্রণাম করিলেন ॥ ১৬ ॥

তদনন্তর মহাযশা মহাজন প্রসিদ্ধ মহারাজ হরিশ্চন্দ্র নরমেধ দ্বারা বরুণাদি দেবতার যজ্ঞ আরম্ভ করিলেন, তাহাতে বরুণ কর্ত্তৃক তদীয় উদর মোচিত হইল ॥ ১৭ ॥

সেই যজ্ঞে বিশ্বামিত্র হোতা, যমদগ্নি অধ্বর্য্যু, বশিষ্ঠ ব্রহ্মা এবং অয়াস্য মুনি উদ্গাতা হইয়াছিলেন ॥ ১৮

হে রাজন্! এই ব্যাপারে দেবরাজ ইন্দ্র হরিশ্চন্দ্রের প্রতি তুষ্ট হইয়া তাঁহাকে স্বর্ণময় রথ প্রদান করিলেন। হে মহারাজ! শুনঃশেফের মাহাত্ম্য পশ্চাৎ ( বিশ্বামিত্রের সন্তানোপাখ্যান প্রসঙ্গে ) বর্ণন করিব ॥ ১৯ ॥

হে পরীক্ষিৎ! সভার্য্য হরিশ্চন্দ্রের সত্য, সামর্থ্য এবং ধৈর্য্য অবলোকন করিয়া মহামুনি বিশ্বামিত্র সাতিশয় প্রীত হইয়াছিলেন সেই কারণে তাঁহাকে অবিহতা গতি অর্থাৎ পরম জ্ঞান প্রদান করেন ॥ ২০

মনঃ পৃথিব্যাং তামদ্ভিস্তেজসাপোঽনিলেন তৎ। খে বায়ুং ধারয়ং স্তচ্চ ভূতাদৌ তং মহাত্মনি ॥২১॥

তস্মিন্ জ্ঞানকলাং ধ্যাত্বা তয়া জ্ঞানং বিনির্দ্দহন্। হিত্বা তাং স্বেন ভাবেন নির্ব্বাণ সুখ সংবিদা॥

অনির্দ্দেশ্যাপ্রতর্কোণ তস্থৌ বিধ্বস্তবন্ধনঃ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে হরিশ্চন্দ্রো-পাখ্যানং সপ্তমোধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

শ্রীধরস্বামী।

তামেব গতিমাহ সার্দ্ধাভ্যাং। মনঃ পৃথিব্যাং ধারয়ন্ জ্ঞানকলাং ধ্যাত্বা তয়া অজ্ঞানং বিনির্দ্দহন্ তাঞ্চ হিত্বা মুক্তবন্ধন স্তস্থা-বিত্যন্বয়ঃ। মনোমূলোহি সংসারঃ মনশ্চান্নময়ং অন্নময়ং হি সৌম্য মনইতি শ্রুতেঃ। অতোঽন্নশব্দ বাচ্যায়াং পৃথিব্যাং মনোধারয়ন্নেকী কুর্ব্বন্। তাং পৃথিবীমদ্ভিরেকী কুর্ব্বন্ অপস্তেজসা তত্তেজোঽনিলেন তচ্চ খং ভূতাদৌ অহঙ্কারে তঞ্চ ভূতাদিমহঙ্কারং মহাত্মনি মহত্তত্ত্বে ॥ ২১ ॥

তস্মিন্ বিষয়াকারং ব্যাবর্ত্ত্য জ্ঞানকলাং জ্ঞানাংশমাত্মত্বেন ধ্যাত্বা। তয়া ধ্যানবৃত্তি রূপয়া আত্মাবরকমজ্ঞানং বিনির্দ্দহন্ নির্ব্বাণ সুখ সংবিদা তাঞ্চ হিত্বা মুক্তবন্ধনঃ সন্ অনির্দ্দেশ্যেনাপ্রতর্কেণ স্বেন ভাবেন স্ব স্বরূপেণ তস্থৌ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি নবমে সপ্তমঃ ॥ * ॥

অষ্টমে রোহিতস্যোক্তো বংশো যত্রাভবন্নপঃ। সগরঃ কপিলাক্ষেপাগ্নিদগ্ধা যস্য সূনবঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে সপ্তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গতিমেবাহ মন ইতি। অন্নময়ং হি সৌম্য মন ইতি শ্রুতের্মনসোঽন্নবর্ত্তিত্বাদন্ন শব্দবাচ্যায়াং পৃথিব্যাং ধারয়ন্ তাং পৃথ্বীং অদ্ভিরপ্স্ ধারয়ন্ তা আপ স্তেজসা তেজসি। তত্তেজ অনিলে তং বায়ুং খে। তচ্চ খং ভূতাদাবহঙ্কারে তঞ্চাহঙ্কারং মহাত্মনি মহত্তত্ত্বে, তস্মিন্ তঞ্চ মহান্তং জ্ঞান কলাং জ্ঞানকলায়াং বিদ্যায়াং ধ্যাত্বা তয়ৈব বিদায়া অজ্ঞান মবিদ্যাং বিনির্দ্দহন্ তাং বিদ্যাঞ্চ হিত্বা স্বেন ভাবেন স্ব স্বরূপেণ তস্থৌ। কীদৃশেন নির্ব্বাণসুখস্য সম্পদযত্র তেন ॥ ২১। ২২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমে সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অষ্টমে সগরঃ সম্রাট্ তৎ পুত্রাঃ কপিলাগসা। দগ্ধা তস্য প্রসাদ্যাংশুমানানয়ৎ পুরীং ॥ * ॥

অতএব ঐ রাজা অন্নময় মনকে অন্ন শব্দ বাচ্য পৃথিবীতে ধারণ অর্থাৎ পৃথিবীর সহিত একীকৃত করিয়া পরে সেই পৃথিবীকে জলের সহিত ঐক্য করিলেন তদনন্তর সেই জলকে তেজের সহিত একী-কৃত করিয়া সেই তেজকে বায়ুর সহ মিশ্রিত করিলেন। তাহার পর বায়ুকে আকাশে ধারণ করিয়া সেই আকাশকে অহঙ্কারে যোগ করিলেন। পশ্চাৎ সেই অহঙ্কার মহত্তত্ত্বে মিলিত করত ॥ ২১ ॥

বিষয়াকার ব্যাবর্ত্তন পূর্ব্বক জ্ঞানাংশকে আত্মরূপে ধ্যান করিয়া তাহার দ্বারা আত্মার আবরক অজ্ঞা-নকে দগ্ধ করিয়া ফেলিলেন। পরে নির্ব্বাণ সুখ সম্বিদ্ দ্বারা জ্ঞানাংশ পরিত্যাগ পূর্ব্বক মুক্ত বন্ধন হইয়া অনির্দ্দেশ্য ও অপ্রতর্ক্য স্বরূপে অবস্থিত হইলেন ॥ ২২ ॥

॥ * ॥ ইতি নবমে সপ্তম ॥ * ॥

অষ্টমাধ্যায়ে রোহিত বংশ এবং কপিলদেবের আক্ষেপে সগর সন্তানদিগের বিনাশ বৃত্তান্ত ॥ * ॥

শুকদেব কহিলেন রোহিতের তনয় হরিত, ঐ হরিত হইতে চম্প উৎপন্ন হয়েন, যিনি চম্পাপুরী নির্ম্মাণ

হরিতো রোহিতসুতশ্চম্পস্তস্মাদ্বিনির্ম্মিতা। চম্পাপুরী সুদেবোঽতো বিজয়ো যস্য চাত্মজঃ ॥ ১॥
ভরুকস্তৎ সুতস্তস্মাদ্ বৃকস্তস্যাপি বাহুকঃ। সোঽরিভির্হৃতভূরাজা সভার্য্যো বনমাবিশৎ ॥ ২ ॥
বৃদ্ধং তং পঞ্চতাং প্রাপ্তং মহিষ্যনুমরিষ্যতী। ঔর্ব্বেণ জানতাত্মানং প্রজাবন্তং নিবারিতা ॥ ৩ ॥
আজ্ঞায়াস্যৈ সপত্নীভির্গরো দত্তোঽন্ধসা সহ। সহ তেনৈব সংজাতঃ সগরাখ্যো মহাযশাঃ ॥
সগরশ্চক্রবর্ত্ত্যাসীৎ সাগরো যৎ সুতৈঃ কৃতঃ ॥ ৪ ॥
যস্তালজঙ্ঘান্ যবনান্ শকান্ হৈহয় বর্ব্বরান্। নাবধীদ্গুরুবাক্যেন চক্রে বিকৃতবেশিনঃ ॥ ৫ ॥
মুণ্ডান্ শ্মশ্রুধরান্ কাংশ্চিন্মুক্তকেশার্দ্ধমুণ্ডিতান্। অনন্তর্বাসসঃ কাংশ্চিদবহির্বাসসোঽপরান্ ॥৬ ॥

শ্রীধরস্বামী।

চম্পস্তস্মাদভূদ্যেন চম্পাপুরী বিনির্ম্মিতা। অতশ্চম্পাৎ সুদেবঃ ॥ ১ ॥
হৃতা ভূর্যস্য ॥ ২ ॥
ঔর্ব্বেণ ঋষিণা আত্মানং দেহং প্রজাবন্তং সগর্ভং ॥ ৩ ॥
গরোবিষং। তেনৈব গরেণ সহ জাতঃ ॥ ৪ ॥
গুরু বাক্যেন ঔর্ব্ববচনেন কাংশ্চিদহত্বৈব বিকৃতবেশিনশ্চক্রে ॥ ৫ ॥
তদেবাহ মুণ্ডানিতি। মুক্তকেশান্ অর্দ্ধ মুণ্ডিতাংশ্চ ॥ ৬ ॥

ক্রম সন্দর্ভঃ।

সগর ইতি সার্দ্ধযুগ্মকং ॥ ১ । ২ । ৩ ॥
অবধীদিত্যত্র নাবধীদিতি পাঠস্থ স্বামি সম্মতঃ ॥ ৫ ॥
কাংশ্চিদহত্বেতি ব্যাখ্যানাৎ। নচ শ্রীপরাশরস্য। তথাহি তৎপাদাঃ। প্রায়সশ্চ হৈহয়ং জঘানেত্যাদি। গুরুবাক্যেন

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিনির্ম্মিতা চম্পাপুরী যেনেতি শেষঃ। অতশ্চম্পাৎ সুদেবঃ ॥ ১ । ২ ॥
ঔর্ব্বেণ ঋষিণা আত্মানং মহিষ্যা দেহং প্রজাবন্তং সগর্ভং ॥ ৩ ॥ অন্ধসা অন্নেন সহ ॥ ৪ ॥
তালজঙ্ঘাদ্যা জাতিবিশেষাঃ। গুরোরৌর্ব্বস্য বাক্যেন বিকৃতবেষেণ এবাহ মুণ্ডানিত্যাদি ॥ ৫ । ৬ । ৭ ॥

করিয়াছিলেন। সেই চম্পের পুত্র সুদেব, তাহার আত্মজ বিজয় ॥ ১ ॥

বিজয়ের তনয় ভরুক, তাহার পুত্র বৃক, ঐ বৃক হইতে বাহুকের জন্ম হয়। বৈরিগণ এই বাহুকের রাজ্য অপহরণ করিয়া লওয়াতে তিনি ভার্য্যা সহ অরণ্য প্রবেশ করেন ॥ ২ ॥

সেই স্থানে বৃদ্ধ হইলে পর আয়ুঃশেষে তাঁহার পঞ্চত্ব প্রাপ্তি হয়। তাঁহার মহিষী অনুমৃতা হইবার উদ্যোগ করিয়াছিলেন, মহর্ষি ঔর্ব্ব তাঁহাকে সগর্ব্ভা জানিয়া সে উদ্যম হইতে নিবারণ করিলেন ॥ ৩ ॥

হে রাজন্! রাজমহিষীর সপত্নীগণ তাঁহাকে অন্তর্ব্বত্নী জানিয়া হিংসা পরবশ হইয়াছিল এবং তদীয় গর্ব্ভ বিনাশার্থ অন্নের সহিত গর ( বিষ ) প্রদান করিয়াছিল, তাহাতে গর সহিত প্রসব হওয়াতে সেই পুত্র সগর এই আখ্যায় আখ্যাত হয়। ঐ সগর মহাযশস্বী সম্রাট্ হইয়াছিলেন তাঁহার পুত্রদের হইতেই সাগর নিখাত হইয়াছে ॥ ৪ ॥

হে রাজন্। সগর রাজা স্বীয় গুরু ঔর্ব্ব ঋষির বাক্যে তালজঙ্ঘ, যবন, শক, হৈহয় এবং বর্ব্বর এই সকল জাতীয়দিগের প্রাণবধ করেন নাই, ভিন্ন ভিন্ন জাতিকে ভিন্ন ভিন্ন প্রকারে বিকৃতবেশী করিয়াছিলেন ॥ ৫ ॥

অর্থাৎ কোন জাতিকে মুণ্ড অথচ শ্মশ্রুধারী, কোন জাতিকে মুক্তকেশ ও অর্দ্ধ মুণ্ডিত, কোন জাতিকে

সোঽশ্বমেধৈরযজত সর্ব্ববেদ সুরাত্মকং। ঔর্ব্বোপদিষ্টযোগেন হরিমাত্মানমীশ্বরং ॥
তস্যোৎসৃষ্টং পশুং যজ্ঞে জহারাশ্বং পুরন্দরঃ ॥ ৭ ॥
সুমত্যাস্তনয়া দৃপ্তাঃ পিতুরাদেশকারিণঃ। হয়মন্বেষমাণাস্তে সসমন্তান্ন্যখনন্মহীং ॥ ৮ ॥
প্রাগুদীচ্যাং দিশি হয়ং দদৃশুঃ কপিলান্তিকে। এষ বাজিহরশ্চৌর আস্তে মীলিতলোচনঃ ॥
হন্যতাং হন্যতাং পাপ ইতি ষষ্টি সহস্রিণঃ। উদায়ুধা অভিযযু রুন্মিমেষ তদা মুনিঃ ॥
স্বশরীরাগ্নিনা তাবন্মহেন্দ্র হৃতচেতসঃ। মহদ্ব্যতিক্রমহতা ভস্মসাদভবৎ ক্ষণাৎ ॥ ৯ ॥
ন সাধুবাদো মুনিকোপভর্জ্জিতা নৃপেন্দ্র পুত্রা ইতি সত্ত্বধামনি।

শ্রীধরস্বামী।

ঔর্ব্বোপদিষ্টো যো যোগ উপায়স্তেন ॥ ৭ ॥
তস্য দ্বে ভার্য্যে সুমতিঃ কেশিনীচ। তত্র সুমত্যাঃ পুত্রাণাং প্রভাবং মৃত্যুঞ্চাহ সুমত্যা ইতি ষড়্ভিঃ ॥ ৮ ॥
এষ বাজিহর ইতি ব্রুবন্তোঽভিযযুঃ ষষ্টি সহস্রাণি পরিচ্ছেদক তয়া সন্তি যেষাং। উন্মিমেষ লোচনোন্মীলনঞ্চকার ॥ ৯ ॥
কেচিত্তু কপিলস্য কোপাগ্নিনা দগ্ধা ইতি বর্ণয়ন্তি তন্নিরাকরোতি নেতি। কুত ইত্যত আহ সত্ত্বধামনি শুদ্ধসত্ত্ব মূর্ত্তৌ

ক্রমসন্দর্ভঃ।

বশিষ্ঠ বচনেভ্যোব বিষ্ণুপুরাণমতং ॥ ৬। ৭। ৮ ॥
প্রাগুদীচী মিত্যর্দ্ধকং। তদ্দেশ দক্ষিণস্য সমুদ্ররেখায়া গঙ্গাসাগরদেশে পরিবৃত্ত্যা যুজ্যতে। শ্রীকপিল পরিব্রজ্যায়াঞ্চৈব মেব বা সমাধেয়ং ॥ ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২। ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্য দ্বে ভার্য্যে সুমতিঃ কেশিনীচ। তত্র সুমত্যাঃ পুত্রাণাং প্রভাবং মৃত্যুঞ্চাহ ষড়্ভিঃ ॥ ৮ ॥
স্বশরীরেষ্বেব যোঽগ্নি স্তৃতীয়ং মহাভূতং তেনৈব মহদপরাধাদতিবর্দ্ধমানেন দগ্ধাঃ। মহেন্দ্রেতীন্দ্রেণৈব এষ চৌর ইতি বিজ্ঞাপনাৎ ॥ ৯ ॥
অত্র কপিলস্য কোপং বদন্তোঽজ্ঞা এবেত্যাহ। নেতি মুনিকোপ ভর্জ্জিতা ইতি ন সাধূনাং বাদঃ কিন্তুসাধূনামজ্ঞানামেবে-

অন্তর্ব্বাস বিহীন কেবল বহির্বাসধারী, কোন জাতিকে বহির্বাস হীন কেবল কৌপীনধারী করেন ॥ ৬ ॥

হে পরীক্ষিৎ! উল্লিখিত সগর রাজা মহর্ষি ঔর্ব্বের উপদিষ্ট উপায় দ্বারা অশ্বমেধ যজ্ঞ করিয়া সর্ব্ব বেদ ও সর্ব্বদেবময় পরমাত্মা পরমেশ্বর ভগবান্ হরির আরাধনা করেন। তাঁহার যজ্ঞার্থ উৎসৃষ্ট পশু দেবরাজ ইন্দ্র হরণ করিলেন ॥ ৭ ॥

হে কুরুপ্রবীর! সগর রাজার দুই বনিতা ছিল, সুমতি ও কেশিনী। রাজা যজ্ঞীয় অশ্ব অন্বেষণার্থ সুমতির সন্তানদিগকে আজ্ঞা দিলেন, তাহাতেই তাহারা সাহঙ্কার হইয়া যজ্ঞীয় অশ্বের অনুসন্ধান করত অবনীতলের সর্ব্বত্র খনন করিতে আরম্ভ করিল ॥ ৮ ॥

এবং কিয়দ্দিন পরে উত্তর পূর্ব্ব দিকে ভগবান্ কপিলের সন্নিধানে সেই ঘোটক দেখিতে পাইয়া "এই ব্যক্তি অশ্বচোর নয়ন নিমীলন করিয়া রহিয়াছে এ পাপাত্মাকে এখনি মারিয়া ফেল, মারিয়া ফেল" বলিয়া ষষ্ঠি সহস্র সহোদরে অস্ত্র শস্ত্র উদ্যম করত তাঁহার অভিমুখে ধাবমান হইল। ভগবান্ কপিল সমাধিস্থ ছিলেন, কোলাহল শুনিয়া নেত্রদ্বয় উন্মিষিত করিলেন। হে রাজন্! ইন্দ্রের মায়ায় সগর সন্তানদিগের বুদ্ধি বিনষ্ট হইয়াছিল অতএব মহর্ষি কপিলের প্রতি ঐ রূপ অত্যাচার করিতে উদ্যত হয়। কিন্তু মহা ব্যতিক্রম হেতু অতি মহৎ যে কপিলদেবের শরীরাগ্নি তাহাতে ক্ষণ মাত্রে তাহারা সকলেই ভস্মসাৎ হইয়া গেল ॥ ৯ ॥

হে রাজন্! কোন কোন ব্যক্তিরা বলিয়া থাকেন সগর তনয়েরা কপিল মুনির কোপাগ্নিতে ভর্জ্জিত

কথং তমোরোষময়ং বিভাব্যতে জগৎ পবিত্রাত্মনি খে রজো ভুবঃ ॥ ১০ ॥
যস্যেরিতা সাংখ্যময়ী দৃঢ়েহ নৌ র্যয়া মুমুক্ষু স্তরতে দুরত্যয়ং।
ভবার্ণবং মৃত্যুপথং বিপশ্চিতঃ পরাত্মভূতস্য কথং পৃথঙ্মতিঃ ॥ ১১ ॥
যোঽসমঞ্জস ইত্যুক্তঃ স কেশিন্যা নৃপাত্মজঃ। তস্য পুত্রোঽংশুমান্নাম পিতামহহিতে রতঃ ॥১২॥
অসমঞ্জস আত্মানং দর্শয়ন্নসমঞ্জসং। জাতিস্মরঃ পুরাসঙ্গাদ্যোগী যোগাদ্বি চালিতঃ ॥

শ্রীধরস্বামী।

জগতঃ পবিত্রঃ শুদ্ধিকর আত্মা যস্য তস্মিন্ কথং বিভাব্যতে সংভাব্যতে। অসংভাবনায়াং দৃষ্টান্তঃ ভুবোরজঃ খে কথং সংভাব্যত ইতি ॥ ১০ ॥

কিঞ্চ যস্য যেন ঈরিতা প্রবর্ত্তিতা তস্য বিপশ্চিতঃ সর্ব্বজ্ঞস্য কথং পৃথঙ্মতিঃ অরিমিত্রাদি ভেদদৃষ্টিঃ ॥ ১১ ॥

তদেবং সুমত্যাঃ পুত্রেষু মৃতেষু কেশিন্যাঃ পৌত্রেণাশ্বঃ সমানীতঃ পিতৃব্যোদ্ধরণ প্রযত্নশ্চ কৃত ইতি দর্শয়িতুমাহ যোঽসমঞ্জস ইত্যুক্তঃ কেবলমজ্ঞৈঃ। বস্তু তস্য সমঞ্জস এব সতু কেশিন্যাঃ সুতঃ। ক্ষেত্রজত্বমিব প্রতীতং বারয়তি তস্যৈব নৃপস্যাত্মনো দেহাজ্জাতঃ ॥ ১২ ॥

তস্য কথামাহ চতুর্ভিঃ শ্লোকৈঃ। অসমঞ্জসঃ পুরা পূর্ব্ব জন্মনি যোগী সন্ সঙ্গাদ্ধেতো র্যোগাদ্বিচালিতঃ অতঃ ইদানীং জাতিস্মরঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তার্থঃ। যতঃ সত্ত্বধামনি শুদ্ধসত্ত্ব মূর্ত্তৌ জগদপি পবিত্রং দর্শনাদিনা যত স্তথা ভূত আত্মা দেহো যস্য তস্মিন্। তমঃ কথং বিভাব্যতে সংভাব্যতে। অসংভাবনায়াং দৃষ্টান্তঃ ভুবোরজঃ খে কথং সংভাব্যতে। থমিদং রজস্বলমিব মুনিরয়ং কোপীত্যজ্ঞানামেবোক্তিরিত্যর্থঃ ॥ ১০ ॥

যস্য ঈরিতা যেন প্রবর্ত্তিতা তস্য বিপশ্চিতঃ সর্ব্বজ্ঞস্য পৃথঙ্মতিঃ প্রাকৃতী মতিঃ পরমাত্মনোহি মতিঃ পরমাত্মরূপৈব-স্যাদিত্যর্থঃ ॥ ১১ ॥

নৃপস্য সগরস্যাত্মজোযোঽন্যোঽসমঞ্জস ইত্যুক্তঃ স কেশিন্যাঃ পুত্রঃ ॥ ১২ ॥

পুরা পূর্ব্বজন্মনি গর্হিতং অচরন্নিতি সঙ্গপরিহারায়েত্যর্থঃ ॥ ১৩ ॥

হইয়াছিল, সে কথা ভাল নহে,কারণ ভগবান্ কপিল শুদ্ধ সত্ত্ব মূর্ত্তি, তাঁহার আত্মা জগতের পবিত্রকারী আকাশে পার্থিব ধূলির ন্যায় তাঁহাতে কি প্রকারে ক্রোধময় তমঃ সম্ভাব্য হইতে পারে ॥ ১০ ॥

অপর যিনি এই সংসার সাগরে সাংখ্যময়ী দৃঢ়া তরণী প্রবর্ত্তমানা করিয়াছেন, যে তরণী দ্বারা মুমুক্ষু জনে দুরত্যয় মৃত্যুবর্ত্ম ভবার্ণব উত্তীর্ণ হইতেছে সেই সর্ব্বজ্ঞ পরমাত্ম স্বরূপ মহামুনির শত্রু মিত্রাদি ভেদ দৃষ্টিই বা কি প্রকারে সম্ভাব্য ॥ ১১ ॥

সে যাহা হউক, সগর রাজার যে পুত্র অসমঞ্জস বলিয়া উক্ত হইতেন যিনি কেশিনীর তনয় সগরেরই শরীর হইতে উৎপন্ন হইয়াছিলেন, কেবল অজ্ঞ লোকেরাই তাঁহাকে অসমঞ্জস বলিত, বস্তুতঃ তিনি সমঞ্জস ছিলেন। সেই অসমঞ্জসের পুত্র অংশুমান্, সর্ব্বদা পিতামহের হিতার্থ রত থাকিতেন ॥ ১২

হে রাজন্! ঐ অসমঞ্জস পূর্ব্ব জন্মে যোগী ছিলেন,সঙ্গ হেতু যোগ হইতে পরিভ্রষ্ট হয়েন। অতএব জাতিস্মর হইয়া জন্ম গ্রহণানন্তর ইহজন্মে সঙ্গ পরিহারার্থ আপনাকে অর্থতঃ অসমঞ্জস রূপে প্রদর্শন করিতে প্রবৃত্ত হইয়াছিলেন, অর্থাৎ লোকের উদ্বেগ জন্মাইয়া লোক গর্হিত আচার তথা জ্ঞাতিগণের অপ্রিয় কর্ম্ম করত খেলায়মান বালকদিগকে সরযূ জলে ক্ষেপণ করিতেন ॥ ১৩ ॥

আচরন্ গর্হিতং লোকে জ্ঞাতীনাং কর্ম্ম বিপ্রিয়ং। সরয্বাং ক্রীড়তো বালান্ প্রাস্যদুদ্বেজয়ন্ জনং ॥১৩॥
এবং বৃত্তঃ পরিত্যক্তঃ পিত্রা স্নেহমপোহ্যবৈ। যোগৈশ্বর্য্যেণ বালাংস্তান্ দর্শয়িত্বা ততোযযৌ ॥
অযোধ্যা বাসিনঃ সর্ব্বে বালকান্ পুনরাগতান্। দৃষ্ট্বা বিসিস্মিরে রাজন্ রাজা চাপ্যন্বতপ্যত ॥১৪
অংশুমাংশ্চোদিতো রাজ্ঞা তুরগান্বেষণে যযৌ। পিতৃব্যখাতানুপথং ভস্মান্তি দদৃশে হয়ং ॥
তত্রাসীনং মুনিং বীক্ষ্য কপিলাখ্যমধোক্ষজং। অস্তৌৎ সমাহিত মনাঃ প্রাঞ্জলিঃ প্রণতো মহান্ ॥১৫
ন পশ্যতি ত্বাং পরমাত্মনো হজনো ন বুধ্যতে হদ্যাপি সমাধি যুক্তিভিঃ।

শ্রীধরস্বামী।

সঙ্গ পরিহারায় জনমুদ্বেজয়ন্ লোকে গর্হিতং জ্ঞাতীনাঞ্চ বিপ্রিয়ং কর্ম্মাচরন্ ক্রীড়তো বালান্ সরয্বাং প্রাস্যৎ প্রাক্ষিপদিতি দ্বয়োরন্বয়ঃ ॥ ১৩ ॥

এবম্বিধং বৃত্তং কর্ম্ম যস্য সঃ ॥ ১৪ ॥

পিতৃব্য খাতমনু যঃ পন্থা স্তং যযৌ ভস্মান্তি ভস্ম সমীপে ॥ ১৫ ॥

অজ্ঞানস্তোহবজ্ঞানস্তোহপ্যনুকম্প্যা বয়মিতি তুষ্টাব ষড়্‌ভিরীশানমংশুমানেবমাশয়ঃ। অজনঃ অজঃ ব্রহ্মাপি ত্বামদ্যাপি ন পশ্যতি নচ বুধ্যতে। কথং ভূতঃ আত্মনঃ স্বস্মাৎ পরং পরমেশ্বরং কৈর্হেতুভিঃ সমাধি যুক্তিভিঃ সমাধিনাপ্যপরোক্ষং ন পশ্যতি। যুক্তিভিঃ পরোক্ষমপি সম্যঙ্ ন বুধ্যতে ইত্যর্থঃ। অপরেহর্ব্বাচীনাস্তু কুত ত্বাং পশ্যেয়ুঃ। অর্ব্বাচীনত্বে হেতুঃ তস্য ব্রহ্মণঃ মনশ্চ শরীরঞ্চ ধীশ্চ সত্বং তমোরজঃ কার্য্যাণি তাভি র্বিবিধা যে দেবতির্য্যঙ্ নরাণাং সর্গাস্তেষু সৃষ্টাঃ তত্রাপি বয়ং অপ্রকাশাঃ অজ্ঞাঃ কুতঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অসমঞ্জস পুত্রোহংশুমান্ পিতৃব্য খাতং অনু যঃ পন্থাস্তং অস্তি অন্তিকে ॥ ১৪। ১৫ ॥

ত্বদজ্ঞানাদপরাধিনঃ পূর্ব্বে দগ্ধা ইতি নাস্তুতমিত্যাহ নেতি আত্মানোজীবাৎ পরং ত্বাং অজনো ব্রহ্মাপি নপশ্যতি নাপি বুধ্যতে।

এই প্রকার কর্ম্ম দেখিয়া তাঁহার পিতা সগর অপত্যস্নেহ বিসর্জন পূর্ব্বক তাঁহাকে পরিত্যাগ করেন, তাহাতে তিনি নিজ যোগৈশ্বর্য্য প্রভাবে নিহত বালকদিগকে পুনর্জীবিত করিয়া সকলকে দেখান, পরে সে স্থান হইতে বহির্গত হইয়া প্রস্থান করেন। হে রাজন্! অযোধ্যাবাসি লোকেরা অসমঞ্জস কর্তৃক নিহত স্ব স্ব বালক বৃন্দকে সজীব ও পুনরাগত দেখিয়া যৎপরোনাস্তি বিস্ময়ান্বিত হইয়াছিল, আর সগর রাজাও তাঁহার নিমিত্ত পরে বিস্তর অনুতাপ করিয়াছিলেন ॥ ১৪ ॥

সে যাহা হউক, সুমতির সন্তান সকল বিনষ্ট হইলে পর নরপতি সগর যজ্ঞীয় অশ্ব অন্বেষণার্থ ঐ অসমঞ্জসাত্মজ অংশুমান্‌কে পাঠাইয়া দিলেন অতএব অংশুমান্ পিতৃব্যদিগের কৃত খাতের পশ্চাৎ পশ্চাৎ যে পথ হইয়াছিল তদ্দ্বোগে গমন করিলেন এবং অনেক দূর গিয়া ভস্মরাশি সমীপে যজ্ঞাশ্ব দেখিতে পাইলেন। হে রাজন্! সেই স্থানে কপিল নামা মুনিরূপী ভগবান্ বিষ্ণু বসিয়াছিলেন। তাঁহার দৃষ্টিপাত হওয়াতে অংশুমান্ সমাহিত চিত্ত ও কৃতাঞ্জলি হইয়া স্তব আরম্ভ করিলেন ॥ ১৫ ॥

হে ভগবন্! যে ব্রহ্মা জন্ম রহিত তিনিও অদ্যাপি আপনা অপেক্ষা পর পরমেশ্বর যে আপনি, আপনাকে সমাধি দ্বারা দেখিতে পাইলেন না এবং যুক্তি দ্বারাও জানিতে পারিলেন না ইহাতে অন্য অর্ব্বাচীন ব্যক্তিরা কোথা হইতে আপনাকে দর্শন করিবে? তাহারা ঐ ব্রহ্মার মনঃ, শরীর ও বুদ্ধি হইতে যে বিবিধ দেব তির্য্যক্ নর সৃষ্টি হইয়া থাকে তন্মধ্যে সৃষ্ট হইয়াছে। তাহাদের মধ্যে আবার আমরা

কুতোঽপরে তস্য মনঃ শরীরধী বিসর্গ সৃষ্টা বয়মপ্রকাশাঃ ॥ ১৬ ॥
যে দেহভাজ স্ত্রিগুণ প্রধানা গুণান্ বিপশ্যন্ত্যুত বা তমশ্চ।
যন্মায়য়া মোহিতচেতস স্ত্বাং বিদুঃ স্বসংস্থং ন বহিঃ প্রকাশাঃ ॥ ১৭ ॥
তং ত্বামহং জ্ঞানঘনস্বভাবং প্রধ্বস্ত মায়া গুণভেদমোহৈঃ।
সনন্দনাদ্যৈ র্মুনিভির্বিভাব্যং কথং বিমূঢ়ঃ পরিভাবয়ামি ॥ ১৮ ॥
প্রশান্ত মায়া গুণ কর্ম্মলিঙ্গমনামরূপং সদসদ্বিমুক্তং।

শ্রীধরস্বামী।

পশ্যাম ইত্যর্থঃ ॥ ১৬ ॥

অপরে তর্হি কিং পশ্যন্তি তদেবাহ যে দেহভাজঃ তে স্বস্মিন্ সম্যক্ স্থিতমপি ত্বাং ন বিদুঃ। কিন্তু গুণানেব বিপশ্যন্তি। অথবা ন গুণানপি অপিতু তমএব পশ্যন্তি। যত স্ত্রিগুণা বুদ্ধিরেব প্রধানং যেষাং। অতো বহিরেব প্রকাশো জ্ঞানং যেষাং। বুদ্ধি পরতন্ত্র তয়া জাগ্রৎ স্বপ্নয়োর্বিষয়ান্ পশ্যন্তি সুষুপ্তৌতু তমঃ এব কেবলং নতু নির্গুণং ত্বাং। সর্ব্বত্র হেতুঃ যং যতঃ যস্য তব মায়য়েতি বা মোহিতং চেতো যেষাং তে ॥ ১৭ ॥

তথাপি ত্বং বিচারেণ জ্ঞাস্যসীতি চেত্তত্রাহ তং ত্বামহং বিমূঢ়ঃ কথং পরিভাবয়ামি বিচারয়ামি। কথং ভূতং জ্ঞানঘন স্বভাবং শুদ্ধ জ্ঞান মূর্ত্তিং। অতএব প্রধ্বস্তৌ মায়াগুণ নিমিত্তৌ ভেদমোহৌ যেষাং তৈর্বিভাব্যং বিচিন্ত্যং। অয়ম্ভাবঃ জ্ঞানঘনত্বান্ন তাবৎ জ্ঞানবিষয়স্ত্বং বিচার বিষয়ত্বেপি মায়াগুণৈরভিভূতোঽহং ন বিচারে সমর্থ ইতি ॥ ১৮ ॥

তস্মাৎ হে প্রশান্ত ত্বাং পুরাণং পুরুষং কেবলং ননামেত্যন্বয়ঃ। পুরাণ পুরুষত্বে হেতুঃ মায়াগুণাঃ কর্ম্মাণি বিশ্ব সৃষ্ট্যাদীনি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অপরে অর্ব্বাচীনা বয়ং কুতো বুদ্ধ্যামহে মন আদিভি র্যে বিসর্গাঃ দেবাদিসর্গা স্তৈর্ সৃষ্টাঃ অপ্রকাশা অজ্ঞাঃ ॥ ১৬ ॥

গুণান্ জাগর স্বপ্নয়োর্বিষয়ান্ পশ্যন্তি সুষুপ্তৌতু তম এব কেবলং নতু নির্গুণং ত্বাং স্বস্মিন্নেব সম্যক্ তিষ্ঠতীতি স্বসংস্থং বহিঃ প্রকাশা বহির্জ্ঞানবন্তঃ ॥ ১৭ ॥

স্বভাবতএব নতু সাধনৈঃ প্রধ্বস্তৌ মায়াগুণ নিমিত্তৌ ভেদমোহৌ যৈস্তৈঃ ॥ ১৮ ॥

প্রশান্তানি মায়া সম্বন্ধীনি গুণকর্ম্ম লিঙ্গানি যতস্তং। অতএব অনাম রূপং মায়িকনাম রূপরহিতং ॥ ১৯। ২০ ॥

অজ্ঞতম, অতএব আমরা আপনাকে দেখিতে পাইব সম্ভাবনা কি? ॥ ১৬ ॥

হে দেব! যে সকল ব্যক্তি দেহধারী, তাহারা, আপনি আত্মাতে সম্যক্ অবস্থিত, তথাচ আপনাকে জানিতে পারে না, গুণ সকলই দর্শন করে, অথবা গুণও তাহাদের দৃষ্টিগোচর হয় না, কেবল তমই দেখিতে পায়, কারণ ত্রিগুণা বুদ্ধিই তাহাদিগের প্রধান অতএব বহির্দ্দিকেই তাহাদের জ্ঞান, অর্থাৎ তাহারা বুদ্ধির পরতন্ত্র এ প্রযুক্ত জাগ্রৎ ও স্বপ্নাবস্থায় বিষয় দর্শন করে এবং সুষুপ্তি দশায় তমো মাত্র দেখে, আপনি নির্গুণ সুতরাং আপনাকে কোন অবস্থায় দেখিতে পায় না, যে হেতু তাহাদের চিত্ত আপনার মায়ায় বিমোহিত ॥ ১৭ ॥

প্রভো! আপনি জ্ঞান ঘন স্বভাব অর্থাৎ শুদ্ধ সত্ত্ব মূর্ত্তি অতএব যে সকল ব্যক্তির মায়াগুণ নিমিত্ত ভেদ মোহ প্রধ্বস্ত হইয়াছে তাদৃশ সনন্দনাদি মুনি জনেরও বিচিন্তনীয়। আমি মূঢ়, বিচার দ্বারাও কিরূপে আপনাকে জানিতে পারি। ফলতঃ আপনি জ্ঞানঘন স্বরূপ, এ প্রযুক্ত জ্ঞানের বিষয় নহেন, যদিস্যাৎ বিচারের বিষয় হন্ তথাচ আমি মায়াগুণে অভিভূত, সুতরাং বিচারে সমর্থ নহি ॥ ১৮ ॥

হে প্রশান্ত! সুতরাং মায়া গুণই আপনার বিশুদ্ধ সৃষ্ট্যাদি কর্ম্ম এবং ব্রহ্মাদি রূপই আপনার লিঙ্গ।

জ্ঞানোপদেশায় গৃহীত দেহং নমামহে ত্বাং পুরুষং পুরাণং ॥ ১৯ ॥

ত্বন্মায়া রচিতে লোকে বস্তু বুদ্ধ্যা গৃহাদিষু। ভ্রমন্তি কামলোভের্ষা মোহবিভ্রান্তচেতসঃ ॥ ২০ ॥

অদ্য নঃ সর্ব্বভূতাত্মন্ কাম কর্ম্মেন্দ্রিয়াশয়ঃ। মোহপাশোদৃঢ়শ্ছিন্নো ভগবংস্তব দর্শনাৎ ॥

শ্রীশুক উবাচ ॥

ইত্থং গীতানুভাবস্তং ভগবান্ কপিলোমুনিঃ। অংশুমন্তমুবাচেদমনুগ্রাহ্য ধিয়া নৃপ ॥

শ্রীভগবানুবাচ ॥

অশ্বোঽয়ং নীয়তাং বৎস পিতা মহপশুস্তব ॥ ২১ ॥

ইমেচ পিতরো দগ্ধা গঙ্গাম্ভোঽর্হন্তি নেতরৎ ॥ ২২ ॥

তং পরিক্রম্য শিরসা প্রসাদ্য হয়মানয়ৎ। সগরস্তেন পশুনা যজ্ঞশেষং সমাপয়ৎ ॥

রাজ্যমংশুমতে ন্যস্য নিস্পৃহোমুক্তবন্ধনঃ। ঔর্ব্বোপদিষ্ট মার্গেণ লেভে গতিমনুত্তমাং ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

লিঙ্গানিচ ব্রহ্মাদি রূপাণি যস্য তং। প্রশান্তত্বে হেতুঃ সদসদ্ভ্যাং কার্য্যকারণাভ্যাং পুণ্যপাপাভ্যাং বা বিমুক্তঃ। অতোঽনাম রূপং তৎকৃত নাম রূপ শূন্যং কিন্তু জ্ঞানোপদেশায় গৃহীতঃ প্রকটিতো দেহঃ শুদ্ধ সত্ত্ব মূর্ত্তির্যেন তং। যদ্বা হে প্রশান্তমায়েতি হে অগুণেতিচ সম্বোধ্য কর্ম্মভিঃ সৃষ্ট্যাদি কার্য্যৈর্লিঙ্গানি যস্যেতি যোজ্যং। যদ্বা প্রশান্ত মায়াদয়ো যস্মিন্ ইত্যেকমেব পদং ॥ ১৯ ॥

স্ব ভাগ্যং শ্লাঘতে ত্বন্মায়েতি দ্বাভ্যাং। কামাদিভির্বিভ্রান্তানি চেতাংসি যেষাং ত ইমে সর্ব্বে গৃহাদিষু ভ্রমন্তি ॥ ২০ ॥

নোঽস্মাকন্তু হে সর্ব্বভূতাত্মন্ তৎ রূপয়ৈবং ঘটিতাং ত্বদ্দর্শনাদদ্য দৃঢ়োঽপি মোহময়ঃ পাশশ্ছিন্নঃ কথং ভূতঃ কামাদীনাং আশয়ঃ আশ্রয়ঃ। ত্বৎ প্রসাদেন কৃতার্থোঽস্মীত্যর্থঃ ॥ ২১ ॥

অশ্বং লব্ধাপি সাকাঙ্ক্ষং প্রত্যাহ ইমেচেতি ॥ ২২ ॥ তং পরিক্রম্যেতি শুকোক্তিঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কামাদীনামাশয়ঃ আশ্রয়ঃ ॥ ২১ ॥ নেতরদিতি নান্যথা নিস্তার ইত্যর্থঃ ॥ ২২ ॥ ২৩ ॥

আপনি কার্য্য কারণ হইতে বিমুক্ত, একারণ মায়া গুণ যুক্ত নাম রূপ শূন্য, কেবল জ্ঞানোপদেশার্থ এই শুদ্ধসত্ত্ব মূর্ত্তি প্রকটিত করিয়াছেন, অতএব আপনি পুরাণ পুরুষ আমি আপনাকে কেবল নমস্কার করি ॥ ১৯

বিভো! এই লোক আপনার মায়ায় বিরচিত হইয়াছে ইহাতে বস্তু বুদ্ধি করিয়া কাম, লোভ, ঈর্ষা এবং মোহে ভ্রান্ত চিত্ত মানব সকল গৃহাদিতে ভ্রমণ করে ॥ ২০ ॥

কিন্তু হে ভগবন্! আপনার কৃপায় আপনার দর্শন লাভ হওয়াতে অদ্য আমাদিগের কাম কর্ম্ম ও ইন্দ্রিয়ের আশ্রয় রূপ দৃঢ়তর মোহ পাশ ছিন্ন হইল। অর্থাৎ আপনার প্রসাদে আমরা কৃতার্থ হইলাম। শুকদেব কহিলেন হে রাজন্! এই প্রকারে স্তব করিয়া প্রভাব সকল গান করিলে পর ভগবান্ কপিল অনুগ্রহ প্রকাশ পুরঃসর অংশুমানের প্রতি নিম্ন লিখিত বচন প্রয়োগ করিলেন। ভগবান্ কপিল কহিলেন বৎস! তোমার পিতামহের যজ্ঞপশু এই অশ্ব লইয়া যাও ॥ ২১ ॥

অশ্ব পাইয়া অংশুমান্ সাকাঙ্ক্ষ হইয়া দণ্ডায়মান থাকাতে মুনি তাঁহার অভিপ্রায় বুঝিয়া পুনরায় বলিলেন, তোমার এই দগ্ধ পিতৃগণ গঙ্গোদকার্হ, অন্য জলে ইহাদের সদ্গতি হইবে না ॥ ২২ ॥

তৎ শ্রবণে অংশুমান্ মুনিকে মস্তক দ্বারা প্রণাম ও প্রদক্ষিণ করিয়া প্রসন্ন করত যজ্ঞীয় অশ্ব আনয়ন করিলেন। সগর রাজা তদ্দ্বারা যজ্ঞশেষ সমাপ্ত করিয়া পরে উপরত স্পৃহ হইলেন, অতএব অংশুমানের হস্তে রাজ্যভার সমর্পণ পূর্ব্বক বন্ধনোম্মুক্ত এবং ঔর্ব্বোপদিষ্ট বর্ত্ম যোগে অনুত্তম গতি প্রাপ্ত হইলেন ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে সগরোপাখ্যানমষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

অংশুমাংশ্চ তপস্তেপে গঙ্গানয়ন কাম্যয়া। কালং মহান্তং নাশক্নোত্ততঃ কালেন সংস্থিতঃ ॥ ১ ॥

দিলীপস্তৎসুতস্তদ্বদশক্তঃ কালমেয়িবান্। ভগীরথস্তস্য সুত স্তেপে স সুমহত্তপঃ ॥ ২ ॥

দর্শয়ামাস তং দেবী প্রসন্না বরদাস্মি তে। ইত্যুক্তঃ স্বমভিপ্রায়ং শশংসাবনতো নৃপঃ ॥ ৩ ॥

কোঽপি ধারয়িতা বেগং পতন্ত্যা মে মহীতলে। অন্যথা ভূতলং ভিত্ত্বা নৃপ যাস্যে রসাতলং ॥৪॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি নবমেঽষ্টমঃ ॥ * ॥

নবমেঽংশুমতো বংশঃ খট্বাঙ্গাবধি বর্ণ্যতে। গঙ্গা ভূতলমানিন্যে যস্য পৌত্রো ভগীরথঃ ॥ ০ ॥

যথা পৌত্রায় সগরঃ রাজ্যং দত্ত্বা তপস্তেপে তথাঽংশুমাংশ্চ স্ব পুত্রায় রাজ্যং দত্ত্বা মহান্তং কালং তপস্তেপে ইতি চকারস্যার্থঃ। নাশক্নোদ্গঙ্গামানেতুমিতি শেষঃ। সংস্থিতঃ মৃতঃ ॥ ১ ॥ কালং মৃত্যুং এয়িবান্ প্রাপ্তঃ ॥ ২ ॥

তং প্রত্যাত্মানং দর্শয়ামাস তে বরদাস্মীতি গঙ্গয়োক্তঃ সন্ স্বমভিপ্রায়ং পূর্ব্বজোদ্ধরণং শশংস কথয়ামাস ॥ ৩ ॥

আহ গঙ্গা কোঽপি গগণাৎ পতন্ত্যা মে বেগং ধারয়িতা ধারয়িষ্যতি ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য অষ্টমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমস্যাষ্টমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ভগীরথোঽনয়দ্গঙ্গাং সৌদাসোরাক্ষসোঽভবৎ। হরিং মুহূর্ত্তাৎ খট্বাঙ্গঃ প্রাপেতি নবমে কথা ॥ ০ ॥

যথা সগরঃ পৌত্রে রাজ্যং ন্যস্য তপস্তেপে। তথৈবাংশুমাংশ্চ দিলীপে স্বপুত্রে রাজ্যং ন্যস্য তপস্তেপে ইত্যর্থে চকারঃ ॥ ১ ॥ তদ্বদংশুমান্ ইব ॥ ২ ॥

দেবী গঙ্গা স্বমভিপ্রায়ঃ পূর্ব্বজোদ্ধরণং। কোপীতি গঙ্গোক্তিঃ। আমুক্তিস্থ কালস্থিয়াস্থি তত্রোপায়ং বিচিন্ত্যাতাং ॥৩।৪।৫॥

॥ * ॥ ইতি নবমে অষ্টম ॥ * ॥

নবমাধ্যায়ে খট্বাঙ্গ অবধি অংশুমানের বংশ এবং ভগীরথের গঙ্গা আনয়ন বৃত্তান্ত ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! যদ্রূপ সগর রাজা পৌত্র হস্তে রাজ্য ভার সমর্পণ করিয়া তপস্যা করেন, অংশুমানও তদ্রূপ পুত্রকে রাজত্ব দিয়া গঙ্গানয়ন কামনায় দীর্ঘকাল তপস্যা করিয়াছিলেন, কিন্তু মনোরথ সিদ্ধ করিতে সমর্থ হন্ নাই, কিয়ৎকাল পরে কাল বশতঃ তাঁহার মৃত্যু হয় ॥ ১ ॥

অংশুমানের পুত্র দিলীপ। তিনিও পিতার ন্যায় গঙ্গানয়নে অসমর্থ হইয়া কালগ্রাসে পতিত হন্। দিলীপের সন্তান ভগীরথ, ইনি গঙ্গানয়ন কামনায় সুমহৎ তপস্যা করিলেন ॥ ২ ॥

তাহাতে গঙ্গাদেবী ইহাঁকে দর্শন দিয়া বলিলেন বৎস! আমি তোমার প্রতি প্রসন্ন হইয়া বর দিতে আসিলাম। ভগীরথ তৎ শ্রবণে অবনত হইয়া স্বীয় অভিপ্রায় অর্থাৎ পূর্ব্বজ গণের উদ্ধার প্রার্থনা করিলেন ॥ ৩ ॥

গঙ্গাদেবী কহিলেন রাজন্! আমি যখন আকাশ হইতে ভূতলে পতিত হইব তখন কোন ব্যক্তিকে আমার বেগ ধারণ করিতে হইবে, নচেৎ ভূতল ভেদ করিয়া রসাতলে গিয়া পড়িব, কে আমার বেগ ধারণ করিবে? ॥ ৪ ॥

কিঞ্চাহং ন ভুবং যাস্যে নরা ময্যামৃজন্ত্যঘং। মৃজামি তদঘং কাহং রাজন্ তত্র বিচিন্ত্যতাং ॥ ৫॥

শ্রীরাজোবাচ ॥

সাধবো ন্যাসিনঃ শান্তা ব্রহ্মিষ্ঠা লোকপাবনাঃ। হরন্ত্যঘং তেঽঙ্গসঙ্গাত্তেষ্বাস্তে হ্যঘভিদ্ধরিঃ ॥ ৬ ॥

ধারয়িষ্যতি তে বেগং রুদ্রস্ত্বাত্মা শরীরিণাং। যস্মিন্নোতমিদং প্রোতং বিশ্বং শাটীব তন্তুষু ॥ ৭ ॥

ইত্যুক্ত্বা স নৃপোদেবং তপসা তোষয়চ্ছিবং। কালেনাল্পীয়সা রাজংস্তস্যেশশ্চাশ্বতুষ্যত ॥ ৮ ॥

তথেতি রাজ্ঞাভিহিতং সর্ব্বলোকহিতঃ শিবঃ। দধারাবহিতো গঙ্গাং পাদপূতজলাং হরেঃ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ আমৃজন্তি ক্ষালয়িষ্যন্তি তত্রোপায়ো বিচিন্ত্যতাং ॥ ৫ ॥

হরন্তি হরিষ্যন্তি অঘং ভিনত্তীতি অঘভিৎ ॥ ৬ ॥

আত্মা কথং ভূতঃ যস্মিন্নিদং বিশ্বং ওতং গ্রথিতং ঊর্দ্ধতন্তু শাটী পট ইব প্রোতঞ্চ তির্য্যক্ তন্তুষু পট ইব। অসৌ সর্ব্বাধার স্ত্বদ্বেগং ধারয়িষ্যতীত্যর্থঃ ॥ ৭ ॥

ইত্যেবং গঙ্গামুক্ত্বা। তচ্চ তুষ্যেতি পাঠে প্রাবয়িত্বেত্যর্থঃ ॥ ৮ ॥

রাজ্ঞাভিহিতং তথেত্যঙ্গীকৃত্য হরেঃ পাদেন পূতং জলং যস্যাঃ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

কিং চেতি ময়া নিমিত্তভূতয়া অঘং পাপং মৃজন্তি নাশয়ন্তি। তদঘং তৎ সঙ্গানভিরুচে র্জাতং মনসোদুঃখমিত্যর্থঃ। গঙ্গা প্রসঙ্গে পাপাত্মনাশস্য কোটিশঃ পুরাণাদি প্রসিদ্ধেঃ। অস্যোদুঃখ বাসনেষ্বঘ মিত্যমরকোষাৎ ॥ ১। ২। ৩। ৪। ৫ ॥

সাধবঃ স্বাধিকার প্রাপ্ত শাস্ত্রীয়াচার নিরতাঃ ন্যাসিনঃ কর্ম্ম তৎ ফলাঽনাসক্তাঃ শান্তাঃ শুদ্ধান্তঃকরণাঃ ব্রহ্মিষ্ঠা বেদবিচারদক্ষাঃ স তেষ্বাস্ত ইতি। অঘানি অঘ আদীনি ভিনত্তীতি তথা। সদা সাধূনাং সঙ্গাৎ। তৎ সঙ্গাৎ তৎ স্ফূর্ত্তে স্তদ্দুঃখং ন ভবিতেতি ভাবঃ ॥ ৬। ৭। ৮। ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অঙ্গসঙ্গাৎ স্নানাৎ হরন্তি হরিষ্যন্তি তেষাং তদঘং কোঽহরিষ্যতীতি চেৎ হরিরেব অঘভিৎ। তেন হরিং বিনা তীর্থতপঃ প্রায়শ্চিত্তাদিভিঃ পাপং বস্তুতো ন নশ্যতীত্যজামিলোপাখ্যানোক্তঃ সিদ্ধান্তো দৃঢ়ীকৃতঃ ॥ ৬ ॥

রুদ্র ইত্যধুনাপি ত্বং যস্য শিরসি তিষ্ঠস্যেবেতি ভাবঃ। যস্মিন্নিদং বিশ্বমোতং গ্রথিতং ঊর্দ্ধতন্তুষু শাটীবৎ প্রোতঞ্চ তির্য্যক্ তন্তুষু শাটীবেতি তস্যেশ্বরত্বং দর্শিতং ॥ ৭। ৮ ॥

তথেতি যত্র যত্র গঙ্গা যাস্যতি তত্রলেঽহমেবেতি মচ্ছিরস্তেব সা সুখেন যাস্যিত্যর্থঃ ॥ ৯। ১০ ॥

অপর আমি পৃথিবীতে যাইতে ইচ্ছা করি না, কারণ মনুষ্যেরা আমাতে পাপ সকল প্রক্ষালন করিবে, সেই পাপ আমি কোথায় মার্জন করিব, এ বিষয়ে উপায় চিন্তা কর ॥ ৫ ॥

ভগীরথ কহিলেন মাতঃ! সন্ন্যাসী ব্রহ্মনিষ্ঠ শান্ত সাধুগণ লোক পাবন, তাঁহারা স্ব স্ব অঙ্গ সঙ্গ দ্বারা আপনকার ঐ অপবিত্রতা হরণ করিবেন। তাঁহাদের অন্তরে অঘহারি হরি নিত্য বিরাজমান, অতএব তাঁহারা অঘনাশন বিষয়ে সমর্থ ॥ ৬ ॥

আর ভগবান্ রুদ্র, যিনি সকল শরীরির আত্মা এবং শাটী যেমন সূত্রে ওত প্রোত থাকে তাহার ন্যায়, যাঁহাতে এই বিশ্ব ওত প্রোত হইয়া আছে, তিনি তোমার বেগ ধারণ করিবেন ॥ ৭ ॥

হে কৌরব্য! ভগীরথ রাজা গঙ্গাকে এই প্রকার বলিয়া তপস্যা দ্বারা ভগবান্ শিবের সন্তোষ জন্মাইতে যত্নবান্ হইলেন। অল্পকালের মধ্যেই তাঁহার প্রতি আশুতোষের সন্তোষ হইল ॥ ৮ ॥

ভগবান্ শর্ব্ব সর্ব্বলোক হিতৈষী, ভগীরথ যাহা প্রার্থনা করিলেন তথাস্তু বলিয়া অঙ্গীকার পূর্ব্বক

ভগীরথঃ স রাজর্ষি র্নিন্যে ভুবনপাবনীং । যত্র স্বপিতৃণাং দেহা ভস্মীভূতাঃ স্ম শেরতে ॥
রথেন বায়ুবেগেন প্রযান্তমনুধাবতী । দেশান্ পুনন্তী নির্দগ্ধানাসিঞ্চৎ সগরাত্মজান্ ॥ ৯ ॥
যজ্জল স্পর্শমাত্রেণ ব্রহ্মদণ্ডহতা অপি । সগরাত্মজা দিবং জগ্মুঃ কেবলং দেহভস্মভিঃ ॥ ১০ ॥
ভস্মীভূতাঙ্গ সঙ্গেন স্বর্যাতাঃ সগরাত্মজাঃ । কিং পুনঃ শ্রদ্ধয়াদেবীং সেবন্তে যে ধৃতব্রতাঃ ॥
নহ্যেতৎ পরমাশ্চর্য্যং স্বধুর্ন্যা যদিহোদিতং । অনন্তচরণাম্ভোজপ্রসূতায়া ভবচ্ছিদঃ ॥ ১১ ॥
সন্নিবেশ্য মনো যস্মিন্ শ্রদ্ধয়া মুনয়োঽমলাঃ । ত্রৈগুণ্যং দুস্ত্যজং হিত্বা সদ্যোযাতাস্তদাত্মতাং ॥
শ্রুতো ভগীরথাজ্জজ্ঞে তস্য নাভো পরোঽভবৎ । সিন্ধুদ্বীপ স্ততস্তস্মাদযুতায়ুস্ততোঽভবৎ ॥১২॥
ঋতপর্ণোনলসখো যোঽশ্ব বিদ্যামিয়ান্নলাৎ । দত্ত্বাক্ষহৃদয়ঞ্চাস্মৈ সর্ব্ব কামস্তু তৎ সুতঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী ।

গঙ্গাদেব্যা মাহাত্ম্যমাহ চতুর্ভিঃ যস্যা জলস্পর্শ মাত্রেণ । তচ্চ কেবলং দেহভস্মভিরেব ন সাক্ষাৎ ব্রহ্মণি স্ব কৃতেন দণ্ডেন হতা অপি তাং শ্রদ্ধয়া সেবতেতি শেষঃ ॥ ১০ ॥

এতৎ প্রপঞ্চয়তি । ভস্মীভূতেনাঙ্গেন যঃ সঙ্গস্তেন ॥ ১১ ॥

অনন্তস্য বিশেষণং সংনিবেশ্যেতি । ত্রৈগুণ্যং দেহসম্বন্ধং ॥ ১২ ॥

নলস্য সখা ইয়াং প্রাপ্তঃ তৎ সুতঃ তস্য ঋতপর্ণস্য সুতঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ইহ যদুদিতং সগরাত্মজোদ্ধরণং পরমতাশ্চর্য্যং নভবতি ॥ ১১ ॥ যস্মিন্নন্তে ॥ ১২ ॥

অয়াং বা প্রাপণে প্রাপ্ত ইত্যর্থঃ । অক্ষহৃদয়ং দ্যূতবিদ্যারহস্যং অস্মৈ নলায় ॥ ১৩ । ১৪ । ১৫ ॥

সাবধানে গঙ্গা ধারণ করিলেন। হে রাজন্! গঙ্গার মাহাত্ম্য কি বলিব ? ভগবান্ হরির পাদস্পর্শে তদীয় জল পবিত্র হইয়াছে। রাজর্ষি ভগীরথ যে স্থানে আপনার পিতৃগণের দেহ সকল ভস্মীভূত হইয়া পড়িয়াছিল, তথায় ভুবনপাবনী গঙ্গাকে লইয়া গেলেন। তিনি বায়ুবৎ বেগশালি রথে আরোহণ করিয়া অগ্রে অগ্রে গমন করিতে লাগিলেন,ত্রিলোক পাবনী গঙ্গা তাঁহার পশ্চাৎ২ ধাবমানা হইয়া সকল দেশ পবিত্র করত নির্দ্দগ্ধ সগর সন্তানদিগকে স্বীয় সলিলে সেচন করিতে থাকিলেন ॥ ৯ ॥

হে রাজন্! সগরাত্মজেরা ব্রাহ্মণের প্রতি আত্মকৃত দণ্ডে হত হইয়াও কেবল দেহ ভস্ম দ্বারা যাঁহার জল স্পর্শ মাত্রে স্বর্গে গমন করিল, শ্রদ্ধা পূর্ব্বক তাঁহার সেবা করিলে কি হয় বিবেচনা কর ॥ ১০ ॥

ফলতঃ সগর সন্তানেরা যাঁহার জলে ভস্মীভূত অঙ্গ সঙ্গ মাত্রে স্বর্গগামী হইল, যে সকল ব্যক্তি ধৃতব্রত হইয়া শ্রদ্ধা পূর্ব্বক তাঁহার সেবা করিবে তাঁহাদের স্বর্গ গমন হওয়া বিচিত্র নহে। হে রাজন্! এ স্থলে গঙ্গাদেবীর যে মাহাত্ম্য কীর্ত্তন করিলাম ইহা সুমহৎ আশ্চর্য্য নহে, যে হেতু তিনি অনন্ত চরণ পদ্ম প্রসূতা এবং সংসার নাশিনী ॥ ১১ ॥

হে কুরুবর্য্য! অমল মুনিগণ শ্রদ্ধা সহকারে যে অনন্তে মনোনিবেশ করিয়া দুস্ত্যাজ দেহ সম্বন্ধ পরিত্যাগ পূর্ব্বক সদ্যঃ তদাত্মতা প্রাপ্ত হন্, তাঁহার পাদপ্রভবার প্রভাব অবশ্যই অনির্ব্বচনীয়। উল্লিখিত ভগীরথের পুত্র শ্রুত। তাঁহার তনয় নাভ। তাঁহা হইতে সিন্ধু দ্বীপ উৎপন্ন হন্। তাঁহার সন্তান অযুতায়ু ॥ ১২ ॥

অযুতায়ুর পুত্র ঋতপর্ণ, তিনি নলের সখা, অক্ষহৃদয় ( দ্যূতবিদ্যা রহস্য ) দিয়া তাঁহা হইতে অশ্ব বিদ্যা গ্রহণ করেন। ঐ ঋতপর্ণের পুত্র সর্ব্বকাম ॥ ১৩ ॥

ততঃ সুদাসস্তৎ পুত্রো দময়ন্তীপতির্নৃপঃ। আহুর্মিত্রসহং যং বৈ কল্মাষাঙ্ঘ্রিমুত কচিৎ ॥
বশিষ্ঠশাপাদ্রক্ষো হ্যনপত্যঃ স্বকর্ম্মণা ॥ ১৪ ॥

শ্রীরাজোবাচ ॥

কিং নিমিত্তো গুরোঃ শাপঃ সৌদাসস্য মহাত্মনঃ। এতদ্বেদিতুমিচ্ছামঃ কথ্যতাং ন রহো যদি ॥ ১৫ ॥

শ্রীশুক উবাচ ॥

সৌদাসো মৃগয়াং কিঞ্চিচ্চরন্ রক্ষো জঘানহ। মুমোচ ভ্রাতরং সোঽথ গতঃ প্রতিচিকীর্ষয়া ॥ ১৬

সংচিন্তয়ন্নঘং রাজ্ঞঃ সূদরূপধরো গৃহে! গুরবে ভোক্তুকামায় পক্ত্বা নিন্যে নরামিষং ॥ ১৭ ॥

পরিবেক্ষ্যমাণং ভগবান্ বিলোক্যাভক্ষ্যমঞ্জসা। রাজানমশপৎ ক্রুদ্ধো রক্ষোহ্যেবং ভবিষ্যসি ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

তৎপুত্রঃ সৌদাসঃ ॥ ১৪ ॥

ন রহঃ ন রহস্যং ॥ ১৫ ॥

মৃগয়াং চরন্ কিঞ্চিদ্রক্ষঃ রাক্ষসং জঘান তস্য ভ্রাতরং মুমোচ স ভ্রাতা। ১৬ ॥

অঘং অনিষ্টং। সূদঃ পাচকঃ তদ্রূপধরঃ সন্ রাজ্ঞো গৃহে বর্তমানঃ ॥ ১৭ ॥

অভক্ষ্যমঞ্জসা বিলোক্য। এবং নরমাংস ব্যবহারেণ ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

ন রহো যদীতি শ্রীমদ্বশিষ্ঠস্যৈব তত্র দোষবৎ প্রতীতি শ্চেত্তদা নোদ্ঘাটনীয়মিত্যর্থঃ ॥ ১৫ । ১৬ ॥

সূদরূপ ধরঃ তমাবিষ্টঃ সন্নিত্যর্থঃ। অপরিচিতস্য পাকানধিকারাৎ ॥ ১৭ । ১৮ । ১৯ । ২০ । ২১ । ২২ । ২৩ । ২৪ । ২৫ । ২৬ । ২৭ । । ২৮ । ২৯ । ৩০ । ৩১ । ৩২ । ৩৩ । ৩৪ । ৩৫ । ৩৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চিদ্রক্ষঃ কঞ্চিদ্রাক্ষসং জঘান তস্য ভ্রাতরং মুমোচ। স ভ্রাতা ॥ ১৬ ॥

রাজ্ঞো যঃ সূদঃ পাচক স্তদ্রূপধরঃ ॥ ১৭ ॥ অভক্ষ্যং নরমাংসং ॥ ১৮ ॥

তাঁহার তনয় সুদাস, তৎপুত্র সৌদাস, যিনি দময়ন্তীর পতি। যাঁহাকে কখন কখন মিত্রসহ এবং কখন কখন কল্মাষপাদ বলিয়া থাকে। তাঁহার সন্তান হয় নাই, তিনি স্বীয় কর্ম্মদোষে বশিষ্ঠ মুনির শাপে রাক্ষস ভাব প্রাপ্ত হন্ ॥ ১৪ ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! মহাত্মা সৌদাসের প্রতি কি নিমিত্ত বশিষ্ঠ মুনির অভিশাপ হইয়াছিল, ইহা শুনিতে অভিলাষ করি, যদি রহস্য না হয় বলিতে আজ্ঞা হউক ॥ ১৫ ॥

শুকদেব কহিলেন এক দিবস সৌদাস রাজা মৃগয়ার্থ বহির্গত হইয়া অরণ্যে ভ্রমণ করিতে করিতে একটা রাক্ষস বধ করিলেন কিন্তু তাহার ভ্রাতাকে ছাড়িয়া দিলেন, অতএব সেই নিশাচর সোদরহন্তার প্রতিকার বাসনায় গমন করিল ॥ ১৬ ॥

সে রাজার অনিষ্ট চিন্তা করত পাচক রূপ ধারণ করিয়া তাঁহার গৃহে প্রবেশ পূর্ব্বক অবস্থিতি করিতে লাগিল। এক দিন মহর্ষি বশিষ্ঠ রাজগৃহে আগমন পূর্ব্বক ভোজনেচ্ছা প্রকাশ করিলে সে নরমাংস পাক করিয়া আনিল ॥ ১৭ ॥

যখন পরিবেশন হইতে লাগিল, সে সময় ভগবান্ বশিষ্ঠ দিব্য চক্ষুর্দ্বারা নিরীক্ষণ করিলেন ভক্ষণার্থ অভক্ষ্য বস্তু প্রদত্ত হইতেছে, অতএব ক্রুদ্ধ হইয়া রাজাকে অভিশাপ দিলেন, এরূপ নরমাংস ব্যবহার দোষে তুমি রাক্ষস ভাব লাভ করিবা ॥ ১৮ ॥

রক্ষঃকৃতং তদ্বিদিত্বা চক্রে দ্বাদশ বার্ষিকং। সোঽপ্যপোঞ্জলিমাদায় গুরুং শপ্তুং সমুদ্যতঃ॥ ১৯
বারিতো দময়ন্ত্যাপো রুষতীঃ পাদয়োর্জহৌ॥ ২০॥
দিশঃ খমবনীং সর্ব্বং পশ্যঞ্জীবময়ং নৃপঃ। রাক্ষসং ভাবমাপন্নঃ পাদে কল্মাষতাং গতঃ॥ ২১॥
ব্যবায়কালে দদৃশে বনৌকৌ দম্পতী দ্বিজৌ॥ ২২॥
ক্ষুধার্ত্তো জগৃহে বিপ্রং তৎ পত্ন্যাহাকৃতার্থবৎ। ন ভবান্ রাক্ষসঃ সাক্ষাদিক্ষ্বাকূনাং মহারথঃ॥
দময়ন্ত্যাঃ পতির্বীর নাধর্ম্মং কর্ত্তুমর্হসি॥ ২৩॥

শ্রীধরস্বামী।

বশিষ্ঠ এব তং শাপং দত্ত্বা দ্বাদশ বার্ষিকং চক্রে॥ ১৯॥
রুষতীঃ তীক্ষ্ণা অপঃ স্বপাদয়োর্জহৌ নাক্ষত্র॥ ২০॥
তত্র হেতুঃ দিশ ইতি। এবমনেন মিত্রসহত্বমপি দর্শিতং। মিত্রস্ত কলত্রস্ত বাচঃ সহতে॥ ২১॥
তদেবং রাক্ষসত্বে কল্মাষাঙ্ঘ্রিত্বেচ কারণমুক্ত্বা স্বকর্ম্মণাঽনপত্যো ইতি যদুক্তং তৎ প্রপঞ্চয়তি ব্যবায় কাল ইত্যাদিনা কর্ম্মণাঽপ্রজ ইত্যন্তেন। বনমোকো নিবাসো যয়ো স্তৌ বনৌকসৌচ তৌ দম্পতীচ। বনৌকাবিতি পৃথক্ পদত্বে সকার লোপ আর্ষঃ॥২২
অকৃতার্থবৎ দীনবৎ॥ ২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্ব্বজ্ঞ তয়া রক্ষসৈব কৃতং নতু রাজ্ঞেতি বিমৃশ্য তৎ শপনং দ্বাদশ বার্ষিকং চক্রে॥ ১৯॥
সোপি সৌদাসোপি। রুষতীঃ ক্রোধাগ্নি রূপাঃ স্বপাদয়োরেব নান্যত্র দিগাদীনাং দাহ প্রসঙ্গাৎ। এতেন কল্মাষপাদত্বং মিত্রসহত্বঞ্চ দর্শিতং মিত্রস্য কলত্রস্য বাচঃ সহনাৎ॥ ২০। ২১॥
বনৌকসৌ চ তৌ দম্পতীচেতি তৌ পৃথক্ পদ পাঠে সলোপ আর্ষঃ॥ ২২। ২৩॥

পরন্তু তৎপরেই ঐ মুনি জানিতে পারিলেন রাক্ষস ঐ রূপ করিয়াছে, অতএব রাজাকে শাপ দিয়া অকারণ শাপ দানজন্য পাপক্ষয়ার্থ দ্বাদশ বার্ষিক ব্রত করিলেন। রাজাও বিনা অপরাধে অভিশপ্ত হওয়াতে ক্রুদ্ধ হইয়া জলগণ্ডূষ গ্রহণ পূর্ব্বক গুরুকে প্রতিশাপ দিতে উদ্যত হইলেন॥ ১৯॥

কিন্তু তদীয় পত্নী দময়ন্তী নিবারণ করিতে লাগিলেন, অতএব রাজা ক্রোধাগ্নি রূপ সেই জল আপনার পাদদ্বয়ে পরিত্যাগ করিলেন॥ ২০॥

অনন্তর দিক্, আকাশ এবং ধরাতল সকলই জীবময় দর্শন করত স্বয়ং রাক্ষস ভাবাপন্ন হইয়া পদে কল্মাষতা প্রাপ্ত হইলেন॥ ২১॥

হে রাজন্! সৌদাস রাজা কল্মাষপাদ রাক্ষস হইয়া অরণ্যমধ্যে ভ্রমণ করিতে করিতে একদা রতিক্রীড়াসক্ত বনবাসী দ্বিজদম্পতী দেখিতে পাইলেন॥ ২২॥

তৎকালে তাঁহার অতিশয় ক্ষুধা হইয়াছিল, বুভুক্ষায় পীড়িত হইয়া আহারার্থ ঐ বিপ্রদম্পতী মধ্যে ব্রাহ্মণকে গ্রহণ করিলেন, ইহাতে ব্রাহ্মণী অত্যন্ত দীনা হইয়া কহিতে লাগিলেন রাজন্! তুমি রাক্ষস নহ, ইক্ষ্বাকু বংশীয়দিগের মধ্যে এক জন মহাবীর, দময়ন্তীর পতি, তোমার অধর্ম্মাচরণ করা উচিত হয় না॥২৩

দেহি মেঽপত্যকামায়া অকৃতার্থং পতিং দ্বিজং। দেহোঽয়ং মানুষো রাজন্ পুরুষস্যাখিলার্থদঃ॥
তস্মাদস্য বধো বীর সর্ব্বার্থ বধ উচ্যতে ॥ ২৪ ॥
এষ হি ব্রাহ্মণোবিদ্বাংস্তপঃ শীল গুণান্বিতঃ। আরিরাধয়িষু র্ব্রহ্ম মহাপুরুষ সংজ্ঞিতং॥
সর্ব্বভূতাত্ম ভাবেন ভূতেষন্তর্হিতং গুণৈঃ। সোঽয়ং ব্রহ্মর্ষি বর্য্যস্তে রাজর্ষি প্রবরাদ্বিভো॥
কথমর্হতি ধর্ম্মজ্ঞ বধং পিতুরিবাত্মজঃ। কর্ম্মণা মনসা বাচা সর্ব্বভূতেষু সৌহৃদং॥
বিদ্যা বিবেক সম্পন্নাঃ শীলমেতদ্বিদুর্ব্বুধাঃ॥ ২৫ ॥
তস্য সাধোরপাপস্য ভ্রূণস্য ব্রহ্মবাদিনঃ। কথং বধং যথা বভ্রোর্ম্মন্যতে সম্মতো ভবান্॥ ২৬॥
যদ্যয়ং ক্রিয়তে ভক্ষ্য স্তর্হিমাং খাদ পূর্ব্বতঃ। নজীবিষ্যে বিনা যেন ক্ষণঞ্চ মৃতকং যথা॥

শ্রীধরস্বামী।

অকৃতার্থং অসমাপ্তরতিং॥ ২৪॥

সর্ব্বভূতানামাত্মেতি ভাবনয়া আরাধয়িতুমিচ্ছুঃ। যদ্বা সর্ব্বভূতাত্ম ভাবেন ভূতেষু স্থিতমপি গুণৈরন্তর্হিতং ব্রহ্মেতি সম্বন্ধঃ। অন্তর্হিত ইতি পাঠে অন্তর্হিতঃ সোঽয়মিত্যন্তরেণান্বয়ঃ॥ ২৫॥

ভ্রূণস্য শ্রোত্রিয়স্য গর্ভস্য সত ইতি বা। বভ্রোর্গোঃ সতাং সম্মতো ভবান্ বধং কথং সাধু মন্যত ইত্যর্থঃ॥ ২৬॥

ক্ষণমপি যেন বিনা ন জীবিষ্যামি সোঽয়ং যদি ভক্ষ্যঃ ক্রিয়তে তর্হি মৃতকং যথা মৃতপ্রায়াং মাং পূর্ব্বং ভক্ষয়॥ ২৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অকৃতার্থং অসমাপ্তরতিং॥ ২৪॥

গুণৈ দৃষ্টনিষ্ঠৈঃ সত্ত্বাদিভি হেতুভিঃ অন্তর্হিতমদৃশ্যং॥

তে তব॥ ২৫॥

ব্রহ্মবাদিনো ভ্রূণস্য পুত্রস্য অস্য পিতাপি ব্রহ্মবাদীত্যর্থঃ। ভ্রূণোঽর্ভকে বালগর্ভে ইত্যমরঃ। বভ্রোর্গোঃ॥ ২৬॥

তদপ্যনিবৃত্তং দৃষ্ট্বা পুনঃ প্রাহ যদ্যয়মিতি যেন প্রাণেনেব বিনেত্যর্থঃ। ততশ্চ যথা মৃতকং শব স্তথাহং ভবিষ্যামীত্যর্থঃ॥ করুণভাষিণীমনাদৃত্য॥ ২৭॥

এই বিপ্র আমার পতি, আমি অপত্য কামনা করিয়া ইহাঁর সেবা করিতেছিলাম, এখনও ইহাঁর রতি সমাপ্ত হয় নাই, অনুগ্রহ করিয়া আমার পতিকে মুক্ত কর। হে মহারাজ! এই মানবদেহে পুরুষদিগের অখিল পুরুষার্থ সাধন হয় অতএব দেহ নাশকে সর্ব্বার্থ নাশ বলিয়া থাকে॥ ২৪॥

অধিকন্তু এই ব্রাহ্মণ বিদ্বান্ তপঃ, শীল ও গুণযুক্ত, অপর মহাপুরুষ সংজ্ঞক যে পরব্রহ্ম গুণযোগে সর্ব্বভূতে অন্তর্হিত আছেন "সর্ব্ব ভূতের আত্মা" এই রূপ চিন্তা দ্বারা ইনি তাঁহার আরাধনা করিতে বাসনা রাখেন। অতএব হে প্রভো! হে ধর্ম্মজ্ঞ! তুমি রাজর্ষি প্রবর, পিতা হইতে সন্তানের ন্যায় তোমা হইতে এই বিপ্রর্ষি বধার্হ হইতে পারে না। রাজন্! কর্ম্ম মনঃ ও বাক্যের দ্বারা সর্ব্ব প্রাণির প্রতি যে সৌহৃদ্যাচরণ তাহাকেই বিদ্যাবিবেক সম্পন্ন বুধগণ শীল বলিয়া থাকেন॥ ২৫॥

হে ধর্ম্মজ্ঞ! আপনি সাধুজনের সম্মত, গোবধের ন্যায় এবম্বিধ অপাপ শ্রোত্রিয় ব্রহ্মবাদি ব্রহ্ম বধ কি রূপে সাধু বলিয়া মানিতেছেন?॥ ২৬॥

পরন্তু আমি যাঁহা ব্যতীত ক্ষণকালও জীবন ধারণ করিতে পারিব না সেই এই আমার পতিকে যদি আপনি নিতান্তই আপনার ভক্ষ্য করেন আমি মৃত প্রায়া হইলাম, অগ্রে আমাকে ভক্ষণ করুন। হে কুরুবর্য্য! বিপ্রপত্নী অনাথা প্রায় হইয়া ঐ প্রকার করুণ স্বরে কাতরতা প্রকাশ করিতে থাকিলেও

এবং করুণভাষিণ্যা বিলপন্ত্যা অনাথবৎ। ব্যাঘ্রঃ পশুমিবাখাদৎ সৌদাসঃ শাপমোহিতঃ ॥২৭॥
ব্রাহ্মণী বীক্ষ্য দিধিষুং পুরুষাদেন ভক্ষিতং। শোচন্ত্যাত্মানমুর্ব্বীশমশপৎ কুপিতা সতী ॥ ২৮ ॥
যস্মান্মে ভক্ষিতঃ পাপ কামতঃ স্বপতিস্ত্বয়া। তবাপি মৃত্যুরাধানাদকৃতপ্রজ্ঞ দর্শিতঃ ॥
এবং মিত্রসহং শপ্ত্বা পতিলোকপরায়ণা। তদস্থীনি সমিদ্ধেঽগ্নৌ প্রাস্য ভর্ত্তুর্গতিং গতা ॥
বিশাপো দ্বাদশাব্দান্তে মৈথুনায় সমুদ্যতঃ। বিজ্ঞাপ্য ব্রাহ্মণী শাপং মহিষ্যা স নিবারিতঃ ॥ ২৯ ॥
অত ঊর্দ্ধং স তত্যাজ স্ত্রী সুখং কর্ম্মণাঽপ্রজঃ। বশিষ্ঠস্তদনুজ্ঞাতো দময়ন্ত্যাং প্রজামধাৎ ॥ ৩০ ॥
সা বৈ সপ্ত সমাগর্ভমবিভ্রন্ন ব্যজায়ত। জঘ্নেঽশ্মনোদরং তস্যাঃ সোঽশ্মকস্তেন কথ্যতে ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

দিধিষুং গর্ব্ভাধানকর্ত্তারং ॥ ২৮ ॥
আধানাৎ মৈথুনাৎ। হে অকৃতপ্রজ্ঞ মৃত্যুর্ম্ময়া দর্শিতঃ ॥ ২৯ ॥
তদেবং কর্ম্মণাঽপ্রজঃ ॥ ৩০ ॥
অবিভ্রদ্ধধারেত্যর্থঃ। ন ব্যজায়ত ন প্রাসূত। অতো বশিষ্ঠ এব তস্যা উদরমশ্মনা জঘান। স উৎপন্নঃ সুতোঽশ্মকঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দিধিষুং গর্ভাধানকর্ত্তারং ॥ ২৮ ॥
আধানাৎ মিথুনাৎ মৃত্যুর্ম্ময়া দর্শিতো ভবিষ্যতি ॥ ২৯। ৩০ ॥
অবিভ্রদ্দধার। নব্যজায়ত ন প্রাসূত। বশিষ্ঠ এবাশ্মনা জঘান। ততঃ স সুতঃ ॥ ৩১ ॥

ব্যাঘ্র যেমন পশু খায় তাহার ন্যায় শাপমোহিত সৌদাস সেই ব্রাহ্মণকে খাইয়া ফেলিলেন ॥ ২৭ ॥

ব্রাহ্মণী দেখিলেন গর্ব্ভাধান কারি স্বামিকে রাক্ষসে ভক্ষণ করিল, অতএব আপনার নিমিত্ত শোক করিতে করিতে কুপিতা হইয়া ঐ মহীপতির প্রতি এই শাপ দিলেন ॥ ২৮ ॥

অরে পাপাত্মা! যে হেতু তুই আমার পতিকে রতি হইতে নিবৃত্ত করিয়া ভক্ষণ করিলি, এই কারণে তোরও রতি হইতে মৃত্যু হইবে। হে রাজন্! পতিলোক পরায়ণা সেই ব্রাহ্মণী এই প্রকার মিত্রসহ নরপতির প্রতি অভিশাপ দিয়া পতির অস্থি সকল প্রজ্বলিত হুতাশনে ক্ষেপণ পূর্ব্বক স্বয়ং তদারোহণ দ্বারা স্বামির গতি প্রাপ্ত হইলেন। দ্বাদশ বৎসর অতীত হওয়াতে নরপতি সৌদাসের শাপ মোচন হইল,তদনন্তর এক দিন মৈথুনার্থ উদ্যত হইলে তাঁহার মহিষী ব্রাহ্মণীর শাপ বিজ্ঞাপন পূর্ব্বক ঐ উদ্যম হইতে নিবারণ করিলেন ॥ ২৯ ॥

হে রাজন্! সৌদাস রাজা তদবধি স্ত্রী সুখে বঞ্চিত হয়েন এবং নিজকর্ম্ম দোষে অপুত্রক হইয়া অবস্থিতি করেন। কিয়ৎকালানন্তর মহর্ষি বশিষ্ঠ তাঁহার অনুমতি ক্রমে তদীয় পত্নী দময়ন্তীর গর্ব্ভাধান করিয়া দিলেন ॥ ৩০ ॥

কিন্তু ঐ রাজমহিষী শত বৎসর যাবৎ সেই গর্ব্ভ ধারণ করিয়া রহিলেন,কোন প্রকারে প্রসব হইতে পারিলেন না। তদনন্তর বশিষ্ঠ মুনি আসিয়া অশ্ম ( প্রস্তর ) দিয়া তদীয় গর্ব্ভ আহত করিলেন, তাহাতেই সেই গর্ব্ভ হইতে উৎপন্ন পুত্র অশ্মক বলিয়া বিখ্যাত হইল ॥ ৩১ ॥

অশ্মকাদ্বালিকো জজ্ঞে যঃ স্ত্রীভিঃ পরিরক্ষিতঃ। নারীকবচ ইত্যুক্তো নিঃক্ষত্রে মূলকোঽভবৎ ॥
ততো দশরথ স্তস্মাৎ পুত্র ঐড়বিড়িস্ততঃ। রাজা বিশ্বসহো যস্য খট্বাঙ্গশ্চক্রবর্ত্ত্যভূৎ ॥ ৩২ ॥
যো দেবৈরর্থিতো দৈত্যানবধীদ্যুধি দুর্জ্জয়ঃ। মুহূর্ত্তমায়ুর্জ্ঞাত্বৈত্য স্বপুরং সন্দধে মনঃ ॥ ৩৩ ॥
ন মে ব্রহ্মকুলাৎ প্রাণাঃ কুলদৈবান্ন চাত্মজাঃ। ন শ্রিয়ো ন মহী রাজ্যং ন দারাশ্চাতিবল্লভাঃ ॥৩৪
নচাল্পেপি মতির্মহ্যমধর্ম্মে রমতে ক্বচিৎ। নাপশ্যমুত্তমঃশ্লোকাদন্যৎ কিঞ্চন বস্ত্বহং ॥ ৩৫ ॥

### শ্রীধরস্বামী।

স্ত্রীভিঃ সংবেষ্ট্য পরশুরামাৎ পরিরক্ষিতঃ অতো নারীকবচ ইত্যুক্তঃ। নিঃক্ষত্রে সতি ক্ষত্রবংশস্য মূলমভবদতো মূলক ইত্যুক্তঃ ॥ ৩২ ॥

প্রসন্নৈর্দ্দেবৈর্ব্বরং বৃণুষ্বেত্যুক্তে খট্বাঙ্গেনোক্তং প্রথমং তাবন্মমায়ুঃ কথ্যতামিতি দেবৈশ্চোক্তং মুহূর্ত্তমাত্রমিতি তজ্জ্ঞাত্বা দেবৈর্দ্দত্তেন বিমানেন শীঘ্রং স্ব পুরমেত্য মনঃ পরমেশ্বরে সন্দধে ॥ ৩৩ ॥

এতদেব স্ব সাধু বৃত্তানুস্মরণ পূর্ব্বকং তৎ কৃতেন নিশ্চয়েন দর্শয়তি নেতি সপ্তভিঃ। কুলদৈবাৎ ব্রহ্মকুলাৎ সকাশাৎ মে প্রাণাদয়ো নাতিবল্লভাঃ নাতিপ্রিয়াঃ ॥ ৩৪ ॥

মহ্যং মম ॥ ৩৫ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্ত্রীভিরাবৃত্য পরশুরামাৎ রক্ষিতঃ পুনঃ ক্ষত্রবংশস্য মূলত্বান্মূলকঃ ॥ ৩২ ॥

প্রসন্নৈর্দ্দেবৈর্ব্বরং বৃণুষ্বেত্যুক্তে খট্বাঙ্গ উবাচ প্রথমং তাবন্মমায়ুর্ব্রূতেতি। দেবৈশ্চোক্তং মুহূর্ত্তমাত্রমিতি। তজ্জ্ঞাত্বা-দেবৈর্দ্দত্তেন বিমানেন শীঘ্রং স্বপুরমেত্য মনঃ পরমেশ্বরে সন্দধে ॥ ৩৩ ॥

মুহূর্ত্ত মধ্যএব প্রথমং খট্বাঙ্গঃ স্বগতমাহ নেতি পঞ্চভিঃ। ব্রহ্মকুলাৎ কীদৃশাৎ। কুলস্য মদীয়স্য দেবাৎ ॥ ৩৪ ॥

মহ্যং মম বস্তু স্বস্যোপাদেয়মিত্যর্থঃ ॥ ৩৫ ॥

উক্ত অশ্মক হইতে বালিক রাজার উৎপত্তি হয়। স্ত্রী লোকেরা বেষ্টন করিয়া পরশুরামের কোপ হইতে তাঁহাকে রক্ষা করিয়াছিলেন এই কারণে তিনি নারীকবচ বলিয়া কথিত হইয়া থাকেন। অপর পৃথ্বী নিঃক্ষত্রা হইলে তিনিই ক্ষত্রবংশের মূল হইয়াছিলেন, তাহাতে মূলকও বলিয়া উক্ত হয়েন। সে যাহা হউক, ঐ অশ্মক হইতে দশরথ জন্মেন। দশরথের পুত্র ঐড়বিড়ি তাহার তনয় রাজা বিশ্বসহ,তৎ পুত্র মহারাজ চক্রবর্ত্তী খট্বাঙ্গ ॥ ৩২ ॥

খট্বাঙ্গ রাজা অতিশয় দুর্জ্জয় ছিলেন, দেবতাদের কর্ত্তৃক অভ্যর্থিত হইয়া যুদ্ধে দৈত্যদিগকে বধ করেন তাহাতে দেবতারা প্রসন্ন হইয়া বর দিতে চাহিলে বলিয়াছিলেন প্রথমে আমার পরমায়ু কত বলুন। পরে দেবগণ প্রমুখাৎ মুহূর্ত্ত মাত্র পরমায়ু অবশিষ্ট আছে অবগত হইয়া তাঁহাদিগের প্রদত্ত বিমান যোগে শীঘ্র স্বীয় পুরে আগমন পূর্ব্বক পরমেশ্বরে মনো নিবেশ করেন ॥ ৩৩ ॥

অবশেষে তাঁহার এই নিশ্চয় হয় কুলদেব যে ব্রহ্মকুল তাঁহাদের অপেক্ষা আমার প্রাণ, আত্মজ ও ধন সম্পত্তি, পৃথিবী, রাজ্য এবং বনিতাও প্রিয়তর নহে ॥ ৩৪ ॥

আর আমার মতি কদাচিৎ অত্যল্পও অধর্ম্মে রত হয় না এবং উত্তমঃশ্লোক ভগবান্ ভিন্ন অন্য কোন বস্তু আমি দেখিতে পাই না ॥ ৩৫ ॥

দেবৈঃ কামবরো দত্তোমহ্যং ত্রিভুবনেশ্বরৈঃ। ন বৃণে তমহং কামং ভূতভাবন ভাবনঃ॥ ৩৬॥
যে বিক্ষিপ্তেন্দ্রিয়ধিয়ো দেবাস্তে স্বহৃদি স্থিতং। ন বিদন্তি প্রিয়ং শশ্বদাত্মানং কিমুতাপরে॥৩৭॥
অথেশমায়াচরিতেষু সঙ্গং গুণেষু গন্ধর্ব্বপুরোপমেষু।
রূঢ়ং প্রকৃত্যাত্মনি বিশ্বকর্ত্তুর্ভাবেন হিত্বা তমহং প্রপদ্যে॥ ৩৮॥
ইতি ব্যবসিতো বুদ্ধ্যা নারায়ণগৃহীতয়া। হিত্বান্যভাবমজ্ঞানং ততঃ স্বং ভাবমাস্থিতঃ॥ ৩৯॥
যত্তদ্ব্রহ্ম পরং সূক্ষ্মমশূন্যং শূন্য কল্পিতং। ভগবান্ বাসুদেবেতি যং গৃণন্তিহি সাত্বতাঃ॥ ৪০॥

শ্রীধরস্বামী।

ভূতভাবনো হরি স্তস্মিন্নেব ভাবনা যস্য সোঽহং তং কামং ন বৃণে॥ ৩৬॥
তত্র হেতুঃ য ইতি। বিক্ষিপ্তানি ইন্দ্রিয়াণি ধীশ্চ যেষাং তে দেবা অপি॥ ৩৭॥
অথ তস্মাৎ প্রকৃত্যা স্বভাবেনাত্মনি রূঢ়ং গুণেষু সঙ্গং বিশ্বকর্ত্তুর্ভাবেন হিত্বা তমেবাহং প্রপদ্যে॥ ৩৮॥
অন্যভাবং দেহাদ্যভিমান রূপমজ্ঞানং হিত্বা॥ ৩৯॥
স্বং ভাবমেবাহ যত্তদিতি। শূন্যবৎ কল্পিতং রাগাদ্যবিষয়ত্বাৎ। বাসুদেব ইতি যং গৃণন্তি ব্রহ্মণ এব ভক্তানুগ্রহার্থমাবিষ্কৃত শক্তের্ম্মূর্ত্তরূপেণাবস্থানাৎ॥ ৪০॥

ক্রমসন্দর্ভঃ।

নাপশ্যমুত্তমঃশ্লোকাদন্যদেবেভ্যোবার্থঃ ন চিন্তয়ামীতি স্মরনর পালন বিক্ষেপস্য পূর্ব্বং স্থিতত্বাৎ॥ ৩৫। ৩৬।। ৩৭। ৩৮॥
নারায়ণ গৃহীতয়েতি নারায়ণাবিষ্টয়েত্যর্থঃ। অতএব মুহূর্ত্তেন ব্রহ্মলোকং খট্বাঙ্গঃ সমসাধয়দিত্যুক্তং॥ ৩৯। ৪০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বৃণে নেচ্ছবান্। যতো ভূতভাবনে হরাবেব ভাবনা যস্য সঃ॥ ৩৬॥
অবর। হেতুমাহ য ইতি॥ ৩৭॥
অস্থিরত্বেন গন্ধর্ব্ব পুরতুল্যেষু রূঢ়ং সঙ্গং হিত্বা প্রকৃত্যা স্বভাবেনৈব আত্মনি মনসি বিশ্বকর্ত্তুর্ভগবতো যো ভক্তিস্তেনৈব তং প্রপদ্যে॥ ৩৮॥
নারায়ণেনৈব কর্ত্রা গৃহীতয়া যত্র বুদ্ধৌ নান্যস্যাধিকার ইত্যর্থঃ। তয়া বুদ্ধ্যৈব ততোঽজ্ঞান ত্যাগানন্তরং স্বভাবং পূর্ব্বশ্লোক নিশ্চিতং পার্ষদ রূপং দাস্যমিত্যর্থঃ॥ ৩৯॥
সএব কো যস্মিন্ দাস্যমিত্যাপেক্ষায়ামাহ। যত্তদ্ব্রহ্মেতি যস্য তৎ প্রসিদ্ধং ব্রহ্ম পরমত্তিশয়েন সূক্ষ্মং নির্ব্বিশেষং স্বরূপমিত্যর্থঃ।

অত এব ত্রিভুবনের দেবগণ প্রসন্ন হইয়া আমাকে যে অভিলষিত গ্রহণের বর দিতেছেন ভূতভাবন ভগবান্ হরিতে আমার ভাবনা থাকাতে আমি তাহাও বরণ করি না॥ ৩৬॥

কারণ যে সকল ব্যক্তির ইন্দ্রিয় ও বুদ্ধি বিক্ষিপ্ত, তাহারা দেবতা হইয়াও স্বীয় হৃদয়ে স্থিত প্রিয় আত্মাকে নিত্য দেখিতে পান না, ইহাতে অপরে দেখিবে সম্ভাবনা কি?॥ ৩৭॥

অতএব গন্ধর্ব্বপুর সমান, পরমেশ মায়া রচিত যে সকল গুণ তাহাতে সেই সঙ্গ, যাহা স্বভাবতঃ আত্মাতে রূঢ় হইয়া আছে, বিশ্বকর্ত্তার প্রভাবে তাহা পরিত্যাগ করিয়া আমি কেবল তাঁহারই শরণাপন্ন হই॥ ৩৮॥

হে রাজন্! খট্বাঙ্গ রাজা নারায়ণবিষয়িণী বুদ্ধি যোগে এই প্রকার নিশ্চয় করিয়া দেহাদ্যভিমান, রূপ অজ্ঞান পরিত্যাগ পূর্ব্বক পরে সেই স্বীয় ভাবে অবস্থিত হয়েন॥ ৩৯॥

যাহা সূক্ষ্ম পরব্রহ্ম ও রাগাদির অবিষয়, এ প্রযুক্ত শূন্যবৎ কল্পিত হয় অথচ অশূন্য স্বরূপ। অপর

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে খট্বাঙ্গচরিতং নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

খট্বাঙ্গাদ্দীর্ঘবাহুশ্চ রঘুস্তস্মাৎ পৃথুশ্রবাঃ। অজস্ততো মহারাজস্তস্মাদ্দশরথোঽভবৎ ॥

তস্যাপি ভগবানের সাক্ষাদ্ব্রহ্মময়োহরিঃ। অংশাংশেন চতুর্ধাগাৎ পুত্রত্বং প্রার্থিতঃ সুরৈঃ ॥

রাম লক্ষ্মণ ভরত শত্রুঘ্না ইতি সংজ্ঞয়া ॥ ১ ॥

তস্যানুচরিতং রাজন্নৃষিভিস্তত্ত্বদর্শিভিঃ। শ্রুতং হি বর্ণিতং ভূরি ত্বয়া সীতাপতের্মুহুঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি নবমে নবমঃ ॥ * ॥

দশমে প্রাহ খট্বাঙ্গ বংশে শ্রীরাম সংভবঃ। তচ্চরিত্রঞ্চ লঙ্কেশং হত্বাযোধ্যাগমাবধি ॥ ০ ॥

খট্বাঙ্গাচ্চ দীর্ঘবাহুঃ ॥ ১ ॥

ঋষিভির্বাল্মীকমুখৈ্যা ভূরি বর্ণিতং ত্বয়া মুহুঃ শ্রুতং তথাপি সংক্ষেপতঃ কথ্যমানং শৃণু ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে নবমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শৃণ্বং কল্পিতঃ রাগাদ্যবিষয়ত্বাৎ যঞ্চ বাসুদেব ইতি গৃণন্তি তস্মিন্নিত্যর্থঃ। দেহং ত্যক্ত্বা তং প্রাপেতি জ্ঞেয়ং। খট্বাঙ্গোনাম রাজর্ষির্জায়েম্বরাণিষয়াণঃ। মুহূর্ত্তাৎ সর্ব্বমুৎসৃজ্য গতবানভয়ং হরিমিতি পূর্ব্বোক্তেঃ ॥ ৪০ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমে নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দশমে রঘুনাথস্য জন্ম কর্ম্মযশোঽমৃতং। সর্ব্বং নূন পায়য়ামাস সংক্ষেপেণ মহামুনিঃ ॥ ০ ॥

এব ত্বয়া স্বমাতৃ গর্ভে দৃষ্ট ইত্যর্থঃ। অংশাংশেন অংশশ্চ আংশং অংশসমূহশ্চ অংশাংশং তেন অংশাংশেন তস্যাপি যথা বাসুদেবস্য ইত্যর্থঃ ॥ ১ ॥

কাংস্যানবক্তুং লিপিতুং শক্যাশেষ গণেশয়োঃ। যা রামলীলাধ্যায়াভ্যাং সা শ্লোকেনাপি কীর্ত্তাতে ॥ ২ ॥

যাঁহার প্রতি ভক্তজন "ভগবান্ বাসুদেব" এই শব্দ প্রয়োগ করিয়া থাকেন, কারণ পরব্রহ্মই ভক্তানুগ্রহার্থ শক্তি প্রকাশ পুরঃসর বাসুদেব হয়েন ॥ ৪০ ॥

॥ * ॥ ইতি নবমে নবম ॥ * ॥

দশমাধ্যায়ে খট্বাঙ্গ বংশে শ্রীরামচন্দ্রের জন্ম এবং লঙ্কাধিপতি দশাননকে বিনষ্ট করিয়া অযোধ্যা গমন পর্য্যন্ত তদীয় চরিত্র ॥ ০ ॥

শুকদেব কহিলেন খট্বাঙ্গ রাজার পুত্র দীর্ঘবাহু, তাঁহা হইতে মহাযশস্বি রঘুর জন্ম হয়। ঐ রঘুর তনয় মহাযশাঃ অজ। হে মহারাজ! ঐ অজ হইতে মহাত্মা দশরথ জন্ম গ্রহণ করেন। ব্রহ্মময় হরি সাক্ষাৎ ভগবান্ দেবগণের প্রার্থনায় রাম, লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্ন এই চারি নামে চারি অংশে বিভক্ত হইয়া যাঁহার পুত্রত্ব স্বীকার করিয়াছিলেন ॥ ১ ॥

হে রাজন্! বাল্মীক প্রভৃতি তত্ত্বদর্শী ঋষিগণ সীতাপতি ঐ রামচন্দ্রের চরিত্র বর্ণন করিয়াছেন, তাহা যদিও তোমার বারম্বার শ্রুত হইয়াছে তথাপি সংক্ষেপে বলিতেছি অবধান কর ॥ ২ ॥

গুর্ব্বর্থে ত্যক্তরাজ্যো ব্যচরদনুবনং পদ্মপদ্ভ্যাং প্রিয়ায়াঃ
পাণিস্পর্শাক্ষমাভ্যাং মৃজিতপথরুজো যোহরীন্দ্রানুজাভ্যাং।
বৈরূপ্যাৎ সূর্পণখ্যাঃ প্রিয়বিরহ রুষা রোপিত ভ্রূবিজৃম্ভ
ত্রস্তাব্ধি র্বদ্ধসেতুঃ খলদবদহনঃ কোশলেন্দ্রো ঽবতান্নঃ ॥ ৩ ॥
বিশ্বামিত্রাধ্বরে যেন মারীচাদ্যা নিশাচরাঃ। পশ্যতো লক্ষ্মণস্যৈব হতা নৈর্ঋতপুঙ্গবাঃ ॥ ৪ ॥
যোলোকবীর সমিতৌ ধনুরৈশমুগ্রং সীতাস্বয়ম্বরগৃহে ত্রিশতোপনীতং।

শ্রীধরস্বামী।

গ্রন্থকোটিভি র্বর্ণিতমদ্ভুতং রামবিক্রমং। অধ্যায়দ্বয়তো বক্ষ্যামেকশ্লোকে সমস্ততি। কোশলেন্দ্রঃ শ্রীরামঃ নোঽস্মান্ অবতাৎ পাতু। কথং ভূতঃ যো গুর্ব্বর্থে পিতুঃ সত্যপালনার্থং ত্যক্তরাজ্যঃ সন্ পদ্মবদতিসুকুমারাভ্যাং পদ্ভ্যাং তদেবাহ প্রিয়ায়াঃ পাণিনাপি স্পর্শে নাস্তি ক্ষমা যয়োঃ তাভ্যাং প্রতিবনং ব্যচরৎ। হরীন্দ্রো হনুমান সুগ্রীবোবা অনুজোলক্ষ্মণঃ তাভ্যাং মৃজিতাঃ অপনীতা পথরুজো মার্গশ্রমা যস্য। সূর্পণখ্যা বৈরূপ্যাৎ কর্ণ নাসিকাচ্ছেদাদ্ধেতোঃ তয়া প্রলোভিতেন রাবণেনাপহারাৎ প্রিয়েন কলত্রেণ যো বিরহঃ তেন কষ্টয়া আরোপিতয়ো র্ভ্রুবো বিজৃম্ভেণৈব ত্রস্তোঽব্ধি র্যস্মাৎ তত্তদ্বিজ্ঞাপনেন বদ্ধঃ সেতুর্যেন। খলা রাবণাদয় এব দবো বনং তস্য দহনঃ ॥ ৩ ॥
সংক্ষেপতো বর্ণিতং শ্রীরামচরিতং আদিত আরভ্য বিস্তারেণাহ বিশ্বামিত্রাধ্বর ইত্যাদিনা যাবদুত্তরাধ্যায় সমাপ্তি পশ্যতএব লক্ষ্মণস্য তমপি অনপেক্ষ্যৈব হতা ইত্যর্থঃ। ষড়্ভবানাং স কোশলেন্দ্রোঽবতাদিত্যনেনৈবাম্বয়ঃ ॥ ৪ ॥
যং লোকে বীরা শ্রেষ্ঠাঃ সমিতৌ সমাজে ঐশং ত্রৈয়ম্বকং ধনুরিক্ষু যষ্টিমিব লীলয়ৈবাদায় সজ্জীকৃতং আরোপিতং বিকৃষ্য মধ্যে

ক্রমসন্দর্ভঃ।

পথরুজ ইত্যনেন পথ শব্দোঽকারান্তোঽপ্যস্তীতি লক্ষ্যতে ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গুরোঃ পিতুঃ সত্যপালনার্থং ত্যক্তরাজ্যঃ সন্ পদ্মবদতিসুকুমারাভ্যাং পদ্ভ্যাং অনুবনং বনে বনে ব্যচরৎ। অতি সৌকুমার্য্যমেবাহ প্রিয়ায়াঃ পাণ্যোঃ পরমসুকুমারয়োরপি স্পর্শং ন ক্ষমেতে ইতি তাভ্যাং। হরীন্দ্রো হনুমান্ সুগ্রীবো বা অনুজো লক্ষ্মণ স্তাভ্যাং মৃজিতা অপনীতা পথ রুজা মার্গশ্রমো যস্য সঃ। সূর্পণখ্যা বৈরূপ্যাৎ কর্ণনাসাচ্ছেদাদ্ধেতো রাবণেনাপহারাৎ প্রিয়েণ কলত্রেণ যো বিরহ স্তেন যা রুট বর্থানঃ সমুদ্রেণাপ্রদানাৎ কোপস্তয়া আরোপিতয়ো র্ভ্রুবোর্বিজৃম্ভণেন ত্রস্তোঽব্ধি র্যস্মাৎ সঃ। খলা রাবণাদয় এব দবো বনং তস্য দহনঃ ॥ ৩ ॥
অতি সংক্ষেপেণ বর্ণিতং রাম চরিতমাদিত আরভ্য কিঞ্চিদ্বিস্তরেণাহ বিশ্বামিত্রেত্যাদিনা অধ্যায় দ্বয়েন নিশা মায়য়া চরন্তীতি তে নৈর্ঋতপুঙ্গবা রাক্ষসশ্রেষ্ঠাঃ ॥ ৪ ॥
লোকে যে বীরা শ্রেষ্ঠাঃ সমিতৌ সমাজে। ঐশং মাহেশং ধনুঃ ইক্ষুযষ্টিমিব লীলয়ৈবাদায় সজ্জীকৃতং সৎ বিকৃষ্য মধ্যে বভঞ্জ।

যিনি পিতৃসত্য পালনার্থ রাজ্য পরিত্যাগ করিয়া প্রিয়ার হস্ত দ্বারাও যাহা স্পর্শ করিতে ক্ষমতা ছিল না, তাদৃশ পদ্মবৎ সুকুমার পদদ্বয়ে বনে বনে ভ্রমণ করিয়াছিলেন, বানরেন্দ্র হনুমান্ অথবা সুগ্রীব এবং অনুজ লক্ষ্মণ যাঁহার পথশ্রান্তি অপনয়ন করিয়া দিতেন, সূর্পণখার কর্ণ নাসিকা ছেদন করিয়া বৈরূপ্য করাতে সে রাবণের নিকট গিয়া লোভ দর্শাইলে রাবণ আসিয়া যাঁহার প্রেয়সী সীতাকে অপহরণ করিয়া লইয়া যায়, প্রিয়া বিরহ জন্য রোষে সদীয় ভ্রূ বিজৃম্ভণে সমুদ্র সন্ত্রস্ত হয়, অনন্তর তাহার বিজ্ঞাপনে যিনি সেতু বন্ধন করিয়া রাবণাদি খলগণ রূপ গহনের দাবানল হন্ সেই কোশলেন্দ্র শ্রীরামচন্দ্র আমাদিগকে রক্ষা করুন ॥ ৩ ॥
সেই রামচন্দ্র বিশ্বামিত্রের যজ্ঞে মারীচাদি প্রধান প্রধান রাক্ষসদিগকে একাকী নিহত করিয়াছিলেন, লক্ষ্মণ নিকটে থাকিয়া দেখিতেছিলেন তাঁহারও অপেক্ষা করেন নাই ॥ ৪ ॥
তিনি সীতার স্বয়ম্বর গৃহে বীর পুরুষ সমূহের সমাজ মধ্যে মহাদেবের ধনু ইক্ষুদণ্ডবৎ গ্রহণ করিয়া

আদায় বালগজলীল ইবেক্ষুযষ্টিং সজ্জীকৃতং নৃপ বিকৃষ্য বভঞ্জ মধ্যে ॥ ৫ ॥
জিত্বানুরূপ গুণশীল বয়োঙ্গ রূপাং সীতাভিধাং শ্রিয়মুরস্যভিলব্ধমানাং।
মার্গে ব্রজন্ ভৃগুপতে র্ব্যনয়ৎ প্ররূঢ়ং দর্পং মহীমকৃত যস্ত্রিররাজবীজাং ॥ ৬ ॥
যঃ সত্যপাশপরিবীত পিতুর্নিদেশং স্ত্রৈণস্য চাপি শিরসা জগৃহে সভার্যঃ।
রাজ্যং শ্রিয়ং প্রণয়িনঃ সুহৃদো নিবাসং ত্যক্ত্বা যযৌ বনমসূনিব মুক্তসঙ্গঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

বভঞ্জ। হে নৃপ উগ্রং কঠিনং গরিষ্ঠং। তদাহ বাহকানাং ত্রিভিঃ শতৈরুপনীতং বালগজস্য লীলেব লীলা যস্য সঃ ॥ ৫ ॥

অনুরূপাণি স্বযোগ্যানি গুণ শীলাদীনি যস্যাঃ তাং সীতাসংজ্ঞাং পূর্ব্বমুরসি অভিলব্ধো মানো যয়া তাং শ্রিয়ং জিত্বা। ধনুর্ভঙ্গ মহানাদ শ্রবণ ক্ষুভিতস্য ভৃগুপতে দর্পং ব্যনয়ৎ অপনীতবান্। কথংভূতস্য ত্রিঃ সপ্তকৃত্বঃ রাজবীজশূন্যাং মহীং যোঽকরোৎ তস্য ॥ ১৬ ॥

ইদানীং গুর্ব্বর্থ ইতি শ্লোকং বিবৃণ্বন্নাহ য ইতি। কদাচিৎ কৈকেয্যা তুষ্টেন রাজ্ঞা ত্বদপেক্ষিতং দাস্যামীতি প্রতিশ্রুতং ততঃ শ্রীরামস্য যৌবরাজ্যাভিষেক সময়ে তয়া ভরতস্য যৌবরাজ্যং শ্রীরামস্য বনে বাসঃ প্রার্থিতঃ। তদা সত্যপাশেন পরিবীতস্য পিতুর্নিদেশমাজ্ঞাং শিরসা জগৃহে। ততো রাজ্যাদিকং ত্যক্ত্বা সভার্য্যোবনং যযৌ দুস্ত্যজস্যাপি সহর্ষত্যাগে দৃষ্টান্তঃ মুক্তসঙ্গ যোগী অসূন্ প্রাণানিবেতি ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কীদৃশং বাহকানাং ত্রিভিঃ শতৈরুপনীতং ॥ ৫ ॥

জিত্বা প্রাপ্য উরসি অভিলব্ধোমান আদরঃ পূর্ব্বমেব যয়া তাং ভৃগুপতেঃ পরশুরামস্য দর্পং ব্যনয়ৎ বিগতীচক্রে। ত্রিঃ ত্রিসপ্ত কৃত্বোমহীং যঃ রাজবীজশূন্যাং চক্রে ॥ ৬ ॥

য ইতি কদাচিৎ পূর্ব্বং কৈকেয্যাং তুষ্টেন রাজ্ঞা ত্বদপেক্ষিতং দাস্যামীতি প্রতিশ্রুতং ততঃ শ্রীরামস্য যৌবরাজ্যাভিষেক সময়ে তয়া ভরতস্য রাজ্যং রামস্যচ বনে বাসঃ প্রার্থিতঃ। অতঃ সত্যপাশেন পরিবীতস্য পিতুঃ স্ত্রৈণস্য স্ত্রিয়ৈ কৈকেয্যৈ সত্যানুরোধ-বশাৎ হি তস্য নিদেশং সভার্য্যোপি জগ্রাহ। দুস্ত্যজস্যাপি সহর্ষত্যাগে দৃষ্টান্তঃ। মুক্তসঙ্গোযোগী অসূন্ প্রাণানিবেতি ॥ ৭ ॥

জ্যারোপণানন্তর আকর্ষণ ও মধ্যভাগে ভগ্ন করেন। হে মহারাজ! সেই ধনু অতিশয় গুরুতর ছিল, তিন শত বাহকে তাহা আনয়ন করিয়া দেয়। পরন্তু রামচন্দ্রের লীলা বালগজ তুল্য অদ্ভুত, অতএব তিনি অবলীলাক্রমে তাহাও ভাঙ্গিয়া ফেলেন ॥ ৫ ॥

তদনন্তর যে সীতা নাম্নী স্ত্রী পূর্ব্বে আপনার বক্ষঃস্থলে অবস্থিতি পূর্ব্বক মান লাভ করিয়াছিলেন, যাঁহার গুণ শীল বয়স অঙ্গসৌষ্ঠব আপনার অনুরূপ, তাঁহাকে স্বয়ম্বরে জয় করিয়া লইয়া যাইবার সময় ধনুর্ভঙ্গের মহা ধ্বনি শ্রবণে ক্ষুভিত হইয়া পরশুরাম আক্রমণ করাতে পথে গমন করিতে করিতেই তাঁহার প্ররূঢ় দর্প চূর্ণীকৃত করেন। হে মহারাজ! পরশুরাম কে জানেন? তাঁহা হইতেই এই পৃথিবী এক বিংশতি বার নিঃক্ষত্রিয়া হইয়াছিল ॥ ৬ ॥

সে যাহা হউক, কোন সময় কেকয়ীর প্রতি তুষ্ট হইয়া রাজা দশরথ এই প্রতিশ্রুত হইয়াছিলেন, যে বর চাহিবে তাহাই দান করিব। অতএব রামচন্দ্রের রাজ্যাভিষেক সময়ে ঐ কেকয়ী ভরতের যৌবরাজ্য ও রামচন্দ্রের বনবাস প্রার্থনা করিল। তখন যদিও পিতা স্ত্রৈণ, তথাপি তাঁহাকে সত্য পাশে বদ্ধ বিবেচনা করিয়া রামচন্দ্র ত্বদীয় নিদেশ মস্তকে গ্রহণ করিলেন। পরে যেমন যোগী পুরুষ দুস্ত্যজ অসু (প্রাণ) বিসর্জন করেন তাহার ন্যায়, রাজ্য, শ্রী, প্রণয়ি, সুহৃদ্ তথা নিবাস পর্য্যন্ত পরিত্যাগ করিয়া অরণ্যবাসী হইলেন ॥ ৭ ॥

রক্ষঃস্বসুর্ব্যকৃতরূপমশুদ্ধবুদ্ধেস্তস্যাঃ খর ত্রিশির দূষণ মুখ্যবন্ধূন্।
জঘ্নে চতুর্দ্দশসহস্রমপারণীয় কোদণ্ডপাণিরটমান উবাসকৃচ্ছ্রং॥ ৮॥
সীতাকথাশ্রবণ দীপিতহৃচ্ছয়েন সৃষ্টং বিলোক্য নৃপতে দশকন্ধরেণ।
জঘ্নেঽদ্ভূতৈণবপুষাশ্রমতো ঽপকৃষ্টো মারীচ মাশু বিশিখেন যথা কমুগ্রঃ॥ ৯॥
রক্ষোঽধমেন বৃকবদ্বিপিনে ঽসমক্ষং বৈদেহরাজদুহিতর্য্যপযাপিতায়াং।

শ্রীধরস্বামী।

রক্ষসো রাবণস্য স্বসুঃ সূর্পণখায়াঃ অশুদ্ধ বুদ্ধেঃ সীতাং জিঘৃক্ষোঃ কামাতুরায়া ইতি বা রূপং ব্যকৃত বিকারমনয়ৎ। তস্যাঃ খর ত্রিশিরো দূষণ মুখ্যা বন্ধবো যেষু তান্ চতুর্দ্দশ সহস্রং জঘান। অপারণীয়মলঙ্ঘ্যং অসহ্যং কোদণ্ডং পাণৌ যস্য সঃ॥ ৮॥

সীতায়াঃ কথা শ্রবণেন দীপিতো হৃচ্ছয়ো যস্য তেন সীতাং হরিষ্যতা স্বস্মাত্তেন স্বস্যাশ্রমাদপকর্ষণার্থং সৃষ্টং নিসৃষ্টং মারীচং বিলোক্য জঘান কথং ভূতং অদ্ভুতেন বপুষা স্বর্ণহরিণদেহেনোপলক্ষিতং। অতএব প্রলোভনে তেনাশ্রমতোঽপকৃষ্টঃ সন্। কং দক্ষং যথা উগ্রঃ শ্রীরুদ্রঃ॥ ৯॥

ততশ্চ রক্ষোঽধমেন রাবণেন অসমক্ষ মপনীতায়াঃ প্রিয়য়াঃ বিযুক্তো ভ্রাতা লক্ষ্মণেন সহ কৃপণবৎ বনে বিচচার কিমভিপ্রায়ঃ সন্

ক্রমসন্দর্ভঃ।

ইতি অনেন প্রকারেণ পরম ভক্তানুকম্পোদ্দীপন প্রকারেণ স্ত্রীসঙ্গিণাং বা গতি শ্রেষ্ঠা বিলাপাদ্যা তামেব প্রথয়ন্ বিস্তারয়ংশ্চচার

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রক্ষসো রাবণস্য স্বসুঃ সূর্পণখায়া রূপং ব্যকৃতং কর্ণনাসাচ্ছেদেন বিকারমনয়ৎ জঘ্নে জঘান। অপারণীয়ং অন্যৈরসহ্যং কোদণ্ডং পাণৌ যস্য সঃ। ততশ্চ অটমানঃ বনে ভ্রমন্ কৃচ্ছ্রং সকষ্টমুবাস॥ ৮॥

ততশ্চ সূর্পণখামুখাৎ শ্রুত্বা সীতাং হরিষ্যতা রাবণেন স্বস্মাত্তেন স্বস্যাশ্রমাদপকর্ষণার্থং সৃষ্টং বিসৃষ্টং প্রেষিতং মারীচং বিলোক্য জঘান। কথম্ভূতং অদ্ভুতৈণবপুষা স্বর্ণহরিণশরীরেণোপলক্ষিতং স্বয়ং কথম্ভূতঃ আশ্রমতোঽপকৃষ্টঃ দূরং গতঃ। কং দক্ষং যথা উগ্রঃ শ্রীরুদ্রঃ॥ ৯॥

অধমেন রাবণেন বৃকবৎ বৃকেণেব অসমক্ষং পরোক্ষত এবাপযাপিতায়াঃ অপহৃতায়াং সত্যাং প্রিয়য়া প্রেমবত্যা সীতয়া বিযুক্তঃ বিপ্রলম্ভ শৃঙ্গার রসাশ্রয়ালম্বনী ভূতঃ প্রেমাণমেব বিপ্রলম্ভ রসময়ী ভূতমাস্বাদয়ন্ তদনুভাব সাত্ত্বিক সঞ্চার্য্যাদিকং বিলাপ মূর্চ্ছোন্মাদাদিকং প্রকটয়ন্নেব চচার। কথম্ভূতঃ ইতীত্যনেনৈব প্রকারেণ স্ত্রীসঙ্গিনাং গতিং বিলাপাদি দুঃখোদর্কাং প্রথয়ন্ বহির্দ্দর্শিনো জনান্ প্রখ্যাপয়ন্নিতি প্রণামাত্র মেতন্নতু বস্তুত ইত্যর্থঃ। অন্তর্দ্দর্শিনস্তু চিন্ময়ে স্মিন্ মহাবিষ্ণৌ জাতে দাশরথে

অরণ্য মধ্যে কামাতুরা সূর্পণখার কর্ণ নাসা ছেদন পূর্ব্বক রূপ বিকৃত করিয়া খর, দূষণ, ত্রিশিরা প্রভৃতি তদীয় মুখ্য বান্ধব সহিত চতুর্দ্দশ সহস্র রাক্ষস বিনষ্ট করিলেন। পরে অসহ্য ধনুঃ হস্তে লইয়া সতত ভ্রমণ করত কষ্টে বনবাস করিতে লাগিলেন॥ ৮॥

ইতি মধ্যে জনক তনয়া সীতার সৌন্দর্য্য বার্ত্তা শ্রবণে দশকন্ধরের কামানল প্রজ্বলিত হইল। সীতা হরণ মানসে রামচন্দ্রকে আশ্রম হইতে নিঃসৃত করণার্থ সেই দুরাত্মা মারীচ নামক রাক্ষসকে নিযুক্ত করিল। তাহাতে মারীচ অদ্ভুত মৃগরূপ ধারণ পূর্ব্বক রামচন্দ্রকে আশ্রম হইতে দূরে আকর্ষণ করিয়া লইয়া গেল। রামচন্দ্র দূরাপকর্ষিত হইয়া, যেমন ভগবান্ রুদ্র মৃগ রূপে ধাবমান ব্রহ্মার প্রতি বাণাঘাত করিয়াছিলেন তাহার ন্যায়, স্বর্ণ হরিণ দেহধারী সেই নিশাচরকে শাণিত শর দ্বারা আশু নিহত করিলেন॥ ৯॥

তাহার পর রাক্ষসাধম রাবণ বৃকের ন্যায়, বৈদেহরাজদুহিতা রাম বনিতাকে অপহরণ পূর্ব্বক অপনীত করিলে রামচন্দ্র প্রিয়তমা বিরহিত হইয়া, স্ত্রীসঙ্গিদিগের যে পরিণামে এই রূপ দুঃখদ গতি

ভ্রাত্রা বনে কৃপণবৎ প্রিয়য়া বিযুক্তঃ স্ত্রীসঙ্গিনাং গতিমিতি প্রথয়ংশ্চচার ॥ ১০ ॥
দগ্ধ্বাত্মকৃত্য হতকৃত্যমহন্ কবন্ধং সখ্যং বিধায় কপিভির্দয়িতাগতিং তৈঃ।
বুদ্ধাথ বালিনি হতে প্লবগেন্দ্রসৈন্যৈ র্বেলামগাৎ সমনুজোঽজ ভবার্চ্চিতাঙ্ঘ্রিঃ ॥ ১১ ॥
যদ্রোষ বিভ্রম বিবৃত্ত কটাক্ষপাত সংভ্রান্ত নক্র মকরো ভয়গীর্ণঘোষঃ।
সিন্ধুঃ শিরস্যর্হণং পরিগৃহ্য রূপী পাদারবিন্দমুপগম্য বভাষ এতৎ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ইত্যনেন প্রকারেণ স্ত্রীসঙ্গিনাং দুঃখোদর্কাং গতিং প্রখ্যাপয়ন্ ॥ ১০ ॥

আত্মার্থেন কৃতেন কর্ম্মণা রাবণেন সহ যুদ্ধেন হতং কৃত্যং শাস্ত্রীয়ং দহনাদিকং যস্য তং জটায়ুষং পুত্র ইব দগ্ধ্বা কবন্ধঃ স্বগ্রহণায় প্রসারিত বাহুঃ রাক্ষসমহন্। অথ বালিনি হতে তৈর্দয়িতা গতিঃ বুদ্ধা অজ ভবাভ্যামর্চ্চিতাবঙ্ঘ্রী যস্য সঃ স মনুজো বেলাং সমুদ্রতীরমগাৎ ॥ ১১ ॥

তত্র ত্রিরাত্রমুপবাসেন প্রতীক্ষিতোঽপি সিন্ধুর্যদা নোপস্থিতঃ তদা যস্য রোষ বিভ্রমেণ ক্রোধলীলয়া বিবৃত্তো যঃ কটাক্ষঃ তস্য পাতেন সংভ্রান্তা নক্রা মকরাশ্চ যস্মিন্। ভয়েন গীর্ণঃ গ্রস্তঃ স্তম্ভিতো ঘোষো যেন স সিন্ধুরেব তদ্বক্ষ্যমাণং বভাষে অর্হণমর্ঘ্যাদিকং। রূপী মূর্ত্তিমান্ ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ

ইতস্ততোবভ্রাম। ইদমেবোক্তং প্রিয়য়েতি। বক্ষ্যতেচ দয়িতেত্যাদি ॥ ১০ ॥

সঙ্গতোঽনুজঃ শ্রীলক্ষ্মণো যত্র তাদৃশঃ ॥ ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২। ২৩। ২৪। ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চচারেতি রামতাপনী শ্রুত্যাদি প্রমাণেন চিদানন্দময়মনো বুদ্ধীন্দ্রিয় শরীরস্য পরব্রহ্মণ স্তস্য দুঃখ সম্ভাবনাপি শাস্ত্রযুক্তি প্রতিকূলেতি পঞ্চমস্কন্ধীয় কিংপুরুষবর্ষ রাম প্রসঙ্গ ব্যাখ্যাত যুক্ত্যা জ্ঞানস্তোব ॥ ১০ ॥

আত্মার্থেন কৃতেন কর্ম্মণা রাবণেন সহ যুদ্ধেন হতং কৃত্যং শাস্ত্রীয়ং দহনাদিকং যস্য তং জটায়ুষং পুত্র ইব দগ্ধ্বা কবন্ধঃ স্বগ্রহণায় প্রসারিত বাহুঃ রাক্ষসমহন্ অথ বালিনি হতে সতি তৈঃ কপিভির্দয়িতা গতিঃ বুদ্ধা বেলাং সমুদ্রতীরং সমুজোরামঃ ॥ ১২ ॥

তত্র ত্রিরাত্রোপবাসেন প্রতীক্ষিতোপি সিন্ধু র্যদা নোপতস্থে তদা স্বৈশ্বর্য্যং সম্বারেত্যাহ যস্য রোষ বিভ্রমেণ ক্রোধবিলাসেন বিবৃত্তো বিকটোযঃ কটাক্ষপাত স্তেন সংভ্রান্তা বিপন্না নক্রা মকরাশ্চ যস্য সঃ। ভয়েন গীর্ণঃ গ্রস্তঃ স্তম্ভিতো ঘোষো যেন সঃ। অর্হণ মর্ঘ্যাদি পূজোপহারং ॥ ১১। ১২ ॥

হয়, ইহা প্রখ্যাত করত দীনবৎ ভ্রাতার সহিত বনে বনে ভ্রমণ করিতে লাগিলেন ॥ ১০ ॥

এক দিন পথিমধ্যে দৃষ্ট হইল তাঁহার নিমিত্ত কর্ম্ম করিয়া অর্থাৎ রাবণের সহিত সংগ্রাম করিয়া জটায়ু পক্ষী নিহত হইয়াছে, তাহার দেহ পড়িয়া রহিয়াছে, শাস্ত্রোক্ত সৎকার অর্থাৎ দাহনাদি সংস্কার কিছুই হয়নাই, অতএব পুত্রের ন্যায় ঐ পক্ষির শবদাহন পূর্ব্বক সৎকার করিলেন। পরে আপনাকে গ্রহণ করিবার নিমিত্ত বাহু প্রসারণ করিতেছিল যে একটা কবন্ধ, তাহার প্রাণসংহার করিলেন। পশ্চাৎ বানরবৃন্দের সহিত সখ্য করিয়া বালি বধানন্তর ঐ সকল কপি দ্বারা দয়িতার গতি অবগত হইলেন। তৎপরে বানরসেনা সহ সমুদ্র তীরে গমন করিলেন। তিনি মানবাবতার হইয়াছিলেন সত্য, কিন্তু মহেশ ও ব্রহ্মাও তাঁহার চরণপদ্ম অর্চ্চনা করিতেন ॥ ১১ ॥

সে যাহা হউক, রামচন্দ্র সাগর তটে উপনীত হইয়া ত্রিরাত্র উপবাস পূর্ব্বক সমুদ্রের আগমন প্রতীক্ষা করিলেন, তাহাতেও যখন জলনিধি স্বয়ং উপস্থিত না হইল তখন অতিশয় ক্রুদ্ধ হইলেন। ক্রোধ লীলায় রামচন্দ্রের কটাক্ষ এরূপ বিবৃত্ত হইয়াছিল যে পাতমাত্রে সাগরস্থ নক্র মকরাদি জলজন্তুগণ সাতিশয় উদ্বিগ্ন হইল। অনন্তর সমুদ্র ভয়ে আত্ম নিনাদ সংস্তম্ভন পূর্ব্বক মূর্ত্তিমান্ হইল এবং মস্তকে অর্ঘ্যাদি পূজোপহার ধারণ করিয়া রামচন্দ্রের পদারবিন্দের সমীপে উপস্থিত হওত কহিতে লাগিল ॥ ১২

ন ত্বাং বয়ং জড়ধিয়োনুবিদাম ভূমন্ কূটস্থমাদিপুরুষং জগতামধীশং।
যৎ সত্ত্বতঃ সুরগণা রজসঃ প্রজেশা মন্যোশ্চ ভূতপতয়ঃ স ভবান্ গুণেশঃ ॥ ১৩ ॥
কামং প্রযাহি জহি বিশ্রবসোঽবমেহং ত্রৈলোক্য রাবণমবাপ্নুহি বীরপত্নীং।
বধ্নীহ সেতুমিহ তে যশসো বিতত্যৈ গায়ন্তি দিগ্বিজয়িনো যমুপেত্য ভূপাঃ ॥ ১৪ ॥
বদ্ধোদধৌ রঘুপতির্বিবিধাদ্রিকূটৈঃ সেতুঃ কপীন্দ্র কর কম্পিত ভূরুহাঙ্গৈঃ।
সুগ্রীব নীল হনুমৎপ্রমুখৈরনীকৈ র্লঙ্কাং বিভীষণ দৃশাবিশদগ্রদগ্ধাং ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

ভাবণমেবাহ ন জানিমিতি দ্বাভ্যাং। এতাবৎ পর্যাস্তং তু নিশ্চিতং ত্বাং ন বিদাম ন জানীম ইত্যর্থঃ। ইদানীন্তু জ্ঞাতোঽসীত্যাহ যদিতি পৃথক্ পদং যস্যেত্যর্থঃ। যদংশেভ্যঃ সত্ত্বাদিভ্যঃ সুরগণাদয়ো ভবন্তি স ভবানিতি ॥ ১৩ ॥

কামং যথেচ্ছং জলমাক্রম্যাপি প্রযাহি অবমেহং পুরীষপ্রায়ং। ত্রৈলোক্যং রাবয়তি আক্রন্দয়তীতি তথা তং জহি। হে বীর যদ্যপি তব জলং প্রতিবন্ধকং ন ভবতি তথাপীহ সেতুং বধ্নীহি। তর্হি কিমর্থং তে যশসো বিস্তারায় তদেবাহ যং সেতুমুপেত্য দুষ্করং কর্ম্মাবেক্ষ্য ত্বদ্যশো গায়ন্তি ভূপাস্তং ॥ ১৪ ॥

তথাকামভিনন্দ্য যৎকৃতং তদাহ বদ্ধেতি বিবিধৈরদ্রীণাং কূটৈঃ শৃঙ্গৈঃ সেতুং বদ্ধা অগ্রে সীতান্বেষণে হনুমতৈব দগ্ধাং লঙ্কামবিশৎ। কথং ভূতৈঃ শৃঙ্গৈঃ কপীন্দ্রাণাং করৈঃ কম্পিতানি ভূরুহাণামঙ্গানি শাখাদীনি যেষু তৈঃ। বিভীষণস্য দৃশা বুদ্ধ্যা। কৈঃ সহাবিশৎ সুগ্রীবাদয়ঃ প্রমুখা যেষাং তৈরনীকৈঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জড়ধিয়ো জলনিষ্ঠাজ্ঞাঃ স্বশাস্তিমপ্রাপ্য ত্বাং ন বিদামঃ পশবোহি লগুড়প্রহার মনবাপ্য মনুষ্যং যথা ন গণয়ন্তি তথেতি ভাবঃ। নম্বধুনা পরিচিতোঽস্মি ন বা তত্রাহ যদিতি পৃথক্ পদং যস্যেত্যর্থঃ। মন্যোস্তমসঃ। তস্য গুণস্য গুণরূপ প্রধানস্য ঈশঃ নিয়ন্তাঃ ॥ ১৩ ॥

বিশ্রবসোঽবমেহং মূত্রতুল্যং ত্রৈলোক্যং রাবয়তি ক্রন্দয়তীতি তথা তং। যং সেতুমুপেত্য গায়ন্তি ত্বদ্যশো গাস্যন্তি ॥ ১৪ ॥

অদ্রি শৃঙ্গৈঃ কীদৃশৈঃ কপীন্দ্রাণাং করৈঃ কম্পিতানি ভূরুহাণামঙ্গানি শাখাদীনি যেষু তৈঃ। বিভীষণস্য দৃশা বুদ্ধ্যা ॥ ১৫ ॥

হে ভূমন্! আমরা জড়মতি,এ প্রযুক্ত এতাবৎ কাল পর্য্যন্ত আপনাকে জানিতে পারি নাই। আপনি নির্ব্বিকার আদি পুরুষ এবং জগদীশ্বর। অধিকন্তু যাঁহার বশবর্ত্তি সত্ত্বগুণ হইতে সুরগণ, রজোগুণ হইতে প্রজাপতি সকল,আর তমোগুণ হইতে ভূতপতি সকল উৎপন্ন হন আপনি সেই গুণেশ্বর ॥ ১৩ ॥

প্রভো! আপনার যেমন বাঞ্ছা হয়, আমার জল অতিক্রমণ করিয়া গমন করুন। বিশ্রবার বিষ্ঠা তুল্য দুরাত্মা রাবণ ত্রিভুবনের ক্লেশদায়ক,তাহাকে শীঘ্র বধ করুন এবং আপনকার পত্নীকে প্রাপ্ত হউন। হে বীর! যদিও আমার জল আপনকার গমনে প্রতিবন্ধক না হয় তথাপি ইহাতে সেতু বন্ধন করুন, তাহাতে আপনকার কীর্ত্তি চিরস্থায়িনী হইবে, যে হেতু এই সেতু সমীপে আসিয়া দুষ্কর কর্ম্ম নিরীক্ষন করিলে নৃপগণ অসংশয় আপনকার যশঃ গান করিবে ॥ ১৪ ॥

হে রাজন্! সাগরের ঐ রূপ বচন শ্রবণ করিয়া রামচন্দ্র বিবিধ পর্ব্বত শৃঙ্গ দ্বারা তাহার উপর সেতুবন্ধন করিলেন। সেই সকল গিরি শিখরে ভূরি ভূরি তরু ছিল,তৎ সমুদায়ের শাখা কপীন্দ্রদিগের কর দ্বারা অত্যর্থ কম্পিত হইয়াছিল। সে যাহা হউক। সেতুবন্ধন হইলে পর বিভীষণের পরামর্শ ক্রমে সুগ্রীব নীল হনুমান্ প্রভৃতি সেনাগণ সহিত রঘুপতি লঙ্কায় প্রবেশ করিলেন, সীতার অন্বেষণ সময়ে হনুমান্ তাহা অগ্রেই দগ্ধ করিয়াছিলেন ॥ ১৫ ॥

সা বানরেন্দ্রবলরুদ্ধ বিহারকোষ্ঠ শ্রীদ্বারগোপুরসদো বলভী বিটঙ্কা।
নির্ভজ্যমান ধিষণধ্বজ হেমকুম্ভ শৃঙ্গাটকা গজকুলৈ হ্রদিনীব ঘূর্ণা ॥ ১৬ ॥
রক্ষঃপতিস্তদবলোক্য নিকুম্ভ কুম্ভ ধূম্রাক্ষ দুর্ম্মুখ সুরান্ত নরান্তকাদীন্।
পুত্রং প্রহস্তমতিকায় বিকম্পনাদীন্ সর্ব্বানুগান্ সমহিনোদথ কুম্ভকর্ণং ॥ ১৭ ॥
তাং যাতুধান পৃতনামসি শূল চাপ প্রাসর্ষ্টি শক্তি শর তোমর খড়্গ দুর্গাং।
সুগ্রীব লক্ষ্মণ মরুৎ সুতগন্ধমাদ নীলাঙ্গদর্ক্ষ পনসাদিভিরন্বিতোঽয়াৎ ॥ ১৮ ॥
তেঽনীকপা রঘুপতেরভিপত্য সর্ব্বে দ্বন্দ্বং বরূথগিভপত্তি রথাশ্বযোধৈঃ।

শ্রীধরস্বামী।

ততঃ সা লঙ্কা ঘূর্ণা প্রচলিতা বভূব কথংভূতা বানরেন্দ্রাণাং বলৈরুদ্ধা বিহারাদয়ো যস্যাং সা নির্ভজ্যমানা ধিষণাদয়ো যস্যাং সা। তত্র বিহারঃ ক্রীড়া স্থানং। কোষ্ঠং ধান্যাগারাদি। শ্রীঃ কোষঃ দ্বারং গৃহাদীনাং। গোপুরং পুরদ্বারং সদঃ সভা। বলভী প্রাসাদাদি পুরো ভাগাচ্ছাদনী। বিটঙ্কঃ কপোতপালিকা। ধিষণং বেদিকাদি। শৃঙ্গাটকং চতুষ্পথঃ ॥ ১৬ ॥

রক্ষঃপতিঃ রাবণঃ। পুত্রং ইন্দ্রজিতং প্রহস্তাদীংশ্চ সমহিনোৎ প্রাযুঙ্ক্ত ॥ ১৭ ॥

অসিশূলাদিভির্দুর্গমাং তাং যাতুধানানাং পৃতনাং সুগ্রীবাদিভিরন্বিতঃ শ্রীরামঃ অয়াৎ। মরুৎসুতো হনুমান্ ঋক্ষো জাম্ববান্ ॥১৮

তে রঘুপতেরনীকপা অঙ্গদাদ্যাঃ সর্ব্বে রাবণস্য ইভাদিভি র্যদ্বরূথং সৈন্যং তত্র দ্বন্দ্বং যথা ভবতি তথাভিপত্য সঙ্গম্য ক্রমাদিভি-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বানরেন্দ্রাণাং বলৈরুদ্ধা বিহারাদয়ো যস্যাং বিহারঃ ক্রীড়াস্থানং। কোষ্ঠং ধান্যাগারাদি শ্রীঃ কোষঃ। দ্বারং গৃহদ্বারং গোপুরং পুরদ্বারং সদঃ সভা বলভী প্রাসাদোর্দ্ধ শিখর গৃহং। বিটঙ্কঃ কপোতপালিকা। ততশ্চ নির্ভজ্যমানাধিষণাদ্যা যস্যাং। ধিষণং বেদিকাদি শৃঙ্গাটকং চতুষ্পথং ঘূর্ণা ঘূর্ণিতা ॥ ১৬ ॥

পুত্র মিন্দ্রজিতং সমহিনোৎযুদ্ধার্থং প্রাযুঙ্ক্ত ॥ ১৭ ॥

অন্বিতঃ শ্রীরামঃ ॥ ১৮ ॥

তে রঘুপতেরনীকপা অঙ্গদাদ্যাঃ সর্ব্বে রাবণস্য ইভাদিভির্যদ্বরূথং সৈন্যং তত্র দ্বন্দ্বং যথা ভবতি তথাভিপত্য সংগম্য ক্রমাদিভি-

রামচন্দ্র সসৈন্যে প্রবিষ্ট হইবামাত্র গজসমূহ দ্বারা নদী যদ্রূপ প্রচলিত হয় তাহার ন্যায় লঙ্কাপুরী বিঘূর্ণিতা প্রায় হইল ; কারণ কপীন্দ্রদিগের সেনাগণ তত্রস্থ ক্রীড়াস্থান, ধান্যাগার, কোষ, গৃহাদির দ্বার, পুরদ্বার, সভা, বড়ভী অর্থাৎ প্রাসাদের অগ্রভাগাচ্ছাদনী এবং কপোতপালিকা প্রভৃতি রুদ্ধ করিতে লাগিল। আর বেদী, পতাকা, স্বর্ণকলস তথা চতুষ্পথ প্রভৃতি সমুদায় ভগ্ন করিয়াদিল ॥ ১৬ ॥

রক্ষঃপতি রাবণ ইহা দেখিয়া নিকুম্ভ, কুম্ভ, ধূম্রাক্ষ, দুর্ম্মুখ, সুরান্তক, নরান্তক প্রভৃতি সমস্ত অনুচর তথা ইন্দ্রজিৎ, প্রহস্ত, অতিকায়, বিকম্পনাদি পুত্রদিগকে পরে কুম্ভকর্ণকে প্রেরণ করিল ॥ ১৭ ॥

যদিও ঐ সকল রাক্ষস সেনা অসি, শূল, ধনুঃ, প্রাস, ঋষ্টি, শক্তি, শর, তোমর, খড়্গাদি বিবিধ শস্ত্রে অতিশয় দুর্দ্ধর্ষ ছিল তথাচ রামচন্দ্র মাল্যালঙ্কৃতের ন্যায় লক্ষ্মণ, সুগ্রীব, হনুমান্, গন্ধমাদন, নীল, অঙ্গদ, জাম্ববান্ এবং পনসাদি সেনাপতি সমন্বিত হইয়া তাহাদের প্রতি যাত্রা করিয়াছিলেন ॥ ১৮ ॥

হে রাজন্! রামচন্দ্রের ঐ সকল সেনাপতিগণ রাবণের হস্ত্যশ্বাদি সহিত যত সেনা আসিয়াছিল তন্মধ্যে যে রূপে দ্বন্দ্ব হয় সেই রূপ করিয়া পড়িতে লাগিল এবং পাষাণ, গদা, তথা বাণ ক্ষেপণ পূর্ব্বক তাহাদিগকে নিহত করিতে আরম্ভ করিল। হে মহারাজ! রাক্ষস সেনার ঐরূপ বিনাশ না হইবে

জঘ্নুদ্রুমৈর্গিরিগদেষুভিরঙ্গদাদ্যাঃ সীতাভিমর্ষ হতমঙ্গল রাবণেশান্ ॥ ১৯ ॥
রক্ষঃপতিঃ স্ববলনষ্টিমবেক্ষ্য রুষ্ট আরুহ্য যানকমথাভিসসার রামং ।
স্বঃস্যন্দনে দ্যুমতি মাতলিনোপনীতে বিভ্রাজমানমহনন্নিশিতৈঃ ক্ষুরপ্রৈঃ ॥ ২০ ॥
রামস্তমাহ পুরুষাদ পুরীষ যন্ন কান্তাসমক্ষঃ মসতাপহৃতা শ্ববত্তে ।
ত্যক্তত্রপস্য ফলমদ্য জুগুপ্সিতস্য যচ্ছামি কাল ইব কর্তুরলঙ্ঘ্যবীর্য্যঃ ॥ ২১ ॥
এবং ক্ষিপন্ ধনুষি সন্ধিতমুৎসসর্জ বাণং স বজ্রমিবতদ্ধৃদয়ং বিভেদ ।
সোঽসৃগ্বমন্ দশমুখৈর্ন্যপতদ্বিমানাদ্ধাহেতি জল্পতি জনে সুকৃতীব রিক্তঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী ।

জঘ্নুঃ কান্ সীতায়া অভিমর্ষেণ হতঃ মঙ্গলঃ যস্য স রাবণ ঈশো যেষাং তান্ ॥ ১৯ ॥

স্ববলস্য নষ্টিং নাশং অবেক্ষ্য রুষ্টঃ ক্রুদ্ধঃ সন্ যানকং পুষ্পকং বিমানং রথং বা আরুহ্য শ্রীরামমভিসসার অথ তং স্বঃ স্যন্দনে স্বর্গস্য ইন্দ্রস্য রথে মাতলিনা ইন্দ্রসারথিনা উপনীতে দ্যুমতি দীপ্তিযুক্তে বিভ্রাজমানমহনৎ অহন্ ॥ ২০ ॥

হে পুরুষাদ পুরীষ রাক্ষসেষু পুরীষ প্রায় । যদস্মাদপহৃতা শ্ববৎ শ্বা যথা অসমক্ষং গৃহং প্রবিশ্য কিমপি হরতি তদ্বৎ । তস্মাৎ জুগুপ্সিতস্য কর্ম্মণঃ কর্ত্তুস্তেঽদ্য কাল ইব অলঙ্ঘ্য বীর্য্যোঽহং ফলং যচ্ছামি । অধর্ম্ম কর্ত্তুঃ পুংসঃ কালোযথা যচ্ছতীতি বা ॥ ২১ ॥

রিক্তঃ ক্ষীণপুণ্যঃ সুকৃতী বিমানাদিব বিমানাৎ পুষ্পকান্ন্যপতদিতি বা ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

জঘ্নুঃ । কান্ সীতায়া অভিমর্ষেন হরণেন হতঃ মঙ্গলঃ যস্য তথা ভূতো রাবণ এব ঈশো যেষাং তান্ ॥ ১৯ ॥

যানকং পুষ্পকং বিমানং রথং বা । স্বঃস্যন্দনে স্বর্গীয় রথে দীপ্তি মতি মাতলিনা ইন্দ্রসারথিনা উপনীতে ভ্রাজমানং রামং অহনৎ অহন্ ক্ষুরপ্রৈঃ শরৈঃ ॥ ২০ ॥

হে পুরুষাদ রাক্ষসানাং পুরীষ তুল্য যদস্মাদপহৃতা শ্ববৎ শুনা যথা অসমক্ষমেব গৃহং প্রবিশ্য দ্রব্যমপহ্রিয়তে তদ্বৎ । অদ্য জুগুপ্সিতস্য কর্ম্মণঃ কর্ত্তুঃ কালো যম ইব অহং তে ফলং যচ্ছামি ॥ ২১ ॥

স বাণঃ তস্য রাবণস্য স রাবণঃ । রিক্তঃ ক্ষীণপুণ্যঃ সুকৃতী বিমানাদিব ন্যপতৎ ॥ ২২ ॥

কেন ? সীতার অভিমর্ষণে যাহার অশেষ কল্যাণ বিনষ্ট হয় সেই রাবণ তাহাদিগের অধিপতি ছিল ॥ ১৯

সে যাহা হউক, সৈন্যদিগের বিনাশ দর্শন করিয়া রক্ষস্পতি রাবণ পুষ্পক বিমানে আরোহণ পূর্ব্বক, রামচন্দ্রের প্রতি ধাবমান হইল। ঐ সময়ে ইন্দ্রসারথি মাতলি দীপ্তিশালি দেবেন্দ্রের রথ আনিয়া উপস্থিত করিলে রামচন্দ্র তাহাতে আরোহণ করিয়া বিরাজ করিতে লাগিলেন। তদ্দর্শনে দুষ্ট রাবণ সুতীক্ষ্ণ ক্ষুরপ্র ক্ষেপণ পূর্ব্বক আঘাত করিল ॥ ২০ ॥

রামচন্দ্র রাবণকে সম্বোধিয়া বলিলেন অরে দুষ্ট! তুই রাক্ষস মধ্যে পুরীষ প্রায়, কুক্কুর যেমন অসমক্ষে গৃহে প্রবেশ করিয়া কোন সামগ্রীচুরি করিয়া লইয়া যায়,তেমনি অসাক্ষাতে আমার কান্তা অপহরণ করিয়া লইয়া গিয়াছিস্, তুই অতি নির্লজ্জ, গর্হিত কর্ম্ম করিস্, আমি অলঙ্ঘ্যবীর্য্য, এখনি কৃতান্তের ন্যায় তোর জুগুপ্সিত কর্ম্মের ফল দিচ্ছি ॥ ২১ ॥

এই প্রকার ভর্ৎসনা করিয়া ধনুকে যে শর সন্ধান করা ছিল তৎক্ষণাৎ নিক্ষেপ করিলেন, তাহাতে বজ্রতুল্য সেই বাণ রাবণের হৃদয়ে পতিত হইয়া নির্ভিন্ন করিল। দশমুখ রাবণ দশমুখে শোণিত বমন করিতে করিতে ক্ষীণপুণ্য সুকৃতি যেমন বিমান হইতে পতিত হয় তাহার ন্যায়, পুষ্পক রথ হইতে পড়িয়া গেল। তদবলোকনে সকল লোক হাহাকার করিতে লাগিল ॥ ২২ ॥

ততোনিষ্ক্রম্য লঙ্কায়া যাতুধান্যঃ সহস্রশঃ। মন্দোদর্য্যা সমং তত্র প্ররুদন্ত্য উপাদ্রবন্।
স্বান্ স্বান্ বন্ধূন্ পরিষ্বজ্য লক্ষ্মণেষুভিরর্দ্দিতান্। রুরুদুঃ সুস্বরং দীনা ঘ্নন্ত্য আত্মানমাত্মনা ॥২৩॥
হা হতাঃ স্ম বয়ং নাথ লোকরাবণ রাবণ। কং যায়াচ্ছরণং লঙ্কা ত্বদ্বিহীনা পরার্দ্দিতা ॥
ন বৈ বেদ মহাভাগ ভবান্ কামবশং গতঃ। তেজোঽনুভাবং সীতায়া যেন নীতো দশামিমাং॥২৪॥
কৃতৈষা বিধবা লঙ্কা বয়ঞ্চ কুলনন্দন। দেহঃ কৃতোঽন্নং গৃধ্রাণামাত্মানরকহেতবে ॥ ২৫ ॥
শ্রীশুক উবাচ ॥
স্বানাং বিভীষণশ্চক্রে কোশলেন্দ্রানুমোদিতঃ। পিতৃমেধ বিধানেন যদুক্তং সাম্পরায়িকং ॥
ততো দদর্শ ভগবানশোকবনিকাশ্রমে। ক্ষামাং স্ববিরহব্যাধিং শিংশপামূলমাশ্রিতাং ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

রাক্ষস স্ত্রীণাং বিলাপমাহ তত ইতি পঞ্চভিঃ। মন্দং স্বল্পমুদরং যস্যাঃ তয়া রাবণ ভার্য্যয়া সহ ॥ ২৩ ॥
পরৈরর্দ্দিতা ॥ ২৪ ॥
গৃধ্রাণাং ভক্ষ্যঃ। নরকহেতবে নরকভোগায় ॥ ২৫ ॥
সাম্পরায়িকং ঔর্দ্ধদেহিকং ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

ততো দদর্শ সীতামিতি শেষঃ ॥ ২৬। ২৭। ২৮। ২৯। ৩০। ৩১। ৩২। ৩৩। ৩৪। ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মন্দোদর্য্যা রাবণভার্য্যায়া ॥ ২৩। ২৪ ॥
অন্নং ভক্ষ্যঃ নরকহেতবে নরকভোগায় ॥ ২৫ ॥
সাম্পরায়িকমৌর্দ্ধদেহিকং ॥ ২৬ ॥

তদনন্তর সহস্র সহস্র রাক্ষসী লঙ্কা হইতে নির্গত হইয়া মন্দোদরী নাম্নী রাবণ বনিতার সহিত রোদন করিতে করিতে রণস্থলে ভ্রমণ করিতে লাগিল। লক্ষ্মণের বাণে তাহাদের যে যে বন্ধু বান্ধব নির্ভিন্ন হইয়া রণশায়ী হইয়াছিল, তাহাদিগকে আলিঙ্গন করিয়া আপনা আপনি বক্ষঃস্থলে আঘাত করত করুণস্বরে রোদন আরম্ভ করিল ॥ ২৩ ॥

আর কহিল হা নাথ! আমরা হতা হইলাম। হে রাবণ! তুমি লোক রাবণ ছিলে, আমাদের লঙ্কাপুরী তোমা বিহীন হইয়া শত্রু কর্ত্তৃক নিপীড়িত হইতেছে, এক্ষণে কাহার শরণ প্রাপ্ত হইবে? হে মহাভাগ! তুমি কামবশ হইয়া একেবারে হত বুদ্ধি হইয়াছিলে? জনকনন্দিনীর প্রভাব ও অনুভাব জানিতে পার নাই, তাহাতেই এই দশা প্রাপ্ত হইলে ॥ ২৪ ॥

হে কুলনন্দন! তোমা হইতেই এই লঙ্কা এবং আমরা পতি হীনা হইলাম। তুমি আত্মদোষে আপনার দেহকে গৃধ্রগণের ভক্ষ্য ও আত্মাকে নরকভাগি করিলে ॥ ২৫ ॥

শুকদেব কহিলেন অনন্তর বিভীষণ কোশলাধিপতি রামচন্দ্র কর্ত্তৃক অনুমোদিত হইয়া পিতৃযজ্ঞ বিধান ক্রমে জ্ঞাতিদিগের ঔর্দ্ধদেহিক ক্রিয়াকলাপ নির্ব্বাহ করিলেন। তাহার পর রামচন্দ্র অশোক বনিকাশ্রমে গমন করিলেন। তথায় শিংশপা তরুমূলে অবস্থিতা অতি ক্ষীণা স্বীয় বিরহ ব্যাধির ন্যায় জনকনন্দিনী তাঁহার দৃষ্টিপথবর্ত্তিনী হইলেন ॥ ২৬ ॥

রামঃ প্রিয়তমাং ভার্য্যাং দীনাং বাক্যান্বকম্পত। আত্ম সন্দর্শনাহ্লাদ বিকসন্মুখপঙ্কজাং ॥
আরোপ্যারুরুহে যানং ভ্রাতৃভ্যাং হনুমদ্যুতঃ ॥ ২৭ ॥
বিভীষণায় ভগবান্ দত্ত্বা রক্ষোগণেশতাং। লঙ্কামায়ুশ্চ কল্পান্তং যযৌ চীর্ণব্রতঃ পুরীং ॥
অবকীর্য্যমাণঃ কুসুমৈ র্লোকপালার্পিতৈঃ পথি। উপগীয়মানচরিতঃ শতধৃত্যাদিভির্মুদা ॥ ২৮ ॥
গোমূত্রযাবকং শ্রুত্বা ভ্রাতরং বল্কলাম্বরং। মহাকারুণিকোঽতপ্যজ্জটিলং স্থণ্ডিলেশয়ং ॥ ২৯ ॥
ভরতঃ প্রাপ্তমাকর্ণ্য পৌরামাত্য পুরোহিতৈঃ। পাদুকে শিরসি ন্যস্য রামং প্রত্যুদ্যতোঽগ্রজং ॥
নন্দিগ্রামাৎ স্বশিবিরাৎ গীতবাদিত্র নিস্বনৈঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

আত্মনঃ স্বস্য দর্শনে য আহ্লাদ স্তেন বিকসৎ মুখপঙ্কজং যস্যা স্তাং। যানং পুষ্পকং। ভ্রাতৃভ্যাং লক্ষ্মণ সুগ্রীবাভ্যাং ॥ ২৭ ॥
আয়ুশ্চ দত্ত্বা তেনাপি যষ্টৈব যযৌ ॥ ২৮ ॥
গোমূত্র যাবকং গোমূত্রপক্ক যবান্নভোজনং ভ্রাতরং ॥ ২৯ ॥
স্ব শিবিরাৎ রামং বিনাঽযোধ্যামপ্রবিশন্ স্বস্য বহির্বাসং নির্ম্মিতবান্ তস্মাৎ সকাশাৎ পৌরাদিভির্যুক্তো রামং প্রত্যুদ্যতঃ অভিমুখং যযৌ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সীতাং আরোপ্য ভ্রাতৃভ্যাং রাম লক্ষ্মণাভ্যাং আরুরুহে যানং পুষ্পকং। হনুমদ্যুতঃ হনুমতা সহ যুৎ সাহিত্যং প্রাপ্যায়ু মিশ্রণে ভাব কিবন্তান্নল্লোপে পঞ্চমী ॥ ২৭। ২৮ ॥ গোমূত্রযাবকং। গোমূত্র পক্কযবান্নভোজিনং ॥ ২৯ ॥
স্বশিবিরাৎ স্বীয় সৈন্যস্থানাৎ। গীতাদিভির্যুক্তঃ। পঠতাং ব্রহ্মবাদিনাং বেদঘোষেণচ। স্বর্ণরসাক্তাঃ কক্ষাঃ প্রান্তাযাসাং তাভিঃ পতাকাভিঃ। পুরট বর্ম্মভিঃ স্বর্ণকবচ যুক্তৈঃ। পারমেষ্ঠ্যানি ছত্র চামরাদি রাজ চিহ্নানি। পণ্যানি বহু মূল্যানি রত্নাদীনিচ ॥ ৩০। ৩১। ৩২। ৩৩। ৩৪ ॥

প্রিয়তমা বনিতাকে অতিশয় দীনা অবলোকন করিবা মাত্র রামচন্দ্রের হৃদয় অনুকম্পায় আর্দ্র হইল, কিন্তু পতি দর্শনে আনন্দোদয় হওয়াতে জানকীর বদন পদ্ম বিকসিত হইতে লাগিল। সে যাহা হউক, লক্ষ্মণ ও সুগ্রীব দ্বারা রামচন্দ্র জনকতনয়াকে যানে আরোহণ করাইয়া পরে হনুমানের সহিত আপনি রথারূঢ় হইলেন ॥ ২৭ ॥

অনন্তর বিভীষণকে রক্ষোগণের অধিপতি করিয়া লঙ্কা ও কল্পান্ত পর্য্যন্ত পরমায়ুঃ প্রদান করিলেন। পরে ব্রত সমাপন পূর্ব্বক তাহার সহিত অযোধ্যাপুরী যাত্রা করিলেন। পথে রামচন্দ্রের উপর লোকপালদিগের হস্তোন্মুক্ত পুষ্পবৃষ্টি পড়িতে লাগিল এবং শতধৃতি প্রভৃতি গন্ধর্ব্ববৃন্দ পরম আনন্দে তদীয় চরিত্র গান করিতে লাগিল ॥ ২৮ ॥

রামচন্দ্র আসিতে ২ শুনিলেন ভ্রাতা ভরত অযোধ্যার বহির্ভাগে শিবির করিয়া জটিল ও স্থণ্ডিলশায়ী এবং বল্কলাম্বরধারী হইয়া আছেন,প্রাণ ধারণার্থ গোমূত্র পক্ক যবান্ন মাত্র ভোজন করেন, অতএব করুণার্দ্র হৃদয় হইয়া তদর্থ সন্তাপ করিতে লাগিলেন ॥ ২৯ ॥

এ দিকে ভরত অবগত হইলেন রামচন্দ্র প্রত্যাগমন করিতেছেন অতএব তাঁহার প্রস্থানের পর আপনি অযোধ্যায় প্রবেশ না করিয়া বাসার্থ নন্দিগ্রামে যে শিবির নির্ম্মাণ করিয়াছিলেন তথা হইতে অমাত্য পুরোহিত ও পুরবাসিগণ সহিত মিলিত হইয়া আনিবার নিমিত্ত তাঁহার অভিমুখে গমন করিলেন এই সময় তদুপলক্ষে গীত বাদ্যের ধ্বনি ॥ ৩০ ॥

ব্রহ্মঘোষেণ চ মুহুঃ পঠদ্ভির্ব্রহ্মবাদিভিঃ ॥ ৩১ ॥

স্বর্ণকক্ষপতাকাভির্হৈমৈশ্চিত্রধ্বজৈরথৈঃ। সদশ্বৈরুক্মসন্নাহৈর্ভটৈঃ পুরট বর্ম্মভিঃ ॥

শ্রেণীভির্ব্বারমুখ্যাভির্ভৃত্যৈশ্চৈব পদানুগৈঃ ॥ ৩২ ॥

পারমেষ্ঠ্যান্যুপাদায় পণ্যান্যুচ্চাবচানিচ। পাদয়োর্ন্যপতৎ প্রেম্না বিক্লিন্ন হৃদয়েক্ষণঃ ॥ ৩৩ ॥

পাদুকে ন্যস্য পুরতঃ প্রাঞ্জলির্বাস্পলোচনঃ। তমাশ্লিষ্য চিরং দোর্ভ্যাং স্নাপয়ন্নেত্রজৈর্জলৈঃ ॥৩৪

রামো লক্ষ্মণ সীতাভ্যাং বিপ্রেভ্যো যে অর্হত্তমাঃ। তেভ্যঃ স্বয়ং নমশ্চক্রে প্রজাভিশ্চ নমস্কৃতঃ ॥

ধুন্বন্ত উত্তরাসঙ্গান্ পতিং বীক্ষ্য চিরাগতং। উত্তরাঃ কোশলা মাল্যৈঃ কিরন্তো ননৃতুর্মুদা ॥ ৩৫ ॥

পাদুকে ভরতোঽগৃহ্লাচ্চামর ব্যজনোত্তমে। বিভীষণঃ স সুগ্রীবঃ শ্বেতচ্ছত্রং মরুৎসুতঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

ব্রহ্মঘোষেণ বৃহতা ঘোষেণ পঠদ্ভিঃ ॥ ৩১ ॥

স্বর্ণরমাত্তাঃ কক্ষাঃ প্রান্তা যাসাং তাভিঃ পতাকাভিঃ হৈমৈরিতি চত্বারি রথ বিশেষণানি ॥ ৩২ ॥

পারমেষ্ঠ্যানি রাজার্হানি ছত্র চামরাদীনি। প্রেম্না বিক্লিন্নং হৃদয়ং ঈক্ষণেচ নেত্রে যস্য ॥ ৩৩ ॥

নেত্রজৈর্জলৈঃ স্নাপয়ন্নাশ্লিষ্য ॥ ৩৪ ॥ যে অর্হত্তমাঃ কুলবৃদ্ধাস্তেভ্যোঽপি নমশ্চক্রে ॥ ৩৫ ॥

অযোধ্যা প্রবেশ প্রকারমাহ পাদুকে ইতি সার্দ্ধৈস্ত্রিভিঃ ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

পাদুকেত্যর্দ্ধকং। বাস্পলোচনোঽভূদিতি শেষঃ ॥ ৩৬। ৩৭। ৩৮। ৩৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উত্তরাঃ কোশলা অযোধ্যাবাসিনঃ। উত্তরাসঙ্গান্ উত্তরীয়ান্ ধুন্বন্তঃ কম্পয়ন্তো ননৃতুঃ ॥ ৩৫ ॥

অযোধ্যা প্রবেশ প্রকারমাহ পাদুকে অগৃহ্লাৎ ভরতোঽগ্রবর্ত্তী। বিভীষণ সুগ্রীবৌ পার্শ্বদ্বয়বর্ত্তিনৌ চামরব্যজনহস্তৌ শ্বেত ছত্রধারী হনুমান্ পৃষ্ঠবর্ত্তী ॥ ৩৬। ৩৭ ॥

তথা অধ্যয়নকারি ব্রহ্মবাদি ব্রাহ্মণদিগের বেদ ধ্বনি হওয়াতে সাতিশয় কোলাহল হইল ॥ ৩১ ॥

আর যে সকলের প্রান্তভাগ স্বর্ণমণ্ডিত, তাদৃশ বহু পতাকা তথা চিত্রধ্বজে শোভিত সদশ্ব সমন্বিত অসংখ্য স্বর্ণময় রথ, বর্ম্মবদ্ধ ভূরি ভূরি সেনা, শ্রেণীবদ্ধ বহু বহু বরাঙ্গনা এবং পদচারী বহুতর ভৃত্য সঙ্গে গেল ॥ ৩২ ॥

সে যাহা হউক, রাজযোগ্য ছত্র চামরাদি ও উচ্চাবচ বহু মূল্য রত্নাদি গ্রহণ করিয়া সাক্ষাৎ হইবা মাত্র সমর্পণ পূর্ব্বক ভরত অগ্রজের পদতলে পতিত হইলেন, প্রেমাশ্রু ধারায় তাঁহার হৃদয় ও নয়ন আকুল হইল ॥ ৩৩ ॥

আদৌ কৃতাঞ্জলিপুটে পাদুকাদ্বয় সম্মুখে স্থাপন করিলেন, পরে অশ্রুপূর্ণ লোচন হইয়া নয়ন জলে স্নান করাইতে করাইতে অনেক ক্ষণ পর্য্যন্ত বাহু দ্বারা আলিঙ্গন করিয়া রহিলেন ॥ ৩৪ ॥

অনন্তর রামচন্দ্র লক্ষ্মণ ও সীতার সহিত মিলিত হইয়া ব্রাহ্মণ এবং কুলবৃদ্ধ ব্যক্তিদিগকে নমস্কার করিলেন, তাহার পর প্রজারা তাঁহাকে নমস্কার করিতে লাগিল। আর উত্তর কোশলাস্থ সমস্ত মানব বহুকালের পর আপনাদিগের অধিপতিকে আগত দেখিয়া আনন্দসাগরে মগ্ন এবং স্ব স্ব উত্তরীয় বসন কম্পিত করত হর্ষে পুষ্প মালা বর্ষণ ও নৃত্য আরম্ভ করিল ॥ ৩৫ ॥

হে রাজন্! রামচন্দ্র যখন অযোধ্যায় প্রবিষ্ট হন তৎকালে ভরত পাদুকাদ্বয় গ্রহণ করিয়াছিলেন, বিভীষণ ও সুগ্রীব চামর এবং ব্যজন লইয়াছিলেন পবনতনয় শ্বেতচ্ছত্র ধারণ করিলেন ॥ ৩৬ ॥

ধনুর্নিষঙ্গাঞ্ছত্রুঘ্নঃ সীতা তীর্থকমণ্ডলুং। অবিভ্রদঙ্গদঃ খড়্গং হৈমং বর্ম্মর্ক্ষরাণ্‌ নৃপ ॥
পুষ্পকস্থোনুতঃ স্ত্রীভিস্তূয়মানশ্চ বন্দিভিঃ। বিরেজে ভগবান্ রাজন্ গ্রহৈশ্চন্দ্র ইবোদিতঃ ॥৩৭॥
ভ্রাত্রাভিনন্দিতঃ সোহথ সোৎসবাং প্রাবিশৎ পুরীং। প্রবিশ্য রাজভবনং গুরুপত্নীঃ স্বমাতরং।
গুরূন্ বয়স্যাবরজান্ পূজিতঃ প্রত্যপূজয়ৎ। বৈদেহী লক্ষ্মণশ্চৈব যথাবৎ সমুপেয়তুঃ ॥ ৩৮ ॥
পুত্রান্ স্বমাতরস্তাস্তু প্রাণাংস্তন্ব ইবোত্থিতাঃ। আরোপ্যাঙ্কেঽভিষিঞ্চন্ত্যো বাষ্পৌঘৈর্বিজহুঃ শুচঃ।
জটা নির্ম্মুচ্য বিধিবৎ কুলবৃদ্ধৈঃ সমং গুরুঃ। অভ্যষিঞ্চদ্যথৈবেন্দ্রং চতুঃসিন্ধুজলাদিভিঃ।
এবং কৃত শিরঃ স্নানঃ সুবাসাঃ স্রগ্ব্যলঙ্কৃতঃ। স্বলঙ্কৃতৈঃ সুবাসোভির্ভ্রাতৃভির্ভার্য্যয়া বভৌ।
অগ্রহীদাসনং ভ্রাত্রা প্রণিপত্য প্রসাদিতঃ। প্রজাঃ স্বধর্ম্মনিরতা বর্ণাশ্রম গুণান্বিতাঃ।
জুগোপ পিতৃবদ্রামো মেনিরে পিতরঞ্চ তং। ত্রেতায়াং বর্ত্তমানায়াং কালঃ কৃতসমোঽভবৎ।

শ্রীধরস্বামী।

ধনুশ্চ নিষঙ্গৌচ তান্। ৩৭।
গুরুপত্নীঃ কৈকেয্যাদ্যাঃ বয়স্যান্ অবরজাংশ্চ ॥ ৩৮ ॥
বাষ্পৌঘৈরভিষিঞ্চন্ত্যঃ শুচঃ শোকান্ বিজহুঃ ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গুরুপত্নীঃ কৈকেয্যাদ্যাঃ স্বমাতরং কৌশল্যাঞ্চ। গুরূনন্যাংশ্চ গুরুলোকান্ বন্দিত্বা বয়স্যানবরজাংশ্চ প্রত্যপূজয়ৎ তৈঃ পূজিতঃ সন্ ॥ ৩৮ ॥
যথাবৎ যথোচিতং বন্দনাদিভিঃ সমাগুপেয়তুঃ ॥ ৩৯ ॥

শত্রুঘ্ন ধনুক ও তূণ, সীতা তীর্থোদকের কমণ্ডলু আর অঙ্গদ খড়্গ ও ঋক্ষরাজ স্বর্ণময় বর্ম্ম ধারণ করিয়া আসিলেন। রামচন্দ্র পুষ্পক রথে অবস্থিত হইয়া যখন নারীগণ কর্ত্তৃক প্রশংসিত এবং বন্দিবৃন্দ কর্ত্তৃক স্তুত হয়েন তখন গ্রহগণ সহ সমুদিত নিশাকরের যদ্রূপ শোভা হয়,তাঁহার তদ্রূপ শোভা হইয়াছিল ॥ ৩৭ ॥

সে যাহা হউক,ভ্রাতৃকর্ত্তৃক অভিনন্দিত হইয়া রামচন্দ্র উৎসবান্বিত পুরীমধ্যে প্রবেশ করিলেন। তদনন্তর রাজভবনের অভ্যন্তর গিয়া কৈকেয়ী প্রভৃতি গুরুপত্নী এবং আপনার জননী তথা গুরুদিগের পূজা করিলেন, পরে বয়স্য ও কনিষ্ঠ ব্যক্তিদের কর্ত্তৃক পূজিত হইয়া তাহাদিগেরও যথোচিত সম্মান করিলেন, পশ্চাৎ সীতা ও লক্ষ্মণও যথা নিয়মে সেই সকল গুরুজনের সন্নিধানে গমন করিলেন ॥ ৩৮ ॥

প্রাণ প্রাপ্ত হইলে যেমন দেহ উত্থিত হয় তাহার ন্যায় স্ব স্ব তনয় পাইবামাত্র মাতৃগণ সহসা উত্থিত হইলেন এবং তাহাদিগকে ক্রোড়ে আরোপণ করিয়া বাষ্পবারি দ্বারা অভিষেক করত শোক সন্তাপ পরিত্যাগ করিলেন। অনন্তর বশিষ্ঠ মুনি রামচন্দ্রের জটা মোচন করাইয়া কুলবৃদ্ধ ব্যক্তিদিগের সহিত মিলিয়া সাগরোদক প্রভৃতি দ্বারা দেবেন্দ্রের ন্যায় অভিষেক করিলেন। হে রাজন্! রামচন্দ্র উক্ত প্রকারে শিরঃস্নাত হইয়া প্রথমে সুশোভন বসন পরিধান করিলেন, পরে মাল্য ও অলঙ্কারে অলঙ্কৃত হইয়া বসন ভূষণে ভূষিত ভ্রাতৃবর্গ তথা ভার্য্যার সহিত দীপ্তি পাইতে লাগিলেন। তদনন্তর ভরত প্রণিপাত পূর্ব্বক প্রসন্ন করাইলে রাজসিংহাসন গ্রহণ করিলেন এবং স্বধর্ম্ম নিরত ও বর্ণাশ্রম গুণোপেত প্রজা পুঞ্জকে পিতৃবৎ পালন করিতে প্রবৃত্ত হইলেন। প্রজারাও তাঁহাকে পিতা বলিয়া মান্য করিতে থাকিল। হে রাজন্! সর্ব্ব প্রাণির সুখাবহ ধর্ম্মজ্ঞ রামচন্দ্র রাজা হইলে পর,যদিও

রামে রাজনি ধর্ম্মজ্ঞে সর্ব্বভূতসুখাবহে। বনানি নদ্যো গিরয়ো বর্ষাণি দ্বীপ সিন্ধবঃ।
সর্ব্বে কামদুঘা আসন্ প্রজানাং ভরতর্ষভ। নাধি ব্যাধি জরা গ্লানি দুঃখ শোক ভয় ক্লমাঃ।
মৃত্যুশ্চানিচ্ছতাং নাসীদ্রামে রাজন্যধোক্ষজে। একপত্নীব্রতধরো রাজর্ষি চরিতং শুচিঃ।
স্বধর্ম্মং গৃহমেধীয়ং শিক্ষয়ন্ স্বয়মাচরৎ। প্রেম্নানুবৃত্ত্যা শীলেন প্রশ্রয়াবনতা সতী।
ভিয়া হ্রিয়াচ ভাবজ্ঞা ভর্ত্তুঃ সীতা হরন্মনঃ ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে শ্রীরামচরিতে দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

ভগবানাত্মনাত্মানং রাম উত্তম কল্পকৈঃ। সর্ব্বদেবময়ং দেবমীজেঽথাচার্য্যবান্মখৈঃ।
হোত্রেঽদদাদ্দিশং প্রাচীং ব্রহ্মণে দক্ষিণাং প্রভুঃ। অধ্বর্য্যবে প্রতীচীং বা উত্তরাং সামগায় সঃ ॥ ১
আচার্য্যায় দদৌ শেষাং যাবতী ভূস্তদন্তরা। মন্যমান ইদং কৃৎস্নং ব্রাহ্মণোঽর্হতি নিস্পৃহঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি নবমে দশমঃ ॥ * ॥

ততস্ত্বেকাদশেঽযোধ্যামাবসন্নানুজৈঃ সহ। যজ্ঞাদি যচ্চকারেশো রামস্তদনুবর্ণ্যতে ॥ ১ ॥

তদন্তরা তাসাং দিশাং মধ্যে যাবতী ভূস্তাং ব্রাহ্মণ এবার্হতীতি মন্যমানঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে দশমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

ভগবানাত্মনাত্মানমযজীৎ ইতি লোকসংগ্রহার্থমিত্যর্থঃ ॥ ১। ২। ৩। ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমে দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

যথাশ্চকার তত্যাজ সীতাং সা বিবরং গতা। স পুন্ দিগ্বিজয়েঽযুত্‌ক্ত রাম একাদশে বিভুঃ ॥ * ॥

আত্মনাত্মানমিতি যজ্ঞসাধনস্য যজনীয়স্যচ স্বভিন্নস্যাভাবাৎ ॥ ১ ॥

তদন্তরা তাসাং দিশাং মধ্যে যাবতী ভূস্তাং শেষভূতাং ব্রাহ্মণজাতিমেব বন্দনপাত্রীকরোতি তত্র হেতুঃ। ইদং কৃৎস্নমেব

তখন ত্রেতাযুগ প্রবর্ত্তমান ছিল তথাচ সেই কাল সত্যকালের সমান হইল। সমুদ্র নদ নদী গিরি অরণ্য দ্বীপ বর্ষ সকলই প্রজাদিগের পক্ষে কামধুক্ হইল। অপর অধোক্ষজ রামচন্দ্রের রাজত্বে রাজ্যমধ্যে আধি ব্যাধি জরা শোক দুঃখ ভয় গ্লানি অথবা ক্লান্তি কিছুই রহিল না, ইচ্ছা না করিলে মৃত্যু কাহারও প্রতি আক্রমণ করিতে সমর্থ হইত না। হে রাজন্! রামচন্দ্র শুচি ও একপত্নীব্রতধারী হইয়া লোকদিগকে রাজর্ষিদিগের অনুষ্ঠিত গৃহমেধীয় ধর্ম্ম উপদেশ করত স্বয়ং অনুষ্ঠান করিতে লাগিলেন। আর ভাবজ্ঞা সীতাদেবী প্রশ্রয়াবনতা হইয়া প্রণয়, আনুগত্য, শীলতা, ভয় এবং লজ্জা দ্বারা তদীয় চিত্ত হরণ করিতে তৎপর হইলেন ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি নবমে দশম ॥ * ॥

একাদশাধ্যায়ে অনুজদিগের সহিত রামচন্দ্রের অযোধ্যায় বাস এবং যজ্ঞাদির অনুষ্ঠান ॥ * ॥

শুকদেব কহিলেন তদনন্তর ভগবান্ রামচন্দ্র আচার্য্য সমন্বিত হইয়া উত্তমোত্তম যাগ যজ্ঞ করিয়া সর্ব্বদেবময় পরম দেব আপনারই অর্চ্চনায় নিযুক্ত হইলেন। যজ্ঞান্তে হোতাকে পশ্চিম দিক্, ব্রহ্মাকে দক্ষিণদিক্, অধ্বর্য্যুকে পশ্চিম দিক্ এবং সামগানকারিকে উত্তর দিক্ দান করিলেন ॥ ১ ॥

আর ঐ সকল দিকের মধ্যস্থিত যত ভূমি ছিল। "এ সমুদায় ব্রাহ্মণেই পাইবার যোগ্য" ইহা

ইত্যয়ং তদলঙ্কার বাসোভ্যামবশেষিতঃ। তথা রাজ্ঞ্যপি বৈদেহী সৌমঙ্গল্যাবশেষিতা।
তেতু ব্রাহ্মণদেবস্য বাৎসল্যং বীক্ষ্য সংস্তুতং। প্রীতাঃ ক্লিন্নধিয়স্তস্মৈ প্রত্যর্প্যেদং বভাষিরে ॥৩॥
অপ্রত্তং ন স্ত্বয়া কিং নু ভগবন্ ভুবনেশ্বর। যন্নোঽন্তর্হৃদয়ং বিশ্য তমোহংসি স্বরোচিষা ॥ ৪ ॥
নমো ব্রহ্মণ্যদেবায় রামায়াকুণ্ঠমেধসে। উত্তমঃশ্লোক ধুর্য্যায় ন্যস্তদণ্ডার্পিতাঙ্ঘ্রয়ে।
কদাচিল্লোকজিজ্ঞাসু র্গূঢ়োরাত্র্যামলক্ষিতঃ। চরন্ বচো শৃণোদ্রামো ভার্য্যামুদ্দিশ্য কস্যচিৎ।
নাহং বিভর্ম্মি ত্বাং দুষ্টামসতীং পরবেশ্মগাং। স্ত্রৈণোহি বিভৃয়াৎ সীতাং রামো নাহং ভজে পুনঃ ॥৫

শ্রীধরস্বামী।

অয়ং শ্রীরামঃ তদ্বদা সৌমঙ্গল্যমাত্রণাদিকং তাবন্মাত্রমবশেষিতং যস্যাঃ। তদ্ব্যতিরিক্তং হিরণ্যাদি সর্ব্বং দদাবিত্যর্থঃ ॥ ৩ ॥
অপ্রত্তং অপ্রদত্তং বিশ্য প্রবিশ্য ॥ ৪ ॥ ন্যস্তদণ্ডৈ মুনিভিরর্পিতৌ চিত্তে স্থাপিতাবঙ্ঘ্রী যস্য তস্মৈ সেবার্পিতাবঙ্ঘ্রী যেনেতি বা ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ

অথ বৈরাগ্য লীলা বাঞ্জকং সর্ব্বলোক পরিত্যাগ লীলারম্ভং কর্ত্তুং লক্ষ্যমাহ কদাচিদিতি। কস্যচিৎ কুতশ্চিদকস্মাদাগতস্য তত্র বসতোঽগরল সম্বসা ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভূতলং ব্রাহ্মণএবার্হতি যতো নিস্পৃহ ইতি মন্যমানঃ ॥ ২ ॥
তদলঙ্কারেতি দেহস্থালঙ্কার বস্ত্র ব্যতিরিক্তানামন্যেষা মলঙ্কারাদীনামপি দত্ত্বাৎ সীতাতু দেহাদপ্যুত্তার্য্যালঙ্কারাদিকং দদাবিত্যাহ সৌমঙ্গল্যং নাসাভরণ চূড়াদিমাত্রমবশেষিতং যস্যাঃ সা ॥ ৩ ॥
কিং অপ্রত্তং অপিতু সর্ব্বমেব প্রদত্তং যদস্মাকম্বিশ্য প্রাবিশ্য অন্তোঽহনেন পৃথ্বীরাজ্যোনালমিতি ভাবঃ ॥ ৪ ॥
ন্যস্তদণ্ডেভ্যো নির্ব্বৈর ভক্তেভ্যোঽর্পিতাবঙ্ঘ্রী যেন তস্মৈ ॥ ৫ ॥

মনে করিয়া উপরত স্পৃহ হওত অবশিষ্ট সমস্ত আচার্য্যকে দিলেন ॥ ২ ॥

এই প্রকারে সমুদায় দান করাতে সে সময় রামচন্দ্রের বসন ও ভূষণমাত্র অবশিষ্ট রহিল, আর রাজমহিষী জানকীও আভরণমাত্রে অবশেষিতা হইলেন। পরন্তু ব্রাহ্মণদেব শ্রীরামচন্দ্রের ঐ রূপ বাৎসল্য অবলোকন করিয়া সেই সকল ব্রাহ্মণের সাতিশয় প্রীতি জন্মিল। তাঁহারা স্তব করিতে করিতে সেই সমস্ত বস্ত্র প্রত্যর্পণ পূর্ব্বক কহিতে লাগিলেন ॥ ৩ ॥

হে ভগবন্! হে ভুবনেশ্বর! আপনি আমাদিগকে কি না দিয়াছেন? অর্থাৎ আপনা কর্ত্তৃক সকলই প্রদত্ত হইয়াছে, যে হেতু আপনি আমাদিগের হৃদয়ে প্রবেশ করিয়া স্বীয় প্রভা দ্বারা আমাদের অজ্ঞান তিমির বিনাশ করেন ॥ ৪ ॥

প্রভো! আপনি ব্রহ্মণ্যদেব, অকুণ্ঠমেধাসী, আপনাকে আমরা নমস্কার করি। ভগবন্! আপনি উত্তমঃশ্লোকদিগের অগ্রগণ্য, মুনিগণও স্ব স্ব চিত্তে আপনকার চরণদ্বয় সতত চিন্তা করেন। তদনন্তর কোন সময়ে রামচন্দ্র আপনার প্রতি রাজ্যস্থ লোকের কি রূপ ভাব ভক্তি, অবগত হইতে বাসনা করিয়া রজনীযোগে ছদ্মবেশে অলক্ষিত হইয়া ভ্রমণ আরম্ভ করিলেন। এক দিন একাকী ভ্রমণ করিতেছেন এমন সময় এক ব্যক্তির ভার্য্যার উদ্দেশে কথিত বাক্য তাঁহার কর্ণগোচর হইল। সে ব্যক্তি স্বীয় বনিতাকে কহিতে ছিল, তুই পরের ঘরে গিয়া থাকিস্, তুই অতি দুষ্টা, অসতী, আমি আর তোর ভরণ পোষণ করিব না, রামচন্দ্র স্ত্রৈণ, তাহাতেই পরগেহ স্থিতা সীতাকে পুনরায় লইয়া পালন করিতেছেন, আমি রাম নহি, আর তোর মুখাবলোকন করিব না ॥ ৫ ॥

ইতি লোকাদ্বহুমুখাদ্দুরারাধ্যাদসংবিদঃ। পত্যা ভীতেন সা ত্যক্তা প্রাপ্তা প্রাচেতসাশ্রমং।
অন্তর্ব্বত্ন্যাগতে কালে যমৌ সা সুষুবে সুতৌ ॥ ৬ ॥
কুশোলব ইতি খ্যাতৌ তয়োশ্চক্রে ক্রিয়ামুনিঃ। অঙ্গদশ্চিত্রকেতুশ্চ লক্ষ্মণস্যাত্মজৌ স্মৃতৌ।
তক্ষঃ পুষ্কল ইত্যাস্তাং ভরতস্য মহীপতে। সুবাহুঃ শ্রুতসেনশ্চ শত্রুঘ্নস্য বভূবতুঃ।
গন্ধর্ব্বান্ কোটিশো জঘ্নে ভরতো বিজয়ে দিশাং। তদীয়ং ধনমানীয় সর্ব্বং রাজ্ঞে ন্যবেদয়ৎ।
শত্রুঘ্নশ্চ মধোঃ পুত্রং লবনং নাম রাক্ষসং। হত্বা মধুবনে চক্রে মথুরাং নাম বৈ পুরীং।
মুনৌ নিক্ষিপ্য তনয়ৌ সীতা ভর্ত্রা বিবাসিতা। ধ্যায়ন্তী রামচরণৌ বিবরং প্রবিবেশহ ॥ ৭ ॥
তৎশ্রুত্বা ভগবান্ রামো রুন্ধন্নপি ধিয়া শুচঃ। স্মরংস্তস্যা গুণাংস্তাং স্তান্নাশক্নোদ্রোদ্ধুমীশ্বরঃ।৮

শ্রীধরস্বামী।

অসংবিদঃ অজ্ঞানাৎ অন্তর্ব্বত্নী গর্ভিণী সতী প্রাচেতসো বাল্মীকি স্তস্যাশ্রমং প্রাপ্তা ॥ ৬ ॥
ক্রিয়াঃ জাতকর্ম্মাদ্যাঃ ॥ ৭ ॥
ঈশ্বরোঽপি শুচোরোদ্ধুং নাশক্নোৎ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

লোকাৎ রাষ্ট্র স্তরস্থাৎ ভীতেন শঙ্কমানেন ॥ ৬ ॥
শ্রীসঙ্কর্ষণ প্রতিবিম্বত্বাদি পূর্ব্বমুক্তং যথার্থত্বে প্রচুরং স্বদীয়মন্তঃকরণং দর্শয়তি। তঞ্চন্বেতি। ঈশ্বরোপীত্যপেরপ্যর্থঃ অহো তস্যা ভক্তি গুণানাং মহিমেতি ভাবঃ ॥ ৭। ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অসংবিদঃ জ্ঞানশূন্যাৎ প্রাচেতসো বাল্মিকঃ ॥
অন্তর্ব্বত্নী গর্ভবতী ॥ ৬ ॥ ভর্তৃবিচ্ছেদ দুঃখমসহিষ্ণুঃ ভুবোবিবরং প্রাবিশৎ ॥ ৭ ॥
ঈশ্বরোপি রোদ্ধুং নাশক্নোদিতি তস্য প্রেমবশ্যত্ব স্বভাবাদিতি ভাবঃ ॥ ৮ ॥

এই কথা শুনিবামাত্র অজ্ঞান অবাধ্য বহুমুখ লোক হইতে রামচন্দ্রের সাতিশয় ভয় জন্মিল, গৃহে প্রত্যাগমন করিয়া সীতাকে পরিত্যাগ করিলেন। ভীত পতি কর্ত্তৃক পরিত্যক্তা হওয়াতে জনকনন্দিনী গর্ভিণ্যবস্থায় মহর্ষি বাল্মীকের আশ্রম প্রাপ্ত হইলেন এবং সেই স্থানে সময় পূর্ণ হইলে তাঁহার দুইটী যমজ পুত্র প্রসূত হইল ॥ ৬ ॥

সেই সন্তানদ্বয় কুশ ও লব এই দুই আখ্যায় বিখ্যাত হয়। মহর্ষি বাল্মীকি তাহাদিগের জাত কর্ম্মাদি সমুদায় সংস্কার করেন। হে রাজন্ পরীক্ষিৎ! এ দিকে অযোধ্যায় লক্ষ্মণের দুইটী পুত্র জন্মিল, তাহাদের নাম অঙ্গদ ও চিত্রকেতু। ভরতও দুই সন্তান উৎপন্ন করিলেন একের নাম তক্ষ, দ্বিতীয়ের নাম পুষ্কল। শত্রুঘ্নেরও দুইটী তনয় জন্মিল যথা সুবাহু ও শ্রুতসেন। ঐ সময়ে ভরত দিগ্বিজয়ার্থ যাত্রা করিয়া কোটি কোটি গন্ধর্ব্ব নিহত করিলেন এবং তাহাদের ধন আনিয়া সমুদায় রাজাকে দান করিলেন। আর শত্রুঘ্ন মধুপুত্র লবন রাক্ষসের প্রাণ সংহার করিয়া মধুবনে মথুরা পুরী নির্ম্মাণ করিলেন, জনকাত্মজা সীতা ভর্ত্তা কর্ত্তৃক বন মধ্যে বিবাসিতা হইয়া যে দুইটী তনয় প্রসব করেন কিয়দ্দিন পরে তাহাদিগকে বাল্মীকি মুনির হস্তে সমর্পণ করিয়া তিনি স্বীয় পতি শ্রীরামচন্দ্রের চরণ ধ্যান করিতে করিতে ভূবিবরে প্রবিষ্টা হইলেন ॥ ৭ ॥

ঐ ঘটনার বার্ত্তা শ্রীরামচন্দ্রের কর্ণগোচর হইলে যদিও তিনি স্বয়ং ঈশ্বর এবং স্বীয় বুদ্ধি বলে

স্ত্রী পুং প্রসঙ্গ এতাদৃক্ সর্ব্বত্র ত্রাসমাবহঃ। অপীশ্বরাণাং কিমুত গ্রাম্যস্য গৃহচেতসঃ ॥ ৯ ॥
তত ঊর্দ্ধং ব্রহ্মচর্য্যং ধারয়ন্নজুহোৎ প্রভুঃ। ত্রয়োদশাব্দসাহস্রমগ্নিহোত্রমখণ্ডিতং ॥ ১০ ॥
স্মরতাং হৃদি বিন্যস্য বিদ্ধং দণ্ডককণ্টকৈঃ। স্বপাদপল্লবং রামআত্মজ্যোতিরগাত্ততঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

নচাতিচিত্রমেতদিত্যাহ। স্ত্রীপুংসয়োঃ প্রসঙ্গ আসক্তিস্ত্রাসমাবহতীতি। তথা বিসর্গশ্চলুক্ আর্ষঃ। সর্ব্বত্র ত্রাসমাবহ দিতি পাঠস্তু সুগমঃ। কিমুতেতি গ্রাম্যস্যকৈমুতিকঃ ॥ ৯ ॥

অগ্নিহোত্রমজুহোৎ ॥ ১০ ॥

আত্মজ্যোতি নির্জং ধাম ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

নম্বত্রাপি স্ত্রীপুংসযোর্ম্মিথঃ। প্রসঙ্গে তাদৃশত্বং দৃশ্যতে তত্রাহ স্ত্রীতি। এতাদৃক্ কিন্তু নেতি কার্ষঃ। কুতঃ সহি ঈশ্বরাণাং কর্ম্মযোগাদি নিষ্ঠানামপি সর্ব্বত্র পরত্র চেহচ ত্রাসং সংসারভয় মাবহতি। গ্রাম্যস্য তু সুতরামেবেত্যর্থঃ। তয়ো স্তেষ ভাবঃ সর্ব্ব পুরুষার্থাধিক প্রেম সারময় এবেতি ভাবঃ। যদ্বা কাকুং নিনৈবায়মর্থঃ। এতাদৃক্ এতত্তুল্যত্বেন সম্ভাব্যমানো যঃ স্ত্রীপুং প্রসঙ্গঃ স তু সর্ব্বত্র ত্রাসমাবহ ইতি। অত্র স্ত্রীপুমিতি সমাসান্তকার্য্যাভাব আর্ষঃ। ত্রাসমিতি পুংস্ত্বাবশ্চানুকূল মুবহতীতি-বৎ। অলুকিতু কুদ্যোগে ষষ্ঠ্যেব ভবিতব্য সাপ্যার্ষী য় কল্পা ॥ ৯ ॥

শ্রীরামস্যানুরাগং বহিরীহয়াপি দর্শয়তি তত ঊর্দ্ধ মিতি। তত ঊর্দ্ধমখণ্ডিতং ব্রহ্মচর্য্যং ধারয়ন্নজুহোৎ। তাং বিনা নির্ব্বেদাদিতি ভাবঃ। ত্রয়োদশ সাহস্রম্ অগ্নিহোত্রমখণ্ডিতমজুহোৎ ॥ ১০ ॥

তদনন্তরঞ্চ তদ্বিয়োগ হেতু লোক প্রবাদময়ং নরলোকং ত্যক্ত্বা। নিত্য তৎ সংযোগময়ং নিজলোকমেবারূঢ়বানিত্যাহ। যে লোকরক্ষেচ্ছয়া কেচিত্ত্যক্তা স্তেষাঞ্চ সন্ততং স্বয়মেবাসৌ মহাপ্রেম্না স্ফূর্ত্তি মেতিচাহ স্মরতামিতি। বিদ্ধং বিদ্ধত্বেন প্রেম্নৈব প্রতীতমিত্যর্থঃ। শিল তৃণাঙ্কুরৈঃ সীদতীতি নঃ কলিলতাং মনঃ কান্ত গচ্ছতীতি বৎ। ইতি পিত্রাজ্ঞাপালন মর্য্যাদা স্মরণং।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অন্যে কামাসক্তাঃ স্ত্রিয়ং স্মরন্তস্ত সংসারএব মজ্জন্তীত্যাহ স্ত্রীপুংসয়োঃ প্রসঙ্গঃ সমাসান্তাভাব আর্ষঃ। ঈশ্বরাণাং ব্রহ্মাদীনা-মপি সর্ব্বত্র ইহলোকে পরলোকেচ ত্রাসং সংসার মাবহতীতি সঃ সন্ধ্যভাব আর্ষঃ প্রসঙ্গস্য প্রাকৃতত্বাৎ কাম মূলকত্বাচ্চেতি ভাবঃ। এতদেবাহ এতাদৃক্ এতয়ো রামসীতয়োরিব দৃষ্টঃ কেনচিদংশেন ব্যবহারিকেণৈব নতু তাত্ত্বিকেন নত্বেতয়োরপীত্যর্থঃ। প্রস-ঙ্গস্যাপ্রাকৃতত্বাৎ প্রেম মূলকত্বাচ্চেতি ভাবঃ। অত এবেশ্বরাণামপি নত্বীশ্বরস্যাপীত্যুক্তং ॥ ৯ ॥

তত্তশ্চ তদানীন্তনান্ স্বপুরস্থান্ নীত্বৈবান্তর্দ্ধান লীলাং চকার ॥ ১০ ॥

কিন্তত্র যেষাং হৃদি নামানুরাগি ভক্তানাং হৃদি দণ্ডক কণ্টকৈর্বিদ্ধং পাদমিতি তে কণ্টকা স্তেষাং হৃদোষ সহস্র গুণং লগন্ত স্থান্ মূর্চ্ছিতান্ কুর্ব্বন্তি বুদ্ধ্যেবেতি হেতু রামস্য দয়া নাভূদিতি ব্যাজস্তুতিঃ। আত্মন এব নতু মায়য়া জ্যোতির্যত্র তৎপরং প্রপঞ্চা-

শোক সম্বরণ করিতে যত্ন পাইলেন তথাচ প্রেয়সীর সুমহৎ গুণ রাশি বারম্বার স্মৃতিপথে উদিত হওয়াতে একেবারে নিরোধ করিতে তাঁহার সামর্থ্য হইল না ॥ ৮ ॥

হে কুরুপ্রবীর। স্ত্রী পুরুষের আসক্তি সর্ব্বত্রেই এই রূপ ভয়প্রদ। ফলতঃ ঈশ্বরদিগেরও যখন ভয়াবহ হইল তখন গৃহাসক্ত চিত্ত গ্রাম্য পুরুষদের কথা কি? ॥ ৯ ॥

সে যাহা হউক, তদনন্তর ঐ প্রভু অখণ্ডিত ব্রহ্মচর্য্য ধারণ করত ত্রয়োদশ সহস্র বৎসর যাবৎ অগ্নিহোত্র করিলেন ॥ ১০ ॥

তাহার পর দণ্ডকারণ্যের কণ্টকে আপনার যে চরণকমল বিদ্ধ হইয়াছিল স্মরণকারি ভক্তজনের হৃদয়

নেদং যশো রঘুপতেঃ সুরযাচ্ঞয়াত্ত লীলাতনো রধিকসাম্যবিমুক্তধাম্নঃ।
রক্ষোবধোজলধিবন্ধন মস্ত্র পূগৈঃ কিন্তস্য শত্রুহননে কপয়ঃ সহায়াঃ॥ ১২॥
যস্যামলং নৃপসদঃসু যশোঽধুনাপি গায়ন্ত্যঘঘ্নমৃষয়ো দিগিভেন্দ্রপট্টং।
তন্নাকপালবসুপাল কিরীটজুষ্টপাদাম্বুজং রঘুপতিং শরণং প্রপদ্যে॥ ১৩॥

শ্রীধরস্বামী।

জলধিবন্ধনং অস্ত্রপূগৈশ্চ রক্ষসাং বধ ইতি ইদং কবিভিরাশ্চর্য্যমিব বর্ণিত মপি যশস্তুতি র্ন ভবতি। তত্র হেতুঃ অধিক সাম্যাভ্যাং বিমুক্তং ধাম প্রভাবো যস্য তস্য কিং কপয়ঃ সহায়াঃ অতঃ সুগ্রীবাদ্যাশ্রয়ণং যথা লীলামাত্রং তথৈবেদমপি। যুক্তঞ্চৈতদিত্যাহ সুরাণাং যাচ্ঞয়া আত্তা স্বীকৃতা লীলার্থা তনুর্যেন তস্য॥ ১২॥

এবম্বিধ লীলা প্রয়োজনং দর্শয়ন্ প্রণমতি যস্য যশঃ নৃপাণাং যুধিষ্ঠিরাদীনাং সদঃসু ঋষয়ো মার্কণ্ডেয়াদয়ো গায়ন্তি। দিগিভেন্দ্রাণাং পট্টবদাবরণ রূপং তৎপর্য্যন্তং ব্যাপ্তমিত্যর্থঃ। নাকপালা দেবা বসুপালাশ্চ বসুধাপালাঃ তেষাং কিরীটৈর্জুষ্টং পাদাম্বুজং যস্য তং রঘুপতিং। পাঠান্তরে তত্তস্য রঘুপতের্জুষ্টং পাদাম্বুজং প্রপদ্য ইত্যর্থঃ॥ ১৩॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মনো জ্যোতী রূপং স্ববৈকুণ্ঠং॥ ১১। ১২॥

তদেব মুক্তরোত্তরং গুণ বিশেষং স্মরতি চতুর্ভিঃ॥

তথাপি তস্য লৌকিক লীলা মাধুর্য্যাবেশ মনুস্মৃত্য জীবন্মুক্তাদ্যা অপি পরম সুখাবেশাদ্গায়ন্তীত্যাহ যস্যেতি তথাচ বক্ষ্যতে শ্রীকৃষ্ণ লীলায়াং। স্থিত্যুদ্ভবান্ত ইত্যাদৌ তথাপি মর্ত্ত্যানুবিধস্য বর্ণ্যত ইতি॥ ১৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গোচরং স্বধাম্নঃ প্রকাশমগাদিত্যর্থঃ॥ ১১॥

নরলীলত্বেনৈব চমৎকারং তস্য যশোমাধুর্য্য মাস্বাদ্যতে নত্বৈশ্বর্য্য দৃষ্ট্যেত্যাহ। নেদমিতি আসমাগেব আত্ততনোর্নিত্য গৃহীত লীলাবিগ্রহস্য রক্ষসো রাবণস্য বধ ইতীদং যশস্তুতি র্নভবতি। তত্র হেতুঃ। অধিক সাম্যাভ্যাং বিমুক্তং ধাম প্রভাবো যস্য তস্য কিং কপয়ঃ সহায়াঃ। তেন নরলীলত্ব মাধুর্য্যেণৈব সর্ব্বমেতদুপপদ্যতে ইতি ভাবঃ॥ ১২॥

রামং প্রপদ্যমানস্য সর্ব্বোৎকর্ষমাহ যস্য নির্ম্মলং যশঃ নৃপাণাং যুধিষ্ঠিরাদীনাং সদঃসু ঋষয়ো মার্কণ্ডেয়াদয়ো গায়ন্তি দিগিভেন্দ্র পট্টং পট্ট শব্দস্যাসন বাচিত্বাৎ দিগ্গজেন্দ্রারূঢ় মিত্যর্থঃ। তেন যশসঃ সর্ব্বদিগ্বিজয়িসেনানীত্ব মুক্তং। নাকপালাঃ দেবেন্দ্রাদ্যাঃ বসুপালা নরেন্দ্রাশ্চ তেষাং কিরীটৈর্জুষ্টং পাদাম্বুজং যস্য তং। জুষ্টমিতি রঘুপতে রিতি পাঠে তত্তস্যেত্যর্থঃ॥ ১৩॥

মধ্যে তাহা স্থাপন করিয়া নিজধাম প্রাপ্ত হইলেন॥ ১১॥

হে রাজন্! রামচন্দ্রের সমুদ্রবন্ধন ও অস্ত্র সমূহ দ্বারা রাক্ষস বধ ইত্যাদি কার্য্য যদিও কবিগণ আশ্চর্য্য বলিয়া বর্ণন করিয়াছেন, তথাচ তাহা তাঁহার যশঃস্তুতি বলিয়া গণ্য হইতে পারে না, কারণ যাঁহার প্রভাব আধিক্য ও সাম্য বর্জ্জিত, তাঁহার বৈরিবধে কপিগণ কি সহায়তা করিবে? অতএব সুগ্রীবাদি সমীপে রামচন্দ্রের আশ্রয় গ্রহণ যদ্রূপ লীলামাত্র রাক্ষস বধাদিও তদ্রূপ লীলা মাত্র জানিবে। হে মহারাজ! আমার এ কথা অযুক্ত, এমত মনে করিও না, দেবগণের প্রার্থনায় লীলার্থই ভগবান্ ঐ অবতার স্বীকার করিয়াছিলেন॥ ১২॥

অহো! যাঁহার নির্ম্মল যশঃ দিগন্ত পর্য্যন্ত ব্যাপ্ত হইয়া দিগ্‌ হস্তি সকলের আচ্ছাদন পট স্বরূপ হইয়াছে বলিয়া এখনও যুধিষ্ঠিরাদি নরপতির সভায় ঋষিগণ নিরন্তর গান করিয়া থাকেন এবং যাঁহার পাদপদ্ম অমর ও ধরণীপালদিগের কিরীট সেবিত, সেই রামচন্দ্রের শরণ গ্রহণ করি॥ ১৩॥

স যৈঃ স্পৃষ্টোঽভিদৃষ্টো বা সংবিষ্টোঽনুগতোঽপি বা ।
কোশলাস্তে যযুঃ স্থানং যত্র গচ্ছন্তি যোগিনঃ ॥ ১৪ ॥
পুরুষোরাম চরিতং শ্রবণৈরুপধারয়ন্ । আনৃশংস্যপরোরাজন্ কর্ম্ম বন্ধৈর্বিমুচ্যতে ॥ ১৫ ॥

শ্রীরাজোবাচ ॥

কথং স ভগবান্ রামো ভ্রাতৄন্ বা স্বয়মাত্মনঃ । তস্মিন্ বা তেঽন্ববর্ত্তন্ত প্রজাঃ পৌরাশ্চ ঈশ্বরে ॥ ১৬ ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

অথাদিশদ্দিগ্বিজয়ে ভ্রাতৄংস্ত্রিভুবনেশ্বরঃ । আত্মানং দর্শয়ন্ স্বানাং পুরীমৈক্ষত সানুগঃ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী ।

স রামঃ সংবিষ্টঃ উপবেশিতঃ অনুগতো বা যৈঃ তে কোশলদেশবাসিনঃ সর্ব্বে যত্র যোগিনো গচ্ছন্তি তৎ স্থানং যযুঃ ॥ ১৪ ॥

আনৃশংস্য পরঃ উপশমনিষ্ঠঃ সন্ বিমুচ্যতে ॥ ১৫ ॥

স রামঃ স্বয়ং কথমবর্ত্তত ভ্রাতৄন্ প্রতি কথমবর্ত্তত । কথংভূতান্ আত্মনঃ আত্মাংশভূতান্ তস্মিন্ বা ঈশ্বরে তে ভ্রাত্রাদয়ঃ অনু অনন্তরং কথমবর্ত্তন্তেতি প্রশ্নত্রয়ং ॥ ১৬ ॥

তত্র শ্রীরামস্য ভ্রাত্রাদিষু বৃত্তি প্রকারমাহ অথেতি । অনেনৈব ভ্রাতৄণামপি তদাজ্ঞানুসারিতয়া বৃত্তিরুক্তা অথ সিংহাসন

ক্রমসন্দর্ভঃ ।

অথ শ্রীসীতাদীনাং পুনস্তন্মিলনং কৈমুত্যেনাহ । স যৈরেতি । কোশলা ইত্যুপলক্ষণমেব । যোগিন স্তত্তত্ত্ব্জ্ঞাঃ ॥ ১৪ । ১৫ ॥
॥ ১৬ । ১৭ । ১৮ । ২০ । ২২ । ২৩ । ২৪ । ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

সংবিষ্টঃ সথ্যাৎ যৈঃ সহোপবিষ্টঃ শয়িতো বা । তে কোশলদেশবাসিনঃ যোগিনো ভক্তিযোগবন্তঃ স্থানং বৈকুণ্ঠং ॥ ১৪ ॥

আনৃশংস্য পরঃ ক্রৌর্য্য শূন্যামৎসর ইত্যর্থঃ ॥ ১৫ ॥

আত্মনো ভ্রাতৄন্ প্রতি কথমবর্ত্তত স্বয়ং বা কথমবর্ত্তত তস্মিন্ ভ্রাত্রাদয়ঃ কথমবর্ত্তন্তেতি প্রশ্নত্রয়ং ॥ ১৬ ॥

ভ্রাতৄন্ দিগ্বিজয়ে আদিশদিতি ভ্রাতৄণাং তদ্দর্শন রূপং স্বমুখ মপি পরিহায় তদাজ্ঞাপালন রূপা তস্মিন্নুবৃত্তিরুক্তা । রামস্যাপি তেষু স্নেহাত্তত্তদ্দেশাধিকারদান রূপা বৃত্তিরুক্তা । স্বানাং স্বপ্রজা পৌরাংশ্চেতি প্রজাসু পৌরেষু চ স্বদর্শন কৃপাবলোকাদি দান রূপা তস্য বৃত্তিরুক্তা । পুরীমৈক্ষতেতি স্বয়ং কথমবর্ত্ততেত্যস্যোত্তরং । অতস্তস্যেক্ষণীয়াং পুরীং বর্ণয়তি আসিক্তেত্যাদি সুরভিঃ সন্তানিব সমৃদ্ধাং বেতি বিতর্কে । বাসিত গামিবেতি পাঠে বাসিতাং কামোন্মত্তাং গামিবেত্যর্থঃ । সমাসান্তাভাব আর্ষঃ ॥ ১৭ । ১৮

অযোধ্যানিবাসী পুণ্যাত্মা যে সকল ব্যক্তি সেই রামচন্দ্রকে স্পর্শ অথবা দর্শন করিয়াছিলেন কিম্বা যাঁহারা তাঁহাকে উপবেশন করাইয়াছিলেন অথবা যাঁহারা তাঁহার অনুগত হইয়াছিলেন তাঁহারা সকলেই যোগিগণ যে স্থানে যান তথায় গমন করিয়াছেন ॥ ১৪ ॥

হে রাজন্ ! যে পুরুষ শ্রবণ যোগে শ্রীরামচন্দ্রের এই উপাখ্যান ধারণ করিবেন তিনি উপশম নিষ্ঠ হইয়া অসংশয় কর্ম্ম বন্ধ হইতে বিমুক্ত হইবেন ॥ ১৫ ॥

তদনন্তর রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্ ! ভগবান্ রামচন্দ্র স্বয়ং কি প্রকারে বর্ত্তমান ছিলেন ? তাঁহার আপনার অংশ স্বরূপ যে ভ্রাতৃত্রয় তাঁহাদের প্রতি তিনি কি রূপ ব্যবহার করিতেন। অপর সাক্ষাৎ পরমেশ্বর স্বরূপ রামচন্দ্রের প্রতি সেই ভ্রাতৃগণ ও প্রজাপুঞ্জ এবং পুরবাসী সকলেই বা কি প্রকার আচরণ করিত ? ॥ ১৬ ॥

শুকদেব কহিলেন রাজন্ ! ত্রিভুবনের ঈশ্বর রামচন্দ্র অযোধ্যায় প্রত্যাগত হইয়া রাজসিংহাসন স্বীকারানন্তর ভ্রাতাদিগকে দিগ্বিজয়ার্থ আদেশ করেন, পরে জ্ঞাতিগণের প্রতি আত্মীয়তা প্রকাশ করিয়া

আসিক্তমার্গাং গন্ধোদৈঃ করিণাং মদশীকরৈঃ। স্বামিনং প্রাপ্তমালোক্য মত্তাং বা সুতরামিব ॥
প্রাসাদ গোপুর সভা চৈত্য দেবগৃহাদিষু। বিন্যস্তহেমকলসৈঃ পতাকাভিশ্চ মণ্ডিতাং ॥
পুষ্পৈঃ সবৃন্তরম্ভাভিঃ পট্টিকাভিঃ সুবাসসাং। আদর্শৈরংশুকৈঃ স্রগ্‌ভিঃ কৃতকৌতুকতোরণাং ॥১৮
তমুপেয়ুস্তত্র তত্র পৌরা অর্হণপাণয়ঃ। আশিষো যুযুজুর্দেব পাহীমাং প্রাক্ ত্বয়োদ্ধৃতাং ॥ ১৯ ॥
ততঃ প্রজা বীক্ষ্য পতিং চিরাগতং দিদৃক্ষয়োৎসৃষ্টগৃহাঃ স্ত্রিয়োনরাঃ।
আরুহ্য হর্ম্ম্যাণ্যরবিন্দ লোচনং নতৃপ্তনেত্রাঃ কুসুমৈরবাকিরন্ ॥ ২০ ॥
অথ প্রবিষ্টঃ স্বগৃহং জুষ্টং স্বৈঃ পূর্ব্বরাজভিঃ। অনন্তাখিলকোষাঢ্যমনর্ঘ্যোরুপরিচ্ছদং ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

বীক্ষারানন্বয়ঃ ॥ ১৭ ॥

পুরীং বর্ণয়তি ত্রিভিঃ। গন্ধোদকৈর্ম্মদবিন্দুভিশ্চ আসিক্তা মার্গা যস্যাং। সুতরাং মত্তামিব সমৃদ্ধাং। বেতি বিতর্কে বাসিতামিতি পাঠে বাসিতাং কামে মত্তাং গাভিবেত্যর্থঃ ॥ ১৮ ॥

পৌরাণাং তাস্মিন্ বৃত্তিমাহ তমুপেযুরিতি। বরাহরূপেণ ত্বয়োদ্ধৃতামিমাং পৃথ্বীং পাহীতি ॥ ১৯ ॥

প্রজানাং তস্মিন্ বৃত্তমাহ ততঃ প্রজা ইতি ॥ ২০ ॥

স্বয়ং কথমবর্ত্তত তত্রোচ্যতে এবমাহ অথেতি যাবৎ সমাপ্তি। স্বগৃহং প্রবিষ্টঃ সন্ তস্মিন্ রেমে ইতি পঞ্চমে নান্বয়ঃ গৃহং বর্ণয়তি সার্দ্ধৈস্ত্রিভিঃ। অনন্তা যেহখিলা রত্নাদীনাং কোষা তৈরাঢ্যং। অনর্ঘ্যা উরবঃ পরিচ্ছদা যস্মিন্ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পৌরাণাং তস্মিন্নবৃত্তিমাহ তমিতি ইমাং পৃথ্বীং প্রাক্ বরাহরূপেণ ॥ ১৯ ॥

প্রজানাং তস্মিন্ বৃত্তমাহ। তত ইতি। চিরাগত মিতি বনবাসাদাগমন সময় এব দর্শনমিদং জ্ঞেয়ং ॥ ২০ ॥

স্বয়ং কথমবর্ত্তত তাহো তত্র বিস্তারেণ পুনরাহ অথেত্যাদিনা ॥ ২১ ॥

সহচরগণ সহিত নিরন্তর পুরী নিরীক্ষণ করিতে প্রবৃত্ত হয়েন ॥ ১৭ ॥

তাঁহার রাজ্যাভিষেকাবধি অযোধ্যাপুরীর বর্ত্ম সকল অহরহঃ সুগন্ধি সলিলে তথা হস্তিগণের মদজলে সিক্ত হইত। অপর ঐ পুরী আপনার স্বামি প্রাপ্ত হইয়া সর্ব্বতোভাবে সমৃদ্ধি সম্পন্নের ন্যায় হইয়াছিল। তত্রস্থ প্রাসাদ, গোপুর সভা, পাষাণাদি বদ্ধ, দেবায়তন প্রভৃতিতে জলপূর্ণ স্বর্ণকুম্ভ সতত বিন্যস্ত থাকিত। সর্ব্বত্র সর্ব্বদা পতাকা শোভা পাইত। বৃন্ত সহিত গুবাক, রম্ভা তথা সুশোভন বসনপট্টিকা, অপর আদর্শ, বস্ত্র, মাল্য ইত্যাদি দ্বারা স্থানে স্থানে নিয়ত মঙ্গল তোরণ রচিত হইত ॥১৮॥

আর যেখানে যেখানে রামচন্দ্র গমন করিতেন পুরবাসিগণ উপায়ন হস্তে লইয়া সেই ২ স্থানেই উপস্থিত হইত এবং এই বলিয়া আশীর্ব্বচন প্রয়োগ করিত, হে দেব! আপনি পূর্ব্বে বরাহ রূপে এই অবনীর উদ্ধার করিয়াছিলেন এক্ষণে ইহাকে প্রতিপালন করুন ॥ ১৯ ॥

রাজ্যস্থ প্রজাপুঞ্জ বহুকালের পর আপনাদের অধিপতির আগমন সম্বাদ পাইয়া দর্শন বাসনায় স্ত্রী পুরুষ সকলেই স্ব স্ব সদন পরিত্যাগ পূর্ব্বক হর্ম্ম্যপৃষ্ঠে আরূঢ় হইয়াছিল এবং অবিতৃপ্ত লোচনে অরবিন্দলোচন রামচন্দ্রকে অবলোকন করত তদুপরি কুসুম বর্ষণ করিয়াছিল ॥ ২০ ॥

সে যাহা হউক, রামচন্দ্র যখন স্বভবনে প্রবিষ্ট হয়েন তখন যদিও তাঁহার আত্মীয় নৃপতিগণ পূর্ব্বে তাহা ভোগ করিয়াছিলেন তথাচ অনন্ত অখিল রত্নাদির কোষে তাহা পরিপূর্ণ তথা বহু বহু মহামূল্য পরিচ্ছদে সুসজ্জিত ছিল ॥ ২১ ॥

বিদ্রুমোদুম্বরদ্বারৈর্বৈদূর্যস্তম্ভপঙ্‌ক্তিভিঃ। স্থলৈর্মারকতৈঃ স্বচ্ছৈর্ভ্রাজৎস্ফটিকভিত্তিভিঃ ॥২২॥
চিত্রস্রগ্‌ভিঃ পট্টিকাভির্বাসোমণিগণাংশুকৈঃ। মুক্তাফলৈশ্চিদুল্লাসৈঃ কান্তকামোপপত্তিভিঃ ॥২৩॥
ধূপদীপৈঃ সুরভিভির্মণ্ডিতং পুষ্পমণ্ডনৈঃ। স্ত্রীপুম্ভিঃ সুরসঙ্কাশৈর্জুষ্টং ভূষণভূষণৈঃ ॥
তস্মিন্ স ভগবান্ রামঃ প্রিয়য়া স্নিগ্ধয়েষ্টয়া। রেমে স্বারামধীরাণামৃষভঃ সীতয়া কিল ॥ ২৪ ॥
বুভুজে চ যথা কালং কামান্ধর্মমপীড়য়ন্। বর্ষপূগান্ বহূন্ নৄণামভিধ্যাতাঙ্ঘ্রিপল্লবঃ ॥ ২৫ ॥
॥ ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে শ্রীরামচরি-
তমেকাদশোঽধ্যায়ঃ ॥ ॥ ১১ ॥ ॥

শ্রীশুক উবাচ ॥

---

শ্রীধরস্বামী ।

বিদ্রুমময়া উদুম্বরা দেহল্যো যেষু তৈর্দ্বারৈঃ স্বচ্ছৈঃ স্থলৈঃ তৃতীয়ান্তানাং মণ্ডিতমিতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ২২ ॥
বাসসাং মণিগণানাঞ্চ অংশুকৈঃ দীপ্তিভিঃ চিৎ উল্লাসৈঃ তত্তদ্রূপৈঃ স্বচ্ছৈঃ যথা চিদিতি কচিৎ কচিৎ বৈদূর্যস্তম্ভাদিষু যথা
পোহমুক্তৈর্মুক্তাফলৈঃ শুক্লমিত্যর্থঃ । কান্তঃ কমনীয়াঃ কামোপপত্তয়ঃ ভোগসাধনানি তাভিঃ ॥ ২৩ ॥
ভূষণানাং ভূষণভূতৈঃ ॥ ২৪ ॥ নৄণাং মধ্যে যথা নৄণামভিধ্যাতাঙ্ঘ্রিপল্লবঃ সন্নিত্যর্থঃ ॥ ২৫ ॥
॥ ॥ ইতি নবমে একাদশঃ ॥ ॥
দ্বাদশে রামপুত্রস্য কুশস্যান্বয় উচ্যতে । এবমিক্ষ্বাকুপুত্রস্য শশাদস্যোদিতোঽন্বয়ঃ ॥ ০ ॥

---

ক্রমসন্দর্ভঃ ।

॥ ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে একাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ ॥

---

শ্রীবিশ্বনাথচক্রবর্তী ।

বিদ্রুমময়া উদুম্বরা দেহল্যো যেষু তৈর্দ্বারৈঃ । তৃতীয়ান্তানাং মণ্ডিতমিতি তৃতীয়েনান্বয়ঃ । বাসসাং মণিগণানাং চাংশুকৈঃ । চিতশ্চিদুল্লাসৈঃ চিন্ময়ৈরিত সর্বেষাং বিশেষণমিদং পূর্ণং অপ্রাকৃতত্বাৎ কান্তা কমনীয়া ভোগানাং উপপত্তিঃ সিদ্ধির্যত তৈরিত্যপি সর্বেষাং বিশেষণং ॥ ২২ । ২৩ ॥
তস্মিন্ স্বগৃহে ॥ ২৪ ॥ নৄণাং নৃভিঃ ॥ ২৫ ॥
॥ ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং । নবমৈকাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ ॥

---

তথাকার দ্বারের দেহলী ( দ্বারাগ্রস্থান ) সকল বিদ্রুমময়, স্তম্ভশ্রেণী বৈদূর্যময়, গৃহতল মরকতময় ও অতি স্বচ্ছ, আর ভিত্তি সকল স্ফটিকময় ও অতিশয় উদ্দীপ্ত ছিল ॥ ২২ ॥

অপর সেই ভবন বিচিত্র পুষ্পমালা, উৎকৃষ্ট পট্টিকা এবং বসন ও রত্ন সমূহের কিরণে উদ্দীপিত তথা চৈতন্য তুল্য উজ্জ্বল মুক্তাফলে ও কমনীয় ভোগ সাধন দ্রব্য সমূহে সর্বতোভাবে মনোহর ছিল ॥২৩

অপিচ সুগন্ধি ধূপদীপে সুবাসিত ও পুষ্প সজ্জনে সজ্জিত ছিল। অলঙ্কার সকলেরও অলঙ্কার স্বরূপ দেব-তুল্য স্ত্রীপুরুষে নিষেবিত ছিল। ভগবান্ রামচন্দ্র যদিও আত্মারাম মুনিগণের অগ্রগণ্য তথাচ সেই সেই ভবনে স্বীয় স্নিগ্ধা প্রিয়ার সহিত ক্রীড়া করেন ॥ ২৪ ।

আর ধর্মের অপীড়ায় বহু বৎসর যাবৎ যথাকালে অভিলষিত ভোগ করিয়াছিলেন। তদা-নীন্তন মানবমাত্র নিরন্তর তাঁহার পাদপদ্মের অনুধ্যান করিত ॥ ২৫ ॥

॥ ॥ ইতি নবমে একাদশ ॥ ॥

দ্বাদশ অধ্যায়ে শ্রীরামতনয় কুশ এবং ইক্ষ্বাকু পুত্র শশাদের বংশ বিবরণ ॥ ০ ॥

কুশস্য চাতিথিস্তস্মান্নিষধস্তৎসুতোনভঃ। পুণ্ডরীকোঽথ তৎপুত্রঃ ক্ষেমধন্বা ভবত্ততঃ॥ ১॥
দেবানীক স্ততোহীনঃ পারিযাত্রোঽথ তৎ সুতঃ। ততোবলস্থলস্তস্মাদ্বজ্রনাভোঽর্কসম্ভবঃ॥
সগণস্তৎ সুতস্তস্মাদ্বিধৃতিশ্চাভবৎ সুতঃ॥ ২॥
ততো হিরণ্যনাভোঽভূদ্যোগাচার্য্যস্তু জৈমিনেঃ। শিষ্যঃ কৌশল্য আধ্যাত্ম্যং যাজ্ঞবল্ক্যো ঽধ্যগাদ্যতঃ॥
যোগং মহোদয়মৃষির্হৃদয়গ্রন্থিভেদনং। পুষ্পো হিরণ্যনাভস্য ধ্রুবসন্ধিস্ততোঽভবৎ॥
সুদর্শনোঽথাগ্নিবর্ণঃ শীঘ্রস্তস্য মরুঃ সুতঃ॥ ৩॥
যোঽসাবাস্তে যোগসিদ্ধঃ কলাপগ্রামমাস্থিতঃ। কলেরন্তে সূর্য্যবংশং নষ্টং ভাবয়িতা পুনঃ॥
তস্মাৎ প্রসুশ্রুতস্তস্য সন্ধিস্তস্যাপ্যমর্ষণঃ। মহস্বাংস্তৎসুতস্তস্মাৎ বিশ্ববাহুরজায়ত॥
ততঃ প্রসেনজিত্তস্মাত্তক্ষকো ভবিতা পুনঃ॥ ৪॥

শ্রীধরস্বামী।

কুশস্য শ্রীরামপুত্রস্য অতিথিশ্চ সুতোঽভবৎ॥ ১॥
অর্কসম্ভব অর্কস্যাংশাৎ সম্ভূতঃ॥ ২॥
হিরণ্যনাভঃ কথং ভূতঃ জৈমিনেঃ শিষ্যো যোগাচার্য্য স্তদাহ যতঃ সকাশাৎ কৌশল্যো যাজ্ঞবল্ক্যঃ ঋষিরাধ্যাত্ম্যং যোগমধ্যগাৎ। মহান্ত উদয়াঃ সিদ্ধয়ো যস্মিন্ তং হৃদয়গ্রন্থের্ভেদকঞ্চ॥ ৩॥
মরুং বিশিনষ্টি যোঽসাবিতি। পুনর্ভাবয়িতা ভাবয়িষ্যতি॥ ৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্বাদশে কুশবংশস্য সুমিত্রান্তস্য কীর্ত্তনং। সমাপ্তশ্চেক্ষ্বাকুস্থনো বিকুক্ষেরয়মন্বয়ঃ॥ ১॥
অর্ক সম্ভবঃ অর্কস্যাংশাৎ সম্ভূতঃ॥ ২॥
হিরণ্য নাভস্তু জৈমিনেঃ শিষ্যঃ সন্ যোগাচার্য্যোঽভূদিত্যন্বয়ঃ। যতো হিরণ্যনাভাৎ কৌশল্যোযাজ্ঞবল্ক্যঃ ঋষিঃ অধ্যাত্মং যোগং অধ্যগাৎ॥ ৩॥
যোমরুঃ প্রসুশ্রুতং পুত্রমুৎপাদ্য কলাপগ্রাম মাশ্রিত্যোঽধ্যাপ্যাস্তে। ভাবয়িতা পুনঃ পুত্রমুৎপাদ্য প্রবর্ত্তয়িষ্যতে ইত্যর্থঃ॥
তস্মান্মরোঃ॥ ৪॥

শুকদেব কহিলেন হে রাজন্! শ্রীরামতনয় কুশের অতিথি নামা যে পুত্র জন্মিয়াছিল তাঁহার ঔরসে নিষধের উদ্ভব হয়। তাঁহার পুত্র নভ, নভের সন্তান পুণ্ডরীক, তাঁহার তনয় ক্ষেমধন্বা॥ ১॥

ক্ষেমধন্বার তনয় দেবানীক, তাহার পুত্র হীন, হীনের সন্তান পারিযাত্র, পারিযাত্রের সুত বলস্থল। তাহার তনয় বজ্রনাভ,ইনি সূর্য্যের অংশে উৎপন্ন হয়েন। বজ্রনাভের পুত্র সুগণ,তাহার সুত বিধৃতি॥ ২

ঐ বিধৃতি হইতে হিরণ্যনাভের উদ্ভব হয়। ইনি জৈমিনির শিষ্য এবং যোগাচার্য্য ছিলেন। ইহাঁর নিকট যাজ্ঞবল্ক্য ঋষি সেই অধ্যাত্ম যোগ অভ্যাস করেন যাহাতে মহতী সিদ্ধি ও হৃদয়গ্রন্থির ভেদ হয়। সে যাহা হউক, এই হিরণ্যনাভের পুত্র পুষ্প, তাহা হইতে ধ্রুবসন্ধির উদ্ভব হয়। তাহার পুত্র সুদর্শন, তৎসুত অগ্নিবর্ণ, তাহার সন্তান শীঘ্র। ঐ শীঘ্র হইতে মরু জন্মেন॥ ৩॥

যিনি যোগসিদ্ধ হইয়া কলাপগ্রামে অবস্থিতি করিতেছেন, কলিযুগের অবসানে সূর্য্যবংশ বিনষ্ট হইতে দেখিয়া পুত্রোৎপাদন দ্বারা পুনরায় প্রবর্ত্তিত করিবেন। ঐ মরুর সুত প্রসুশ্রুত,তাঁহার সন্তান সন্ধি, তাহার পুত্র অমর্ষণ। অমর্ষণের সন্তান মহস্বান্, তাহা হইতে বিশ্ববাহুর জন্ম হয়, তাহার সন্তান প্রসেনজিৎ, তাহা হইতেই তক্ষক উৎপন্ন হয়॥ ৪॥

ততো বৃহদ্বলো যস্তু পিত্রা তে সমরে হতঃ। এতে হীক্ষ্বাকুভূপালা অতীতাঃ শৃণ্বনাগতান্ ॥
বৃহদ্বলস্য ভবিতা পুত্রো নাম্না বৃহদ্রণঃ। উরুক্রিয়ঃ সুতস্তস্য বৎসবৃদ্ধো ভবিষ্যতি ॥
প্রতিব্যোম সুতোভানু র্দিবাকো বাহিনীপতিঃ। সহদেবস্ততোবীরো বৃহদশ্বোঽথ ভানুমান্ ॥
প্রতীকাশ্বো ভানুমন্তঃ সুপ্রতীকোঽথ তৎসুতঃ। ভবিতা মরুদেবোঽথ সুনক্ষত্রোঽথ পুষ্করঃ ॥৫॥
তস্যান্তরীক্ষস্তৎ পুত্রঃ সুতপাস্তদমিত্রজিৎ। বৃহদ্রাজস্তু তস্যাপি বর্হিস্তস্মাৎ কৃতঞ্জয়ঃ ॥
রণঞ্জয় স্তস্য সুতঃ সঞ্জয়োভবিতা ততঃ। তস্মাচ্ছাক্যোঽথ শুদ্ধোদোলাঙ্গলস্তৎসুতঃ স্মৃতঃ ॥ ৬ ॥
ততঃ প্রসেনজিৎ তস্মাৎ ক্ষুদ্রকোভবিতা ততঃ। সুমিত্রোনাম নিষ্ঠান্ত এতে বার্হদ্বলান্বয়াঃ ॥ ৭ ॥
ইক্ষ্বাকূণাময়ং বংশঃ সুমিত্রান্তো ভবিষ্যতি। যতস্তং প্রাপ্য রাজানং সংস্থাং প্রাপ্স্যতি বৈ কলৌ ॥৮

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে শ্রীরাম বংশানুকীর্ত্তনং দ্বাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১২ ॥ * ॥

শ্রীধরস্বামী।

তে পিত্রা অভিমন্যুনা ॥ ৫ ॥ তৎ তস্মাদমিত্রজিৎ ॥ ৬ ॥ নিষ্ঠা বংশস্থিতি স্তস্যা অন্তঃ ॥ ৭ ॥ তদেবাহ ইক্ষ্বাকূণামিতি ॥ ৮ ॥

॥ * ॥ ইতি নবমে দ্বাদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পিত্রা অভিমন্যুনা ॥ ৫ । ৬ ॥

নাম নিষ্ঠয়োর্ব্বাচক বাচ্যয়োরন্তোনাশো যস্মাৎ সঃ। তস্মাদন্যো ন ভবিষ্যতীত্যর্থঃ। যদ্বা নাম্নৈব নতু কয়াচন কীর্ত্ত্যা নিতরাং তিষ্ঠতীতি নাম নিষ্ঠা বৃহদ্বলসুতাদয় স্তেষামপি অন্তঃ প্রবাহঃ সমাপ্তি র্যস্মাৎ সঃ ॥ ৭ । ৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমে দ্বাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

তক্ষকের পুত্র বৃহদ্বল, তোমার পিতা অভিমন্যু যাহাকে সমরে নিহত করিয়াছিলেন। হে রাজন্! উল্লিখিত ব্যক্তি সকল ইক্ষ্বাকু বংশীয় অতীত নরপতি। পরে যাঁহারা হইবেন বলিতেছি শ্রবণ কর। বৃহদ্বলের বৃহদ্রণ নামে পুত্র জন্মিবে, তাহার পুত্র বৎসবৃদ্ধ, তিনি সুমহৎ ক্রিয়াকলাপ সম্পন্ন হইবেন। ঐ বৎসবৃদ্ধ হইতে প্রতিব্যোম, তাহা হইতে ভানু, তাহা হইতে সেনাপতি দিবাকরের জন্ম হইবে। তাহার তনয় সহদেব, সহদেবের পুত্র বৃহদশ্ব, তৎসুত ভানুমান্। সেই ভানুমানের পুত্র প্রতীকাশ্ব, তাহা হইতে সুপ্রতীক জন্ম গ্রহণ করিবেন। তদনন্তর মরুদেব, তৎ পশ্চাৎ সুনক্ষত্র, তাহার পর পুষ্কর উৎপন্ন হইবেন ॥ ৫ ॥

সেই পুষ্করের পুত্র অন্তরীক্ষ, তাহার আত্মজ সুতপা, তাহার সন্তান অমিত্রজিৎ। অমিত্রজিৎ হইতে বৃহদ্রাজ,তাহা হইতে বর্হি,বর্হি হইতে কৃতঞ্জয়ের উদ্ভব হইবে। কৃতঞ্জয়ের তনয় রণঞ্জয়,তাহা হইতে সঞ্জয় জন্মিবেন। সঞ্জয়ের সুত শাক্য, তাহার পুত্র শুদ্ধোদ, তৎসুত লাঙ্গল ॥ ৬ ॥

লাঙ্গল হইতে প্রসেনজিৎ, তাহা হইতে ক্ষুদ্রক,ক্ষুদ্রক হইতে সুমিত্র উৎপন্ন হইবেন। এই সকল ব্যক্তি বৃহদ্বলের বংশ ॥ ৭ ॥

রাজন্! ইক্ষ্বাকুর সুমিত্র পর্য্যন্ত উল্লিখিত বংশ পশ্চাৎ হইবে কিন্তু সুমিত্র রাজা হইলে পর কলিযুগে ঐ বংশ ধ্বংশ হইয়া যাইবে ॥ ৮ ॥

॥ * ॥ ইতি নবমে দ্বাদশ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

নিমিরিক্ষ্বাকুতনয়ো বশিষ্ঠমবৃতর্ত্বিজং। আরভ্য সত্রং সোহপ্যাহ শক্রেণ প্রাগ্‌বৃতোহস্মি ভোঃ ॥১॥

তং নির্বর্ত্ত্যাগমিষ্যামি তাবন্মাং প্রতিপালয়। তূষ্ণীমাসীদ্গৃহপতিঃ সোহপীন্দ্রস্যাকরোন্মখং ॥২॥

নিমিশ্চলমিদং বিদ্বান্ সত্রমারভতাত্মবান্। ঋত্বিগ্‌ভিরপরৈস্তাবন্নাগমদ্যাবতা গুরুঃ ॥ ৩ ॥

শিষ্যব্যতিক্রমং বীক্ষ্য তং নির্বর্ত্ত্যাগতো গুরুঃ। অশপৎ পততাৎ দেহো নিমেঃ পণ্ডিতমানিনঃ ॥

নিমিঃ প্রতিদদৌ শাপং গুরবেহধর্ম্মবর্ত্তিনে। তবাপি পততাৎ দেহো লোভাদ্ধর্ম্মমজানতঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ইক্ষ্বাকোরেব পুত্রস্য নিমের্বংশস্ত্রয়োদশে। বর্ণ্যতে যজ্জিরে তত্র ব্রহ্মজ্ঞা জনকাদয়ঃ ॥ ০ ॥

নিমেরৌরসঃ পুত্রো নাভূদিতি দর্শয়ন্ কথামাহ নিমিরিত্যেকাদশভিঃ সত্রমারভ্য বশিষ্ঠং ঋত্বিজং অবৃত বব্রে ॥ ১ ॥

তং শক্রমখং নির্বর্ত্ত্য প্রতিপালয় প্রতীক্ষস্বেতি গৃহপতি র্নিমিঃ ॥ ২ ॥

ইদং জীবিতং চলং অস্থিরং বিদ্বান্ ॥ ৩ ॥

তত ইন্দ্রস্য মখং নির্বর্ত্ত্যাগতো গুরুঃ। শিষ্যস্য ব্যতিক্রমমন্যায়ং বীক্ষ্য নিমের্দ্দেহঃ পতত্বিত্যশপৎ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিমেরিক্ষ্বাকু পুত্রস্য বংশমুক্ত্বা ত্রয়োদশে। যস্যাপিতুঃ সূর্য্য বংশো বিষ্ণু বৈষ্ণব সংকথঃ ॥ ১ ॥

প্রতিপালয় প্রতীক্ষস্ব। গৃহপতি র্নিমিঃ ॥ ২ ॥

ইদং জীবিতং চলমস্থিরং বিদ্বান্ যত আত্মবান স্ববুদ্ধিঃ ॥ ৩ ॥

নির্বর্ত্ত্য শক্রস্য মখং নিষ্পাদ্য আগতঃ শিষ্যস্য নিমের্ব্যতিক্রমং স্বস্যানপেক্ষাং ॥

অধর্ম্মবর্ত্তিনো লোভাৎ ইন্দ্রতো মত্তোপি দক্ষিণাকাঙ্ক্ষারূপাৎ ॥ ৪ ॥

ত্রয়োদশ অধ্যায়ে ইক্ষ্বাকু পুত্র নিমির বংশ বিবরণ, যাহাতে ব্রহ্মজ্ঞ জনকাদির উদ্ভব হয় ॥ ০ ॥

শুকদেব কহিলেন ইক্ষ্বাকু তনয় নিমি যজ্ঞ আরম্ভ করিয়া মহর্ষি বশিষ্ঠকে ঋত্বিজ্ কর্ম্মে বরণ করিলে ঐ মুনি বলিলেন অগ্রে ইন্দ্র আমাকে বরণ করিয়াছেন ॥ ১ ॥

ইন্দ্রযজ্ঞ সমাপন না করিয়া তোমার যজ্ঞে ব্রত হইতে পারি না, যাবৎ ইন্দ্রযজ্ঞ সমাপন না হয় তাবৎ পর্য্যন্ত প্রতীক্ষা কর। এ কথায় নিমি আর কিছু বলিতে পারিলেন না, মৌনী হইয়া রহিলেন। বশিষ্ঠও ইন্দ্রযজ্ঞ করিতে গেলেন ॥ ২ ॥

পরন্তু তৎপরেই নিমি বিবেচনা করিলেন জীবন অতিশয় অস্থির, ইন্দ্রসত্র সমাপন না হইতে ২ যদি আমার মৃত্যু হয় তবে এ যজ্ঞ হইল না, অতএব যাবৎ পর্য্যন্ত কুলগুরু বশিষ্ঠ আগত না হন তাবৎ অন্য ঋত্বিক্ দ্বারা যজ্ঞকর্ম্ম আরম্ভ করি। ইহা স্থির করিয়া যজ্ঞ আরম্ভ করিলেন ॥ ৩ ॥

অনন্তর বশিষ্ঠমুনি ইন্দ্রসত্র সমাপন করিয়া নিমির ভবনে আগমন করিলেন, শিষ্যের অন্যায় দর্শনে মুনির কোপ জন্মিল। কোপ বশতঃ এই অভিশাপ দিলেন, পণ্ডিতাভিমানি এই নিমির দেহ শীঘ্র পতিত হউক। কুলগুরু ঐ প্রকার অধর্ম্মবর্ত্তী হওয়াতে নিমিও তাঁহাকে এই অভিশাপ দিলেন, তুমি লোভ পরতন্ত্রে হইয়া ধর্ম্মের প্রতি দৃষ্টি করিলে না তোমারও দেহ পতিত হউক ॥ ৪ ॥

ইত্যুৎসসর্জ্জ স্বং দেহং নিমিরধ্যাত্মকোবিদঃ। মিত্রাবরুণয়োর্জ্জজ্ঞে উর্ব্বশ্যাং প্রপিতামহঃ।
গন্ধবস্তুষু তদ্দেহং নিধায় মুনিসত্তমাঃ। সমাপ্তে সত্রযাগেচ দেবানূচুঃ সমাগতান্॥ ৫ ॥
রাজ্ঞো জীবতু দেহোঽয়ং প্রসন্নাঃ প্রভবোযদি। তথেত্যুক্তে নিমিঃ প্রাহ মাভূন্মে দেহবন্ধনং ॥৬
যস্য যোগং নবাঞ্ছন্তি বিয়োগভয়কাতরাঃ। ভজন্তি চরণাম্ভোজং মুনয়োহরিমেধসঃ।

শ্রীধরস্বামী।

উর্ব্বশীদর্শনাৎ স্কন্নং রেতঃ তাভ্যাং কুম্ভে নিষিক্তং তস্মাৎ প্রপিতামাহো বশিষ্ঠো জজ্ঞে। তদাহ মিত্রাবরুণয়োরিতি তথাচ শ্রুতিঃ কুম্ভে রেতঃ সিষিচতুঃ সমানমিতি ॥ ৫ ॥

যদি প্রসন্নাঃ প্রভবঃ সমর্থাশ্চ তর্হি জীবতু ইত্যূচুঃ ॥ ৬ ॥

যস্য দেহস্য যোগং নবাঞ্ছন্তি অপিতু মোক্ষায়ৈব ভজন্তি ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

দ্বাদশো নাস্তি। অথ ত্রয়োদশে। নিমিঃ প্রাহেতি যোগবলেন লিঙ্গশরীরমবল ... বেতি জ্ঞেয়ং ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬॥

অস্য বিয়োগো ভবিষ্যতীতি ভয়েন কাতরা বিরুবাত্মানঃ। সন্তো যস্য যোগম ... কিমুত তৎ সম্বন্ধি নানা জন্ম নানা জাতীয় সুখং ন বাঞ্ছন্তি কিন্তু ভজন্তি কেবলং নতু চরণাম্ভোজং ভজন্তীতি সেবাসুখেচ্ছা দর্শি ...। সেবা চ দেহং বিনা নসম্ভবতি তর্হি কথং তদুপযুক্ত দেহমপি ন বাঞ্ছন্তি। নেত্যাহ। দেহমিতি দুঃখাদ্যাবহমেব নকাময়ে। ... ীয় পরম সেবোপযুক্ত দেহস্তু পার্ষদ রূপএব।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রপিতামহোবশিষ্ঠঃ দেহং ত্যক্ত্বা মিত্রাবরুণয়োর্জজ্ঞে ইতি উর্ব্বশীদর্শনতস্তদীয় রেতসঃ কুম্ভনিহিতাদিত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ কুম্ভে রেতঃ সিষিচতুঃ সমানমিতি।

তদ্দেহং নিমিশরীরং ॥ ৫ ॥

যদি প্রসন্নাঃ প্রভবঃ সমর্থাশ্চ তর্হি জীবত্বিত্যূচুঃ। তথেতি দেবৈরুক্তে সতি ॥ ৬ ॥

ভজন্তীতি দেহাভাবে চরণাম্ভোজ ভজনাসম্ভবাম্মম ভগবৎ পার্ষদ দেহোঽস্ত্বিতি প্রার্থনা রূপো গূঢ়ো ধ্বনিঃ।

নাবরুরুৎসে ন ধর্ত্তুমিচ্ছামি। উদকে উদকেঽপি। উদকে জলচরাদন্যস্মাৎ অন্যত্র স্থলে স্বভাবাচ্চ মৃত্যুরিত্যর্থঃ॥

দেবা উচুরিতি দেহো জীবত্বিতি মুনীনাং প্রার্থিতং নজীবত্বিতি রাজ্ঞঃ পার্ষদদেহো ভবত্বিতি তৃতীয় প্রার্থিতস্য দাতু মশক্য-

এই বলিয়া নিজ দেহ বিসর্জন করিলেন। সেই সময় বশিষ্ঠ ঋষিরও শরীর পাত হইল, কিন্তু কিয়ৎকাল পরে মিত্রাবরুণের যজ্ঞে উর্ব্বশী গর্ভ্তে তিনি পুনরায় উৎপন্ন হয়েন। অর্থাৎ যজ্ঞ করিতে করিতে উর্ব্বশী দর্শনে মিত্রাবরুণের যে রেতঃ স্খলিত হয় যাহা তাঁহারা কলস মধ্যে রাখিয়াছিলেন তাহা হইতে বশিষ্ঠের পুনরায় উদ্ভব হইল। সে যাহা হউক, যজ্ঞ করিতে করিতে নিমির দেহ পতন হইলে মুনিগণ গন্ধ বস্তু মধ্যে তদীয় কলেবর স্থাপন করিলেন। অনন্তর ক্রতু সমাপ্ত হইলে পর উপস্থিত দেবগণকে নিবেদন করিলেন ॥ ৫ ॥

আপনারা যদি প্রসন্ন ও সমর্থ হন বলুন নিমিরাজের এই দেহ সজীব হইয়া উত্থিত হউক। ইহাতে দেবতারা তথাস্তু বলিলে নিমি গন্ধবস্তু মধ্য হইতে বলিলেন আর কখনই যেন আমার দেহ বন্ধ না হয় ॥ ৬ ॥

হরি সেবক মুনিরা বিয়োগ ভয়ে কাতর হইয়া কদাপি দেহ যোগ বাঞ্ছা করেন না, মুক্তির নিমিত্ত কেবল ভগবানের পাদপদ্ম ভজনা করিয়া থাকেন। অপর মানবদেহ দুঃখ শোক ও ভয়ের আস্পদ, তাহা আর আমি ধারণ করিতে বাসনা করি না, যে হেতু জলে মৎস্য সকলের ন্যায় সর্ব্বত্র দেহের মৃত্যু

দেহং নাবরুরুৎসেহং দুঃখশোক ভয়াবহং। সর্ব্বত্রাস্য যতোমৃত্যু র্মৎস্যানামুদকে যথা ॥ ৭ ॥
দেবা উচুঃ ॥
বিদেহ উষ্যতাং কামং লোচনেষু শরীরিণাং। উন্মেষণ নিমেষাভ্যাং লক্ষিতোধ্যাত্ম সংস্থিতঃ ॥৮॥
অরাজক ভয়ং নৃণাং মন্যমানা মহর্ষয়ঃ। দেহং মমন্থুঃ স্ম নিমেঃ কুমারঃ সমজায়ত ॥ ৯ ॥
জন্মনা জনকঃ সোঽভূদ্বৈদেহস্তু বিদেহজঃ। মিথিলো মথনাজ্জাতো মিথিলা যেন নির্ম্মিতা।
তস্মাদুদাবসুস্তস্য পুত্রোঽভূন্নন্দিবর্দ্ধনঃ। ততঃ সুকেতুস্তস্যাপি দেবরাতো মহীপতে ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

নিমি বিদেহ এব সন্নুষ্যতাং বসতু কামং যথেচ্ছং। এবং সতি যুষ্মাভিঃ প্রার্থিতং জীবিতমস্তু ভবিষ্যতি নচ দেহবন্ধ ইতি ভাবঃ সচ অধ্যাত্ম সংস্থিতঃ সন্ উন্মেষণ নিমেষাভ্যাং তৎ প্রবর্ত্তকত্বেন লক্ষিতো বর্ত্তত ইতি শেষঃ ॥ ৮ ॥

তদেবং মৃতাদপি নিমে র্দেহাৎ বংশ প্রবৃত্তিং দর্শয়তি অরাজক ভয়মিতি ॥ ৯ ॥

তস্যান্বর্থানি ত্রীণি নামান্যাহ। জন্মনা অসাধারণেন জনএব জনকঃ। যদ্বা স্বদেহ দ্বারা জনকত্বাৎ স নিমির্জ্জনকোঽভূদিত্যর্থঃ। মিথিলা যেন নির্ম্মিতেত্যনেন মৈথিলপ্রসিদ্ধিরপ্যর্থাদুক্তং ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

সচ নিত্য সুখাত্মক এবেতি ভাবঃ। আশ্রয়াদিতি পাঠেপি স এবার্থঃ ॥ ৭ ॥

দেবা উচুরিতি দেবাস্তু যৎ কিঞ্চিদেব সমাধানং উচুরিত্যর্থঃ। রাজ্ঞো জীবতু দেহোঽয়মিতি মুন্যর্থিতস্য রাজ্ঞা তন্নিষেধস্যাচ করণে সংকটত্বাপাতাৎ। তদীয় পরমাভীষ্টস্য চ দুঃশকত্বাদিতি ভাবঃ ॥ ৮ ॥

অরাজক ইতি। ততঃ স্ববাক্যং চাবার্থং তে চক্রুরিতি ভাবঃ ॥ ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বাদুষ্টমেব দিৎসন্তঃ উচুরিত্যর্থঃ ॥ ৭ ॥

নিমির্ব্বিদেহএব উষ্যতাং বসতু লক্ষিতো জ্ঞাতঃ সন্ লোচনেষু অধ্যাত্মসংস্থিত ইত্যাভ্যাং জীবিতং দেহবন্ধাভাবশ্চেত্যুভয় প্রার্থিতং সেৎস্যতীতি ভাবঃ ॥ ৮। ৯ ॥

জন্মনা অসাধারণেন জায়ত ইতি জনকঃ ॥ ১০ ॥

সম্ভাবনা আছে ॥ ৭ ॥

দেবতারা কহিলেন তবে এই নিমিত্ত দেহ শূন্য হইয়াই দেহি সকলের লোচনে যথেচ্ছাক্রমে বাস করুন। এ কথার তাৎপর্য্য এই, এরূপ হইলে মুনিগণ যে নিমিত্ত জীবন প্রার্থনা করিতেছেন তাহা সিদ্ধ হইবেক অথচ তাঁহার দেহ সম্বন্ধ হইবে না। হে রাজন্! উক্ত বাক্যানুসারেই নিমি আত্মস্থ হইয়াছিলেন, নেত্রের উন্মেষ ও নিমেষ সময়ে তৎ প্রবর্ত্তক বলিয়া দৃষ্ট হইতেন মাত্র ॥ ৮ ॥

পরন্তু তদনন্তর মহর্ষিরা বিবেচনা করিলেন অরাজক রাজ্যে প্রজাজনের সর্ব্বদা ভয় সম্ভাবনা, অতএব সকলে রাজপুত্র কামনা করিয়া ঐ নিমির দেহ মন্থন করিলেন, তাহাতে তাঁহার মৃতদেহ হইতে একটী কুমার উৎপন্ন হইল ॥ ৯ ॥

সেই নিমি তনয় অসামান্য জন্ম হেতু জনক নামা হয়েন, তাহার অর্থ জনই। অপর বিদেহ হইয়া জন্ম গ্রহণ করাতে তাঁহার নাম বৈদেহও হয়। মথনে জন্ম হেতু মিথিল বলিয়াও খ্যাত হন্, অথবা তিনি মিথিলা পুরীর নির্ম্মাণকর্ত্তা একারণ মিথিলাধিপ হইয়াছিলেন। সে যাহা হউক, ঐ জনকের পুত্র উদাবসু, তাহার নন্দন নন্দিবর্দ্ধন। নন্দিবর্দ্ধনের তনয় সুকেতু, তাহার পুত্র দেবরাত ॥ ১০ ॥

তস্মাদ্বৃহদ্রথস্তস্য মহাবীর্য্যঃ সুধৃৎপিতা। সুধৃতে র্ধৃষ্টকেতুর্বৈ হর্য্যশ্বোহথ মরুস্ততঃ।
মরোঃ প্রতীপকস্তস্মাজ্জাতঃ কৃতরথোযতঃ। দেবমীঢ়স্তস্য পুত্রোবিশ্রুতোহথমহাধৃতিঃ।
কৃতিরাতস্তত স্তস্মান্মহারোমাচ তৎসুতঃ। স্বর্ণরোমা সুতস্তস্য হ্রস্বরোমা ব্যজায়ত।
ততঃ শীরধ্বজোযজ্ঞে যজ্ঞার্থং কর্ষতোমহীং। সীতা শীরাগ্রতো জাতা তস্মাৎ শীরধ্বজঃ স্মৃতঃ।
কুশধ্বজ স্তস্য পুত্র স্ততোধর্ম্মধ্বজোনৃপ। ধর্ম্মধ্বজস্য দ্বৌ পুত্রৌ কৃতধ্বজমিতধ্বজৌ ॥ ১১ ॥
কৃতধ্বজাৎ কেশিধ্বজঃ খাণ্ডিক্যস্তু মিতধ্বজাৎ। কৃতধ্বজসুতোরাজন্নাত্মবিদ্যাবিশারদঃ।
খাণ্ডিক্যঃ কর্ম্ম তত্ত্বজ্ঞো ভীতঃ কেশিধ্বজাদ্দ্রুতঃ। ভানুমাং স্তস্য পুত্রোহভূচ্ছতদ্যুম্নস্তু তৎসুতঃ।
শুচিস্তু তনয়স্তস্মাৎ সনদ্বাজঃ সুতোহভবৎ ॥ ১২ ॥
ঊর্জকেতুঃ সনদ্বাজাদজোহথ পুরুজিৎ সুতঃ। অরিষ্টনেমি স্তস্যাপি শ্রুতায়ু স্তৎসুপার্শ্বকঃ।
ততশ্চিত্ররথোযস্য ক্ষেমাধির্মিথিলাধিপঃ। তস্মাৎ সমরথস্তস্য সুতঃ সত্যরথস্ততঃ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

সুধৃৎ সুধৃতিঃ তস্য পিতা ॥ ১১ ॥
তস্য কেশিধ্বজস্য ভানুমান্ ॥ ১২ ॥
তৎ তস্মাৎ সুপার্শ্বকঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সুধৃতেঃ পিতা সুধৃৎ পিতা ॥
কর্ষতো যস্য সীতা রামপত্নী শীরাগ্রতো লাঙ্গলাগ্রতো জাতা তস্মাদেব হেতোঃ শীরএব ধ্বজঃ কীর্ত্তি বাপ্তকো যস্য সঃ ॥ ১১ ॥
দ্রুতঃ পলায়িতঃ ॥ তস্য কেশিধ্বজস্য ভানুমান্ ॥ তৎ তস্য ॥ ১২ । ১৩ ॥

দেবরাত হইতে বৃহদ্রথের জন্ম হয়। তাহার পুত্র মহাবীর্য্য। মহাবীর্য্যের সন্তান সুধৃতি, তাহার পুত্র ধৃষ্টকেতু, তত্তনয় হর্য্যশ্ব, তাহা হইতে মরুর উদ্ভব হয়। মরুর পুত্র প্রতীপ, তাহা হইতে কৃতরথ জন্ম গ্রহণ করেন। তাহার সুত দেবমীঢ়, দেবমীঢ়ের সন্তান বিশ্রুত, বিশ্রুত হইতে মহাধৃতি, মহাধৃতির পুত্র কৃতিরাত, তাহার পুত্র মহারোমা, মহারোমার পুত্র স্বর্ণরোমা। তাহা হইতে হ্রস্বরোমা জন্ম গ্রহণ করেন। হ্রস্বরোমার সন্তান শীরধ্বজ। হ্রস্বরোমা রাজা যজ্ঞার্থ ভূমি কর্ষণ করিতেছিলেন সেই সময় তাঁহার শীরা অর্থাৎ লাঙ্গল পদ্ধতির অগ্রভাগ হইতে ঐ ব্যক্তির জন্ম হয়, এই কারণে তাঁহার নাম শীরধ্বজ হইয়াছিল। শীরধ্বজের সন্তান কুশধ্বজ, তাহার পুত্র ধর্ম্মধ্বজ। ধর্ম্মধ্বজের দুই সন্তান কৃতধ্বজ এবং মিতধ্বজ ॥ ১১ ॥

তন্মধ্যে কৃতধ্বজ হইতে কেশিধ্বজ উৎপন্ন হন এবং মিতধ্বজ হইতে খাণ্ডিক্যের জন্ম হয়। হে রাজন্! কৃতধ্বজের পুত্র খাণ্ডিক্য আত্ম বিদ্যায় বিশারদ এবং বিলক্ষণ কর্ম্ম তত্ত্বজ্ঞ ছিলেন। একদা কোন কারণে কেশিধ্বজের ভয়ে পলায়ন করেন। কেশিধ্বজের পুত্র ভানুমান্, তাহার পুত্র শতদ্যুম্ন, শতদ্যুম্নের পুত্র শুচি। ঐ শুচি হইতে সনদ্বাজ উৎপন্ন হয়েন ॥ ১২ ॥

সনদ্বাজের আত্মজ ঊর্জকেতু, তৎপুত্র পুরুজিৎ। পুরুজিতের পুত্র অরিষ্টনেমি, তাহার তনয় শ্রুতায়ু, তাহার পুত্র সুপার্শ্ব,সুপার্শ্ব হইতে চিত্ররথ উৎপন্ন হয়, তাহার পুত্র ক্ষেমাধি। ক্ষেমাধির সন্তান সমরথ, তাহার পুত্র সত্যরথ ॥ ১৩ ॥

আসীদুপগুরু স্তস্মাদুপগুপ্তোঽগ্নিসম্ভবঃ ॥ ১৪ ॥

বস্বনন্তোঽথ তৎপুত্রোযযুর্ধান্ যৎ সুভাষণঃ। শ্রুতস্ততো জয়স্তস্মাদ্বিজয়োঽস্মাদৃতঃ সুতঃ।

শুনকস্তৎসুতো জজ্ঞে বীতহব্যো ধৃতিস্ততঃ। বহুলাশ্বোধৃতেস্তস্য কৃতিরস্য মহান্ বশী ॥ ১৫ ॥

এতে বৈ মিথিলা রাজন্নাত্ম বিদ্যা বিশারদাঃ। যোগেশ্বর প্রসাদেন দ্বন্দ্বৈর্মুক্তা গৃহেষ্বপি ॥ ১৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে সূর্য্যবংশ কীর্ত্তনং ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৩ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

অথাতঃ শ্রূয়তাং রাজন্ বংশঃ সোমস্য পাবনঃ। যস্মিন্নৈলাদয়োভূপাঃ কীর্ত্ত্যন্তে পুণ্যকীর্ত্তয়ঃ।

শ্রীধরস্বামী।

অগ্নিসম্ভবঃ অগ্নেরংশাৎ সংভূতঃ ॥ ১৪ ॥ যদস্মাৎ সুভাষণঃ ॥ ১৫ ॥ যোগেশ্বরা যাজ্ঞবল্ক্যাদয় স্তেষাং প্রসাদেন ॥ ১৬ ॥

॥ * ॥ ইতি নবমে ত্রয়োদশঃ ॥ * ॥

চতুর্দ্দশাদিভিঃ সোম বংশমাহ সমাপ্তিতঃ। যস্মিন্নৈলাদয়ো ভূপাঃ কীর্ত্ত্যন্তে পুণ্যকীর্ত্তয়ঃ। চতুর্দ্দশে গুরোঃ পত্ন্যাং তারায়াং

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে ত্রয়োদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

অথাত ইতি শ্রুত পূর্ব্বমীমাংসান্ প্রত্যথাতো ব্রহ্ম জিজ্ঞাসেতি বৎ স্বয়ং ভগবদাবির্ভাবাস্পদ বংশ কথনারম্ভে মাঙ্গল্যায়ানন্তর্য্য হেতুবিশেষয়োর্ব্বোধনায়চ। সোমস্য তদ্বংশধরস্যাপি পাবনোবংশঃ। যদ্বা সোমস্য উমাসহচরস্য শিবস্যাপি। যৎ পাদনিঃসৃত সরিৎ প্রবরোদকেন তীর্থেন মূর্দ্ধ্ন্যধিকৃতেন শিবঃ শিবোঽভূদিতি বৎ। স্বয়ং ভগবদাবির্ভাবাৎ। অস্ত তাবত্তৎ সম্বন্ধেন তাদৃশত্বং স্বতোপ্যনন্তঃ। প্রশস্তমিত্যাহ যস্মিন্নিতি ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অগ্নিসম্ভবঃ অগ্ন্যংশসম্ভূতঃ ॥ ১৪ । ১৫ । ১৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রয়োদশোঽয়ং নবমে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

তারায়াং শ্বশুরোঃ পত্ন্যামিন্দুনা জনিতাদ্বুধাৎ। জাত ঐলং বহুর্ব্বশ্যাং পুত্রান্ প্রাপ চতুর্দ্দশে ॥ ১ । ২ ॥

সত্যরথের পুত্র উপগুরু, তাহা হইতে অগ্নির অংশে উপগুপ্ত জন্ম গ্রহণ করেন ॥ ১৪ ॥

উপগুপ্তের সন্তান বস্বনন্ত, তৎপুত্র যযুর্ধান্। তাহা হইতে সুভাষণ উৎপন্ন হয়েন। সুভাষণের পুত্র শ্রুত, তাহার পুত্র জয়, জয়ের তনয় বিজয়, বিজয় হইতে ঋত জন্ম গ্রহণ করেন। তাঁহার পুত্র শুনক, তাহার সন্তান বীতহব্য, তত্তনয় ধৃতি, ধৃতির পুত্র বহুলাশ্ব, তাহার পুত্র মহাবশী কৃতি ॥ ১৫ ॥

হে রাজন্! এই সকল মহীপাল মিথিলাদেশীয়, ইহাঁরা আত্মবিদ্যায় সুপণ্ডিত এবং যাজ্ঞবল্ক্যাদি যোগীশ্বরদিগের প্রসাদে গৃহে বাস করিয়াও সুখ দুঃখাদি দ্বন্দ্ব নির্ম্মুক্ত ছিলেন ॥ ১৬ ॥

॥ * ॥ ইতি নবমে ত্রয়োদশ ॥ * ॥

চতুর্দ্দশ অধ্যায়ে বৃহস্পতির পত্নী তারার গর্ব্ভে সোম হইতে বুধের জন্ম এবং বুধ হইতে ঐল ও ঐল হইতে উর্ব্বশীর গর্ব্ভে আয়ুমুখ্য প্রভৃতি ছয়জনের উৎপত্তি ॥ ০ ॥

শুকদেব কহিলেন রাজন্। অনন্তর পাবন সোম বংশের বিবরণ বলিতেছি শ্রবণ কর। ঐ বংশেই পুণ্যকীর্ত্তি ঐল প্রভৃতি ভূপতি কীর্ত্তিত হইয়া থাকেন। হে মহারাজ! সহস্র শীর্ষা পরম পুরুষ ভগবা-

সহস্রশিরসঃ পুংসোনাভীহ্রদসরোরুহাৎ। জাতস্যাসীৎ সুতোধাতুরত্রিঃ পিতৃসমোগুণৈঃ॥ ১॥

তস্মাদ্দৃশোঽভবৎ পুত্রঃ সোমোঽমৃতময়ঃ কিল॥ ২॥

বিপ্রৌষধ্যুডুগণানাং ব্রহ্মণা কল্পিতঃ পতিঃ। সোঽযজদ্রাজসূয়েন বিজিত্য ভুবনত্রয়ং॥ ৩॥

পত্নীং বৃহস্পতের্দর্পাত্তারাং নামাহরদ্বলাৎ॥ ৪॥

যদা স দেব গুরুণা যাচিতোঽভীক্ষ্ণশো মদাৎ। নাত্যজৎ তৎকৃতে জজ্ঞে সুরদানববিগ্রহঃ॥৫॥

শুক্রোবৃহস্পতের্দ্বেষাদগ্রহীৎসাসুরোড়ুপং। হরো গুরুসুতং স্নেহাৎ সর্ব্বভূতগণাবৃতঃ।

শ্রীধরস্বামী।

সোমজন্মাদ্বুধাং। জাতশ্চৈলঃ স উর্ব্বশ্যামায়ুমুখ্যানজীজনৎ॥ ১॥

দৃগ্‌ভ্যঃ আনন্দাশ্রুভ্যঃ। অতএবামৃতময়ঃ। কিলেত্যাশ্চর্য্যে। দৃশ ইতি পাঠে দৃশোনেত্রাৎ॥ ২॥

বক্ষ্যমাণ দর্পস্য কারণমাহ বিপ্রেতি॥ ৩॥

সোমস্য পুত্রোবুধ ইতি কথা দ্বারেণাহ পত্নীমিতি সার্দ্ধৈর্নবভিঃ॥ ৪॥

তৎকৃতে তন্নিমিত্তং॥ ৫॥

সুরাণাং দানবানাঞ্চ বিগ্রহে কারণমাহ শুক্র ইতি। অসুরৈঃ সহিত উড়ুপমগ্রহীদিত্যর্থঃ সন্ধিরার্ষঃ। গুরোঃ সুতং বৃহস্পতি

ক্রমসন্দর্ভঃ।

তদেতৎ পরমানন্দ বিলসিতং তথৈব মুহুর্ঘূষিতমপি শ্রীনারায়ণ নারভ্য শংসিতুমারভতে সহস্রেতি॥ ১। ২। ৩। ৪। ৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দৃগ্‌ভ্য আনন্দাশ্রুভ্যঃ অতএবামৃতময়ঃ দৃশ ইতি চ পাঠঃ। অত্রেঃ পত্ন্যানসূয়া ত্রীন্ জজ্ঞে সুযশসঃ সুতান্। সোমং দুর্ব্বাসসং দত্তমাত্রেশ ব্রহ্ম সম্ভবানিতি চতুর্থোক্তেঃ। সা পুনস্তং স্বগর্ভে দধারেতি কেচিৎ। সঙ্গকালে আনন্দাশ্রূণ্যপি তস্যাং আধত্তে-ত্যন্যে পত্যুঃ পুত্রত্বেন তস্যাএব সুত ইত্যপরে॥ ৩। ৪। ৫॥

সাসুরঃ অসুরৈঃ সহিতঃ উড়ুপং চন্দ্রমগ্রহীৎ। তস্যৈব পক্ষো বভূব। সন্ধিরার্ষঃ। গুরুসুতমিতি অঙ্গিরসঃ সকাশাৎ প্রাপ্ত

নের নাভি হ্রদ সরোরুহ হইতে যে বিধাতা উৎপন্ন হয়েন, তাঁহার পুত্র অত্রি। তিনি গুণ সমূহে পিতৃ তুল্য হইয়াছিলেন॥ ১॥

সেই অত্রির নেত্র হইতে অমৃতময় সোম নামা তনয় উৎপন্ন হন্॥ ২॥

ভগবান্ ব্রহ্মা ঐ সোমকে বিপ্র, ওষধি তথা নক্ষত্র সকলের অধিপতি করিয়াছিলেন তাহাতেই তিনি ত্রিভুবন জয় করিয়া রাজসূয় যজ্ঞ করেন॥ ৩॥

একদা ঐ সোম দর্পহেতু বল প্রকাশ পূর্ব্বক বৃহস্পতির পত্নী তারাকে হরণ করিয়াছিলেন॥ ৪॥

হে রাজন্! দেবদানব মধ্যে যে বিগ্রহ হয় তাহার কারণ জান। ভার্য্যা হরণ করিলে পর দেব-গুরু বৃহস্পতি অনেক বার সোমের নিকট গিয়া বনিতা প্রত্যর্পণার্থ প্রার্থনা করিলেন কিন্তু মদমত্ততা প্রযুক্ত সোম গুরুপত্নী পরিত্যাগ করিলেন না। তাহার নিমিত্তই সুর ও অসুরগণ মধ্যে মহা বিগ্রহ উপস্থিত হইল॥ ৫॥

বৃহস্পতির উপরে শুক্রাচার্য্যের দ্বেষভাব ছিল, একারণ তিনি আপনার শিষ্য অসুরগণ সহিত সোমকে গ্রহণ করিলেন অর্থাৎ সোমের পক্ষ হইলেন। আর ভগবান্ হর অঙ্গিরার নিকট বিদ্যা প্রাপ্ত হওয়াতে স্নেহ বশতঃ সকল ভূতগণে পরিবৃত হইয়া নিজ গুরুপুত্র বৃহস্পতিকে গ্রহণ করিলেন। পরে সমুদায় দেবতার সহিত মিলিত হইয়া ইন্দ্রও আপনাদের গুরু বৃহস্পতির অনুগামী হইলেন। তাহার

সর্ব্বদেব গণোপেতো মহেন্দ্রো গুরুমন্বয়াৎ। সুরাসুর বিনাশোঽভূৎ সমরস্তারকাময়ঃ ॥ ৬ ॥
নিবেদিতোঽথাঙ্গিরসা সোমং নির্ভৎস্য বিশ্বকৃৎ। তারাং স্বভর্ত্রে প্রাযচ্ছদন্তর্ব্বত্নীমবৈৎ পতিঃ ॥ ৭ ॥
ত্যজ ত্যজাশু দুষ্প্রজ্ঞে মৎক্ষেত্রাদাহিতং পরৈঃ। নাহং ত্বাং ভস্মসাৎ কুর্য্যাং স্ত্রিয়ং সান্তানিকোঽসতি।
তত্যাজ ব্রীড়িতা তারা কুমারং কনকপ্রভং। স্পৃহামাঙ্গিরসশ্চক্রে কুমারে সোম এবচ।
মমায়ং ন তবেত্যুচ্চৈ স্তস্মিন্ বিবদমানয়োঃ। পপ্রচ্ছুর্ঋষয়ো দেবা নৈবোচে ব্রীড়িতা তু সা।
কুমারোমাতরং প্রাহ কুপিতোঽলীক লজ্জয়া। কিং নবোচস্যসদ্বৃত্তে আত্মাবদ্যং বদাশু মে ॥ ৮

**শ্রীধরস্বামী।**

মগ্রহীৎ। অঙ্গিরসঃ সকাশাৎ প্রাপ্তবিদ্যোঽয়ম্ ইতি প্রসিদ্ধিঃ ॥ ৬ ॥
নিবেদিতো বিজ্ঞাপিতঃ। বিশ্বকৃৎ ব্রহ্মা। অবৈৎ অনুমাত ॥ ৭ ॥
বৃহস্পতিরাহ ত্যজ ত্যজেতি। পরৈ বাহিতং গর্ভং। গর্ভে ত্যক্তে ভস্মীকরিষ্যতীতি বিভ্যতীং প্রত্যাহ নাহমিতি। সান্তা-

**ক্রমসন্দর্ভঃ**

সুরাসুরয়ো র্বিনাশো যস্মাত্তাদৃশঃ। তারকাময়স্তারকাকারণ ইত্যর্থঃ ॥ ৬। ৭ ॥
ত্যজ ত্যজেতি গৃহাগমনানন্তরং গুরুবচনং ॥
মমায়ং নতবেতি তু পুনঃ সভাগমনে দ্বয়োর্বিবাদঃ। তস্মিন্ পুনর্জাতে সদসি ॥ ৮। ৯। ১০ ॥

**শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।**

বিদ্যোঽয়ং ইতি প্রসিদ্ধিরিতি শ্রীস্বামিচরণাঃ ॥ ৬ ॥
অতো ব্রহ্মা সোমং নির্ভৎস্য তস্মাৎ সকাশাৎ তারাং নিষ্কাশ্য স্বভর্ত্রে বৃহস্পতয়ে সচ পতিস্তাং অন্তর্ব্বত্নী গর্ভবতীং অবৈৎ জ্ঞাতবান্ ॥ ৭ ॥
বৃহস্পতিরুবাচ। ত্যজেতি পরৈরাহিতং গর্ভং মৎক্ষেত্রাদস্মাৎ ত্যজ দূরীকুরু। গর্ভে ত্যক্তে মাং ভস্মীকরিষ্যতীতি বিভ্যতী মাশ্বাসয়ন্নাহ। নাহমিতি সান্তানিকঃ সন্তানার্থী ত্বয়ি সন্তানমুৎপাদয়িতুমনা অস্মীত্যর্থঃ। সান্তানিক ইতি পাঠে সম্বোধনং ॥

পরেই তারার নিমিত্ত সুর ও অসুরদিগের বিনাশক ঘোরতর সমর আরব্ধ হইল ॥ ৬ ॥

হে রাজন্! কিয়দ্দিন যুদ্ধ হইলে পর দেবগুরু বৃহস্পতি ব্রহ্মার নিকট গমন পূর্ব্বক ঐ বিষয় নিবেদন করিলেন। তাহাতে ব্রহ্মা সোমকে সন্নিধানে আহ্বান করিয়া ভর্ৎসনা করিলেন এবং অপহৃতা তারাকে তদীয় স্বামি হস্তে দেওয়াইয়া দিলেন। বৃহস্পতি আপনার বনিতা পুনঃ প্রাপ্ত হইয়া জানিতে পারিলেন, ঐ অবলা অন্তর্বত্নী হইয়াছেন ॥ ৭ ॥

অতএব তাহার প্রতি ঘৃণা প্রকাশ করত কহিতে লাগিলেন, অরে দুর্বুদ্ধি! আমার ক্ষেত্রে অন্যের আহিত বীজ ধারণ করিস্, আশু ত্যাগ কর্। অরে অসতি! গর্ভ ত্যক্ত হইলে আমি তোকে বিনষ্ট করিব মনে করিয়া ভীত হইস্ না, যদিও আমার ক্রোধানল প্রজ্বলিত হইয়াছে তথাচ তুই স্ত্রী জাতি, তোকে ভস্মসাৎ করিব না, অধিকন্তু আমি সন্তানার্থী। পতির এই সকল কথায় তারার অতিশয় লজ্জা হইল। তৎক্ষণাৎ গর্ভ হইতে কনকপ্রভ কুমার পরিত্যাগ করিলেন। হে রাজন্! পরম সুন্দর কুমার দর্শন তাহার প্রতি বৃহস্পতি ও সোম উভয়েরই স্পৃহা জন্মিল তাঁহারা পরস্পর কহিতে লাগিলেন আমার এই বালক তোমার নহে, সুতরাং দুই জনের মধ্যে বিলক্ষণ বিবাদ উপস্থিত হইল। পুত্রার্থ তাঁহাদিগের বিবাদ দেখিয়া দেব ও ঋষিগণ তারাকে জিজ্ঞাসা করিলেন কাহার এ সন্তান? তারা তজ্জন্য অতিশয় লজ্জিতা হইয়া ছিলেন, লজ্জা প্রযুক্ত কিছুই বলিতে পারিলেন না, মৌনভাবে রহিলেন। অনন্তর সেই বালক অলীক লজ্জায় কুপিত হইয়া জননীর প্রতি বলিতে লাগিল, অরে অস-

ব্রহ্মা তাং রহ আহূয় সমপ্রাক্ষীচ্চ সান্ত্বয়ন্। সোমস্যেত্যাহ শনকৈঃ সোমস্তং তাবদগ্রহীৎ।
তস্যাত্মযোনিরকৃত বুধ ইত্যভিধাং নৃপ। বুদ্ধ্যা গম্ভীরয়া যেন পুত্রেণাপোড়ুরাণ্মুদং।
ততঃ পুরূরবা জজ্ঞে ইলায়াং য উদাহৃতঃ॥ ৯॥
তস্য রূপ গুণৌদার্য্য শীলদ্রবিণ বিক্রমান্। শ্রুত্বোর্ব্বশীন্দ্রভবনে গীয়মানান্ সুরর্ষিণা।
তদন্তিকমুপেয়ায় দেবী স্মরশরার্দ্দিতা॥ ১০॥
মিত্রা বরুণয়োঃ শাপাদাপন্না নরলোকতাং। নিশাম্য পুরুষশ্রেষ্ঠং কন্দর্পমিব রূপিণং।

শ্রীধরস্বামী।

নিকঃ সম্ভানার্থী ... সম্ভানিকে ইতি পাঠে হে সপুত্রে ইত্যর্থঃ॥ ৮॥ রহ একান্তে॥ ৯॥
পুরূরবস উৎপত্তি ... মুপসুপাঃ ষট্ পুত্রো জাতা ইতি বক্তুং কথামাহ তস্যেত্যাদিনা যাবৎ সমাপ্তি॥ ১০॥
নহু কুতো দেবী ... মুখ্যাস্বকমুপগচ্ছেত্তত্রাহ মিত্রাবরুণয়োঃ শাপান্নরলোকতাং মনুষ্য ভাবমাপন্না সতী॥ ১১॥

ক্রমসন্দর্ভঃ।

ধৃতিং বিষ্টভ্য ... লেন জাত স্তম্ভাদিবিকার স্তম্ভনায় বৈশ্যমবলম্ব্য॥ ১১। ১২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মনো ... তাং কিং ন বদসি॥ ৮॥ রহ একান্তে॥ ৯। ১০॥
মিত্রাবরুণয়োঃ ... শন জনিতকাম বিকারয়োরুর্ব্বশীং মানুষীব মনুষ্যভুক্তা ভবেত্যভিশাপাৎ নরলোকতাং নরলোকং॥ ১১। ১৮॥
সৌরভ ... ॥ ১২॥

বৃত্তে! কথা ... তেছিস্ না কেন? শীঘ্র আমার নিকট আপনার দোষ বল্॥ ৮॥

অনন্তর ... ঐ তারাকে নির্জ্জনে আহ্বান করিয়া সান্ত্বনা করত জিজ্ঞাসা করিলেন বৎসে! কাহার পুত্র ... র নিকট ব্যক্ত কর। তারা নম্র বদনে এই মাত্র বলিলেন সোমের সন্তান। হে রাজন্! তারার মুখ হইতে এই বাক্য নির্গত হইবামাত্র সোম (চন্দ্র) সেই পুত্র লইয়া গেলেন। লোক কর্ত্তা ... ঐ বালকের গম্ভীর বুদ্ধি দেখিয়া "বুধ" নাম রাখিয়াছিলেন। হে মহারাজ! নক্ষত্রপতি সোম সেই পুত্র হইতে পরম হর্ষ প্রাপ্ত হন্॥ ৯॥

সে যাহা ... ঐ বুধ হইতে ইলার গর্ভে পুরূরবার জন্ম হয়। ঐ ব্যক্তি অতিশয় বিখ্যাত ছিলেন। এক দিবস দেবর্ষি নারদ ইন্দ্রালয়ে তাঁহার রূপ, গুণ, ঔদার্য্য, শীলতা, ধন ও বিক্রম গান করিতেছিলেন, স্বর্কেশ্যা উর্ব্বশী তাহা শুনিয়া কামশরার্দ্দিতা হইল এবং ঐ রাজার নিকট স্বয়ং আগমন করিল॥ ১০॥

হে রাজন্! উর্ব্বশী দেবস্ত্রী হইয়া মানব সমীপে কি প্রকারে গেল এ আশঙ্কা করিও না, মিত্রাবরুণের শাপে সে সময় ঐ অপ্সরাও মনুষ্যভাব প্রাপ্ত হইয়াছিল। এ বিষয়ে পদ্ম পুরাণীয় সৃষ্টিখণ্ডে উর্ব্বশী জন্মান্তর ইতিহাস যথা। একদা ইন্দ্র উর্ব্বশীকে আহ্বান করিয়া কহিলেন পদ্মাক্ষি! তুমি আমাকে আত্ম সমর্পণ কর, উর্ব্বশীও দেবরাজের বাক্যে সম্মতা হইয়া গমন করিল, পরে মিত্রদেবতা উর্ব্বশীর রূপলাবণ্য অবলোকন করত কাম মুগ্ধ চিত্তে কহিলেন দেবি! আমাকে আত্ম সমর্পণ কর, তৎ পশ্চাৎ বরুণও ঐ প্রকার প্রার্থনা করিলেন। উর্ব্বশী কাহারও বাক্য প্রতিপালন করিতে সম্মতা হইল না এবং কহিল আমি পূর্ব্বে ইন্দ্রকর্ত্তৃক বৃতা হইয়াছি, তাঁহার অভিলাষপূর্ণ করণানন্তর তোমাদের মনো-

ধৃতিং বিষ্টভ্য ললনা উপতস্থে তদন্তিকে। স তাং বিলোক্য নৃপতির্হর্ষেণোৎফুল্ল লোচনঃ।
উবাচ শ্লক্ষ্ণয়া বাচা দেবীং হৃষ্টতনূরুহঃ ॥ ১১ ॥
শ্রীরাজোবাচ ॥
স্বাগতং তে বরারোহে আস্যতাং করবাম কিং। সংরমস্ব ময়া সাকং রতি নৌ শাশ্বতীঃ সমাঃ ॥১২
উর্ব্বশ্যুবাচ ॥
কস্যাস্ত্বয়ি ন সজ্জেত মনোদৃষ্টিশ্চ সুন্দর। যদঙ্গান্তরমাসাদ্য চ্যবতেহি রিরংসয়া ॥ ১৩ ॥
এতাবুরণকৌ রাজন্ন্যাসৌ রক্ষস্ব মানদ। সংরংস্যে ভবতা সাকং শ্লাঘ্যঃ স্ত্রীণাং বরঃ স্মৃতঃ ॥ ১৪ ॥
ঘৃতং মে বীর ভক্ষ্যং স্যান্নেক্ষে ত্বান্যত্র মৈথুনাৎ। বিবাসসং তত্তথেতি প্রতিপদে মহামনাঃ ॥১৫

শ্রীধরস্বামী।

নৌ আবয়োরতিরস্ত্বিতি শেষঃ ॥ ১২ ॥

যস্য তব অঙ্গান্তরং বক্ষ আসাদ্য রিরংসয়া বস্তুমিচ্ছায়া হ স্ফুটং ন চ্যবতে নাপযাতি যৎ যস্মাদিতি বা ॥ ১৩ ॥

শাপাবসানে ভাষা ভঙ্গমিষেণ জিগমিষোস্তস্যা ভাষাবন্ধ মাহ এতাবিতি দ্বাভ্যাং। উরণকৌ মেষৌ ন্যাসৌ নিক্ষেপরূপৌ রক্ষস্ব যঃ শ্লাঘ্যঃ সএব স্ত্রীণাং বরঃ স্মৃতঃ। অতো বিজাতীয়ত্বং ন দোষ ইতি ভাবঃ ॥ ১৪ ॥

হে বীর ঘৃতং মে ভক্ষ্যং স্যাদমৃতং বা আজ্যমিতি শ্রুতেঃ। দেবানাঞ্চামৃতাশিত্বাৎ মৈথুনাদন্যত্র বিবাসসং ত্বাং নেক্ষিষ্যে

শ্রীধরস্বামী।

মনোদৃষ্টিশ্চ ন চ্যবত ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ১৩ । ১৪ । ১৫ । ১৬ । ১৭ । ১৮ । ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যদস্মাৎ অঙ্গ হে রাজন্ অন্তরং রহসি অবকাশং আসাদ্য প্রাপ্য রিরংসয়া মনশ্চ্যবতে বিকৃতী ভবতি ॥ ১৩ ॥

শাপাবসানমিষেণ স্বর্গং জিগমিষো স্তস্যা ভাষাবন্ধমাহ এতাবিতি দ্বাভ্যাং। উরণকৌ মেষৌ ন্যাসৌ নিঃক্ষেপরূপৌ রক্ষ। যঃ শ্লাঘ্যঃ সএব স্ত্রীণাং বরঃ স্মৃত ইতি বিজাতীয়ত্বং স্ত্রীণামস্মাকং ন দোষ ইতি ভাবঃ ॥ ১৪ ॥

ঘৃতং মে ভক্ষ্যমিত্যমৃতং বা আজ্যমিতি শ্রুতে দৈবানাঞ্চামৃতাশিত্বাৎ ত্বা ত্বাং। তত্তস্যাবচনং তথাস্ত্বিতি প্রতিপেদে অঙ্গী-কৃতবান্ ॥ ১৫ ॥

রথ সিদ্ধি করিব। এতৎ শ্রবণে মিত্র ও বরুণ উভয়েই শাপ প্রদান পূর্ব্বক কহিলেন। অরে বরাঙ্গনে! তোর এই ধর্ম্ম মিথ্যা, তুই স্বর্গে থাকিবার যোগ্য নহিস্ অদ্যই মনুষ্য লোকে গমন করিয়া সোমবংশ জাত পুরূরবাকে ভজন কর। অতএব পুরুষ শ্রেষ্ঠ পুরূরবাকে কন্দর্প তুল্য রূপবান্ শ্রবণ করিয়া ধৈর্য্য হইয়াছিল, সুতরাং স্বয়ং তাঁহার নিকট গিয়া উপাসনা করিতে লাগিল ॥ ১১ ॥

হে রাজন্! উর্ব্বশীকে অবলোকন করিয়া পুরূরবারও নয়ন আনন্দে উৎফুল্ল হইল। রাজা পুলকা-কুল কলেবর হইয়া সুমধুর বচনে কহিলেন। হে বরারোহে! সুখে আগমন হইল, উপবেশন কর, বল আমি কি করিব। হে নিবিড় নিতম্বিনি! আমার সহিত রমণ কর। বহু বৎসর যাবৎ আমাদের উভ-য়ের পরম সুখে রমণ হউক ॥ ১২ ॥

উর্ব্বশী কহিল হে সুন্দর! তোমার প্রতি কাহার মনঃ ও নয়ন আসক্ত না হইবে? যে হেতু তোমার বক্ষঃস্থল প্রাপ্ত হইলে রমণেচ্ছায় কেহই তথা হইতে অপগত হইতে চাহে না ॥ ১৩ ॥

তদনন্তর শাপাবসানে প্রতিজ্ঞা ভঙ্গ ছলে প্রস্থানের মানসে কহিতে লাগিল হে রাজন্! এই দুইটী মেষ নিক্ষেপ স্বরূপে রক্ষা কর। হে মানদ! আমি তোমার সহিত রমণ করিব, কারণ যে পুরুষ শ্লাঘ্য, সেই ব্যক্তিই রমণীদিগের বরণীয়, অতএব আপনি বিজাতীয় পুরুষ হইলেও বরণে দোষ নাই ॥ ১৪ ॥

কিন্তু হে বীর! আমি তোমার নিকটে থাকিয়াও নিত্য ঘৃত ( অমৃত ) আহার করিব, আর মৈথু-

অহোরূপ মহোভাবো নরলোকবিমোহনং। কো ন সেবেতমনুজো দেবীঃ ত্বাং স্বয়মাগতাং।
তয়া স পুরুষশ্রেষ্ঠো রময়ন্ত্যা যথার্হতঃ। রেমে সুরবিহারেষু কামং চৈত্ররথাদিষু ॥ ১৬ ॥
রমমাণ স্তয়া দেব্যা পদ্মকিঞ্জল্কগন্ধয়া। তন্মুখামোদমুষিতো মুমুদেহর্গণান্ বহূন্ ॥ ১৭ ॥
অপশ্যন্নুর্ব্বশীমিন্দ্রো গন্ধর্ব্বান্ সমচোদয়ৎ। উর্ব্বশী রহিতং মহ্যমাস্থানং নাতিশোভতে ॥ ১৮ ॥
ত উপেত্য মহারাত্রে তমসি প্রত্যুপস্থিতে। উর্ব্বশ্যা উরণৌ জহ্রু র্ন্যস্তৌ রাজনি জায়য়া ॥ ১৯ ॥
নিশম্যাক্রন্দিতং দেবী পুত্রয়োর্নীয়মানয়োঃ। হতাস্ম্যহং কুনাথেন নপুংসা বীরমানিনা ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

ইতি প্রতিপেদে অঙ্গীকৃতবান্ ॥ ১৫ ॥ তদেবাহ অহো ইতি ॥ ১৬ ॥
পদ্মকিঞ্জল্কস্য গন্ধ ইব গন্ধো যস্যা স্তস্যা মুখামোদেন মুষিতঃ প্রলোভিতঃ সন্ ॥ ১৭ ॥ মহ্যং মম ॥ ১৮ ॥
মহারাত্রে মধ্যরাত্রে। মহানিশা দ্বে ঘটিকে রাত্রেমধ্যম যামযোরিতি স্মৃতেঃ ॥ ১৯ ॥
জিগমিষো স্তস্যাঃ পরুষোক্তিমাহ হতাস্মীতি সার্দ্ধৈঃ। নপুংসা নপুংসকেন ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

নিশম্যেতি ত্রিকং। দেবী আহেতি শেষঃ। যদ্বা। নিশম্যোবাচেতি শেষঃ। যদ্বা দেবীতাত্র ছান্দস স্তৃতীয়ায়া লুক্ তেন

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভাবো ভাবহাবাদি ॥ ১৬। ১৭ ॥ মহ্যমাস্থানং মম সভা ॥ ১৮ ॥
মহারাত্রে মধ্যরাত্রে। মহানিশা দ্বে ঘটিকে রাত্রেমধ্যম যামযোরিতি স্মৃতেঃ ॥ ১৯ ॥
পুত্রয়োর্মেষয়োঃ। নপুংসা নপুংসকেন যত্র বিশ্রম্ভাৎ বীরোয়মিতি বিশ্বাসাৎ নিশি নারী যথা তথা শেতে সংবৃত্তঃ। চৌরা-

নাতিরিক্ত সময়ে তোমাকে বিবস্ত্র দেখিতে পারিব না। পুরূরবা তদীয় সৌন্দর্য্য মাধুর্য্যে বিমুগ্ধ হইয়াছিলেন, সে যাহা যাহা বলিল তৎ সমুদায়ই অঙ্গীকার করিলেন ॥ ১৫ ॥

এবং কহিলেন সুন্দরি! তোমার আশ্চর্য্য রূপ ও আশ্চর্য্য ভাব দেখিলেই নরলোকের মোহ হয়। অপর তুমি স্বর্গবাসিনী দেবী, স্বয়ং আগমন করিয়াছ, কোন্ মনুষ্য তোমার সেবা না করিবে? হে রাজন্! এই কথা বলিয়া পুরুষ প্রধান পুরূরবা উর্ব্বশীর সহিত দেবগণের ক্রীড়াস্থল চৈত্ররথ প্রভৃতিতে রমণ করিতে আরম্ভ করিলেন। উর্ব্বশীও যথাযোগ্যরূপে ঐ কার্য্য সম্পাদনে ব্যাপৃতা রহিল ॥ ১৬ ॥

সেই দেবীর গাত্রে পদ্মকিঞ্জল্কের গন্ধ তুল্য সুগন্ধ বহিত, রাজা তাহার সহিত ক্রীড়া করত তদীয় বদন সৌরভে প্রলোভিত হইয়া অনেক দিন পরম আমোদে রহিলেন ॥ ১৭ ॥

এ দিকে দেবরাজ ইন্দ্র সুরপুরে উর্ব্বশীকে দেখিতে না পাইয়া গন্ধর্ব্বদিগকে আদেশ করিয়া পাঠাইলেন উর্ব্বশী কোথায় আছে শীঘ্র লইয়া আইস, আমার স্থান উর্ব্বশী রহিত হইয়া শোভা পাইতেছে না ॥ ১৮ ॥

অতএব মধ্যরাত্রে যখন গাঢ় অন্ধকার উপস্থিত হইল সেই সময় ঐ সকল গন্ধর্ব্ব মর্ত্তালোকে গমন করিল এবং আপনাদের জায়া উর্ব্বশী পুরূরবার নিকট যে দুইটী মেষ নিক্ষেপ স্বরূপে রাখিয়াছিল, তাহা হরণ করিয়া আনিল ॥ ১৯ ॥

সেই দুইটী মেষকে উর্ব্বশী পুত্র তুল্য জ্ঞান করিত, তাহারা গন্ধর্ব্বগণ কর্তৃক নীত হইবার সময়

যদ্বিস্রম্ভাদহং নষ্টা হৃতাপত্যাচ দস্যুভিঃ। যঃ শেতে নিশি সন্ত্রস্তো যথা নারী দিবা পুমান্।
ইতি বাক্‌শায়কৈর্বিদ্ধঃ প্রতোদৈরিব কুঞ্জরঃ। নিশি নিস্ত্রিংশমাদায় বিবস্ত্রোঽভ্যদ্রবদ্রুষা ॥২১॥
তে বিসৃজ্যোরণৌ তত্র ব্যদ্যোতন্তস্ম বিদ্যুতঃ। আদায়মেষাবায়ান্তং নগ্নমৈক্ষত সা পতিং॥
ঐলোঽপি শয়নে জায়ামপশ্যন্ বিমনা ইব। তচ্চিত্তো বিক্লবঃ শোচন্ বভ্রামোন্মত্তবন্মহীং ॥ ২২ ॥
স তাং বীক্ষ্য কুরুক্ষেত্রে সরস্বত্যাঞ্চ তৎ সখীঃ। পঞ্চ প্রহৃষ্টবদনঃ প্রাহ সূক্তং পুরূরবাঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

যথা নারী তথা সন্ত্রস্তঃ শেতে ॥ ২১ ॥

বিদ্যুতঃ বিশিষ্টদ্যুতিমন্তঃ ব্যদ্যোতন্ত দীপ্তিমকুর্ব্বত। যদ্বা তদৈব তড়িতঃ প্রাকাশন্তেত্যর্থঃ। নগ্নমৈক্ষত অতো ভাষাভঙ্গাৎ নির্জ্জগামেতি জ্ঞেয়ং ॥ ২২ ॥

তস্যাঃ সখীশ্চ পঞ্চ বীক্ষ্য সূক্তং শোভন বচনং। অহো জায়ে ইত্যাদি ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

দেব্যা ইতি বাক্‌শায়কৈর্বিদ্ধ ইতি তৃতীয়েনান্বয়ঃ। যো দিবা দিবসে পুমান্ পুংভাব জ্ঞাপকোপি নিশি রাত্রৌ তু নারীব সন্ত্রস্তঃ কেবলং শেতে। গৃহাম্বরাদিং পিধায় স্বপিতি নচেত্তস্তো রক্ষার্থং ভ্রমতি চেত্যর্থঃ ॥ ২০। ২১ ॥

তচ্চিত্তো বিক্লব ইতি পাঠঃ সন্দর্ভোক্তি মতঃ বিক্লবো বিহ্বল ইতি ব্যাখ্যানাৎ ॥ ২২ ॥

সূক্তং বেদস্থং যৎ সূক্তাখ্যাং তদীয়ং বচনং তদেব প্রাহ ॥ ২৩। ২৪। ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মেষাবানেতুমসমর্থঃ। তস্মাদ্দিবৈব যঃ পুমান্ নিস্ত্রিংশং খড়্গং ॥ ২০। ২১ ॥

বিদ্যুতঃ বিশিষ্ট দ্যুতি মন্তঃ ব্যদ্যোতন্তদীপ্তিমকুর্ব্বত। তদৈব নগ্নমৈক্ষতেতি ভাষা ভঙ্গান্নির্জ্জগামেতি জ্ঞেয়ং ॥ ২২। ২৩ ॥

আর্ত্তস্বরে রোদন করিতে লাগিল, উর্ব্বশী তাহা শুনিতে পাইয়া রাজার নিকট হইতে প্রস্থান বাসনায় খেদ করিতে করিতে কহিল, হাঃ আমি এই কুৎসিত স্বামি হইতে বিনষ্ট হইলাম, ইনি নপুংসক, ইঁহার পুরুষত্বমাত্র নাই, আপনিই আপনাকে বীর বলিয়া অভিমান করেন ॥ ২০ ॥

ইহার প্রতি বিশ্বাস করিয়া আমি নষ্ট হইলাম। আহা! আমার অপত্যগুলি দস্যু কর্ত্তৃক অপহৃত হইল, আহো! ইনি দিবায় পুরুষ জ্ঞাপক হইয়াও নারীর ন্যায় ভীত হইয়া রাত্রিতে শুইয়া আছেন। হে রাজন্! হস্তী যদ্রূপ অঙ্কুশে বিদ্ধ হয়, তাহার ন্যায় উর্ব্বশীর ঐ প্রকার বাগ্বাণে বিদ্ধ হইয়া পুরূরবা সেই রাত্রিতেই নিস্ত্রিংশ ( খড়্গ ) গ্রহণ পূর্ব্বক রোষে বিবস্ত্র হইয়া মেষাপহারকদিগের প্রতি ধাবমান হইলেন ॥ ২১ ॥

তদ্দর্শনে গন্ধর্ব্বগণ তৎক্ষণাৎ সেই দুই মেষ পরিত্যাগ করিল এবং বিশিষ্ট দ্যুতিশালী হইয়া দীপ্তি প্রকাশ করিতে লাগিল। রাজা দুইটী মেষশাবক লইয়া স্বস্থানে আগমন করিলেন সত্য কিন্তু তখন তিনি নগ্ন থাকাতে উর্ব্বশী তাঁহাকে বিবস্ত্র দেখিল। হে রাজন্! মৈথুন ভিন্ন সময়ে তোমাকে বিবস্ত্র দেখিতে পারিব না, ঐ অপ্সরা এই সময় করিয়াছিল তাহা ভঙ্গ হওয়াতে তৎক্ষণাৎ সে স্থান হইতে প্রস্থান করিল। অনন্তর পুরূরবা শয়নে জায়ার দর্শন না পাওয়াতে অতিশয় বিমনা হইলেন, তদ্গত চিত্ত হইয়া কাতরতা প্রকাশ পূর্ব্বক শোকাবেগে উন্মত্তের ন্যায় ভ্রমণ করিতে লাগিলেন ॥ ২২ ॥

কিয়দ্দিন পরে কুরুক্ষেত্রে সরস্বতী তীরে সেই অপ্সরা এবং তদীয় পাঁচটী সখী তাঁহার নয়নপথে পতিতা হইল, অতএব রাজা সমস্ত হইয়া প্রহৃষ্ট বদনে এই সুশোভন বচন কহিলেন ॥ ২৩ ॥

অহো জায়ে তিষ্ঠ তিষ্ঠ ঘোরে ন ত্যক্তুমর্হসি । মাং ত্বমদ্যাপ্যনির্বৃত্য বচাংসি কৃণবাবহৈ ॥২৪॥
সুদেহোঽয়ং পতত্যত্র দেবি দূরং হৃতস্ত্বয়া । খাদন্ত্যেনং বৃকা গৃধ্রাস্ত্বৎপ্রসাদস্য নাস্পদং ॥২৫॥
উর্ব্বশ্যুবাচ ॥
মা মৃথাঃ পুরুষোঽসি ত্বং মাস্মত্বাদ্ব্যুর্বৃকা ইমে । কাপি সখ্যং নবৈ স্ত্রীণাং বৃকাণাং হৃদয়ং যথা ॥২৬
স্ত্রিয়োহ্যকরুণাঃ ক্রূরা দুর্মর্ষাঃ প্রিয়সাহসাঃ । ঘ্নন্ত্যল্পার্থেঽপি বিস্রব্ধং পতিং ভ্রাতরমপ্যুত ॥
বিধায়ালীক বিস্রম্ভমজ্ঞেষু ত্যক্তসৌহৃদাঃ । নবং নবমভীপ্সন্ত্যঃ পুংশ্চল্যঃ স্বৈরবৃত্তয়ঃ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী ।

তদেবার্ত্ত আহ অহো ইতি দ্বাভ্যাং । অনির্বৃত্য মৎকৃতাং নির্বৃতিমপ্রাপ্য অনির্ব্বর্ত্ত্যেতি পাঠে মাং নির্বৃতিমগময়িত্বা মন্ত্রানমুক্তেতি বা বচাংসি কৃণবাবহৈ গোষ্ঠীং করবাবহৈ ॥ ২৪ ॥

সুদেহোঽয়ং কমনীয়োঽয়ং মম দেহঃ ॥ ২৫ ॥

পুরূরবো ঃ মৃথা ইত্যাদি তস্যাঃ সূক্তং তদপার্থত আহ মা মৃথা ইতি চতুর্ভিঃ মাম্রিয়স্ব পুরুষোঽসি অতো ধৈর্য্যং মাবহেতি ভাবঃ । ইমে বৃকাঃ প্রসিদ্ধাঃ ইন্দ্রিয়াণি বা ত্বা ইতি ত্বাং মাস্ম অদ্যুঃ ভক্ষয়েযুঃ ইন্দ্রিয়বশো মাভবেত্যর্থঃ ॥ ২৬ ॥

প্রিয়ে নিমিত্তে সাহসং যাসাং ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ ।

কুত ইত্যত্রাহ বৃকাণাং হৃদয়ং যথা তথৈব স্ত্রীণামিত্যর্থঃ ॥ ২৬ ॥

স্ত্রিয় ইত্যেকং । প্রিয়ে নিজাভিরুচিতে সাহসং যাসাং তাঃ ॥ ২৭ । ২৮ । ২৯ । ৩০ । ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অদ্যাপি অনির্বৃত্য নানির্বৃত্য তৃপ্তমন্দত্বাৎ নির্বৃতিমপ্রাপ্য মাং ত্যক্তুং নার্হসি । অনির্বর্ত্ত্যেতি পাঠে মাং নিঃশেষেণ অবর্ত্তয়িত্বা অজ্ঞ... যদি বা ত্যক্ষ্যসি তদপি ক্ষণং তাবদ্বচাংসি কৃণবাবহৈ গোষ্ঠীং করবাবহৈ ॥ ২৪ ॥

সপ্তম ... সুদেহ ইতি ॥ ২৫ ॥

মা মৃথা ন ম্রিয়স্ব পুরুষোঽসীতি নপুংসক লক্ষণ মধৈর্য্যং ত্যজেতি ভাবঃ । ইমে বৃকা ইতি বৃকাঃ খলু ন বৃকাঃ কিন্ত্বিন্দ্রিয়াণ্যেব বৃকা ... মাস্ম অদ্যুঃ ভক্ষয়েযুঃ অজিতেন্দ্রিয়ো মাভূরিত্যর্থঃ ॥ ২৬ ॥

যত্র ... দুর্লভং মানুষাং বিফলয়সি তাসামস্মাকং স্ত্রীজাতীনাং স্বভাবং শৃণু ত্যাহ স্ত্রিয় ইতি দ্বাভ্যাং দুর্মর্ষা অপরাধাসহিষ্ণবঃ প্রিয়ার্থে অধর্ম্মাদাবপি সাহসং যাসাং তাঃ ॥ ২৭ ॥

অহো জায়ে ! থাক, থাক । হে ঘোরে ! আমি অদ্যাপি সুস্থ হই নাই, আমাকে সুস্থ না করিয়া পরিত্যাগ করা তোমার উচিত হয় না, আইস, দুই জনে একত্র বসিয়া কথা কহি ॥ ২৪ ॥

হে দেবি ! আমার এই অতি কমনীয় কলেবর তোমা কর্ত্তৃক দূরে হৃত হইয়া এই খানে পড়িয়া যায় এবং তোমার প্রসন্নতার আস্পদ না হওয়াতে এই দেখ গৃধ্র ও বকগণ ইহাকে খাইয়া ফেলে ॥ ২৫

উর্ব্বশী কহিল রাজন্ ! মরিও না, তুমি পুরুষ ধৈর্য্য অবলম্বন কর, এই সকল বৃক অথবা প্রসিদ্ধ ইন্দ্রিয়গণ তোমাকে ভক্ষণ না করুক, অর্থাৎ তুমি ইন্দ্রিয় পরবশ হইও না । হে রাজন্ ! স্ত্রীদিগের কুত্রাপি সখ্য থাকে না তাহাদের হৃদয় বৃকদের হৃদয় তুল্য ॥ ২৬ ॥

যে হেতু রমণীগণ স্বভাবতঃ অকরুণ, ক্রূর ও ক্ষান্তি রহিত, প্রিয়ের নিমিত্ত অধর্ম্মাদিতে সাহস করিয়া থাকে, অল্প বিষয়ের নিমিত্তও বিশ্বস্ত পতি অথবা ভ্রাতার প্রাণবধ করে । অধিকন্তু যাহারা পুংশ্চলী, স্বেচ্ছাচার করিয়া বেড়ায়, তাহারা সৌহার্দ্দকে একেবারে বিসর্জন দিয়াছে, অজ্ঞ পুরুষের নিকট বাহ্য অলীক প্রণয় দর্শন করে, কিন্তু অপ্রকাশে সদাই নূতন নূতন অভিলাস করিয়া থাকে ॥২৭॥

সংবৎসরান্তে হি ভবানেকরাত্রং ময়েশ্বর। রংস্যত্যপত্যানিচ তে ভবিষ্যন্ত্যপরাণি ভোঃ ॥ ২৮ ॥
অন্তর্বত্নীমুপালক্ষ্য দেবীং স প্রযযৌ পুরীং। পুনস্তত্র গতোঽব্দান্তে উর্ব্বশীং বীরমাতরং ॥
উপলভ্য মুদাযুক্তঃ সমুবাস তয়া নিশাং। অথৈনমুর্ব্বশী প্রাহ কৃপণং বিরহাতুরং ॥
গন্ধর্ব্বানুপধাবেমাং স্তভ্যং দাস্যন্তি মামিতি ॥ ২৯ ॥
তস্য সংস্তুবতস্তুষ্টা অগ্নিস্থালীং দদুর্নৃপ ॥ ৩০ ॥
উর্ব্বশীং মন্যমানস্তাং সোঽবুধ্যত চরন্ বনে ॥ ৩১ ॥
স্থালীং ন্যস্য বনে গত্বা গৃহানাধ্যায়তো নিশি। ত্রেতায়াং সংপ্রবৃত্তায়াং মনসি ত্রষ্যবর্ত্তত ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

তং সান্ত্বয়তি সংবৎসরান্ত ইতি অপরাণীতি বচনাৎ অন্তর্বত্নীমুপালক্ষ্য ॥ ২৮ ॥ ২৯ ॥
অনেনাগ্নিনা কর্ম্ম কৃত্বা তবোর্ব্বশীং প্রাপ্স্যতীত্যভিপ্রায়েণাগ্নিস্থালীং দদুঃ ॥ ৩০ ॥
সতু তাং স্থালীমেব উর্ব্বশীং মন্যমানস্তয়া সহিতো বনে বিচরন্ নেয়মুর্ব্বশী কিন্তু অগ্নিস্থালীত্যবুধ্যত ॥ ৩১ ॥
ততশ্চ তাং স্থালীং বনে স্থাপয়িত্বা গৃহান্ গত্বা নিশি নিত্যং তামেবা ধ্যায়তস্তস্য মনসি ত্রেতায়াং ত্রয়ী অবর্ত্তত কর্ম্মবোধকং

ক্রমসন্দর্ভঃ।

স্থাল্যা মুর্ব্বশী মননং তৎ প্রাপ্ত্যা তৎ প্রাপ্তিরেব জাতেতি মননাবেশাৎ। বোধশ্চাতি পরিচয়ে সতীতি জ্ঞেয়ং ॥ ৩২। ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রবোধয়িষ্যমাণকাং পুনঃ সান্ত্বয়তি। সংবৎসরান্ত ইতি ॥ ২৮ ॥ অন্তর্বত্নীমুপালক্ষ্যেতি তস্যা অপরাণীতি বচনাৎ ॥ ২৯ ॥
তস্য তস্মিন্ গন্ধর্ব্বান্ স্তুবতি সতি তুষ্টা গন্ধর্ব্বা অনেনাগ্নিনা কর্ম্ম কৃত্বা তবোর্ব্বশীং প্রাপ্স্যসীত্যভিপ্রায়েণাগ্নি স্থালীং দদুঃ।
সতু উর্ব্বশ্যা মত্যাবেশাৎ কামান্ধস্তাং স্থালীমেবোর্ব্বশীং মন্যমানস্তয়া সহিতো বনে বিচরন্ সঙ্গসময়ে নেয়মুর্ব্বশী কিন্তুগ্নি স্থালীত্য বুধ্যত ॥ ৩০। ৩১ ॥
নিশি ধ্যা সময়ে তামুর্ব্বশীমেব ধ্যায়ত স্তস্য ত্রেতারম্ভে ত্রয়ী অবর্ত্তত কর্ম্মবোধকং বেদত্রয়ং প্রাদুরভূদিতি কামিনএব কর্ম্ম কার্য্য

সে যাহা হউক, তুমি সম্বৎসরান্তে এক রাত্রি মাত্র আমার সহিত ক্রীড়া করিতে পাইবে তাহাতেই তোমার অপরাপর সন্তান উৎপন্ন হইবে ॥ ২৮ ॥

হে রাজন্! তদনন্তর পুরূরবা ঐ দেবীকে সসত্ত্বা দেখিয়া ত্বদীয় বাক্য স্বীকার করত আপনার পুরে আগমন করিলেন। কিন্তু বৎসর শেষ হইবামাত্র পুনরায় সেই স্থানে গেলেন। বীরপ্রসবিনী উর্ব্বশীকে নিরীক্ষণ করিয়া তাঁহার পরম হর্ষ জন্মিল, প্রমুদিত চিত্তে তাহার সহিত এক রাত্রি বাস করিলেন। পরে বিচ্ছেদ ভয়ে রাজার, অন্তঃকরণ আকুল হইল। উর্ব্বশী দীন নরপতিকে বিরহাতুর দেখিয়া কৃপা প্রকাশ পূর্ব্বক কহিলেন রাজন্! আমার নিমিত্ত বিষণ্ণ হইতেছ কেন? গন্ধর্ব্বদিগের অনুনয় কর, ইহাঁরা আমাকে তোমার হস্তে সম্প্রদান করিতে পারিবেন ॥ ২৯ ॥

হে মহারাজ! উর্ব্বশীর ঐ কথায় পুরূরবা গন্ধর্ব্বদিগের স্তব আরম্ভ করিলেন, তাহাতে অচিরেই তাঁহাদের সন্তোষ জন্মিল। তাঁহারা প্রসন্ন হইয়া রাজাকে অগ্নিস্থালী প্রদান করিলেন। তাহার তাৎপর্য্য এই যে ঐ অগ্নি দ্বারা কর্ম্ম করিলে তদ্যোগে উর্ব্বশী লাভ হইবে ॥ ৩০ ॥

কিন্তু পুরূরবা সেই অগ্নিস্থালীকেই উর্ব্বশী বোধ করিয়া তাহার সহিত কতক দিন বনে বনে বিহার, করিলেন পরে তাঁহার ভ্রম দূর হইল, অর্থাৎ এ উর্ব্বশী নহে, কিন্তু অগ্নি স্থালী, ইহা বুঝিতে পারিলেন ॥ ৩১

তদনন্তর সেই অগ্নিস্থালী বন মধ্যে স্থাপন করিয়া গৃহে গমন পূর্ব্বক নিত্য রজনীযোগে তাহারই

স্থালীস্থানং গতোঽশ্বত্থং শমীগর্ভং বিলক্ষ্য সঃ। তেন দ্বে অরণী কৃত্বা উর্ব্বশীলোককাম্যয়া ॥৩৩॥
উর্ব্বশীং মন্ত্রতোধ্যায়ন্নধরারণিমুত্তরাং। আত্মানমুভয়োর্মধ্যে যত্তৎ প্রজননং প্রভুঃ ॥ ৩৪ ॥
তস্য নির্ম্মথনাজ্জাতো জাতবেদা বিভাবসুঃ। ত্রয্যা সবিদ্যয়া রাজ্ঞা পুত্রত্বে কল্পিতস্ত্রিবৃৎ ॥ ৩৫॥
. তেনাযজত যজ্ঞেশং ভগবন্তমধোক্ষজং। উর্ব্বশীলোকমন্বিচ্ছন্ সর্ব্বদেবময়ং হরিং ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

বেদত্রয়ং প্রাদুরভূৎ ॥ ৩২ ॥

ততঃ স্থালীস্থানং গতঃ সন্ তত্র শম্যা গর্ভে জাতমশ্বত্থং বিলক্ষ্য। অস্মিন্নসাবগ্নিরস্তীতি বিশেষেণ লক্ষয়িত্বা তেনাশ্বত্থেন দ্বে অরণী কৃত্বা অগ্নিং মমন্থেতি শেষঃ। শমীগর্ভাদগ্নিং মমন্থেতি শ্রুতেঃ ॥ ৩৩ ॥

মথনপ্রকারমাহ অধরারণিমুর্ব্বশীং ধ্যায়ন্ উত্তরাঙ্কারণিমাত্মানং ধ্যায়ন্ উভয়োররণ্যোর্ম্মধ্যে যৎ কাষ্ঠং তৎ প্রজননং পুত্রং ধ্যায়ন্। তথাচ মন্ত্রঃ। উর্ব্বশ্যা উরসি পুরূরবা ইতি ॥ ৩৪ ॥

·তস্য তেন কৃতাগ্নির্ম্মথনাদ্বিভাবসুরগ্নির্জাতঃ। কথং ভূতঃ জাতং বেদোধনং ভোগ্যং যস্মাৎ। সচ ত্রয্যা বিদ্যয়া বিহিতেনাধান সংস্কারেণ ত্রিবৃৎ আহবনীয়াদিরূপঃ সন্ রাজ্ঞা পুরূরবসা পুত্রত্বে কল্পিতঃ পুণ্যলোকপ্রাপকত্বাৎ ॥ ৩৫ ॥

তদাহ তেনেতি ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

পুরা ব্রাহ্ম কল্পস্য প্রথম সত্যযুগ ইত্যোবার্থঃ। স্বায়ম্ভুবমারভ্য বেদাদি বর্ণানাং ভেদ ব্যবহার শ্রবণাৎ ॥ ৩৪। ৩৫। ৩৬। ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

মিত্যাভিব্যক্তিতং ॥ ৩২ ॥

ততশ্চ স্থালী যত্র ন্যস্তা তৎ স্থানং গতঃ সন্ ছোকর ইতি খ্যাতে শম্যা গর্ভে জাতমশ্বত্থং বিলক্ষ্য তেনৈবাশ্বত্থেন দ্বে অরণী কৃত্বা অগ্নিং মমন্থেতি শেষঃ। শমীগর্ভাদগ্নিং মমন্থেতি শ্রুতেঃ ॥ ৩৩ ॥

'মন্থন প্রকারমাহ অধরারণি মুর্ব্বশীং ধ্যায়ন্নুত্তরারণিঞ্চাত্মানং ধ্যায়ন্ উভয়োর্ম্মধ্য যৎকাষ্ঠং তৎ প্রজননং পুত্রং ধ্যায়ন্। তথাচ মন্ত্রঃ উর্ব্বশ্যামুরসি পুরূরবা ইতি ॥ ৩৪ ॥

তস্য তৎ কর্ত্তৃকান্নির্মথনাৎ বিভাবসুরগ্নির্জাতঃ। জাতং বেদোধনং ভোগ্যং যস্মাৎ সচ ত্রয্যা বিদ্যয়া সংস্কৃতো রাজ্ঞা পুত্রত্বেন কল্পিতঃ পুণ্যলোক প্রাপকত্বাৎ। ত্রিবৃৎ আহবনীয়াদি রূপঃ ॥ ৩৫ ॥ তেনাগ্নিনা ॥ ৩৬ ॥

ধ্যান করিতে লাগিলেন, তাহাতে ত্রেতা যুগ প্রবৃত্তির সময় তদীয় হৃদয়ে কর্ম্ম বোধক বেদত্রয় প্রাদুর্ভূত হইল ॥ ৩২ ॥

তাহার পরে তিনি পুনরায় অগ্নিস্থালীর স্থানে গমন করিয়া দেখিতে পাইলেন শমীবৃক্ষের গর্ব্ভে একটী অশ্বত্থ তরু জন্মিয়াছে। অতএব এতন্মধ্যে অগ্নি আছে ইহা বিশেষ রূপে লক্ষ্য করিয়া উর্ব্বশীলোককামনায় রাজা সেই অশ্বত্থ দ্বারা দুইটী অরণী নির্ম্মাণ পূর্ব্বক অগ্নি মন্থন করিলেন ॥ ৩৩ ॥

হে রাজন্! পুরূরবা কি প্রকারে অগ্নি মন্থন করেন বলি শ্রবণ কর। মন্ত্রানুসারে অধর অরণিটীকে উর্ব্বশী এবং উত্তর অরণিকে আত্মা বোধ করিয়া এই দুইয়ের মধ্যে যে কাষ্ঠখণ্ড ছিল তাহাকে পুত্র স্বরূপে ধ্যান করিতে লাগিলেন ॥ ৩৪ ॥

অনন্তর সেই অরণি মন্থন করিবা মাত্র তাহা হইতে অগ্নি উৎপন্ন হইল। ঐ অগ্নি সামান্য নহে, তাহা হইতেই ভোগ্য ধন জন্মে। তদনন্তর সেই অগ্নি ত্রয়ী বিদ্যায় বিহিত, আধান সংস্কার দ্বারা ত্রিবিৎ অর্থাৎ আহবনীয়াদি ত্রিরূপ হইলে পর রাজা সেই ত্রিবিৎ অগ্নিকে আপনার পুত্র বলিয়া কল্পনা করিলেন ॥ ৩৫ ॥

এবং উর্ব্বশীলোক কামনা করিয়া তাহার দ্বারা সর্ব্বদেবময় যজ্ঞেশ ভগবান্ হরির যজ্ঞ করিতে লাগিলেন ॥ ৩৬ ॥

এক এব পুরা বেদঃ প্রণবঃ সর্ব্ববাঙ্ময়ঃ। দেবোনারায়ণো নান্য একোঽগ্নির্বর্ণ এবচ ॥ ৩৭

পুরূরবস এবাসীৎ ত্রয়ী ত্রেতামুখে নৃপ। অগ্নিনা প্রজয়া রাজা লোকং গান্ধর্ব্বমেয়িবান্ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে ঐলোপাখ্যানং চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৪ ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

ঐলস্য চোর্ব্বশী গর্ত্তাৎ ষড়াসন্নাত্মজা নৃপ। আয়ুঃ শ্রুতায়ুঃ সত্যায়ুরয়োঽথ বিজয়ো জয়ঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

নমু অনাদির্ব্বেদত্রয় বোধিতো ব্রাহ্মণাদীনাং ইন্দ্রাদ্যনেকদেবযজনেন স্বর্গ প্রাপ্তি হেতুঃ কর্ম্মমার্গঃ। কথং গাদিরিব বর্ণ্যতে তত্রাহ এক এবেতি দ্বাভ্যাং। পুরাকৃত যুগে সর্ব্ববাঙ্ময়ঃ সর্ব্বাসাং বাচাং বীজভূতঃ প্রণব এক এব বেদঃ দেবশ্চ নারায়ণ একএব। অগ্নিশ্চৈক এব লৌকিকঃ। বর্ণশ্চৈক এব হংসো নাম ॥ ৩৭ ॥

বেদত্রয়ীতু পুরূরবসঃ সকাশাৎ আসীৎ। এয়িবান্ প্রাপ। অয়ং ভাবঃ কৃতযুগে সত্ত্ব প্রধানাঃ প্রায়শঃ সর্ব্বেঽপি ধ্যাননিষ্ঠাঃ। রজঃ প্রধানেতু ত্রেতাযুগে বেদাদি বিভাগেন কর্ম্মমার্গ প্রকটো বভূবেতি ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি নবমে চতুর্দ্দশঃ ॥ * ॥

ততঃ পঞ্চদশে গাদিরৈল পুত্রান্বয়েঽজনি। যদ্দৌহিত্র সুতোরামঃ কার্ত্তবীর্য্যমহন্ রুষা ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ

পুরূরবস এবেতিতু তদাজ্ঞারম্ভস্য তত্র ত্রেতা মুখে তস্মাদেব তত্তৎ প্রবর্ত্তনং তদ্বৎ পূর্ব্ব পূর্ব্ব মন্বন্তরোক্তন ইত্যভিপ্রায়াং। অত এব পুরুষার্থ চতুষ্টয়োৎপত্তিশ্চ কিঞ্চিৎ কিঞ্চিৎ কাল ব্যবধানতো জ্ঞেয়া ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে চতুর্দ্দশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু বেদত্রয়বোধিতঃ কর্ম্মমার্গঃ প্রাভূদাসীৎ সত্যং প্রকটোনাসীদেবেত্যাহ এক এবেতি দ্বাভ্যাং। পুরা কৃতযুগে সর্ব্ব বাঙ্ময়ঃ সর্ব্বাসাং বাচাং বীজভূতঃ প্রণব এক এব বেদঃ দেবশ্চ নারায়ণ একএব অগ্নিশ্চৈক এব লৌকিকঃ বর্ণশ্চৈকঃ হংসোনাম যতঃ কৃত যুগে সত্ত্ব প্রধানাঃ প্রায়শঃ সর্ব্বেপি ধ্যাননিষ্ঠা এবেতি ॥ ৩৭ ॥

ত্রেতারম্ভে পুরূরবসঃ সকাশাদেব কর্ম্মমার্গ প্রাদুর্ভাবঃ। এবং স্বায়ম্ভুব মন্বন্তরাবপি। সত চতুর্যুগ ব্যাপক রাজবংশ্যাঃ। প্রিয়ব্রতাদিভ্য এব তত্র তত্র ত্রেতারম্ভে কর্ম্ম প্রাদুর্ভাব ইত্যপি জ্ঞেয়ং ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্দ্দশোঽয়ং নবমে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ঐলবংশভুবো গাধে দৌহিত্রাত্মজ ঈশ্বরঃ। অর্জ্জুনং ধেমু হর্ত্তারং রামঃ পঞ্চদশেঽবধীৎ ॥ ১ ॥

হে রাজন্! পূর্ব্বে সত্যযুগে সর্ব্ব প্রকার বাক্যের বীজভূত প্রণবই একমাত্র বেদ, দেবতাও একমাত্র নারায়ণ, অগ্নিও একমাত্র লৌকিক এবং বর্ণও হংস নামে একমাত্র ছিল ॥ ৩৭ ॥

পরে ত্রেতা যুগের প্রথমে পুরূরবা হইতে বেদত্রয় হয়, একারণ ঐ যুগে ঐ রাজা অগ্নিরূপ প্রজা দ্বারা গন্ধর্ব্ব লোক প্রাপ্ত হন। ফলতঃ সত্যযুগে সকল ব্যক্তিই সত্ত্বগুণ প্রধান ছিল, সুতরাং প্রায় সকলেই ধ্যাননিষ্ঠ হইয়া থাকিত। তাহার পর রজোগুণ প্রধান ত্রেতা যুগে বেদাদির বিভাগ দ্বারা কর্ম্মমার্গ প্রকাশিত হইয়াছে ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি নবমে চতুর্দ্দশ ॥ * ॥

পঞ্চদশ অধ্যায়ে ঐল পুত্রের বংশে গাধির জন্ম, এবং ঐ গাধির দৌহিত্র সন্তান রাম কর্ত্তৃক কার্ত্তবীর্য্যের বধ ॥ * ॥

অনন্তর শুকদেব কহিলেন রাজন্! ঐলের উর্ব্বশী গর্ত্তে ছয়টী সন্তান হয়, তাহাদের নাম আয়ু,

শ্রুতায়োর্বসুমান্ পুত্রঃ সত্যায়োশ্চ শ্রুতঞ্জয়ঃ । রয়স্য সুত একশ্চ জয়স্য তনয়োঽমিতঃ ।
ভীমস্তু বিজয়স্যাথ কাঞ্চনো হোত্রকস্ততঃ । তস্য জহ্নুঃ সুতো গঙ্গাং গণ্ডূষীকৃত্য যোঽপিবৎ ॥ ২ ॥
জহ্নোস্তু পূরুস্তস্যাথ বলাকশ্চাত্মজোঽজকঃ । ততঃ কুশঃ কুশস্যাপি কুশাম্বু স্তনয়ো বসুঃ ।
কুশনাভশ্চ চত্বারো গাধিরাসীৎ কুশাম্বুজঃ ॥ ৩ ॥
তস্য সত্যবতীং কন্যামৃচীকোঽযাচত দ্বিজঃ । বরং বিসদৃশং মত্বা গাধির্ভার্গবমব্রবীৎ ॥ ৪ ॥
একতঃ শ্যামকর্ণানাং হয়ানাং চন্দ্রবর্চ্চসাং । সহস্রং দীয়তাং শুল্কং কন্যায়াঃ কুশিকা বয়ং ।

শ্রীধরস্বামী ।

সুগ্রহত্বায় অন্নাদিক্রমেণ শ্রুতায়ু প্রভৃতি ষণ্ণাং বংশানাহ শ্রুতায়োরিত্যাদিনা একঃ একসংজ্ঞঃ অমিতঃ তৎসংজ্ঞঃ ॥ ২ ॥
জহ্নোঃ পুরুঃ তস্য বলাকঃ তস্য অজকঃ ॥ ৩ ॥
গাধেঃ পুত্রো বিশ্বামিত্রো ব্রহ্মর্ষিরভূদিত্যুত্তরাধ্যায়ে বক্ষ্যতি গাধেরভূন্মহাতেজা ইত্যাদিনা । তত্র তাবচ্ছুপোদ্ঘাতত্বেন ভৃগুবংশ-ভবস্য ঋচীকস্য চরিত্ত প্রসঙ্গাত্ প্রসঙ্গেনৈব পরশুরামাবতার চরিত মাহ তস্য সত্যবতীমিত্যাদিনা । বিসদৃশং অননুরূপং ভার্গবং ঋচীকং ॥ ৪ ॥
দক্ষিণ বাময়োরেকতঃ শ্যামকর্ণোযেষাং সর্ব্বস্মিন্নঙ্গে চন্দ্রস্যেব বর্চ্চো যেষাং নচেদমপি পর্য্যাপ্তমস্মৎকন্যায়াঃ । যতঃ কুশিকাঃ

ক্রমসন্দর্ভঃ ।

জহ্নোরিতি সার্দ্ধকং । জহ্নোস্তু পুরু স্তস্যাথ বালকশ্চাত্মজোঽজক ইত্যেব পাঠঃ সর্ব্বত্র পাঠান্তরং তু কুত্রাপি ন দৃশ্যতে । টীকা তু নির্গলিতার্থত্বেন সংগচ্ছতে ॥ ১ । ২ । ৩ । ৪ । ৫ । ৬ । ৭ । ৮ । ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬ । ১৭ । ১৮ । ১৯ । ২০ । ২১ । ২২ । ২৩ । ২৪ । ২৫ । ২৬ । । ২৭ । ২৮ । ২৯ । ৩০ । ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

আয়োর্ব্বংশঃ বিস্তৃতমুপরিষ্টাদ্বক্ষ্যন্ প্রথমং শ্রুতায়ু প্রভৃতীনাং ষণ্ণাং বংশান্ সংক্ষিপ্যনাহ শ্রুতায়োরিতি একশ্চেত্যেক সংজ্ঞঃ ॥ তনয়স্তৎ সংজ্ঞঃ ॥ ২ । ৩ ॥
গাধেঃ পুত্রো বিশ্বামিত্রো ব্রহ্মর্ষিরভূদিত্যুত্তরাধ্যায়ে বক্ষ্যতে তস্য কন্যা বংশ প্রসঙ্গেনৈব পরশুরামাবতারং বক্ষ্যন্ প্রথমং ঋচীক ঋষি চরিতমাহ তস্যেতি কুশিকা ইতি কুশস্য বংশ্যা বয়ং ক্ষত্রিয়া অপি সর্ব্বতোঽপি কুলীনা ইতি ভাবঃ । দক্ষিণ বাময়োর্মধ্যে একতঃ শ্যামঃ কর্ণো যেষাং তেষাং ॥ ৪ । ৫ ॥

শ্রুতায়ু, সত্যায়ু, রয়, বিজয় এবং জয় ॥ ১ ॥

তন্মধ্যে শ্রুতায়ুর পুত্র বসুমান্, সত্যায়ুর সন্তান শ্রুতঞ্জয়, রয়ের তনয় একনামা, জয়ের সন্তান অমিত, বিজয়ের সুত ভীম । ভীমের পুত্র কাঞ্চন, তাহার তনয় হোত্রক । ঐ হোত্রক হইতে সেই জহ্নুর জন্ম হয়, যিনি এক গণ্ডূষে গঙ্গা পান করিয়াছিলেন ॥ ২ ॥

সে যাহা হউক, ঐ জহ্নুর পুত্র পুরু, তাহার পুত্র বলাক, বলাকের আত্মজ অজক । সেই অজক হইতে কুশ জন্ম গ্রহণ করেন । কুশের কুশাম্বু, তনয়, বসু এবং কুশনাভ এই চারি সন্তান হয় তন্মধ্যে কুশাম্বু হইতে গাধি জন্ম গ্রহণ করেন ॥ ৩ ॥

ঐ গাধির সত্যবতী নামে এক কন্যা হয় । দ্বিজবর ঋচীক গাধির নিকট সেই কন্যা যাচ্ঞা করিয়াছিলেন, তাহাতে গাধি, তিনি কন্যার অনুরূপ বর নহেন বিবেচনা করিয়া নিবেদন করেন ॥ ৪ ॥

ব্রহ্মন্ ! যাহাদের দক্ষিণ অথবা বাম একদিকের কর্ণ শ্যাম বর্ণ এবং সকল অঙ্গে চন্দ্রের তুল্য জ্যোতিঃ তাদৃশ সহস্র সংখ্যক অশ্ব আমার কন্যার শুল্ক প্রদান করুন । আপনি ইহা যথেষ্ট বিবেচনা করিবেন না, যে হেতু আমরা কুশিকবংশোদ্ভব । হে রাজন্ ! সেই ঋষি এই প্রকার উক্ত হইয়া গাধির

ইত্যুক্ত স্তম্মতং জ্ঞাত্বা গতঃ স বরুণান্তিকং। আনীয় দত্ত্বা তানশ্বানুপযেমে বরাননাং ॥ ৫ ॥
স ঋষিঃ প্রার্থিতঃ পত্ন্যা শ্বশ্র্বা চাপত্যকাম্যয়া। শ্রপয়িত্বোভয়ৈর্মন্ত্রৈশ্চরুং স্নাতুং গতো মুনিঃ ॥৬
তাবৎ সত্যবতী মাত্রা স্বচরুং যাচিতা সতী। শ্রেষ্ঠং মত্বাঽনয়া যচ্ছন্মাত্রে মাতুরদৎ স্বয়ং ॥ ৭ ॥
তদ্বিদিত্বা মুনিঃ প্রাহ পত্নীং কষ্টমকারষীঃ। ঘোরো দণ্ডধরঃ পুত্রো ভ্রাতা তে ব্রহ্মবিত্তমঃ ॥ ৮ ॥
প্রসাদিতঃ সত্যবত্যা মৈবং ভূরিতি ভার্গবঃ। অথ তর্হি ভবেৎ পৌত্রো জমদগ্নিস্ততোঽভবৎ ॥৯॥

শ্রীধরস্বামী।

কৌশিকা বয়ং ॥ ৫ ॥ উভয়ৈঃ পত্নৌ ব্রাহ্মৈর্মন্ত্রৈঃ শ্বশ্রেৃ তু ক্ষাত্রৈরিত্যর্থঃ ॥ ৬ ॥

যাবৎ স্নাত্বা মুনির্নাগত স্তাবম্ভার্য্যায়াঃ ভর্ত্তৃস্নেহাধিক্যাৎ পুত্র্যাঃ সত্যবত্যাঃ চরুং শ্রেষ্ঠং মত্বাঽনয়া মাত্রা সত্যবতী যাচিতা সতী ব্রাহ্মমন্ত্রাভিমন্ত্রিতং স্বচরুং মাত্রেঽযচ্ছৎ প্রাদাৎ। মাতুশ্চরুং ক্ষাত্রমন্ত্রাভিমন্ত্রিতং স্বয়মদৎ আদৎ ॥ ৭ ॥

কষ্টং জুগুপ্সিতং। তদেবাহ তে পুত্রোঘোরো ভবিষ্যতি ভ্রাতাতু ব্রহ্মবিত্তমো ভবিষ্যতীতি ॥ ৮ ॥

এবং মাভূদিতি প্রসাদিতো ভার্গব আহ অথ তর্হি পৌত্রো ঘোরো ভবিষ্যতীতি ততো জমদগ্নিঃ পুত্রোঽভবদিত্যর্থঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উভয়ৈর্মন্ত্রৈঃ ব্রাহ্মৈর্মন্ত্রৈঃ পত্নৌ চরুং দত্ত্বা শ্বশ্রেৃ তু ক্ষাত্রৈর্মন্ত্রৈরিত্যর্থঃ ॥ ৬ ॥

যাবৎ স্নাত্বা মুনির্নাগত স্তাবদেব সত্যবত্যাঃ ভর্ত্তৃস্নেহাধিক্যাৎ তস্যাশ্চরু শ্রেষ্ঠং মত্বা অনয়া মাত্রা যাচিতা সত্যবতী মাত্রে স্বচরুং ব্রহ্মমন্ত্রাভিমন্ত্রিতং অযচ্ছৎ। মাতুশ্চরুং ক্ষত্র মন্ত্রাভিমন্ত্রিতং স্বয়মদাৎ ভক্ষিতবতী ॥ ৭ ॥

কষ্টং জুগুপ্সিতং দণ্ডধরঃ ক্ষত্রিয়ো ভবিষ্যতি ব্রহ্মবিত্তমো ব্রাহ্মণঃ সচ বিশ্বামিত্র উত্তরাধ্যায়ে বক্ষ্যতে ॥ ৮ ॥

এবং মাভূদিতি প্রসাদিত ঋচীক উবাচ। অথেতি তর্হি পৌত্রো দণ্ডধরো ভবিষ্যতি সচ পরশুরামএব ততো হেতোঃ পুত্রো যমদগ্নির্মুনিরভূৎ ॥ ৯ ॥

অভিপ্রায় পরিজ্ঞান পূর্ব্বক তৎক্ষণাৎ বরুণের নিকটে গেলেন এবং তদ্রূপ সহস্র অশ্ব আনয়ন পুরঃসর প্রদান করিয়া বরাননা সেই ললনার পাণি গ্রহণ করিলেন ॥ ৫ ॥

কিয়ৎকাল পরে ঋচীকের পত্নী ও শ্বশ্রূ পুত্র কামনা করিয়া যথাবিধি চরু করিতে প্রার্থনা করিলেন, তাহাতে তিনি পত্নীর নিমিত্ত ব্রহ্মমন্ত্রে এবং শ্বশ্রূর নিমিত্ত ক্ষাত্রমন্ত্রে চরুপাক করিয়া স্নান করিতে গেলেন ॥ ৬ ॥

এই সময়ে সত্যবতীর জননী মনে করিলেন ভার্য্যার প্রতি ভর্ত্তার সমধিক স্নেহ হইয়া থাকে, জামাতা আমার কন্যার নিমিত্ত যে চরু পাক করিয়া গেলেন তাহা অবশ্য আমার নিমিত্ত শ্রাপিত চরু অপেক্ষা শ্রেষ্ঠ হইয়া থাকিবে, অতএব কন্যার নিকট ঐ চরু প্রার্থনা করিলেন। সত্যবতী মাতার যাচ্ঞায় ব্রাহ্মমন্ত্রাভি মন্ত্রিত স্বীয় চরু তাঁহাকে প্রদান করিয়া আপনি ক্ষাত্রমন্ত্রাভিমন্ত্রিত জননীর চরু ভোজন করিলেন ॥ ৭ ॥

অনন্তর মুনি প্রত্যাগত হইয়া যখন ঐ বিষয় অবগত হইলেন তখন পত্নীকে সম্বোধন করিয়া বলিতে লাগিলেন অতিশয় গর্হিত কর্ম্ম করিয়াছ, চরু বিপর্য্যয় করাতে তোমার পুত্র ঘোরদণ্ডধর হইবে, আর তোমার ভ্রাতা ব্রহ্মজ্ঞ হইবেন ॥ ৮ ॥

এতৎ শ্রবণে সত্যবতী ভীতা হইয়া "এমত না হউক" বিবিধ বিনয় সহকারে মুনিকে প্রসন্ন করাইতে লাগিলেন। অতএব ভার্গব প্রসন্ন হইয়া বলিলেন তবে তোমার পৌত্র ভয়ানক হইবে। হে রাজন্! তাহার পরে সত্যবতীর জমদগ্নি নামে তনয় হইল ॥ ৯ ॥

সা চাভূৎ সুমহৎপুণ্যা কৌশিকী লোকপাবনী। রেণোঃ সুতাং রেণুকাং বৈ জমদগ্নিরুবাহ যাং ॥ ১০
তস্যাং বৈ ভার্গবঋষেঃ সুতা বসুমদাদয়ঃ। যবীয়ান্ জজ্ঞ এতেষাং রাম ইত্যভিবিশ্রুতঃ ॥
যমাহুর্বাসুদেবাংশং হৈহয়ানাং কুলান্তকং। ত্রিঃসপ্তকৃত্বো য ইমাং চক্রে নিঃক্ষত্রিয়াং মহীং ॥ ১১ ॥
দৃপ্তং ক্ষেত্রং ভুবোভারমব্রহ্মণ্যমনীনশং। রজস্তমোবৃতমহৎ ফল্গুন্যপি কৃতেঽংহসি ॥
শ্রীরাজোবাচ ॥
কিং তদংহো ভগবতো রাজন্যৈরজিতাত্মভিঃ। কৃতং যেন কুলং নষ্টং ক্ষত্রিয়াণামভীক্ষ্ণশঃ ॥ ১২ ॥
শ্রীবাদরায়ণিরুবাচ ॥
হৈহয়ানামধিপতিরর্জ্জুনঃ ক্ষত্রিয়র্ষভঃ। দত্তং নারায়ণাংশাংশমারাধ্য পরিকর্ম্মভিঃ ॥
বাহূন্ দশশতং লেভে দুর্দ্ধর্ষত্বমরাতিষু ॥ ১৩ ॥
অব্যাহতেন্দ্রিয়ৌজঃ শ্রীতেজোবীর্য্য যশোবলং। যোগেশ্বরত্বমৈশ্বর্য্যং গুণা যত্রাণিমাদয়ঃ ॥

শ্রীধরস্বামী।

সা চ সত্যবতী কৌশিকী নদ্যভূৎ ॥ ১০ ॥

ভার্গবঋষের্জমদগ্নেঃ সুতাঃ ॥ ১১ ॥

অনীনশৎ নাশয়ামাস। তদেবাহ রজস্তমোবৃতমিতি। মহদিতি পাঠশ্চ সুগম এব ॥ ১২ ॥

কার্ত্তবীর্য্যার্জ্জুনেন কৃতমপরাধং বক্তুং তস্য বলাদ্যৈশ্বর্য্যমেকনাহ হৈহয়ানামিতি ষড়্ভিঃ পরিকর্ম্মভিঃ পরিচর্য্যা কর্ম্মভিঃ। দত্তং দত্তাত্রেয়মারাধ্য ॥ ১৩ ॥

অব্যাহতমিন্দ্রিয়াদিকং লেভে। যত্র যস্মিন্ ঐশ্বর্য্যে অণিমাদয়ো গুণাঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সা চ সত্যবতী কৌশিকীনদ্যভূৎ ॥ ১০ ॥

অনীনশদ্ভুবোভারমব্রহ্মণ্যমহ্যশ্চিক মিতি। দৃপ্তক্ষেত্রং ভুবো ভারমব্রহ্মণ্যমনীনশদিতি পাঠঃ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥

এবং সেই অবলা লোক পাবনী মহাপুণ্যা কৌশিকী নদী হইয়া রহিলেন। হে রাজন্! উল্লিখিত জমদগ্নি রেণুর কন্যা রেণুকার পাণি গ্রহণ করেন ॥ ১০ ॥

তাঁহার গর্ব্ভে ঐ ঋষির (জমদগ্নির) ঔরসে বসুমান্ প্রভৃতি বহু সন্তান হয়। তন্মধ্যে "রাম" এই নামে বিখ্যাত পুত্র কনিষ্ঠ। পণ্ডিতগণ তাঁহাকে বাসুদেবাংশ ও হৈহয়কুলান্তক বলিয়া বর্ণন করেন। তিনি এই পৃথিবীকে একবিংশতি বার নিঃক্ষত্রিয়া করিয়াছিলেন ॥ ১১ ॥

পূর্ব্বে ক্ষত্রিয় জাতিরা রজঃ ও তমোগুণে পরিপূর্ণ হইয়া গর্ব্বিত ও বেদ বিরুদ্ধাচারী হওয়াতে ভূমণ্ডলের মহৎ ভার স্বরূপ হইয়াছিল, অতএব যদিও অত্যল্প অপরাধ ছিল তথাচ পরশুরাম তাহাদিগের প্রাণ সংহার করিয়াছিলেন। রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! অজিতেন্দ্রিয় ক্ষত্রিয় জাতীয়েরা ভগবান্ পরশুরামের এমত অপরাধ কি করিয়াছিল যাহাতে তদীয় কোপানলে বারম্বার ক্ষত্রিয়কুল বিনষ্ট হয়? ॥ ১২ ॥

শুকদেব কহিলেন হৈহয়দিগের অধিপতি ক্ষত্রিয়শ্রেষ্ঠ কার্ত্তবীর্য্যার্জ্জুন পরিচর্য্যা কর্ম্ম দ্বারা নারায়ণের অংশের অংশ ভগবান্ দত্তাত্রেয়ের আরাধনা করিয়া দশশত বাহু এবং অরাতিগণ মধ্যে দুর্দ্ধর্ষত্ব লাভ করিয়াছিলেন ॥ ১৩ ॥

অপর দত্তাত্রেয়দেব দ্বারা ঐ রাজার অব্যাহত ইন্দ্রিয়, সামর্থ্য, সম্পদ্, প্রভাব, বীর্য্য, বল, যোগে-

চচারাব্যাহতগতি র্লোকেষু পবনো যথা ॥ ১৪ ॥
স্ত্রীরত্নৈরাবৃতঃ ক্রীড়ন্ রেবাম্ভসি মদোৎকটঃ। বৈজয়ন্তীং স্রজং বিভ্রদ্রুরোধ সরিতং ভুজৈঃ ॥১৫
বিপ্লাবিতং স্বশিবিরং প্রতিস্রোতঃ সরিজ্জলৈঃ। নামৃষ্যত্তস্য তদ্বীর্য্যং বীরমানী দশাননঃ ॥ ১৬ ॥
গৃহীতো লীলয়া স্ত্রীণাং সমক্ষং কৃতকিল্বিষঃ। মাহিষ্মত্যাং সংনিরুদ্ধো মুক্তো যেন কপির্যথা ॥১৭॥
স একদাতু মৃগয়াং বিচরন্ বিজনে বনে। যদৃচ্ছয়াশ্রমপদং জমদগ্নেরুপাবিশৎ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

রেবাম্ভসি নর্ম্মদা জলে। সরিতং নর্ম্মদাং ॥ ১৫ ॥

রাবণো দিগ্বিজয়ে মাহিষ্মত্যাঃ সমীপে নর্ম্মদায়াং দেবপূজাং কুর্ব্বন্ তেন প্রবাহস্যাবরোধাৎ প্রতিস্রোতসঃ সত্যাস্তস্যাঃ সরিতো জলৈর্ব্বিপ্লাবিতং স্বশিবিরমালক্ষ্য তস্য তদ্বীর্য্যং ন সেহে ॥ ১৬ ॥

ততশ্চ কৃতকিল্বিষঃ ক্রীড়ন্তমভিভবিতুং প্রবৃত্তঃ সন্ গৃহীতঃ। মাহিষ্মত্যাং স্বপুর্য্যাং। কপিরিব সন্নিরুদ্ধশ্চ পুনশ্চাবজ্ঞয়া যেন মুক্তঃ ॥ ১৭ ॥

ইদানীং তৎকৃতমপরাধং দর্শয়ন্নাহ স একদেত্যাদিনা ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রাবণো দিগ্বিজয়ে মাহিষ্মত্যাঃ সমীপে দেবপূজাং কুর্ব্বন্ তেন প্রবাহস্যাবরোধাৎ হেতোঃ প্রতিস্রোতাঃ প্রতিকূলপ্রবাহা সরিৎশ্রেষ্ঠা তস্যা জলৈঃ প্লাবিতং স্বশিবিরমালক্ষ্য তস্য তদ্বীর্য্যং ন সেহে তেন সাকং যোদ্ধুমগমদিত্যর্থঃ ॥ ১৬ ॥

ততশ্চ স রাবণ স্তেন পরাজিতঃ গৃহীতঃ ॥ ১৭ ॥

এবং বীর্য্যোপি সোঽর্জ্জুনঃ পর্শুরামেণ হত ইতি বক্তুং তৎকৃতমপরাধং দর্শয়তি স ইতি ॥ ১৮ ॥

শ্বরত্ব, আর যাহাতে অণিমাদি গুণবিরাজমান, তাদৃশ ঐশ্বর্য্য লাভও হইয়াছিল। অতএব তিনি পবনের ন্যায় অপ্রতিহতগতি হইয়া সকল লোকে অবাধে ভ্রমণ করিতেন ॥ ১৪ ॥

একদা ঐ অর্জ্জুন বৈজয়ন্তী মালা ধারণ করিয়া বহুতর রমণীরত্ন সহিত নর্ম্মদা জলে ক্রীড়া আরম্ভ করিলেন। মদোন্মত্ততা প্রযুক্ত কেলি করিতে করিতে বাহু সকল দ্বারা হঠাৎ একবার সেই নদীর স্রোতঃ রোধ করিয়া ফেলিলেন ॥ ১৫ ॥

সেই সময় রাক্ষসেশ্বর রাবণ দিগ্বিজয়ার্থ বহির্গত হইয়া মাহিষ্মতী পুরী সমীপে শিবির স্থাপন পূর্ব্বক ঐ নদীর তটে দেবার্চ্চনা করিতে ছিল। কার্ত্তবীর্য্যার্জ্জুন জলপ্রবাহ রুদ্ধ করাতে নদীর স্রোতঃ প্রতিকূল হইয়া তট নিকট প্লাবিত করিতে আরম্ভ করিল, প্রতিকূল স্রোতের জলে আপনার শিবির আপ্লাবিত দেখিয়া অর্জ্জুনের ঐ বীর্য্য বীরাভিমানি দশাননের সহ্য হইল না ॥ ১৬ ॥

তৎক্ষণাৎ ক্রীড়াকারি অর্জ্জুনকে অভিভব করিবার উপক্রম করিল। হে রাজন্! রমণীগণের সমক্ষে রাবণ ঐ প্রকার অপরাধ করাতে অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া তাহাকে গ্রহণপূর্ব্বক স্বীয় পুরী মাহিষ্মতীতে লইয়া গেলেন এবং কপির (বানরের) ন্যায় কিয়দ্দিন অবরুদ্ধ রাখিয়া পরে অবজ্ঞাক্রমে ছাড়িয়া দিলেন ॥১৭

হে রাজন্! কার্ত্তবীর্য্যার্জ্জুন কি প্রকারে অপরাধী হইয়া পরশুরামের হস্তে নিহত হন, তাহারও বিবরণ বলি শ্রবণ কর। তিনি একদা মৃগয়ার্থ বহির্গত হইয়া বিজন বনে ভ্রমণ করিতে করিতে হঠাৎ জমদগ্নি মুনির আশ্রমে প্রবিষ্ট হইলেন ॥ ১৮ ॥

তস্মৈ স নরদেবায় মুনিরর্হণমাহরৎ। সসৈন্যামাত্যবাহায় হবিষ্মত্যা তপোধনঃ ॥ ১৯ ॥

স বৈ রত্নন্তু তদ্দৃষ্ট্বা আত্মৈশ্বর্য্যাতিশায়নং। তন্নাদ্রিয়তাগ্নিহোত্র্যাং সাভিলাসঃ সহৈহয়ঃ ॥ ২০ ॥

হবির্ধানীমৃষের্দর্পান্নরান্ হর্ত্তুমচোদয়ৎ। তেচ মাহিষ্মতীং নিন্যুঃ সবৎসাং ক্রন্দতীং বলাৎ ॥

অথ রাজনি নির্যাতে রাম আশ্রমমাগতঃ। শ্রুত্বা তত্তস্য দৌরাত্ম্যং চুক্রোধাহিরিবাহতঃ ॥ ২১ ॥

ঘোরমাদায় পরশুং সতূণং বর্ম্ম কার্ম্মুকং। অন্বধাবত দুর্মর্ষো মৃগেন্দ্র ইব যূথপং ॥ ২২ ॥

তমাপতন্তং ভৃগুবর্য্যমোজসা ধনুর্ধরং বাণ পরশ্বধায়ুধং।

ঐণেয়চর্ম্মাম্বরমর্কধামভির্যুতং জটাভি র্দদৃশে পুরীং বিশন্।

অচোদয়দ্ধস্তি রথাশ্বপত্তিভির্গদাসিবাণর্ষ্টি শতঘ্নিশক্তিভিঃ।

শ্রীধরস্বামী।

অর্হণমাতিথ্যাদি। হবিষ্মত্যা কামধেন্বা ॥ ১৯ ॥

তদর্হণং নাদ্রিয়ত তস্মিন্নাতুষ্যৎ যতোঽগ্নিহোত্র্যাং হোমধেনৌ সাভিলাষঃ। সহৈহয়ঃ হৈহয়ৈঃ সহ বর্ত্তমানঃ ॥ ২০ ॥

দর্পাৎকেতো ঋষেহ বির্দ্ধানীং অগ্নিহোত্রধেনুং হর্ত্তুং নরান্ অচোদয়ৎ ॥ ২১ ॥

সতূণং কার্ম্মুকং বর্ম্মচাদায় ॥ ২২ ॥

ঐণেয়চর্ম্ম কৃষ্ণাজিনমম্বরং বস্ত্রং ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হবিষ্মত্যা কামধেন্বা ॥ ১৯ ॥

তৎ অর্হণ সাধনমৈশ্বর্য্যং দৃষ্ট্বা তৎ অর্হণং নাদ্রিয়ত। যতোঽগ্নিহোত্র্যাং কামধেনৌ ॥ ২০ ॥

হবির্দ্ধানীং কামধেনুং হর্ত্তুং ॥ ২১। ২২ ॥

পুরীং প্রবিশন্নেবার্জ্জুনো দদর্শ ॥

অমাত্য, সৈন্য, সামন্ত ও অশ্বাদি বাহন সহিত নরদেবকে আশ্রমে উপস্থিত হইতে দেখিয়া জমদগ্নি ঋষি অতিশয় ব্যস্ত সমস্ত হইলেন এবং আপনার কামধেনু দ্বারা যথাবিধি আতিথ্য করিলেন ॥১৯॥

মুনির ঐ ধেনুরত্নকে আপনার ঐশ্বর্য্য অপেক্ষা শ্রেষ্ঠ দেখাতে ঐ আতিথ্যে অর্জ্জুনের সন্তোষ হইল না, হৈহয়গণ সহিত পরামর্শ করিয়া ঐ ধেনু লইয়া যাইতে অভিলাষ করিলেন ॥ ২০ ॥

অতএব দর্প করিয়া স্বীয় পুরুষদিগকে আদেশ করিলেন ঋষির অগ্নিহোত্র ধেনু হরণ কর। তাহাতে তাহারা রোরুদ্যমানা সবৎসা সেই ধেনুটীকে বলে ধরিয়া মাহিষ্মতী নগরে লইয়া গেল। অনন্তর রাজা বহির্গত হইলে পর মুনিতনয় পরশুরাম আশ্রমে আসিলেন। অর্জ্জুনের দৌরাত্ম্য বার্ত্তা শ্রবণ মাত্র আঘাত প্রাপ্ত সর্পের ন্যায় তাঁহার ক্রোধানল প্রজ্বলিত হইয়া উঠিল ॥ ২১ ॥

তৎক্ষণাৎ ঘোর পরশু, তূণ সহিত ধনু এবং বর্ম্ম গ্রহণ করিয়া সিংহ যেমন যূথপতি হস্তির প্রতি ধাবমান হয়, তাহার ন্যায় মহাক্রোধে ঐ রাজার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইলেন ॥ ২২ ॥

হে রাজন্! কার্ত্তবীর্য্যার্জ্জুন অগ্নিহোত্র ধেনু হরণ করিয়া পুরী প্রবেশ করিতে করিতে দেখিতে পাইলেন ভৃগুশ্রেষ্ঠ পরশুরাম কৃষ্ণাজিন পরিধান পূর্ব্বক পরশু বাণ প্রভৃতি আয়ুধ সহিত ধনু ধারণ করিয়া মহাবেগে আগমন করিতেছেন এবং সূর্য্য তুল্য দ্যুতিশালী তদীয় জটাসমূহ ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতেছে। এতদবলোকনে অর্জ্জুন ভীত হইয়া পরিত্রাণার্থ হস্তি, অশ্ব, রথ, পদাতি, তথা গদা, অসি, বাণ, ঋষ্টি (অস্ত্র বিশেষ) শতঘ্নী ও শক্তির সহিত সপ্তদশ অক্ষৌহিণী সেনা পাঠাইয়া দিলেন কিন্তু পর-

অক্ষৌহিণীঃ সপ্তদশাতিভীষণা স্তা রাম একো ভগবানসূদয়ৎ ॥ ২৩ ॥
যতোযতোঽসৌ প্রহরৎ পরশ্বধোমনোনিলৌজাঃ পরচক্রসূদনঃ।
ততস্ততশ্ছিন্ন ভুজোরু কন্ধরা নিপেতুরুর্ব্ব্যাং হতসূতবাহনাঃ ॥ ২৪ ॥
দৃষ্ট্বা স্বসৈন্যং রুধিরৌঘকর্দ্দমে রণাজিরে রামকুঠারশায়কৈঃ।
বিবৃক্নবর্ম্মধ্বজচাপ বিগ্রহং নিপাতিতং হৈহয় আপতদ্রুষা ॥ ২৫ ॥
অথার্জ্জুনঃ পঞ্চশতেষু বাহুভির্ধনুঃষু বাণান্ যুগপৎ স সন্দধে।
রামায় রামোঽস্ত্রভৃতাং সমগ্রণীস্তান্যেকধন্বেষুভিরচ্ছিনৎ সমং ॥ ২৬ ॥
পুনঃ স্বহস্তৈরচলান্মৃধেঽঙ্ঘ্রিপানুৎক্ষিপ্য বেগাদভিধাবতো যুধি।

শ্রীধরস্বামী।

প্রহরন্ পরশ্বধো যস্য। মনশ্চ অনিলশ্চ তয়োরিবৌজো বীর্য্যং যস্য। পরেষাং চক্রং সৈন্যং সূদয়তীতি তথা। ছিন্না ভুজা উরবঃ কন্ধরাশ্চ যেষাং। হতাঃ সূতাঃ বাহনানিচ যেষাং তে বীরা নিপেতুঃ ॥ ২৪ ॥

বিবৃক্না বর্ম্মাদয়ো যস্য ॥ ২৫ ॥

পঞ্চশতেষু ধনুঃষু সোঽর্জ্জুনঃ রামায় সংদধে একমেব ধনুর্যস্য সঃ। একধন্বেষুভিরিতি পাঠে এক এব ধন্বঃ সন্ধানং যেষাং তৈরিষুভিঃ তানি ধনূংষি সমং সহ তৎক্ষণমেবাচ্ছিনৎ ॥ ২৬ ॥

মৃধে সাধনভূতানচলান্ অঙ্ঘ্রিপাংশ্চোৎক্ষিপ্য অভিধাবত তস্য ভুজান্ চিচ্ছেদ অসেঃ ফলানিবেত্যর্থঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হস্ত্যাদিভি র্গদাদিভিশ্চ ভীষণা অক্ষৌহিণীরচোদয়ৎ প্রেরয়ামাস ॥ ২৩ ॥

প্রহরন্ পরশ্বধো যস্য সঃ। মনোনিলয়োরিবৌজো বেগো যস্য সঃ। প্রথমং সৈন্যস্যাতিবাহুল্যে দৃষ্টে মনস ইব আত্মনো বেগঃ কৃতঃ তস্মিন্নষ্টে প্রায়ে সতি কিঞ্চিদ্বিশ্রমণার্থ মনিলস্যেবেত্যর্থঃ তত্র তত্র বীরা নিপেতুঃ ॥ ২৪ ॥

হৈহয়োঽর্জ্জুনঃ ॥ ২৫ ॥

রামায় রামং হন্তুং রামস্তু তানি ধনূংষি সমং বাণৈঃ সহিতান্যেবাচ্ছিনৎ ॥ ২৬ ॥

অচলান্ পর্ব্বতান্ অভিধাবত স্তস্য অসেঃ ফলানিবেত্যর্থঃ ॥ ২৭ । ২৮ ॥

শুরাম একাকী তাহাদের সমুদায়কেই বিনষ্ট করিলেন ॥ ২৩ ॥

পরশুরামের বীর্য্য, মনঃ ও অনিলের তুল্য, সুতরাং পর চক্র বিধ্বংসনে সমর্থ ছিল। তিনি স্বীয় পরশু দ্বারা প্রহার করত যেখানে যেখানে গেলেন সেই সেই স্থানেই বিপক্ষ পক্ষের বীরগণ ছিন্ন বাহু, ছিন্ন উরু ও ছিন্ন কন্ধর হইয়া ধরণীতলে পড়িতে লাগিল, আর তাহাদের অশ্ব সারথি সমস্তই নিহত হইল ॥ ২৪ ॥

হৈহয়াধিপ অর্জ্জুন দেখিলেন রণাঙ্গণ রুধির ধারায় কর্দ্দমময় হইয়া উঠিয়াছে এবং পরশুরামের কুঠার ও বাণ প্রহারে বর্ম্ম, ধ্বজা, ধনুঃ, বাণ ও কলেবর ছিন্ন ভিন্ন হওয়াতে প্রায় সকল সৈন্যই যুদ্ধে পতিত হইয়াছে, অতএব রোষ প্রকাশ পূর্ব্বক স্বয়ং সমরে আগমন করিল ॥ ২৫ ॥

অনন্তর অর্জ্জুন পরশুরামের নিমিত্ত স্বীয় বাহু সকল দ্বারা একেবারে পঞ্চশত ধনুঃ গ্রহণ পূর্ব্বক পঞ্চশত সুতীক্ষ্ণ শর সন্ধান করিল। হে রাজন্! পরশুরাম অস্ত্রধারিদিগের অগ্রণী, যদিও একখানি ধনুঃ ধারণ করিয়াছিলেন তথাপি তাহাতেই বহু সংখ্যক বাণ দিয়া এককালে অর্জ্জুনের সেই সমুদায় ধনুক কাটিয়া ফেলিলেন ॥ ২৬ ॥

ধনুশ্ছিন্ন হইলে পর অর্জ্জুন স্বীয় ভুজ সমূহে সমরসাধন ভূরি ভূরি পর্ব্বত ও বৃক্ষ লইয়া মহাবেগে রণ-

ভুজান্ কুঠারেণ কঠোরনেমিনা চিচ্ছেদ রামঃ প্রসভং হ্যহেরিব।
[illegible] শৃঙ্গমিবাহরৎ। হতে পিতরি তৎপুত্রা অযুতং দুদ্রু[illegible]ভয়াৎ॥ ২৭॥
অগ্নিহোত্রী[illegible]সাং পরবীরহা। সমুপেত্যাশ্রমং পিত্রে পরিক্লিষ্টাং সমর্পয়ৎ॥
[illegible] ভ্রাতৃভ্য এবচ। বর্ণয়ামাস তৎ শ্রুত্বা জমদগ্নিরভাষত॥
[illegible]পাপমকারষীঃ। অবধীন্নরদেবং যৎ সর্ব্বদেবময়ং বৃথা॥ ২৮॥
[illegible]র্হণতাং গতাঃ। যয়া লোকগুরুর্দেবঃ পারমেষ্ঠ্যমগাৎ পদং॥ ২৯॥
[illegible] রোচতে লক্ষ্মীর্ব্রা[illegible] সৌরী যথা প্রভা। ক্ষমিণামাশু ভগবাংস্তুষ্যতে হরিরীশ্বরঃ॥ ৩০॥
[illegible] মূর্দ্ধাভিষিক্তস্য বধো ব্রহ্মবধাদ্‌গুরুঃ। তীর্থসংসেবয়াচাংহো জহ্যঙ্গাচ্যুতচেতনঃ॥ ৩১॥

শ্রীধরস্বামী।

[illegible] ॥ ২৮॥
[illegible] ॥
[illegible]৩০॥
[illegible] অচ্যুতে চেতনা চিত্তং যস্য সঃ॥ ৩১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

[illegible]
[illegible] ক্ষমবৈব রোচতে দ্যোততে সৌরী সূর্য্যপ্রভেব॥ ৩০॥
[illegible] যেষেণ ন চ্যুত চেতনা চিচ্ছক্তি র্যস্য তথাভূত ঈশ্বরোপি লোকসংগ্রহার্থমিত্যর্থঃ॥ ৩১॥

[illegible] ধাবমান হইল। তদ্দর্শনে জামদগ্ন্য কঠোরাগ্র কুঠার দ্বারা, সর্পফণার ন্যায়, [illegible] কাটিয়া ফেলিলেন। পরে পর্ব্বতের শৃঙ্গ সদৃশ অর্জ্জুনমুণ্ড ছিন্ন করিয়া আনি-[illegible] কার্ত্তবীর্য্যার্জ্জুন নিহত হইবামাত্র তাহার দশসহস্র পুত্র ভয়ে পলায়ন পরায়ণ [illegible]

[illegible] অগ্নিহোত্রীয় ধেনু গ্রহণ করিয়া আশ্রমে আসিলেন এবং বিপক্ষ [illegible] পরিক্লিষ্টা সেই গাভীকে আনিয়া, পিতৃহস্তে সমর্পণ করিলেন। পরন্তু তিনি [illegible] তাদিগের নিকট বর্ণন করিলেন তখন তৎশ্রবণে মুনিবর জমদগ্নির [illegible] যথেষ্ট বিরাগ প্রদর্শন পূর্ব্বক কহিলেন, অহে রাম! অহে রাম! অহে মহাবাহু! [illegible] করিয়া আসিলে। [illegible] খেদের বিষয়। নরদেব রাজা সর্ব্বদেব স্বরূপ তাঁহাকে বৃথা নিহত [illegible]॥ ২৮॥

[illegible] আমরা ব্রাহ্মণ ক্ষমাগুণে পূজ্য হইয়াছি। ঐ গুণ সামান্য নহে, তাহার দ্বারাই ব্রহ্মা লোকগুরু হইয়া পারমেষ্ঠ্য পদ প্রাপ্ত হইয়াছেন॥ ২৯॥

[illegible] ক্ষমা দ্বারাই সূর্য্যসম্বন্ধিনী প্রভার ন্যায় ব্রহ্ম সম্বন্ধিনী শ্রী, শোভা প্রাপ্ত হয়। অপর ক্ষমাশীল পুরুষ[illegible] প্রতি ভগবান্ ঈশ্বর হরি আশু সন্তুষ্ট হইয়া থাকেন॥ ৩০॥

[illegible] রাজার বধ ব্রহ্মবধ অপেক্ষাও গুরু। অতএব তুমি ভগবানের প্রতি চিত্ত সমর্পণ করিয়া তীর্থ সেবা এবং যম নিয়মাদি দ্বারা পাপ মোচন কর॥ ৩১॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে পরশুরাম চরিতে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৫ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

পিত্রোপশিক্ষিতোরামস্তথেতি কুরুনন্দন। সংবৎসরং তীর্থচর্য্যাং চরিত্বাশ্রমমাব্রজৎ ॥

কদাচিদ্রেণুকা যাতা গঙ্গায়াং পদ্মমালিনং। গন্ধর্ব্বরাজং ক্রীড়ন্তমপ্সরোভিরপশ্যত ॥ ১ ॥

বিলোকয়ন্তী ক্রীড়ন্তমুদকার্থং নদীং গতা। হোমবেলাং ন সস্মার কিঞ্চিচ্চিত্ররথস্পৃহা ॥ ২ ॥

কালাত্যয়ং তং বিলোক্য মুনেঃ শাপবিশঙ্কিতা। আগত্য কলসং তস্থৌ পুরোধায় কৃতাঞ্জলিঃ ॥ ৩

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি নবমে পঞ্চদশঃ ॥ * ॥

ষোড়শেঽথার্জ্জুনসুতৈর্জমদগ্নৌ হতে মুহুঃ। রামাৎ ক্ষত্রবধঃ প্রোক্তো বিশ্বামিত্রস্য চান্বয়ঃ ॥ ১ ॥

কিঞ্চিদীষচ্চিত্ররথে গন্ধর্ব্বরাজে স্পৃহা যস্যাঃ সা কিঞ্চিন্ন সস্মারেতি ॥ ২ ॥

কলসং পুরোধায় অগ্রে নিধায় ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য পঞ্চদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

কদাচিদিতি। কার্ত্তবীর্য্যবধাৎ পূর্ব্বমেবেত্যর্থঃ। রেণুকাবধানন্তরং ক্রোধে ত্যক্তেচ তস্য কামধেনু হরণ মিতি স্কান্দে প্রসিদ্ধেঃ ॥

কিঞ্চিৎ কাচিৎ কৌতুক মযোব নতু কামময়ী চিত্ররথে স্পৃহা যস্যাঃ। অত্র ব্রহ্মাণ্ডপুরাণং দ্রষ্টব্যং ॥ ২ ॥

অতঃ পতিপরিচরণবাত্যয় এবাত্র ব্যভিচারো জ্ঞেয়ঃ ॥ ৩ । ৪ । ৫ । ৬ । ৭ । ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমেঽয়ং পঞ্চদশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

যমদগ্নির্হতো বৈস্তান্ রামোঽর্জ্জুন সুতানহন্। নিঃক্ষত্রকৃৎ ষোড়শেঽত্র বিশ্বামিত্রকথা ততঃ ॥ ১ ॥

কিঞ্চিদিতি ন সস্মারেত্যস্য বিশেষণং হোমবেলায়াঃ কিঞ্চিন্মাত্রং বিস্মরণ মভূদিত্যর্থঃ। তত্র হেতুঃ চিত্রথে দর্শন কৌতুকার্থং স্পৃহা যস্যাঃ সা। ২ ॥

শাপবিশঙ্কিতা হন্ত হন্ত কিঞ্চিন্মাত্র বিস্মরণতএব মে হোমবেলাপীয়ন্তী ব্যতীতেতি ভয়বিহ্বলা ॥ ৩ ॥

॥ * ॥ ইতি নবমে পঞ্চদশ ॥ * ॥

ষোড়শাধ্যায়ে কার্ত্তবীর্য্যার্জ্জুনের পুত্রগণ কর্ত্তৃক জমদগ্নি নিহত হইলে পরশুরাম ক্ষত্রিয় বধ এবং বিশ্বামিত্র বংশের বিবরণ ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে কুরুনন্দন! পিতার উপদেশে পরশুরাম "তাহাই করিতে" করিলেন এবং সম্বৎসর পর্য্যন্ত তীর্থ পর্য্যটন করিয়া আশ্রমে প্রত্যাবৃত্ত হইলেন। কোন সময় রেণুকা গঙ্গায় গমন করিয়া তথায় পদ্মমালী নামা গন্ধর্ব্ব রাজকে অপ্সরোগণ সহিত ক্রীড়া দেখিতে পাইলেন ॥ ১ ॥

রেণুকা জল আনয়ন নিমিত্ত ঐ নদীতে গিয়াছিলেন, ক্রীড়াকারী গন্ধর্ব্বরাজ নয়নগোচর হওয়াতে তাঁহার প্রতি ঈষৎ স্পৃহাবতী হইয়া দাঁড়াইয়া রহিলেন, হোমসময় যে অতিক্রান্ত হইতে লাগিল তাহা স্মরণ করিলেন না ॥ ২ ॥

অনন্তর আপনিই কালাত্যয় অবলোকন করিয়া মুনি হইতে শাপ আশঙ্কা করত সাতিশয় ভীতা হইলেন এবং সত্বর আগমন পূর্ব্বক কলসটী অগ্রে রাখিয়া কৃতাঞ্জলি পুটে দণ্ডায়মান হইলেন ॥ ৩ ॥

ব্যভিচারং মুনির্জ্ঞাত্বা পত্ন্যাঃ প্রকুপিতোঽব্রবীৎ। ঘ্নতৈনাং পুত্রকাঃ পাপামিত্যুক্তাস্তে ন চক্রিরে ॥৪
রামঃ সঞ্চোদিতঃ পিত্রা ভ্রাতৄন্মাত্রা সহাবধীৎ। প্রভাবজ্ঞো মুনেঃ সম্যক্ সমাধেস্তপসশ্চসঃ ॥
বরেণচ্ছন্দয়ামাস প্রীতঃ সত্যবতীসুতঃ। বব্রে হতানাং রামোঽপি জীবিতঞ্চাস্মৃতিং বধে ॥ ৫ ॥
উত্তস্থুস্তে কুশলিনো নিদ্রাপায় ইবাঞ্জসা। পিতুর্বিদ্বাং স্তপোবীর্য্যং রামশ্চক্রে সুহৃদ্বধং ॥ ৬ ॥
যেঽর্জ্জুনস্য সুতা রাজন্ স্মরন্তঃ স্বপিতুর্ব্বধং। রামবীর্য্যপরাভূতা লেভিরে শর্ম্ম ন কচিৎ ॥

শ্রীধরস্বামী।

ব্যভিচারং মানসং জ্ঞাত্বা ॥ ৪ ॥

আজ্ঞাভিলঙ্ঘিনাং ভ্রাতৄণাং মাতুশ্চ বধে সঞ্চোদিতঃ সন্ মুনের্যঃ সমাধিস্তপশ্চ তয়োঃ প্রভাবজ্ঞঃ যদি নহন্যাং তর্হি মামপি শপ্তুং সমর্থঃ। যদিতু হন্যাং তর্হি ময়ি সন্তুষ্টঃ সন্ তানপি জীবয়িতুং সমর্থ ইতি জানন্নিত্যর্থঃ ॥ ৫ ॥

ননু অতি নিন্দিতং কথং কৃতবান্ তত্রাহ পিতুর্ব্বিদ্বানিতি পূর্ব্বোক্ত এবাভিপ্রায়ঃ ॥ ৬ ॥

সর্ব্ব ক্ষত্রিয়বধে কারণং বক্তুমাহ যেঽর্জ্জুনস্য সুতা ইত্যাদিনা ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হোম বেলায়াঃ প্রাগেব জলমানেষ্যামীতি তস্যা বচনস্য ব্যভিচারং জ্ঞাত্বা যনিত্য কর্ম্মাসিদ্ধ্যাচ প্রকর্ষেণ কুপিতঃ হে পুত্রকাঃ। এনাং ঘ্নতেত্যুক্তাস্তে পুত্রা ন চক্রিরে তস্যা হননমিতি শেষঃ ॥ ৪ ॥

আজ্ঞা লঙ্ঘিনাং ভ্রাতৄণাং মাতুশ্চ বধে নিযুক্তোঽবধীৎ। নম্বেবমাজ্ঞাপালন মপি জুগুপ্সিতং তত্রাহ। প্রভাবজ্ঞঃ অস্য বধস্যোদর্ক এবস্তবিষ্যতীতি সর্ব্বজ্ঞত্বেন জানন্নিত্যর্থঃ ॥

বরেণেতি বরং বৃণিষ্বেত্যুক্তবানিত্যর্থঃ। বব্রে ইতি মৃতা ইমে জীবন্তু মৎকর্ত্তৃকং বধঞ্চ নস্মরন্ত্বিত্যহং বৃণে ইত্যুক্তবান্ ॥ ৫। ৬ ॥

নিরপরাধায়াঃ পতিব্রতাশিরোমণে রেণুকায়া বধমাদিষ্টবতো যমদগ্নেরপি বধরূপং তদপরাধ ফলং দর্শয়ন্নাহ। যোঽর্জ্জুনস্যেতি ॥ ৭ ॥

এ দিকে পত্নীর ব্যভিচার জ্ঞাত হওয়াতে মুনির অতিশয় ক্রোধ হইয়াছিল, তাহাতে তিনি কম্পিত কলেবর হইয়া পুত্রদিগকে আহ্বান পূর্ব্বক কহিলেন, অরে পুত্রসকল! এখনি এই পাপিয়সীকে বধ করিয়া ফেল। অন্যান্য পুত্রেরা স্পষ্ট রূপে আদিষ্ট হইয়াও তাহা করিল না ॥ ৪ ॥

কিন্তু পরশুরাম পিতার সমাধি ও তপস্যার প্রভাব অবগত ছিলেন, আজ্ঞালঙ্ঘনকারি ভ্রাতৃগণের ও মাতার বধার্থ আদেশিত হইয়া বিবেচনা করিলেন, যদি পিতার নিয়োগে ইহাদিগকে বিনষ্ট না করি পিতা ক্রুদ্ধ হইয়া আমাকেও অভিশাপ দিতে পারেন, আর আজ্ঞা পালন পূর্ব্বক ইহাদিগকে বধ করিলে আমার প্রতি সন্তুষ্ট হইয়া ইনি পুনরায় ইহাদের জীবন দান করিলেও করিতে পারিবেন। অতএব পিতা প্রেরণ করিবামাত্র পরশুরাম মাতৃসহ ভ্রাতৃগণের প্রাণ সংহার করিলেন। এই ব্যাপারে সত্যবতী তনয় জমদগ্নি মুনির সাতিশয় প্রীতি জন্মিল। তিনি প্রীত হইয়া পরশুরামকে যথা ইচ্ছা বর গ্রহণ করিতে বলিলেন। তাহাতে জামদগ্ন্য রাম এই বর চাহিলেন হত ব্যক্তিগণ পুনর্জীবিত হয় এবং ইহাদের ঐ বধ যেন স্মরণ পথে উদিত না হয় ॥ ৫ ॥

হে রাজন্! জমদগ্নিমুনি তথাস্তু বলিয়া বর দিবামাত্র সেই সকল হত ব্যক্তি কুশল যুক্ত হইয়া নিদ্রাপগমে যেমন গাত্রোত্থান করে তাহার ন্যায় তৎক্ষণাৎ উত্থিত হইল। মহারাজ! পরশুরাম এরূপ নিন্দিত কর্ম্ম কেন করিয়াছিলেন এমত আশঙ্কা করিবেন না, তিনি পিতার তপোবীর্য্য বিশেষ রূপে পরিজ্ঞাত ছিলেন, তাহাতেই সুহৃদ্বধ করেন ॥ ৬ ॥

হে রাজন্! কার্ত্তবীর্য্য অর্জ্জুনের যে সকল পুত্র ছিল তাহারা পরশুরামের বীর্য্যে পরাভূত হইয়া

একদাশ্রমতো রামে সভ্রাতরি বনং গতে। বৈরং সিসাধয়িষবো লব্ধচ্ছিদ্রা উপাগমন্ ॥ ৭ ॥
দৃষ্ট্বাগ্ন্যাগার আসীনমাবেশিতধিয়ং মুনিং। ভগবত্যুত্তমশ্লোকে জঘ্নুস্তে পাপনিশ্চয়াঃ ॥
যাচ্যমানাঃ কৃপণয়া রামমাত্রাতিদারুণাঃ। প্রসহ্য শির উৎকৃত্য নিন্যুস্তে ক্ষত্রবন্ধবঃ ॥
রেণুকা দুঃখশোকার্ত্তা নিঘ্নন্ত্যাত্মানমাত্মনা। রাম রামেতি তাতেতি বিচুক্রোশোচ্চকৈঃ সতী ॥
তদুপশ্রুত্য দূরস্থা হা রামেত্যার্ত্তবৎ স্বনং। ত্বরয়াশ্রমমাসাদ্য দদৃশুঃ পিতরং হতং ॥ ৮ ॥
তে দুঃখরোষামর্ষার্ত্তিশোকবেগবিমোহিতাঃ। হা তাত সাধো ধর্ম্মিষ্ঠ ত্যক্ত্বাস্মান্ স্বর্গতো ভবান্ ॥
বিলপ্যৈবং পিতুর্দ্দেহং নিধায় ভ্রাতৃষু স্বয়ং। প্রগৃহ্য পরশুং রামঃ ক্ষত্রান্তায় মনোদধে ॥ ৯ ॥
গত্বা মাহিষ্মতীং রামো ব্রহ্মঘ্নবিহতশ্রিয়ং। তেষাং সশীর্ষভী রাজন্ মধ্যে চক্রে মহাগিরিং ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

ভগবত্যাবেশিতা ধীর্যেন তং ॥ ৮ ॥ দুঃখাদীনাং বেগেন বিমোহিতাঃ ॥ ৯ ॥
ব্রহ্মঘ্নৈর্বিহতা শ্রীর্যস্যাস্তাং। হে রাজন্ সরাম স্তেষাং শীর্ষৈর্ম্মাহিষ্মত্যাং মধ্যে মহান্তং গিরিং চক্রে ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

তে দুঃখেত্যর্দ্ধকং। অত্র তদ্দুঃখেতি পাঠঃ স্বামিসম্মতঃ। তচ্ছব্দস্য সমস্তত্বেপ্যনুপাদানাৎ। তে সরামা জমদগ্নিপুত্রা ইতি সম্বন্ধোক্তৌচ ॥ ৯ ॥
গত্বেত্যর্দ্ধকং। ঘোরাং ভয়ানকাং যতঃ বিশেষতস্তত্রক্ষণ্যানাং ভয়াবহামিত্যর্থঃ ॥ ১০ । ১১ । ১২ । ১৩ । ১৪ । ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

স্বভর্ত্তুঃ প্রাণান্ যাচমানাঃ ॥ তদুপশ্রুত্য আর্ত্তবৎ। অনার্ত্তা আর্ত্তয়া ইব তস্যা মাতুঃ স্বরং উপশ্রুত্য দদৃশুরিত্যর্থঃ।
তে ভ্রাতরঃ বিমূর্চ্ছিতা বভূবুঃ ॥ ৮ । ৯ ॥
ব্রহ্মঘ্নৈঃ হতা শ্রীর্যস্যাস্তাং স রামঃ মহাগিরিং নদীং চ চক্রে ॥ ১০ ॥

আপনাদের পিতার বধ বৃত্তান্ত স্মরণ করত কুত্রাপি সুখ স্বাচ্ছন্দ্য লাভ করতে সমর্থ হয় নাই। একদা পরশুরাম আশ্রম হইতে ভ্রাতৃগণের সহিত বন গমন করিলে ঐ সকল অর্জ্জুন তনয়েরা ছিদ্র পাইয়া বৈরসাধন মানসে তথায় গমন করিল ॥ ৭ ॥

এবং দেখিল অগ্নিগৃহের মধ্যে রামজনক জমদগ্নি মুনি ভগবানে চিত্ত নিবেশ করিয়া বসিয়া আছেন, এই সুযোগ প্রাপ্ত হওয়াতে সেই পাপাত্মারা তৎক্ষণাৎ ঐ মুনিকে নিহত করিল। পরশুরামের মাতা ক্রন্দনলোকনে অতিশয় দীনা হইয়া পতিপ্রাণ ভিক্ষা করিতে লাগিলেন, তাহাতে সেই নিষ্ঠুর ক্ষত্রাধমদের দয়া হইল না, বলে তাঁহার শিরশ্ছেদন করিয়া লইয়া গেল। রামমাতা রেণুকা দুঃখ ও শোকে আর্ত্তা হইয়া আপনিই আপনাকে আঘাত করত হা রাম, হা রাম, হা তাত, হা তাত! বলিয়া উচ্চৈঃস্বরে চীৎকার করিতে থাকিলেন। দূর হইতে (হা রাম!) এই আর্ত্ত ধ্বনি শুনিবা মাত্র পরশুরাম ত্বরায় ভ্রাতৃগণ সহিত আশ্রমে প্রত্যাগমন করিলেন। দেখিলেন পিতা নিহত হইয়া পড়িয়া রহিয়াছেন ॥৮

ইহাতে তাঁহাদের এতাদৃশ দুঃখ শোক ক্রোধ অমর্ষ এবং পীড়া জন্মিল যে ঐ সকলের আবেগে সকলেই বিমোহিত হইলেন। অনন্তর পরশুরাম হা তাত! হা সাধো! হা ধর্ম্মিষ্ঠ! আমাদিগকে পরিত্যাগ করিয়া আপনি স্বর্গে গমন করিলেন। এবম্বিধ বিবিধ বিলাপ করিয়া পিতার মৃতদেহ ভ্রাতাদিগের নিকট রাখিলেন পরে ভয়ঙ্কর পরশ্বধ গ্রহণ করিয়া ক্ষত্রিয় বংশ ধ্বংস করিতে মনঃস্থ করিলেন ॥৯

হে রাজন্! পরশুরাম প্রথমতঃ মাহিষ্মতী পুরী গমন করিয়া তাহার মধ্যস্থলে অর্জ্জুনপুত্রদিগের মস্তক

তদ্রক্তেন নদীং ঘোরামব্রহ্মণ্যভয়াবহাং। হেতুং কৃত্বা পিতৃবধং ক্ষত্রেঽমঙ্গলকারিণি ॥ ১১ ॥
ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবীং কৃত্বা নিঃক্ষত্রিয়াং প্রভুঃ। সমন্তপঞ্চকে চক্রে শোণিতোদান্ হ্রদান্নব।
পিতুঃ কায়েন সন্ধায় শির আধায় বর্হিষি। সর্ব্বদেবময়ং দেবমাত্মানমযজন্মখৈঃ।
দদৌ প্রাচীং দিশং হোত্রে ব্রহ্মণে দক্ষিণাং দিশং। অধ্বর্য্যবে প্রতীচীং বৈ উদ্গাত্রে উত্তরাং দিশং।
অন্যেভ্যোঽবান্তরদিশঃ কশ্যপায়চ মধ্যতঃ। আর্য্যাবর্ত্তমুপদ্রষ্ট্রে সদস্যেভ্যস্ততঃ পরং।
ততশ্চাবভৃথস্নান বিধূতাশেষ কিল্বিষঃ। সরস্বত্যাং মহানদ্যাং রেজে ব্যব্ভ্রইবাংশুমান্ ॥ ১২ ॥
স্বদেহং জমদগ্নিস্তু লব্ধ্বা সংজ্ঞানলক্ষণং। ঋষীণাং মণ্ডলে সোঽভূৎ সপ্তমো রামপূজিতঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

তেষাং রক্তেন অব্রহ্মণ্যানাং ভয়াবহাং ঘোরাং নদীঞ্চক্রে। তথাপি সর্ব্ব ক্ষত্রিয়বধে কিং কারণং তত্রাহ হেতুং কৃত্বেতি সার্দ্ধেন। অমঙ্গলকারিণি অন্যায়বর্ত্তিনি সতি ॥ ১১ ॥

ত্রিঃসপ্তকৃত্বো রেণুকয়া দুঃখাবেশাৎ উদরতাড়নং কৃতং। ততো রামস্তাবৎকৃত্বঃ ক্ষত্রমুৎসাদিতবানিতি প্রসিদ্ধিঃ ॥ ১২ ॥

সংজ্ঞানং স্মৃতিং তদেব লক্ষণং চিহ্নং যস্য স্বদেহং লব্ধ্বা সপ্তর্ষীণাং মণ্ডলে সপ্তম ঋষিরভূৎ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অমঙ্গলকারিণি অন্যায়বর্ত্তিনি সতি পিতৃবধমেব নিমিত্তীকৃত্য ত্রিঃসপ্তকৃত্ব ইতি রেণুকায়া তাবৎ কৃত্ব এবোরস্তাড়নাদিতি ভাবঃ ॥ ১১ ॥

অবভৃত স্নানেন বিধূতমশেষং কিল্বিষং যস্মাৎ সঃ। ইতি সরস্বত্যাএব নিরঘত্বং গঙ্গায়া ইব জাতমিতি ভাবঃ ॥ ১২ ॥

সংজ্ঞানং স্মৃতি স্তদেব লক্ষণং যস্য তাদৃশং দেহং লব্ধ্বা ঋষীণাং মণ্ডলে কশ্যপোঽত্রির্ব্বশিষ্ঠশ্চ বিশ্বামিত্রোথ গোতমঃ। যমদগ্নি র্ভরদ্বাজ ইতি সপ্তর্ষয়ঃ স্মৃতা ইতি তত্র জমদগ্নিরেব সপ্তম ঋষিরভূৎ ॥ ১৩ ॥

দ্বারা একটা সুমহৎ পর্ব্বত নির্ম্মাণ করিলেন। ঐ সকল ব্যক্তি ব্রহ্মহত্যা করাতে তাহাদের দ্বারাই পুরীর শোভা বিনষ্ট হইয়াছিল, মধ্যস্থানে মুণ্ডময় পর্ব্বত হওয়াতে সেই পুরী আরও বিশ্রী হইল ॥১০॥

সে যাহা হউক, পরশুরাম পরে তাহাদের শোণিতে একটী ভয়ানক নদী করিলেন, সেই সরিৎ ব্রহ্মদ্বেষিদিগের অত্যন্ত ভয়াবহ। তদনন্তর ক্ষত্রিয়জাতিকে অন্যায়বর্ত্তি দেখিয়া পিতৃবধ হেতু করিয়া ॥১১

একবিংশতি বার এই পৃথিবীকে নিক্ষত্রিয়া করত সমন্তপঞ্চক স্থানে নয়টী শোণিতময় হ্রদ নির্ম্মাণ করিলেন। হে মহারাজ! পরশুরাম একবিংশতিবার পৃথ্বীকে ক্ষত্রিয় শূন্যা কেন করেন কারণ শুন, তাঁহার জননী রেণুকা অর্জ্জুনতনয় দিগের দৌরাত্ম্য জন্য দুঃখাবেগে একবিংশতিবার আপনার উদরে আঘাত করিয়াছিলেন তাহাতেই পরশুরাম তাবৎ সংখ্যক বার ক্ষত্রিয় বধ করিলেন। সে যাহা হউক, তদনন্তর পরশুরাম নিহত পিতার মস্তক তদীয় দেহে সন্ধিত করিয়া কুশোপরি স্থাপন পূর্ব্বক বিবিধ যজ্ঞ দ্বারা সর্ব্বদেবময় আত্মার অর্চ্চনা করিলেন। সেই যজ্ঞে হোতাকে পূর্ব্বদিক্, ব্রহ্মাকে দক্ষিণদিক্, অধ্বর্য্যুকে পশ্চিমদিক্ এবং উদ্গাতাকে উত্তরদিক্ দক্ষিণা দিলেন। আর অবান্তরদিক্ সকল অন্যান্য ঋত্বিক্‌দিগকে দান করিয়া মধ্যস্থল কশ্যপকে দান করিলেন। পশ্চাৎ উপদ্রষ্টাকে আর্য্যাবর্ত্ত দেশ দক্ষিণা দিয়া তাহার পর সদস্যদিগকেও যথাযোগ্য ভূমি দক্ষিণা দিলেন। তদনন্তর মহানদী সরস্বতীতে গিয়া অবভৃথ স্নান দ্বারা অশেষ কলুষ প্রক্ষালন পূর্ব্বক নিরভ্র দিবাকরের সমান বিরাজ করিতে লাগিলেন ॥ ১২ ॥

এ দিকে জমদগ্নি রাম পূজিত হওয়াতে স্মৃতিই যাহার চিহ্ন তাদৃশ স্বীয় শরীর লাভ করিয়া সপ্তর্ষি-মণ্ডলে গমন পূর্ব্বক সপ্তম ঋষি হইলেন ॥ ১৩ ॥

জামদগ্ন্যোঽপি ভগবান্ রামঃ কমললোচনঃ। আগামিন্যন্তরে রাজন্ বর্ত্তয়িষ্যতি বৈ বৃহৎ।
আস্তে ঽদ্যাপি মহেন্দ্রাদ্রৌ ন্যস্তদণ্ডঃ প্রশান্তধীঃ। উপগীয়মানচরিতঃ সিদ্ধগন্ধর্ব্বচারণৈঃ ॥ ১৪ ॥
এবং ভৃগুষু বিশ্বাত্মা ভগবান্ হরিরীশ্বরঃ। অবতীর্য্য পরং ভারং ভুবোঽহন্ বহুশোনৃপান্ ॥ ১৫ ॥
গাধেরভূন্মহাতেজাঃ সমিদ্ধ ইব পাবকঃ। তপসা ক্ষাত্রমুৎসৃজ্য যোলেভে ব্রহ্মবর্চ্চসং ॥ ১৬ ॥
বিশ্বামিত্রস্য চৈবাসন্ পুত্রা একশতং নৃপ। মধ্যমস্তু মধুচ্ছন্দা মধুচ্ছন্দস এব তে ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

বৃহদ্ব্রহ্ম বেদং। বেদপ্রবর্ত্তকেষু সপ্তর্ষিষু একতমো ভবিষ্যতীত্যর্থঃ ॥ ১৪ ॥
ভুবো ভারমহন্। ভারমেবাহ নৃপানিতি ॥ ১৫ ॥
তদেবং প্রসক্তাম্ প্রসক্তং সমাপ্য প্রস্তুতমাহ গাধেরিতি। মহাতেজা বিশ্বামিত্রঃ ॥ ১৬ ॥
তে সর্ব্বে লিঙ্গসমবায়ন্যায়েন প্রাণভৃত উপধাবতীতি বৎ মধুচ্ছন্দস এবোচ্যন্তে। তথাচ শ্রুতিঃ তস্য বিশ্বামিত্রস্য একং শত পুত্রা আসুঃ। পঞ্চাশদেব জ্যায়াংসোমধুচ্ছন্দসঃ পঞ্চাশৎ কনীয়াংস ইত্যাদি ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ

তদেবং মধ্যে মধ্যেপি নিজ নিজাভীষ্টাং ভগবদবতার কথাং শীত্বা ঝটিতি নিজাভীষ্টতম ভগবদাবির্ভাবাস্পদ যদু বংশবর্ণনায় প্রসক্ত বংশ সমাপয়িতুমাহ গাধেরিতি ॥ ১৬ ॥
একশতং একাধিক শতং টীকায়াং প্রাণভৃত ইতি তত্র প্রাণ ভৃত্যদপ্রসিদ্ধ মন্ত্রেণ সংস্কৃতৈকৈকেষ্টকা প্রাণভৃদুচ্যতে। তৎ প্রাধান্যেনান্যা অপি তথোচ্যন্ত ইতি গন্তব্যং ॥ ১৭ । ১৮ । ১৯ । ২০ । ২১ । ২২ । ২৩ । ২৪ । ২৫ । ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বৃহৎ ব্রহ্ম বেদ প্রবর্ত্তকেষু সপ্তর্ষিষ্বেকতমো ভবিষ্যতীত্যর্থঃ ॥ ১৪ । ১৫ ॥
প্রাসঙ্গিকীং কথাং সমাপ্য প্রস্তুতমাহ গাধেরিতি ॥ ১৬ ॥
একশতং একাধিকং শতং তথাচ শ্রুতিঃ। তস্য হ বিশ্বামিত্রস্যৈক শতং পুত্রা আসুঃ। পঞ্চাশদেব জ্যায়াংসো মধুচ্ছন্দসঃ। পঞ্চাশৎকনীয়াংশ ইতি। তে সর্ব্বে লিঙ্গসমবায় ন্যায়েন প্রাণভৃত উপদধাতীতিবন্মধুচ্ছন্দস এবোচ্যন্তে। ইষ্টকাচয়নে যাগে প্রাণভৃৎ প্রসিদ্ধ মন্ত্রেণ সংস্কৃতা একৈকেষ্টকা প্রাণভৃদুচ্যতে তত্র পুনস্তৎ প্রাধান্যেনান্যাপি ইষ্টকা যথা প্রাণভৃত উচ্যন্তে তথৈবেত্যর্থঃ ॥ ১৭ ॥

হে রাজন্! কমললোচন ভগবান্ জামদগ্ন্য রামও আগামী মন্বন্তরে বেদ প্রবর্ত্ত করিবেন অর্থাৎ তিনিও বেদ প্রবর্ত্তক সপ্তর্ষি মধ্যে একজন হইবেন। তিনি ন্যস্তদণ্ড এবং প্রশান্ত চিত্ত হইয়া অদ্যাপি মহেন্দ্র পর্ব্বতে বর্ত্তমান আছেন। সিদ্ধচারণ ও গন্ধর্ব্বগণ সতত তাঁহার বিচিত্র চরিত্র গান করিতেছে ॥১৪

হে রাজন্! এই প্রকারে ভগবান্ বিশ্বাত্মা ঈশ্বর হরি ভৃগুকুলে অবতীর্ণ হইয়া বহুবার ক্ষত্রিয় বধ করিয়া ভুমির পরম ভার হরণ করেন ॥ ১৫ ॥

এক্ষণে প্রস্তুত বিষয় বর্ণন করি শ্রবণ কর। গাধি হইতে জ্বলন্ত অনলের তুল্য মহাতেজস্বি বিশ্বামিত্রের উৎপত্তি হয়। রাজন্! তিনিই তপঃ প্রভাবে ক্ষত্রিয়ত্ব পরিত্যাগ করিয়া ব্রহ্মত্ব লাভ করিয়াছিলেন ॥ ১৬ ॥

এই বিশ্বামিত্রের একশত পুত্র হয়, তন্মধ্যে যদিও কেবল মধ্যমের নাম মধুচ্ছন্দঃ তথাচ সকল পুত্রই মধুচ্ছন্দস্ বলিয়া উক্ত হইতেন ॥ ১৭ ॥

পুত্রং কৃত্বা শুনঃশেফং দেবরাতঞ্চ ভার্গবং । আজীগর্ত্তং সুতানাহ জ্যেষ্ঠ এষ প্রকল্প্যতাং ॥ ১৮ ॥
যোবৈ হরিশ্চন্দ্রমখে বিক্রীতঃ পুরুষঃ পশুঃ । স্তুত্বা দেবান্ প্রজেশাদীন্ মুমুচে পাশবন্ধনাৎ ॥১৯
যোরাতো দেবযজনে দেবৈর্গাধিষু তাপসঃ । দেবরাত ইতি খ্যাতঃ শুনঃশেফস্তু ভার্গবঃ ॥ ২০ ॥
যে মধুচ্ছন্দসো জ্যেষ্ঠাঃ কুশলং মেনিরে ন তৎ। অশপত্তাম্মুনিঃ ক্রুদ্ধো ম্লেচ্ছা ভবত দুর্জ্জনাঃ ॥২১
সহোবাচ মধুচ্ছন্দাঃ সার্দ্ধং পঞ্চাশতা ততঃ । যন্নো ভবান্ সংজানীতে তস্মিং স্তিষ্ঠামহে বয়ং ॥২২

শ্রীধরস্বামী ।

তত্রচ বিশ্বামিত্রপুত্রেষু ভার্গবস্যাজীগর্ত্তস্য দেবরাতস্য জ্যেষ্ঠত্বমবগম্যতে। তথা আশ্বলায়ন বৌধায়নাদিভিঃ কৌশিকানাং দেবরাতপ্রবরত্বমুক্তং। প্রবরশ্চ তস্মিন্নেব বংশেঽবান্তরভেদঃ নতু বংশান্তরং। তথাচ স্মৃতিঃ এক এব ঋষির্যাবৎ প্রবরেষনুবর্ত্ততে। তাবৎ সমানগোত্রত্বং বিনা ভৃগ্বঙ্গিরোগণাদিতি। তৎকুতো ভৃগুবংশভবস্য দেবরাতস্য কৌশিকপ্রবরত্বমিত্যাশঙ্ক্য তদুপপাদয়ন্নাহ পুত্রং কৃত্বেত্যাদি যাবৎ সমাপ্তি পূর্ব্বমজীগর্ত্তসুতত্বে মধ্যমত্বেন পিতৃভ্যাং মমতাং বিহায় বিক্রীতত্বাৎ। তস্য কৃপয়া সুতানাহ জ্যৈষ্ঠ এব প্রকল্প্যতামিতি ॥ ১৮ ॥

এতদেব স্পষ্টয়িতুং বিশিনষ্টি য ইতি দ্বাভ্যাং। মুমুচে অমুচ্যত ॥ ১৯ ॥

ভার্গবোঽপি গাধিষু গাধের্ব্বংশেষু দেবরাত ইতিখ্যাতঃ ॥ ২০ ॥

তত্তস্য জ্যেষ্ঠত্বং কুশলং ন মেনিরে মধ্যমত্বস্যানর্থাবহত্বং দৃষ্ট্বা নাঙ্গীকৃতবন্তঃ মুনির্ব্বিশ্বামিত্রঃ ॥ ২১ ॥

পঞ্চাশতা কনিষ্ঠৈঃ সাকং মধ্যমোমধুচ্ছন্দা উবাচ। নোঽস্মাকং যৎ জ্যেষ্ঠত্বং কনিষ্ঠত্বং বা ভবান্ পিতা সংজানীতে মন্যতে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

সচ বিশ্বামিত্রঃ ভার্গবং ভৃগুবংশোদ্ভবং অজীগর্ত্তসুতং শুনঃশেফং কৃপয়ৈব পুত্রং কৃত্বা সুতানৌরসান্ প্রত্যাহ জ্যেষ্ঠ ইত্যাদি ॥ ১৮ ॥

নন্বু শুনঃশেফ এব কস্তত্রাহ য ইতি হরিশ্চন্দ্রস্য মখে পুত্রমেধে কর্ত্তব্যে পুত্রেণ রোহিতেনৈব যঃ পুরুষঃ পশুরানীতঃ কনিষ্ঠ জ্যেষ্ঠয়োঃ স্নেহবত্ত্বাৎ শুনঃশেফ নামা মধ্যমঃ পুত্রোবিক্রীতঃ সচ প্রজেশাদীন্ দেবান্ স্তুত্বা পশুপাশবন্ধনাৎ মুমুচে মুক্তঃ ॥ ১৯ ॥

অতো ভার্গবোপি বিশ্বামিত্র কৃপাপাত্রী ভবন্ গাধিষু গাধের্ব্বংশেষু দেবরাত ইতিখ্যাত স্তাপসোঽভূৎ ॥ ২০ ॥

যে জ্যেষ্ঠাঃ পঞ্চাশৎ তৎ শুনঃশেফস্য জ্যেষ্ঠত্বং কুশলং ভদ্রং ন মেনিরে মুনির্বিশ্বামিত্রঃ ॥ ২১ ॥

পঞ্চাশতা কনিষ্ঠৈঃ সাকং স মধ্যমো মধুচ্ছন্দাঃ স্পষ্টমুবাচ নোঽস্মাকং পিতা ভবান্ যৎ জ্যেষ্ঠত্বং কনিষ্ঠত্বং বা সংজানীতে

মহাতপাঃ বিশ্বামিত্র অজীগর্ত্ত তনয় শুনঃশেফকে ভৃগুবংশীয় দেবরাত নামক পুত্র করিয়া আপনার অন্যান্য সন্তানদিগকে বলিয়াছিলেন তোমরা ইহাকে জ্যেষ্ঠ বলিয়া মান্য কর ॥ ১৮ ॥

হে রাজন্! ঐ শুনঃশেফের পিতা, অজীগর্ত্ত হরিশ্চন্দ্র রাজার যজ্ঞে পশ্বর্থ ঐপুত্রকে মধ্যম বলিয়া মমতা ত্যাগ পূর্ব্বক বিক্রয় করিয়াছিল, কিন্তু ঐ পুরুষ পশু ( শুনঃশেফ ) প্রজেশাদি দেবগণের স্তব করিয়া পাশবন্ধন হইতে মুক্ত হয় ॥ ১৯ ॥

সে দেবযজনে রাত ( প্রদত্ত ) হওয়াতে গাধিবংশে দেবরাত বলিয়া খ্যাত হইল। পরন্তু ভৃগুবংশে তাহার নাম শুনঃশেফ ॥ ২০ ॥

সে যাহা হউক, বিশ্বামিত্রের মধুচ্ছন্দ নামা যে সকল জ্যেষ্ঠ সন্তান ছিল, তাহারা শুনঃশেফকে জ্যেষ্ঠ বলিয়া কল্পনা করণে আপনাদের অকুশল জ্ঞান করিল, অতএব মুনি ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে এই অভিশাপ দিলেন, তোরা অতি দুর্জ্জন, অদ্যাবধি ম্লেচ্ছ হইবি ॥ ২১ ॥

তদনন্তর মধ্যম পুত্র মধুচ্ছন্দ পঞ্চাশৎ কনিষ্ঠের সহিত জনক সন্নিধানে গমন করিয়া বলিলেন

জ্যেষ্ঠং মন্ত্রদৃশং চক্রুস্ত্বামন্বঞ্চো বয়ং স্মহি ॥ ২৩ ॥

বিশ্বামিত্রঃ সুতানাহ বীরবন্তো ভবিষ্যথ। যে মানং মেঽনুগৃহ্নন্তো বীরবন্তমকর্ত্তমাং ॥ ২৪ ॥

এষ বঃ কুশিকা বীরো দেবরাতস্তমন্বিতঃ। অন্যে চাষ্টক হারীত জয় ক্রতুমদাদয়ঃ ॥ ২৫ ॥

এবং কৌশিকগোত্রন্তু বিশ্বামিত্রৈঃ পৃথগ্বিধং। প্রবরান্তরমাপন্নং তদ্ধিচৈবং প্রকল্পিতং ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তস্মিন্ বয়ং তিষ্ঠামেতি ॥ ২২ ॥

এবমুক্ত্বা মন্ত্রদৃশং কস্য নূনং কতমস্যামৃতানামিত্যাদি মন্ত্রাণাং দ্রষ্টারং শুনঃশেফং জ্যেষ্ঠং চক্রুঃ। কথং চক্রুঃ তদাহ বয়ং সর্ব্বে ত্বামন্বঞ্চঃ স্মহি অনুগন্তারঃ কনিষ্ঠাঃ স্ম ইত্যর্থঃ ॥ ২৩ ॥

ততঃ প্রসন্নো বিশ্বামিত্র স্তান্ সুতানাহ বীরবন্তঃ পুত্রবন্তো ভবিষ্যথ। যে যূয়ং মে মানং পূজ্যত্বং অনুগৃহ্নন্তঃ অনুবর্ত্তমানাঃ সন্তঃ মাং বীরবন্তং পুত্রবন্তমকর্ত্ত কৃতবন্ত ইত্যর্থঃ ॥ ২৪ ॥

হে কুশিকাঃ এষ দেবরাতঃ বো যুষ্মদীয়ঃ কৌশিক এব যতোবীরঃ মৎপুত্রঃ তমেনমন্বিত অনুগচ্ছত। অন্যে চাষ্টকাদয় স্তস্য সুতা আসন্ ॥ ২৫ ॥

উপসংহরতি এবমিতি। একে শপ্তাঃ একেঽনুগৃহীতাঃ অন্যস্ত পুত্রত্বেন স্বীকৃত ইত্যেবং কৌশিকগোত্রং পৃথগ্বিধং নানা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মন্যতে। তস্মিন্নেব বয়ং তিষ্ঠামেতি ॥ ২২ ॥

ততশ্চ শুনঃশেফং জ্যেষ্ঠং চক্রুঃ মন্ত্রদৃশং। কস্য নূনং কতমস্যামৃতানামিত্যাদি মন্ত্রাণাং দ্রষ্টারং। তদাহ বয়ং সর্ব্বে ত্বামন্বঞ্চঃ অনুগন্তারঃ কনিষ্ঠাঃ স্ম ইত্যূচুরিত্যর্থঃ। ততঃ প্রসন্নো বিশ্বামিত্র স্তান্ সুতানাহ উবাচ। বীরবন্তঃ পুত্রবন্তো ভবিষ্যথ যে যূয়ং মে মানং পূজ্যত্বং অস্মদাজ্ঞানন্তরং গৃহ্নন্তঃ অঙ্গীকুর্ব্বন্তঃ সন্তঃ মাং বীরবন্তং অকর্ত্ত কৃতবন্তঃ অন্যথা যুষ্মাস্বপি মচ্ছাপাৎ ম্লেচ্ছীভূতেষু অপুত্রক এবাভবিষ্যমিতি ভাবঃ ॥ ২৩ ॥

হে কুশিকা বো যুষ্মদীয়ঃ কৌশিকএব যতঃ। বীরঃ সৎপুত্রঃ। তমেন মন্বিত অনুগচ্ছত। অন্যেচাষ্টকাদয় স্তস্য সুতা আসন্ ॥ ২৪। ২৫ ॥

উপসংহরতি এবমিতি। একে শপ্তা একেঽনুগৃহীতাঃ অন্যস্ত পুত্রত্বেন গৃহীতঃ। ইত্যেবং কৌশিক গোত্রং বিশ্বামিত্রৈঃ বিশ্বা-

আপনি আমাদের পিতা, আমাদের জ্যেষ্ঠত্ব অথবা কনিষ্ঠত্ব যাহা অনুমতি করেন আমরা তাহাই স্বীকার করিব ॥ ২২ ॥

ইহা বলিয়া মন্ত্র দর্শি শুনঃশেফকে আপনাদের জ্যেষ্ঠ করিলেন এবং সকলে একবাক্য হইয়া বলিলেন আমরা সকলেই তোমার অনুগামী অর্থাৎ কনিষ্ঠ হইলাম ॥ ২৩ ॥

এতৎশ্রবণে বিশ্বামিত্র প্রসন্ন হইয়া ঐ পুত্রদিগকে কহিলেন হে বৎসগণ! তোমরা আমার পূজ্যত্বের অনুবর্ত্তী হইয়া আমাকে পুত্রবন্ত করিলে, ইহাতে আমার যৎপরোনাস্তি প্রীতি জন্মিল, সন্তুষ্ট হইয়া এই বর দিতেছি তোমরা পুত্রবন্ত হইবে ॥ ২৪ ॥

হে কুশিকগণ! এই দেবরাত তোমাদের কৌশিক গোত্রই, যে হেতু ইনি আমার পুত্র হইয়াছেন, অতএব তোমরা ইঁহার অনুগত হও। হে রাজন্! বিশ্বামিত্রের তদ্ভিন্ন অষ্টক, হারীত, জয়, ক্রতুমান্ প্রভৃতি অন্য অনেক সন্তান ছিল ॥ ২৫ ॥

এই প্রকারে অনুগৃহীত অপর এক ব্যক্তি পুত্রস্বরূপে স্বীকৃত হওয়াতে বিশ্বামিত্রের পুত্র দ্বারা কৌশিকগোত্র নানা প্রকার হয় অর্থাৎ কতকগুলি অভিশপ্ত এবং কতকগুলি প্রবরান্তর প্রাপ্ত হয়।

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে শ্রীপরশুরামচরিতং ষোড়শোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৬ ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

যঃ পুরূরবসঃ পুত্র আয়ুস্তস্যাভবন্ সুতাঃ। নহুষঃ ক্ষত্রবৃদ্ধশ্চ রজী রাভশ্চ বীর্য্যবান্ ॥ ১ ॥
অনেনা ইতি রাজেন্দ্র শৃণু ক্ষত্রবৃধোঽন্বয়ং। ক্ষত্রবৃদ্ধসুতস্যাসন্ সুহোত্রস্যাত্মজাস্ত্রয়ঃ।
কাশ্যঃ কুশোগৃৎসমদ ইতি গৃৎসমদাদভূৎ। শুনকঃ শৌনকো যস্য বহ্বৃচপ্রবরোমুনিঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

প্রকারং জাতং তচ্চ প্রবরান্তরমাপন্নং প্রাপ্তং হি যস্মাদেবং দেবরাতজ্যেষ্ঠত্বেন তৎ কল্পিতং ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি নবমে ষোড়শঃ ॥ * ॥

আয়োঃ সপ্তদশে বৈল জ্যেষ্ঠপুত্রস্য পঞ্চসু। সুতেষু ক্ষত্রবৃদ্ধাদি চতুর্ণাং বংশ বর্ণনং ॥ ০ ॥

ইহ শ্রীকৃষ্ণাবতারপ্রস্তাবায় বংশানুবর্ণনমল্পাদিক্রমেণ প্রক্রান্তমিতি। যস্য বংশে শ্রীকৃষ্ণাবতারঃ তস্য বংশোঽতিবিস্তৃতত্বাদন্তে নিরূপ্যতে। অতঃ পুরূরবস পুত্রাণাং পঞ্চানাং কনিষ্ঠানাং বংশমুক্ত্বা ইদানীং প্রথমস্য বংশমাহ য ইতি। এবং নহুষ যযাতি যদু প্রভৃতিষ্বপি দ্রষ্টব্যং ॥ ১ ॥

ক্ষত্রবৃধঃ ক্ষত্রবৃদ্ধস্য ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে ষোড়শোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মিত্রৈণ হেতুনা পৃথগ্বিধং নানা প্রকারং জাতং তচ্চ প্রবরান্তরমাপন্নং হি যস্মাদেবং দেবরাতজ্যেষ্ঠত্বেন তৎ দেবরাত প্রবরং প্রকল্পিতং ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমে ষোড়শোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

আয়োরৈলসুতস্যাত্র প্রোক্তাঃ সপ্তদশে সুতাঃ। ক্ষত্র বৃদ্ধাদয়ঃ খ্যাতা অলর্কাদ্যা যদন্বয়ে ॥ ০ ॥

ক্ষত্রবৃধঃ ক্ষত্রবৃদ্ধস্য ॥ ১ । ২ ॥

ফলতঃ দেবরাতের জ্যেষ্ঠ বলিয়া কল্পিত হওয়াই ঐ ঘটনার বীজ ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি নবমে ষোড়শ ॥ * ॥

সপ্তদশ অধ্যায়ে আয়ুর পঞ্চপুত্র মধ্যে ক্ষত্রবৃদ্ধাদি চারি জনের বংশ বিবরণ ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! এ স্থানে শ্রীকৃষ্ণাবতার প্রস্তাবার্থ সংক্ষেপে বংশানুবর্ণন হইতেছে, যাঁহার বংশে ভগবান্ অবতীর্ণ হইবেন তাঁহার বংশ শেষে বিস্তারিত রূপে বর্ণিত হইবে। অতএব পুরূরবার পঞ্চপুত্র মধ্যে কনিষ্ঠাদিগের বংশ বর্ণন করিয়া সম্প্রতি জ্যেষ্ঠের বংশ বর্ণিত হইতেছে। হে রাজেন্দ্র! পুরূরবার আয়ু নামে যে পুত্র হইয়াছিল, তাহার পাঁচটী সন্তান হয়—নহুষ, ক্ষত্রবৃদ্ধ, রজি, রাভ ॥ ১ ॥

এবং অনেনাঃ। তাহাদের মধ্যে ক্ষত্রবৃদ্ধের বংশ বৃত্তান্ত সম্প্রতি বলি শ্রবণ কর। ক্ষত্রবৃদ্ধের পুত্র সুহোত্র তাহার তিনটী সন্তান হইয়া ছিল, কাশ্য, কুশ এবং গৃৎসমদ। তন্মধ্যে গৃৎসমদ হইতে শুনক জন্ম গ্রহণ করেন, তাহার তনয় শৌনক, যিনি বহ্বৃচ প্রবরীয় ঋষি হয়েন ॥ ২ ॥

কাশ্যস্য কাশিস্তৎ পুত্ত্রোরাষ্ট্রোদীর্ঘতমঃ পিতা। ধন্বন্তরি র্দীর্ঘতমস আয়ুর্ব্বেদ প্রবর্ত্তকঃ।
যজ্ঞভুগ্বাসুদেবাংশঃ স্মৃতমাত্রার্ত্তিনাশনঃ। তৎপুত্ত্রঃ কেতুমানস্য জজ্ঞে ভীমরথস্ততঃ।
দিবোদাসো দ্যুমাংস্তস্মাৎ প্রতর্দ্দন ইতিস্মৃতঃ ॥ ৩ ॥
স এব শত্রুজিৎ বৎস ঋতধ্বজ ইতীরিতঃ। তথা কুবলয়াশ্বেতি প্রোক্তোঽলর্কাদয়স্ততঃ।
ষষ্টিং বর্ষসহস্রাণি ষষ্টিং বর্ষশতানিচ। নালর্কাদপরো রাজন্ বুভুজে মেদিনীং যুবা ॥ ৪ ॥
অলর্কাৎ সন্ততিস্তস্মাৎ সুনীতোথ নিকেতনঃ। ধর্ম্মকেতুঃ সুতস্তস্মাৎ সত্যকেতুরজায়ত ॥ ৫ ॥
ধৃষ্টকেতু স্তুতস্তস্মাৎ সুকুমারঃ ক্ষিতীশ্বরঃ। বীতিহোত্রোঽস্য ভর্গোঽতো ভার্গভূমিরভূন্নৃপ ॥ ৬ ॥
ইতীমে কাশয়োভূপাঃ ক্ষত্রবৃদ্ধান্বয়ায়িনঃ। রাভস্য রভসঃ পুত্ত্রো গম্ভীরশ্চাক্রিয়স্ততঃ।
তদ্গোত্রং ব্রহ্মবিজ্জজ্ঞে শৃণু বংশমনেনসঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

দীর্ঘতমসঃ পিতা স্মৃতমাত্র এবার্ত্তিং রোগ দুঃখং নাশয়তীতি তথা ॥ ৩ ॥
ততঃ প্রতর্দ্দনাদি শব্দবাচ্যাৎ দ্যুমতঃ সকাশাৎ অলর্কাদয়ঃ ॥ ৪ ॥ সন্ততিঃ সন্ততি সংজ্ঞঃ ॥ ৫ ॥
সত্যকেতো র্ধৃষ্টকেতুঃ তস্মাৎ সুকুমারঃ তস্মাদ্বীতিহোত্রঃ। তস্য ভর্গঃ। অতো ভর্গাৎ ভার্গভূমিঃ ॥ ৬ ॥
কাশয়ঃ কাশের্ব্বংশ্যাঃ। কাশেঃ প্রপিতামহস্য ক্ষত্রবৃদ্ধস্যান্বয়ং অয়ন্তে যান্তীতি তথা ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রতর্দ্দনাদি শব্দবাচ্যাৎ দ্যুমতঃ সকাশাদলর্কাদয়ঃ ॥ ৩। ৪ ॥
সন্ততি সংজ্ঞঃ ॥ ৫ ॥ সুকুমারাদ্বীতিহোত্রঃ তস্য ভর্গঃ অতো ভর্গাৎ ॥ ৬ ॥
কাশয়ঃ কাশের্ব্বংশ্যাঃ ক্ষত্র বৃদ্ধস্যান্বয়ং অয়ং তে প্রাপ্নুবন্তীতি তে তথা ॥ ৭ ॥

কাশ্যের পুত্ত্র কাশি, তাহার পুত্ত্র রাষ্ট্র, তাহার তনয় দীর্ঘতমাঃ। দীর্ঘতমার সন্তান ধন্বন্তরি, যিনি আয়ুর্ব্বেদ প্রবর্ত্তক, যজ্ঞভাগভোগী, বাসুদেবের অংশ, স্মৃত হইবা মাত্র রোগ জন্য ক্লেশ ভয় বিনাশ করেন। সে যাহা হউক, ঐ ধন্বন্তরির পুত্ত্র কেতুমান্, তাহার তনয় ভীমরথ, তাহা হইতে দিবোদাস জন্ম গ্রহণ করেন। তাঁহার পুত্ত্র দ্যুমান্, তাঁহাকে প্রতর্দ্দনও বলা যাইত ॥ ৩ ॥

আর তিনিই শত্রুজিৎ, বৎস, ঋতধ্বজ, তথা কুবলয়াশ্ব বলিয়া উক্ত হইতেন। ঐ দ্যুমানের অলর্ক প্রভৃতি অনেক সন্তান জন্মে। তন্মধ্যে অলর্ক ষষ্টি সহস্র ও ষষ্টি শত বৎসর যাবৎ রাজ্য ভোগ করিয়াছিলেন। হে রাজন্! অলর্ক ব্যতীত কোন যুবা তত কাল অবনীভোগ করেন নাই ॥ ৪ ॥

সে যাহা হউক, ঐ অলর্ক হইতে সন্ততি সংজ্ঞক নরপতির উৎপত্তি হয়। তাঁহার পুত্ত্র সুনীথ, সুনীথের তনয় নিকেতন। নিকেতনের সুত ধর্ম্মকেতু, তাহা হইতে সত্যকেতু উৎপন্ন হয়েন ॥ ৫ ॥

সত্যকেতুর পুত্ত্র ধৃষ্টকেতু, তাঁহা হইতে ক্ষিতীশ্বর সুকুমার জন্ম গ্রহণ করেন। তাঁহার তনয় বীতি-হোত্র, তাঁহার পুত্ত্র ভর্গ, তৎসুত ভার্গভূমি ॥ ৬ ॥

হে পরীক্ষিৎ! এই সকল ভূপাল কাশিবংশীয়, ইহাঁরা কাশির প্রপিতামহ, ক্ষত্রবৃদ্ধের অন্বয়ের অনুগামী ছিলেন। রাজন্! অতঃপর রাভের বংশ বলি শ্রবণ কর। রাভের পুত্ত্র রভস, তাহার তনয় গম্ভীর, তাহা হইতে অক্রিয়ের উৎপত্তি হয়। অক্রিয়ের সন্তান ব্রহ্মবিৎ। অতঃপর অনেনার বংশ বিবরণ শ্রবণ কর ॥ ৭ ॥

শুদ্ধস্ততঃ শুচিস্তস্মাচ্চিত্রকৃৎ ধর্ম্মসারথিঃ। ততঃ শান্তরজা জজ্ঞে কৃতকৃত্যঃ স আত্মবান্।
রজেঃ পঞ্চশতান্যাসন্ পুত্রাণামমিতৌজসাং। দেবৈরভ্যর্থিতো দৈত্যান্ হত্বেন্দ্রায়াদদাদ্দিবং।
ইন্দ্রস্তস্মৈ পুনর্দ্দত্বা গৃহীত্বা চরণৌ রজেঃ। আত্মানমর্পয়ামাস প্রহ্লাদাদ্যরিশঙ্কিতঃ।
পিতর্য্যুপরতে পুত্রা যাচমানায় নোদদুঃ। ত্রিপিষ্টপং মহেন্দ্রায় যজ্ঞভাগান্ সমাদদুঃ ॥ ৮ ॥
গুরুণা হূয়মানেঽগ্নৌ বলভিত্তনয়ান্ রজেঃ। অবধীদ্ভ্রংশিতান্মার্গান্নকশ্চিদবশেষিতঃ ॥ ৯ ॥
কুশাৎ প্রতিঃ ক্ষাত্রবৃদ্ধাৎ সঞ্জয়স্তৎসুতোজয়ঃ। ততঃ কৃতঃ কৃতস্যাপি জজ্ঞে হর্য্যবলোনৃপঃ।
সহদেবস্ততোহীনো জয়সেনস্তু তৎসুতঃ। সংকৃতিস্তস্যচ জয়ঃ ক্ষত্রধর্ম্মা মহারথঃ।
ক্ষত্রবৃদ্ধান্বয়া ভূপা ইমে শৃণ্বথ নাহুষান্ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

ততঃ অনেনসঃ শুদ্ধো জজ্ঞে। কৃতকৃত্যঃ সঃ যত আত্মবান্ জ্ঞানী অতঃ পুত্রোৎপাদনং ন কৃতবানিত্যর্থঃ ॥ ৮ ॥
তেষামতিভ্রংশায় গুরুণা বৃহস্পতিনাঽভিচারবিধানেনাগ্নৌ হূয়মানে সতি ॥ ৯ ॥
সিংহাবলোকনেনাহ ক্ষাত্রবৃদ্ধাৎ ক্ষত্রবৃদ্ধপৌত্রাৎ কুশাৎ প্রতিঃ প্রতেঃ সঞ্জয়ঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রহ্লাদাদ্যরীতাভিশঙ্কাসংবিজ্ঞানোঽয়ং বহুব্রীহিঃ ॥
পিতরি রজৌ কালেন উপরতে মৃতে সতি পুত্রা রজিসুতা অস্মৎপৈতৃকং ত্রিপিষ্টপমিতি ন্যায়েন ন দদুঃ ॥ ৮ ॥
অভিচারবিধানেনাগ্নৌ হূয়মানে সতি বলভিদিন্দ্রঃ রজেস্তনয়ানবধীৎ ॥ ৯ ॥
ক্ষত্রবৃদ্ধপৌত্রাৎ কুশাৎ প্রতিঃ ॥ ১০ ॥

অনেনার পুত্র শুদ্ধ। শুদ্ধের পুত্র শুচি, তাহা হইতে ধর্ম্ম সারথি চিত্রকুর উৎপত্তি হয়। চিত্রকুর সন্তান শান্তরজা। তিনি জিতেন্দ্রিয় ও জ্ঞানী ছিলেন, একারণ পুত্রোৎপাদন করেন নাই। হে রাজন্! রজির অপরিমিত বলশালী শত সন্তান হয়। একদা তিনি দেবতাদিগের প্রার্থনায় দানব বধ করিয়া দেবরাজকে স্বর্গপুরী প্রদান করেন, তাহাতে মহেন্দ্র তদীয় চরণ গ্রহণ পূর্ব্বক ঐ পুরী তাঁহার হস্তে দিয়া প্রহ্লাদাদি রিপুভয়ে আত্ম পর্য্যন্ত সমর্পণ করিয়াছিলেন। পরন্তু রজির মৃত্যু হইলে পর দেবরাজ তদীয় তনয়দিগের নিকট যখন স্বীয় পুরী ত্রিপিষ্টপ যাচ্ঞা করিলেন তখন তাহারা প্রত্যর্পণ করিল না, আপনারা স্বর্গাধিপ হইয়া যজ্ঞভাগ পর্য্যন্ত গ্রহণ করিতে লাগিল ॥ ৮ ॥

অতএব দেবগুরু বৃহস্পতি রজিপুত্রদিগের বুদ্ধি ভ্রংশার্থ অভিচার বিধান দ্বারা হোম আরম্ভ করিলেন, তাহাতে অচিরেই তাহারা নীতিবর্ত্ম হইতে ভ্রংশিত হইল এবং দেবরাজ অনায়াসে সে সকলকে বধ করিলেন, এক জনও অবশিষ্ট রহিল না ॥ ৯ ॥

হে রাজন্! পরীক্ষিৎ! ক্ষত্রবৃদ্ধের পৌত্র যে কুশ, তাহার পুত্র প্রতি, প্রতির সন্তান সঞ্জয়, তাহার তনয় জয়। জয়ের পুত্র হর্য্যবল নরপতি। হর্য্যবলের পুত্র সহদেব, তাহার তনয় হীন, হীনের সন্তান জয়সেন, জয়সেনের সুত সংকৃতি, তাহার সন্তান ক্ষত্রধর্ম্মনিষ্ঠ মহারথ জয়। এই সকল নরপতি ক্ষত্রবৃদ্ধের বংশে উৎপন্ন হয়েন। অনন্তর নহুষ বংশের বৃত্তান্ত বলি, শ্রবণ কর ॥ ১০ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে আয়ুবংশঃ সপ্তদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৭ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

যতি র্যযাতিঃ শর্য্যাতিরায়তির্ব্বিয়তিঃ কৃতিঃ। ষড়িমে নহুষস্যাসন্নিন্দ্রিয়াণীব দেহিনঃ ॥ ১ ॥

রাজ্যং নৈচ্ছদ্যতিঃ পিত্রা দত্তং তৎপরিণামবিৎ। যত্র প্রবিষ্টঃ পুরুষ আত্মানং নাববুধ্যতে ॥ ২ ॥

পিতরি ভ্রংশিতে স্থানাদিন্দ্রাণ্যা ধর্ষণাদ্দ্বিজৈঃ। প্রাপিতেঽজগরত্বং বৈ যযাতিরভবন্নৃপঃ ॥ ৪ ॥

চতসৃষ্বাদিশদ্দিক্ষু ভ্রাতৃন্ ভ্রাতা যবীয়সঃ। কৃতদারো জুগোপোর্ব্বীং কাব্যস্য বৃষপর্ব্বণঃ ॥

শ্রীরাজোবাচ ॥

ব্রহ্মর্ষি র্ভগবান্ কাব্যঃ ক্ষত্রবন্ধুশ্চ নাহুষঃ। রাজন্যবিপ্রয়োঃ কস্মাদ্বিবাহঃ প্রাতিলোমিকঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

॥ ইতি নবমে সপ্তদশঃ ॥ * ॥

অষ্টাদশে যযাতেস্তু নাহুষস্য কথোচ্যতে। যস্তু পঞ্চসু পুত্রেষু কনীয়ানগ্রহীজ্জরাং ॥ ১ ॥

তস্য রাজ্যস্য পরিণামঃ অনর্থবহত্বং বেত্তীতি তথা। তত্র হেতুঃ যত্রেতি ॥ ২ ॥

স্থানাৎ স্বর্গাৎ। দ্বিজৈরগস্ত্যাদিভিঃ ॥ ৩ ॥ যবীয়সো ভ্রাতৃনাদিশৎ। কাব্যস্য শুক্রস্য বৃষপর্ব্বণশ্চ কন্যাভ্যাং কৃতদারঃ সন্ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে সপ্তদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমেঽসৌ সপ্তদশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অষ্টাদশে দেবযানী শর্ম্মিষ্ঠা কলহার্দ্দিকা। কথা যত্র জরাং পূরুর্যযাতেরগ্রহীৎপিতুঃ ॥ ১ ॥

স্থানাৎ স্বর্গাৎ দ্বিজৈরগস্ত্যাদিভিঃ ॥ ২ ॥ কাব্যস্য শুক্রস্য কন্যয়া বৃষপর্ব্বণশ্চ কন্যয়া কৃতদারঃ ॥ ৩ ॥

ব্রাহ্মণ কন্যাগ্রহণশ্রবণাৎ যযাতিঃ ক্ষত্রবন্ধু পদেন নির্দ্দিষ্টো রাজ্ঞা অজ্ঞাত চরত্বেনৈবেতি জ্ঞেয়ং ॥ ৪ ॥

॥ * ॥ ইতি নবমে সপ্তদশ ॥ * ॥

অষ্টাদশ অধ্যায়ে নহুষ পুত্র যযাতির বিবরণ, যাঁহার পঞ্চ পুত্রের মধ্যে কনিষ্ঠতনয় পূরু তদীয় জরা গ্রহণ করিয়াছিলেন ॥ * ॥

শুকদেব কহিলেন হে রাজন্! দেহধারি পুরুষের ছয় ইন্দ্রিয় তুল্য নহুষ রাজার যতি, যযাতি, শর্য্যাতি, আয়তি, বিয়তি এবং কৃতি নামে ছয়টী সন্তান হইয়াছিল ॥ ১ ॥

ইহাদের মধ্যে যতি রাজ্যের পরিণাম অর্থাৎ অনর্থাবহত্ব বুঝিতে পারিয়াছিলেন, সুতরাং যদিও পিতা রাজ্য প্রদান করিলেন তথাচ গ্রহণ করিতে তাঁহার ইচ্ছা হইল না, কারণ তাহাতে প্রবিষ্ট পুরুষ আত্মবোধ বিহীন হয় ॥ ২ ॥

অতএব ইন্দ্রাণীর প্রতি ধৃষ্টতা ব্যবহার হেতু পিতা ( নহুষ ) স্বর্গভ্রষ্ট ও অগস্ত্যাদি বিপ্রগণ কর্ত্তৃক অজগরত্ব প্রাপিত হইলে মধ্যম পুত্র যযাতিই রাজা হইলেন ॥ ৩ ॥

তিনি কনিষ্ঠ ভ্রাতৃচতুষ্টয়কে চারিদিক্ শাসন করিতে আজ্ঞা দেন এবং আপনি শুক্রাচার্য্য ও বৃষপর্ব্বার দুই কন্যার পাণিগ্রহণ পূর্ব্বক কৃতদার হইয়া পৃথিবী পরিরক্ষণে প্রবৃত্ত হন্। রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! ভগবান্ শুক্রাচার্য্য ব্রহ্মর্ষি, নহুষ পুত্র যযাতি ক্ষত্রিয়, ব্রাহ্মণ ক্ষত্রিয়ের প্রতিলোম বিবাহ কি প্রকারে হইয়াছিল? ॥ ৪ ॥

শ্রীশুক উবাচ ॥

একদা দানবেন্দ্রস্য শর্ম্মিষ্ঠা নাম কন্যকা। সখীসহস্রসংযুক্তা গুরুপুত্র্যাচ ভামিনী।
দেবযান্যা পুরোদ্যানে পুষ্পিতদ্রুমসংকুলে। ব্যচরৎ কলগীতালি নলিনীপুলিনেঽবলা ॥ ৫ ॥
তা জলাশয়মাসাদ্য কন্যাঃ কমললোচনাঃ। তীরে ন্যস্য দুকূলানি বিজহ্রুঃ সিঞ্চতীর্মিথঃ।
বীক্ষ্য ব্রজন্তং গিরিশং সহদেব্যা বৃষস্থিতং। সহসোত্তীর্য্য বাসাংসি পর্য্যধুর্ব্রীড়িতাঃ স্ত্রিয়ঃ ॥ ৬ ॥
শর্ম্মিষ্ঠাঽজানতী বাসো গুরুপুত্র্যাঃ সমব্যয়ৎ। স্বীয়ং মত্বা প্রকুপিতা দেবযানীদমব্রবীৎ ॥ ৭ ॥
অহো নিরীক্ষ্যতামস্যা দাস্যাঃ কর্ম্মহ্যসাম্প্রতং। অস্মদ্ধার্য্যং ধৃতবতী শুনীব হবিরধ্বরে ॥ ৮ ॥
যৈরিদং তপসা সৃষ্টং মুখং পুংসঃ পরস্য যে। ধার্য্যতে যৈরিহ জ্যোতিঃ শিবঃ পন্থাঃ প্রদর্শিতঃ।

শ্রীধরস্বামী।

ন প্রতিলোমতা দোষঃ ঈশ্বরঘটনাদিতি দর্শয়ন্ কথামাহ একদেত্যাদিনা প্রতিজগ্রাহ তচ্চ ইত্যন্তেন। গুরোঃ শুক্রস্য পুত্র্যা দেবযান্যা ব্যচরদিতি দ্বয়োরন্বয়ঃ। কলগীতা অলয়ো যেষু তানি নলিনীপুলিনানি যস্মিন্ পুরোদ্যানে। অবলা শর্ম্মিষ্ঠা ॥ ৫ ॥

সিঞ্চতীঃ সিঞ্চন্ত্যঃ ॥ ৬ ॥

অজানতী স্বীয়ং মত্বা গুরুপুত্র্যা বাসঃ সমব্যয়ৎ পর্য্যধাৎ ॥ ৭ ॥

অসাম্প্রতং অন্যায্যং ॥ ৮ ॥

অন্যায়মেব ব্রাহ্মণোৎকর্ষবর্ণনেন ব্যনক্তি যৈরিতি ত্রিভিঃ। যে ব্রাহ্মণাঃ পরস্য পুংসো মুখং মুখাদুৎপন্নত্বেন তৃপ্তিদ্বারেণচ শ্রেষ্ঠা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দানবেন্দ্রস্য বৃষপর্ব্বণঃ। কলগীতালয়ো যেষু তথা বিধানি নলিনী পুলিনানি যস্মিংস্তত্র ॥

সিঞ্চতীঃ সিঞ্চন্ত্যঃ ॥ ৬ ॥ অজানতী স্বীয়ং মত্বা গুরু পুত্র্যাঃ বাসঃ সমব্যয়ৎ পর্য্যধাৎ ॥ ৭ ॥

অসাম্প্রতমনুচিতং ব্রাহ্মণৈর্দ্ধার্য্যং হবিঃ শুনীব ॥ ৮ ॥

অনৌচিত্যমেবাহ ত্রিভিঃ যৈর্দক্ষাদিভিঃ জ্যোতির্ব্রহ্ম ॥ ৯ ॥

শুকদেব কহিলেন রাজন্! ঈশ্বর ঘটনায় প্রতিলোম বিবাহ দোষাবহ নহে। একদা দানবেন্দ্র বৃষপর্ব্বার কন্যা শর্ম্মিষ্ঠা দশ শত সখী এবং গুরু পুত্রী দেবযানীর সহিত মিলিত হইয়া পুরের সমীপস্থ উদ্যানে বিহার করিতে যায়। সেই উপবন অতি মনোহর, সকল তরু পুষ্পভরে অবনত হইয়াছিল এবং সেখানে নিকটস্থ নলিনীপুলিনে অলিকুল কলস্বরে গান করিতেছিল ॥ ৫ ॥

সে যাহা হউক, শর্ম্মিষ্ঠা সখীসহ ভ্রমণ করিতে করিতে উদ্যানের এক স্থানে একটা জলাশয় দেখিতে পাইল অতএব তাহার তটে স্ব স্ব পরিধেয় দুকূল স্থাপন পূর্ব্বক পরস্পর জল সেচন করত ক্রীড়া করিতে লাগিল। এই সময়ে দৈবাৎ দেবদেব গিরিশ দেবীর সহিত বৃষোপরি আরোহণ করিয়া ঐ দিক্ দিয়া গমন করাতে তাঁহাকে দেখিয়া ঐ সকল কন্যার অতিশয় লজ্জা হইল, সহসা তীরে উত্থিত হইয়া স্ব স্ব বসন পরিধানার্থ ব্যগ্র হইল ॥ ৬ ॥

ব্যস্ততা প্রযুক্ত জানিতে না পারাতে গুরু পত্রীর বস্ত্র আপনার মনে করিয়া শর্ম্মিষ্ঠা পরিধান করিল। তদ্দর্শনে দেবযানী কুপিতা হইয়া কহিলেন ॥ ৭ ॥

অহো! এ দাসীটার অন্যায় কর্ম্ম নিরীক্ষণ কর। কুকুরী যেমন যজ্ঞে যজ্ঞীয় হবি ধারণ করে তাহার ন্যায় এ দুষ্টা আমার ধারণীয় বসন পরিধান করিল ॥ ৮ ॥

অহো! যাঁহারা তপস্যা দ্বারা ইহা সৃজন করিয়াছেন, যাঁহারা পরম পুরুষের মুখ অর্থাৎ ব্রহ্মমুখ

যান্ বন্দন্ত্যপতিষ্ঠন্তে লোকনাথাঃ সুরেশ্বরাঃ। ভগবানপি বিশ্বাত্মা পাবনঃ শ্রীনিকেতনঃ ॥ ৯ ॥
বয়ং তত্রাপি ভৃগবঃ শিষ্যোঽস্যা নঃ পিতাসুরঃ। অস্মদ্ধার্য্যং ধৃতবতী শূদ্রো বেদমিবাসতী
এবং ক্ষিপন্তীং শর্ম্মিষ্ঠা গুরুপুত্রীমভাষত। রুষা শ্বসন্ত্যুরঙ্গীব ধর্ষিতা দষ্টদচ্ছদা।
আত্মবৃত্তমবিজ্ঞায় কত্থসে বহু ভিক্ষুকি। কিং ন প্রতীক্ষসেঽস্মাকং গৃহান্ বলিভুজো যথা।
এবং বিধৈঃ সুপরুষৈঃ ক্ষিপ্ত্বাচার্য্যসুতাং সতীং। শর্ম্মিষ্ঠা প্রাক্ষিপৎ কূপে বাসশ্চাদায় মন্যুনা।
তস্যাং গতায়াং স্বগৃহং যযাতি র্মৃগয়াঞ্চরন্। প্রাপ্তো যদৃচ্ছয়া কূপে জলার্থী তাং দদর্শহ।
দত্ত্বা স্বমুত্তরং বাসস্তস্যৈ রাজা বিবাসসে। গৃহীত্বা পাণিনা পাণিমুজ্জহার দয়াপরঃ।
তং বীরমাহৌশনসী প্রেমনির্ভরয়া গিরা। রাজং স্ত্বয়া গৃহীতো মে পাণিঃ পরপুরঞ্জয়ঃ।
হস্তগ্রাহোঽপরোমাভূদ্গৃহীতায়া স্ত্বয়া হি মে ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

ইত্যর্থঃ। জ্যোতির্ব্রহ্ম পন্থা বেদমার্গঃ ॥ ৯ ॥ তদেবং ব্রাহ্মণমাত্রমেব তাবৎ পূজ্যং। তত্রাপি বয়ং ভৃগবঃ। অস্যাশ্চ পিতা নঃ শিষ্যঃ। এবং সত্যপি অস্মাভির্দ্ধার্য্যং বাসঃ ইয়মসতী ধৃতবতী ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদেবং ব্রাহ্মণমাত্রমেব তাবৎ পূজ্যং তত্রাপি বয়ং ভৃগবঃ তত্রাপ্যস্যাঃ পিতা নঃ শিষ্যঃ ॥ বলিভুজঃ কাকাঃ ॥ কিং জাতিত্বমিত্যুক্ত্বা সা রাজন্নৌশনসী ভবামীতি প্রোবাচেতি জ্ঞেয়ং ॥ ১০। ১১ ॥

হইতে উৎপত্তি হেতু সর্ব্ব শ্রেষ্ঠ, যাঁহারা ব্রহ্ম ধারণ করিতেছেন, যাঁহারা শুভ বেদবর্ত্ম প্রদর্শন করিয়াছেন, আর সকল লোকের নাথ সুরেশ্বরগণ তথা ভগবান্ বিশ্বাত্মা পাবন শ্রীনিবাস যাঁহাদিগকে বন্দনা ও যাঁহাদিগের উপাসনা করিয়া থাকেন ॥ ৯ ॥

সেই ব্রাহ্মণজাতি মাত্রই তাবৎ পূজ্য, তন্মধ্যে আবার আমরা মহাপ্রভাব ভৃগুবংশে উৎপন্ন। এই দাসীর পিতা যে অসুর, সে আমাদের শিষ্য, এ অসতীর আস্পর্দ্ধা দেখ, শূদ্রজাতির বেদ ধারণের ন্যায় আমাদের ধারণীয় বসন পরিধান করিল। হে রাজন্। গুরু পুত্রী দেবযানী ঐ প্রকারে তিরস্কার করিতে থাকিলে, শর্ম্মিষ্ঠা রুষ্টা হইয়া ধর্ষিতা সর্পিণীর ন্যায় ঘন ঘন নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিল এবং রোষভরে অধর দংশন করিয়া কহিল অরে ভিক্ষুকি। আপনার আচরণ না জানিয়া বড়ই যে কটু কহিতে লাগিলি ? কাকের ন্যায় তোরা কি আমাদের গৃহের প্রতীক্ষা করিয়া থাকিস্ না ?। হে মহারাজ ! এবম্বিধ বিবিধ পরুষ বচন প্রয়োগ দ্বারা গুরু কন্যাকে ভৎ'সনা করিয়াও শর্ম্মিষ্ঠার ক্রোধ শান্তি হইল না, রোষে বসন হরণ পূর্ব্বক নগ্ন করিয়া কূপে ফেলিয়া দিল। দেবযানীকে কূপ মধ্যে নিক্ষেপ করিয়া শর্ম্মিষ্ঠা স্বগৃহে গমন করিলে দৈবাৎ সেই সময়েই যযাতি রাজা মৃগয়া করিতে করিতে যদৃচ্ছাক্রমে সেই স্থানে উপস্থিত হইলেন এবং জলার্থী হইয়া ঐ কূপ সমীপে গমন করিবামাত্র দেবযানীকে দেখিতে পাইলেন। শুক্রাচার্য্যের কন্যাকে কূপ মধ্যে বিবস্ত্রাবস্থায় পতিত দেখিয়া রাজার দয়া হইল। তৎক্ষণাৎ আপনার উত্তরীয় বসন পরিতে দিলেন, পরে স্বীয় হস্ত দ্বারা তদীয় কর-ধারণ করিয়া কূপ হইতে উদ্ধৃত করিলেন। দেবযানী কূপ হইতে উদ্ধৃত হইয়া প্রেম নির্ভর বচনে যযাতিকে কহিতে লাগিলেন রাজন্। আপনি অনুগ্রহ করিয়া আমার পাণি গ্রহণ করিলেন, প্রার্থনা করি, যে কর একবার গ্রহণ করিলেন অন্য ব্যক্তি সেই কর পুনরায় গ্রহণ না করে ॥ ১০ ॥

এষ ঈশ কৃতোবীর সম্বন্ধো নৌ ন পৌরুষঃ। যদিদং কূপমগ্নায়া ভবতোদর্শনং মম ॥ ১১ ॥
ন ব্রাহ্মণোমে ভবিতা হস্তগ্রাহো মহাভুজ। কচস্য বার্হস্পত্যস্য শাপাদ্যমশপং পুরা ॥ ১২ ॥
যযাতিরনভিপ্রেতং দৈবোপহৃতমাত্মনঃ। মনস্তু তদ্গতং বুদ্ধা প্রতিজগ্রাহ তদ্বচঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

নিষিদ্ধোঽয়ং প্রতিলোম সম্বন্ধ ইতি চেত্তত্রাহ এষ ইতি ॥ ১১ ॥

ব্রাহ্মণমেব ত্বং বৃণীষ্ব কিমনেনাগ্রহেণ ইতি চেত্তত্রাহ ন ব্রাহ্মণ ইতি। বৃহস্পতেঃ সুতঃ কচঃ শুক্রান্মৃতসংজীবনী বিদ্যামধ্যগাৎ তদাচ দেবযানী তং পতিং চকমে। সচ গুরুপুত্রী মম পূজ্যেতি ন তাং উদবহৎ। ততঃ কুপিতা সতী তবেয়ং বিদ্যা নিষ্ফলা ভবিষ্যতি তং শশাপ। সচ তব ব্রাহ্মণপতির্নভবেদিতি তাং শশাপ। তদেতদাহ যমহমশপং তস্য শাপাৎ ॥ ১২ ॥

অশাস্ত্রীয়ত্বাদনভিপ্রেতমপি দৈবেনোপভৃতং প্রাপিতং বুদ্ধা তদ্গতং তস্যাং সকামং স্বমনশ্চ বুদ্ধা। নহ্যধর্ম্মে মদীয়ং মনঃ

ক্রমসন্দর্ভঃ

এষ ঈশকৃত ইতি তদ্বাক্য দ্বারা শ্রীশুকদেবেন সিদ্ধান্তিতং ॥ ১।২।৩।৪।৫।৬।৭।৮।৯।১০।১১ ॥

তত্রাশঙ্কতে। নহীশ্বরঘটনাসর্ব্বত্রৈবেতি তস্যাং সিদ্ধান্তিতায়াং ন কস্যাপি পাপং স্যাৎ। কচশাপশ্চ নাধর্ম্ম নিবারণে কারণং বিরোধাভাবাৎ। প্রত্যুতানর্থ বীজস্য তস্য তত্র সাহায্যাবগমাৎ। ততোমাধর্ম্মো বা কথং জাতঃ। কথং বা তস্য তত্র প্রবৃত্তিরভূৎ ইত্যাশঙ্ক্য তাদৃশানামীশ্বরাশ্রয় ধর্ম্মাণামতএব তত্র বিশেষাবরোধক মিত্যভিপ্রেত্য তদেব দর্শয়তি যযাতিরিতি দৈবমীশ্বরঃ। তস্যায়মভিপ্রায়ঃ। মম যযাতে স্তাবদ্দৃষ্ট ফলে কর্ম্মণি কর্ত্তব্যবুদ্ধির্ন জায়েত। তদেকাশ্রয়স্য মমচেশ্বরোপি নতদ্ঘটয়েৎ। মনশ্চ ন তত্র প্রবেশয়েদিত্যোৎপত্তিকাসুভবেন মুহুঃ নির্ণীতবানস্মি। তথাপি যদেবং তত্তদা পতিতং তত্ন কর্ম্ম বন্ধনং তস্য বৈষ্ণবানাঞ্চ বিদ্যত ইতি পাদ্ম কার্ত্তিক মাহাত্ম্য বচনবদীশ্বরস্যৈব স্বৈরলীলানুসারিণী কাপীয়মিচ্ছাগুণায়ৈব কল্পতে। তদতিক্রমস্তু দোষায়। জানামি ধর্ম্মং নচ মে প্রবৃত্তির্জানাম্যধর্ম্মং নচ মে নিবৃত্তিঃ। কেনাপি দেবেন হৃদিস্থিতেন যথা নিযুক্তোঽস্মি তথা করোমীতি। গৌতমীয় বচনবৎ মদ্বিধস্য নিষ্ঠিতত্বাৎ। ততো নান্যেষামিব তত্র তস্য দোষ ইতি ভাবঃ ॥১২।১৩।১৪।১৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যমশপং পুরেতি বৃহস্পতেঃ পুত্রঃ কচঃ শুক্রান্মৃতসঞ্জীবনীং বিদ্যামধ্যগাৎ। তদাচ দেবযানীং তং পতিঞ্চকমে সচ গুরুপুত্রী মম পূজ্যেতি ন তামুদবহৎ। ততশ্চ কুপিতা সতী তবেয়ং বিদ্যা নিষ্ফলা ভবিষ্যতি তং শশাপ। সচ তব ব্রাহ্মণঃ পতির্নভবেদিতি তাং শশাপেতি ॥ ১২ ॥

ব্রাহ্মণ কন্যা পরিণয়স্যাধর্ম্ম সাবধানত্বাদনভিপ্রেতং দৈবেন পরমেশ্বরেণৈব আত্মনে উপহৃতমিত্যত্র হেতুং তদ্গতং স্বমনশ্চ

হে বীর। যদিও প্রতিলোম পরিণয় নিষিদ্ধ, তথাচ আমি কূপমগ্না হইয়া রহিয়াছিলাম, এ সময় যখন আপনকার দর্শন পাইলাম তখন আমাদিগের দুই জনের এই সম্বন্ধ অসংশয় পরমেশ্বর নির্ব্বন্ধ করিয়া রাখিয়াছিলেন, ইহা অন্য পুরুষকৃত নহে ॥ ১১ ॥

অধিকন্তু হে মহারাজ। আমি পূর্ব্বে বৃহস্পতির পুত্র কচকে শাপ দিয়াছিলাম, তাহাতে আমার প্রতি তাঁহার অভিশাপ আছে অর্থাৎ বৃহস্পতির পুত্র কচ আমার পিতা শুক্রের নিকট যখন মৃতসঞ্জীবনী বিদ্যা গ্রহণ করেন সেই সময় এক দিন আমি তাঁহাকে বিবাহ করিতে চাহিয়াছিলাম, তাহাতে কচ বলিয়াছিলেন তুমি আমার গুরুপুত্রী, পূজনীয়া, কি প্রকারে তোমাকে বিবাহ করিতে পারি, অতএব আমি কোপে তাঁহাকে এই অভিশাপ প্রদান করিলাম তোমার বিদ্যা নিষ্ফলা হউক, এতৎ শ্রবণে কচও আমার প্রতি এই শাপ দিয়াছিলেন, তোমার ব্রাহ্মণপতি হইবেক না, তজ্জন্যই ব্রাহ্মণে আমার পাণিগ্রাহ ঘটিবেক না ॥ ১২ ॥

অশাস্ত্রীয়ত্ব প্রযুক্ত অনভিপ্রেত হইলেও দৈবকর্ত্তৃক প্রাপিত বোধ করিয়া এবং আপনার অন্তঃকর-

গতে রাজনি সা বীরে তত্র স্ম রুদতী পিতুঃ। ন্যবেদয়ত্ততঃ সর্ব্বমুক্তং শর্ম্মিষ্ঠয়া কৃতং ॥ ১৪ ॥
দুর্ম্মনা ভগবান্ কাব্যঃ পৌরোহিত্যং বিগর্হয়ন্। স্তুবন্ বৃত্তিঞ্চ কাপোতীং দুহিত্রা স যযৌ পুরাৎ ॥ ১৫
বৃষপর্ব্বা তমাজ্ঞায় প্রত্যনীকবিবক্ষিতং। গুরুং প্রসাদয়ন্মূর্দ্ধ্না পাদয়োঃ পতিতঃ পথি।
ক্ষণার্দ্ধমন্যুর্ভগবান্ শিষ্যং ব্যাচষ্ট ভার্গবঃ। কামোঽস্যাঃ ক্রিয়তাং রাজন্ নৈনাং ত্যক্তুমিহোৎসহে ॥ ১৬
তথেত্যবস্থিতে প্রাহ দেবযানী মনোগতং। পিত্রা দত্তা যতো যাস্যে সানুগা যাতু মামনু ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

প্রবিশেদিতি তস্যা বচঃ প্রতিজগ্রাহ অঙ্গীকৃতবান্ ॥ ১৩ ॥

শর্ম্মিষ্ঠা সম্বন্ধোঽপি দৈববশাদেবাভবদিতি দর্শয়ন্নাহ গতে রাজনীতি নবভিঃ। উক্তং ভিক্ষুকীত্যাদি। কৃতং কূপ প্রক্ষেপাদি ॥ ১৪ ॥ কাপোতীং উঞ্ছবৃত্তিং ॥ ১৫ ॥

প্রত্যনীকা দেবাঃ তে বিবক্ষিতা জয়ং প্রাপণীয়া ইত্যভিপ্রেতং যস্য তথাভূতং জ্ঞাত্বা প্রত্যনীকানাং বিবক্ষিতমিতি বা ॥ ১৬ ॥

সানুগা সখী সহিতা শর্ম্মিষ্ঠা মামনু যাত্বিতি ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রত্যনীকং প্রতিকূল শাপময়ং বিবক্ষিতং যস্য তাদৃশং ॥ ১৬ । ১৭ । ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বুদ্ধা বাল্যমারভ্য মদীয়ং মনঃ কচিদপি নাধর্ম্মেঽরমত নাপি মৎ প্রভু স্তচ্চরণৈক শরণস্য মম মনোঽধর্ম্মে রময়েদিতি ধর্ম্মস্য সূক্ষ্মা গতি রিত্যতোনায়মধর্ম্মোভবিষ্যতীতি নিশ্চিত্য তস্যা বচঃ প্রতিজগ্রাহ ॥ ১৩ । ১৪ ॥

কাপোতীমুঞ্ছবৃত্তিং ॥ ১৫ ॥

প্রত্যনীকেষু দেবেষু বিবক্ষিতং অসুরান্ পরিত্যজ্য যুষ্মানেব জয়ং প্রাপয়ামীত্যাদিকং বক্তুমিষ্টং যস্য তথাভূতং তং আজ্ঞায় ॥ ১৬ ॥

তথেতি দেবযান্যাঃ পাদয়োঃ পতিত্বা বৃষপর্ব্বণ্যবস্থিতে সতি। মনোগতমেব প্রাহ প্রকটমুবাচ। সানুগা সখী সহিতা

ণকে তাহার প্রতি সকাম দেখিয়া, অধর্ম্মে আমার মনঃ প্রবিষ্ট হয় না, ইহা নিশ্চয় করত তাহার ঐ বাক্যে নরদেব যযাতি অঙ্গীকৃত হইলেন ॥ ১৩ ॥

অনন্তর রাজা গমন করিলে দেবযানী সেই স্থানে থাকিয়া রোদন করিতে করিতে পিতার নিকট সমুদায় বিবরণ নিবেদন করিলেন অর্থাৎ ভিক্ষুকী বলিয়া শর্ম্মিষ্ঠা যে কটূক্তি করিয়াছিল এবং কূপে ফেলিয়া দিয়া যে কুকর্ম্ম করিয়াছিল, বিস্তার পূর্ব্বক বলিলেন ॥ ১৪ ॥

তৎ শ্রবণে দৈত্য গুরু শুক্রের অন্তঃকরণ অতিশয় ক্ষুণ্ণ হইল, পৌরহিত্য বৃত্তির কুৎসা ও উঞ্ছবৃত্তির প্রশংসা করিতে করিতে কন্যার সহিত পুর হইতে নির্গত হইলেন ॥ ১৫ ॥

তদ্বৃত্তান্ত বিদিত হইলে বৃষপর্ব্বা বোধ করিলেন গুরু দেবগণ হইতে আপনার জয় আকাঙ্ক্ষা করিয়া বহির্গত হইতেছেন, অতএব সত্বর গিয়া পথি মধ্যে পদতলে পতিত হইলেন এবং মস্তক দ্বারা প্রসন্ন করিতে লাগিলেন। ক্ষণকাল মধ্যে শুক্রাচার্য্যের মন্যু অর্দ্ধ পরিমাণে ন্যূন হইল, শিষ্যকে সম্বোধিয়া বলিলেন রাজন্! আমার কন্যা যাহা বলেন, ইহাঁর অভিলাষ সম্পাদন কর, আমি ইহাঁকে ত্যাগ করিতে পারি না ॥ ১৬ ॥

এতৎ শ্রবণে গুরুকন্যার প্রসন্নতা প্রতীক্ষা করত বৃষপর্ব্বা অবস্থিত হইলে, দেবযানী আপনার মনোগত ভাব প্রকাশ করত বলিলেন, আমি পিতা কর্ত্তৃক প্রদত্তা হইয়া যেখানে যাইব, তোমার

পিত্রা দত্তা দেবযান্যৈ শর্ম্মিষ্ঠা সানুগা তদা। স্বানাং তৎ সঙ্কটং বীক্ষ্য তদর্থস্য চ গৌরবং।
দেবযানীং পর্য্যচরৎ স্ত্রীসহস্রেণ দাসবৎ ॥ ১৮ ॥
নাহুষায় সুতাং দত্ত্বা সহ শর্ম্মিষ্ঠয়োশনা। তমাহ রাজন্ শর্ম্মিষ্ঠামধাস্তল্পে ন কর্হিচিৎ।
বিলোক্যৌশনসীং রাজন্ শর্ম্মিষ্ঠা সুপ্রজাং ক্বচিৎ। তমেব বব্রে রহসি সখ্যাঃ পতিমৃতৌ সতী ॥১৯
রাজপুত্র্যার্থিতোঽপত্যে ধর্ম্মঞ্চাবেক্ষ্য ধর্ম্মবিৎ। স্মরন্ শুক্রবচঃ কালে দিষ্টমেবাভ্যপদ্যত।

শ্রীধরস্বামী।

ততস্মাৎ নির্গতাৎ শুক্রাৎ সঙ্কটং বীক্ষ্য। তত্তস্মাদবস্থিতাদর্থস্য প্রয়োজনস্য গৌরবঞ্চ বীক্ষ্য ॥ ১৮ ॥
তল্পে নাধা নোপগচ্ছেরিত্যর্থঃ ॥ ১৯ ॥
অপত্যার্থমৃতুকালে প্রার্থনাত্তস্যাঃ কামপূরণং ধর্ম্মমবেক্ষ্য শুক্রস্য বচঃ স্মরন্ দিষ্টং দৈবপ্রাপিতমেব তৎ সঙ্গমভ্যপদ্যত নতু কামত ইত্যর্থঃ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

দিষ্টমীশ্বরেণাদিষ্টং প্রেরিতমেবাভ্যপদ্যত বিচারিতবান্ ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শর্ম্মিষ্ঠা মামনুযাত্বিতি ॥ ১৭ ॥
ততস্ততঃ শুক্রাৎ কুপিতাৎ স্বানামসুরাণাং শঙ্কটং বীক্ষ্য তথৈব ততস্ততঃ প্রসন্নাৎ অর্থস্য স্বপ্রয়োজনস্য গৌরবঞ্চ বীক্ষ্য দাসবৎ দাস ইব বৃষপর্ব্বা পর্য্যচরৎ ॥ ১৮ ॥
কর্হিচিদপি তল্পে ন অধাঃ ন দেহি ন ধাস্যসীত্যর্থঃ ॥ ১৯ ॥
ধর্ম্মবিদিতি অপত্যার্থ মৃতুকালে প্রার্থ্যমানায়াস্তস্যাঃ কাম পূরণং ধর্ম্ম এবেতি জানন্ শুক্রবচশ্চ শর্ম্মিষ্ঠা সঙ্গ প্রতিষেধকং স্মরন্ দোলায়মান চিত্তোপিদিষ্টং দৈবপ্রাপিতং সঙ্গমেব প্রাপ ॥

কন্যা শর্ম্মিষ্ঠা সখী সহিত সেই স্থানে আমার অনুগামিনী হউক ॥ ১৭ ॥

বৃষপর্ব্বা বিবেচনা করিয়া দেখিলেন আচার্য্য নির্গত হইয়া গেলে আমাদের ঘোর সঙ্কট, এখানে অবস্থিত হইলে গুরুতর প্রয়োজন সিদ্ধির সম্ভাবনা, অতএব সেই সময়েই গুরু পুত্রী দেবযানীর হস্তে সখী সমেত শর্ম্মিষ্ঠাকে সমর্পণ করিলেন। পিতৃ কর্তৃক প্রদত্ত হওয়াতে শর্ম্মিষ্ঠা সহস্র সখী সহিত দাসীর ন্যায় হইয়া তদবধি দেবযানীর পরিচর্য্যায় প্রবৃত্ত হইলেন ॥ ১৮ ॥

অনন্তর শুক্রাচার্য্য শর্ম্মিষ্ঠা সহিত দেবযানীকে যযাতি হস্তে সম্প্রদান করিলেন, কিন্তু বিশেষ করিয়া কহিয়া দিলেন যদিও আমার কন্যার সহিত শর্ম্মিষ্ঠাকেও তোমাকে সম্প্রদান করিতেছি তথাচ তুমি কদাপি ইহাকে আপনার শয়নে গ্রহণ করিতে পারিবে না। হে রাজন্! কোন সময়ে শর্ম্মিষ্ঠা দেখিলেন দেবযানী স্বামি সহবাসে পরম সুন্দর পুত্র প্রসব করিয়াছেন, অতএব ঋতুকাল উপস্থিত হইলে আপনার সখীর পতি যযাতি রাজাকে নির্জ্জনে আহ্বান করিয়া পুত্রোৎপাদনার্থ প্রার্থনা করিলেন ॥ ১৯ ॥

রাজা যযাতি অতিশয় ধর্ম্মজ্ঞ, ঋতুকালে রাজপুত্রী শর্ম্মিষ্ঠা কর্তৃক অপত্যার্থ প্রার্থিত হইয়া বিবেচনা করিলেন ইহার কাম পূরণে ধর্ম্ম আছে, অতএব যদিও শুক্রাচার্য্যের বাক্য স্মরণ হইল, তথাচ দৈবপ্রাপিত জ্ঞানে শর্ম্মিষ্ঠার সহিত সঙ্গম স্বীকার করিলেন। ফলতঃ যযাতি রাজা ধর্ম্মবোধেই শর্ম্মিষ্ঠার প্রার্থনা পূর্ণ করিয়াছিলেন, কামতঃ তাহাতে প্রবৃত্ত হয়েন নাই। অনন্তর দেবযানী যদু ও তুর্ব্বসু

যদুঞ্চ তুর্ব্বসুঞ্চৈব দেবযানী ব্যজায়ত। দ্রুহ্যুঞ্চানুঞ্চ পূরুঞ্চ শর্ম্মিষ্ঠা বার্ষপর্ব্বণী ॥ ২০ ॥
গর্ব্তসম্ভবমাসুর্য্যা ভর্ত্তু র্বিজ্ঞায় মানিনী। দেবযানী পিতুর্গেহং যযৌ ক্রোধবিমূর্চ্ছিতা ॥ ২১ ॥
প্রিয়ামনুগতঃ কামী বচোভিরুপমন্ত্রয়ন্। ন প্রসাদয়িতুং শেকে পাদসম্বাহনাদিভিঃ ॥ ২২ ॥
শুক্রস্তমাহ কুপিতঃ স্ত্রীকামানৃতপূরুষঃ। ত্বাং জরা বিশতাং মন্দ বিরূপকরণী নৃণাং ॥ ২৩ ॥
শ্রীযযাতিরুবাচ ॥
অতৃপ্তোঽস্ম্যদ্য কামানাং ব্রহ্মন্ দুহিতরি স্ম তে। ব্যত্যস্যতাং যথাকামং বয়সা যোঽভিধাস্যতি ॥২৪

শ্রীধরস্বামী।

আসুর্য্যাঃ শর্ম্মিষ্ঠায়া ভর্ত্তুঃ সকাশাৎ ॥ ২১ ॥
উপমন্ত্রয়ন্ প্রসাদয়ন্ ॥ ২২ ॥
বিকৃতং রূপং করোতীতি তথা ॥ ২৩ ॥
তে দুহিতরি কামৈরদ্যাপ্যতৃপ্তোঽস্মি কামানাং ভোগৈরিতি বা। শুক্র আহ তর্হি যোঽভিধাস্যতি অভিতোধারয়িষ্যতি তস্য বয়সা কামং ব্যত্যস্যতাং যথেচ্ছং জরাব্যত্যয়ং যাতু নীয়তামিতি বা। যদ্বা ব্যত্যস্যেতি চ্ছেদঃ। তাং জরাং ব্যত্যাসং গময়েত্যর্থঃ ॥২৪

ক্রমসন্দর্ভঃ।

কামানামিতি তৃপ্ত্যর্থানাং করণে ষষ্ঠী চেতি বার্ত্তিকাৎ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্যজায়ত ব্যজনয়ৎ ॥ ২০ ॥
ভর্ত্তুঃ সকাশাদ্গর্ভসম্ভবমাজ্ঞায়েতি পূর্ব্বং পূর্ব্বং গন্যাস্যাদ্ব্রাহ্মণাদিকাদেব জানত্যাসীদিতি ভাবঃ ॥ ২১ ॥
উপমন্ত্রয়ন্ সান্ত্বয়ন্ ॥ ২২। ২৩ ॥
কামানামিতি নাম্নি স্তৃপ্যতি কাষ্ঠানামিতিবৎ ষষ্ঠী তে দুহিতরীতি ভঙ্গ্যা ত্বৎ শাপোঽয়ং তব দুহিতর্য্যপি ফলিত ইতি ব্যঞ্জিতং। শুক্রোপি বিমৃশ্য প্রসীদন্নুবাচ। যথেষ্টং জরা বয়সা যৌবনেন ব্যত্যস্যতাং বিনিময়্যতাং ননু জরাং গৃহীত্বা বিনিময়েন যৌবনং কঃ খলু দাস্যতি তত্রাহ। যোভিধাস্যতি যঃ পুত্রাদিকঃ ত্বয়ি স্নেহেন অভিতো ধাস্যতি জরাং স ধারয়িষ্যতি। যদ্বা ত্বমেবং বিনিময়ং সর্ব্বান্ জ্ঞাপয় তেষু মধ্যে যোঽভিধাস্যতি যৌবনং দত্ত্বা জরামেবোঽহং গৃহ্লামীতি বদিষ্যতীত্যর্থঃ ॥ ২৪ ॥

নামে, দুই সন্তান প্রসব করিলেন, আর শর্ম্মিষ্ঠার গর্ভে দ্রুহ্যু, অনু এবং পূরু এই তিন তনয় হইল ॥২০

হে রাজন্! আপনার ভর্ত্তা হইতে শর্ম্মিষ্ঠার গর্ভোৎপত্তি হইয়াছিল অবগত হইবা মাত্র দেবযানী অভিমানে পরিপূর্ণ হইলেন এবং ক্রোধে মূর্চ্ছিত প্রায় হইয়া তৎক্ষণাৎ পিতৃগৃহে গমন করিলেন ॥ ২১॥

যযাতি অতিশয় কামুক ছিলেন, প্রেয়সীর রোষ দেখিয়া বিনয় বাক্যে প্রসন্ন করিতে করিতে পশ্চাৎগামী হইলেন, কিন্তু পাদসম্বাহনাদি দ্বারাও প্রসন্ন করিতে তাঁহার সামর্থ্য হইল না ॥ ২২ ॥

হে মহারাজ! এ দিকে কন্যার প্রমুখাৎ সমস্ত বৃত্তান্ত অবগত হইয়া শুক্রাচার্য্য ক্রুদ্ধ হইলেন এবং সঘৃণ বচনে সম্বোধন পূর্ব্বক জামাতাকে কহিতে লাগিলেন। অরে মন্দ! তুই স্ত্রীকামী হইয়া অনৃতাচরণ করিস্? এই অপরাধে নরদিগের বিরূপকরণী জরা তোর শরীরে প্রবেশ করুক ॥ ২৩ ॥

এতৎ শ্রবণে যযাতির চিত্ত অত্যর্থ খিন্ন হইল, নিবেদন করিলেন ব্রহ্মন্! আপনকার দুহিতার কাম ভোগ দ্বারা এখনও আমি সর্ব্বতোভাবে তৃপ্ত হই নাই। শুক্র বলিলেন তবে যদি কোন ব্যক্তি তোর জরা গ্রহণ করে তাহার বয়স্ দ্বারা যেমন ইচ্ছা হয় কামভোগ করিস্ ॥ ২৪ ॥

ইতি লব্ধব্যবস্থানঃ পুত্রং জ্যেষ্ঠমবোচত। যদো তাত প্রতীচ্ছেমাং জরাং দেহি নিজং বয়ঃ।
মাতামহ কৃতাং বৎস নতৃপ্তো বিষয়েষহং। বয়সা ভবদীয়েন রংস্যে কতিপয়াঃ সমাঃ॥

শ্রীযদুরুবাচ॥

নোৎসহে জরসা স্থাতুমন্তরা প্রাপ্তয়া তব। অবিদিত্বা সুখং গ্রাম্যং বৈতৃষ্ণ্যং নৈতি পুরুষঃ॥ ২৫
তুর্ব্বসুশ্চোদিতঃ পিত্রা দ্রুহ্যুশ্চানুশ্চ ভারত। প্রত্যাচখ্যুরধর্ম্মজ্ঞা হ্যনিত্যে নিত্যবুদ্ধয়ঃ॥ ২৬॥
অপৃচ্ছত্তনয়ং পূরুং বয়সোনং গুণাধিকং। নত্বমগ্রজবৎ বৎস মাং প্রত্যাখ্যাতুমর্হসি॥ ২৭॥

শ্রীপূরুরুবাচ॥

শ্রীধরস্বামী।

ইতি লব্ধং ব্যবস্থানং জরয়া ব্যবস্থিতি র্যেন সঃ। ২৫॥
যতো ন ধর্ম্মজ্ঞাঃ অনিত্যেচ যৌবনে নিত্যবুদ্ধয়ঃ॥ ২৬॥
ত্বং জরাং কিং গ্রহীষ্যসীতি অপৃচ্ছৎ। প্রত্যাখ্যানং মাকৃথাঃ ইত্যাহ ন ত্বমিতি॥ ২৭॥

ক্রমসন্দর্ভঃ।

ইতীতি যুগ্মকং॥ ২৫। ২৬। ২৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অন্তরা যৌবন মধ্যে এব। কুত অবিদিত্বেত্যাদি। অয়মাশয়ঃ মম বিধিৎসিত ভগবদ্ভক্ত্যানুকূলং বিষয় বৈতৃষ্ণ্যমপেক্ষিতং বর্ত্ততে তচ্চ ভোগ বাহুল্যং বিনা প্রায়ো ন ভবেৎ। তত্র যদ্যপি কাল বিলম্বে সতি ত্বং স্বীয়াং জরাং গৃহীত্বা মদ্যৌবনং দাস্যসীতি জানামি তদপি নিরন্তরায় হরিভজনস্যোৎকণ্ঠস্য মম কাল বিলম্বস্যাসহত্বাৎ পিতুরপি তবেমামাজ্ঞাং ন পালয়ামাত্র যদ্ভবেত্তদ্ভবত্বিতি অতএব যদোশ্চ ধর্ম্মশীলস্যেতি রাজ্ঞা দশমে বক্ষ্যতে পরম ধর্ম্মাপেক্ষয়াপিতু রাজ্যাপালন লক্ষণ ধর্ম্মস্য প্রাকৃতস্য সনকাদিভিরিব তেন ত্যাগাৎ যতএব সং তুষ্যং স্ববংশে ভগবান্ স্বয়মবততার। যদোঃ প্রিয়স্যান্ববায় ইতি কুন্তীস্তুতিশ্চ বাতুত্তর শ্লোকেঽধর্ম্মজ্ঞা ইতি শুকোক্তিঃ সাতু তুর্ব্বস্বাদীন্ প্রত্যেবেতি॥ ২৫। ২৬। ২৭॥

হে রাজন্! যযাতি এই প্রকারে জরা সংক্রমণের ব্যবস্থা প্রাপ্ত হওয়াতে প্রথমতঃ জ্যেষ্ঠ তনয় যদুকে আহ্বান করিয়া বলিলেন হে তাত! হে যদো! আমার এই জরা গ্রহণ করিয়া আপনার বয়স আমাকে দাও। বৎস! তোমার মাতামহ শুক্রাচার্য্য আমাকে এই জরাগ্রস্ত করিয়া দিলেন, কিন্তু আমি এখনও বিষয় ভোগে পরিতৃপ্ত হই নাই, অতএব তুমিই জরা লও, তোমার যৌবনে আমি কিয়ৎ বৎসর বিহার করি। যদু কহিলেন পিতঃ! আপনি মধ্য সময়ে জরা প্রাপ্ত হইয়াছেন। এ জরার সহিত অবস্থান করিতে আমার অন্তঃকরণ চাহিতেছে না, কারণ গ্রাম্য সুখ না করিয়া কোন পুরুষ প্রায় তাহাতে বিতৃষ্ণ হইতে পারে না॥ ২৫॥

হে ভারত! তদনন্তর তুর্ব্বসু ও দ্রুহ্যু এই দুই জনও জরাগ্রহণার্থ অভ্যর্থিত হইয়া ঐ রূপে প্রত্যাখ্যান (অস্বীকার) করিল, তাহাদের ধর্ম্মজ্ঞান ছিল না, অনিত্য পদার্থকেই অর্থাৎ যৌবনকেই নিত্য-জ্ঞান করিত, সুতরাং তাহাদের হইতে পিত্রাজ্ঞা পালনের সম্ভাবনা কি?॥ ২৬॥

পরন্তু যযাতির কনিষ্ঠ পুত্র পূরু যদিও বয়সে ক্ষুদ্র, তথাচ গুণে সর্ব্বশ্রেষ্ঠ ছিল। শেষে তাহাকে সম্বোধন করিয়া জরাগ্রহণার্থ যযাতি জিজ্ঞাসা করিলেন এবং কহিলেন বৎস! তুমি আপনার অগ্রজ-দের ন্যায় আমাকে নিরাকৃত করিতে যোগ্য হইও না॥ ২৭॥

কোনু লোকে মনুষ্যেন্দ্র পিতুরাত্মকৃতঃ পুমান্। প্রতিকর্ত্তুং ক্ষমো যস্য প্রসাদাদ্বিন্দতে পরং ॥২৮
উত্তমশ্চিন্তিতং কুর্য্যাৎ প্রোক্তকারীতু মধ্যমঃ। অধমোঽশ্রদ্ধয়া কুর্য্যাদকর্ত্তোচ্চরিতং পিতুঃ ॥২৯॥
ইতি প্রমুদিতঃ পূরুঃ প্রত্যগৃহ্লাজ্জরাং পিতুঃ। সোঽপি তদ্বয়সা কামান্ যথাবজ্জুজুষে নৃপঃ ॥৩০॥
সপ্তদ্বীপপতিঃ সম্যক্ পিতৃবৎ পালয়ন্ প্রজাঃ। যথোপজোষং বিষয়ান্ জুজুষে ব্যাহতেন্দ্রিয়ঃ।
দেবযান্যপ্যনুদিনং মনোবাগ্দেহবস্তুভিঃ। প্রেয়সঃ পরমাং প্রীতিমুবাহ প্রেয়সী রহঃ।
অযজদ্যজ্ঞপুরুষং ক্রতুভি র্ভূরিদক্ষিণৈঃ। সর্ব্বদেবময়ং দেবং সর্ব্ববেদময়ং হরিং ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

আত্মকৃতঃ দেহকর্ত্তুঃ প্রত্যুপকারং কর্ত্তুং কোনু ক্ষমঃ ॥ ২৮ ॥
তথা পিতুর্যশ্চিন্তিতং কুর্য্যাৎ স উত্তমঃ যস্তু প্রোক্তকারী স মধ্যমঃ যস্তু অশ্রদ্ধয়া কুর্য্যাৎ সোঽধমঃ। অকর্ত্তা পিতুঃ উচ্চরিতং পুরীষপ্রায়ঃ ॥ ২৯ ॥
জুজুষে সেবিতবান্ ॥ ৩০ ॥
যথোপজোষং যথাপ্রীতি জুজুষে। ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

যস্য প্রসাদাৎ প্রসাদেন প্রাপ্তাৎ মনুষ্যদেহাৎ পরং পরমেশ্বরমপি বিন্দতে লভতে পুণ্ডরীকবদনস্য প্রাসাদাদেব বা ॥২৮।২৯।৩০॥
অযজদিতি। সর্ব্বে বেদাঃ সর্ব্বে দেবাশ্চ স্বস্ব কারণে শক্তি রূপেণ প্রচুরতয়া প্রস্তুতায়া যত্র তনিত্যর্থঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

আত্মকৃতঃ দেহোৎপাদয়িতুঃ পরং স্বর্গাদিং ॥ ২৮ ॥
তদপি তবাজ্ঞাং পালয়ন্নপ্যহমুত্তম পুত্রো ন কিন্তু মধ্যম এবেত্যাহ। উত্তম ইতি পাঠে। উচ্চরিতং মূত্রমল সদৃশ ইতি ॥২৯।৩০॥
সপ্তদ্বীপপতিঃ ভারতবর্ষবর্ত্তিনো যে নবদ্বীপা স্তেষামাদিমাস্তিমৌ দ্বীপৌ বিনা যে সপ্ত সংখ্যা দ্বীপা স্তেষাং পতিরিত্যেব ব্যাখ্যেয়মগ্রিম গ্রন্থ ব্যাখ্যানুরোধাৎ। যথোপজোষং যথাপ্রীতি ॥ ৩১ ॥

এতৎ শ্রবণে পূরু কহিলেন হে মনুষ্যেন্দ্র। ইহ লোকে কোন পুরুষই পিতার প্রত্যুপকার করিতে পারে না। পিতা কি সামান্য ব্যক্তি? তাঁহা হইতে দেহ সম্বন্ধ এবং তাঁহার প্রসাদে পরম পদ প্রাপ্ত হওয়া যায় ॥ ২৮ ॥

তথাপি যে পুত্র পিতার চিন্তিত বিষয় আপনা হইতে সম্পাদন করে তাহাকে উত্তম বলা যায়, আদেশিত হইয়া কার্য্যকারী পুত্র মধ্যম, অশ্রদ্ধায় পিতৃনিয়োগ পালনকারী পুত্র অধম। কিন্তু যে পুত্র আজ্ঞাপ্ত হইয়াও আদেশ সম্পাদন না করে, সে পুত্র নহে, পিতার বিষ্ঠা মাত্র ॥ ২৯ ॥

এই প্রকার কহিয়া আহ্লাদ প্রকাশ পূর্ব্বক পিতার জরা গ্রহণ করিলেন, যযাতিও পুত্রযৌবন দ্বারা যথাবৎ বিষয় ভোগে প্রবৃত্ত হইলেন ॥ ৩০ ॥

হে রাজন্। যযাতি রাজা সপ্তদ্বীপের অধিপতি ছিলেন, সম্যক্প্রকারে পুত্রবৎ প্রজাপালন করত ইচ্ছানুসারে বিষয় ভোগ করিতে লাগিলেন। পুত্রের যৌবন গ্রহণ করাতে সকল ইন্দ্রিয়ই প্রবল ও অব্যাহত হইল, আর দেবযানীও মনঃ বাক্য দেহ এবং অন্যান্য বস্তু দ্বারা নির্জনে অনুদিন প্রিয়তমের পরম প্রীতি জন্মাইতে আরম্ভ করিলেন। হে রাজন্! যযাতি রাজা ভূরি ভূরি দক্ষিণা দিয়া বহু বহু যজ্ঞ করত সর্ব্বদেবময় সর্ব্ববেদ স্বরূপ যজ্ঞপুরুষ ভগবান্ হরির অর্চ্চনা করেন ॥ ৩১ ॥

যস্মিন্নিদং বিরচিতং ব্যোম্নীব জলদাবলিঃ। নানেব ভাতি না ভাতি স্বপ্নমায়ামনোরথঃ।
তমেব হৃদি বিন্যস্য বাসুদেবং গুহাশয়ং। নারায়ণমণীয়াংসং নিরাশীরযজৎ প্রভুঃ ॥ ৩২ ॥
এবং বর্ষসহস্রাণি মনঃ ষষ্ঠৈর্মনঃ সুখং। বিদধানোঽপি নাতৃপ্যৎ সার্ব্বভৌমঃ কদিন্দ্রিয়ৈঃ ॥ ৩৩ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে যাযাতে ঽষ্টাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৮ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

শ্রীধরস্বামী।

নানেব ভাতি যাবদিন্দ্রিয়বৃত্তিঃ তদুপরমে নাভাতিচ স্বপ্নমায়াভ্যাং সহিতো মনোরথ ইবেত্যর্থঃ ॥ ৩২ ॥
মনঃ সুখং কামভোগং কদিন্দ্রিয়ৈঃ কুৎসিতৈঃ পরাঙ্মুখৈরিন্দ্রিয়ৈঃ ॥ ৩৩ ॥
॥ * ॥ ইতি নবমেঽষ্টাদশঃ ॥ * ॥
ঊনবিংশে যযাতিঃ স্বং চেষ্টিতেন স্বজোপমং। দেবযানীং সমাশ্রাব্য বিরক্তো মুক্তিমাপ্তবান্। ভুক্তভোগামজাং হাগাস্নজবৎ

ক্রমসন্দর্ভঃ

ইদং জগৎ। যস্মিন্নেব সর্ব্বাশ্রয়ে বিরচিতং যেনৈব সৃষ্টং স্থিতৌ নানেব ভাতি নতু নানৈব কারণ রূপেণৈক্যাৎ প্রলয়েতু তত্রৈব কারণ রূপেণ প্রবিষ্টত্বাৎ। নাভাতি বহির্ব্যক্তং ভবতি। যথা জগৎ তথৈব স্বপ্নো মায়া মনোরথশ্চেত্যর্থঃ। সর্ব্বস্যৈব তদাশ্রয়ত্বাৎ। তত্র সর্ব্বোঽপি দ্বন্দ্বো বিভাষয়ৈকবত্ত্ববতীত্যেক বচনং সমাহারত্বেনাবিবক্ষিতত্বাৎ। ন ক্লীবত্বঞ্চ। উকারোহত্র দীর্ঘপ্লুত ইতিবৎ ॥

বাসুদেবং সর্ব্বাবাসং এবমপি গুহাশয়ং সর্ব্ব জ্ঞানাগোচরং। কিঞ্চ নারায়ণং সর্ব্ব জীব প্রবর্ত্তকং। তথাপ্যণীয়াংসং দুর্জ্ঞেয়ং। তথাভূতমপি ভক্ত্যা হৃদি বিন্যস্য মনস্যাবির্ভাব্যাযজৎ। প্রভু স্তাদৃশোপাসনয়া ক্রমাৎ সামর্থ্যং প্রাপ্তঃ। তাদৃশত্বে হেতুমাহ নিরাশী নিষ্কাম ইতি। এবমপি ঝটিতি বৈরাগ্যোৎপত্তৌ প্রতিবন্ধকমাহ এবমিতি ॥ ৩২। ৩৩ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য অষ্টাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্মিন্নধিষ্ঠানে ইদং জগন্নানেব কারণ রূপেণ তেনৈবৈক্যাৎ ন তু বস্তুতো নানেত্যর্থঃ। অতএব প্রলয়ে তত্র প্রবিষ্টত্বান্নাভাতি ন বহির্ব্যক্তী ভবতি স্বপ্নমায়া মনোরথ ইত্যস্থৈর্য্যে দৃষ্টান্তত্রয়ং সর্ব্বোদ্বন্দ্বোবিভাষয়ৈকবত্ত্ববতীত্যেকবচনং ॥
বাসুদেবমিতি সর্ব্বত্রৈবাসৌ বসতীত্যতঃ প্রয়াসাভাবঃ। যতো গুহায়ামন্তঃকরণে শেতে নচান্যঃ শয়ান ইব যতো ন্যুরং জীব সমূহং অয়তে জানাতি। নচ জীব সমূহ স্তং জানাতীত্যাহ। অনীয়াংসং দুর্জ্ঞেয়ং। সচ বহির্বিষয় লম্পটোঽপি যযাতি র্ন মনসা বিষয়লম্পট ইত্যাহ। নিরাশীঃ প্রভুমিতি দাস্যভাবাকাঙ্ক্ষী ॥ ৩২ ॥
বিষয়লাম্পট্যাৎ কদিন্দ্রিয়ৈঃ ॥ ৩৩ ॥
॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমেঽষ্টাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
ঊনবিংশে ছাগগাথা বর্ণিতঃ স্বস্বরূপকঃ। বিরজ্য প্রাপ কৃষ্ণং স দেবযান্যপি সা তথা ॥ ০ ॥

অর্থাৎ আকাশে জলদাবলির ন্যায় যাহাতে এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান জগৎ বিরচিত হইয়া যাবৎ ইন্দ্রিয় বৃত্তির উপরমে স্বপ্ন ও মায়া সহিত মনোরথ প্রায় প্রকাশহীন হয়, যযাতি নিরাশী হইয়া সেই অন্তর্যামী পরম সূক্ষ্ম ভগবান্ নারায়ণের বহুতর যজ্ঞ করিয়াছিলেন ॥ ৩২ ॥

হে রাজন্! এই প্রকারে দশ সহস্র বৎসর পর্য্যন্ত পরাঙ্মুখ পঞ্চ ইন্দ্রিয় তথা ষষ্ঠ মনঃ দ্বারা সতত বিষয় ভোগ করিয়াও সর্ব্বভূমীশ্বর যযাতি সর্ব্বতোভাবে পরিতৃপ্তি প্রাপ্ত হইতে পারেন নাই ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি নবমে অষ্টাদশ ॥ * ॥

ঊনবিংশতি অধ্যায়ে যযাতির বৈরাগ্যোদয় হেতু ছাগের ন্যায় স্বীয় আচরণ দেবযানীকে শ্রবণ

স ইত্থমাচরন্ কামান্ স্ত্রৈণোপহ্নবমাত্মনঃ। বুদ্ধা প্রিয়ায়ৈ নির্ব্বিণ্ণো গাথামেতামগায়ত ॥ ১ ॥
শৃণু ভার্গব্যমুং গাথাং মদ্বিধাচরিতাং ভুবি। ধীরা যস্যানুশোচন্তি বনে গ্রামনিবাসিনঃ ॥ ২ ॥
বস্ত একো বনে কশ্চিদ্বিচিন্বন্ প্রিয়মাত্মনঃ। দদর্শ কূপে পতিতাং স্বকর্ম্মবশগামজাং ॥ ৩ ॥
তস্যা উদ্ধরণোপায়ং বস্তঃ কামী বিচিন্তয়ন্। ব্যধত্ত তীর্থমুদ্ধৃত্য বিষাণাগ্রেণ রোধসি।
সোত্তীর্য্য কূপাৎ সুশ্রোণী তমেব চকমে কিল ॥ ৪ ॥
তয়া বৃতং সমুদ্বীক্ষ্য বহ্ব্যোঽজাঃ কান্তকামিনীঃ। পীবানং শ্মশ্রুলং প্রেষ্ঠং মীঢ্বাংসং যাভকোবিদং ॥ ৫

শ্রীধরস্বামী।

বৃত্তমাত্মনঃ। বিড়ম্বয়ন্ প্রিয়ামাহ নির্ব্বেদয়িতুমাত্মবান্ ॥ ০ ॥
কামানাচরন্ উপভুঞ্জানঃ। গাথামিতিহাসং ॥ ১ ॥
মদ্বিধেন মাদৃশেনাচরিতাং অনুষ্ঠিতাং। মদ্বিধস্যাচরিতং যস্যামিতি বা। যস্য গ্রামনিবাসিনঃ কামিনো মদ্বিধস্যাচরিতং বনে স্থিতা ধীরা শোচন্তি তস্য গাথাং শৃণু ॥ ২ ॥
আত্মানমুপলক্ষ্যাহ বস্ত ইতি প্রিয়ামনুলক্ষ্যাহ অজামিতি বনে সংসারে প্রিয়ং বিষয়ং ॥ ৩ ॥
রোধসি তটে বিষাণাগ্রেণ মৃদাদিকমুদ্ধৃত্য তীর্থং নির্গমায় মার্গং ব্যধত্ত ॥ ৪ ॥
বহ্ব্য ইতি শর্ম্মিষ্ঠা প্রমুখাঃ কাময়ামাসুঃ। কান্তং প্রতি কামিনীঃ কামবত্যঃ পীবানং পুষ্টং। শ্মশ্রুলং শ্মশ্রুবহুলং রতিসমর্থ

ক্রমসন্দর্ভঃ।

স ইতি সার্দ্ধকং ॥ ১। ২। ৩। ৪ ॥
যাভে মৈথুনে কোবিদং ॥ ৫। ৬। ৭। ৮। ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কামান্ আচরন্ উপভুঞ্জানঃ। অপহ্নবং বঞ্চনং ॥ ১ ॥
মদ্বিধস্যাচরিতং যস্যাং তাং যস্য গ্রাম নিবাসিনো মদ্বিধস্যাচরিতাং বনে স্থিতা ধীরা অনুশোচন্তীতি সমাসে গুণীভূতাভ্যামপি পদাভ্যামন্বয় আর্ষত্বাৎ ॥ ২ ॥
বস্তশ্ছাগঃ অতিশয়োক্ত্যা যযাতিঃ বনে সংসারে প্রিয়ং বিষয়সুখং অজাং দেবযানীং ॥ ৩ ॥
রোধসি তটে বিষাণাগ্রেণ মৃদাদি মুদ্ধৃত্য তীর্থং নির্গম মার্গং ব্যধত্ত ॥ ৪ ॥
অজাঃ শর্ম্মিষ্ঠাদ্যাঃ কান্তং কাময়িতুং শীলং যাসাং তাঃ কান্তকামিন্যঃ তমেব কাময়ামাসুঃ। মীঢ্বাংসং রেতঃ সেক্তারং যাভে

করাইয়া স্বয়ং মোক্ষ লাভ করেন ॥ ০ ॥

। শুকদেব কহিলেন যযাতি রাজা এই প্রকারে বিষয় ভোগ করিতে করিতে হঠাৎ এক দিন স্ত্রৈণদ্বারা আপনার অপহ্নব বুঝিতে পারিলেন, অতএব নির্ব্বেদ যুক্ত হইয়া প্রেয়সীর নিকট নিম্ন লিখিত ইতিহাস বর্ণন করিলেন ॥ ১ ॥

তিনি প্রিয়তমাকে সম্বোধন করিয়া বলিতে লাগিলেন হে ভার্গবি! আমার সদৃশ এক জন কামী এক গ্রামে বাস করিত, বনস্থিত ধীরগণ তাহার আচরণের নিমিত্ত এখনও শোক করেন, সেই ব্যক্তির অনুষ্ঠিতা গাথাবলি শ্রবণ কর ॥ ২ ॥

একটী ছাগ ( পুরুষ ) বন মধ্যে ( সংসারে ) আপনার প্রিয় ( বিষয় ) অন্বেষণ করিতে করিতে হঠাৎ এক ছাগীকে স্বকর্ম্ম বশতঃ কূপে পতিতা দেখিতে পাইল ॥ ৩ ॥

সেই ছাগ অতিশয় কামী, ঐ ছাগীর উদ্ধারোপায় চিন্তা করিয়া, কূপতটে আপনার শৃঙ্গাগ্র দ্বারা মৃত্তিকাদি উদ্ধরণ পূর্ব্বক নির্গম বর্ত্ম প্রস্তুত করিয়া দিল, ঐ বর্ত্মযোগে সুশ্রোণী সেই ছাগী কূপ হইতে উত্তীর্ণ হইয়া তাহারই প্রতি অভিলাষবতী হইল ॥ ৪ ॥

সেই ছাগী ঐ ছাগকে বরণ করিলে অন্যান্য বহুতর ছাগীও পুষ্ট, রতিসমর্থ, রেতঃসেক্তা এবং

সএকোঽজবৃষস্তাসাং বহ্বীনাং রতিবর্দ্ধনঃ। রেমে কামগ্রহগ্রস্ত আত্মানং নাববুধ্যত।
তমেব প্রেষ্ঠতময়া রমমাণমজান্যয়া। বিলোক্য কূপসংবিগ্না নামৃষ্যদ্বস্তকর্ম্মতৎ ॥ ৬ ॥
তং দুর্হৃদং সুহৃদ্রূপং কামিনং ক্ষণসৌহৃদং। ইন্দ্রিয়ারামমুৎসৃজ্য স্বামিনং দুঃখিতা যযৌ ॥ ৭ ॥
সোঽপি চানুগতস্ত্রৈণঃ কৃপণস্তাং প্রসাদয়ন্। কুর্ব্বন্নিড়িবিড়াকারং নাশক্নোৎ পথি সন্ধিতুং ॥ ৮ ॥
তস্য তত্র দ্বিজঃ কশ্চিদজাস্বাম্যচ্ছিনদ্রুষা। লম্বন্তং বৃষণং ভূয়ঃ সন্দধেঽর্থায় যোগবিৎ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

মিত্যর্থঃ। মীঢ্বাংসং রেতঃসেক্তারং। যাভে মৈথুনে কোবিদং অভিজ্ঞং অতএব প্রেষ্ঠঃ ॥ ৫ ॥

নাববুধ্যত নাবাবুধ্যত ॥ ৬ ॥

স্বামিনমিতি শুক্রাভিপ্রায়েণ ॥ ৭ ॥

ইড়িবিড়াকারং শব্দং সন্ধিতুং প্রসাদয়িতুং ॥ ৮ ॥

বৃষণমচ্ছিনৎ জরয়া সম্ভোগাসমর্থমকরোৎ। অর্থায় স্বপুত্র্যাঃ কামভোগায়। যোগবিৎ উপায়জ্ঞঃ জরা ব্যত্যাসেন রতিশক্তিং দদাবিত্যর্থঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মৈথুনে কোবিদং পণ্ডিতং ॥ ৫ ॥

অন্যয়া অজয়েত্যাহিতাগ্ন্যাদিত্বাৎ পরনিপাতঃ। কূপসংবিগ্না দেবযানী ॥ ৬ ॥

স্বামিনমিতি শুক্রাভিপ্রায়েণোক্তৌ বিরুদ্ধ মতিকৃদ্দোষ আর্ষত্বাৎ সোঢ়ব্যঃ। স্বামিন্নৈশ্বর্য্যে ইতি পাণিনি স্মরণাৎ স্বামি শব্দোপি ন কেবলং পতিপর্য্যায়োদৃষ্টঃ। যদ্বা স্বামিনং তং যযাতিমুৎসৃজ্য যযৌ ॥ ৭ ॥

ইড়িবিড়াকারং বস্ত জাতি শব্দং সন্ধিতুং প্রসাদয়িতুং ॥ ৮ ॥

দ্বিজঃ শুক্রাচার্য্যঃ। অজা শুক্রস্য স্ত্রী তস্যাঃ স্বামী সএব বৃষণমচ্ছিনৎ। জরয়া সম্ভোগাসমর্থমকরোৎ। ভূয়ঃ প্রসন্নঃ সন্নর্থায় কামভোগায় সন্দধে বৃষণং যথাস্থিতমকরোৎ জরাং ব্যত্যয়েন যৌবনযুক্তং চকার। যোগবিৎ উপায়জ্ঞঃ ॥ ৯ ॥

মৈথুনপণ্ডিত দেখিয়া ঐ ছাগের প্রতি অভিলাষিণী হইল ॥ ৫ ॥

অতএব সেই এক অজ বৃষ উল্লিখিত বহুতর অজার রতিবর্দ্ধন পূর্ব্বক তাহাদের সহিত কেলি করিতে লাগিল, সেই ছাগ কামরূপ গ্রহে এ রূপ গ্রস্ত হইল যে আপনাকেও জানিতে পারিল না,। কিন্তু যে ছাগী কূপে পড়িয়াছিল সে অন্য ছাগীকে আপনা হইতে প্রিয়তমা ও তাহার সহিত স্বীয় প্রিয়তমকে সর্ব্বদা রমমাণ নিরীক্ষণ করিয়া অতিশয় ক্রুদ্ধা হইল, ছাগের ঐ কর্ম্ম তাহার সহ্য হইল না ॥ ৬ ॥

অতএব সুহৃদ্ রূপি বস্তুতঃ দুর্হৃদ্, ক্ষণসৌহৃদ্, ইন্দ্রিয়াসক্ত ও কামুক সেই ছাগকে পরিত্যাগ করিয়া দুঃখিত হইয়া সে আপনার স্বামির নিকট গমন করিল ॥ ৭ ॥

ঐ ছাগ অতিশয় স্ত্রৈণ, এ প্রযুক্ত কাতর হইয়া শব্দ করত প্রসন্ন করাইবার নিমিত্ত পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিল, কিন্তু পথি মধ্যে কোন প্রকারে প্রসন্ন করাইতে তাহার সামর্থ্য হইল না ॥ ৮ ॥

সেই স্থানে ঐ ছাগীর স্বামী কোন ব্রাহ্মণ ক্রোধে ঐ ছাগের লম্বমান অণ্ডদ্বয় ছিন্ন করিয়া দিলেন অর্থাৎ তাহাকে সম্ভোগাসমর্থ করিলেন। পরন্তু ঐ বিপ্র উপায়জ্ঞ ছিলেন, অতএব আপনার পুত্রীর কামভোগার্থ পুনরায় ঐ অণ্ড যোজন করিলেন। অর্থাৎ পুনশ্চ ঐ ছাগকে রতিশক্তি প্রদান করিলেন ॥ ৯ ॥

সংবদ্ধবৃষণঃ সোঽপি ত্বজয়া কূপলব্ধয়া। কালং বহুতিথং ভদ্রে কামৈর্নাদ্যাপি তুষ্যতি।
তথাহং কৃপণঃ সুভ্রু ভবত্যাঃ প্রেমযন্ত্রিতঃ। আত্মানং নাভিজানামি মোহিতস্তব মায়য়া॥ ১০॥
যৎ পৃথিব্যাং ব্রীহি যবং হিরণ্যং পশবঃ স্ত্রিয়ঃ। ন দুহ্যন্তি মনঃ প্রীতিং পুংসঃ কামহতস্য তে॥১১
নজাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি। হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে॥ ১২॥
যদা ন কুরুতে ভাবং সর্ব্ব ভূতেষ্বমঙ্গলং। সমদৃষ্টে স্তদা পুংসঃ সর্ব্বাঃ সুখময়া দিশঃ॥ ১৩॥

শ্রীধরস্বামী।

কূপলব্ধয়া সহ কামৈঃ সেব্যমানৈ র্নতুষ্যতি॥ ১০॥

নমু তর্হি পুনরপি বহবো বিষয়াঃ সেব্যন্তাং ততো মনসি প্রীতে সতি কামোপশান্ত্যা মোহো নিবর্ত্তেতেতি চেত্তত্রাহ যদিতি দ্বাভ্যাং। ন দুহ্যন্তি ন পূরয়ন্তি॥ ১১॥

হবিষা ঘৃতেন কৃষ্ণবর্ত্মা অগ্নিরিব॥ ১২॥

তর্হি কদা কেনোপায়েন মনসঃ সম্পূর্ণা প্রীতিঃ স্যাৎ যদা কামোপশমঃ স্যাদিত্যাহ যদেতি যড্ভিঃ। অমঙ্গলং ভাবং রাগ দ্বেষাদিবৈষম্যং॥ ১৩॥

ক্রমসন্দর্ভঃ।

মায়য়া মোহনশক্ত্যা॥ ১০। ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কূপলব্ধয়া কাম লব্ধয়েতি পাঠদ্বয়ং। বহুতিথং কালং ব্যাপ্যাপি সেব্যমানৈরদ্যাপি ন তুষ্যতি ন তৃপ্যতি॥

মোহিত স্তব মায়য়েতি মম জীবস্য ত্বমেব মূর্ত্তিমত্যবিদ্যেতি ভাবঃ॥ ১০॥

নমু ত্বং সম্রাট্ পূর্ণকামোঽসি বিষয়ানন্দেনাত্মানং রময়ত স্তব কথমেতাবদ্দৈন্যং সম্ভবেত্তত্রাহ যদিতি ন দুহ্যন্তি ন পূরয়ন্তি কামহতস্তেতি কামহতত্বমেবাপূর্ণ কামত্বে কারণমিতি ভাবঃ॥ ১১॥

নমু যাবাংস্তে কাম স্তাবানেব ততোপ্যধিক প্রমাণো বা বিষয় উপভুজ্যতাং মহা সম্পন্নস্য তব প্রকৃচন্দন বনিতাদি বিষয়াণাং কিমল্পত্বমিত্যত আহ। নজাত্বিতি। কৃষ্ণবর্ত্মা অগ্নিঃ। তস্মাদশান্তকামস্য সদা দুঃখমেবেত্যতঃ শান্তকাম এব সুখীতি ভাবঃ॥১২॥

শান্তকামস্যাসাধারণং লক্ষণমাহ যদেতি সর্ব্ব ভূতেষু স্বদ্বেষ্টৃষপি অমঙ্গলং দ্বেষং ন কুরুত ইতি। স্বসংমানাদি কাম সত্বে এববিমানাদিকর্ত্তরি দ্বেষঃ সংভবেদিতি ভাবঃ। সমদৃষ্টেঃ ব্যাবহারিক নিন্দা স্তত্যাদিষু তুল্য বুদ্ধেঃ সুখমায়াঃ সুখময্যঃ॥ ১৩॥

ভদ্রে! ঐ ছাগ ঐ প্রকারে সংবদ্ধবৃষণ অর্থাৎ রতিশক্তিযুক্ত হইয়া কূপলব্ধা সেই ছাগীর সহিত বিষয় ভোগে বহুকাল যাপন করিল, কিন্তু কামসেবা দ্বারা অদ্যাপি তাহার পরিতোষ জন্মে নাই। হে সুভ্রু! ঐ ছাগের ন্যায় আমিও তোমার প্রণয়ে বদ্ধ হইয়া অতিশয় দীন হইয়াছি। তোমার মায়ায় মোহিত হওয়াতে আমি আপনাকে জানিতে পারিতেছি না॥ ১০॥

ভদ্রে! পৃথিবীতে ধান্য, যব, সুবর্ণ, পশু, স্ত্রী, যাহা যাহা আছে, তৎ সমুদায়েও কামহত পুরুষের মনস্তৃপ্তি পূর্ণ করিতে পারে না॥ ১১॥

ফলতঃ বিষয় সকলের উপভোগ দ্বারা কাম কদাপি উপশম প্রাপ্ত হয় না, ঘৃত দ্বারা অগ্নির ন্যায় বিষয় ভোগে বরং পুনরার বৃদ্ধি শীল হইয়া উঠে॥ ১২॥

কিন্তু যখন পুরুষ সকল প্রাণিতে অমঙ্গল ভাব অর্থাৎ রাগ দ্বেষাদি বৈষম্য পরিত্যাগ করে এবং সর্ব্বত্র সমদৃষ্টি হয়, তখন তাহার সকলদিকই সুখপ্রদ হইয়া উঠে॥ ১৩॥

যা দুস্ত্যজা দুর্ম্মতিভি র্জীর্য্যতো যা নজীর্য্যতি। তাং তৃষ্ণাং দুঃখনিবহাং শর্ম্মকামোদ্রুতং ত্যজেৎ॥১৪
মাত্রা স্বস্রা দুহিত্রা বা নাবিবিক্তাসনো ভবেৎ। বলবানিন্দ্রিয়গ্রামো বিদ্বাংসমপি কর্ষতি।
পূর্ণং বর্ষসহস্রং মে বিষয়ান্ সেবতোঽসকৃৎ। তথাপি চানুসবনং তৃষ্ণা তেষূপজায়তে।
তস্মাদেতামহং ত্যক্ত্বা ব্রহ্মণ্যাধায় মানসং। নির্দ্বন্দ্বো নিরহঙ্কারশ্চরিষ্যামি মৃগৈঃ সহ॥ ১৫॥
দৃষ্টং শ্রুতমসদ্বুদ্ধ্বা নানুধ্যায়েন্নসংবিশেৎ। সংসৃতিঞ্চাত্মনাশঞ্চ তত্র বিদ্বান্ স আত্মদৃক্॥
ইত্যুক্ত্বা নাহুষো জায়াং তদীয়ং পূরবে বয়ঃ। দত্ত্বা স্বজরসং তস্মাদাদদে বিগতস্পৃহঃ॥

শ্রীধরস্বামী।

দুঃখানি নিতরাং বহতীতি তথা তাং॥ ১৪॥

স্ত্রী সন্নিধানন্ত সর্ব্বথা ত্যাজ্যমিত্যাহ মাত্রেতি। অবিবিক্তং সংকীর্ণমাসনং যস্য সঃ। কর্ষতি আকর্ষতি॥ ১৫॥

নমু তৃষ্ণা ত্যাগস্যাতিদুষ্করত্বাৎ কথং ব্রহ্মণি মনস আধানং স্যাত্তত্রাহ দৃষ্টমিতি। যোনানুধ্যায়েৎ নসংবিশেৎ নচোপযুঞ্জীত। তত্র দৃষ্ট শ্রুতয়োরনুধ্যানাদৌ স আত্মদৃগ্ভবতি॥ ১৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্ব্ব সংহর্ত্তা কালোপি কামনায়াঃ সংহারে ন হেতু রিত্যাহ যেতি। যত্না দুরুপশমায়া অপি কামনায়া উপশমে সাধনমাহ যেতি জীর্য্যতঃ জরাং প্রাপ্নুবতোপি লোকস্য শর্ম্মকামঃ স্বশত্রূণামপি য়োমঙ্গলং কাময়তে সঃ॥ ১৪॥

কিঞ্চ স্ত্রী বিষয়ঃ কামস্তু সদাচারেণৈব শাম্যতীতি সদাচারং দর্শয়তি মাত্রেতি অবিবিক্তং অপৃথগ্ভূত মাসনং যস্য সঃ। বিদ্বাংসমপ্যাকর্ষতি॥

বিষয়াভিনিবেশস্য কাল দুর্জ্জরত্বেঽহমেব দৃষ্টান্ত ইত্যাহ পূর্ণমিতি॥

নমু তর্হি কস্মাৎ তস্যা উপশমস্তত্র ভগবদ্রূপগুণাদৌ মনো নিধানাদিত্যাহ মানসং আধায়েতি নিরাকারস্য ধ্যানং ন সংভবতীতি সাকারে ব্রহ্মণীত্যর্থঃ। ভাগবতীং গতিং লেভে ইত্যগ্রেতনোক্তেশ্চ। মৃগৈঃ সহেতি এতাবন্তং কালং ভবত্যাঃ ক্রীড়ামৃগঃ সন্ গৃহাঙ্গনে নৃত্যমকরবং অতঃপরন্তু বনে মৃগৈঃ কৃষ্ণসারৈঃ সহৈবং কৃষ্ণলীলামগ্নোনর্ত্তিষ্যামীতি ভাবঃ॥ ১৫॥

তত্ত্ববিচারেণাপি বিষয়ধ্যানং ত্যক্তুং ভগবদ্ধ্যান পরিপাকে সত্যেব শক্যমিত্যাহ দৃষ্টমিতি য আত্মদৃক্ ধ্যানেনাত্মানং ভগবন্তং পশ্যতি সএবং দৃষ্টং শ্রুতঞ্চ বিষয় সুখং অসৎ অসাধুত্বাদরোচকং বুদ্ধ্বা ন পুনঃ পুনর্দ্ধ্যায়েৎ নচোপভুঞ্জীত কিঞ্চ তত্র দৃষ্টশ্রুত

অতএব দুর্ম্মতি জনের যাহা দুস্ত্যজা এবং জীর্ণ ব্যক্তির নিকটেও যাহা জীর্ণা হয় না, আর যাহা দুঃখরাশি বহন করে, সুখার্থী পুরুষ সেই তৃষ্ণা আশু পরিত্যাগ করিবেন॥ ১৪॥

আর স্ত্রীলোকের সন্নিধান সর্ব্ব প্রকারেই ত্যাগ করা আবশ্যক। ফলতঃ মাতা অথবা ভগিনী কিম্বা কন্যার সঙ্গেও নির্জ্জনে একাসনে থাকা বিধেয় নহে, যে হেতু ইন্দ্রিয়চয় অতিশয় বলবান্, বিদ্বান্ পুরুষকেও আকর্ষণ করে। ভদ্রে! বিবেচনা করিয়া দেখ, বারম্বার বিষয় সেবায় আমার পূর্ণ সহস্র বৎসর গত হইল, তথাচ অনুদিন সেই সকলে তৃষ্ণাই জন্মিতেছে, অতএব আমি এখন তৃষ্ণাকে বিসর্জ্জন দিয়া পরব্রহ্মে মনঃ সমাহিত করিব, পরে সুখ দুঃখাদি দ্বন্দ্ব রহিত ও নিরহঙ্কার হইয়া মৃগগণের সহিত ভ্রমণ করিব॥ ১৫॥

প্রিয়ে! যে ব্যক্তি দৃষ্ট শ্রুত সংসার ও আত্মনাশকে অসৎ জানিয়া তাহার অনুধ্যান বা উপভোগ বিসর্জ্জন করেন, তিনিই দৃষ্ট ও শ্রুত বিষয়ের অনুধ্যানাদিতে পণ্ডিত, তিনিই আত্মদর্শী। হে রাজন্! যযাতি রাজা জায়াকে এই প্রকার কহিয়া কনিষ্ঠ পুত্র পুরুর প্রতি তদীয় বয়স প্রত্যর্পণ পূর্ব্বক তাহা হইতে আপনার জরা (বার্দ্ধক্যাবস্থা) গ্রহণ করিলেন। তদনন্তর কোন বিষয়েই তাঁহার স্পৃহা থাকিল

দিশি দক্ষিণপূর্ব্বস্যাং দ্রুহ্যুং দক্ষিণতো যদুং। প্রতীচ্যাং তুর্ব্বসুং চক্রে উদীচ্যামনুমীশ্বরং ॥ ১৬ ॥
ভূমণ্ডলস্য সর্ব্বস্য পূরুমর্হত্তমং বিশাং। অভিষিচ্যাগ্রজাংস্তস্য বশে স্থাপ্য বনং যযৌ ॥ ১৭ ॥
আসেবিতং বর্ষপূগান্ ষড়্বর্গং বিষয়েষু সঃ। ক্ষণেন মুমুচে নীড়ং জাতপক্ষ ইব দ্বিজঃ ॥ ১৮ ॥
স তত্র নির্ম্মুক্তসমস্তসঙ্গ আত্মানুভূত্যা বিধুতত্রিলিঙ্গঃ।
পরেঽমলে ব্রহ্মণি বাসুদেবে লেভে গতিং ভাগবতীং প্রতীতঃ ॥ ১৯ ॥
শ্রুত্বা গাথাং দেবযানী মেনে প্রস্তোভমাত্মনঃ। স্ত্রী পুংসোঃ স্নেহবৈক্লব্যাৎ পরিহাসমিবেরিতং ॥
সা সংনিবাসং সুহৃদাং প্রপায়ামিব গচ্ছতাং। বিজ্ঞায়েশ্বরতন্ত্রাণাং মায়াবিরচিতং প্রভোঃ ॥

শ্রীধরস্বামী।

তস্য পূরোর্ব্বংশে স্থাপয়িত্বা ॥ ১৭ ॥

বিষয়েষু শব্দাদিষু আসেবিতং ষড়্বর্গং ষড়িন্দ্রিয়সুখং। মুমুচে তত্যাজ। যদ্বা বিষয়েষু আসেবিতং সেবাং কারিতং ষণ্ণাং ইন্দ্রিয়াণাং বর্গং মুমুচে উপেক্ষতেত্যর্থঃ ॥ ১৮ ॥

বিধুতং নিরস্তং ত্রিগুণাত্মকং লিঙ্গং যেন প্রতীতঃ প্রখ্যাতঃ ॥ ১৯ ॥

প্রস্তোভমেবাহ পরিহাসমিবেতি। যদ্বা প্রস্তোভং নিবৃত্তিমার্গপ্রোৎসাহনং মেনে ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

শ্রুত্বেতি তৈঃ। তদ প্রথম পক্ষে পরিহাসমিবেরিতমপ্যাত্মনঃ প্রস্তোভমুপালম্ভমেব মেনে। তত্র হেতুঃ। স্ত্রীপুংসয়োর্যৎ স্নেহ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ধ্যানে এব সংসৃতিং আত্মনাশ মাত্মঘাতঞ্চ বিদ্বান্ জানন্ ॥ ১৬ ॥

বিশাং সর্ব্ব ভূমণ্ডল সম্বন্ধি ধনানাং অর্হত্তমং অতিশয়েনার্হতীতি তং ॥ ১৭ ॥

বর্ষপূগানপি ব্যাপ্য বিষয়েষু আসম্যক্ সেবিত মাসক্তির্যস্য তথা ভূতমপি ষড়িন্দ্রিয়বর্গং ক্ষণেনৈব মুমুচে উপেক্ষত ইন্দ্রিয়াধীনো ন বভূবেত্যর্থঃ। নীড়ং মুমুচে নীড়াধীনো যথা নভবতীত্যর্থঃ ॥ ১৮ ॥

বিধুতং ত্রিগুণাত্মকং লিঙ্গং যেন সঃ। ভাগবতীং ভগবদ্ধাম্নি প্রেমবৎ পার্ষদত্বং প্রতীতঃ খ্যাতঃ ॥ ১৯ ॥

গাথাং ছাগেতিহাসং আত্মনঃ স্বস্য প্রস্তোভমুপালম্ভনমেব বস্তুতো মেনে। স্নেহে বৈক্লব্যাদেব হেতোঃ স্ত্রীপুংসয়োঃ পরিহাস তুল্য মুক্তং। তেন হে দেবযানি ময়া যত্র কূপয়া পানীয়কূপাদুদ্ধৃতাতুঃ তৎ পরিশোধনং ত্বয়া সম্যক্ কৃতং মদহমেতাবন্তং

না। দক্ষিণ পূর্ব্বদিকে যদুকে, পশ্চিমদিকে তুর্ব্বসুকে এবং উত্তরদিকে অনুকে অধীশ্বর করিলেন ॥ ১৬

পরে অখিল ভূমণ্ডলের আধিপত্যে ক্ষত্রিয়োত্তম প্রিয়তম পুত্র পূরুকে অভিষিক্ত করিয়া অগ্রজ তনয়দিগকে তাহার বশে স্থাপন করত আপনি বন প্রস্থান করিলেন ॥ ১৭ ॥

হে রাজন্! যযাতি রাজা বহুতর বৎসর পর্য্যন্ত শব্দাদি বিষয় সমূহে ছয় ইন্দ্রিয়ের দ্বারা সুখ সম্ভোগ করিয়াছিলেন সত্য, কিন্তু ঐ প্রকারে উপরত স্পৃহ হইবামাত্র, পক্ষদ্বয় উৎপন্ন হইলে যেমন পক্ষিশাবক নীড় পরিত্যাগ করে তাহার ন্যায় ক্ষণমধ্যে ইন্দ্রিয়সুখ বিসর্জ্জন করিলেন ॥ ১৮ ॥

তিনি সমস্ত সঙ্গ পরিত্যাগ করিয়া রহিলেন, তাঁহার আত্মানুভব দ্বারা ত্রিগুণাত্মক লিঙ্গ নিরস্ত হইল। অতএব প্রকৃষ্ট রূপে খ্যাত হইয়া নির্ম্মল পরব্রহ্ম বাসুদেবে অচিরেই ভাগবতী গতি লাভ করিলেন ॥ ১৯ ॥

হে মহারাজ! দেবযানী উল্লিখিত গাথা শ্রবণ করিয়া তাহা আপনার প্রস্তোভ অর্থাৎ নিবৃত্তিমার্গ প্রোৎসাহন জ্ঞান করিলেন, তথাচ স্ত্রী পুরুষের পরস্পর স্নেহ হেতু পরিহাসের ন্যায় ঐ ইতিহাস কথিত হইয়াছিল। অতএব ঐ অবলা পানীয়শালায় গমনকারিদের ন্যায় ঈশ্বরপরতন্ত্র সুহৃদগণের সহবাস

সর্ব্বত্র সঙ্গমুৎসৃজ্য স্বপ্নৌপম্যেন ভার্গবী। কৃষ্ণে মনঃ সমাবেশ্য ব্যধুনোল্লিঙ্গমাত্মনঃ ॥ ২০ ॥

নমস্তুভ্যং ভগবতে বাসুদেবায় বেধসে। সর্ব্বভূতাধিবাসায় শান্তায় বৃহতে নমঃ ॥ ২১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে যাযাতং নামৈকোনবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৯ ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

পূরোর্বংশং প্রবক্ষ্যামি যত্র জাতোঽসি ভারত। যত্র রাজর্ষয়ো বংশ্যা ব্রহ্মবংশ্যাশ্চ জজ্ঞিরে ॥

জনমেজয়োহ্যভূৎ পূরোঃ প্রচিন্বাংস্তৎসুতস্ততঃ। প্রবীরোঽথ মনস্যুর্বৈ তস্মাচ্চারুপদোঽভবৎ ॥১॥

শ্রীধরস্বামী।

কথং সমাবেশ্য তদাহ নম ইতি। নমনাদিভিঃ সমাবেশ্য ইত্যর্থঃ। শ্রীশুকো বা নমস্করোতি ॥ ২১ ॥

॥ * ॥ ইতি নবমে একোনবিংশঃ ॥ * ॥

বিংশে পিতৃ প্রসাদাপ্ত রাজ্যাসনমহোন্নতেঃ। পূরোর্ব্বংশেতু দৌষ্মন্তে র্ভরতস্যোর্যাতে যশঃ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র যদ্বৈরূপ্যং তানি তত্তাবনয়েত্যর্থঃ। দ্বিতীয়ে পক্ষেঽপ্যেবমেব ইতি ॥ ২০ । ২১ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে একোনবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কালং বিষয় মহান্ধকূপে নিপাতিত ইতি মৎপতির্যযাতির্মামবোচদিতি দেবযানী জানাতিস্মেতি ॥

প্রভোর্হরেঃ ॥ ২০ ॥

কেন সাধনেন কৃষ্ণে মন আবেশিতমিতি চেন্নমস্কারধ্যানকীর্ত্তনাদিভি রিত্যাহ নম ইতি। অত্র যদা অম্বরীষঃ সপ্তদ্বীপাধিপতিশ্চক্রবর্ত্তী বভূব তদৈব যযাতি স্তন্মণ্ডলাধ্যক্ষঃ প্রায়ো ভারতবর্ষ ভূপতি রিত্যবসীয়তে। ব্রহ্ম মরীচি কশ্যপ বিবস্বৎ শ্রাদ্ধ দেবে নভগ নাভাগাম্বরীষা স্তথা ব্রহ্মাত্রি চন্দ্র বুধ পুরূরব আয়ু নহুষ যযাতয় ইতি ব্রহ্মাত স্তয়োরষ্টমপুরুষত্বাৎ। অতএবাম্বরীষ সঙ্গ প্রভাবাদেব তাদৃশ বিষয় লম্পটস্যাপি যযাতে স্তাদৃশী ভক্তির্যযাতেশ্চ সঙ্গাদ্দেবযান্যাশ্চ। কিঞ্চৈবমেব সূর্য্যবংশ চন্দ্রবংশয়ো যুগপৎ প্রবৃত্তয়োর্যদা সূর্য্যবংশ্যঃ সপ্তদ্বীপাধিপতিশ্চক্রবর্ত্তী স্যাত্তদাচন্দ্রবংশ্য স্তন্মণ্ডলাধ্যক্ষোরাজা যদা চন্দ্রবংশ্যশ্চক্রবর্ত্তী তদা সূর্য্যবংশ্যো রাজেত্যুভয় বংশ্যানাং ব্যবস্থয়া চক্রবর্ত্তিত্ব রাজত্বে জ্ঞেয়ে ॥ ২১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একোনবিংশো নবমে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পূরুবংশেঽত্র দৌষ্মন্তে ভরতস্য কথাবিস্তং। শাকুন্তলমুপাখ্যানং বিংশোঽধ্যায়েঽত্র বর্ণ্যতে। ব্রহ্ম বংশ্যাশ্চ ব্রাহ্মণ বংশোদ্ভূতাশ্চ ॥ ১ । ২ ॥

মায়া রচিত বোধ করিলেন এবং স্বপ্নের সহিত উপমা দিয়া সকলই অলীক বিবেচনা করত সর্ব্বত্র সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক ভগবানে আপনার মনঃ সমাবেশানন্তর কলেবর পরিহার করিলেন ॥ ২০ ॥

রাজন্! দেবযানী কিরূপে ভগবানে আপনার মনঃ সমাবেশিত করেন বলি শুন। "ভগবন্! আপনি বিধাতা, বাসুদেব, সর্ব্বভূতের নিবাস ভূমি, পরম শান্ত, অতি বৃহৎ আপনাকে নমস্কার করি"। এই প্রকারে সদা মনন করিতেন ॥ ২১ ॥

॥ * ॥ ইতি নবমে একোনবিংশ ॥ * ॥

বিংশতি অধ্যায়ে পূরুর বংশবিবরণ এবং তদ্বংশীয় দুষ্মন্ততনয় ভরতের যশঃ ॥ • ॥

শুকদেব কহিলেন হে ভারত! সম্প্রতি পূরুর বংশ বিবরণ বলি শুন। ঐ বংশে তুমি জন্ম গ্রহণ করিয়াছ। অনেক রাজর্ষি তথা ব্রহ্মর্ষি পূরুবংশে উৎপন্ন হয়েন। পূরু হইতে জনমেজয়ের জন্ম হয়। তাহার পুত্র প্রচিন্বান্। তাহা হইতে প্রবীর জন্ম গ্রহণ করেন। প্রবীরের পুত্র মনস্যু, তাহা হইতে চারুপদের উদ্ভব হয় ॥ ১ ॥

তস্য সুদ্যুরভূৎ পুত্রস্তস্মাদ্বহুগবস্ততঃ। সংযাতিস্তস্যাহংযাতী রৌদ্রাশ্বস্তৎসুতঃ স্মৃতঃ॥ ২॥
ঋতেয়ু স্তস্য কক্ষেয়ুঃ স্থণ্ডিলেয়ুঃ কৃতেয়ুকঃ। জলেয়ুঃ সন্নতেয়ুশ্চ ধর্ম্মসত্যব্রতেয়বঃ॥
দশৈতেঽপ্সরসঃ পুত্রা বনেয়ুশ্চাবমঃ স্মৃতঃ। ঘৃতাচ্যামিন্দ্রিয়াণীব মুখ্যস্য জগদাত্মনঃ॥
ঋতেয়োরন্তিনাবোঽভূৎ ত্রয়স্তস্যাত্মজা নৃপ। সুমতির্ধ্রুবোঽপ্রতিরথঃ কণ্বোঽপ্রতিরথাত্মজঃ॥
তস্য মেধাতিথিস্তস্মাৎ প্রস্কন্নাদ্যা দ্বিজাতয়ঃ। পুত্রোঽভূৎ সুমতেরেভির্দুষ্মন্তস্তৎ সুতো মতঃ॥ ৩॥
দুষ্মন্তো মৃগয়াং যাতঃ কণ্বাশ্রমপদং গতঃ। তত্রাসীনাং স্বপ্রভয়া মণ্ডয়ন্তীং রমামিব॥
বিলোক্য সদ্যো মুমুহে দেবমায়ামিবস্ত্রিয়ং॥ ৪॥
বভাষে তাং বরারোহাং ভটৈঃ কতিপয়ৈর্বৃতঃ। তদ্দর্শনপ্রমুদিতঃ সংনিবৃত্তপরিশ্রমঃ॥

---

শ্রীধরস্বামী।

তৎসুতঃ অহংযাতেঃ সুতঃ॥ ২॥

ধর্ম্মেয়ুশ্চ সত্যেয়ুশ্চ ব্রতেয়ুশ্চ ধর্ম্মসত্যব্রতেয়বঃ। বনেয়ুশ্চাবমঃ স্মৃতঃ। এবং দশৈতে ঋতেয়ুপ্রমুখাঃ তস্য রৌদ্রাশ্বস্য ঘৃতাচ্যামপ্সরসি পুত্রা জাতাঃ। অপ্সরস ইতি ষষ্ঠী সপ্তম্যর্থে। বশবর্ত্তিত্বে দৃষ্টান্তঃ জগদাত্মনঃ জগত আত্মভূতস্য মুখ্যস্য প্রাণস্যেন্দ্রিয়াণীব॥ ৩॥

দুষ্মন্তস্য শকুন্তলায়াং ভরতঃ পুত্রোঽভবদিতি কথা দ্বারেণাহ দুষ্মন্তো মৃগয়ামিতি পঞ্চদশভিঃ। তমাশ্রমং মণ্ডয়ন্তীং স্ত্রিয়ং বিলোক্য মুমুহে অমুহ্যত॥ ৪॥

তস্যাদর্শনেন প্রমুদিতঃ। অতঃ সংনিবৃত্তঃ পরিশ্রমো যস্য॥ ৫॥

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্য রৌদ্রাশ্বস্য ঋতেয়ু প্রভৃতয়ো দশ পুত্রাঃ ধর্ম্ম সত্যব্রতেয়বঃ ধর্ম্মেয়ুঃ সত্যেয়ুঃ ব্রতেয়ুঃ অবমঃ কনিষ্ঠোদশমং ইত্যর্থঃ॥
অপ্সরস ইতি সপ্তম্যর্থে ষষ্ঠী। জীবস্য দশেন্দ্রিয়াণীব॥ ৩। ৪। ৫॥

---

চারুপদের পুত্র সুদ্যু, তাহা হইতে বহুগব উৎপন্ন হয়েন। তাহার তনয় সংযাতি, সংযাতির পুত্র অহংযাতি, তাহার সন্তান রৌদ্রাশ্ব॥ ২॥

ঐ রৌদ্রাশ্ব ঘৃতাচী অপ্সরায় দশটী পুত্র উৎপন্ন করেন,তাহাদের নাম যথা—ঋতেয়ু,কক্ষেয়ু,স্থণ্ডিলেয়ু, কৃতেয়ু,জলেয়ু,সন্নতেয়ু,ধর্ম্মেয়ু,সত্যেয়ু,ব্রতেয়ু এবং কনিষ্ঠ বনেয়ু। হে রাজন্! যেমন ইন্দ্রিয়গণ জগতের আত্মভূত মুখ্য প্রাণের বশবর্ত্তী তাহার ন্যায়,ঐ দশ পুত্র রৌদ্রাশ্বের অতিশয় বশম্বদ ছিল। সে যাহা হউক উল্লিখিত দশ রৌদ্রাশ্বতনয় মধ্যে ঋতেয়ুর রন্তিনাব নামা এক তনয়। তাঁহার তিন আত্মজ যথা সুমতি, ধ্রুব এবং অপ্রতিরথ। তন্মধ্যে অপ্রতিরথের পুত্র কণ্ব, তাঁহার তনয় মেধাতিথি, তাঁহা হইতে প্রস্কন্ন প্রভৃতি দ্বিজগণ উৎপন্ন হয়েন। রাজন্! রন্তিনাবের জ্যেষ্ঠ পুত্র যে সুমতি,তাঁহার পুত্র রেভি। তাঁহার তনয় দুষ্মন্ত॥ ৩॥

দুষ্মন্ত রাজা এক দিবস মৃগয়ার্থ অরণ্যে প্রবেশ করিয়া মহর্ষি কণ্বের আশ্রমে উপস্থিত হইয়াছিলেন। তথায় একটী রমণী অধ্যাসীনা হইয়া রমার ন্যায় স্বীয় শরীরের প্রভায় আশ্রম পদ মণ্ডিত করিতেছিলেন। দেবমায়ার সদৃশী সেই তরুণীকে দেখিবা মাত্র রাজা মুগ্ধ হয়েন॥ ৪॥

অনন্তর কতিপয় সেনায় পরিবৃত হইয়া নিকটে গমন পূর্ব্বক সেই বরারোহার সহিত সম্ভাষণ আরম্ভ করেন। হে কুরুপ্রবীর! সেই সুন্দরীকে দর্শন করিবা মাত্র দুষ্মন্তের অনির্ব্বচনীয় আনন্দ জন্মিয়া-

পপ্রচ্ছ কামসন্তপ্তঃ প্রহসন্ শ্লক্ষ্ণয়া গিরা। কা ত্বং কমল পত্রাক্ষি কস্যাসি হৃদয়ঙ্গমে।
কিং স্বিচ্চিকীর্ষিতং তত্র ভবত্যা নির্জনে বনে॥ ৫॥
ব্যক্তং রাজন্যতনয়াং বেদ্ম্যহং ত্বাং সুমধ্যমে। নহি চেতঃ পৌরবাণামধর্ম্মে রমতে কচিৎ॥ ৬॥
শ্রীশকুন্তলোবাচ॥
বিশ্বামিত্রাত্মজৈবাহং ত্যক্তা মেনকয়া বনে। বেদৈতদ্ভগবান্ কণ্বো বীর কিং করবাম তে॥
আস্যতাং হ্যরবিন্দাক্ষ গৃহ্যতামর্হণঞ্চ নঃ। ভুজ্যতাং সন্তি নীবারা উষ্যতাং যদি রোচতে॥ ৭॥
শ্রীদুষ্মন্ত উবাচ॥
উপপন্নমিদং সুভ্রু জাতায়াঃ কুশিকান্বয়ে। স্বয়ং হি বৃণুতে রাজ্ঞাং কন্যকা সদৃশং বরং॥ ৮॥
ওমিত্যুক্তে যথা ধর্ম্মমুপযেমে শকুন্তলাং। গান্ধর্ব্ববিধিনা রাজা দেশকালবিধানবিৎ॥

শ্রীধরস্বামী।

পৌরবাণাং চেতো নহ্যধর্ম্মে রমতে অতোমচ্চেতস্ত্বয়ি রমণাদেবাহং ত্বাং রাজন্যতনয়াং বেদ্মি॥ ৬॥
বিশ্বামিত্রস্যাত্মজাহং মেনকায়াং জাতা তয়াচ স্বর্গং গচ্ছন্ত্যা অত্র ত্যক্তা অতো রাজন্যকন্যৈবাহমিত্যর্থঃ॥ ৭॥
কিং করবাম ইত্যাদি বাক্যাৎ তদভিপ্রায়ং জ্ঞাত্বাহ উপপন্নমিতি॥ ৮॥
গন্ধর্ব্ববিধিনা মিথঃ সময় পূর্ব্বকেণ॥ ৯॥

ক্রমসন্দর্ভঃ।

বিশ্বামিত্রস্য ক্ষত্রিয়স্যাবস্থায়া মাত্মজেত্যর্থঃ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৭। ৮। ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বেদ্মীতি ত্বয়ি মচ্চেতসঃ সলোভত্বাত্তথাত্বুপপত্তেরিতি ভাবঃ॥ ৬॥
বেদেতি কণ্বস্য মুখাদ্ময়েদং শ্রুতং। অহন্তু মাতাপিতরৌ ন পরিচিনোমীতি ভাবঃ॥ ৭॥
কিং করবামেত্যাদিবাক্যৈ স্তস্যাপি মনঃ স্বস্মিন্নভিরতং জ্ঞাত্বাহ উপপন্নমিতি॥ ৮॥
ওমিতি শকুন্তলয়া মৌনে নৈবোক্তে সতীত্যর্থঃ॥ ৯॥

ছিল, তাহাতে পর্য্যটন জন্য পরিশ্রম যেন নিবৃত্তি হইয়াছিল। কামপীড়িত হইয়া হাসিতে হাসিতে শ্লক্ষ্ণ বচনে জিজ্ঞাসা করিয়াছিলেন, হে কমলপত্রাক্ষি! তুমি কে, কাহার কন্যা? নির্জন বনে কি করিতে বাসনা করিয়াছ?॥ ৫॥

হে সুমধ্যমে! পুরুবংশীয়দিগের চিত্ত কদাপি অধর্ম্মে রত হয় না, আমার অন্তঃকরণ তোমাতে অনুরক্ত হইতেছে, অতএব আমার সুস্পষ্ট বোধ হইতেছে তুমি ক্ষত্রিয় তনয়া॥ ৬॥

শকুন্তলা উত্তর দেন রাজন্! আমি বিশ্বামিত্রের আত্মজা মেনকার গর্ব্ভে উৎপন্ন হইয়াছি। স্বর্গে যাইবার সময় জননী আমাকে এই বনে পরিত্যাগ করিয়া যান। অতএব আমি ক্ষত্রিয় কন্যাই সত্য। ভগবান্ কণ্ব এ বিষয় অবগত আছেন। হে বীর! আপনার কি করিব আজ্ঞা করুন, হে পদ্মনেত্র! আসন পরিগ্রহ করুন, আমাদের পূজা গ্রহণ করিতে আজ্ঞা হউক। এখানে নীবার তণ্ডুল আছে, ভোজন করুন, যদি অভিরুচি হয় অবস্থিতি করিতে অনুমতি হউক॥ ৭॥

দুষ্মন্ত কহিলেন হে সুভ্রু! তুমি কুশিক বংশে জন্ম গ্রহণ করিয়াছ, তোমার এরূপ আচরণ উপযুক্ত বটে, যে হেতু রাজকন্যারা সদৃশ বরকে স্বয়ং বরণ করিয়া থাকেন॥ ৮॥

শকুন্তলা এ কথায় হাঁ বলিয়া স্বীকার করিলে দেশ কালের বিধানজ্ঞ ঐ রাজা গান্ধর্ব্ব বিধিদ্বারা অর্থাৎ পরস্পর সময় পূর্ব্বক তাঁহার পাণিগ্রহণ করেন। হে রাজন্! রাজর্ষি দুষ্মন্ত অমোঘ বীর্য্য, সেই ভার্য্যায়

অমোঘবীর্য্যো রাজর্ষি র্মহিষ্যাং বীর্য্যমাদধে। শ্বোভূতে স্বপুরং যাতঃ কালেনাসূত সা সূতং॥

কণ্বঃ কুমারস্য বনে চক্রে সমুচিতাঃ ক্রিয়াঃ। বদ্ধা মৃগেন্দ্রং তরসা ক্রীড়তিস্ম স বালকঃ॥ ৯॥

তং দুরত্যয়বিক্রান্তমাদায় প্রমদোত্তমা। হরেরংশাংশসম্ভূতং ভর্ত্তুরন্তিকমাগমৎ॥

যদা ন জগৃহে রাজা ভার্য্যাপুত্রাবনিন্দিতৌ। শৃণ্বতাং সর্ব্বভূতানাং খে বাগাহাশরীরিণী॥ ১০॥

মাতা ভস্ত্রা পিতুঃ পুত্রো যেন জাতঃ স এব সঃ। ভরস্ব পুত্রং দুষ্মন্তমাবমংস্থাঃ শকুন্তলাং॥ ১১॥

রেতোধাঃ পুত্রোনয়তি নরদেব যমক্ষয়াৎ। ত্বঞ্চাস্য ধাতা গর্ভস্য সত্যমাহ শকুন্তলা॥ ১২॥

শ্রীধরস্বামী।

দুরত্যয়ং বিক্রান্তং বিক্রমণং যস্য॥ ১০॥

ভস্ত্রা চর্ম্মপাত্রং তদ্বন্মাতা আধারমাত্রং। পিতুরেব পুত্রঃ তত্র হেতুঃ যেনেতি। আত্মা বৈ পুত্র নামাসীতি শ্রুতেঃ ভরস্ব পুষাণ। অনেন ভরত নাম নিরুক্তং॥ ১১॥

কিঞ্চ রেতোধাঃ রেতঃ সেক্তারং শক্রং পুত্রো যমক্ষয়াৎ পিতরং নয়তি তারয়তি তথাচ স্মৃতিঃ পুন্নাম্নো নরকাৎ যস্মাৎ পিতরং ত্রায়তে সুতঃ। তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়ম্ভুবেতি। পুত্রমিতি পাঠান্তরে মাতাপিত্রোঃ পুত্রং প্রতি বিবাদে যমক্ষয়াদ্ধর্ম্মনির্ণেতু র্যমস্য সভায়াঃ সকাশাৎ রেতোধাঃ রেতঃসেক্তা পিতৈব ধর্ম্মেণ বিজিত্য পুত্রং নয়তি নতু মাতেত্যর্থঃ। ততশ্চ ভার্য্যা পুত্রৌ স্বীকৃতবানিতি জ্ঞেয়ং॥ ১২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন জগৃহে লোক প্রবাদভয়ান্নজগ্রাহ॥ ১০॥

ভস্ত্রা চর্ম্মপাত্রং তদ্বদেব মাতা আধার পাত্রং পিতুরেব পুত্রঃ আত্মা বৈ পুত্র নামাসীতি শ্রুতেঃ। ভরস্ব অঙ্গীকুরু অনেনৈব ভরত নাম নিরুক্তিঃ॥ ১১॥

রেতোধা রেতঃ সেক্তারং শক্রমিত্যর্থঃ। যদ্বা পিতুরেতঃ স্বদেহোপাদানত্বেন ধত্ত ইত্যৌরসঃ পুত্র ইত্যর্থঃ। যমক্ষয়াৎ যমালয়াৎ পিতরং নয়তি তারয়তি। তথাচ স্মৃতিঃ পুন্নাম্নো নরকাদ্যস্মাৎ পিতরং ত্রায়তে সুতঃ। তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়ম্ভুবেতি পুত্রমিতি দ্বিতীয়ান্ত পাঠে পুত্র প্রাপ্ত্যর্থং মাতাপিত্রোর্ব্বিবাদে যমক্ষয়াৎ ধর্ম্মনির্ণেতু র্যমস্য স্থানাৎ রেতোধা রেতঃসেক্তা পিতৈব ধর্ম্মেণ বিজিত্য পুত্রং নয়তি নতু মাতেত্যর্থঃ। ততশ্চ ভার্য্যাপুত্রৌ স্বীকৃতবানিতি জ্ঞেয়ং॥ ১২॥

বীর্য্যাধান করিয়া পর দিবস স্বীয় পুরে প্রস্থান করেন। অনন্তর যথাযোগ্য সময়ে শকুন্তলার এক কুমার উৎপন্ন হয়, মহর্ষি কণ্ব বন মধ্যেই তাহার যথাযোগ্য সংস্কারাদি ক্রিয়া সকল যথাবিধি সম্পন্ন করিয়া দিলেন। হে রাজন্! ঐ বালক বাল্যাবস্থাতেই নিজ বলে সিংহ ধরিয়া তাহার সহিত ক্রীড়া করিতে আরম্ভ করিয়াছিল॥ ৯॥

অতএব দুরত্যয় বিক্রম দেখিয়া প্রমদোত্তমা শকুন্তলা ভগবান্ হরির অংশে উৎপন্ন সেই সন্তান লইয়া ভর্ত্তৃসন্নিধানে গমন করেন, কিন্তু রাজা দুষ্মন্ত অনিন্দিত ঐ পুত্র কলত্র পরিগ্রহ করেন নাই। পরন্তু যখন তিনি সেই শকুন্তলাকে নিরাকৃত করেন, তখন শ্রবণকারি সর্ব্ব প্রাণির সমক্ষে আকাশ হইতে অশরীরি বাণী আবির্ভূতা হইয়া তাঁহাকে সম্বোধিয়া বলিয়াছিল॥ ১০॥

অহে দুষ্মন্ত। মাতা ভস্ত্রা অর্থাৎ চর্ম্মপাত্রবৎ আধার মাত্র, পিতারই পুত্র, যে হেতু আত্মাই পুত্ররূপে উৎপন্ন হয়, অতএব আপন পুত্রকে গ্রহণ করিয়া পালন কর, শকুন্তলার অবমাননা করিও না॥ ১১

হে নরদেব! যে ব্যক্তি রেতঃসেক করে, পুত্র তাহাকেই যমভবন হইতে নিস্তার করিয়া থাকে। তুমিই এই গর্ভাধান করিয়াছিলে, শকুন্তলা সত্য কহিতেছে॥ ১২॥

পিতর্য্যুপরতে সোঽপি চক্রবর্ত্তী মহাযশাঃ। মহিমা গীয়তে তস্য হরেরংশভুবোভুবি ॥
চক্রং দক্ষিণহস্তেঽস্য পদ্মকোষোঽস্য পাদয়োঃ ॥ ১৩ ॥
ঈজে মহাভিষেকেণ সোঽভিষিক্তোঽধিরাড়্বিভুঃ। পঞ্চপঞ্চাশতামেধ্যৈ র্গঙ্গায়ামনুবাজিভিঃ ॥১৪॥
মামতেয়ং পুরোধায় যমুনামনুচ প্রভুঃ। অষ্টসপ্ততি মেধ্যাশ্বান্ ববন্ধ প্রদদদ্বসু ॥ ১৫ ॥
ভরতস্যহি দৌষ্মন্তেরগ্নিঃ সাচীগুণে চিতঃ। সহস্রং বদ্ধশো যস্মিন্ ব্রাহ্মণা গা বিভেজিরে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

চক্রবর্ত্তী বভূবেতি শেষঃ। তস্য মহিমা গীয়তে তদপোক্তে শ্লোকা অভিগীতা ইত্যাদি বক্ষ্য চ শ্রুত্যা হরেরংশভুবঃ অংশাজ্জাতস্য। তত্র লিঙ্গমাহ চক্রমিতি ॥ ১৩ ॥

গঙ্গায়ামনুলোমং পঞ্চপঞ্চাশতা বাজিভিরীজে ॥ ১৪ ॥

পুরোধায় পুরোহিতং কৃত্বা। যমুনা মনুচ যমুনায়াঃকান্থলোমং অষ্টাধিক সপ্ততিং মেধ্যানশ্বান্ ববন্ধ। কিং কুর্ব্বন্ বসু ধনং প্রকর্ষেণ দদৎ ॥ ১৫ ॥

সাচী গুণে প্রকৃষ্ট গুণবতি দেশেঽগ্নিশ্চিতোঽভূৎ যস্মিন্নগ্নিচয়নে দেশে বা সহস্রং ব্রাহ্মণা ভরতেন ভূরি দানেন দত্তা গা বদ্ধশঃ প্রত্যেকং বদ্ধং বিভেজিরে বিভজ্য জগৃহুঃ চতুরশীত্যাধিকৈ স্ত্রয়োদশ সহস্রৈরেকং বদ্ধং ভবতি। তথাহি হিরণ্যেন পরিবৃতান্ কৃষ্ণান্ শুক্লোদতো মৃগান্। মষ্ণারে ভরতোঽদদাৎ শতং বদ্ধানি সপ্তচেতি শ্রুত্যুক্তানি সপ্তাধিক শতং বদ্ধানি। শ্রীশুকেনোত্তর শ্লোকে চতুর্দ্দশ লক্ষত্বেন সংগৃহীতানি। অদাৎ কর্ম্মণি মষ্ণারে নিযুতানি চতুর্দ্দশ ইতি। এবং চতুর্দ্দশ লক্ষাণাং সপ্তাধিক শতভাগো বদ্ধ মিত্যুক্তং ভবতি ইয়ঞ্চ বদ্ধসংখ্যা শ্লোকেন সংগৃহ্যতে। চতুর্দ্দশানাং লক্ষাণাং সপ্তাধিক শতাংশকঃ। বদ্ধঃ চতুরশীত্যগ্র সহস্রাণি ত্রয়োদশ ইতি ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

অশ্বান্ ববন্ধ যজ্ঞার্থমিতি শেষঃ ॥ ১৫। ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২। ২৩। ২৪। ২৫। ২৬। ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চক্রবর্ত্তী বভূব ॥ ১৩ ॥
বাজিভিরশ্বমেধৈঃ ॥ ১৪ ॥
মমতায়াঃ পুত্রং পুরোধায় পুরোহিতং কৃত্বা অশ্বান্ ববন্ধ যজ্ঞার্থমিত্যর্থঃ ॥ ১৫ ॥
সাচী গুণে প্রকৃষ্ট গুণবতি দেশেঽগ্নিশ্চিতোঽভবৎ। যস্মিন্নগ্নিচয়নে কর্ম্মণি সহস্র সংখ্যা ব্রাহ্মণাঃ প্রত্যেকং বদ্ধং বদ্ধঃ চতুরশীত্যাধিকত্রয়োদশ সহস্রাণি গা বিভেজিরে প্রাপুঃ। বদ্ধঃ চতুরশীত্যগ্র সহস্রাণি ত্রয়োদশ ॥ ১৬ ॥

হে ভারত! আকাশবাণী শ্রবণ করিবামাত্র রাজা দুষ্মন্ত সেই পুত্র কলত্র স্বীকার করেন। কিয়ৎ কালানন্তর পিতা উপরত হইলে মহাযশস্বী সেই পুত্র ভরত সিংহাসনারূঢ় হইয়া চক্রবর্ত্তী হইলেন। মহারাজ ভরত ভগবান্ হরির অংশে উৎপন্ন হইয়াছিলেন, অতএব তাঁহার মহিমা মহীমণ্ডলের সর্ব্বত্র সদাই পরিগীত হয়। তাঁহার দক্ষিণ হস্তে চক্র এবং পদদ্বয়ে পদ্মকোষের চিহ্ন বিরাজমান ছিল ॥ ১৩ ॥

তিনি মহা অভিষেক দ্বারা অধিরাজাসনে অভিষিক্ত হইয়া গঙ্গাকূলে ক্রমে পঞ্চাশৎ পবিত্র অশ্ব কর ণক যজ্ঞ করেন ॥ ১৪ ॥

অপর সেই রাজা মমতা তনয় ভৃগুকে পুরোহিত করিয়া যমুনা তীরে অশ্বমেধযজ্ঞের অষ্ট সপ্ততি পবিত্র অশ্ব যথাক্রমে বন্ধন করেন, তিনি সে সময় ব্রাহ্মণদিগকে যথেষ্ট ধন দান করিয়াছিলেন ॥ ১৫ ॥

হে রাজন্! প্রকৃষ্ট গুণবৎ দেশে মহারাজ ভরতের অগ্নি প্রণীত ছিল। সেই অগ্নি প্রণয়ন কালে সহস্র সহস্র ব্রাহ্মণ তৎকর্ত্তৃক ভূরিদানে প্রদত্ত গাভী সকল এক এক বদ্ধ (চতুর্দ্দশলক্ষের সপ্তাধিক শত ভাগে বিভক্ত ১৩০৮৪ সংখ্যক্) বিভাগ করিয়া লইতেন ॥ ১৬ ॥

ত্রয়স্ত্রিংশচ্ছতং হ্যশ্বান্ বদ্ধা বিস্মাপয়ন্ নৃপান্। দৌষ্মন্তিরত্যগান্মায়াং দেবানাং গুরুমাযযৌ ॥১৭॥
মৃগান্ শুক্লদতঃ কৃষ্ণান্ হিরণ্যেন পরীবৃতান্। অদাৎ কর্ম্মণি মষ্ণারে নিযুতানি চতুর্দ্দশ ॥
ভরতস্য মহৎ কর্ম্ম ন পূর্ব্বে নাপরে নৃপাঃ। নৈবাপু র্নৈব প্রাপ্স্যন্তি বাহুভ্যাং ত্রিদিবং যথা ॥
কিরাত হূণান্ যবনান্ পৌণ্ড্রান্ কঙ্কান্ খশাঞ্ছকান্। অব্রহ্মণ্যনৃপাংশ্চাহন্ ম্লেচ্ছান্ দিগ্বিজয়েঽখিলান্॥১৮
জিত্বা পুরাসুরা দেবান্ যে রসৌকাংসি ভেজিরে। দেবস্ত্রিয়োরসাং নীতাঃ প্রাণিভিঃ পুনরাহরৎ॥১৯॥

শ্রীধরস্বামী।

দেবানামপি মায়াং বৈভবং অত্যগাৎ অত্যাশেত যতো গুরুং পূজ্যং হরিং আযযৌ প্রাপ্তঃ তদংশভবত্বাৎ মায়বত্তর ইতি পাঠে হ্রস্বঃ শ্রুত্যনুসারেণ। মায়াবতাং শ্রেষ্ঠঃ হরিরেবাসাবিত্যর্থঃ ॥ ১৭ ॥

মৃগান্ শ্রেষ্ঠগজান্ ভদ্রমন্দ্র মৃগাদয়ো গজজাতি ভেদাঃ মষ্ণারে ইত্যস্য শ্রুতিপদস্য ব্যাখ্যানং কর্ম্মণীতি কস্মিংশ্চিৎ কর্ম্ম বিশেষে। কেচিত্তু মষ্ণারে তীর্থে ইতি ব্যাচক্ষতে ॥ ১৮ ॥

পুরা দেবান্ জিত্বা যেঽসুরা রসৌকাংসি রসাতলাদি স্থানানি ভেজিরে তৈঃ প্রাণিভির্ব্বলিভির্দ্দেবস্ত্রিয়ো রসাতলং নীতাঃ সতী পুনরাহরৎ আনিন্যে। প্রাণিভিরন্যৈর্ম্মনুষ্যাদিভিঃ সহ নীতা ইতি বা। পণিভিরিতি পাঠে পণয়োঽসুরা স্তৈর্নীতাঃ সতীঃ। যদ্বা পণয়ো দূতা স্তৈর্দ্দত্তান্ প্রস্থাপ্যাহরদিত্যর্থঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দেবানামপি মায়াং বৈভবং অত্যগাৎ অত্যাশেত যতঃ গুরুং জগদ্গুরুং হরিং যযৌ প্রাপ্তঃ। মায়বত্তর ইতি পাঠে মায়াবৈভববত্তাং শ্রেষ্ঠঃ হরেরংশত্বাৎ ॥ ১৭ ॥

মৃগান্ শ্রেষ্ঠগজান্ ভদ্রমন্দ্রমৃগাদয়োগজজাতি ভেদা উচ্যন্তে। মষ্ণারে কস্মিংশ্চিৎকর্ম্ম বিশেষে তীর্থবিশেষে ইতি কেচিদাহুঃ। চতুর্দ্দশ লক্ষাণি অদাৎ তথাচ শ্রুতিঃ হিরণ্যেন পরিবৃতান্ কৃষ্ণান্ শুক্লদতো মৃগান্। মষ্ণারে ভরতোঽদদাচ্ছতং বদ্ধানি সপ্তচেতি তেন সপ্তাধিক শত বদ্ধান্যেব চতুর্দ্দশ লক্ষাণি ভবন্তীতি শ্রীশুকদেব বিবরণাৎ। চতুর্দ্দশ লক্ষাণাং সপ্তাধিক শত ভাগোযশ্চতুরশীত্যধিক ত্রয়োদশ সহস্র প্রমাণঃ বদ্ধঃ ভবতীত্যবসীয়তে অতএব বদ্ধ সংখ্যাশ্লোকেনোক্তা চতুর্দ্দশানাং লক্ষাণাং সপ্তাধিক শতাংশকঃ। বদ্ধঃ চতুরশীত্যগ্র সহস্রাণি ত্রয়োদশেতি ॥ ১৮ ॥

যেঽসুরা পুরা দেবান্ জিত্বা রসৌকাংসি রসাতলাদি স্থানানি ভেজিরে প্রাপ্তাঃ অতএব দেবস্ত্রিয়ঃ রসাং নীতা নীতবন্তঃ তেভ্য এবাসুরেভ্যঃ সকাশাৎ তাঃ স্ত্রিয়ঃ প্রাণিভিঃ স্বশ্রেষ্ঠজনৈঃ পুন আহরৎ বানিনায় আনীয়চ দিবি দেবান্ প্রাপয়ামাসেতি ভাবঃ। পণিভিরিতি পাঠে পণিভিরসুরৈর্দ্দারভূতৈঃ স্ত্রিয়োনীতাঃ ॥ ১৯ ॥

অপর মহারাজ ভরত একেবারে ত্রয়স্ত্রিংশৎ শত যজ্ঞীয় অশ্ব বন্ধন করিয়া নৃপগণকে বিস্ময়াম্বিত করত দেবতাদিগের বিভব অতিক্রমণ করেন। তাঁহার এ প্রকার কর্ম্ম আশ্চর্য্য নহে,যেহেতু ভগবান্ হরিকে প্রাপ্ত হইয়াছিলেন ॥ ১৭ ॥

আর তিনি কর্ম্ম বিশেষে শ্বেতদন্ত কৃষ্ণবর্ণ চতুর্দ্দশ নিযুত শ্রেষ্ঠ হস্তি হিরণ্য পরিবৃত করিয়া দান করিতেন। ফলতঃ মহাত্মা ভরত যে সকল কর্ম্ম করেন, যেমন বাহু দ্বারা স্বর্গ প্রাপ্ত হয় না তাহার ন্যায় পূর্ব্বতন নৃপগণ সে সকল প্রাপ্ত হয়েন নাই,পরে যে সকল রাজা হইবেন তাঁহারাও প্রাপ্ত হইবেন না। তিনি দ্বিগ্বিজয় করিতে গিয়া কিরাত হূণ যবন পৌণ্ড্র কঙ্ক খশ শক এবং অন্যান্য অব্রহ্মণ্য নৃপতি তথা সমস্ত ম্লেচ্ছ জাতিকে বিনষ্ট করিয়াছিলেন ॥ ১৮ ॥

পূর্ব্বে যে সকল দানব দেবগণকে জয় করিয়া রসাতলাদি স্থানে বাস করিয়াছিল সেই সমস্ত বলী ব্যক্তি দেবস্ত্রীদিগকে রসাতলে লইয়া যায়, মহাত্মা ভরত সেই সকল দেবাঙ্গনাকে পুনরায় আনয়ন করেন ॥ ১৯ ॥

সর্ব্বান্ কামান্ দুদুহতুঃ প্রজানাং তস্য রোদসী। সমাস্ত্রি নব সাহস্রীর্দিক্ষু চক্রমবর্ত্তয়ৎ ॥ ২০ ॥

স সম্রাড়্ লোকপালাখ্যমৈশ্বর্য্যমধিরাট্ শ্রিয়ং। চক্রঞ্চাস্খলিতং প্রাণান্মৃষেত্যুপররামহ ॥ ২১ ॥

তস্যাসন্ নৃপ বৈদর্ভ্যঃ পত্ন্যস্তিস্রঃ সুসম্মতাঃ। জঘ্নুস্ত্যাগভয়াৎ পুত্ত্রান্নানুরূপা ইতীরিতে ॥ ২২ ॥

তস্যৈবং বিতথে বংশে তদর্থং যজতঃ সুতং। মরুৎসোমেন মরুতো ভরদ্বাজমুপাদদুঃ ॥ ২৩ ॥

অন্তর্ব্বত্ন্যাং ভ্রাতৃপত্ন্যাং মৈথুনায় বৃহস্পতিঃ। প্রবৃত্তো বারিতো গর্ত্তং শপ্ত্বা বীর্য্যমুপাসৃজৎ ॥২৪॥

শ্রীধরস্বামী।

ত্রি নব সাহস্রীঃ সমাঃ সপ্তবিংশতি সহস্র সংবৎসরান্ চক্রং সেনামাজ্ঞাং বা ॥ ২০ ॥

তস্য বৈরাগ্যেণ মোক্ষপ্রকারমাহ স ইতি মৃষেতি বিচার্য্যেতি শেষঃ। ২১ ॥

নানুরূপাঃ সদৃশা নভবন্তীতি ভর্ত্রা ঈরিতে সতি ব্যভিচার শঙ্কয়া অস্মাংস্ত্যক্ষ্যতীতি ভয়াৎ পুত্ত্রান্ জঘ্নুঃ পুনঃ পুনঃ পুত্ত্রাণাং দর্শনে বৈসাদৃশ্যানুসন্ধানেন ত্যজেৎ নান্যথা ইত্যাশয়েন হতবত্যঃ ॥ ২২ ॥

বিতথে ব্যর্থে সতি। তদর্থং পুত্ত্রার্থং। মরুৎসোমেন যাগেন যজত স্তস্য প্রসন্নাঃ সন্তো মরুতো ভরদ্বাজং নাম পুত্ত্রমুপাদদুঃ সমর্পয়ামাসুঃ ॥ ২৩ ॥

মরুতাং ভরদ্বাজার্পণ প্রকারং দর্শয়ন্নাহ অন্তর্ব্বত্ন্যামিতি চতুর্ভিঃ। অন্তর্ব্বত্ন্যাং ভ্রাতুরুতথ্যস্য পত্ন্যাং মমতায়াং চৌর্য্যেণ কদাচিৎ মৈথুনায় প্রবৃত্তো বৃহস্পতি স্তদা দ্বিতীয় গর্ত্তস্যাবকাশাভাবাদাক্রোশ পূর্ব্বকং গর্ত্তস্থেন বারিতঃ। ততঃ ক্রুদ্ধো বৃহস্পতিরন্ধো

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রিনব সাহস্রীঃ সপ্তবিংশতি সহস্রং বৎসরান্ ব্যাপ্য চক্রং সেনাং ॥ ২০ ॥

লোকপালেভ্যোপ্যধিকা খ্যাতি র্যস্য তথা ভূতমৈশ্বর্য্যং প্রাণাৎ বলহেতুকাৎ শৌর্য্যাৎ অস্খলিতং চক্রমাজ্ঞাঞ্চ মৃষা মিথ্যাভূতং বিচার্য্যেতি শেষঃ। উপররামেতি সর্ব্বং ত্যক্ত্বা বনং গত্বা ভক্ত্যা ভগবন্তমবাপেত্যর্থঃ ॥ ২১ ॥

নানুরূপান্ মৎসদৃশা ইমে ইতি ভর্ত্রা ঈরিতে সতি ব্যভিচার শঙ্কয়া অস্মাংস্ত্যক্ষ্যতীতি ভয়াৎ পুত্ত্রান্ জঘ্নুঃ ॥ ২২ ॥

তদর্থং বংশার্থং মরুৎ সোমেন যজ্ঞেন যজতঃ যজতে তস্মৈ মরুতো ভরদ্বাজং নাম পুত্ত্রং উপাদদু র্নিকটমানীয় দদুঃ ॥ ২৩ ॥

ভরদ্বাজ এব ক ইত্যপেক্ষায়ামাহ অন্তর্ব্বত্ন্যা মিত্যাদি ভ্রাতু রুতথ্যস্য পত্ন্যাং মমতায়াং তদা দ্বিতীয় গর্ত্তস্যাবকাশাভাবাদাক্রোশ

হে রাজন্! মহাত্মা ভরতের রাজত্ব সময়ে স্বর্গ ও পৃথিবী প্রজাজনের সর্ব্বদা সকল অভিলাষ দোহন করিত। ঐ রাজা সপ্তবিংশতি সহস্র সম্বৎসর রাজ্য শাসন করিয়া সকলদিকেই সেনা প্রবর্ত্ত করাইয়াছিলেন ॥ ২০ ॥

কিয়ৎ কাল রাজ্য ভোগের পর মহারাজ ভরত লোকপালাখ্য ঐশ্বর্য্য এবং অধিরাজের সম্পত্তি তথা অস্খলিত সৈন্য ও আত্ম প্রাণ, সকলই অলীক এই রূপ বিচার করিয়া বিষয় হইতে উপরত হয়েন ॥২১॥

তাঁহার বিদর্ভদেশীয় সুসম্মত তিনটী পত্নী ছিল। তাঁহারা ভর্ত্তা একবার "এ পুত্ত্র অনুরূপ নহে" এ প্রকার কহাতে পুনঃ পুনঃ পুত্ত্র দেখিয়া সদৃশানুসন্ধান করত পাছে ব্যভিচার আশঙ্কা করিয়া রাজা আমাদিগকে পরিত্যাগ করেন এই ভয়ে স্ব স্ব সন্তান বিনষ্ট করিয়া ফেলিতেন ॥ ২২ ॥

এই রূপে বংশ ব্যর্থ হওয়াতে মহারাজ ভরত পুত্ত্রার্থ বায়ুগণের ও সোমের যাগ করিয়াছিলেন, তাহাতে মরুদ্গণ প্রসন্ন হইয়া তাঁহার হস্তে ভরদ্বাজ নামক পুত্ত্র সমর্পণ করেন ॥ ২৩ ॥

রাজন্! ভরদ্বাজের জন্ম বিবরণ এবং সমর্পণ প্রকার বলি অবধান কর। উতথ্য বনিতা মমতার গর্ভাবস্থায় এক দিন বৃহস্পতি গোপনে ঐ ভ্রাতৃভার্য্যায় মৈথুনার্থ প্রবৃত্ত হইয়াছিলেন, কিন্তু তৎকালে গর্ত্ত মধ্যে এক সন্তান ছিল, সে সময় তন্মধ্যে দ্বিতীয় গর্ব্ভের স্থান হইবে কেন? ইহাতে গর্ত্তস্থ বালক

তং ত্যক্তুকামাং মমতাং ভর্ত্তুস্ত্যাগ বিশঙ্কিতাং। নাম নির্ব্বচনং তস্য শ্লোকমেকং সুরা জগুঃ॥২৫
মূঢ়ে ভর দ্বাজমিমং ভরদ্বাজং বৃহস্পতে। যাতৌ যদুক্ত্বা পিতরৌ ভরদ্বাজস্ততস্ত্বয়ং॥ ২৬॥

শ্রীধরস্বামী।

ভবেতি তং গর্ভং শপ্ত্বা বলাদ্বীর্য্যং ব্যসিঞ্চৎ। ততো বৃহস্পতেঃ শাপাৎ গর্ভস্থোদীর্ঘতমা বভূব। তেন চ তদ্বীর্য্যং পার্ষ্ণি প্রহারেণ যোনের্ব্বহির্নিঃসারিতং ভূমৌ পতিতং সদ্যএব কুমারোঽভবৎ॥ ২৪॥

তং পরবীর্য্যজং ভর্ত্তুস্ত্যাগ বিশঙ্কিতাং সতীং ত্যক্তুকামাং মমতাং প্রতি সুরাঃ এবং বৃহস্পতের্ম্মমতায়াশ্চ বিবাদরূপং শ্লোকং জগুঃ কিমর্থং জগুঃ অত আহ তস্য নাম নিরুচ্যতে যেন তং। তন্নাম নির্ব্বচনেনৈব ভর্ত্তৃত্যাগ শঙ্কামপাকর্ত্তুমিত্যর্থঃ॥ ২৫॥

তত্র পুত্রং ত্যক্ত্বা যান্তীং মমতাং বৃহস্পতিরাহ হে মূঢ়ে ইমং পুত্রং ভর পুষাণ ভর্ত্তুর্ব্বিভেমীতি চেত্তত্রাহ দ্বাজং একস্য ক্ষেত্রে অন্যস্য বীজাদিত্যেবং দ্বাভ্যাং জাতং অতস্তস্যাপ্যয়ং পুত্র ইতি ন তস্মাৎ ভয়শঙ্কেত্যর্থঃ। এবমুক্তা সতী তং প্রত্যাহ হে বৃহস্পতে ত্বং ইমং ভর যতঃ দ্বাজং দ্বাভ্যামাবাভ্যাং অন্যায়তো জাতং অতোমাহমেকাকিনী ভরামীত্যর্থঃ। যদ্যস্মাদেবমুক্ত্বা পিতরৌ মমতা বৃহস্পতী বিবদমানৌ পুত্রং পরিত্যজ্য যাতৌ ততো হেতোরয়ং ভরদ্বাজ সংজ্ঞ ইতি। যদ্দুঃখাদিতি পাঠান্তরে যস্য পুত্রস্য ত্যাগ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পূর্ব্বকং গর্ভস্থেন বারিতঃ। ততঃ ক্রুদ্ধো বৃহস্পতিরন্ধো ভবেতি তং গর্ভস্থং শপ্ত্বা বলাদ্বীর্য্যমাদধৌ॥ ২৪॥

ততো বৃহস্পতেঃ শাপাদ্গর্ভস্থো দীর্ঘতমা অন্ধোবভূব। তেনচ তদ্বীর্য্যং পার্ষ্ণি প্রহারেণ যোনের্ব্বহির্নিঃসারিতং ভূমৌ পতিতং সদ্যঃ কুমারোঽভূৎ। তস্য পরবীর্য্যজং ত্যক্তুকামাং ভর্ত্তুস্ত্যাগাদ্বিশঙ্কিতাং মমতাং প্রতি সুরা এতং বৃহস্পতের্ম্মমতায়াশ্চ সংবাদ রূপং শ্লোকং জগুঃ কীদৃশং। তস্য সুতস্য নাম নিরুচ্যতে যেন তং॥ ২৫॥

পুত্রং ত্যক্ত্বা যান্তীং মমতাং বৃহস্পতি রাহ হে মূঢ়ে ইমং পুত্রং ভর পালয়। ভর্ত্তুর্ব্বিভেমীতি চেত্তত্রাহ দ্বাজং একস্য ক্ষেত্রে অন্যস্য বীজাদিত্যেবং দ্বাভ্যাং জাতং অত স্তস্যাপ্যয়ং পুত্র ইতি ন তস্মাত্তয় শঙ্কেত্যর্থঃ। মমতা প্রাহ হে বৃহস্পতে ত্বমিমং ভর যতো দ্বাজং দ্বাভ্যামাবাভ্যামন্যায়তো জাতং তত্রাপি ময্যকামায়াং তব বলাৎকারাৎ তবৈবায়ং পুত্রো ন মম বস্তুত ইত্যুক্ত্বা পিতরৌ মমতা বৃহস্পতী যতো যাতৌ গতৌ ততো হেতুরয়ন্তু ভরদ্বাজ ইতি। যদ্দুঃখাদিতি পাঠে যস্য পুত্রস্য ত্যাগঃ দুঃখাৎ

আক্রোশ পূর্ব্বক বৃহস্পতিকে বীর্য্যসেক করিতে বারণ করিলেন। বৃহস্পতি কামান্ধ হইয়াছিলেন, গর্ভস্থ বালকের বারণে ক্রুদ্ধ হইয়া অন্ধ হও বলিয়া তাহাকে অভিশাপ দিলেন এবং বলে বীর্য্যসেক করিয়া গেলেন॥ ২৪॥

বৃহস্পতির শাপে উতথ্য তনয় দীর্ঘতমা হইয়াছিলেন। পরন্তু তিনি পার্ষ্ণি প্রহার দ্বারা বৃহস্পতির বীর্য্য যোনির বাহিরে নিঃসারিত করিয়া দেন, তাহাতে ভূমিপতিত সেই শুক্রে তৎক্ষণাৎ এক কুমার উৎপন্ন হইয়াছিল। স্বামী পাছে ব্যভিচারিণী জানিয়া পরিত্যাগ করেন এই ভয়ে ভীতা হইয়া উতথ্য-বনিতা মমতা যখন সেই কুমারটী ত্যাগ করিতে ইচ্ছা করিয়াছিলেন তৎকালে দেবগণ বৃহস্পতি ও মমতার বিবাদ রূপ ঐ কুমারের নাম নির্ব্বাচনার্থ এই শ্লোক উল্লেখ করেন॥ ২৫॥

যথা পুত্র ত্যাগ করিয়া যাইতে দেখিয়া বৃহস্পতি মমতাকে কহিয়াছিলেন অয়ি! মূঢ়ে! এ বালক একের ক্ষেত্রে অন্যের বীর্য্যে এই রূপে দুই জন হইতে জন্মিল, অতএব তোমার স্বামিরও পুত্র, ভর্ত্তা হইতে ভয় আশঙ্কা নাই, ইহাকে ভরণ কর, ইহাতে মমতা উত্তর করেন, তুমিও ইহার পোষণ কর, আমাদের দুই জন হইতে অন্যায়ে এ বালক উৎপন্ন হইল, আমি একাকিনী কেন পোষণ করিব? পিতা মাতা অর্থাৎ বৃহস্পতি ও মমতা এই প্রকার কহিয়া বিবাদ করিতে করিতে এ বালককে পরি-

চোদ্যমানা সুরৈরেবং মত্বা বিতথমাত্মজং। ব্যসৃজন্মরুতো বিভ্রন্দত্তোঽয়ং বিতথেঽন্বয়ে ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে পুরুবংশ কীর্ত্তনে বিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২০ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

বিতথস্য সুতান্ মন্যোর্বৃহৎক্ষত্রোজয়স্ততঃ। মহাবীর্য্যো নরোগর্গঃ সংকৃতিস্তু নরাত্মজঃ ॥

গুরুশ্চ রন্তিদেবশ্চ সংকৃতেঃ পাণ্ডুনন্দন ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

দুঃখাৎ পিতরৌ যাতাবিত্যর্থঃ ॥ ২৬ ॥

বিতথং ব্যভিচার সম্ভবং তমাত্মজং নিরর্থকং মত্বা মমতা ব্যসৃজৎ তত্যাজ। আদিভবমিতি পাঠান্তরে আদিভবং প্রথমজং ভর্ত্তু বীর্য্যাজ্জাতমেব মুথ্যমাত্মজং মত্বা বৃহস্পতের্জাতং তত্যাজেত্যর্থঃ। তত্র তয়া ত্যক্তং মরুতোঽবিভ্রন্ অবিভরুঃ তদেবং মরুদ্ভিঃ প্রাপ্তোঽয়ং ভরতস্যান্বয়ে বিতথে সতি দত্তঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি নবমে বিংশঃ ॥ * ॥

একংবিংশেতু দৌষ্মন্তেঃ সুতস্যান্বয় উচ্যতে। রন্তিদেবাজমীঢ়াদের্যত্র কীর্ত্তিঃ প্রর্ত্তনাতে ॥ ০ ॥

ভরতস্যান্বয়ে বিতথে সতি দত্তত্বাৎ বিতথসংজ্ঞো ভরদ্বাজঃ সচ ব্রাহ্মণোপি ভরতস্য দত্তপুত্রোজাত ইতি তদ্বংশোঽনুক্রম্যতে। বিতথস্য সুতোমন্যু স্তস্মাদ্বৃহৎক্ষত্র জয় মহাবীর্য্য নর গর্গাঃ পঞ্চ পুত্রা বভূবুঃ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে বিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পিতরৌ যাতৌ ॥ ২৬ ॥

সুরৈরেবং চোদ্যমানা হে মমতে ত্বং বৃহস্পতে কৃপণতে রাজ্ঞাং পালয়েতি সোপহাসমুক্তা তমাত্মজং বিতথং ব্যর্থং মত্বা মমতা লজ্জয়া ব্যসৃজৎ তত্যাজ। আদিজমিতি পাঠে প্রথমজং বৃহস্পতিজাতমিত্যর্থঃ। এবং তয়া ত্যক্তং মরুতোঽবিভ্রন্ অবিভরুঃ। ভূম্বাচ ভরতস্যান্বয়ে বিতথে সতি দত্তঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমে বিংশতিতমঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

একবিংশে পুরুবংশ্যরন্তিদেব কথোচ্যতে। যস্য ত্বৌদার্য্য ধৈর্য্যাভ্যাং ত্র্যধীশা স্তোষমাযযুঃ। বিতথো ভরদ্বাজঃ সচ ব্রাহ্মণোপি ভরতস্য পুত্রস্তস্মান্মন্যুঃ ॥ ১ ॥

ত্যাগ করিয়া যান এই কারণে ইহার নাম ভরদ্বাজ হইয়াছে ॥ ২৬ ॥

হে রাজন্! দেবতারা এই প্রকার কহিতে থাকিলেও ব্যভিচারোৎপন্ন সেই বালককে ব্যর্থ বোধ করিয়া উতথ্য ভার্য্যা পরিত্যাগ করেন। মরুদ্গণ তাহাকে লইয়া প্রতিপালন করিয়াছিলেন। যখন ভরতবংশ বিতথ হইবার উপক্রম হইল সেই সময় তাঁহারা ঐ রাজাকে ঐ পুত্রটী সমর্পণ করিলেন ॥ ২৭

॥ * ॥ ইতি নবমে বিংশ ॥ * ॥

একবিংশতি অধ্যায়ে দুষ্মন্ত পুত্র ভরতের বংশ বিবরণ এবং প্রসঙ্গতঃ রন্তিদেব ও অজমীঢ়াদির কীর্ত্তি বর্ণন ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! বংশ বিতথ হইলে ভরতের প্রতি মরুদ্গণ কর্ত্তৃক ভরদ্বাজ প্রদত্ত হইয়াছিলেন, ব্রাহ্মণ হইলেও দত্তপুত্র হেতু ভরদ্বাজের নাম বিতথ হইয়াছিল। বিতথের পুত্র মন্যু, তাহা হইতে বৃহৎক্ষত্র, জয়, মহাবীর্য্য, নর এবং গর্গ এই পাঁচ পুত্র জন্মে। তন্মধ্যে নরের তনয় সংকৃতি, তাহার পুত্র গুরু এবং রন্তিদেব ॥ ১ ॥

রন্তিদেবস্য মহিমা ইহামুত্র চ গীয়তে। বিয়দ্বিত্তস্য দদতো লব্ধং লব্ধং বুভুক্ষতঃ ॥ ২ ॥
নিষ্কিঞ্চনস্য ধীরস্য সকুটুম্বস্য সীদতঃ। ব্যতীয়ুরষ্টচত্বারিংশদহান্যপিবতঃ কিল ॥ ৩ ॥
ঘৃতপায়সসংযাবং তোয়ং প্রাতরুপস্থিতং। কৃচ্ছ্রপ্রাপ্তকুটুম্বস্য ক্ষুত্তৃড্ভ্যাং জাতবেপথোঃ ॥
অতিথির্ব্রাহ্মণঃ কালে ভোক্তুকামস্য চাগমৎ। তস্মৈ সংব্যভজৎ সোঽন্নমাদৃত্য শ্রদ্ধয়ান্বিতঃ ॥
হরিং সর্ব্বত্র সংপশ্যন্ স ভুক্ত্বা প্রযযৌ দ্বিজঃ ॥ ৪ ॥
অথান্যো ভোক্ষ্যমাণস্য বিভক্তস্য মহীপতেঃ। বিভক্তং ব্যভজত্তস্মৈ বৃষলায় হরিং স্মরন্ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

বিয়দ্বিত্তস্য বিয়তো গগণাদিব উদ্যমং বিনৈব দৈবাদুপস্থিতং বিত্তং ভোগাং যস্য যদ্বা বিয়দ্বায়ং প্রাপ্নুবদ্বিত্তং যস্য তদেবাহ বুভুক্ষতোঽপি সতো লব্ধং লব্ধং দদতঃ ॥ ২ ॥
তৎ প্রপঞ্চয়তি ন কিঞ্চনমোত্যাদি সার্দ্ধৈঃ পঞ্চদশভিঃ অপিবতো জলপানমকুর্ব্বতঃ ॥ ৩ ॥
ঘৃতাদিত্রয়াণাং দ্বন্দ্বৈক্যং তোয়ঞ্চ ॥ ৪ ॥
অথান্যো বৃষলোঽতিথিরাগমৎ। বিভক্তস্য কুটুম্বার্থ মন্নাদিকং বিভক্তবতঃ ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

ঘৃতেতি সার্দ্ধকং। তদনন্তরং ঘৃতাদিকমুপস্থিতং ভোক্তুকামস্য ॥ ১। ২। ৩। ৪ ॥
অন্নং পূর্ব্বোক্তং ঘৃতাদিকমেব ॥
পূর্ব্বং হরিং সর্ব্বত্র সম্পশ্যন্নিত্যুক্তং অধুনা চ তস্য তাং করুণা বাচমিত্যুচ্যতে। তত্র সর্ব্বত্রৈব হরিমস্য ধামিত্বয়া সংপশ্যন্নিতি চেৎ জীবদৃষ্ট্যাভাবেন করুণেয়ং তে ন বিরুদ্ধ্যতে তস্মাত্ত্বং সর্ব্বত্র পরম কারুনিক তয়ৈব সংপশ্যং স্বভাবেন স্ফুরমানঃ করুণা বত ইতি লভ্যতে। অতএব ব্রহ্ম শিবাভ্যাং তাদৃশ গুণ ভক্তাভ্যাং সহ তদাবির্ভাবানন্তরং তদুক্তিরেব ফলিতা বক্ষ্যতে। বাসুদেবে ভগবতি ভক্ত্যা চক্রে মনঃ পরমিতি। কেবল জীব কারুণ্যাং খলু বিপ্লায় ভবতি ভরতবৎ। তস্মান্নকাময় ইত্যাদিনা যো মোক্ষানাদরঃ সোপি তৎ কারণ বিভাবনময় ভক্তিকৃতা। এবেতি নায়ুক্তং স্যাদিতি জ্ঞেয়ঃ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥ ৮

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিয়তো গগণাদিব উদ্যমং বিনা দৈবাদুপস্থিতমেব বিত্তং ভোগাং যস্য তত্রাপি লব্ধং দদতঃ বুভুক্ষমাণস্যাপি ॥ ২। ৩। ৪ ॥
বিভক্তস্য বিভক্তবতো মহীপতেরন্যোঽতিথিরাগতঃ। ততশ্চ কুটুম্বাদ্যর্থং বিভক্তমেবান্নং তস্মৈ ব্যভজৎ বিভজ্য দদৌ ॥ ৫ ॥ ৬ ॥

হে রাজন্! রন্তিদেবের মহিমা ইহলোকে ও পরলোকে সর্ব্বদা গীত হইয়া থাকে। তাঁহার বিত্ত নিরন্তর ব্যয়ে নিযুক্ত ছিল, তিনি স্বয়ং বুভুক্ষিত থাকিয়াও যেমন লব্ধ হইত তৎক্ষণাৎ দান করিতেন ॥ ২

ঐ নরপতি সমুদায় দান করিয়া নিষ্কিঞ্চন হইয়া সপরিবারে ক্ষুধায় অবসন্ন হইতেন। জলমাত্রও পান না করিয়া তাঁহার আটচল্লিশ দিবস অতীত হইত ॥ ৩ ॥

পরিবার সকল আহার বিরহে কৃচ্ছ্র প্রাপ্ত হইয়া রহিয়াছে, আপনি ক্ষুধা ও পিপাসায় কম্পান্বিত হইতেছেন; এমত সময়ে ঘৃত পায়স সংযাব এবং জল উপস্থিত হওয়াতে প্রাতঃকালে ভোজন করিতে যান, ইত্যবসরে এক জন ব্রাহ্মণ অতিথি আসিয়া উপস্থিত হইলেন, শ্রদ্ধান্বিত হইয়া সর্ব্বত্র হরিকে নিরীক্ষণ করত আদর পূর্ব্ব তাঁহাকে সেই সকল দ্রব্য বিভাগ করিয়া দিলেন। সেই ব্রাহ্মণ ভোজনান্তে চলিয়া গেলেন ॥ ৪ ॥

তদনন্তর সেই বিভাগাবশিষ্ঠ অন্নাদি স্বীয় পরিবারদিগকে ভাগ করিয়া দিয়া স্বয়ং ভক্ষণ করিতে যাইবেন, সে সময়েও একজন শূদ্র অতিথি বলিয়া আসিল, রন্তিদেব ভগবান্ হরিকে স্মরণ করিয়া সেই বিভক্ত অবশিষ্ট দ্রব্য তাহাকেও ভাগ করিয়া দিলেন ॥ ৫ ॥

যাতে শূদ্রে তমভ্যাগাদতিথিঃ শ্বভিরাবৃতঃ। রাজন্মে দীয়তামন্নং সগণায় বুভুক্ষতে ॥
স আদৃত্যাবশিষ্টং যদ্বহুমানপুরস্কৃতং। তচ্চ দত্ত্বা নমশ্চক্রে শ্বভ্যঃ শ্বপতয়ে বিভুঃ ॥ ৬ ॥
পানীয়মাত্রমুচ্ছেষং তচ্চৈকপরিতর্পণং। পাস্যতঃ পুক্কশোঽভ্যাগাদপো দেহ্যশুভায় মে ॥
তস্য তাং করুণাং বাচং নিশম্য বিপুলশ্রমং। কৃপয়া ভৃশসন্তপ্ত ইদমাহামৃতং বচঃ ॥ ৭ ॥
ন কাময়েঽহং গতিমীশ্বরাৎ পরামষ্টর্দ্ধিযুক্তামপুনর্ভবং বা।
আর্ত্তিং প্রপদ্যেঽখিলদেহভাজামন্তঃস্থিতো যেন ভবন্ত্যদুঃখাঃ ॥ ৮ ॥
ক্ষুত্তৃট্ শ্রমোগাত্রপরিভ্রমশ্চ দৈন্যং ক্লমঃ শোকবিষাদমোহাঃ।

শ্রীধরস্বামী।

সগণায় শ্বযূথ সহিতায় ॥ ৬ ॥ উচ্ছেষং উর্ব্বরিতং। একমেব পরিতর্পয়তীতি তথা ॥ ৭ ॥

পরদুঃখাসহিষ্ণুতয়া সর্ব্বেষাং দুঃখং স্বয়ং ভোক্তুমাশাস্তে নেতি। অণিমাদ্যষ্ট সমৃদ্ধিযুক্তাং গতিমপি মোক্ষমপি বাহং ন কাময়ে। তর্হি কিং কাময়সে তদাহ অখিল দেহভাজামার্ত্তিং দুঃখং তদ্ভোক্তৃ রূপেণান্তঃ স্থিতঃ সন্ অহং প্রপদ্যে প্রাপ্নুয়ামিত্যেবং কাময়ে। যেন তদ্দুঃখভোক্ত্রা ময়া হেতুভূতেন তে সর্ব্বেঽদুঃখা ভবন্তি ॥ ৮ ॥

ননু দুঃখং কিমিতি প্রার্থয়সে পরদুঃখ নিবৃত্ত্যৈব মম সর্ব্বদুঃখ নিবৃত্তিরিত্যাহ ক্ষুত্তৃড়িতি। কৃপণস্য জন্তো র্জিজীবিষো র্জীবন

ক্রমসন্দর্ভঃ।

নিসর্গকরুণ ইতি চ নিসর্গেণ শ্রীভগবৎ করুণ স্ফূর্ত্তিময় স্বভাবেন করুণঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উচ্ছেষমুর্ব্বরিতং একমেব তৃপ্তী করোতি নতু বাবিচি স্বার্থং বিভাগানর্হ মিতি ভাবঃ ॥

অমৃতং বচ ইতি তস্য বচোঽপি যেন সশ্রদ্ধং কর্ণাভ্যাং পীয়তে সোপি ন ম্রিয়তে তেন দেহেনৈব সিদ্ধ্যতি কিং পুনস্তৎকর্ম্মানুভিষ্ঠাস্বরিতি ভাবঃ ॥ ৭ ॥

অন্তঃ স্থিতঃ সন্ আর্ত্তিং প্রপদ্যে তৈর্ভোক্তব্যং দুঃখমহমেব ভুঞ্জেয় সর্ব্ব জীবানামপি সমুদিতং দুঃখমহমেক এব ভোক্তুমলমিতি তৎ স্বদুঃখং সহ্যং পরদুঃখ দর্শনস্ত্বসহ্যমিতি ভাবঃ ॥ ৮ ॥

নম্বিতি পিপাসাকোঽহমপি কিঞ্চিদবশিষ্টং জলং স্বয়ঞ্চ পিবেত্যাত আহ ক্ষুত্তৃড়িতি। কৃপণস্যাস্য জন্তো র্জীবন হেতোর্জলস্যার্পণাদ্মম

ভোজনান্তে শূদ্র অতিথি বিদায় হইয়া গেলে বহুতর কুক্কুরে পরিবৃত আর এক ব্যক্তি অতিথি বলিয়া আসিল এবং কহিল রাজন্! আমি এই কুক্কুর যূথ সহিত অতিশয় বুভুক্ষিত হইয়াছি, এই যূথ সহিত আমাকে আহার প্রদান করুন। রাজা ঐ ব্যক্তিরও বহু সম্মান করিলেন এবং সমাদর পূর্ব্বক সেই অবশিষ্ট অন্ন সেই সকল কুক্কুর ও সেই কুক্কুরপতিকে প্রদান করিয়া নমস্কার করিলেন ॥ ৬ ॥

তাহার পর সকল দিয়া এক জনের তৃপ্তি হয় এমত একটুকু জল মাত্র উর্ব্বরিত হওয়াতে তাহাই পান করিবার উদ্যোগ করেন ইত্যবসরে এক জন পুক্কশ ( চণ্ডাল বিশেষ ) আসিল এবং সকরুণ বচনে কহিল মহারাজ। আমি অতিশ্রান্ত হইয়াছি,এই অশুভ ব্যক্তিকে কিঞ্চিৎ জল দিতে আজ্ঞা হউক,সেই ব্যক্তির ঐ রূপ করুণ বচন এবং বিপুল শ্রমের বিবরণ শ্রবণ করিয়া রন্তিদেব নরপতির অতিশয় দয়া হইল, দুঃখিত হইয়া অমৃতময় বাক্য প্রয়োগ করত বলিলেন ॥ ৭ ॥

আমি পরমেশ্বরের সন্নিধানে অণিমাদি অষ্টসিদ্ধি সমন্বিত গতি অথবা মুক্তি কামনা করি না, আমার প্রার্থনা এই আমি যেন ভোক্তৃত্ব রূপে অন্তঃস্থিত হইয়া সমস্ত দেহির দুঃখ প্রাপ্ত হই, যাহাতে আমা হইতে সকল দেহির দুঃখ দূরীভূত হয় ॥ ৮ ॥

এই দীন জীবন ধারণার্থ বাসনা করিতেছে, ইহার জীবনার্থ জলার্পণ করিলেই আমার ক্ষুধা, তৃষ্ণা,

সর্ব্বে নিবৃত্তাঃ কৃপণস্য জন্তোর্জিজীবিষোর্জীবজলার্পণান্মে ॥
এবং প্রভাষ্য পানীয়ং ম্রিয়মাণঃ পিপাসয়া। পুক্কশায়াদদাদ্ধীরো নিসর্গকরুণোনৃপঃ ॥ ৯ ॥
তস্য ত্রিভুবনাধীশাঃ ফলদাঃ ফলমিচ্ছতাং। আত্মানং দর্শয়াঞ্চক্রুর্মায়া বিষ্ণুবিনির্ম্মিতাঃ ॥ ১০ ॥
স বৈ তেভ্যো নমস্কৃত্য নিঃসঙ্গোবিগতস্পৃহঃ। বাসুদেবে ভগবতি ভক্ত্যা চক্রে মনঃ পরং ॥ ১১ ॥
ঈশ্বরালম্বনং চিত্তং কুর্ব্বতোঽনন্যরাধসঃ। মায়া গুণময়ী রাজন্ স্বপ্নবৎ প্রত্যলীয়ত ॥
তৎ প্রসঙ্গানুভাবেন রন্তিদেবানুবর্ত্তিনঃ। অভবন্ যোগিনঃ সর্ব্বে নারায়ণপরায়ণাঃ ॥ ১২ ॥

### শ্রীধরস্বামী।

হেতো র্জলস্যার্পণান্মে সর্ব্বে ক্ষুত্তৃড়াদয়ো নিবৃত্তা এবেত্যেবং প্রভাষ্য ॥ ৯ ॥

ত্রিভুবনাধীশা ব্রহ্মাদয়ো মায়াস্তদীয় ধৈর্য্য পরীক্ষার্থং প্রথমং মায়য়া বৃষলাদি রূপেণ প্রতীতাঃ সন্ত ইত্যর্থঃ ॥ ১০ ॥

পরং কেবলং বাসুদেবে মনশ্চক্রে। নতু তান্ কিমপি যাচিতবান্ ॥ ১১ ॥

অনন্য রাধসঃ ঈশ্বরাতিরিক্ত ফলান্তরানপেক্ষস্য প্রত্যলীয়ত আত্মন্যেব লীনা বভূব ॥ ১২ ॥

### ক্রমসন্দর্ভঃ।

যত এব তস্যেতি যতঃ সামান্যতঃ ফলমিচ্ছতাং ফলদাঃ যত এবাস্য প্রভৃতয়ো বিষ্ণুনাম ভগবতা স্বয়মেব মায়া মায়িক বৃষলাদি রূপেণ নির্ম্মিতা প্রত্যায়িতা ইত্যর্থঃ। অত স্তে পুনরাত্মানং যথার্থ রূপং দর্শয়াঞ্চক্রুঃ। স বৈ স তু নিঃসঙ্গঃ। তদ্দর্শনং বিনা ফলান্তর ভোগ রহিতঃ তত্র বিগত স্পৃহশ্চ ভবতি তদ্ভক্তেষু চ সম পূজ্যত্ব দৃষ্ট্যা নমস্কারসবিশেষমেবৈব চক্রে। তথাপি পরং শ্রেষ্ঠং যথাস্যাত্তথা বাসুদেবে ভগবতি মনশ্চক্রে তত্র হেতুঃ। ভক্ত্যা তয়োরপি তত্র সপ্রেম মহাভক্তিং দৃষ্টেত্যর্থঃ ॥ ১০। ১১ ॥

অনন্যরাধস ইতি। আর্ত্তিং প্রপদ্যেঽখিল দেহ ভাজামিতিচ মিথঃ পূর্ব্বযুক্ত্যেব সংগচ্ছতে। প্রত্যলীয়ত ততোঽন্তর্হিতবতী মায়েত্যর্থং যৎ প্রতীয়েতেতি ন্যায়েন ॥

তাদৃশীং ভগবদ্ভক্তিং কৈমুত্যেন প্রশংসতি তৎ প্রসঙ্গেতি ॥ ১২। ১৩। ১৪। ১৫। ১৬ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্ষুত্তৃড়াদয়ো নিবৃত্তাএব ॥ ৯ ॥

ত্রিভুবনাধীশা বিষ্ণু ব্রহ্ম রুদ্রাঃ তস্য ধৈর্য্য পরীক্ষার্থং প্রথমং মায়াঃ ব্রাহ্মণ বৃষল শ্বপতীন্ তত আত্মানং স্বস্বরূপঞ্চ ॥ ১০ ॥

মনঃ পরং শ্রেষ্ঠং ভগবদ্রূপ গুণাদিধ্যায়িত্বাৎ ॥ ১১ ॥

তদেবাহ ঈশ্বরেতি। অনন্যরাধসঃ অন্যদেবাদ্যারাধন শূন্যস্য স্বপ্নবৎ স্বপ্নো যথা স্বতএব লীয়তে তথৈবেত্যর্থঃ ॥ ১২ ॥

শ্রান্তি, গাত্রঘূর্ণি, কাতর্য্য, ক্লান্তি, খেদ, বিষাদ ও মোহ সমুদায় নিবৃত্ত হইবে। এই প্রকার কহিয়া স্বভাবতঃ দয়ালু মহারাজ রন্তিদেব স্বয়ং পিপাসায় ম্রিয়মাণ হইয়াও সেই পুক্কশকে আপনার পানীয় প্রদান করিয়াছিলেন ॥ ৯ ॥

হে রাজন্! ত্রিভুবনাধীশ যে সকল ব্রহ্মাদি দেব ফলাকাঙ্ক্ষি পুরুষদিগকে ফল দান করিয়া থাকেন, তাঁহারা মহারাজ রন্তিদেবের ধৈর্য্য পরীক্ষার্থ বিষ্ণু নির্ম্মিত মায়া হইয়া স্ব স্ব আত্ম দর্শন করান্ ॥ ১০ ॥

কিন্তু মহারাজ রন্তিদেব সেই সকলের প্রতি নমস্কার পূর্ব্বক নিঃসঙ্গ ও নিঃস্পৃহ হইয়া কেবল ভগবান্ বাসুদেবে চিত্ত অর্পণ করিয়াছিলেন, ঐ সকল ব্যক্তির নিকট কিছুই চাহেন নাই ॥ ১১ ॥

রাজন্! রন্তিদেব নরপতি ঈশ্বরাতিরিক্ত ফলান্তরানপেক্ষ হইয়া আপনার চিত্তকে ঈশ্বরাবলম্বি করাতে তাঁহার নিকট গুণময়ী মায়া স্বপ্নবৎ হইয়া আত্মাতেই বিলীন হইয়াছিল তাঁহার অনুগামী জনগণ তদীয় সংসর্গ প্রভাবে সকলেই নারায়ণ পর যোগী হইয়াছিলেন ॥ ১২ ॥

গর্গাচ্ছিনিস্ততোগার্গ্যঃ ক্ষত্রাদ্ব্রহ্ম হ্যবর্ত্তত ॥ ১৩ ॥

দুরিতক্ষয়ো মহাবীর্য্যাত্তস্য ত্রয্যারুণিঃ কবিঃ। পুষ্করারুণিরিত্যত্র যে ব্রাহ্মণগতিং গতাঃ ॥ ১৪ ॥

বৃহৎক্ষত্রস্য পুত্ত্রোঽভূদ্ধস্তী যদ্ধস্তিনাপুরং। অজমীঢ়ো দ্বিমীঢ়শ্চ পুরুমীঢ়শ্চ হস্তিনঃ ॥ ১৫ ॥

অজমীঢ়স্য বংশ্যাঃ স্যুঃ প্রিয়মেধাদয়ো দ্বিজাঃ। অজমীঢ়াদ্বৃহদিষু স্তস্য পুত্ত্রোবৃহদ্ধনুঃ ॥

বৃহৎকায় স্ততস্তস্য পুত্ত্র আসীজ্জয়দ্রথঃ। তৎসুতো বিষদস্তস্য স্যেনজিৎ সমজায়ত ॥

রুচিরাশ্বোদৃঢ়হনুঃ কাশ্যোবৎসশ্চতৎ সুতাঃ। রুচিরাশ্বসুতঃ পারঃ পৃথুসেন স্তদাত্মজঃ ॥ ১৬ ॥

পারস্য তনয়োনীপস্তস্য পুত্ত্রশতং ত্বভূৎ। স কৃত্ব্যাং শুককন্যায়াং ব্রহ্মদত্তমজীজনৎ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

মন্যু সুতস্য নরস্য বংশমুক্ত্বা তৎসুতস্যৈব গর্গস্য বংশমাহ গর্গাদিতি ॥ ১৩ ॥

মহাবীর্য্যস্য বংশমাহ মহাবীর্য্যাৎ দুরিতক্ষয়ঃ তস্য ত্রয্যারুণিঃ কবিঃ পুষ্করারুণিশ্চেতি ত্রয়ঃ পুত্রাঃ কথং ভূতা যেঽত্র ক্ষত্রবংশে ব্রাহ্মণ গতিং ব্রাহ্মণরূপতাং গতাস্তে ॥ ১৪ ॥

মন্যুপুত্রাণাং পঞ্চানাং জ্যেষ্ঠস্য বংশমাহ বৃহৎক্ষত্রস্যেতি। যৎ যেন হস্তিনাপুরং কৃতমিত্যর্থঃ। অজমীঢ়াদয়স্ত্রয়োহস্তিনঃ পুত্রাঃ ॥ ১৫ ॥

অজমীঢ়াদেবান্যঃ পুত্রোবৃহদিষুর্নামাভবৎ ॥ ১৬ ॥

পারস্য তনয়োনীপ স্তস্য পুত্রশতং সএব কৃত্বী সংজ্ঞায়াং শুককন্যায়াং ব্রহ্মদত্তং জনয়ামাস। তদুক্তং হরিবংশাদিষু। পরাশর

ক্রমসন্দর্ভঃ।

নীপস্যৈব বহুকাল ব্যবধানেন বৃচায়াং শুককন্যায়াং বংশান্তরমাহ। সকৃত্ব্যামিতি। শুককন্যায়া মিত্যত্র নতু মম কন্যায়া মিত্যুক্তমিতি স্বস্মাদন্যোসৌ শুক ইতি বোধয়তি। তচ্চ যুক্তং। ব্রহ্মবৈবর্ত্তবর্ণিত স্বয়ং শ্রীভগবন্মহানুগ্রহ পাত্রত্বাত্ত

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নরস্য বংশমুক্ত্বা তদ্ভ্রাতৄণাং গর্গাদীনাং বংশমাহ গর্গাদিতি ॥ ১৩ । ১৪ । ১৫ । ১৬ ॥

স এব নীপঃ পুনরপি কৃত্বী সংজ্ঞায়াং শুককন্যায়াং শুকোঽয়ং ব্যাসাদরণ্যাং সংভূতোঽন্য এব তদুক্তং হরিবংশাদিষু পরাশর কুলোৎপন্নঃ শুকোনাম মহাযশাঃ। ব্যাসাদরণ্যাং সংভূতো বিধূমোঽগ্নিরিব জ্বলন্। স তস্যাং পিতৃকন্যায়াং বীরিণ্যাং জনয়িষ্যতি। কৃষ্ণং গৌরং প্রভুং শম্ভুং তথা ভূরিশ্রুতং জয়ং। কন্যাং কীর্ত্তিমতীং ষষ্ঠীং যোগিনীং যোগমাতরং। ব্রহ্মদত্তস্য জননীং

হে কুরুবর্য্য। মন্যুতনয় নরের বংশ কথিত হইল, অতঃপর গর্গবংশ শ্রবণ কর। গর্গ হইতে শিনি উৎপন্ন হয়েন। তাঁহার পুত্র গার্গ্য। ক্ষত্রিয় হইতে ব্রাহ্মণের উৎপত্তি হয় ॥ ১৩ ॥

সে যাহা হউক, অনন্তর মহাবীর্য্যের বংশ বিবরণ শুন। মহাবীর্য্য হইতে দুরিতক্ষয় উৎপন্ন হয়। তাঁহারা তিন জনে ক্ষত্রিয় বংশে জন্মিয়াও ব্রাহ্মণত্ব প্রাপ্ত হইয়াছিলেন ॥ ১৪ ॥

অতঃপর পঞ্চ মন্যুপুত্রের মধ্যে জ্যেষ্ঠের বংশ শ্রবণ কর। বৃহৎক্ষত্রের পুত্র হস্তী, যিনি হস্তিনাপুর নির্ম্মাণ করেন। ঐ হস্তির তিন পুত্র অজমীঢ়, দ্বিমীঢ়, এবং পুরুমীঢ় ॥ ১৫ ॥

তন্মধ্যে অজমীঢ়ের বংশে প্রিয়মেধাদি দ্বিজগণ উৎপন্ন হয়েন। আর ঐ অজমীঢ় হইতে বৃহদিষু নামে অন্য এক পুত্রও জন্মে, তাহার পুত্র বৃহদ্ধনু। বৃহদ্ধনুর সন্তান বৃহৎকায়, তাহার তনয় জয়দ্রথ। জয়দ্রথের পুত্র বিষদ, তাহার সন্তান স্যেনজিৎ, স্যেনজিতের পুত্র রুচিরাশ্ব, দৃঢ়হনু, কাশ্য এবং বৎস। তন্মধ্যে রুচিরাশ্বের সন্তান পার, তাহার পুত্র পৃথুসেন ॥ ১৬ ॥

হে রাজন্! পারের তনয় নীপ, তাহার শত পুত্র হয়, আর তিনিই শুককন্যা কৃত্বীর গর্ভে ব্রহ্মদত্তকে উৎপন্ন করিয়াছিলেন ॥ ১৭ ॥

### শ্রীধরস্বামী।

কুলোৎপন্নঃ শুকোনাম মহাযশাঃ। ব্যাসাদরণ্যাং সংভূতো বিধূমোঽগ্নিরিব জ্বলন্। স তস্যাং পিতৃকন্যায়াং বীরিণ্যাং জনয়িষ্যতি। কৃষ্ণং গৌরং প্রভুং শম্ভুং তথা ভূরিশ্রুতং জয়ং। কন্যাং কীর্ত্তিমতীং ষষ্ঠীং যোগিনীং যোগমাতরং। ব্রহ্মদত্তস্য জননীং মহিষী মণুহস্যচেতি। যদ্যপি শুক উৎপত্তৈাব বিমুক্ত সঙ্গো নির্গত স্তথাপি বিরহাতুরঃ ব্যাসমনুযান্তং দৃষ্ট্বা ছায়াশুকং নির্ম্মায় গতবান্। তদভিপ্রায়েণৈবায়ং গার্হস্থ্যাদি ব্যবহার ইত্যবিরোধঃ॥ ১৭॥

### ক্রমসন্দর্ভঃ।

ত এব বিকুরাত্তবন্নবাকৃতি পর ব্রহ্মণা দত্তস্তেন তত্ত্বস্করাতস্ত সম্ভবাস্তস্যৈব শ্রীভাগবত বক্তৃত্বং সম্ভবতি নান্যস্য। কল্পভেদ ব্যবস্থয়া ভারতাদি বর্ণিতস্যারণিসম্ভবস্য কিমুত ছায়াশুক কল্পিতস্যেতি। অত্র ব্রহ্মবৈবর্ত্তেতিহাসোয়ং কিঞ্চিৎ কিঞ্চিৎ প্রোচ্ছিয়তে। প্রাপ্তে কলিযুগে ব্যাসশ্চক্রে যো জগতঃ কৃতে। মহাভারতমাখ্যানং সর্ব্ববেদার্থসংগ্রহমিত্যাদি। তথা ব্রহ্মচর্য্যপরিভ্রংশে মাতৃ বাক্যাদুপস্থিতে। স্বয়ং পিতৃঋণাদানং দ্বিপবৎ সোঢ়ুমক্ষমঃ। বিচিন্ত্য মনসা চক্রে ভার্য্যাং জাবালিকন্যকাং। বীটিকাখ্যাং দদৌ তস্মৈ সোঽপি বৈখানসাশ্রমী। চক্রে তয়া সহ তপ ঋতুগামী তদেচ্ছয়া। অথ গর্ভো ভবত্তস্যাস্তস্যাং স ববৃধে শনৈঃ। কলাভিঃ শুক্লপক্ষে বৈ হিমদ্যুতিরিব দ্বিজ। দ্বাদশাব্দানি জাতানি নপ্রসূতেম সা তদা। কৃষ্ণদ্বৈপায়নপ্রোক্তং বেদ বেদার্থ সংগ্রহং। পুরাণং ভারতং ধর্ম্মশাস্ত্রং যদশৃণোদ্বিজ। তৎ সর্ব্বং প্রজ্ঞয়া গর্ভশ্চক্রে হৃদি পপাঠ চ। গর্ভসংস্থোপি কুরুতে ন তু নিষ্ক্রমণে মতিং। সাচ গর্ভভরাক্রান্তেত্যাদি। অথ দ্বাদশমে বর্ষে কৃষ্ণদ্বৈপায়নো মুনিঃ। উপবিশ্য কৃত স্নানো গতমাসম্র‍্যা সামভিঃ। সম্বোধয়ামাস তদা বচোভি র্যুক্তি ভাবিতৈঃ। ব্যাসউবাচ। বত্সং মদীয় গৃহিণী মধুনাপি কাল-মাবিশ্য পীড়য়সি গর্ভতয়া যথার্থং। তত্ত্বং হি নিক্রমসি নাম কথং ন মূঢ় কিং মারয়িষ্যসি বিরুদ্ধকর স্বমেতাং। গর্ভ উবাচ। রক্ষোঽহমস্মি সুরপক্ষেত্যাদি। ভ্রান্তোঽহং তেষু সর্ব্বেষু কোঽহং স্বাক্ত ব্রবীমি কিং। সাম্প্রতং মানুষো ভূত্বা জঠরেঽস্যা অবস্থিতঃ। তস্মান্ন করিষ্যামি গর্ভান্নিষ্ক্রমণং বহিঃ। মায়াগং বেষ্টয়িষ্যামি দীনচিত্তোঽহমাময়েত্যাদি। ব্যাস উবাচ। যদ্যেব মস্যাভিমতং তব তর্হি নিস্ক্রামিক্রম্য ভুক্ত্যা নরকাদিহ গর্ভবাসাৎ। সম্যক্ সমাশ্রয় মহোদয় হেতুমেকং শ্রীপ্রাণনাথ মুভয়োঃ কুরু বা বিবেকং। গর্ভ উবাচ। জ্ঞানং বিবেক ভবনস্তিচ তাবদেব বৈরাগ্য মন্যত্তব সংস্মরণঞ্চ তাবৎ। যাবন্ন নিক্রমতি জন্তুরিতো নিবদ্ধো দেবস্য চিত্ত নিলয়স্য ন মায়য়া স্যাদিত্যাদি। ব্যাস উবাচ। মায়া ভবিষ্যতি ন তে পুরুষোত্তমস্য বক্তুং প্রদর্শয় নিজং মম বৎস শীঘ্র মিত্যাদি। গর্ভ উবাচ। যদ্যেতা মে স ভবিতা প্রতি ভূম্মাবিষ্মায়া প্রহাণ বিষয়ে যদুবংশনাথঃ। গর্ভং বিহায় তদহং বহিরদ্য ভাবী নৈবান্যথা কথমপীতি বিনিশ্চয়োমে ইত্যাদি। সূত উবাচ। ইত্থং তদীয় বচনং দ্বিজ শুশ্রুবান্ স ব্যাসোঽতি দুঃখিতমনা প্রযযৌ তদানীং। নারায়ণং ব্যবসিতো প্রতি তস্য হেতো র্যানেতু মীষদনিবৃত্তমতি র্ভবাব্ধেঃ। তত্র ত্রিলোকমহিতেন চ প্রণামঃ কৃষ্ণেন বিশ্ব সুহৃদা দ্বিজ বৈবতেন। প্রোপ্তাহর্ণো নিখিল মাত্ম হৃদিস্থ মস্মৈ ব্যাসো ন্যবেদয়দসাবপি তৎ প্রপেদে। কর্ত্তব্যমেতদিহ নাম কিমস্মদীয়ং গেহং পবিত্রয়িতু মদ্য ভবাগতস্য। তীর্থস্য জঙ্গম গতিং দধতোত্তরঙ্গং

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মহিষী মণুহস্যচ ইতি শ্রীভাগবত বক্তা শুকস্য ব্যাসস্য প্রথমঃ পুত্রোঽহরণিসংভূতাদন্যঃ যদুক্তং ব্রহ্মবৈবর্ত্তে। প্রাপ্তে কলিযুগে ব্যাসশ্চক্রে যো জগতঃ কৃতে। মহাভাগবতমিত্যাদ্যানন্তরং ব্রহ্মচর্য্য পরিভ্রংশে মাতৃবাক্যাদুপস্থিতে। স্বয়ং পিতৃঋণাদানং দ্বিপবৎ সোঢ়ুমক্ষমঃ। বিচিন্ত্য মনসা চক্রে ভার্য্যাং জাবালিকন্যকাং। বীটিকাখ্যাং দদৌ তস্মৈ সোপি বৈখানসাশ্রমী। ততশ্চ ব্যাস স্তয়াসহ বহুকালং তপস্তেপে তদন্তে তস্যাং বীর্য্যমাধত্ত। সাচ গর্ভবতী একাদশসু বর্ষেষু ব্যতীতেষ্বপি ন প্রসূতেস্ম। অথ দ্বাদশে বর্ষে ব্যাসঃ কদাচিদার্ত্তঃ স্বং পুত্রমাহ ভোঃ পুত্র কিং স্বমাতরং পীড়য়সি গর্ভান্নিঃসরেতি। সচাহ গর্ভান্নিঃসৃতং মায়া মামভিভবিষ্যতি তস্মাদত্রৈব ভগবন্তং ধ্যাপয়ামীতি। ব্যাস আহ। মায়া ন ত্বামভিভবিষ্যতীতি মদ্বচনমেব প্রমাণীকৃত্য গর্ভান্নিঃসর স্বমুখং মাং দর্শয় মৎপত্নীং মা পীড়য়েতি। স আহ পত্নী পুত্রাদ্যাসক্তস্যৈব ত্বামপি মায়াভিভূতং জানামাত স্তদ্বচনং ন প্রমাণীকরোমি। ব্যাস আহ তর্হি কস্য বাক্যং প্রমাণী কুরুষে স আহ যস্য মায়েতি ব্যাস আহ। তর্হি তমত্রৈবানয়ামীত্যুক্ত্বা দ্বারকাং গত্বা নিবেদিত সর্ব্ব বৃত্তান্তং ভগবন্তং স্বপর্ণশালাভ্যন্তরমানীয় ব্যাসঃ পুনরাহ ভোঃ পুত্র আয়াতোঽয়ং ভগবানিতি ততঃ স আহ। হং ব্রূহি মাধব জগৎ নিগড়োপমা সা মায়াখিলস্য নবিলজ্ঘ্যতমা ত্বদীয়া। বধ্নাতি মাং ন যদি গর্ভমিমং বিহায় যাস্যামি সংপ্রতি বহিঃ প্রতিভূস্ব মত্রেতি

যোগী স গবি ভার্য্যায়াং বিষ্বক্সেনমধাৎ সুতং। জৈগীষব্যোপদেশেন যোগতন্ত্রং চকার হ ॥ ১৮॥
উদক্সেনস্ততস্তস্মাদ্ভল্লাটো বার্হদীষবাঃ ॥ ১৯ ॥
যবীনরো দ্বিমীঢ়স্য কৃতিমাংস্তৎসুতঃ স্মৃতঃ। নাম্না সত্যধৃতি স্তস্য দৃঢ়নেমিঃ সুপার্শ্বকৃৎ ॥ ২০ ॥

### শ্রীধরস্বামী।

সচ ব্রহ্মদত্তো যোগী গবি বাচি সরস্বত্যাং। সএব যোগতন্ত্রং চকার। ১৮।
বার্হদীষবাঃ বৃহদিষোর্বংশ্যা ইমে দীর্ঘস্য মার্গং ॥ ১৯ ॥
সুপার্শ্বকৃৎ সুপার্শ্বস্য পিতা। ২০।

### ক্রমসন্দর্ভঃ

ব্যাস শোধন পটোরিতি চাহ বাক্ষ্য। নারায়ণাপচিতি স্তাজনমেব মেব ভুত্বা যযৌ দ্বিজবয়ঃ সহ কৃষ্ণশুকঃ। প্রাহ প্রবিশ্য পুনরেব স কাশ্মিশীকঃ কিঞ্চিৎ পরাঙ্মুখবধিষ্ঠিতাং গর্ভশস্কী। ব্যাস উবাচ। অয়মত্যাগতো গর্ভদ্বারবত্যা গদাধরঃ। গৃহীত্বৈনং প্রতিভুবং নিষ্ক্রমং কুরু পুত্রক। গর্ভ উবাচ। ত্বং ব্রুহি · · মব জগন্নিগড়োপমেয়ং মায়াখিলস্য ন বিলঙ্ঘ্যতমা ত্বদীয়া। বধ্নাতি মাং ন যদি গর্ত্ত মিমং বিহায় যাস্যামি সংপ্রতি বহিঃ প্রতিভূর্ভবান্। আব্রহ্ম বিশ্বমখিলং তব মায়য়ৈব বন্ধং ত্বয়ৈব ভব দুঃখ হরত্বমেব। ইত্যাদি। সুত উবাচ। ইত্থং তদীয় বচসা ভগবান্ প্রতীতঃ প্রাহ প্রহস্য শনকৈরিতি বাচমীশঃ। মন্মায়য়া ন ভবিতা তব সংপ্রয়োগো যোগাবৃতাঙ্গ কুরু নিষ্ক্রমণং বিশঙ্কঃ। গন্তাসি মোক্ষ মধুনৈব মম প্রসাদাজ্জীবন্নবাপ্স্যসি মহোদয় সৌখ্যমঙ্গ। যং ত্বং বদন্তি মুনয়ো বহু দুঃখ যোগ বুদ্ধের্ব্বিয়োগমবিয়োগ করং ময়া যৎ। বাক্যাবসান মনুবিশ্য ততস্স গর্ভাত্তস্যা ঝটিত্যথ বিনির্গত এব যোগী: স দ্বাদশাব্দমিত বেষ বয়াঃ প্রণম্য ব্যাসং হরিং স্বজননীমথ সংপ্রতস্থে। ততশ্চ পিতাপুত্রসম্বাদানন্তরং শ্রীভগবানুবাচ। ব্যাস ত্বদীয় তনয়ঃ শুক বন্মনোজ্ঞং ব্রূতে বচো ভবতু তচ্ছুক এব নাম্না। হর্ষোব বৎস্যতি তথাপি ন মায়য়ায়ং স্পৃষ্টোযতো মম কৃপা হৃদি মাস্ম শোকং। যাস্যোগৃহং বয়মপি প্রবুরুষ বাক্যং যৎ ধাময়ং পরম ভাগবতোত্তুবাচ ইতি। ইত্থং জগত্রয় গুরুঃ পুরুষো-ত্তম ত্বং সংবোধ্য বোধ নিধিনাত্তরথাধিরূঢ়ঃ। আমন্ত্র্য ভারত কবিং দ্বিজবর্য্যমুচ্চৈ স্তাং দ্বারকাং সুরপুরীং ক্রতমাজগামেতি ॥১৭ ॥ ১৮। ১৯। ২০ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভগবানাহ মন্মায়য়া ন ভবিতা তব সংপ্রয়োগো গন্তাসি মোক্ষ মধুনৈব মম প্রসাদাদিতি। ততো গর্ত্তান্নিঃসৃত্য প্রণম্য বহু স্তবা-নং তং দৃষ্ট্বা ভগবানাহ। ব্যাস ত্বদীয় তনয়ঃ শুকবন্মনোজ্ঞং ব্রূতে বচোভবতু তচ্ছুক এব নাম্নেতি। ব্যাস মামন্ত্র্য রথমারুহ্য দ্বারকাং প্রতস্থে শুকোপি প্রবব্রাজ ব্যাসস্তমনুজগামেতি। শ্রীস্বামিচরণাস্তু অরণীসংভূতঃ শুকএব বিরহাতুরং পিতর মনুব্রজন্তং মালক্ষ্য ছায়াশুকং নির্ম্মায় প্রবব্রাজ ছায়াশুকস্যৈব গার্হস্থ্য ব্যবহার ইত্যাহুঃ। স ব্রহ্মদত্তোগবি সরস্বত্যাং। ১৭।
সএব যোগতন্ত্রং চকার ইমে বার্হদীষবা বৃহদিষোর্বংশ্যা দীর্ঘস্য মার্গং। ১৮ ॥
সুপার্শ্বকৃৎ সুপার্শ্বজনকঃ। ১৯। ২০। ২১ ॥

সেই ব্রহ্মদত্ত যোগী, তিনি আপনার সরস্বতী নাম্নী ভার্য্যার গর্ভে বিষ্বক্সেন নামে এক সন্তান উৎপাদন করেন। যিনি জৈগীষব্যের উপদেশে যোগশাস্ত্র প্রণয়ন করিয়াছিলেন ॥ ১৮ ॥

ঐ বিষ্বক্সেন হইতে উদক্সেনের জন্ম হয়। তাহা হইতে ভল্লাট উৎপন্ন হইয়াছিলেন, হে কুরু-প্রবীর পরীক্ষিৎ। এই সকল রাজা বৃহদিষুর বংশোদ্ভব ॥ ১৯ ॥

দ্বিমীঢ়ের পুত্র যবীনর, তাহার তনয় কৃতিমান্, কৃতিমানের সন্তান, সত্যধৃতি, সত্যধৃতির পুত্র দৃঢ়নেমি, তাহার সন্তান সুপার্শ্ব ॥ ২০ ॥

সুপার্শ্বাৎ সুমতিস্তস্য পুত্রঃ সন্নতিমাংস্ততঃ। কৃতী হিরণ্যনাভাদ্যো যোগং প্রাপ্য জগৌ স্ম ষট্ ॥
সংহিতা প্রাচ্যসাম্নাং বৈ নীপোহ্যুগ্রায়ুধস্ততঃ। তস্য ক্ষেম্যঃ সুবীরোঽথ সুবীরস্য রিপুঞ্জয়ঃ ॥
ততো বহুরথোনাম পুরুমীঢ়োঽপ্রজোঽভবৎ ॥ ২১ ॥
নলিন্যামজমীঢ়স্য নীলঃ শান্তিস্তু তৎসুতঃ। শান্তেঃ সুশান্তিস্তৎপুত্রঃ পুরুজোঽর্কস্ততোঽভবৎ ॥২২
ভর্ম্ম্যাশ্বস্তনয়স্তস্য পঞ্চাসন্ মুদ্গলাদয়ঃ। যবীনরো বৃহদ্বিশ্ব কাম্পিল্লঃ সঞ্জয়ঃ সুতাঃ ॥
ভর্ম্ম্যাশ্বঃ প্রাহ পুত্রা মে পঞ্চানাং রক্ষণায় হি। বিষয়াণামলমিমে ইতি পঞ্চালসংজ্ঞিতাঃ ॥
মুদ্গলাদ্ব্রহ্ম নির্বৃত্তং গোত্রং মৌদ্গল্যসংজ্ঞিতং ॥ ২৩ ॥
মিথুনং মুদ্গলাদ্ভার্ম্ম্যাদ্দিবোদাসঃ পুমানভূৎ। অহল্যা কন্যকা যস্যাং শতানন্দস্তু গোতমাৎ ॥

শ্রীধরস্বামী।

প্রাচ্য সাম্নাং ষট্ সংহিতা জগৌ বিভজ্যাধ্যাপিতবান্ ॥ ২১ ॥

অজমীঢস্য বংশ্যাঃ প্রিয়মেধাদয়ঃ কেচিদ্ব্রাহ্মণা বভূবুঃ। বৃহদিষু প্রভৃতয়ঃ ক্ষত্রিয়াশ্চেতি ... উক্তং। তস্যৈব বংশান্তরমাহ নলিন্যামিতি যাবৎ সমাপ্তি ॥ ২২ ॥

মুদ্গল একঃ যবীনরাদয়শ্চত্বার ইত্যেবং পঞ্চ ॥ ২৩ ॥

ভার্ম্ম্যাৎ ভর্ম্ম্যাশ্বপুত্রাৎ মিথুনমভূৎ। তদেবাহ দিবোদাসঃ পুমান্ অহল্যাচ কন্যকেতি ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

যোগং প্রাপ্যেতি তৎ প্রভাবাদেব জগৌ ॥ ২১। ২২। ২৩। ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অজমীঢ়স্য বংশান্তরমাহ। নলিন্যামিতি ॥ ২২ ॥

ভার্ম্ম্যাৎ ভর্ম্ম্যাশ্ব পুত্রান্মুদ্গলাৎ ॥ ২৩। ২৪ ॥

সুপার্শ্ব হইতে সুমতির জন্ম হয়, তাহার তনয় সন্নতিমান্, তাহার সন্তান কৃতী। যিনি হিরণ্যনাভের নিকট যোগ প্রাপ্ত হইয়া প্রাচ্যসামের ছয়খানি সংহিতা বিভাগ পূর্ব্বক অধ্যাপন করেন। সে যাহা হউক, ঐ কৃতী হইতে উগ্রায়ুধের উৎপত্তি হয়। তাহার পুত্র ক্ষেম্য, তৎসুত সুবীর। সুবীরের পুত্র রিপুঞ্জয়, তাহার পুত্র বহুরথ। হে রাজন্! পুরুমীঢ় নিঃসন্তান ছিলেন ॥ ২১ ॥

অজমীঢ়ের বংশে প্রিয়মেধাদি কতিপয় ব্রাহ্মণ এবং বৃহদিষু প্রভৃতি ক্ষত্রিয় উৎপন্ন হইয়াছিল, তাঁহার সেই দুই বংশ বর্ণিত হইয়াছে, এক্ষণে তাঁহার বংশান্তর শ্রবণ কর। অজমীঢ়ের নলিনী নামে যে ভার্য্যা ছিল তাহাতে নীল নামক এক সন্তান উৎপন্ন হয়, তাহার পুত্র শান্তি, শান্তির সন্তান সুশান্তি, তাহার পুত্র পুরুজ, তাহা হইতে অর্ক উৎপন্ন হয়েন ॥ ২২ ॥

অর্কের পুত্র ভর্ম্ম্যাশ্ব, তাঁহার মুদ্গল প্রভৃতি বহু বহু সন্তান হয়, অর্থাৎ মুদ্গল, যবীনর, বৃহদশ্ব, কাম্পিল্ল এবং সঞ্জয় এই পাঁচ সন্তান জন্মে। ভর্ম্ম্যাশ্ব ঐ তনয়দিগকে অবলোকন করিয়া একদা কহিয়াছিলেন আমার পাঁচটী পুত্র পঞ্চ বিষয় রক্ষণে সমর্থ, এই কারণে পরে তাহাদের পঞ্চাল সংজ্ঞা হয়। মুদ্গল হইতে মৌদ্গল্য নামক ব্রহ্মগোত্র নির্বৃত্ত হয় ॥ ২৩ ॥

ভর্ম্ম্যাশ্ব পুত্র মুদ্গল হইতে শুভ নরমিথুন উৎপন্ন হয়, তন্মধ্যে দিবোদাস নর এবং অহল্যা নাম্নী। সেই অহল্যায় গোতম হইতে শতানন্দ জন্ম গ্রহণ করেন। সতানন্দের সুত সত্যধৃতি, তিনি ধনুর্ব্বেদে সুপণ্ডিত ছিলেন। তাঁহার তনয় সেই শরদ্বান্। উর্ব্বশী দর্শনে যাঁহার শুক্র শরস্তম্বে পতিত হইয়া শুভ নরমিথুন হইয়াছিল। শান্তনু রাজা মৃগয়া করিতে গিয়া দৈবাৎ তাহাদিগকে দেখিতে পান এবং

তস্য সত্যধৃতিঃ পুত্রো ধনুর্বেদবিশারদঃ। শরদ্বাংস্তৎসুতো যস্মাদুর্ব্বশী দর্শনাৎ কিল ॥
শরস্তম্বে পতদ্রেতো মিথুনং তদভূৎ শুভং। তদ্দৃষ্ট্বা কৃপয়া গৃহ্নাৎ শান্তনুর্মৃগয়াঞ্চরন্ ॥
কৃপঃ কুমারঃ কন্যাচ দ্রোণপত্ন্যভবৎ কৃপী ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে ভরতবংশানুবর্ণনে একবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২১ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥
মিত্রায়ুশ্চ দিবোদাসাচ্চ্যবনস্তৎ সুতোনৃপ। সুদাসঃ সহদেবোঽথ সোমকো জন্তুজন্মকৃৎ ॥ ১ ॥
তস্য পুত্রশতং তেষাং যবীয়ান্ পৃষতঃ সুতঃ। স তস্মাদ্দ্রুপদো জজ্ঞে সর্ব্বসম্পৎ সমন্বিতঃ ॥
দ্রুপদাদ্দ্রৌপদী তস্য ধৃষ্টদ্যুম্নাদয়ঃ সুতাঃ। ধৃষ্টদ্যুম্নাদ্ধৃষ্টকেতুর্ভার্ম্যাঃ পাঞ্চালকা ইমে ॥ ২ ॥
যোঽজমীঢ়সুতোহন্য ঋক্ষঃ সংবরণস্ততঃ। তপত্যাং সূর্য্যকন্যায়াং কুরুক্ষেত্রপতিঃ কুরুঃ ॥
পরীক্ষিঃ সুধনু র্জহ্নু র্নিষধশ্চ কুরোঃ সুতাঃ। সুহোত্রোঽভূৎ সুধনুষশ্চ্যবনোঽথ ততঃ কৃতী ॥ ৩॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি নবমে একবিংশঃ ॥ * ॥

দ্বাবিংশেতু দিবোদাসবংশমুক্ত্বা তু বর্ণিতাঃ। ঋক্ষবংশে জরাসন্ধ পার্থ দুর্য্যোধনাদয়ঃ ॥ ১ ॥
তস্য সোমকস্য পুত্রাণাং শতং বভূব তেষাং জন্তু র্জ্যেষ্ঠঃ। যবীয়ান্ পৃষতঃ ॥ ২ ॥
অজমীঢ়স্য বংশান্তরমাহ য ইতি। ততঃ সম্বরণাৎ কুরুঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য একবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমস্যৈকবিংশোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দ্বাবিংশেঽভূদ্দিবোদাস বংশে দ্রৌপদ্যাখ্যাভবন্। ঋক্ষবংশে জরাসন্ধার্জ্জুন দুর্য্যোধনাদয়ঃ ॥ ০ ॥
তস্য সোমকস্য শতং পুত্রাস্তেষাং জন্তু র্জ্যেষ্ঠঃ কনিষ্ঠঃ পৃষতঃ যস্যাসৌ দ্রুপদঃ ॥ ১। ২। ৩ ॥

কৃপা পরবশ হইয়া লইয়া আইসেন। সেই নরমিথুন মধ্যে বালকের নাম কৃপ, বালিকার নাম কৃপী। তিনি দ্রোণাচার্য্যের পত্নী হইয়াছিলেন ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি নবমে একবিংশ ॥ * ॥

দ্বাবিংশতি অধ্যায়ে দিবোদাসের বংশ এবং ঋক্ষ বংশীয় জরাসন্ধ যুধিষ্ঠির ও দুর্য্যোধনাদির বিবরণ ॥ ০ ॥

শুকদেব কহিলেন দিবোদাসের পুত্র মিত্রায়ু, তাহার তনয় চ্যবন, চ্যবনের সন্তান সুদাস, তাহার পুত্র সহদেব, সহদেবের পুত্র সোমক। সোমকের একশত সন্তান জন্মে, তন্মধ্যে জন্তু জ্যেষ্ঠ ॥ ১ ॥

এবং পৃষৎ কনিষ্ঠ। ঐ পৃষৎ হইতে সর্ব্ব সম্পদ যুক্ত দ্রুপদ্ জন্ম গ্রহণ করেন। সেই দ্রুপদ হইতে দ্রৌপদীর জন্ম হয়। তাহার পুত্র ধৃষ্টদ্যুম্ন প্রভৃতি। তন্মধ্যে ধৃষ্টদ্যুম্ন হইতে ধৃষ্টকেতু উৎপন্ন হয়েন। এই সকল ব্যক্তি পঞ্চাল বংশীয় ॥ ২ ॥

হে রাজন্! অতঃপর অজমীঢ়ের বংশান্তর বলি শ্রবণ কর। অজমীঢ়ের অন্য তনয় যে ঋক্ষ, তাহার পুত্র সম্বরণ। ঐ সম্বরণ হইতে সূর্য্যতনয়া তপতীর গর্ব্ভে কুরুক্ষেত্রপতি কুরু জন্ম গ্রহণ করেন। সেই কুরুর চারি সন্তান যথা—পরীক্ষি, সুধনু, জহ্নু, নিষধ। তন্মধ্যে সুধনুর পুত্র সুহোত্র, তাহার পুত্র চ্যবন, চ্যবনের সন্তান কৃতী ॥ ৩ ॥

বসুস্তস্যোপরিচরো বৃহদ্রথমুখাস্ততঃ। কুশাম্ব মৎস্য প্রত্যগ্রাশ্চেদিপাদ্যাশ্চ চেদিপাঃ॥ ৪॥
বৃহদ্রথাৎ কুশাগ্রোঽভূদৃষভস্তস্য তৎসুতঃ। জজ্ঞে সত্যহিতোঽপত্যং পুষ্পবাং স্তৎসুতোজহুঃ॥৫
অন্যস্যামপি ভার্য্যায়াং সকলে দ্বে বৃহদ্রথাৎ। তে মাত্রা বহিরুৎসৃষ্টে জরয়াচাভিসন্ধিতে॥
জীব জীবেতি ক্রীড়ন্ত্যা জরাসন্ধোঽভবৎ সুতঃ॥ ৬॥
ততশ্চ সহদেবোঽভূৎ সোমাপির্যৎ শ্রুতশ্রবাঃ॥ ৭॥
পরীক্ষিরনপত্যোঽভূৎ সুরথোনাম জাহ্নবঃ। ততোবিদূরথস্তস্মাৎ সার্ব্বভৌমস্ততোঽভবৎ॥ ৮॥
জয়সেন স্তত্তনয়ো রাধিকোঽতো ঽযুতায্বভূৎ। ততশ্চাক্রোধনস্তস্মাদ্দেবাতিথিরমুষ্যচ॥
ঋক্ষস্তস্য দিলীপোঽভূৎ প্রতীপস্তস্য চাত্মজঃ॥ ৯॥

শ্রীধরস্বামী।

তস্য কৃতিন উপরিচরো বসু স্ততো বসোর্বৃহদ্রথো মুখমাদি যেষাং তানেবাহ কুশাম্বেতি॥ ৪॥
তৎসুতঃ পুষ্পবান্ জজ্ঞে তস্যাপত্যং সত্যহিত ইতি যোজ্যঃ॥ ৫॥
জরয়া রাক্ষস্যা॥ ৬॥
যস্মাৎ সোমাপেঃ শ্রুতশ্রবাঃ॥ ৭॥
কুরোঃ পুত্রঃ পরীক্ষিরনপত্যঃ জাহ্নবঃ জহ্নোঃ পুত্রঃ॥ ৮॥
অতো রাধিকাদযুতায়ুরভূদিত্যর্থঃ॥ ৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বৃহদ্রথ মুখানেবাহ। কুশাম্বেত্যাদি॥ ৪। ৫॥ জরয়া রাক্ষস্যা॥ ৬॥ যৎ যস্য সোমাপেঃ॥ ৭॥
পরীক্ষিঃ কুরুপুত্রঃ। জাহ্নবঃ। কুরু পুত্রস্য জহ্নোঃ পুত্রঃ সুরথঃ॥ ৮॥
অতো রাধিকাদযুতায়ুরভূৎ॥ ৯। ১০॥

কৃতির পুত্র উপরিচর বসু, তাহা হইতে বৃহদ্রথ প্রভৃতির উৎপত্তি হয়। অন্য পুত্রদের নাম যথা—কুশাম্ব, মৎস্য, প্রত্যগ্র এবং চেদিপ ইত্যাদি। তাঁহারা সকলেই চেদিপ অর্থাৎ চেদিদিগের রাজা ছিলেন॥ ৪॥

সে যাহা হউক, বৃহদ্রথ হইতে কুশাগ্রের জন্ম হয়, তাহার তনয় ঋষভ, তৎপুত্র সত্যহিত। সত্যহিতের সন্তান পুষ্পবান্, তাহার অপত্য জহু॥ ৫॥

হে রাজন্! বৃহদ্রথের অন্য ভার্য্যায় দুই খণ্ড সন্তান জন্মিয়াছিল। তাহাদের জননী তাহাদিগকে তদ্রূপ দেখিয়া বাহিরে ফেলিয়া দেয়, পরে জরা রাক্ষসী দেখিতে পাইয়া (জীবিত হও জীবিত হও) এই বাক্য উচ্চারণ পূর্ব্বক ক্রীড়া করিতে করিতে সেই দুই খণ্ড মিলাইয়া দিয়াছিল, তাহাতেই সেই বালক সর্ব্বাবয়ব সম্পন্ন হইয়া জরাসন্ধ নাম প্রাপ্ত হইয়াছিল॥ ৬॥

ঐ জরাসন্ধের পুত্র সহদেব, তাহার পুত্র সোমাপি তাহা হইতে শ্রুতশ্রবার উদ্ভব হয়॥ ৭॥

রাজন্! কুরুপুত্র পরিক্ষি নিঃসন্তান। জহ্নুর তনয় সুরথ। ঐ সুরথ হইতে বিদূরথের জন্ম হয়, তাহার পুত্র সার্ব্বভৌম॥ ৮॥

তাহার তনয় জয়সেন, জয়সেনের সন্তান রাধিক, তাহা হইতে অযুতায়ুর উৎপত্তি হয়। অযুতায়ুর পুত্র অক্রোধন, তাহার পুত্র দেবাতিথি। তৎসুত ঋক্ষ, ঋক্ষ হইতে দিলীপ জন্ম গ্রহণ করেন, তাহার আত্মজ প্রতীপ॥ ৯॥

দেবাপিঃ শান্তনুস্তস্য বাহ্লীক ইতি চাত্মজাঃ। পিতৃরাজ্যং পরিত্যজ্য দেবাপিস্তু বনং গতঃ ॥১০॥
অভবচ্ছান্তনু রাজা প্রাঙ্মহাভিষসংজ্ঞিতঃ। যং যং করাভ্যাং স্পৃশতি জীর্ণং যৌবনমেত্যতি ॥
শান্তিমাপ্নোতি চৈবাগ্র্যাং কর্ম্মণা তেন শান্তনুঃ ॥ ১১ ॥
সমা দ্বাদশ তদ্রাজ্যে ন ববর্ষ যদা বিভুঃ। শান্তনু ব্রাহ্মণৈরুক্তঃ পরিবেত্তায়মগ্রভুক্ ॥ ১২ ॥
রাজ্যং দেহ্যগ্রজায়াশু পুররাষ্ট্র বিবৃদ্ধয়ে। এবমুক্তো দ্বিজৈর্জ্যেষ্ঠং ছন্দয়ামাস সোঽব্রবীৎ।
তন্মন্ত্রিপ্রহিতৈর্বিপ্রৈর্বেদাদ্বিভ্রংশিতো গিরা। বেদবাদাতিবাদান্ বৈ তদা দেবোববর্ষহ।

শ্রীধরস্বামী।

তস্য প্রতীপস্য দেবাপি শান্তনু বাহ্লীকাঃ ॥ ১০ ॥

প্রাক্ পূর্ব্বজন্মনি মহাভিষ ইতি সংজ্ঞা জাতা যস্য সঃ ॥ ১১ ॥

যদা দেবো ন ববর্ষ তদা শান্তনু স্তত্র কারণং ব্রাহ্মণান্ পপ্রচ্ছ ব্রাহ্মণৈশ্চৈব মুক্তঃ। দারাগ্নিহোত্র সংযোগং কুরুতে যোঽগ্রজে স্থিতে। পরিবেত্তা স বিজ্ঞেয়ঃ পরিবিত্তিস্তু পূর্ব্বজ ইতি স্মৃতেঃ। যোঽগ্রজং ভুবমগ্রতো ভুনক্তি অয়ং তাদৃশোঽপি পরিবেত্তৈব ভবতি ॥ ১২ ॥

অতস্তদোষ পরিহারায় রাজ্যমগ্রজায় দেহি ততোবৃষ্টি র্ভবিষ্যতি ইত্যেবং মুক্তঃ শান্তনুর্বনং গত্বা জ্যেষ্ঠং ছন্দয়ামাস রাজ্ঞঃ প্রজাপলনাদি পরোধর্ম্মঃ অতস্ত্বং রাজ্যং স্বীকুর্ব্বিতি প্রার্থিতবান্ ততঃ পূর্ব্বমেব তস্য মন্ত্রিণা অশ্মবার সংজ্ঞেন দেবাপিং পাষণ্ডীকৃত্য

ক্রমসন্দর্ভঃ।

দারাগ্নিহোত্র সংযোগ মিত্যস্য প্রথমানধিকারিত্ব তাৎপর্য্য মিত্যভিপ্রেত্যাহ অগ্রভুগিতি ॥১।২।৩।৪।৫।৬।৭।৮।৯।১০।১১।১২॥

এবমিতি সার্দ্ধকং। তন্মন্ত্রিভি রিত্যত্র ততো নিহ্নুতোতি জ্ঞেয়ং ॥ ১৩। ১৪। ১৫। ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রাক্ পূর্ব্ব জন্মনি। যং জীর্ণং বৃদ্ধং সজীর্ণঃ যৌবনং এষ্যতি প্রাপ্নোতি ॥ ১১ ॥

বিভুরিন্দ্রঃ। দারাগ্নিহোত্র সংযোগং কুরুতে যোঽগ্রজে স্থিতে। পরিবেত্তা স বিজ্ঞেয়ঃ পরিবিত্তিস্তু পূর্ব্বজঃ। ইতি স্মৃতেঃ। ত্বমগ্রজে দেবাপৌ বর্ত্তমানেপি অগ্রভুক্ কৃতদারো রাজ্যভোক্তা পরিবেত্তৈবেতি দোষাদিন্দ্রো ন বর্ষতি তস্মাদ্রাজ্যমিত্যাদি ॥ ১২ ॥

ছন্দয়ামাস ত্বং রাজ্যং কুর্ব্বিতি প্রার্থিতবান্ ততঃ স বেদবাদাতিবাদান্ বেদনিন্দাবাক্যানি অব্রবীৎ তত্র হেতুঃ তস্য শান্তনো র্মন্ত্রিণা অশ্মবারসংজ্ঞেন শান্তনুপ্রার্থনাৎ পূর্ব্বমেব দেবাপিং পাষণ্ডীকৃত্য রাজ্যানর্হং কর্ত্তুং শান্তনু প্রভৃত্যলক্ষিতং যে প্রহিতা

ঐ প্রতীপের তিন পুত্র, দেবাপি, শান্তনু এবং বাহ্লিক। তন্মধ্যে জ্যেষ্ঠ দেবাপি পিতৃরাজ্য পরিত্যাগ করিয়া অরণ্য গমন করিয়াছিলেন ॥ ১০ ॥

অতএব মধ্যম তনয় শান্তনু রাজা হয়েন। পূর্ব্ব জন্মে ইহাঁর নাম মহাভিষক্ ছিল, ইনি কর দ্বারা যে কোন জীর্ণ পুরুষকে স্পর্শ করিতেন, সেই ব্যক্তিই যৌবন প্রাপ্ত হইত এবং উৎকৃষ্ট শান্তি লাভ করিত। এই কর্ম্ম দ্বারা ইহাঁর নাম শান্তনু হয় ॥ ১১ ॥

কিন্তু শান্তনু রাজা হইলে দ্বাদশ বৎসর দেবতা বারি বর্ষণ করিলেন না, অতএব রাজা উদ্বিগ্ন চিত্তে ব্রাহ্মণদিগকে তৎ কারণ জিজ্ঞাসা করিলেন। ব্রাহ্মণেরা ঐ বিষয়ে এই মাত্র কহিয়াছিলেন মহারাজ! অগ্রজ সত্ত্বে যে ব্যক্তি রাজ্য ভোগ করে, সে আপনকার সদৃশ পুরুষ হইলেও পরিবেত্তাই হয় ॥ ১২ ॥

আপনি পরিবেদন দোষে দোষী হইয়াছেন, ঐ দোষ পরিহারার্থ আশু অগ্রজকে আনাইয়া রাজ্য দান করুন, তাহা হইলে দেবতা বর্ষণ করিবেন ও পুর এবং রাষ্ট্র বৃদ্ধিশীল হইবেক। বিপ্রদিগের এই বাক্য শ্রবণ করিয়া শান্তনু তৎক্ষণাৎ বনে প্রস্থান করিলেন এবং "রাজার প্রজা পালনাদি পরম ধর্ম্ম, আপনি রাজ্য স্বীকার করুন" বলিয়া রাজ্য গ্রহণার্থ অগ্রজকে বিনয় করিতে লাগিলেন। পরন্তু ইতি

দেবাপি র্যোগমাস্থায় কলাপগ্রামমাশ্রিতঃ। সোমবংশে কলৌ নষ্টে কৃতাদৌ স্থাপয়িষ্যতি ॥১৩॥
বাহ্লীকাৎ সোমদত্তোঽভূদ্ভূরি র্ভূরিশ্রবাস্ততঃ। শলশ্চ শান্তনোরাসীদ্গঙ্গায়াং ভীষ্ম আত্মবান্ ॥১৪
সর্ব্বধর্ম্মবিদাং শ্রেষ্ঠো মহাভাগবতঃ কবিঃ। বীরযূথাগ্রণীর্যেন রামোঽপি যুধি তোষিতঃ ॥ ১৫ ॥
শান্তনোর্দাসকন্যায়াং জজ্ঞে চিত্রাঙ্গদঃ সুতঃ। বিচিত্রবীর্য্যশ্চাবরজো নাম্না চিত্রাঙ্গদো হতঃ ॥১৬॥
যস্যাং পরাশরাৎ সাক্ষাদবতীর্ণো হরেঃ কলা। বেদগুপ্তো মুনিঃ কৃষ্ণো যতোঽহমিদমধ্যগাং।

শ্রীধরস্বামী।

রাজ্যানর্হং কর্ত্তুং যে প্রহিতা বিপ্রাস্তৈঃ পাষণ্ডমতাশ্রয়য়া গিরা বেদাদ্বিভ্রংশিতঃ সন্ বেদবাদস্যাতিবাদান্ নিন্দাবচনানি সোঽব্রবীৎ। অতস্তস্য পাতিত্যেন রাজ্যানর্হত্বে জাতে শান্তনো র্দোষাভাবাৎ দেবোঽববর্ষেত্যর্থঃ ॥ ১৩ ॥

ততঃ সোমদত্তাৎ ভূরি র্ভূরিশ্রবাঃ শলশ্চেতি ত্রয়ঃ ॥ ১৪ ॥

রামো জামদগ্ন্যঃ ॥ ১৫ ॥

দাসকন্যায়ামিতি উপরিচরস্য বসোর্বীর্য্যেণ মৎস্যাগর্ভাদুৎপন্না কন্যা দাসৈঃ কৈবর্ত্তৈঃ পালিতা অতো দাসকন্যেতি প্রসিদ্ধায়াং সত্যবত্যাং নাম্না তৎ সমান নাম্না চিত্রাঙ্গদেন গন্ধর্ব্বেণ যুদ্ধে হতঃ ॥ ১৬ ॥

যস্যাং সত্যবত্যাং শান্তনুপরিগ্রহাৎ পূর্ব্বমেব বেদা গুপ্তা যেন যতোঽহং জাত ইদং ভাগবতং চাধ্যগাং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিপ্রাস্তৈঃ পাষণ্ডমতাশ্রয়য়া গিরা বেদাদ্বিভ্রংশিতঃ। ততশ্চ তস্য পাতিত্যেনৈব তস্য রাজ্যানর্হত্বে জাতে শান্তনোর্দোষাভাবাৎ দেবো ববর্ষেত্যর্থঃ ॥ ১৩। ১৪। ১৫ ॥

দাসকন্যায়ামিতি উপরিচরবসোর্বীর্য্যেণ মৎস্যাগর্ভাদুৎপন্না কন্যা দাসৈঃ কৈবর্ত্তৈঃ পালিতা অতো দাসকন্যেতি প্রসিদ্ধায়াং সত্যবত্যাং নাম্না তৎ সমাননাম্না চিত্রাঙ্গদেন গন্ধর্ব্বেণ যুদ্ধে হতঃ ॥ ১৬ ॥

যস্যাং সত্যবত্যাং শান্তনুপরিগ্রহাৎ পূর্ব্বমেব হরেঃ কলা ব্যাসঃ। বেদা গুপ্তা যেন সঃ। ইদং শ্রীভাগবতং ॥ ১৭ ॥

পূর্ব্বে শান্তনুর মন্ত্রী অশ্মবার দেবাপিকে পাষণ্ড করিয়া রাজ্যানর্হ করিবার নিমিত্ত তাঁহার নিকট কতকগুলি ব্রাহ্মণকে পাঠাইয়া দিয়াছিল, বিপ্রগণ পাষণ্ড মতানুযায়ি কথা দ্বারা বেদবর্ত্ম হইতে পরিভ্রষ্ট করাতে দেবাপি শান্তনুর প্রার্থনায় সম্মত না হইয়া বরং বেদ শাস্ত্রের নিন্দা করিতে লাগিলেন। অতএব বেদনিন্দা দ্বারা পাতিত্য জন্মিবাতে দেবাপি রাজ্যানর্হ হইলেন, সুতরাং তদনন্তর শান্তনুর রাজ্যভোগে আর কোন দোষ রহিল না। পরে যথাকালে বর্ষণ হইতে থাকিল। তদবধি দেবাপি যোগ অবলম্বন পূর্ব্বক কলাপ গ্রামে অবস্থিতি করিতেছেন। কলিযুগে সোমবংশ বিনষ্ট হইলে সত্যের প্রথমে তিনি ঐ বংশ স্থাপন করিবেন ॥ ১৩ ॥

সে যাহা হউক, শান্তনু পুত্র বাহ্লীক হইতে সোমদত্তের উদ্ভব হয়। তাহার তিন তনয় ভূরি, ভূরিশ্রবা এবং শল। হে রাজন্! ঐ শান্তনু হইতে গঙ্গায় আত্মজ্ঞ সেই ভীষ্ম জন্মিয়াছিলেন ॥ ১৪ ॥

যিনি সমস্ত ধর্ম্মজ্ঞ জনের শ্রেষ্ঠ, মহাভাগবত, বিদ্বান্ এবং বীর সমূহের অগ্রণী ছিলেন, আর সংগ্রামে পরশুরামেরও সন্তোষ উৎপাদন করিতেন ॥ ১৫ ॥

হে রাজন্! ঐ শান্তনু হইতে দাসকন্যায় অর্থাৎ উপরিচর বসুর বীর্য্যে মৎস্যাগর্ভে এক কন্যা জন্মিয়াছিল, দাসেরা (কৈবর্ত্তেরা) তাহাকে প্রতিপালন করে, সেই কারণে দাসকন্যা বলিয়া প্রসিদ্ধা হয়, বস্তুতঃ তাহার নাম সত্যবতী ছিল, তাহাতে চিত্রাঙ্গদ ও বিচিত্রবীর্য্য নামে দুই পুত্র জন্মে। তন্মধ্যে জ্যেষ্ঠ চিত্রাঙ্গদ, চিত্রাঙ্গদ নামক জনৈক গন্ধর্ব্ব কর্ত্তৃক যুদ্ধে নিহত হন ॥ ১৬ ॥

শান্তনু রাজ্য পরিগ্রহ করিবার পূর্ব্বে ঐ দাসকন্যায় (সত্যবতীতে) মহর্ষি পরাশর হইতে সাক্ষাৎ

হিত্বা স্বশিষ্যান্ পৈলাদীন্ ভগবান্ বাদরায়ণঃ। মহ্যং পুত্রায় শান্তায় পরং গুহ্যমিদং জগৌ ॥১৭॥
বিচিত্রবীর্য্যোঽথোবাহ কাশিরাজসুতে বলাৎ। স্বয়ম্বরাদুপানীতে অম্বিকাম্বালিকে উভে।
তয়োরাসক্তহৃদয়ো গৃহীতোযক্ষ্মণা মৃতঃ ॥ ১৮ ॥
ক্ষেত্রেঽপ্রজস্য বৈ ভ্রাতুর্মাত্রোক্তো বাদরায়ণঃ। ধৃতরাষ্ট্রঞ্চ পাণ্ডুঞ্চ বিদুরঞ্চাপ্যজীজনৎ ॥ ১৯ ॥
গান্ধার্য্যাং ধৃতরাষ্ট্রস্য যজ্ঞে পুত্রশতং নৃপ। তত্র দুর্য্যোধনো জ্যেষ্ঠো দুঃশলা চাপি কন্যকা ॥২০॥
শাপাৎ মৈথুনরুদ্ধস্য পাণ্ডোঃ কুন্ত্যাং মহারথাঃ। জাতা ধর্ম্মানিলেন্দ্রেভ্যো যুধিষ্ঠিরমুখাস্ত্রয়ঃ ॥২১
নকুলঃ সহদেবশ্চ মাদ্র্যাং নাসত্যদস্রয়োঃ। দ্রৌপদ্যাং পঞ্চ পঞ্চভ্যঃ পুত্রাস্তে পিতরোঽভবন্।

শ্রীধরস্বামী।

স্বয়ম্বরাদ্ভীষ্মেণ বলাদুপানীতে ॥ ১৮ ॥
মাত্রা সত্যবত্যা উক্তঃ ইতি নিষিদ্ধভাবমাহ অপতিরপত্যলিপ্সুঃ দেবরাৎ গুরুপ্রযুক্তাৎ ঋতুমতী ইত্যাদি বচনাৎ ॥ ১৯ ॥
দুঃশলা নাম কন্যা চ জজ্ঞে ॥ ২০ ॥ অরণ্যে মৃগশাপাৎ মৈথুনে রুদ্ধস্য প্রতিষিদ্ধস্য ॥ ২১ ॥
নাসত্যদস্রাভ্যামশ্বিভ্যাং পঞ্চভ্যো যুধিষ্ঠিরাদিভ্যঃ পঞ্চাভবন্ ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

শান্তায় ব্রহ্মনিষ্ঠায় ॥ ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২। ২৩। ২৪। ২৫। ২৬। ২৭

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বয়ম্বরাদ্ভীষ্মেণ বলাদুপানীতে ॥ ১৮ ॥
অপ্রজস্য বিচিত্রবীর্য্যস্য মাত্রা সত্যবত্যা উক্ত ইতি অপতিরপত্যলিপ্সুর্দেবরাদ্গুরুপ্রযুক্তাৎ ঋতুমতীয়াদিতি বচনবলাৎ ॥১৯।২০।২১
অরণ্যে মৃগশাপান্মৈথুনে রুদ্ধস্য নাসত্যদস্রাভ্যাং অশ্বিভ্যাং ॥ ২২। ২৩ ॥

ভগবান্ হরির অংশে কৃষ্ণদ্বৈপায়ন মুনি অবতীর্ণ হয়েন, যাঁহা হইতে বেদ সকল পূর্ব্বে গুপ্ত হয় এবং যাঁহার নিকট আমি ভাগবত শাস্ত্র অধ্যয়ন করি। সেই ভগবান্ বাদরায়ণের পৈলাদি অনেক শিষ্য ছিল, কিন্তু তিনি সেই সকল শিষ্যকে পরিত্যাগ করিয়া আমি তাঁহার সুশান্ত তনয় বলিয়া আমারই নিকট পরম গুহ্য ভাগবত শাস্ত্র ব্যাখ্যা করিয়া ছিলেন ॥ ১৭ ॥

সে যাহা হউক, উল্লিখিত বিচিত্রবীর্য্য কাশিরাজের দুই কন্যা অম্বিকা ও অম্বালিকার পাণি গ্রহণ করেন। মহাবল ভীষ্ম স্বয়ম্বর হইতে বল দ্বারা তাহাদিগকে আনিয়া দেন। ঐ দুই বনিতায় বিচিত্রবীর্য্য অত্যন্ত আশক্ত হওয়াতে অল্প কাল মধ্যে যক্ষ্মা গ্রস্ত হইয়া নিধন প্রাপ্ত হয়েন ॥ ১৮ ॥

তাঁহার সন্তান সন্ততি হয় নাই, তাঁহার সহোদর ভগবান্ বেদব্যাস মাতৃনিয়োগে তদীয় ক্ষেত্রে ধৃতরাষ্ট্র, পাণ্ডু এবং বিদুর এই তিনটী পুত্র উৎপন্ন করিয়া দেন ॥ ১৯ ॥

তন্মধ্যে ধৃতরাষ্ট্রের পত্নী গান্ধারী, তাহাতে ধৃতরাষ্ট্রের শত পুত্র জন্মে, তাহাদের মধ্যে দুর্য্যোধন জ্যেষ্ঠ। অপর দুঃশলা নামে এক কন্যা হয় ॥ ২০ ॥

রাজন্! পাণ্ডুরাজা অরণ্যে মৃগয়া করিতে গিয়া মৈথুন রত একটী মৃগ বধ করাতে মৃগশাপে মৈথুন ব্যাপারে নিষিদ্ধ হইয়া ছিলেন তাঁহার বনিতা কুন্তীর গর্ব্ভে ধর্ম্ম, ইন্দ্র এবং বায়ু হইতে যুধিষ্ঠি-রাদি তিন তনয় উৎপন্ন হয় ॥ ২১ ॥

আর তাঁহার মাদ্রী নামে যে ভার্য্যা ছিল তাহাতে অশ্বিনী কুমারদ্বয় হইতে নকুল ও সহদেব নামে দুই পুত্র জন্মে। ঐ পঞ্চ পাণ্ডবের পত্নী দ্রৌপদী। তাঁহার গর্ব্ভে যুধিষ্ঠিরাদি পঞ্চ পাণ্ডব হইতে পাঁচটী

যুধিষ্ঠিরাৎ প্রতিবন্ধ্যঃ শ্রুতসেনো বৃকোদরাৎ। অর্জ্জুনাচ্ছ্রুতকীর্ত্তিস্তু শতানীকস্তু নাকুলিঃ॥ ২২॥
সহদেবঃ সুতো রাজন্ শ্রুতকর্ম্মা তথা পরে॥ ২৩॥
যুধিষ্ঠিরাত্তু পৌরব্যাং দেবকোঽথ ঘটোৎকচঃ। ভীমসেনাৎ হিড়িম্বায়াং কাল্যাং সর্ব্বগতস্ততঃ॥২৪
সহদেবাৎ সুহোত্রস্তু বিজয়াসূত পার্ব্বতী। করেণুমত্যাং নকুলো নরমিত্রং তথার্জ্জুনঃ।
ইরাবন্তমুলুপ্যাং বৈ সুতায়াং বভ্রুবাহনং। মণিপূরপতেঃ সোঽপি তৎপুত্রঃ পুত্রিকাসুতঃ।
তব তাতঃ সুভদ্রায়ামভিমন্যুরজায়ত। সর্ব্বাতিরথজিদ্বীর উত্তরায়াং ততো ভবান্।
পরিক্ষীণেষু কুরুষু দ্রৌণের্ব্রহ্মাস্ত্রতেজসা। ত্বঞ্চ কৃষ্ণানুভাবেন সজীবো মোচিতোঽন্তকাৎ।
তবেমে তনয়া স্তাত জনমেজয় পূর্ব্বকাঃ। শ্রুতসেনো ভীমসেন উগ্রসেনশ্চ বীর্য্যবান্।
জনমেজয়স্ত্বাং বিদিত্বা তক্ষকান্নিধনং গতং। সর্পান্ বৈ সর্পযাগাগ্নৌ সহোষ্যতি রুষান্বিতঃ॥ ২৫॥

শ্রীধরস্বামী।

তথাপরেচ ভার্য্যাস্বপরেষু॥ ২৩॥

কালী চান্যা ভীমস্য ভার্য্যা তস্যাং ততো ভীমাৎ সর্ব্বগতো নাম পুত্রোঽভবদিত্যর্থঃ॥ ২৪॥

উলুপ্যাং নাগকন্যায়াং মণিপূরপতেঃ সুতায়াং পুত্রিকা ধর্ম্মেণ দত্তায়াং বভ্রুবাহনমসূত অতস্তৎ পুত্রঃ সন্নপি স পুত্রিকাসুতঃ মাতা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কালীচান্যা ভীমস্য ভার্য্যা তস্যাং সর্ব্বগতঃ॥ ২৪॥

পার্ব্বতী পর্ব্বতকন্যা। উলুপ্যাং নাগকন্যায়াং মণিপূরপতেঃ সুতায়াং পুত্রিকাধর্ম্মেণ দত্তায়াং বভ্রুবাহনমসূত। অতস্তৎপুত্রঃ

সন্তান হইয়াছিল, তাঁহারা তোমার পিতৃগণ। অর্থাৎ যুধিষ্ঠির হইতে প্রতিবন্ধ্য, ভীম হইতে শ্রুতসেন, অর্জ্জুন হইতে শ্রুতকীর্ত্তি, নকুল হইতে শতানীক॥ ২২॥

এবং সহদেব হইতে শ্রুতকর্ম্মা উৎপন্ন হন। হে রাজন্! ঐ পঞ্চ পাণ্ডবের অন্যান্য ভার্য্যায় তদ্ভিন্ন অন্যান্য পুত্রও জন্মিয়াছিল॥ ২৩॥

যুধিষ্ঠিরের পৌরবী নামে অন্য যে ভার্য্যা ছিল তাহাতে দেবক নামে এক পুত্র হয়। ভীমসেনের হিড়িম্বা নাম্নী বনিতায় ঘটোৎকচ জন্মে। তাঁহার কালী নামে অপরা এক ভার্য্যা ছিল তাহাতে সর্ব্বগত নাম্না এক সন্তান উৎপন্ন হয়॥ ২৪॥

সহদেবের বিজয়া নামে অন্য যে পর্ব্বত দুহিতা ভার্য্যা ছিল তাহার গর্ব্ভে সুহোত্র নামক এক পুত্র জন্ম গ্রহণ করে। আর নকুলের করেণুমতি নাম্নী বনিতায় নরমিত্র নামক অপর এক সন্তান উদ্ভব হয়। আর মণিপূরপতিকে যে নাগ কন্যা পুত্রিকা ধর্ম্মে প্রদত্তা হয় তাহাতে ঐ অর্জ্জুনের বভ্রুবাহন নামে এক সন্তান হইয়া ছিল, কিন্তু সেই পুত্র তাঁহার পুত্র হয় নাই, তাঁহার জননী পুত্রিকা হওয়াতে সে মাতামহের পুত্র হইয়া ছিল। সে যাহা হউক, ঐ অর্জ্জুনের সুভদ্রা নামে আরও এক ভার্য্যা ছিল তাহাতে তোমার পিতা অভিমন্যু উৎপন্ন হয়েন, তিনি সমস্ত অতিরথ বীরের জয়কারী এবং মহাবীর ছিলেন। তাঁহার ঔরসে উত্তরার গর্ব্ভে তোমার জন্ম হয়। রাজন্! অশ্বত্থামার ব্রহ্মাস্ত্র তেজে কুরুবংশ পরিক্ষীণ হইতে ছিল, তুমিও তাহাতে বিনষ্ট হইতে, ভগবান্ শ্রীকৃষ্ণের প্রভাবে কৃতান্তের কর হইতে জীবন সহিত মোচিত হইয়াছ। হে তাত! তোমার এক্ষণে জনমেজয় প্রভৃতি এই সকল তনয় অর্থাৎ জনমেজয়, শ্রুতসেন, ভীমসেন এবং উগ্রসেন এই চারি সন্তান। ইহাদের মধ্যে জনমেজয় তক্ষক হইতে

কালষেয়ং পুরোধায় তুরং তুরগমেধষাট্ । সমন্তাৎ পৃথিবীং সর্ব্বাং জিত্বা যক্ষ্যতি চাধ্বরৈঃ ॥২৬॥

তস্য পুত্রঃ শতানীকো যাজ্ঞবল্ক্যাৎত্রয়ীং পঠন্ । অস্ত্রজ্ঞানং ক্রিয়াজ্ঞানং শৌনকাৎ পরমেষ্যতি ।

সহস্রানীকস্তৎপুত্রস্ততশ্চৈবাশ্বমেধজঃ । অসীমকৃষ্ণস্তস্যাপি নেমিচক্রস্তু তৎসুতঃ ।

গজাহ্বয়ে হৃতে নদ্যা কৌশাম্ব্যাং সাধু বৎস্যতি । উপ্তস্ততশ্চিত্ররথস্তস্মাচ্ছুচিরথঃ সুতঃ ।

তস্মাচ্চ বৃষ্টিমাংস্তস্য সুষেণোঽথমহীপতিঃ ॥ ২৭ ॥

সুনীথস্তস্য ভবিতা নৃচক্ষু র্যৎসুখীনলঃ । পরিপ্লবঃ সুতস্তস্মান্মেধাবী সুনয়াত্মজঃ ।

নৃপঞ্জয়স্ততো দূর্ব্বস্তিমিস্তস্মাজ্জনিষ্যতি ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী ।

মহস্যুত ইত্যর্থঃ ॥ ২৫ ॥

তুরসংজ্ঞং পুরোহিতং স্ব ... ...

ভবিষ্যানাহ তস্য পুত্র ইতি যাবৎ ... প্তি । যাজ্ঞবল্ক্যাৎ ক্রিয়াজ্ঞানং পরমাত্ম জ্ঞানং শৌনকাৎ প্রাপ্স্যতি অস্ত্রজ্ঞানঞ্চ কৃপাচার্য্যাদিতি দ্রষ্টব্যং । যাজ্ঞবল্ক্যাৎ ত্রয়ীমধীত্য ... পাদস্রাণ্যবাপোতি বৈষ্ণবোক্তেঃ । ক্বচিত্তু অস্ত্রজ্ঞানং কৃপাচার্য্যাদিত্যেব পাঠঃ ॥২৭

যদ্যস্মাৎ সুখীনলঃ পুত্রস্তস্মাৎ পরিপ্লবঃ তস্মাৎ সুনয় স্তস্যাত্মজো মেধাবীত্যর্থঃ ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ ।

নৃচক্ষ র্যৎ সুখীবল ইতি । নৃচক্ষু স্তস্যাপি সুখীবলঃ ততঃ পরিপ্লবঃ । তস্মাচ্চ সুনয়ঃ তস্যাপি মেধাবীতি বিষ্ণুপুরাণ গদ্যং ॥২৮

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

সত্যপি পুত্রিকাসুতঃ মাতামহস্যুত ইত্যর্থঃ ॥ ২৫ ॥

তুরং তুরসংজ্ঞং ॥ ২৬ । ২৭ ॥

যদ্যতঃ সুখীনলনামা ॥

তস্মাৎ পরিপ্লবঃ তস্য সুনয়ঃ তস্যাত্মজো মেধাবীত্যর্থঃ ॥ ২৮ ॥

তোমার মৃত্যু বিবরণ অবগত হইয়া রোষ বশতঃ সর্পসত্রের অনুষ্ঠান পূর্ব্বক যজ্ঞাগ্নিতে সর্প সকল হোম করিবেন ॥ ২৫ ॥

অপর তোমার ঐ পুত্র সমস্ত পৃথিবী জয় করিয়া অশ্বমেধ যজ্ঞ করিতে প্রবৃত্ত হইবেন এবং তুর নামক ঋষিকে পুরোহিত করিয়া অন্যান্য বহুতর যজ্ঞও করিবেন ॥ ২৬ ॥

হে রাজন্ ! এই জনমেজয়ের শতানীক নামে এক পুত্র হইবে । তিনি যাজ্ঞবল্ক্য মুনির নিকট বেদপাঠ করিয়া তাঁহা হইতে ক্রিয়াজ্ঞান ও আত্মজ্ঞান এবং কৃপাচার্য্য হইতে অস্ত্রজ্ঞান প্রাপ্ত হইবেন । শতানীকের পুত্র সহস্রানীক, তাহা হইতে অশ্বমেধজ জন্ম গ্রহণ করিবেন । তাঁহার তনয় অসীম কৃষ্ণ, তাঁহার সন্তান নেমিচক্র । তাঁহার রাজত্ব সময়ে হস্তিনাপুর নদী ভগ্ন হইবেক, তাহাতে তিনি কৌশাম্বী নগরে বাস করিবেন । সে যাহা হউক, ঐ নেমিচক্রের উক্ত নামে সন্তান হইবে, তাঁহার পুত্র চিত্ররথ, তাঁহা হইতে শুচিরথ জন্মিবেন । শুচিরথের পুত্র বৃষ্টিমান্, তাঁহার পুত্র সুষেণ নামা মহীপতি হইবেন ॥২৭॥

সুষেণের সুনীথ নামা তনয় হইবে, তাঁহার পুত্র নৃচক্ষু । তাঁহা হইতে সুখীনল জন্ম গ্রহণ করিবেন । সুখীনলের পুত্র পরিপ্লব, তাঁহা হইতে সুনয় জন্মিবেন, তাঁহার আত্মজ মেধাবী । মেধাবীর পুত্র নৃপঞ্জয়, তাঁহা হইতে দূর্ব্ব জন্ম গ্রহণ করিবেন । তাঁহার পুত্র তিমি হইবেন ॥ ২৮ ॥

তিমে র্বৃহদ্রথস্তস্মাচ্ছতানীকঃ সুদাসজঃ। শতানীকাদ্দুর্দ্দমনস্তস্যাপত্যং মহীনরঃ।
দণ্ডপাণি র্নিমিস্তস্য ক্ষেমকো ভবিতা যতঃ। ব্রহ্মক্ষত্রস্য বৈযোনি র্বংশোদেবর্ষিসৎকৃতঃ।
ক্ষেমকং প্রাপ্য রাজানং সংস্থাং প্রাপ্স্যতি বৈ কলৌ ॥ ২৯ ॥
অথ মাগধরাজানো ভাবিনো যে বদামি তে। ভবিতা সহদেবস্য মার্জ্জারির্যৎ শ্রুতশ্রবাঃ।
ততো যুতায়ুস্তস্যাপি নিরমিত্রোঽথ তৎসুতঃ। সুনক্ষত্রঃ সুনক্ষত্রাদ্বৃহৎসেনোঽথ কর্ম্মজিৎ।
ততঃ সুতঞ্জয়াদ্বিপ্রঃ শুচিস্তস্য ভবিষ্যতি। ক্ষেমোঽথ সুব্রতস্তস্মাদ্ধর্ম্মসূত্রঃ সমস্ততঃ।
দৃঢ়সেনোঽথ সুমতিঃ সুবলো জনিতা ততঃ। সুনীথঃ সত্যজিদথ বিশ্বজিদ্যদ্রিপুঞ্জয়ঃ ॥ ৩০ ॥
বার্হদ্রথাশ্চ ভূপালা ভাব্যাঃ সাহস্রবৎসরং ॥ ৩১ ॥

### শ্রীধরস্বামী।

তস্মাৎ সুদাসস্ততঃ শতানীক ইত্যর্থঃ ॥ ২৯ ॥
বৃহদ্রথস্য জরাসন্ধঃ তস্য সহদেবস্তস্য মার্জ্জারিঃ যদ্বস্মাৎ মার্জ্জারেঃ শ্রুতশ্রবাঃ ॥ ৩০ ॥
সহস্র সম্বৎসরমেতে ভাব্যাঃ ভূপালাঃ ততঃ পরং ভাব্যান্ দ্বাদশস্কন্ধে বক্ষ্যতি ॥ ৩১ ॥

### ক্রমসন্দর্ভঃ

দেবর্ষিসৎকৃত ইতি দেবৈঃ ঋষিভিশ্চ সৎ কৃতঃ ॥ ২৯ । ৩০ । ৩১ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্মাৎ সুদাসঃ ততঃ শতানীক ইত্যর্থঃ ॥
দেবৈঋর্ষিভিশ্চ সৎকৃতঃ ॥ ২৯ ॥
সহদেবস্য জরাসন্ধপুত্রস্য ॥ ৩০ ॥
জরাসন্ধাৎ সহস্রবৎসর পর্য্যন্তং ভবিষ্যন্তঃ ততঃ পরস্ত ভাব্যান্ দ্বাদশস্কন্ধে বক্ষ্যতি ॥ ৩১ ॥

তিমি হইতে বৃহদ্রথের জন্ম হইবে। তাঁহার সন্তান সুদাস, তাঁহা হইতে শতানীক জন্মিবেন। শতানীকের পুত্র দুর্দ্দমন, তাঁহার অপত্য মহীনর। মহীনরের তনয় দণ্ডপাণি, তাঁহার সন্তান নিমি, সেই নিমি হইতে ক্ষেমক উৎপন্ন হইবেন। হে রাজন্! দেবর্ষিসৎকৃত ব্রহ্ম ক্ষত্রিয় বংশ ঐ ক্ষেমককে রাজা পাইয়া কলিযুগে অবসান প্রাপ্ত হইবে ॥ ২৯ ॥

তদনন্তর মাগধবংশীয় যে সকল নরপতি হইবেন তাঁহাদের বিবরণ বলি। বৃহদ্রথ তনয় জরাসন্ধের সহদেব নামে যে পুত্র হইবে, তাঁহার পুত্র মার্জ্জারি। সেই মার্জ্জারি হইতে শ্রুতশ্রবা জন্ম গ্রহণ করিবেন। তাঁহার পুত্র যুতায়ু, তাঁহার সন্তান নরমিত্র, তৎসুত সুনক্ষত্র, সেই সুনক্ষত্র হইতে বৃহৎসেন উৎপন্ন হইবেন। তাঁহার তনয় কর্ম্মজিৎ, তৎসুত সুতঞ্জয়, তাঁহা হইতে বিপ্র নামা নরপতি হইবেন। তাঁহার পুত্র শুচি, সেই শুচির সন্তান ক্ষেম, তাঁহা হইতে সুব্রত জন্মিবেন। সুব্রতের পুত্র ধর্ম্মসূত্র। তাঁহার তনয় সম। ঐ সম হইতে দৃঢ়সেন উৎপন্ন হইবেন। তাঁহার সুত সুমতি, তাঁহা হইতে সুবল জন্মিবেন। সুবলের সুত সুনীথ তাঁহার সন্তান সত্যজিৎ, তৎ পুত্র বিশ্বজিৎ তাঁহা হইতে রিপুঞ্জয় জন্মিবেন ॥ ৩০ ॥

হে রাজন্। সহস্র সম্বৎসর পর্য্যন্ত এই সকল বার্হদ্রথ ভূপাল হইবেন। তদনন্তর যে সমস্ত নরপতি হইবেন পরে (দ্বাদশস্কন্ধে) বলা যাইবে ॥ ৩১ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে শান্তনুবংশকীর্ত্তনং দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২২ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

অনোঃ সভানরশ্চক্ষুঃ পরেক্ষুশ্চ ত্রয়ঃ সুতাঃ ॥ ১ ॥

সভানরাৎ কালনরঃ সৃঞ্জয়স্তৎসুতস্ততঃ । জনমেজয়স্তস্য পুত্রো মহাশালো মহামনাঃ ॥ ২ ॥

উশীনর স্তিতিক্ষুশ্চ মহামনস আত্মজৌ । শিবির্ব্বরঃ কৃমির্দক্ষশ্চত্বারৌশীনরাত্মজাঃ ।

বৃষাদর্ভঃ সুবীরশ্চ মদ্রঃ কেকয় আত্মবান্ । শিবেশ্চত্বার এবাসংস্তিতিক্ষোশ্চ রুষদ্রথঃ ।

ততো হোমোঽথ সুতপা বলিঃ সুতপসোঽভবৎ । অঙ্গ বঙ্গ কলিঙ্গাদ্যাঃ সুহ্ম পুণ্ড্রৌড্র সংজ্ঞিতাঃ ।

জজ্ঞিরে দীর্ঘতমসো বলেঃ ক্ষেত্রে মহীক্ষিতঃ । চক্রুঃ স্বনাম্না বিষয়ান্ ষড়িমান্ প্রাচ্যকাংশ্চ তে ।

শ্রীধরস্বামী ।

॥ * ॥ ইতি নবমে দ্বাবিংশঃ ॥ * ॥

ত্রয়োবিংশে ত্বনোর্দ্রুহ্যো স্তুর্ব্বসোশ্চান্বয়ঃ ক্রমাৎ । যদোশ্চ বংশোঽনুক্রান্তো যাবজ্জ্যামঘসম্ভবঃ ॥ ০ ॥

তদেবং যযাতেঃ পুত্রাণাং পঞ্চমস্য পুরোর্ব্বংশোঽনুক্রান্ত ইদানীং চতুর্থস্য বংশমনুক্রামতি অনোরিতি কর্ণস্য জগতীপতে ইত্যন্তেন ॥ ১ ॥

তস্য জনমেজয়স্য মহাশালঃ তস্য মহামনাঃ ॥ ২ ॥

চত্বার উশীনরস্যাত্মজাঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে দ্বাবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং । দ্বাবিংশোনবমস্যায়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অনোর্দ্রুহ্যোস্তুর্ব্বসোশ্চ যদোর্ব্বংশোপি কীর্ত্তাতে । জ্যামঘাত্ত স্ত্রয়োবিংশে কার্ত্তবীর্য্যোঽত্র কীর্ত্তিমান্ ॥ ০ ॥

যযাতেঃ পঞ্চমস্য পুত্রস্য পুরোর্ব্বংশমুক্ত্বা চতুর্থাদীনাং পুত্রাণাং বংশমাহ অনোরিতি ॥ ১ । ২ ॥

চত্বার উশীনরাত্মজাঃ ॥

বলেঃ ক্ষেত্রে ভার্য্যায়াং দীর্ঘতমস উতথ্যপুত্রাৎ সকাশাৎ অঙ্গাদয়ো জজ্ঞিরে ॥

॥ * ॥ ইতি নবমে দ্বাবিংশ ॥ * ॥

ত্রয়োবিংশে অনু, দ্রুহ্যু তথা তুর্ব্বসুর বংশ এবং জ্যামোঘের উৎপত্তি পর্য্যন্ত যদুবংশের বিবরণ ॥০॥

শুকদেব কহিলেন অনুর তিন সন্তান সভানর, চক্ষু এবং পরেক্ষু ॥ ১ ॥

তন্মধ্যে সভানরের পুত্র কালনর, তাহার তনয় সৃঞ্জয়, সৃঞ্জয় হইতে জনমেজয় জন্মেন । জনমেজয়ের পুত্র মহাশাল, তাহার সন্তান মহামনাঃ ॥ ২ ॥

মহামনার দুই পুত্র উশীনর এবং তিতিক্ষু । তন্মধ্যে উশিনরের চারি তনয়, যথা—শিবি, বর, কৃমি এবং দক্ষ । ইহাদের মধ্যে শিবি হইতে বৃষাদর্ভ, সুবীর, মদ্র, কেকয়, এই চারি সন্তান উৎপন্ন হয় । তিতিক্ষুর পুত্র রুষদ্রথ । তাহার তনয় হোম, তৎসুত সুতপাঃ । সুতপা হইতে বলি উৎপন্ন হন । ঐ বলির ক্ষেত্রে দীর্ঘতমা হইতে অঙ্গ বঙ্গ কলিঙ্গ প্রভৃতি এবং শুহ্ম পুণ্ড্র ওড্র নামে বহু নরপতি উৎপন্ন হয়েন । তাঁহারা স্ব স্ব নামে ঐ ছয় জনপদ এবং প্রাচ্যদেশ সকল স্ব স্ব বিষয় করিয়াছিলেন । পরন্তু

খলপানোঽঙ্গতো যজ্ঞে তস্মাদ্দিবিরথ স্ততঃ। সুতো ধর্ম্মরথো যস্য যজ্ঞে চিত্ররথোঽপ্রজঃ।
রোমপাদ ইতি খ্যাত স্তস্মৈ দশরথঃ সখা। শান্তাং স্বকন্যাং প্রাযচ্ছদৃষ্য শৃঙ্গ উবাহ যাং।
দেবে বর্ষতি যং রামা আনিন্যুর্হরিণীসুতং। নাট্যসঙ্গীত বাদিত্রৈর্ব্বিভ্রমালিঙ্গনার্হণৈঃ।
সতু রাজ্ঞোঽনপত্যস্য নিরূপ্যেষ্টিং মরুত্বতে। প্রজামদাদ্দশরথো যেন লেভেঽপ্রজঃ প্রজাঃ।
চতুরঙ্গো রোমপাদাৎ পৃথুলাক্ষস্তু তৎসুতঃ। বৃহদ্রথো বৃহৎকর্ম্মা বৃহদ্ভানুশ্চ তৎসুতাঃ।
আদ্যাদ্বৃহন্মনাস্তস্মাজ্জয়দ্রথ উদাহৃতঃ। বিজয়স্তস্য সংভূত্যাং ততো ধৃতিরজায়ত।
ততোধৃতব্রতস্তস্য সৎকর্ম্মাধিরথিস্ততঃ। যোঽসৌ গঙ্গাতটে ক্রীড়ন্ মঞ্জুষান্তর্গতং শিশুং।
কুন্ত্যাপবিদ্ধং কানীনমনপত্যোঽকরোৎ সুতং। বৃষসেনঃ সুতস্তস্য কর্ণস্য জগতীপতে।
দ্রুহ্যোশ্চ তনয়ো বভ্রুঃ সেতুস্তস্যাত্মজস্ততঃ। আরব্ধস্তস্য গান্ধারস্তস্য ধর্ম্মস্ততোধৃতঃ।
ধৃতস্য দুর্ম্মদস্তস্মাৎ প্রচেতাঃ প্রাচেতসংশতং। ম্লেচ্ছাধিপতয়োঽভূবন্নুদীচীং দিশমাশ্রিতাঃ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিষয়ান্ দেশান্। প্রাচ্যকান্ ভারতবর্ষস্য পূর্ব্বদিগ্বর্ত্তিনঃ॥
আদ্যাৎ বৃহদ্রথাৎ॥
অপবিদ্ধং লজ্জয়া ত্যক্তং॥
দ্রুহ্যো র্যযাতিপুত্রস্য॥

বলির অঙ্গ হইতে খলপান নামে যে পুত্র জন্মিয়াছিল তাহার তনয় দিবিরথ, তাহা হইতে চিত্ররথ উৎপন্ন হয়েন। তিনি নিঃসন্তান, রোমপাদ নামে খ্যাত ছিলেন। তাঁহার সখা দশরথ, তাঁহাকে পুত্রার্থ শান্তা নাম্নী নিজ কন্যা দান করিয়াছিলেন। ঋষ্যশৃঙ্গ মুনি সেই কন্যার পাণি গ্রহণ করেন। হে রাজন্! রোমপাদ রাজার রাজ্যে কোন কারণে কিয়ৎকাল দেবতা বারি বর্ষণ করেন নাই, তাহাতে রাজার অনুমতিক্রমে বরাঙ্গনাগণ তপোবনে গিয়া গীত বাদ্য নাট্য এবং বিভ্রম বিলাস তথা আলিঙ্গন, অর্হণ যোগে ঋষিকে আনয়ন করে। ঋষ্যশৃঙ্গের আগমন মাত্রে বারি বর্ষণ হয়। অনন্তর ঐ মুনি রাজাকে অনপত্য দেখিয়া যজ্ঞানুষ্ঠান পূর্ব্বক তনয় প্রদান করেন। সে যাহা হউক, রোমপাদ হইতে চতুরঙ্গ উৎপন্ন হয়েন। তাহার সন্তান পৃথুলাক্ষ, পৃথুলাক্ষ হইতে বৃহদ্রথ, বৃহৎকর্ম্মা এবং বৃহদ্ভানু এই তিন পুত্র উৎপন্ন হয়। তাহাদের মধ্যে অদ্য হইতে বৃহন্মনা জন্মেন। তাঁহার তনয় জয়দ্রথ, জয়দ্রথের পুত্র বিজয়। তাহার সম্ভূতি নাম্নী ভার্য্যায় ধৃতি জন্ম গ্রহণ করেন। ধৃতির পুত্র ধৃতব্রত, তাহার পুত্র সৎকর্ম্মা, তাহা হইতে অধিরথির উদ্ভব হয়। এই ব্যক্তিই গঙ্গাতটে ক্রীড়া করিতে করিতে কুন্তি কর্ত্তৃক পরিত্যক্ত মঞ্জুষার মধ্যে কানীন শিশু প্রাপ্ত হইয়া আপনি অনপত্য এ প্রযুক্ত তাহাকে নিজ তনয় করিয়াছিলেন। হে রাজন্! ঐ তনয়ের নাম কর্ণ, তাহার সন্তান বৃষসেন। যযাতির পুত্র দ্রুহ্যুর তনয় বভ্রু। তাহার তনয় সেতু। সেতুর সন্তান আরব্ধ। তাহার সুত গান্ধার, তৎপুত্র ধর্ম্ম, তাহা হইতে ধৃত উৎপন্ন হয়েন। ধৃতের সুত দুর্ম্মদ, তাহা হইতে প্রচেতার উদ্ভব হয়। ঐ প্রচেতার শত সন্তান, তাহারা উত্তরদিকে অবস্থিত হইয়া ম্লেচ্ছাধিপতি হইয়াছে। তুর্ব্বসুর সন্তান বহ্নি, তাহার সুত বর্গ,

তুর্ব্বসোশ্চ সুতো বহ্নির্ব্বহ্নের্ভর্গোঽথ ভানুমান্। ত্রিভানুস্তৎসুতোঽস্যাপি করন্ধম উদারধীঃ ॥৩॥
মরুত্তস্তৎসুতোঽপুত্রঃ পুত্রং পৌরবমন্বভূৎ। দুষ্মন্তঃ স পুনর্লেভে স্ববংশং রাজ্যকামুকঃ।
যযাতের্জ্যেষ্ঠপুত্রস্য যদোর্ব্বংশং নরর্ষভ। বর্ণয়ামি মহাপুণ্যং সর্ব্বপাপহরং নৃণাং।
যদোর্ব্বংশং নরঃ শ্রুত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে। যত্রাবতীর্ণো ভগবান্ পরমাত্মা নরাকৃতিঃ ॥ ৪ ॥
যদোঃ সহস্রজিৎ ক্রোষ্টুর্নলো রিপুরিতি শ্রুতাঃ। চত্বারঃ সূনবস্তত্র শতজিৎ প্রথমাত্মজঃ।
মহাহয়ো রেণুহয়ো হৈহয়শ্চেতি তৎসুতাঃ। ধর্ম্মস্তু হৈহয়সুতো নেত্রঃ কুন্তিপিতা ততঃ ॥ ৫ ॥
সোহঞ্জিরভবৎ কুন্তে র্মহিষ্মান্ ভদ্রসেনকঃ। দুর্ম্মদো ভদ্রসেনস্য ধনকঃ কৃতবীর্য্যসূঃ।
কৃতাগ্নিঃ কৃতবর্ম্মা চ কৃতৌজা ধনকাত্মজাঃ। অর্জ্জুনঃ কৃতবীর্য্যস্য সপ্তদ্বীপেশ্বরোঽভবৎ।
দত্তাত্রেয়াদ্ধরেরংশাৎ প্রাপ্তযোগমহাগুণঃ। ন নূনং কার্ত্তবীর্য্যস্য গতিং যাস্যন্তি পার্থিবাঃ।

শ্রীধরস্বামী।

স দুষ্মন্তঃ স্বং বংশং পৌরববংশং ॥ ৪ ॥ প্রথমস্য সহস্রজিতঃ আত্মজঃ ॥ ৫ ॥

সোহঞ্জে র্মহিষ্মান্ মহিষ্মতো ভদ্রসেনকঃ তস্য দুর্ম্মদোধনকশ্চেতি দ্বৌ পুত্রৌ কৃতবীর্য্যস্য জনকঃ। কৃতবীর্য্যাদয়শ্চত্বারো

ক্রমসন্দর্ভঃ।

প্রাচেত ইত্যত্র প্রচেতস ইতি বাচ্যঃ ॥ ১ । ২ । ৩ । ৪ । ৫ । ৬ । ৭ । ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তুর্ব্বসো র্যযাতি পুত্রস্য ॥ ৩ ॥

অপুত্রঃ অতএব পৌরবং পুরুবংশ্যং দুষ্মন্তমেব পুত্রং অন্বভূৎ। সচ দুষ্মন্তঃ স্ববংশং পৌরব বংশমেব ভেজে নতু তুর্ব্বসুবংশং। যতো রাজ্যকামুকঃ পুরু বংশ্যানামেব নৃপাসনাধিকারাৎ ॥

নরাকৃতি র্নরস্বরূপো নরজাতির্ব্বৈতাকৃতি শব্দস্য স্বরূপবাচিত্বে জাতি বাচিত্বে বা পরমাত্মনো নরত্বস্য ন ভাটস্থ্যং কিন্তু স্বরূপ স্বমেব জ্ঞাপিতং। গূঢ়ং পরং ব্রহ্ম মনুষ্য লিঙ্গমিত্যনেন জ্ঞাপিত মগ্রেপি জ্ঞাপয়িষ্যতে ॥ ৪ ॥

ভদ্রসেনস্য দুর্ম্মদোধনকশ্চেতি দ্বৌ পুত্রৌ তত্র ধনকঃ কৃতবীর্য্যসূরিতি ধনকস্য কৃতবীর্য্যঃ পুত্রঃ। তথা কৃতাগ্ন্যাদয়শ্চেতি চত্বারঃ পুত্রাঃ ॥ ৫ ॥

ননু যযাতি শাপাৎ স যদুবংশঃ কথং সপ্তদ্বীপেশ্বর স্তত্রাহ দত্তেতি ॥ ৬ ॥

তাহা হইতে ভানুমানের জন্ম হয়। ভানুমানের সুত ত্রিভানু, তাহার তনয় উদারমতি করন্ধম ॥ ৩ ॥

করন্ধমের পুত্র মরুত্ত তিনি অপুত্রতা প্রযুক্ত কুরুবংশীয় দুষ্মন্তকে তনয় করেন, সেই দুষ্মন্ত রাজ্যাভিলাষী হইয়া পুনরায় আপনার পৌরব বংশ লাভ করিয়াছিলেন। হে কুরুশ্রেষ্ঠ! অতঃপর যযাতির জ্যেষ্ঠতনয় যদুর বংশ বর্ণনা করি অবধান কর, ঐ বংশ অতিশয় পবিত্র মানব মণ্ডলীর অশেষ কলুষ নাশক, ফলতঃ যদুবংশ শ্রবণ করিলে মানব মাত্রে সর্ব্ব পাপ হইতে মুক্ত হয় ঐ বংশে ভগবান্ পরমাত্মা নরাকারে অবতীর্ণ হইয়াছিলেন ॥ ৪ ॥

যদুর চারি সন্তান হয়, সহস্রজিৎ, ক্রোষ্টু, নল এবং রিপু, তন্মধ্যে সহস্রজিতের সন্তান শতজিৎ। তাঁহার তিন পুত্র মহাহয়, রেণুহয়, এবং হৈহয়। তাহাদের মধ্যে হৈহয়ের সুত ধর্ম্ম, তাহার পুত্র নেত্র, তৎসুত কুন্তি ॥ ৫ ॥

কুন্তি হইতে সোহঞ্জি উৎপন্ন হয়েন। তাঁহার পুত্র মহিষ্মান্, তত্তনয় ভদ্রসেন। ভদ্রসেনের দুই সন্তান দুর্ম্মদ ও ধনক। তন্মধ্যে ধনকের সন্তান কৃতবীর্য্য, কৃতাগ্নি, কৃতবর্ম্মা এবং কৃতৌজা এই চারি। তাহাদের মধ্যে কৃতবীর্য্যের পুত্র অর্জ্জুন। তিনি সপ্তদ্বীপের অধীশ্বর হইয়াছিলেন এবং ভগবদংশ দত্তা-

যজ্ঞ দান তপোযোগৈঃ শ্রুতবীর্য্যদয়াদিভিঃ ॥ ৬ ॥

পঞ্চাশীতি সহস্রাণি হ্যব্যাহতবলঃ সমাঃ। অনষ্টবিত্তস্মরণো বুভুজেঽক্ষয্যষড্ বসু।

তস্য পুত্রসহস্রেষু পঞ্চৈবোর্ব্বরিতামৃধে। জয়ধ্বজঃ শূরসেনো বৃষণোমধুরূর্জ্জিতঃ ॥ ৭ ॥

জয়ধ্বজাত্তালজঙ্ঘস্তস্য পুত্রশতং ত্বভূৎ। ক্ষত্রং যত্তালজঙ্ঘাখ্যমৌর্ব্বতেজোঽপসংহৃতং ॥ ৮ ॥

তেষাং জ্যেষ্ঠোবীতিহোত্রো বৃষ্ণিঃ পুত্রোমধোঃ স্মৃতঃ ॥ ৯ ॥

তস্য পুত্রশতং ত্বাসীদ্বৃষ্ণিজ্যেষ্ঠং যতঃ কুলং। মাধবাবৃষ্ণয়ো রাজন্ যাদবাশ্চেতি সংজ্ঞিতং।

যদুপুত্রস্য চ ক্রোষ্টোঃ পুত্রো বৃজিনবাংস্ততঃ ॥ ১০ ॥

স্বাহিতোঽতো বিশদ্গু বৈ তস্য চিত্ররথস্ততঃ। শশবিন্দুর্মহাযোগী মহাভাগো মহানভূৎ।

শ্রীধরস্বামী।

ধনকস্যাত্মজা ইত্যর্থঃ ॥ ৬ ॥

অনষ্টমপি নাশং বিত্তং যেন তথা বিধং স্মরণং যস্য সঃ অক্ষয্যং ষড়্ বসু ষড়িন্দ্রিয় বিষয়ং বুভুজে ॥ ৭ ॥

ঔর্ব্বস্য তেজসা সগরেণোপসংহৃতমিত্যর্থঃ ॥ ৮ ॥

তেষাং তালজঙ্ঘ পুত্রাণাং জ্যেষ্ঠঃ ॥ ৯ ॥

তস্য মধোঃ পুত্রশতং বৃষ্ণির্জ্যেষ্ঠো যস্মিন্ সতোমধোর্বৃষ্ণের্যদোশ্চ হেতোঃ ॥ ১০ ॥

চতুর্দ্দশ মহারত্নানি তত্তজ্জাতি শ্রেষ্ঠানি যস্য সঃ। তানিচ মার্কণ্ডেয়পুরাণে বর্ণিতানি। গজ বাজি রথ স্ত্রীষু নিধি মালাম্বর

ক্রমসন্দর্ভঃ।

তেষামিতি সার্দ্ধকং। তে চ মাধবা ইত্যাদি সংজ্ঞিতা ইত্যর্থঃ ॥ ৯। ১০। ১১। ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন নষ্টং ভবতি বিত্তং স্মরণাদস্য সঃ। অক্ষয্যং ষড়্ বসু ষড়িন্দ্রিয় বিষয়ং বুভুজে ॥

মৃধে পরশুরাম যুদ্ধে ঔর্ব্বস্য তেজসা সগরেণোপসংহৃতমিত্যর্থঃ ॥ ৭। ৮ ॥

মধোরর্জ্জুন পুত্রস্য মাধবা ইতি যদু মধু বৃষ্ণয় এতে ত্রয়ঃ কুলপ্রবর্ত্তকাঃ যদুবংশো মধুবংশো বৃষ্ণিবংশ ইতি প্রসিদ্ধেঃ ॥ ৯। ১০ ॥

চতুর্দ্দশ মহারত্নানি তত্তজ্জাতি শ্রেষ্ঠানি যস্য সঃ। তানিচ গজ বাজি রথস্ত্রীষু নিধিমাল্যাম্বর ক্রমাঃ। শক্তি পাশমণি চ্ছত্র

ত্রেয় সকাশাৎ যোগগুর্ণ প্রাপ্ত হন। বোধ হয় অন্য কোন নরপতি যজ্ঞ দান তপস্যা যোগ বেদাধ্যয়ন এবং শৌর্য্য বীর্য্য দয়াদি দ্বারা ঐ মহাত্মার গতি প্রাপ্ত হইতে পারেন না ॥ ৬ ॥

ঐ রাজা অব্যাহত পরাক্রম হইয়া পঞ্চাশীতি সহস্র বৎসর পর্য্যন্ত অক্ষয় ছয় ইন্দ্রিয়ের বিষয় ভোগ করেন। তাহাতে কদাপি বিত্ত নাশ হইত না। ঐ অর্জ্জুনের সহস্র তনয় হয়, তন্মধ্যে পাঁচ জন সংগ্রামে উর্ব্বরিত হইয়াছিল, তাহাদের নাম জয়ধ্বজ, শূরসেন, বৃষণ, মধু এবং ঊর্জ্জিত ॥ ৭ ॥

তন্মধ্যে জয়ধ্বজের পুত্র তালজঙ্ঘে তাহার শত সন্তান হয়। তালজঙ্ঘাখ্য ঐ সকল ক্ষত্রিয়ই সগর কর্ত্তৃক উপসংহৃত হইয়াছিল ॥ ৮ ॥

সে যাহা হউক, তালজঙ্ঘের শত সন্তান মধ্যে বীতিহোত্র জ্যেষ্ঠ। হে রাজন্! মহাত্মা বৃষ্ণি যে মধুর তনয় ॥ ৯ ॥

সেই মধুর শত সন্তান হইয়াছিল। যদিও বৃষ্ণি ও যদুর কারণে মধুর কুল মাধব, বৃষ্ণি এবং যাদব এই তিন নাম প্রাপ্ত হইয়াছিল তথাপি বৃষ্ণিই ঐ কুলে শ্রেষ্ঠ ছিলেন। সে যাহা হউক, যদুর পুত্র ক্রোষ্টু, তাহার পুত্র বৃজিনবান্ ॥ ১০ ॥

বৃজিনবানের পুত্র স্বাহিত, তাহার তনয় বিশদ্গু, তৎসুত চিত্ররথ, তাঁহা হইতে মহাযোগী মহাভাগ

চতুর্দ্দশ মহারত্নশ্চক্রবর্ত্ত্যপরাজিতঃ ॥ ১১ ॥
তস্য পত্নীসহস্রাণাং দশানাং সুমহাযশাঃ। দশ লক্ষ সহস্রাণি পুত্রাণাং তাস্বজীজনৎ ॥ ১২ ॥
তেষান্তু ষট্ প্রধানানাং পৃথুশ্রবস আত্মজঃ। ধর্ম্মো নামোশনা তস্য হয়মেধশতস্য যাট্ ॥ ১৩ ॥
তৎসুতো রুচক স্তস্য পঞ্চাসন্নাত্মজাঃ শৃণু। পুরুজিদ্রুক্ম রুক্মেষু পৃথু জ্যামঘ সংজ্ঞিতাঃ ॥ ১৪ ॥
জ্যামঘস্ত্বপ্রজোঽপ্যন্যাং ভার্য্যাং শৈব্যাপতির্ভয়াৎ। নাবিন্দচ্ছত্রু ভবনাদ্ভোজ্যাং কন্যামহারষীৎ।
রথস্থাং তাং নিরীক্ষ্যাহ শৈব্যাপতিমমর্ষিতা। কেয়ং কুহক মৎস্থানং রথমারোপিতেতি বৈ ॥ ১৫ ॥
স্নুষা তবেত্যভিহিতে স্ময়ন্তী পতিমব্রবীৎ। অহং বন্ধ্যাসপত্নীচ স্নুষা মে যুজ্যতে কথং ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

ক্রমাঃ। শক্তি পাশ মণিচ্ছত্র বিমানানি চতুর্দ্দশেতি ॥ ১১ ॥
দশানাং পত্নী সহস্রাণাং তাস্বাবুৎস্ব প্রত্যেকং লক্ষমিত্যেবং তাসু পুত্রাণাং দশ লক্ষ সহস্রাণি জনয়ামাস ॥ ১২ ॥
পৃথুশ্রবাঃ পৃথুকীর্ত্তিঃ পুণ্যযশা ইত্যাদয়ঃ ষট্ প্রধানাঃ শ্রেষ্ঠা যেষাং তেষাং মধ্যে ॥ ১৩ ॥
পঞ্চ আত্মজা আসন্ তান্ শৃণু তানেবাহ পুরুজিদিতি ॥ ১৪ ॥
ভার্য্যাভয়াদেবৈক ভার্য্যো বন্ধ্যাপত্নে জীবিষ্যাপুত্রস্য স্তুয়মেব পুত্রপদমভবদিতি দর্শয়নাহ জ্যামঘস্ত্বিতি ॥ ১৫ ॥
যদি মে সপত্নীস্যাত্তর্হি স্নুষেয়ং যুজ্যেতাপি নত্বেতদস্তীত্যাহ অসপত্নীচেতি ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

ষট্ প্রধানানি যেষাং। টীকৈব প্রধানমিত্যাশয়ঃ ॥ ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিমানানি চতুর্দ্দশেতি মার্কণ্ডেয়োক্তানি জ্ঞেয়ানি ॥ ১১ ॥
দশলক্ষ সহস্রাণীতি তাসু প্রত্যেক মেকৈক লক্ষপুত্রোৎপত্তেঃ ॥ ১২ ॥
তস্য ধর্ম্মস্য উশনাঃ ॥ ১৩। ১৪। ১৫ ॥
অসপত্নী মম কাচিৎ সপত্ন্যপি নাস্তি ॥ ১৬ ॥

শশবিন্দুর উদ্ভব হয়। তিনি তত্তৎ জাতির শ্রেষ্ঠ চতুর্দ্দশ মহারত্নের (হস্তি, অশ্ব,রথ, স্ত্রী, বাণ, নিধি, মালা, বস্ত্র, বৃক্ষ, শক্তি, পাশ, মণি, ছত্র, ও বিমান ইত্যাদির) স্বামী এবং অপরাজিত রাজচক্রবর্ত্তী ছিলেন ॥ ১১ ॥

তাঁহার দশ সহস্র পত্নী প্রত্যেক পত্নীতে এক এক লক্ষ সন্তান হওয়াতে তাঁহা হইতে দশ সহস্র লক্ষ সন্তান উৎপন্ন হয় ॥ ১২ ॥

সেই সমস্ত পুত্র মধ্যে পৃথুশ্রবা, পৃথুকীর্ত্তি, পুণ্যযশা ইত্যাদি ছয় জন প্রধান ছিল। তাহাদের মধ্যে পৃথুশ্রবার সন্তান ধর্ম্ম, তাহার পুত্র উশনা, তিনি শত অশ্বমেধ যজ্ঞ করেন ॥ ১৩ ॥

উশনার আত্মজ রুচক। তাঁহার পঞ্চ তনয় যথা—পুরুজিৎ রুক্ম, রুক্মেষু, পৃথু এবং জ্যামঘ ॥ ১৪ ॥

ইহাদের মধ্যে জ্যামঘের ভার্য্যা শৈব্যা। জ্যামঘ নিঃসন্তান ছিলেন। ভার্য্যার ভয়ে অন্য দার পরিগ্রহ করেন নাই। তিনি একদা ইন্দ্রভবন হইতে ভোজ্যা নাম্নী একটী কন্যা হরণ করিয়া আনিতে ছিলেন, সেই কন্যাকে রথস্থা দেখিয়া শৈব্যার ক্রোধ জন্মিল, অমর্ষিতা হইয়া পতিকে জিজ্ঞাসিলেন একে? কাহাকে রথে আরোহণ করিয়া আনিতেছ? ॥ ১৫ ॥

জ্যামঘ ভয়ে ব্যাকুল হইয়া উত্তর দিলেন ইনি তোমার স্নুষা, শৈব্যা বিস্ময়ান্বিতা হইয়া কহিল

অনয়িষ্যসি যং রাজ্ঞি তস্যেয়মুপযুজ্যতে। অন্বমোদন্ত তদ্বিশ্বেদেবাঃ পিতর এবচ ॥ ১৭ ॥

শৈব্যা গর্ভমধাৎ কালে কুমারং সুষুবে শুভং। স বিদর্ভ ইতি প্রোক্ত উপযেমে স্নুষাং সতীং ॥ ১৮

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে যদুবংশ কথনে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৩ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তস্যাং বিদর্ভোঽজনয়ৎ পুত্রৌ নাম্না কুশক্রথৌ। তৃতীয়ং রোমপাদঞ্চ বিদর্ভকুলনন্দনং।

রোমপাদসুতো বভ্রুর্বভ্রোঃ কৃতিরজায়ত ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

অতিতরাং ব্যাকুল হৃদয়োবিশুষ্কমুখঃ সগদ্গদমাহ অনয়িষ্যসীতি ভার্য্যাতন্ত্র প্রকম্পমানস্বিন্ন সর্ব্বাঙ্গস্য মোমুহ্যমানস্য পলায়ন মতিলষতো রাজ্ঞঃ প্রাণ সঙ্কটমালোক্যানুকম্পয়া তেন বহুকালং পূর্ব্বমারাধিতা বিশ্বেদেবাঃ পিতরশ্চ তথাস্বিত্যন্বমোদন্ত ॥ ১৭ ॥

ততো দেবতা প্রসাদেন অনয়িষ্যসীতি প্রতিবচনেন মুহূর্ত্ত গুণেনচ নিবৃত্ত রজস্কাপি শৈব্যা গর্ভমধাৎ। তস্য চাসাধারণো মহিমা পরাশরাদিভিরুক্তঃ। যথোক্তং ভার্য্যা বশ্যাশ্চ যে কেচিদ্ভবিষ্যন্ত্যথবা মৃতাঃ। তেষাং তু জ্যামঘঃ শ্রেষ্ঠঃ শৈব্যাপতিরভূন্নৃপঃ ইতি ॥ ১৮ ॥

॥ * ॥ ইতি নবমে ত্রয়োবিংশঃ ॥ * ॥

চতুর্বিংশে বিদর্ভস্য পুত্রত্রয় সমুদ্ভবাঃ। বংশা নানামুখাঃ প্রোক্তা রামকৃষ্ণোদ্ভবাবধি ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত নবমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য ত্রয়োবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতিতরাং ব্যাকুলমাহ। অনয়িষ্যসীতি ভার্য্যাতন্ত্র প্রকম্পিতস্বিন্ন সর্ব্বাঙ্গস্য তস্য রাজ্ঞঃ প্রাণসঙ্কটমালক্ষ্য তদেব বচনং কৃপয়া অন্বমোদন্ত সত্যং চক্রুঃ বিশ্বেদেবাঃ। পূর্ব্বং তেন বহুশ আরাধিতা ইতি ভাবঃ ॥ ১৭ ॥

নিবৃত্ত রজস্কাপি শৈব্যা তেষাং কৃপয়া গর্ভমধাৎ। ভার্য্যাবশ্যাস্তু যে কেচিদ্ভবিষ্যন্ত্যথবা মৃতাঃ। তেষাং তু জ্যামঘঃ শ্রেষ্ঠঃ শৈব্যাপতিরভূন্নৃপ ইতি পরাশরাদয় আহুঃ ॥ ১৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। নবমস্য ত্রয়োবিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

চতুর্বিংশে প্রকীর্ত্ত্যন্তে বংশে নানামুখে যদোঃ। দেবকী বসুদেবাদ্যাঃ পিতরৌ রামকৃষ্ণয়োঃ ॥ ১ ॥

আমি বন্ধ্যা আমার সপত্নীও নাই, আমার স্নুষা এ কথা কি প্রকারে যুক্ত হইল? ॥ ১৬ ॥

জ্যামঘ কহিলেন হে রাজ্ঞি! তুমি যে তনয় উৎপন্ন করিবা ইনি তাহার পত্নী হইবেন। হে রাজন্! বিশ্বদেব এবং পিতৃগণ জ্যামঘের ঐ বাক্যে আনন্দ প্রকাশ করিয়া ছিলেন ॥ ১৭ ॥

সে যাহা হউক, তদনন্তর শৈব্যার গর্ভাধান হয় এবং যথাযোগ্য কালে তিনি একটী কুমার প্রসব করেন, সেই কুমার বিদর্ভ এই আখ্যায় বিখ্যাত হইয়া পরে ঐ সাধ্বী স্নুষার পাণি গ্রহণ করিয়া ছিলেন ॥ ১৮ ॥

॥ * ॥ ইতি নবমে ত্রয়োবিংশ ॥ * ॥

চতুর্বিংশতি অধ্যায়ে রামকৃষ্ণের উদ্ভব পর্য্যন্ত বিদর্ভ পুত্রত্রয়োৎপন্ন বিবিধ বংশ ॥ ০ ॥

শুকদেব কহিলেন বিদর্ভ সেই স্নুষার গর্ভে কুশ ও ক্রথ নামে দুই সন্তান উৎপন্ন করেন। তাঁহার তৃতীয় তনয় রোমপাদ ঐ রোমপাদের সুত বভ্রু। বভ্রু হইতে কৃতি জন্ম গ্রহণ করেন ॥ ১ ॥

উশিকস্তৎসুতস্তস্মাচ্চেদি চৈদ্যাদয়ো নৃপাঃ। ক্রথস্য কুন্তি পুত্রোঽভূদ্বৃষ্ণিস্তস্যাথ নির্বৃতিঃ।
ততো দশার্হোনামাভূত্তস্য ব্যোমঃ সুতস্ততঃ। জীমূতো বিকৃতিস্তস্য যস্য ভীমরথঃ সুতঃ॥ ২॥
ততো নবরথঃ পুত্রোজাতো দশরথস্ততঃ। করম্ভিঃ শকুনেঃ পুত্রোদেবরাতস্তদাত্মজঃ॥ ৩॥
দেবক্ষত্রস্ততস্তস্য মধুঃ কুরুবশস্ততঃ। পুরুহোত্রস্তনোঃ পুত্রস্তস্যায়ুঃ সাত্বতস্ততঃ॥ ৪॥
ভজমানো ভজির্দ্দিব্যো বৃষ্ণি র্দেবাবৃধোঽন্ধকঃ। সাত্বতস্য সুতাঃ সপ্ত মহাভোজশ্চ মারিষ।
ভজমানস্য নিম্লোচিঃ কিঙ্কণো ধৃষ্টিরেবচ। একস্যামাত্মজাঃ পত্ন্যামন্যস্যাঞ্চ ত্রয়ঃ সুতাঃ।
শতজিচ্চ সহস্রাজিদযুতাজিদিতি প্রভো। বভ্রুর্দ্দেবাবৃধসুতস্তয়োঃ শ্লোকৌ পঠন্ত্যমূ।
যথৈব শৃণুমোদূরাৎ সংপশ্যামস্তথান্তিকাৎ। বভ্রুঃ শ্রেষ্ঠো মনুষ্যাণাং দেবৈর্দ্দেবাবৃধঃ সমঃ॥ ৫॥

শ্রীধরস্বামী।

চৈদ্যাদয়ো দমঘোষাদয়ঃ॥ ২॥
ততো দশরথাৎ শকুনিঃ পুরাণান্তরে দেবমাদি বিশেষো দ্রষ্টব্যঃ॥ ৩॥
ততঃ কুরুবংশাদনুঃ অনোঃ পুত্রঃ পুরুহোত্রঃ॥ ৪॥
মহাভোজশ্চেত্যেবং সপ্ত মারিষ হে আর্য্য॥ ৫॥

ক্রমসন্দর্ভঃ।

বভ্রোরিত্যর্দ্ধকং শ্লোকং পঠন্ত্যমুমিতি কচিৎ। এতস্মাত্তদুত্তর শ্লোকঃ শ্রীশুকবাক্যমেব॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯॥
॥ ১০। ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চৈদ্যাদয়ঃ দমঘোষাদয়ঃ॥ ২॥
ক্রথস্য বিদর্ভপুত্রস্য॥ ৩॥
তস্য মধুঃ কুরুবংশশ্চ। ততঃ কুরুবশাদনুঃ॥ ৪॥
সাত্বতপুত্রস্য দেবাবৃধস্য সুতোবভ্রুঃ তয়োঃ পিতা পুত্রয়োঃ॥ ৫॥

কৃতির তনয় উশিক, তাহা হইতে চেদি ও চৈদ্যাদি নরপতির উৎপত্তি হয়। হে রাজন্! বিদর্ভ তনয় ক্রথের পুত্র কুন্তি। তাহার আত্মজ বৃষ্ণি। তৎসুত নির্বৃতি। তাহা হইতে দশার্হ নামা তনয় হয়। দশার্হের আত্মজ ব্যোম, তাহার সুত জীমূত, তৎসুত ভীমরথ॥ ২॥

ভীমরথ হইতে নবরথ জন্ম গ্রহণ করেন, তাহার সুত দশরথ। দশরথের তনয় শকুনি, তাহার তনয় করম্ভি। করম্ভির পুত্র দেবরাত॥ ৩॥

দেবরাতের তনয় দেবক্ষত্র। তাহার পুত্র মধু। তাহা হইতে কুরুবশ উৎপন্ন হয়, কুরুবশের সুত অনু, তাহার পুত্র পুরুহোত্র, তৎ সুত আয়ু, তাহা হইতে সাত্বতের উদ্ভব হয়॥ ৪॥

হে আর্য্য! সাত্বতের সাত সন্তান, তাহাদের নাম যথা—ভজমান, ভজি, দিব্য, বৃষ্ণি, দেবাবৃধ, অন্ধক এবং মহাভোজ। তন্মধ্যে ভজমানের দুইপত্নী, এক স্ত্রীতে নিম্লোচি, কিঙ্কন এবং ধৃষ্টি এই তিন সন্তান, অন্য বনিতাতেও শতজিৎ সহস্রাজিৎ এবং অযুতাজিৎ এই তিন সন্তান হয়। রাজন্! দেবব্রধের সন্তান বভ্রু,তাহাদের পিতা পুত্রের প্রসঙ্গে কবিগণ দুই শ্লোক গান করিয়া থাকেন, যথা "আমরা দূর হইতে যদ্রূপ শুনিতে পাই নিকটে তদ্রূপ দর্শনও করিয়া থাকি, মহাত্মা বভ্রু মানবগণ মধ্যে শ্রেষ্ঠ আর দেবাবৃধ রাজা দেবতার সমান॥ ৫॥

পুরুষাঃ পঞ্চ ষষ্টিশ্চ ষট্ সহস্রাণি চাষ্টচ। যেঽমৃতত্বমনুপ্রাপ্তা বভ্রোর্দ্দেবাবৃধাদপি।
মহাভোজোঽতি ধর্ম্মাত্মা ভোজা আসংস্তদন্বয়ে। বৃষ্ণেঃ সুমিত্রঃ পুত্রোঽভূদ্যুধাজিচ্চ পরন্তপ॥৬
শিনিস্তস্যানমিত্রশ্চ নিম্নোঽভূদনমিত্রতঃ। সত্রাজিতঃ প্রসেনশ্চ নিম্নস্যাথাসতুঃ সুতৌ।
অনমিত্রসুতো যোঽন্যঃ শিনিস্তস্যচ সত্যকঃ॥৭॥
যুযুধানঃ সাত্যকির্বৈ জয়স্তস্য কুণিস্ততঃ। যুগন্ধরোঽনমিত্রস্য বৃষ্ণিঃ পুত্রোঽপরস্ততঃ।
সফল্কশ্চিত্ররথশ্চৈব গান্দিন্যাঞ্চ সফল্কতঃ॥৮॥
অক্রূরপ্রমুখা আসন্ পুত্রা দ্বাদশ বিশ্রুতাঃ। আসঙ্গঃ সারমেয়শ্চ মৃদুরো মৃদুবিদ্গিরিঃ।
ধর্ম্মবৃদ্ধঃ সুকর্ম্মাচ ক্ষত্রোপেক্ষোঽরিমর্দ্দনঃ। শত্রুঘ্নো গন্ধমাদশ্চ প্রতিবাহুশ্চ দ্বাদশ।
তেষাং স্বসা সুচারাখ্যা দ্বাবক্রূরসুতাবপি॥৯॥

শ্রীধরস্বামী।

তত্তদুপদেশেন যে পঞ্চ ষষ্ট্যাদি সংখ্যাঃ পুরুষাস্তেঽমৃতত্বং মোক্ষং প্রাপ্তাঃ॥৬॥
তস্য যুধাজিতঃ শিনিরনমিত্রশ্চ॥৭॥
সাত্যকিঃ সত্যকস্য পুত্রো যুযুধানস্তস্য জয়ঃ তস্য কুণিঃ ততঃ কুণের্যুগন্ধরঃ। অনমিত্রস্যৈবাপরঃ বৃষ্ণির্নাম পুত্রঃ॥৮॥
অক্রূর প্রমুখো যেষাং ইত্যতদ্গুণসম্বিজ্ঞানো বহুব্রীহিঃ অতোঽক্রূর ব্যতিরিক্তান্ দ্বাদশ দর্শয়তি আসঙ্গ ইতি॥৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বভ্রোরিতি বভ্রুদেবাবৃধয়োঃ সঙ্গপ্রভাবাদিত্যর্থঃ॥
বৃষ্ণেঃ সাত্বতপুত্রস্য॥৬।৭॥
সাত্যকিঃ সত্যকস্য পুত্রো যুযুধানঃ। অনমিত্রস্যৈবাপরোবৃষ্ণি র্নামপুত্রঃ। অক্রূরঃ প্রমুখো যেষামাসঙ্গাদীনামিত্যতদ্গুণ সংবিজ্ঞান বহুব্রীহিঃ॥৮।৯॥

ঐ বংশে পঞ্চ ষষ্টি এবং ষট্ সহস্র তথা অষ্ট সংখ্যক যে সকল পুরুষ হইয়াছিলেন, তাঁহারা বভ্রু ও দেবাবৃধ হইতে অর্থাৎ তাহাদের উপদেশে মোক্ষ প্রাপ্ত হন্”। সাত্বতের সন্তান মহাভোজ অতিশয় ধর্ম্মাত্মা ছিলেন। তাঁহার বংশে ভোজগণের উদ্ভব হয়। হে পরন্তপ! সাত্বতপুত্র বৃষ্ণির দুই তনয় সুমিত্র এবং যুধাজিৎ॥৬॥

তন্মধ্যে যুধাজিতের সন্তান শিনি এবং অনমিত্র। তাহাদের মধ্যে অনমিত্রের তনয় নিম্ন। তাহার দুই সন্তান সত্রাজিৎ এবং প্রসেন। হে রাজন্! অনমিত্রের শিনি নামে অন্য এক পুত্র ছিল তাহার তনয় সত্যক॥৭॥

সেই সত্যকের পুত্র যুযুধান, তাহার সন্তান জয়। জয়ের আত্মজ কুণি। ঐ কুণি হইতে যুগন্ধরের জন্ম হয়। হে কুরুবর্য্য! অনমিত্রের বৃষ্ণি নামে অপর এক তনয় ছিল। তাহার সুত সফল্ক, তাহা হইতে গান্দিনীর গর্ভে॥৮॥

অক্রূর ভিন্ন আর দ্বাদশটী বিখ্যাত সন্তান জন্মে, যথা,—আসঙ্গ,সারমেয়,মৃদুর,মৃদুবি, গিরি, ধর্ম্মবৃদ্ধ, সুকর্ম্মা, ক্ষত্রোপেক্ষ, অরিমর্দ্দন, শত্রুঘ্ন, গন্ধমাদন এবং প্রতিবাহু, অপর ইহাদের সুচারা নাম্নী এক ভগিনী হইয়াছিল। সে যাহা হউক, অক্রূরের দুই পুত্র হয়॥৯॥

দেববানুপদেবশ্চ তথা চিত্ররথাত্মজাঃ। পৃথুর্ব্বিদূরথাদ্যাশ্চ বহবো বৃষ্ণিনন্দনাঃ ॥ ১০ ॥
কুকুরো ভজমানশ্চ শুচিঃ কম্বলবর্হিষঃ। কুকুরস্য সুতো বৃষ্ণির্ব্বিলোমা তনয়স্ততঃ।
কপোতরোমা তস্যানুঃ সখা যস্যচ তুম্বুরুঃ ॥ ১১ ॥
অন্ধকাদ্দুন্দুভিস্তস্মাদবিদ্যোতঃ পুনর্ব্বসুঃ। তস্যাহুকশ্চাহুকীচ কন্যাচৈবাহুকাত্মজৌ।
দেবকশ্চোগ্রসেনশ্চ চত্বারো দেবকাত্মজাঃ। দেববানুপদেবশ্চ সুদেবো দেববর্দ্ধনঃ ॥ ১২ ॥
তেষাং স্বসারঃ সপ্তাসন্ ধৃতদেবাদয়ো নৃপ। শান্তিদেবোপদেবাচ শ্রীদেবা দেবরক্ষিতা।
সহদেবা দেবকীচ বসুদেব উবাহ তাঃ ॥ ১৩ ॥
কংসঃ সুনামা ন্যগ্রোধঃ কঙ্কঃ শঙ্কুঃ সুহুস্তথা। রাষ্ট্রপালোঽথ ধৃষ্টিশ্চ তুষ্টিমানৌগ্রসেনয়ঃ ॥ ১৪ ॥
কংসা কংসবতী কঙ্কা শূরভূ রাষ্ট্রপালিকা। উগ্রসেনদুহিতরো বসুদেবানুজস্ত্রিয়ঃ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

পৃথুরেকঃ বিদূরথাদ্যাঃ অন্যেচ বহবঃ। পৃথুর্ব্বিপৃথুর্দ্ধান্যাদ্যা ইতি পাঠে আদ্য শব্দেন বিদূরথোঽপ্যুক্তঃ ততশ্চ শূরোবিদূরথাদাসীদিতি বক্ষ্যমাণাপত্তি নির্দ্দেশোপপত্তিঃ ॥ ১০ ॥
কুকুরাদয়শ্চত্বারোঽন্ধকস্য সুতা ইতি জ্ঞেয়ং। যথাহ পরাশরঃ কুকুর ভজমান শুচি কম্বলবর্হিষাখ্যা স্তথান্ধকস্য পুত্রা ইতি ॥ ১১
অন্যোরন্ধকঃ অন্ধকাদ্দুন্দুভিরিত্যপি তদ্বচনাদেব জ্ঞেয়ং ॥ ১২ ॥
ধৃতদেবা আদির্যেষাং শান্তিদেবাদীনাং যয়াং তাঃ সপ্ত ॥ ১৩ ॥
ঔগ্রসেনয়ঃ উগ্রসেনস্য সুতাঃ ॥ ১৪ ॥
বসুদেবস্য যেঽনুজা দেবভাগাদয় স্তেষাং স্ত্রিয়োভার্য্যাঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চিত্ররথস্য সকল্ক ভ্রাতুরাত্মজাঃ ॥ ১০ ॥
বৃষ্ণেরনমিত্র পুত্রস্য নন্দনাঃ কুকুরাদ্যাঃ। বিষ্ণুপুরাণেত্বন্ধক পুত্রাঃ কুকুরাদয়োদৃষ্টাঃ ॥ ১১ ॥
অন্ধকাৎ সাত্বতপুত্রাৎ ॥ ১২ । ১৩ ॥
ঔগ্রসেনয়ঃ উগ্রসেনস্য পুত্রাঃ কংসাদয়ঃ ॥ ১৪ । ১৫ ॥

দেববান্ ও উপদেব। চিত্ররথের পুত্র পৃথু, তদ্ভিন্ন বিদূরথ প্রভৃতি বহুতর সন্তান হইয়াছিল। তাহারা সকলেই বৃষ্ণিকুলনন্দন ॥ ১০ ॥

অপর কুকুর, ভজমান, শুচি এবং কম্বলবর্হিষ এই চারিজন অন্ধক তনয়। তন্মধ্যে কুকুরের সুত বৃষ্ণি,তাহার তনয় বিলোমা,তৎপুত্র কপোতরোমা, তাহার সন্তান অনু,তুম্বুরু ঐ অনুর সখা ছিলেন॥১১

সে যাহা হউক, ঐ অনুর সুত অন্ধক,তাহা হইতে দুন্দুভি উৎপন্ন হয়। তাহার তনয় অবিদ্য। তৎ পুত্র পুনর্ব্বসু। পুনর্ব্বসুর পুত্র আহুক এবং কন্যা আহুকী। তন্মধ্যে আহুকের দুই তনয় দেবক ও উগ্রসেন। তাহাদের মধ্যে দেবকের চারি সন্তান দেববান্, উপদেব, সুদেব এবং দেববর্দ্ধন ॥ ১২ ॥

ঐ চারিতনয়ের ধৃতদেবাদি সাত ভগিনী ছিল, যথা—ধৃতদেবা, শান্তিদেবা, উপদেবা, শ্রীদেবা, দেবরক্ষিতা, সহদেবা এবং দেবকী। ঐ সাত কন্যাকেই বসুদেব বিবাহ করেন ॥ ১৩ ॥

হে রাজন্। উগ্রসেনের সন্তান কংস, সুনাম,ন্যগ্রোধ,কঙ্ক,শঙ্কু,সুহু,রাষ্ট্রপাল,ধৃষ্টি এবং তুষ্টিমান্ ॥১৪

অপর, কংসা, কংসবতী, কঙ্কা, শূরভূ, রাষ্ট্রপালিকা, এই পাঁচ কন্যা ইহারা বসুদেবের অনুজ যে দেবভাগাদি তাঁহাদিগের ভার্য্যা হইয়াছিল ॥ ১৫ ॥

শূরো বিদূরথাদাসীদ্ভজমানস্তু তৎসুতঃ। শিনিস্তস্মাৎ স্বয়ং ভোজো হৃদিকস্তৎসুতোমতঃ ॥

দেবমীঢ়ঃ শতধনুঃ কৃতবর্ম্মেতি তৎসুতাঃ ॥ ১৬ ॥

দেবমীঢ়স্য শূরস্য মারিষা নাম পত্ন্যভূৎ। তস্যাং স জনয়ামাস দশপুত্রানকল্মষান্ ॥

বসুদেবং দেবভাগং দেবশ্রবসমানকং। সৃঞ্জয়ং শ্যামকং কঙ্কং সমীকং বৎসকং বৃকং ॥ ১৭ ॥

দেবদুন্দুভয়ো নেদুরানকা যস্য জন্মনি। বসুদেবং হরেঃ স্থানং বদন্ত্যানকদুন্দুভিং ॥

পৃথাচ শ্রুতদেবাচ শ্রুতকীর্ত্তিঃ শ্রুতশ্রবাঃ। রাজাধিদেবী চৈতস্যাং ভগিন্যঃ পঞ্চকন্যকাঃ ॥১৮॥

কুন্তেঃ সখ্যুঃ পিতাশূরোহ্যপুত্রস্য পৃথামদাৎ। সাপ দুর্ব্বাসসোবিদ্যাং দেবহূতিং প্রতোষিতাৎ ॥

শ্রীধরস্বামী।

অন্ধকস্য সুতানাং চতুর্ণাং প্রথমস্য কুকুরস্য বংশ উক্তঃ দ্বিতীয়স্য ভজমানস্য বংশমাহ শূরো বিদূরথাদিতি ভজমানাচ্চ বিদূরথঃ পুত্রোঽভবৎ বিদূরথাচ্চ শূর ইতি পরাশরাদিবচনাৎ। যদ্বা পূর্ব্বং বিদূরথাদাসীদিতি পূর্ব্বোক্তশ্চিত্ররথাত্মজাৎ বিদূরথাৎ ॥ ১৬ ॥

দেবমীঢ়স্য যঃ শূরোনাম পুত্র স্তস্য দেবমীঢ়ো হৃদিকস্যৈব সুতঃ যথাহ পরাশরঃ হৃদিকাদপি কৃতবর্ম্ম শতধনু র্দেবমীঢ়ষাদ্যাঃ পুত্রা বভূবুঃ দেবমীঢ়ষস্য শূরঃ শূরস্যাপি মারিষা নাম পত্ন্যভূৎ তস্যাঞ্চাসৌ দশপুত্রানজনয়ৎ বসুদেব পূর্ব্বানিতি ॥ ১৭ ॥

আনকাশ্চ নেদুঃ হরেঃপ্রাদুর্ভাবস্য স্থানং ॥ ১৮ ॥

পৃথায়াঃ কন্যাবস্থায়াং কর্ণোৎপত্তিং প্রকারমাহ কুন্তেরিতি পঞ্চভিঃ কদাচিদ্গৃহমাগতং দুর্ব্বাসসং পৃথা পরিচর্য্যাদিনা তোষ-

ক্রমসন্দর্ভঃ

বসুদেবং হরেঃ স্থান মিতি সত্ত্বং বিশুদ্ধং বসুদেবশব্দিতং যদীয়তে তত্র পুমানপাবৃত ইতি শ্রীশিবোক্তদিশা বিশুদ্ধ সত্ত্বমেব বসুদেবাখ্যং। তত্ত্ব স্বরূপমেবৈতমানকদুন্দুভিং বদন্তীত্যর্থঃ। অত্র বিশেষ জিজ্ঞাসায়াং ভগবৎ সন্দর্ভো দৃশ্যঃ ॥ ১৭ ॥ ১৮ ॥

ঋষিসপ্ত ইত্যত্র ইতি শব্দ, ইতি পাঠঃ সনক্তোক্তৌ স পূর্ব্ব জন্মনি দিতেঃ সুত আসীৎ ইতি শব্দঃ কিং বদন্তীতি ব্যাখ্যানাৎ ॥১৯ ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিদূরথাচ্চিত্ররথপুত্রাৎ ॥ ১৬ ॥

হৃদিকস্য সুতো দেবমীঢ়স্তস্য শূর স্তস্য মারিষা ॥ ১৭ ॥

হরেঃ স্থানং হরির্যত্র প্রাদুর্ভবতীত্যর্থঃ ॥ ১৮ ॥

তাসু মধ্যে পৃথাং শূর স্বং পিতৈব ভবৈষা কন্যা ভবত্বিতি কুন্তেঃ কুন্তয়ে অদাৎ ॥

হে রাজন্! পূর্ব্বে চিত্ররথাত্মজ যে বিদূরথের উল্লেখ করিয়াছি তাহা হইতে শূর জন্ম গ্রহণ করেন। তাঁহার সন্তান ভজমান, তাঁহা হইতে শিনির জন্ম হয়। শিনির তনয় ভোজ, তাহার তনয় হৃদিক, তাহা হইতে দেবমীঢ়, শতধনু এবং কৃতবর্ম্মা এই তিন জন উৎপন্ন হয় ॥ ১৬ ॥

তন্মধ্যে দেবমীঢ়ের তনয় শূর। তাঁহার মারিষা নামে এক পত্নী ছিল। মারিষার গর্ভে শূর দশটী নিষ্পাপ তনয় উৎপন্ন করেন। তাহাদের নাম যথা বসুদেব, দেবভাগ, দেবশ্রবস্, আনক, সৃঞ্জয়, শ্যামক, কঙ্ক, সমীক, বৎসক এবং বৃক ॥ ১৭ ॥

হে রাজন্! বসুদেবের জন্ম কালীন স্বর্গে দেবতাদিগের দুন্দুভি এবং ঢক্কা বাদ্য হইয়াছিল এই নিমিত্ত তাঁহাকে আনকদুন্দুভি বলিত। তিনি ভগবান্ হরির প্রাদুর্ভাব স্থান ছিলেন। সে যাহা হউক, শূরের ঐ সকল তনয় ভিন্ন পৃথা, শ্রুতদেবা, শ্রুতকীর্ত্তি, শ্রুতশ্রবা, রাজাধিদেবী নামে পাঁচ কন্যা হয়, ইহারা ঐ দশ তনয়ের ভগিনী ॥ ১৮ ॥

শূর আপনার সখা কুন্তিরাজকে অপুত্রক দেখিয়া আপনার তনয়া পৃথাকে দান করিয়াছিলেন। ঐ

তস্য বীর্য্যপরীপ্সুরর্থমাজুহাব রবিং শুচিঃ ॥ ১৯ ॥

তদৈবোপাগতং দেবং বীক্ষ্য বিস্মিতমানসা। প্রত্যয়ার্থং প্রযুক্তা মে যাহি দেব ক্ষমস্ব মে ॥

অমোঘং দেবসন্দর্শনাদধে ত্বয়ি চাত্মজং। যোনির্যথা ন দুষ্যেত কর্ত্তাহং তে সুমধ্যমে ॥

ইতি তস্যাং স আধায় গর্ভং সূর্য্যো দিবং গতঃ। সদ্যঃ কুমারঃ সংজজ্ঞে দ্বিতীয় ইব ভাস্করঃ ॥

তং সা ত্যজন্ নদীতোয়ে কৃচ্ছ্রাল্লোকস্য বিভ্যতী। প্রপিতামহস্তামুবাহ পাণ্ডুর্বৈ সত্যবিক্রমঃ ॥

শ্রুতদেবান্তু কারুষো বৃদ্ধশর্ম্মা সমগ্রহীৎ। যস্যামভূদ্দন্তবক্র ঋষিশপ্তো দিতেঃ সুতঃ ॥

কৈকেয়ো ধৃষ্টকেতুশ্চ শ্রুতকীর্ত্তিমবিন্দত। সন্তর্দ্দনাদয়স্তস্যাঃ পঞ্চাসন্ কৈকয়াঃ সুতাঃ ॥ ২০ ॥

রাজাধিদেব্যামাবন্ত্যৌ জয়সেনোঽজনিষ্টহ। দমঘোষশ্চেদিরাজঃ শ্রুতশ্রবসমগ্রহীৎ ॥

শ্রীধরস্বামী।

যামাস ততশ্চ সা তস্মাদ্দেবাহ্বানহেতুং বিদ্যামবাপ তদাহ শাপেতি ॥ ১৯ ॥

দেবমুপাগতং বীক্ষ্য সা প্রাহ প্রত্যয়ার্থং পরীক্ষার্থং ময়া বিদ্যা প্রযুক্তা ন তু ত্বয়া কিঞ্চিৎ কার্য্যমিত্যভিসন্ধিনা ততো যাহি ইত্যেবমুক্তে রবিরুবাচ অমোঘং দেবদর্শনমিতি কন্যাহমিতি চেৎ তত্রাহ যথা যোনি র্ন দুষ্যেত তথাহং কর্ত্তা করিষ্যামি ॥ ২০ ॥

আবন্ত্যৌ বিন্দানুবিন্দৌ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সাচ পৃথা কদাচিদ্গৃহমাগতাং পরিচর্য্যয়া প্রতোষিতাৎ দুর্ব্বাসসঃ সকাশাৎ দেবহূতিং দেবাহ্বানহেতুং বিদ্যাং প্রাপ ॥ ১৯ ॥

দেবং সূর্য্যং প্রত্যয়ার্থং পরীক্ষার্থং ময়া বিদ্যা প্রযুক্তাতঃ ক্ষমস্ব সংপ্রত্যহং কন্যাস্মি ত্বয়া ন কিমপি কার্য্যং যাহি।

সূর্য্য উবাচ অমোঘমিত্যাদি। ননু তর্হি যোনিদুষ্টাং কন্যাং মাং কঃ পরিণয়েদিতি চেত্তত্রাহ যোনিরিতি কর্ত্তা করিষ্যামি ॥ ২০ ॥ আবন্ত্যৌ বিন্দানুবিন্দৌ ॥ ২১ ॥

